বঙ্গীয়-সাহিত্য-পরিষদের প্রথম বার্ষিক বিবরণী।

স্থচনা।

কিঞ্চিদূন দুই বৎসর পূর্ব্বে, অর্থাৎ ১৮৯৩ অব্দের জুলাই মাসের ২৩ শে তারিখে, কলিকাতা শোভাবাজারে রাজা নবকৃষ্ণের ষ্ট্রীটে শ্রীযুক্ত মহারাজ-কুমার বিনয়কৃষ্ণ বাহাদুরের ২/২ নম্বর ভবনে বেঙ্গল একাডেমি অব্ লিটারেচার নামে একটী সভা স্থাপিত হয়। একদিকে ইংরাজি সাহিত্যের, এবং অন্যদিকে সংস্কৃত সাহিত্যের সাহায্য অবলম্বন পূর্ব্বক বাঙ্গালা সাহিত্যের উন্নতি ও বিস্তার সাধন, সেই সভার উদ্দেশ্য ছিল। প্রথমতঃ প্রতি রবিবার একাডেমি অব্ লিটারেচারের অধিবেশন হইত। তাহার পর পনর দিবস অন্তর সেই সভার অধিবেশন হইতে লাগিল। সেই সভার কার্য্যবিবরণাদি ইংরাজি ভাষাতে লিপিবদ্ধ হইত, এবং দি বেঙ্গল একাডেমি অব্ লিটারেচার নামক মাসিক পত্রিকাখানির অধিকাংশ ইংরাজিতেই লিখিত হইত। একাডেমি অব্ লিটারেচারের কার্য্যকলাপে এইরূপ ইংরাজি-বহুলতা দেখিয়া কতিপয় সভ্য আপত্তি করেন, এবং জাতীয়-সাহিত্যানুরাগী কোন কোন ব্যক্তি প্রতিবাদও করিতে থাকেন। একাডেমি অব্ লিটারেচার এই নাম সম্বন্ধেও অনেক আপত্তি-সূচক কথা উপস্থিত হয়। হেতু শ্রীযুক্ত উমেশচন্দ্র বটব্যাল এম, এ, সি, এস্ মহাশয়ের প্রস্তাবে একাডেমি অব লিটারেচারের প্রতিশব্দ স্বরূপ বঙ্গীয়-সাহিত্য-পরিষদ পরিগৃহীত হয়। তন্নিমিত্ত সভার পত্রিকাখানি দি বেঙ্গল একাডেমি অব্ লিটারেচার ও বঙ্গীয়-সাহিত্য-পরিষদ, এই উভয় আখ্যায় আখ্যাত হইয়া বাহির হইতে থাকে। ফল কথা, ইংরাজি-বহুলতার নিমিত্ত আপত্তি দিন দি বৃদ্ধি হওয়ায়, এবং দেশীয় ভাবে দেশীয় সাহিত্যালোচনায় আবশ্যকতা ক্রম বুঝিতে পারায়, বেঙ্গল একাডেমি অব্ লিটারেচারকে পুনর্গঠিত করিয়া নূ

ভিত্তির উপর স্থাপিত করিতে অনেকে ইচ্ছুক হইয়া উঠেন। এই স্থলে উল্লেখ করা আবশ্যক যে, মিষ্টার এল লিওটার্ড ও শ্রীযুক্ত ক্ষেত্রপাল চক্রবর্ত্তী বেঙ্গল একাডেমি অব্ লিটারেচার স্থাপিত করিয়া বাঙ্গালা সাহিত্যের উন্নতি পক্ষে একটি সুমহৎ উদ্যোগের সূচনা করেন। এই নিমিত্ত এই দুই জনের নিকট আমাদিগের কৃতজ্ঞতা প্রকাশ করা বিধেয়।

যাহা হউক, পূর্ব্বোক্ত সভ্যগণ পূর্ব্বোক্ত স্থানে ১৩০১ সালের ১৭ই বৈশাখ রবিবার অপরাহ্নে পূর্ব্বোল্লিখিত বেঙ্গল একাডেমি অব্ লিটারেচার, বর্ত্তমান ভিত্তির উপর পুনর্গঠিত করিয়া বঙ্গীয়-সাহিত্য-পরিষদ নামে অভিহিত করেন। শ্রীযুক্ত শরচ্চন্দ্র দাস সি, আই ই, শ্রীযুক্ত হীরেন্দ্রনাথ দত্ত, এম, এ, বি, এল, এবং শ্রীযুক্ত মহারাজ-কুমার বিনয়-কৃষ্ণ বাহাদুর এই পুনর্গঠন কার্য্যে বিশিষ্টরূপ সাহায্য করায় পরিষদ তাঁহা-দিগের নিকট কৃতজ্ঞতা প্রকাশ করিতেছেন। ফলতঃ ঐ ১৭ই বৈশাখের অধি-বেশনকেই বঙ্গীয়-সাহিত্য-পরিষদের প্রথম অধিবেশন বলিতে হইবে। পরিষদ মাননীয় শ্রীযুক্ত রমেশচন্দ্র দত্ত সি, এস্, সি, আই, ই মহাশয়কে ইহার সভা-পতি, শ্রীযুক্ত নবীনচন্দ্র সেন ও শ্রীযুক্ত রবীন্দ্রনাথ ঠাকুর মহাশয়দিগকে সহ-কারী সভাপতি, এবং শ্রীযুক্ত দেবেন্দ্রনাথ মুখোপাধ্যায় ও মিষ্টার এল লিও-টার্ডকে সম্পাদক-পদে নিযুক্ত করেন।

পরিষদের দ্বিতীয় অধিবেশনে শ্রীযুক্ত মহারাজ-কুমার বিনয়কৃষ্ণ বাহাদুর, শ্রীযুক্ত ক্ষেত্রপাল চক্রবর্ত্তী, শ্রীযুক্ত রজনীকান্ত গুপ্ত, শ্রীযুক্ত চণ্ডীচরণ বন্দ্যো-পাধ্যায়, শ্রীযুক্ত হীরেন্দ্রনাথ দত্ত এম, এ, বি, এল, এবং শ্রীযুক্ত মনোমোহন বসু এই ছয়জনকে লইয়া কার্য্যনির্ব্বা-হক-সমিতি গঠিত হয়। এতদ্ভিন্ন সভাপতি, সহকারী সভাপতিদ্বয়, এবং সম্পাদকদ্বয়কেও কার্য্যনির্ব্বাহক সভার অতিরিক্ত সভ্যরূপে পরিগণিত করা হয়। কার্য্যনির্ব্বাহক সমিতি মিষ্টার এল লিওটার্ডকে ধনরক্ষক, শ্রীযুক্ত রজনীকান্ত গুপ্তকে পরিষদের পত্রিকা-সম্পাদক, শ্রীযুক্ত দেবেন্দ্রনাথ মুখো-পাধ্যায়কে পত্রিকার সহকারী সম্পাদক, এবং শ্রীযুক্ত চন্দ্রনাথ তালুকদারকে গ্রন্থরক্ষক-পদে নিযুক্ত করেন। তদ্ভিন্ন গ্রন্থরক্ষক, ধনরক্ষক, সম্পাদক ও পত্রিকা-সম্পাদকের কর্ত্তব্য কার্য্য নির্দ্ধারিত করিয়া দেন, এবং বিল সংগ্রহকার

পরিষদ সংগঠন।

কার্য্যনির্ব্বাহক-সমিতি।

নিযুক্ত কবিয়া সভ্যদিগেব নিকট চাঁদা আদায়েব ব্যবস্থা কবেন। ফলতঃ পবিষদেব সমস্ত কার্য্য সুচারুরূপ সম্পন্ন কবিবার জন্য কার্য্যনির্ব্বাহক সভা কিছুমাত্র ত্রুটি করেন নাই। অল্পদিন হইল শ্রীযুক্ত ক্ষেত্রপাল চক্রবর্ত্তী কার্য্যনির্ব্বাহক সভার সংস্রব ত্যাগ কবিয়াছেন। তাঁহাব স্থানে আজিও কোন ব্যক্তিকে গ্রহণ করা হয় নাই।

পবিষদেব তৃতীয় অধিবেশনে শ্রীযুক্ত রজনীকান্ত গুপ্ত পরিভাষা সম্বন্ধে যে প্রস্তাব উত্থাপিত কবেন, তদনুসাবে বিজ্ঞান, ভূগোল, গণিত প্রভৃতি বিষয়ের পাবিভাষিক শব্দ প্রণয়ন কবিবাব নিমিত্ত শ্রীযুক্ত কৃষ্ণকমল ভট্টাচার্য্য বি, এল, শ্রীযুক্ত বজনীকান্ত গুপ্ত, মাননীয শ্রীযুক্ত গুরুদাস বন্দ্যোপাধ্যায এম, এ, ডি, এল, শ্রীযুক্ত রবীন্দ্রনাথ ঠাকুব, শ্রীযুক্ত রাজেন্দ্রচন্দ্র শাস্ত্রী এম, এ, শ্রীযুক্ত সাবদাবঞ্জন বায় এম, এ, এবং শ্রীযুক্ত বামেন্দ্র সুন্দব ত্রিবেদী এম, এ এই সাত জনকে লইয়া একটি পারিভাষিক সমিতি সংগঠিত করা হয়। শ্রীযুক্ত কৃষ্ণকমল ভট্টাচার্য্য পাবিভাষিক সমিতিব সভাপতি, এবং শ্রীযুক্ত দেবেন্দ্রনাথ মুখোপাধ্যায় সম্পাদক নিযুক্ত হয়েন। পাবিভাষিক সমিতি আপাততঃ ভৌগোলিক পরিভাষা প্রণযনে হস্তক্ষেপ কবিযাছেন।

পারিভাষিক সমিতি।

এই পর্য্যন্ত পবিষদের নযটি অধিবেশন হইয়াছে। মাসিক অধিবেশন ভিন্ন কোন বিশেষ অধিবেশন হয় নাই। প্রথমতঃ কয়েক মাস ইংরাজি মাস ধবিযা প্রতি মাসেব শেষ বা তৎপূর্ব্ববর্ত্তী ববিবাবে পবিষদেব অধিবেশন হইত। বিগত কার্ত্তিক মাস হইতে বাঙ্গালা মাস ধবিযা অধিবেশন হইযা আসিতেছে। পবিষদেব প্রতি অধিবেশনেই আলোচনাব নিমিত্ত দুই তিনটি কবিযা নূতন প্রস্তাব উপস্থিত হইযাছে। কোন অধিবেশনেই উপস্থিত সভ্য সংখ্যা চৌত্রিশ জনেব অধিক, এবং আঠার জনেব কম হয নাই।

পরিষদেব অধিবেশন।

এই পর্য্যন্ত কার্য্যনির্ব্বাহক সভাব পনবটি অধিবেশন হইয়াছে। কার্য্যনির্ব্বাহক সমিতিব অধিবেশনে উপস্থিত সভ্য সংখ্যা আট জনের অধিক, এবং পাঁচজনের কম হয় নাই। কার্য্য-নির্ব্বাহক সমিতি প্রতি অধিবেশনেয় কর্ত্তব্য কার্য্যগুলি যত্ন সহকাবে সম্পাদিত কবিয়াছেন।

কার্য্য নির্ব্বাহক সভার অধিবেশন।

পরিষদ যে প্রস্তাব মীমাংসার ভার কার্য্য-নির্ব্বাহক সমিতির প্রতি অর্পণ করিয়াছেন, কার্য্য-নির্ব্বাহক সমিতি অবিলম্বে অধিবেশন আহূত করিয়া তাহা মীমাংসা করিতে সচেষ্ট হইয়াছেন।

পারিভাষিক সমিতির অধিবেশন।

এই পর্য্যন্ত পারিভাষিক সমিতির তিনটি বই অধিবেশন হয় নাই। সমিতির সভাপতি তিনটি অধিবেশনের ভিতর একটিতে উপস্থিত থাকিতে পারেন নাই। ইহার তিনটি অধিবেশনেই ভৌগোলিক পরিভাষার আলোচনা হইয়াছে।

এই পর্য্যন্ত পরিষদের পত্রিকা তিন সংখ্যা প্রকাশিত হইয়াছে। উহা প্রতি তিন মাসে প্রকাশিত হইয়া থাকে। পরিষদ-পত্রিকার প্রথম সংখ্যা শ্রাবণ মাসে, দ্বিতীয় সংখ্যা কার্ত্তিক মাসে, এবং তৃতীয় সংখ্যা মাঘ মাসে বাহির হইয়াছে। পত্রিকা রয়েল ফর্ম্মার আট পৃষ্ঠাকারে প্রকাশিত হয়। পত্রিকার কলেবর প্রথম সংখ্যায় আট ফর্ম্মা; এবং দ্বিতীয় ও তৃতীয় সংখ্যায় সাড়ে দশ ফর্ম্মা হইয়াছে। পত্রিকার প্রত্যেক সংখ্যাতেই প্রবন্ধ ভিন্ন পরিষদের কার্য্যবিবরণ ও সভ্যের তালিকা প্রকাশিত হইয়াছে। পত্রিকাকে আরও বর্দ্ধিত-কলেবরে প্রকাশ করিতে পরিষদের একান্ত ইচ্ছা আছে।

পরিষদের পত্রিকা।

পরিষদের চতুর্থ অধিবেশনে শ্রীযুক্ত হীরেন্দ্রনাথ দত্ত এম, এ, বি, এল, ও শ্রীযুক্ত রজনীকান্ত গুপ্ত বিশ্ববিদ্যালয়ের উচ্চতর পরীক্ষায় বাঙ্গালা প্রচলনের উদ্যোগার্থ দুইটি প্রস্তাব করেন। প্রথম প্রস্তাবটির উদ্দেশ্য,—প্রবেশিকা পরীক্ষা পর্য্যন্ত সাহিত্য ব্যতীত ভূগোল ও গণিতাদি বিষয় বাঙ্গালা শিক্ষা দেওয়া হউক। শ্রীযুক্ত রজনীকান্ত গুপ্তের প্রস্তাবটির উদ্দেশ্য,—এল, এ, ও বি, এ, পরীক্ষায় সংস্কৃত ভাষালোচনার সহিত বাঙ্গালা ভাষালোচনারও ব্যবস্থা থাকুক। পরিষদ এই বিষয় আলোচনার ভার মাননীয় শ্রীযুক্ত গুরুদাস বন্দ্যোপাধ্যায় এম, এ, ডি, এল, শ্রীযুক্ত নন্দকৃষ্ণ বসু এম, এ, সি, এস, শ্রীযুক্ত রজনীকান্ত গুপ্ত, শ্রীযুক্ত হীরেন্দ্রনাথ দত্ত এম, এ, বি, এল, এবং শ্রীযুক্ত রবীন্দ্রনাথ ঠাকুর এই পাঁচ জনের প্রতি অর্পণ করিয়াছেন। তাঁহারা অনুকূল ও প্রতিকূল পক্ষ আলোচনা করিয়া কি উপায়ে প্রস্তাব দুইটি

বিশ্ববিদ্যালয়ে বাঙ্গালা প্রচলনের উদ্যোগ।

কার্য্যে পরিণত হইতে পারে, তাহা নির্দ্দেশ করিলে পরিষদ এই বিষয়ে যথা-কর্ত্তব্য সম্পাদন করিতে প্রতিশ্রুত হইয়াছেন। আনন্দের বিষয় যে, তাঁহারা প্রস্তাব দুইটি সম্বন্ধে ইতিমধ্যে দেশের সুশিক্ষিত ও সম্ভ্রান্ত ব্যক্তিদিগের মতামত সংগ্রহ করিয়াছেন। মাননীয় শ্রীযুক্ত গুরুদাস বন্দ্যোপাধ্যায় এই কার্য্যে যেরূপ উৎসাহ ও অনুরাগ দেখাইতেছেন, তন্নিমিত্ত পরিষদ তাঁহার নিকট কৃতজ্ঞ না হইয়া থাকিতে পারেন না। ফলতঃ তিনি পরিষদকে যেরূপ অনুরাগ-চক্ষে দেখিয়া থাকেন, ইহার উন্নতির জন্য যেরূপ যত্ন প্রকাশ করেন, তজ্জন্য পরিষদ তাহাকে ধন্যবাদ প্রদান করিতেছেন।

যতীন্দ্রনাথ পুরস্কার।

পরিষদের অষ্টম অধিবেশনে অন্যতম সভ্য শ্রীযুক্ত রায় যতীন্দ্রনাথ চৌধুরী এম, এ, বি, এল, বাঙ্গালা ভাষার উন্নতিকল্পে অদ্বৈতবাদ সম্বন্ধে উৎকৃষ্ট প্রবন্ধ-লেখককে পাঁচ শত টাকা, এবং প্রাচীন ও নব্য ন্যায় বিষয়ে প্রবন্ধ-লেখককে আড়াই শত টাকা পুরস্কার প্রদান করিতে কৃতসংকল্প হইয়া এই বিষয়ে কর্ত্তব্য নির্দ্ধারণের ভার পরিষদের হস্তে সমর্পণ করিয়াছেন। পরিষদ পুরস্কার-দাতাকে ধন্যবাদ প্রদান পূর্ব্বক অতীব আনন্দের সহিত এই ভার গ্রহণ করিয়া প্রবন্ধ নির্ব্বাচনের নিমিত্ত পরীক্ষক নিয়োগাদি কার্য্য সকল সম্পন্ন করিতেছেন। দাতার নামানুসারে এই পুরস্কার যতীন্দ্রনাথ পুরস্কার নামে অভিহিত করা হইয়াছে।

কৃত্তিবাসী রামায়ণ।

বাঙ্গালার অক্ষয়-কীর্ত্তি কবি কৃত্তিবাস প্রণীত রামায়ণের একটি বিশুদ্ধ সংস্করণ প্রকাশ করিতে পরিষদ কৃতসংকল্প হইয়াছেন। এই কারণ পরিষদ নানা স্থান হইতে নানা উপায়ে রামায়ণের পুঁথি ও প্রাচীন মুদ্রিত পুস্তক সকল সংগ্রহ করিতেছেন। বিভিন্ন সময়ের লিখিত অনেকগুলি পুঁথিও সংগৃহীত হইয়াছে,—কিন্তু আশানুরূপ সংগৃহীত হয় নাই। পুঁথি আশানুরূপ সংগৃহীত হইলে পরিষদ রামায়ণ প্রকাশ করিতে প্রবৃত্ত হইবেন। শ্রীযুক্ত হীরেন্দ্রনাথ দত্ত এম, এ, বি, এল, কৃত্তিবাসী রামায়ণ প্রকাশে পরিশ্রম করায় পরিষদ তাঁহাকে ধন্যবাদ প্রদান করিতেছেন।

পরিষদের পঞ্চম অধিবেশনে শ্রীযুক্ত রায় যতীন্দ্রনাথ চৌধুরী এম, এ, বি, এল, ও শ্রীযুক্ত রজনীকান্ত গুপ্ত যে সকল সারগর্ভ প্রাচীন বাঙ্গালা

পুঁথি সংগ্রহ।

পুঁথি বা পাণ্ডুলিপি কীটদষ্ট হইয়া নষ্ট হইতেছে, সেই সকল সংগৃহীত করিয়া রক্ষা করা এবং সুবিধা মত প্রকাশিত করা পরিষদের পক্ষে একান্ত আবশ্যক বিবেচনায় প্রস্তাব উপস্থিত করেন। এসিয়াটিক সোসাইটি নামক সভা যেমন বহুসংখ্যক বিলুপ্তপ্রায় সংস্কৃত পাণ্ডুলিপির উদ্ধার করিয়া সংস্কৃত সাহিত্যের কল্যাণ সাধন করিতেছেন, পরিষদও সেইরূপ বাঙ্গালার বিলুপ্তপ্রায় পুঁথি বা পাণ্ডুলিপির উদ্ধার করিয়া বাঙ্গালা সাহিত্যের পরিপুষ্টি সাধন করেন, ইহাই প্রস্তাবকদিগের অভিপ্রায়। পরিষদ তাঁহাদিগের অভিপ্রায়কে সর্ব্বাংশে হিতকর বিবেচনা করিয়া পুঁথি সংগ্রহ কার্য্যে উপযুক্ত লোক নিযুক্ত করিতে কৃতসংকল্প হইয়াছেন।

পুস্তকালয়।

পরিষদের চতুর্থ অধিবেশনে শ্রীযুক্ত রামেন্দ্রসুন্দর ত্রিবেদী এম, এ, একটি বিস্তৃত পুস্তকালয় স্থাপনার্থ একটি প্রস্তাব উপস্থিত করেন। পরিষদে দিন দিন যেরূপ শিক্ষিত লোকসমূহের সমাগম হইতেছে, এবং পরিষদ বাঙ্গালার শিক্ষিত সমাজের উপর ক্রমশঃ যেরূপ শক্তি বিস্তার করিতেছেন, তাহাতে পরিষদের একটি পুস্তকালয় হওয়া একান্ত আবশ্যক, এই কথা প্রস্তাবকর্ত্তা বিশেষভাবে উল্লেখ করেন। পরিষদ যুক্তিযুক্ত বিবেচনা করিয়া তাঁহার প্রস্তাব কার্য্যে পরিণত করিবার জন্য সচেষ্ট হইয়াছেন, এবং পরিষদের যে সকল সভ্য গ্রন্থকার আছেন, আপাততঃ তাঁহাদিগের নিকট হইতে পুস্তক উপহার স্বরূপ প্রাপ্ত হইয়া পুস্তকালয়ের কার্য্য আরম্ভ করিয়াছেন। গ্রন্থকার ভিন্ন পরিষদের কোন কোন সদাশয় সভ্যও কতকগুলি পুস্তক প্রদান করিয়াছেন। আর্থিক অবস্থা কথঞ্চিৎ স্বচ্ছল হইলেই পরিষদ পুস্তকালয় সম্বন্ধে বিশেষভাবে মনোযোগ প্রদান করিবেন।

সভাপতি।

সভাপতি মহাশয় একটি ভিন্ন পরিষদের সকল অধিবেশনেই উপস্থিত ছিলেন। উচ্চতর রাজপদে নিযুক্ত থাকিয়া এবং বহুকার্য্যভার গ্রহণ করিয়াও পরিষদের কল্যাণের নিমিত্ত যখন যাহা আবশ্যক হইয়াছে, তিনি তৎক্ষণাৎ তাহা সমাধা করিয়া দিয়াছেন। অধিক কি,—পরিষদের প্রসার যে এত অল্প সময়ের ভিতর এতদূর হইয়াছে, সভাপতি মহাশয়ের আন্তরিক অনুরাগই তাহার প্রধান কারণ।

সহকারী সভাপতিদ্বয়ও পরিষদের উন্নতির নিমিত্ত যথাসম্ভব চেষ্টা করিয়াছেন। অধিবেশনে উপস্থিতি ভিন্ন সৎপরামর্শ দান ও পত্রিকার নিমিত্ত প্রবন্ধ রচনা করিয়া তাঁহারা পরিষদকে উপকৃত করিয়াছেন।

সহকারী সভাপতি।

প্রথমে মিষ্টার এল লিওটার্ড এবং শ্রীযুক্ত দেবেন্দ্রনাথ মুখোপাধ্যায় পরিষদের সম্পাদক পদে নিয়োজিত হয়েন। শ্রীযুক্ত দেবেন্দ্রনাথ মুখোপাধ্যায় পরিষদের সর্ব্বাঙ্গীন উন্নতি সাধনে যাবপর নাই পরিশ্রম ও যত্ন করিয়াছেন। তাঁহার যত্নে পরিষদের উন্নতির সূত্রপাত হইয়াছে। এজন্য পরিষদ তাহার প্রতি যথোচিত কৃতজ্ঞতা প্রকাশ করিতেছেন। ষষ্ঠ অধিবেশনে মিষ্টার এল লিওটার্ড সম্পাদকের ও ধনরক্ষকের পদ পরিত্যাগ করিলে শ্রীযুক্ত রামেন্দ্রসুন্দর ত্রিবেদী এম, এ, কে তাঁহার পদে অন্যতর সম্পাদকরূপে নিযুক্ত করা হয়। তিনি সম্পাদকের কার্য্য ভিন্ন পত্রিকার নিমিত্ত প্রবন্ধ রচনা করিয়াও পরিষদকে উপকৃত করিয়াছেন।

সম্পাদক।

পত্রিকা-সম্পাদক শ্রীযুক্ত রজনীকান্ত গুপ্ত যাহাতে পত্রিকায় উৎকৃষ্ট ও সারগর্ভ প্রবন্ধ সকল প্রকাশিত হয়, পত্রিকার গৌরব রক্ষিত হয়, এবং পত্রিকা যথাসময়ে প্রকাশিত হয়, তন্নিমিত্ত আপনার স্বার্থ পরিত্যাগ করিয়াও প্রভূত পরিশ্রম করিয়াছেন। ফলতঃ পরিষদ তন্নিমিত্ত তাঁহার নিকট কৃতজ্ঞতা সূত্রে নিবদ্ধ আছেন।

পত্রিকা সম্পাদক।

মিষ্টার এল লিওটার্ড ধনরক্ষকের পদ পরিত্যাগ করিলে শ্রীযুক্ত চন্দ্রনাথ তালুকদারকে ঐ পদে নিযুক্ত করা হয়। তিনি চাঁদা আদায়, হিসাব রক্ষা, এবং কার্য্যনির্ব্বাহক সমিতির নিকট তিন মাস অন্তর হিসাব দেওয়া প্রভৃতি কার্য্য নিয়মিতরূপে সম্পন্ন করিয়াছেন।

ধনরক্ষক।

শ্রীযুক্ত চন্দ্রনাথ তালুকদার গ্রন্থরক্ষকের কার্য্যও অতীব সুশৃঙ্খলা সহকারে নির্ব্বাহিত করিয়াছেন। অধিক কি, তিনি ধনরক্ষক ও গ্রন্থরক্ষকের পদে নিযুক্ত থাকিয়া পরিষদের উন্নতির নিমিত্ত যেরূপ নিঃস্বার্থভাবে ও অকপট হৃদয়ে পরিশ্রম করিয়াছেন, তন্নিমিত্ত বঙ্গীয়-সাহিত্য পরিষদ তাঁহার নিকট কৃতজ্ঞ থাকিবেন।

গ্রন্থরক্ষক।

পরিষদের সপ্তম অধিবেশনে শ্রীযুক্ত সারদারঞ্জন রায় এম, এ, এবং শ্রীযুক্ত রজনীনাথ রায় এম, এ, এই দুই জনকে পরিষদের আয়ব্যয়-পরীক্ষকের কার্য্যে নিযুক্ত করা হয়। তাঁহারা উভয়েই আয়ব্যয় পরীক্ষার কার্য্য নিয়মিতরূপে সম্পন্ন করিয়াছেন। বিশেষতঃ শ্রীযুক্ত রজনীনাথ রায় এম, এ, গবর্ণমেণ্টের আয়ব্যয়-সংক্রান্ত উচ্চতর পদে নিযুক্ত থাকিয়া পরিষদের ক্ষুদ্র আয়ব্যয় পরীক্ষা কার্য্যে যেরূপ আনন্দের সহিত সময়ক্ষেপ করিয়াছেন, তন্নিমিত্ত পরিষদ তাঁহার নিকট কৃতজ্ঞ না হইয়াই থাকিতে পারেন না।

আয়ব্যয়-পরীক্ষক।

পরিষদের উপস্থিত সভ্য সংখ্যা ২০১ দুই শত এক জন। ইহার মধ্যে বিশিষ্ট সভ্য দশ জন আছেন। বিশিষ্ট সভ্যের সংখ্যা বাদ দিলে পরিষদের সভ্যসংখ্যা ১৯১ জন থাকে। বেঙ্গল একাডেমি অব লিটারেচারের ২৯ উনত্রিশ জন সভ্য লইয়া পরিষদের কার্য্যারম্ভ হয়। তাহার পর তৃতীয় অধিবেশন হইতে উপর্য্যুপরি অধিবেশন সমূহে একশত বাষট্টি জন সভ্য বৃদ্ধি হইয়াছে। তৃতীয় অধিবেশনে ২৭ সাতাইশ, চতুর্থ অধিবেশনে ১০ দশ, পঞ্চম অধিবেশনে ২৩ তেইশ, ষষ্ঠ অধিবেশনে ২৩তেইশ, সপ্তম অধিবেশনে ১৫ পনর, অষ্টম অধিবেশনে ৩০ ত্রিশ, নবম অধিবেশনে ১৭ সতর, এবং অদ্যকার অধিবেশনে ১৭ সতর জন মোট ১৬২ জন সাহিত্য পরিষদের সভ্যশ্রেণীভুক্ত হইয়াছেন। আশা করা যায় যে, এইরূপ ভাবে পরিষদের সভ্যসংখ্যা উত্তরোত্তর বৃদ্ধি হইবে।

সভ্যসংখ্যা।

লব্ধপ্রতিষ্ঠ লেখকদিগকে পরিষদের বিশিষ্ট সভ্যশ্রেণীভুক্ত করিবার নিয়ম আছে। বিশিষ্ট সভ্যের সংখ্যা অনধিক বার জন। ইহার ভিতর দশ জনকে বিশিষ্ট সভ্যরূপে গ্রহণ করা হইয়াছে। এই দশ জনের ভিতর Sir William Hunter, Mr. John Beames, Sir Monier Williams, Sir George Birdwood, শ্রীযুক্ত রাজনারায়ণ বসু, শ্রীযুক্ত কালীপ্রসন্ন ঘোষ, শ্রীযুক্ত দ্বিজেন্দ্রনাথ ঠাকুর, শ্রীযুক্ত নবীনচন্দ্র সেন, শ্রীযুক্ত চন্দ্রনাথ বসু এম, এ, বি, এল, এবং শ্রীযুক্ত হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায় বি, এল, আছেন। সুতরাং বিশিষ্ট সভ্যের ভিতর চারিজন ইংরাজ এবং ছয় জন বাঙ্গালি আছেন। সুদূরবাসী হইলেও ইংরাজ চারিজন অনেক সময় সৎপরামর্শ

বিশিষ্ট সভ্য।

প্রদান করিয়া পরিষদকে উপকৃত করিয়াছেন। শ্রীযুক্ত রাজনারায়ণ বসু বার্দ্ধক্য ভারে নিপীড়িত হইলেও পরিষদের উন্নতিকল্পে উৎসাহ ও হিতকর পরামর্শ প্রদান করিয়া আমাদিগকে বাধিত করিয়াছেন।

সভ্যের মৃত্যু।

অন্যতম সভ্য ডাক্তার শ্রীযুক্ত জগদীশচন্দ্র ভাদুড়ি অকালে ইহলোক পরিত্যাগ করায় পরিষদ দুঃখ প্রকাশ করিতেছেন। তিনি অল্পদিন সংসৃষ্ট হইলেও পরিষদ তাঁহার নিকট অনেক বিষয়ে আশা করিয়াছিলেন।

আয়ব্যয়।

বিগত এপ্রেল মাসের ২৯ শে তারিখে পরিষদের প্রথম অধিবেশন হয়। এই হেতু মে মাস হইতে আজ পর্য্যন্ত পরিষদের আয় ব্যয় নিম্নলিখিতরূপ হইয়াছে। সভ্যদিগের নিকট চাঁদার হিসাবে ৫৩৯৸০, প্রবেশিকার হিসাবে ৮৫৲, পত্রিকার মূল্য হিসাবে ৮৲, এবং গত বৎসরের মজুত ৭।৶০, মোট আয় ৬৪০৶০ এবং মোট খরচ ৬০৩।৶। অবশিষ্ট ৩৬।৵০ মজুত আছে। আয় ব্যয়ের বিস্তৃত বিবরণ নিম্নে প্রদত্ত হইল। পরিষদের উপস্থিত মাসিক আয় ১০৭।৵১০।

পরিষদের কার্য্যক্ষেত্র।

সংসারে যাহার কিছু করিবার আছে, সেই জীবিত থাকে। যাহার কিছু করিবার নাই,—সে জীবিত থাকে না। এই হেতু এক বৎসর কাল জীবিত থাকিতে দেখিয়া মনে হয় যে, বাঙ্গালা দেশে বঙ্গীয়-সাহিত্য-পরিষদের ও কিছু করিবার আছে। বঙ্গদেশের সুশিক্ষিত ও সম্ভ্রান্ত ব্যক্তিদিগের প্রায় সকলেই যাহার প্রতি অনুরাগ প্রদর্শন করিতেছেন, যাহাকে রক্ষা করিবার নিমিত্ত তাঁহাদিগের সকলেই সময় ও অর্থ অম্লান বদনে দান করিতেছেন, এবং যাহার উন্নতিকল্পে দেশের এতগুলি পদস্থ লোক মাসে মাসে সম্মিলিত হইতেছেন, তাহা যদি জীবিত না থাকে,—অথবা জীবিত থাকিয়া কিছু করিতে না পারে, তাহা হইলে আমাদিগের আর আশা কোথায়? ফল কথা, পরিষদ যখন বাঙ্গালা লেখকদিগের রচিত বাঙ্গালা গ্রন্থের আলোচনা করিবেন, এবং সংস্কৃত ও ইংরাজি ভাষায় লিখিত গ্রন্থের আলোচনাতেও রত হইবেন, তখন পরিষদের কার্য্যক্ষেত্র যে বিস্তৃত ও বহুল, তাহাতে আর সংশয় নাই। এই এক বৎসরের ভিতরেই আমরা ইহা কিয়ৎপরিমাণে বুঝিতে পারিয়াছি; কারণ প্রত্যেক অধিবেশনেই পরিষদের বিবেচনার্থ নানাস্থান হইতে

নানা প্রস্তাব আসিয়াছে। শক্তি বা সামর্থ্য সম্বন্ধে পরিষদ এখনও তাদৃশ অবস্থাপন্ন হয়েন নাই যে, সেই সমস্ত প্রস্তাব আপাততঃ কার্য্যে পরিণত করিতে সমর্থ হয়েন। সভ্যদিগের উৎসাহ, অনুরাগ ও অর্থানুকূল্য যতই প্রাপ্ত হইবে, পরিষদের কার্য্যক্ষেত্র দিন দিন ততই বিস্তৃত হইবে বলিয়া আশা করা যায়। অবশেষে পরিষদের সভ্য, কর্ম্মকারক, সহানুভূতি-কারক ও অনুগ্রাহক-দিগকে যথাযোগ্য ধন্যবাদ ও প্রীতি সম্ভাষণ করিয়া প্রথম বৎসরের কার্য্য বিবরণ সমাপ্ত করা যাইতেছে। বিশেষতঃ শ্রীযুক্ত মহারাজ-কুমার বিনয়কৃষ্ণ বাহাদুর,—যিনি আশ্রয়দাতা রূপে এই সাহিত্য-পরিষদরূপ শিশুকে রক্ষা করিতেছেন, তাঁহার প্রতি একান্ত কৃতজ্ঞতা প্রকাশিত করিয়া নব উৎসাহ ও নব অনুরাগের সহিত পরিষদ দ্বিতীয় বৎসরে পদার্পণ করিতেছেন।

কার্য্যনির্ব্বাহক সভার অনুমত্যনুসারে
শ্রীদেবেন্দ্রনাথ মুখোপাধ্যায়,
সম্পাদক।

শ্রীরমেশচন্দ্র দত্ত,
সভাপতি।
২৪শে চৈত্র, ১৩০১ সন।

পরিষদের আয়ব্যয়।

(১৮৯৪ এব ১৬ই জুলাই হইতে বাঙ্গালা ১৩০১ চৈত্র পর্য্যন্ত।)

আয়।

সভ্যগণেব নিকট হইতে চাঁদাব হিসাবে	৫৩৯৸০
প্রবেশিকাব হিসাবে	৮৫৲
পত্রিকাব মূল্য হিসাবে	৮৲
	৬৩২৸০
ভূতপূর্ব্ব ধনবক্ষক শ্রীযুক্ত লিওটার্ড সাহেবেব নিকট প্রাপ্ত	৭।৶০
	৬৪০৶০
বাদ খবচ	৬০৩॥/০
	৩৬॥৶০

ব্যয়।

পত্রিকা ছাপান খবচ হিসাবে ১, ২ ও ৩ সংখ্যা	২৬৭।/০
অন্যান্য ছাপা খবচ হিসাবে	২৪৸৶১০
ডাকটিকিট হিসাবে	৪৫।৵৫
কাগজ, কলম, ছুবি, কাঁচি ইত্যাদি হিসাবে	২৩।/০
গাড়ীভাড়া, ট্রামভাড়া ও নানাবিধ খবচ হিসাবে	২৫৲
পিয়নেব মাহিযানা হিসাবে	৩৮৲
সহঃ-সম্পাদকেব মাহিয়ানা হিসাবে	৪০৲
চেয়াব, টেবিল, আলমায়রা কেনা হিসাবে	৪৬৲
কাগজে বিজ্ঞাপন হিসাবে	১২৲
পুস্তক খবিদ হিসাবে	৫৲
কৃত্তিবাসেব বামায়ণেব পাণ্ডুলিপি সংগ্রহ হিসাবে	২৮৲
ভৌগোলিক পবিভাষা নির্ণয়ার্থ পুস্তক আদি ক্রয় হিসাবে	২৩৶১০
বিশ্ববিদ্যালযে বাঙ্গালা প্রচলন সম্বন্ধে পত্রাদি ছাপান হিসাবে	১৫।/১৫
প্রেসিডেন্সি কলেজে জমা	১০৲
	৬০৩॥/০

শ্রীচন্দ্রনাথ তালুকদার,
অবৈতনিক ধনরক্ষক।

পরিষদের নিয়মাবলী।

১। বঙ্গীয়-সাহিত্য-পরিষদ বাঙ্গালা গ্রন্থ বা বাঙ্গালা-ভাষা ও সাহিত্য সম্বন্ধে আলোচনা করিবেন।

২। বাঙ্গালা সাহিত্যানুরাগী যে কোন ব্যক্তি এক জন সভ্য কর্ত্তৃক প্রস্তাবিত, অন্য কর্ত্তৃক সমর্থিত এবং উপস্থিত সভ্যবৃন্দের ⅔ অংশ কর্ত্তৃক অনুমোদিত হইলে, বঙ্গীয়-সাহিত্য-পরিষদের সভ্যশ্রেণীভুক্ত হইতে পারিবেন।

৩। সাধারণ সভ্য মাত্রকেই নির্ব্বাচিত হইবার সময় প্রবেশিকা এক টাকা, এবং প্রতি মাসে অন্যূন আট আনা করিয়া চাঁদা দিতে হইবে।

৪। খ্যাতনামা লেখকগণ বঙ্গীয়-সাহিত্য-পরিষদের বিশিষ্ট সভ্যরূপে পরিগণিত হইতে পারিবেন। কিন্তু উপস্থিত সভ্যের ¾ অংশ কর্ত্তৃক নির্ব্বাচিত হইলে, প্রস্তাবিত বিশিষ্ট সভ্যের নাম পত্র দ্বারা সমস্ত সভ্যের নিকট প্রেরণ করা হইবে, এবং তাঁহাদের নিকট হইতে যে সকল পত্র পাওয়া যাইবে, তাহার ¾ অংশের সম্মতি অনুসারে সেই ব্যক্তিকে বিশিষ্ট সভ্যরূপে নির্ব্বাচিত করা হইবে।

৫। সভ্যগণ মাসে একবার করিয়া সম্মিলিত হইবেন। সম্মিলনের স্থান ও সময় সম্পাদক কর্ত্তৃক যথাকালে বিজ্ঞাপিত হইবে। প্রয়োজন হইলে মাসিক অধিবেশন ব্যতীত বিশেষ অধিবেশনও হইবে।

৬। পরিষদের এক জন সভাপতি, তিন জন সহকারী সভাপতি, এক জন সম্পাদক এবং এক জন পত্রিকা-সম্পাদক নির্ব্বাচিত হইবেন। সভাপতি, সহকারী-সভাপতিত্রয়, সম্পাদক ও পত্রিকা-সম্পাদক, এই ছয় জন ব্যতীত অন্য আট জন সভ্য লইয়া পরিষদের কার্য্যনির্ব্বাহক সমিতি গঠিত হইবে।

৭। পরিষদ এক জন উপযুক্ত ব্যক্তিকে বেতনভোগী সহকারী সম্পাদক নিযুক্ত করিবেন। তিনি সহকারী-সম্পাদকের কার্য্য ভিন্ন পরিষদের ধনরক্ষক ও গ্রন্থরক্ষকের কার্য্যও করিবেন। কার্য্যনির্ব্বাহক সমিতি তাঁহার কার্য্য নির্দ্ধারিত করিয়া দিবেন।

৮। পত্রিকা-সম্পাদক সমালোচনার্থ গ্রন্থ প্রাপ্ত হইলে স্বয়ং সমালোচন করিবেন, অথবা পরিষদের অন্য সদস্য দ্বারা সমালোচনা করাইয়া লেখকের

নামে তাহা পত্রিকায় প্রকাশিত করিতে পারিবেন। অন্য প্রাপ্ত গ্রন্থের সংক্ষিপ্ত সমালোচনা বা উল্লেখ সম্পাদক পত্রিকায় প্রকাশিত করিতে পারিবেন। সমালোচনার জন্য প্রাপ্ত হওয়া যায় নাই, এরূপ গ্রন্থ সম্বন্ধে কোন লেখক বিস্তীর্ণ সমালোচনা লিখিয়া পাঠাইলে তাহাও প্রবন্ধরূপে প্রকাশ করিতে পারিবেন।

৯। পরিষদের পত্রিকা তিন মাস অন্তর বাহির হইবে। পত্রিকাতে পরিষদের কার্য্যবিবরণ, গ্রন্থসমালোচনা এবং সারবান প্রবন্ধাদি থাকিবে। কার্য্যনির্ব্বাহক সভা পত্রিকার তত্ত্বাবধানের প্রতি দৃষ্টি রাখিবেন।

১০। পরিষদের পত্রিকা সভ্যেরা বিনা মূল্যে প্রাপ্ত হইবেন। অপরে বাৎসরিক তিন টাকা মূল্য দিলে পাইবেন।

১১। পরিষদের কোন সভ্য ছয় মাস কাল চাঁদা প্রদান না করিলে, তাঁহাকে পত্র দ্বারা পরিষদের নিয়ম জানান হইবে, এবং পত্রপ্রেরণের পর এক মাস মধ্যে চাঁদা না দিলে তাঁহাকে সভ্যপদ হইতে বিচ্যুত করা হইবে।

পরিষদের কর্ম্মাধ্যক্ষগণ।

সভাপতি—মাননীয় শ্রীযুক্ত রমেশচন্দ্র দত্ত, সি, এস্, সি, আই, ই।

সহকারী সভাপতি—শ্রীযুক্ত চন্দ্রনাথ বসু এম্, এ, বি, এল, শ্রীযুক্ত নবীন চন্দ্র সেন, এবং শ্রীযুক্ত রবীন্দ্রনাথ ঠাকুর।

পত্রিকা-সম্পাদক—শ্রীযুক্ত রজনীকান্ত গুপ্ত।

সম্পাদক—শ্রীযুক্ত দেবেন্দ্রনাথ মুখোপাধ্যায়।

সহকারী-সম্পাদক, ধনরক্ষক ও গ্রন্থরক্ষক—শ্রীযুক্ত চন্দ্রনাথ তালুকদার।

কার্য্য-নির্ব্বাহক সমিতি।

শ্রীযুক্ত যতীন্দ্রনাথ চৌধুরী, এম, এ, বি, এল; শ্রীযুক্ত রাজা বিনয়কৃষ্ণ বাহাদুর; শ্রীযুক্ত ডাক্তার সূর্য্যকুমার সর্ব্বাধিকারী; শ্রীযুক্ত রাজেন্দ্র চন্দ্র শাস্ত্রী এম, এ; শ্রীযুক্ত হীরেন্দ্রনাথ দত্ত এম, এ, বি, এল; শ্রীযুক্ত মনোমোহন বসু; শ্রীযুক্ত চণ্ডীচরণ বন্দ্যোপাধ্যায়; এবং শ্রীযুক্ত রামেন্দ্রসুন্দর ত্রিবেদী এম, এ।

পরিষদের সদস্য।

১।	শ্রীযুক্ত রাজা বিনয়কৃষ্ণ বাহাদুর,	কলিকাতা।
২।	মাননীয় শ্রীযুক্ত রমেশচন্দ্র দত্ত সি, এস্, সি, আই, ই,	,,
৩।	শ্রীযুক্ত রজনীকান্ত গুপ্ত,	,,
৪।	,, হীরেন্দ্রনাথ দত্ত এম, এ, বি, এল,	,,
৫।	,, ক্ষেত্রপাল চক্রবর্ত্তী,	,,
৬।	,, গোপালচন্দ্র মুখোপাধ্যায়,	,,
৭।	,, ডাক্তার সূর্য্যকুমার সর্ব্বাধিকারী,	,,
৮।	,, সারদাপ্রসাদ দে,	,,
৯।	,, নবেন্দ্রনাথ চট্টোপাধ্যায় বি, এ,	,,
১০।	,, নীলরতন মুখোপাধ্যায় বি, এ,	বেলডাঙ্গা, মুর্শিদাবাদ।
১১।	,, মতিলাল হালদার বি, এল,	কলিকাতা।
১২।	,, জগচ্চন্দ্র সেন,	কুমিল্লা
১৩।	মাননীয় শ্রীযুক্ত সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়,	কলিকাতা।
১৪।	শ্রীযুক্ত শরচ্চন্দ্র দাস সি, আই, ই,	,,
১৫।	,, নগেন্দ্রনাথ ঘোষ, ব্যারিষ্টার,	,,
১৬।	,, পণ্ডিত তারাকুমার কবিরত্ন,	,,
১৭।	,, দেবেন্দ্রনাথ মুখোপাধ্যায়,	,,
১৮।	,, মাধবচন্দ্র চট্টোপাধ্যায়,	,,
১৯।	,, সুন্দরীমোহন দাস এম, বি,	,,
২০।	,, মনোমোহন বসু,	,,
২১।	,, সাতকড়ি হালদার বি, এল,	রায়গ্রাম, দিনাজপুর।
২২।	,, গোঁসাইদাস গুপ্ত,	কলিকাতা।
২৩।	,, নন্দকৃষ্ণ বসু এম্, এ, সি, এস্,	,,
২৪।	,, দেবকিশোর মুখোপাধ্যায় এম্, এ,	,,
২৫।	,, ক্ষীরোদপ্রসাদ ভট্টাচার্য্য এম্, এ,	,,

২৬। শ্রীযুক্ত উমেশচন্দ্র বটব্যাল এম, এ, সি, এস্, বগুড়া।
২৭। „ চারুচন্দ্র ঘোষ, কলিকাতা।
২৮। „ আশুতোষ বন্দ্যোপাধ্যায়, „
২৯। „ শ্রীযুক্ত বসন্তরঞ্জন রায়, বেলেতাব, বাঁকুড়া।
৩০। „ চন্দ্রশেখর কালী এল্, এম্, এস্, কলিকাতা।
৩১। „ রাখালচন্দ্র সেন, „
৩২। „ চণ্ডীচরণ বন্দ্যোপাধ্যায়, „
৩৩। „ রবীন্দ্রনাথ ঠাকুর, „
৩৪। „ নবীনচন্দ্র সেন বি, এ (বিশিষ্ট), „
৩৫। মাননীয় বিচারপতি শ্রীযুক্ত গুরুদাস বন্দ্যোপাধ্যায় এম্, এ, ডি, এল,
৩৬। শ্রীযুক্ত রামেন্দ্রসুন্দর ত্রিবেদী এম্, এ, „
৩৭। „ শারদারঞ্জন রায় এম্, এ, „
৩৮। „ দীননাথ সেন, স্কুল ইন্‌স্পেক্টর, ঢাকা।
৩৯। „ কৃষ্ণকমল ভট্টাচার্য্য বি, এল, হাবড়া।
৪০। „ অমৃতলাল রায় (হোপ-সম্পাদক), কলিকাতা।
৪১। „ রাজনারায়ণ বসু (বিশিষ্ট), দেওঘর।
৪২। „ প্রফুল্লচন্দ্র বন্দ্যোপাধ্যায়, কলিকাতা।
৪৩। „ প্রমথনাথ বসু বি, এস, সি, „
৪৪। Sir Monier Williams K. C. I. E. (বিশিষ্ট), লণ্ডন।
৪৫। শ্রীযুক্ত রায় যতীন্দ্রনাথ চৌধুরী এম্, এ, বি, এল, বরাহনগর।
৪৬। Sir William Hunter K. C. S. I. (বিশিষ্ট), লণ্ডন।
৪৭। শ্রীযুক্ত মন্মথনাথ চট্টোপাধ্যায় বি, এ, কালিকাপুর, কাটোয়া।
৪৮। „ রাজেন্দ্র চন্দ্র শাস্ত্রী এম্, এ, কলিকাতা।
৪৯। „ অবিনাশচন্দ্র দাস এম্, এ, বি, এল, আজিমগঞ্জ, মুরশিদাবাদ।
৫০। „ হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায় বি, এল্, (বিশিষ্ট) খিদিরপুর।
৫১। „ যোগেন্দ্রচন্দ্র ঘোষ, „
৫২। John Beames Esq. (বিশিষ্ট), লণ্ডন।
৫৩। শ্রীযুক্ত বীরেশ্বর পাঁড়ে, কলিকাতা।

৫৪।	শ্রীযুক্ত নৃসিংহচন্দ্র মুখোপাধ্যায় এম্, এ, বি, এল্,	কলিকাতা।
৫৫।	„ কালীপ্রসন্ন ঘোষ (বিশিষ্ট),	ঢাকা।
৫৬।	„ কৃষ্ণবিহারী সেন এম্, এ,	কলিকাতা।
৫৭।	„ চন্দ্রনাথ বসু এম্, এ, বি, এল্ (বিশিষ্ট)	„
৫৮।	„ গোবিন্দলাল দত্ত,	„
৫৯।	„ নিত্যকৃষ্ণ বসু এম্, এ,	„
৬০।	Sir George Birdwood K. C. J. E. (বিশিষ্ট),	লণ্ডন।
৬১।	শ্রীযুক্ত সুরেশচন্দ্র সমাজপতি (সাহিত্য-সম্পাদক),	কলিকাতা।
৬২।	„ শরচ্চন্দ্র চৌধুরী বি, এ (শিক্ষাপবিচর-সম্পাদক),	উত্তরপাড়া।
৬৩।	„ দ্বিজেন্দ্রনাথ ঠাকুর (বিশিষ্ট),	কলিকাতা।
৬৪।	„ মথুরানাথ সিংহ বি, এল্,	বাঁকিপুর।
৬৫।	„ পূর্ণেন্দুনারায়ণ সিংহ এম্, এ, বি, এল্,	„
৬৬।	„ নবীনচন্দ্র দাস এম্, এ,	নদীয়া।
৬৭।	„ যোগেন্দ্রনাথ বিদ্যাভূষণ এম্, এ,	রঙ্গপুর।
৬৮।	„ শ্রীশচন্দ্র মজুমদার,	চাঁইবাসা।
৬৯।	„ শ্রীশচন্দ্র বিশ্বাস বি, এল্,	কলিকাতা।
৭০।	„ ক্ষীরোদনাথ সিংহ এম্, এ, বি, এল্,	তমোলুক।
৭১।	„ ললিতচন্দ্র মিত্র এম্, এ,	কলিকাতা।
৭২।	„ শিবাপ্রসন্ন ভট্টাচার্য্য বি, এল্,	„
৭৩।	„ হরিমোহন বন্দ্যোপাধ্যায়,	„
৭৪।	„ বিপিনবিহারী গুপ্ত এম্, এ,	„
৭৫।	„ বরদাকান্ত সেন গুপ্ত,	„
৭৬।	„ কৈলাসচন্দ্র দাস এম, এ,	„
৭৭।	„ চণ্ডীচরণ সেন,	ভবানীপুর।
৭৮।	„ ভুবনকৃষ্ণ মিত্র,	কলিকাতা।
৭৯।	„ দীননাথ গঙ্গোপাধ্যায়,	হালিসহর।
৮০।	„ রাধানাথ মিত্র,	কলিকাতা।
৮১।	„ ননীমোহন বন্দ্যোপাধ্যায় এম্, এ,	

৮২।	শ্রীযুক্ত রজনীনাথ রায় এম্, এ (ডেঃ কণ্ট্রোলার),	ভবানীপুর।
৮৩।	„ নগেন্দ্রনাথ গুপ্ত (ট্রিবিউন্-সম্পাদক),	লাহোর।
৮৪।	„ চন্দ্রনারায়ণ সিংহ এম্, এ,	ভাগলপুর।
৮৫।	„ রায় শিবচন্দ্র বন্দ্যোপাধ্যায় বাহাদুর,	„
৮৬।	„ অতুলচন্দ্র চট্টোপাধ্যায়,	বর্দ্ধমান।
৮৭।	„ বামলাল মুখোপাধ্যায় বি, এল্,	„
৮৮।	„ সত্যতারণ মুখোপাধ্যায় বি, এ,	„
৮৯।	„ মন্মথকুমার বসু এম্, এ,	„
৯০।	„ প্রমদানাথ মুখোপাধ্যায় বি, এল্,	„
৯১।	„ বন্ধুবিহারী সিংহ বি, এ,	কাটোয়া।
৯২।	„ শ্যামাধব রায়,	কলিকাতা।
৯৩।	„ অক্ষয়কুমার সেন,	ঢাকা।
৯৪।	„ দুর্গাদাস লাহিড়ী,	কলিকাতা।
৯৫।	„ নীলমণি মুখোপাধ্যায় এম্, এ, বি, এল,	„
৯৬।	„ অপূর্ব্বচন্দ্র দত্ত বি, এস্, সি,	জব্বলপুর।
৯৭।	„ নন্দলাল বাগচি বি, এ,	তমোলুক।
৯৮।	„ রমেশচন্দ্র দাস বি, এ,	বরিশাল।
৯৯।	„ কুমুদবন্ধু দাস বি, এ,	ময়মনসিংহ।
১০০।	„ বিপিনবিহারী দাস গুপ্ত বি, এল,	বরিশাল।
১০১।	„ অবিনাশচন্দ্র মিত্র বি, এল,	সিউড়ি।
১০২।	„ গিরীন্দ্রচন্দ্র বন্দ্যোপাধ্যায় এম্, এ,	„
১০৩।	„ হরিনারায়ণ মিশ্র,	„
১০৪।	„ নৃত্যগোপাল মুখোপাধ্যায় এম্, এ,	বহরমপুর।
১০৫।	„ লোকেন্দ্রনাথ পালিত সি, এস্,	বরিশাল।
১০৬।	„ চিত্তরঞ্জন দাস, বারিষ্টার,	কলিকাতা।
১০৭।	„ আশুতোষ চৌধুরী এম্, এ, এল্, এল্, বি, বারিষ্টার,	„
১০৮।	„ নবীনচন্দ্র সেন কবিরাজ,	„
১০৯।	„ শ্যামকুমুদ মুখোপাধ্যায়,	রাজসাহী।

১১০।	শ্রীযুক্ত পাঁচকড়ি বন্দ্যোপাধ্যায়,	কলিকাতা।
১১১।	„ যতীন্দ্রনাথ বসু,	„
১১২।	„ শশধর রায় এম্, এ, বি, এল্,	রাজসাহী।
১১৩।	„ শরচ্চন্দ্র রায় বি, এল্,	„
১১৪।	„ ব্রজেন্দ্রনাথ দে এম এ ; সি, এস্,	বালেশ্বর।
১১৫।	„ বিহারীলাল গুপ্ত সি, এস্,	বাখরগঞ্জ।
১১৬।	„ দীনেশচন্দ্র সেন বি, এ,	কুমিল্লা।
১১৭।	স্যার্ রমেশচন্দ্র মিত্র, নাইট্,	ভবানীপুর।
১১৮।	মাননীয় বিচারপতি শ্রীযুক্ত চন্দ্রমাধব ঘোষ,	কলিকাতা।
১১৯।	শ্রীযুক্ত জ্ঞানেন্দ্রনাথ গুপ্ত এম্, এ ; সি, এস্,	হুগলী।
১২০।	„ বরদাচরণ মিত্র এম্, এ ; সি, এস্,	ফরিদপুর।
১২১।	পণ্ডিত মহেন্দ্রনাথ বিদ্যানিধি,	কলিকাতা।
১২২।	শ্রীযুক্ত দাশরথি ঘোষ এম্, এ, বি, এল্,	হুগলি।
১২৩।	„ নরেন্দ্রনাথ মিত্র বি, এল্,	কলিকাতা।
১২৪।	„ কুঞ্জবিহারী বসু বি, এ,	„
১২৫।	„ ঈশানচন্দ্র বন্দ্যোপাধ্যায়,	খিদিরপুর।
১২৬।	„ মুনীন্দ্রনাথ ভট্টাচার্য্য এম্, এ, বি, এল্,	কলিকাতা।
১২৭।	„ রঘুনাথ চট্টোপাধ্যায়,	„
১২৮।	„ প্রমথনাথ চট্টোপাধ্যায় এম্, এ,	বাঁকুড়া।
১২৯।	„ হেমেন্দ্রনাথ সিংহ বি, এ,	কলিকাতা।
১৩০।	„ কালীপ্রসন্ন চক্রবর্ত্তী,	ময়মনসিংহ।
১৩১।	কবিরাজ লক্ষ্মীনারায়ণ রায়,	কলিকাতা।
১৩২।	শ্রীযুক্ত অমূল্যচরণ বসু এম্, বি,	
১৩৩।	„ শিবনারায়ণ মুখোপাধ্যায়,	উত্তরপাড়া।
১৩৪।	„ অক্ষয়কুমার মৈত্র বি, এল্,	রাজসাহী।
১৩৫।	„ কুঞ্জলাল রায়,	কলিকাতা।
১৩৬।	„ মন্মথনাথ দত্ত এম্, এ,	„
১৩৭।	„ মতিলাল মল্লিক বি, এ,	মেদিনীপুর।

১৩৮।	শ্রীযুক্ত দামোদর মুখোপাধ্যায় এম্, আর্, এ, এস্,	কলিকাতা।
১৩৯।	„ মহেন্দ্রচন্দ্র মজুমদার,	রঙ্গপুর।
১৪০।	„ অঘোরনাথ ঘোষ বি, এল্,	বাঁকুড়া।
১৪১।	„ তারাচরণ সেন,	„
১৪২।	„ নয়নাঞ্জন ভট্টাচার্য্য এম্, এ,	„
১৪৩।	„ কুলদাপ্রসাদ মুখোপাধ্যায,	„
১৪৪।	ডাক্তার উমেশচন্দ্র মুখোপাধ্যায, সিবিল সার্জ্জন,	„
১৪৫।	কুমার রামেশ্বর মালিয়া, জমিদার,	সিয়ারসোল।
১৪৬।	শ্রীযুক্ত রাজকৃষ্ণ রায় চৌধুরী,	হাবড়া।
১৪৭।	„ যোগীন্দ্রনারায়ণ রায়,	কলিকাতা।
১৪৮।	„ গোবিন্দচন্দ্র দাস এম্, এ,	„
১৪৯।	„ সারদাচরণ মিত্র এম্, এ, বি এল্,	„
১৫০।	„ যোগীন্দ্রচন্দ্র চক্রবর্ত্তী এম্, এ,	দিনাজপুর।
১৫১।	„ অশ্বিনীকুমার দাস বি, এ,	কুমিল্লা।
১৫২।	„ মাখনলাল সিংহ,	হাবড়া।
১৫৩।	„ রাজেন্দ্রনাথ মুখোপাধ্যায় এম্, এ, বি, এল্,	কলিকাতা।
১৫৪।	„ জ্ঞানেন্দ্রলাল রায় এম্, এ, বি, এল্,	কৃষ্ণনগর।
১৫৫।	„ ভবেন্দ্রনাথ দে, বি, এল্,	কলিকাতা।
১৫৬।	„ অমৃতকৃষ্ণ মল্লিক, বি, এল্,	কলিকাতা।
১৫৭।	„ মন্মথচন্দ্র মল্লিক,	„
১৫৮।	„ হেমচন্দ্র মল্লিক,	„
১৫৯।	„ প্রিয়নাথ মুখোপাধ্যায়,	„
১৬০।	„ যজ্ঞেশ্বর বন্দ্যোপাধ্যায়,	„
১৬১।	„ যোগেন্দ্রনাথ চট্টোপাধ্যায,	„
১৬২।	„ রায় বোহিণীকুমার সেনগুপ্ত,	কীর্ত্তিপাশা, বরিশাল।
১৬৩।	„ সত্যেন্দ্রনাথ ঠাকুর সি, এস্,	সেতারা।
১৬৪।	„ জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুর,	কলিকাতা।
১৬৫।	„ ক্ষিতীন্দ্রনাথ ঠাকুর বি, এ.	„

১৬৬।	শ্রীযুক্ত বলেন্দ্রনাথ ঠাকুর,	কলিকাতা।
১৬৭।	„ গগনেন্দ্রনাথ ঠাকুর,	„
১৬৮।	„ রাজা স্যার্ শৌরীন্দ্রমোহন ঠাকুর, নাইট্,	„
১৬৯।	„ রজনীকান্ত চক্রবর্ত্তী,	মালদহ।
১৭০।	„ গোপালচন্দ্র মিত্র এল্, এম্, এস্,	হাবড়া।
১৭১।	„ মন্মথনাথ ভট্টাচার্য্য এম্, এ,	কলিকাতা।
১৭২।	„ অমৃতলাল মিত্র,	টালা।
১৭৩।	„ ক্ষীরোদচন্দ্র রায় চৌধুরী এম্, এ,	ছাপরা।
১৭৪।	„ বরদাকান্ত চক্রবর্ত্তী,	বহর, ঢাকা।
১৭৫।	„ চন্দ্রনাথ তালুকদার,	কলিকাতা।
১৭৬।	„ কেদারনাথ বসু বি, এ,	„
১৭৭।	„ কুমুদিনীকান্ত বন্দ্যোপাধ্যায় এম্, এ,	রাজসাহী।
১৭৮।	„ রাজা রাজরাজেশ্বরীপ্রসাদ সিংহ বাহাদুর,	সুরাজপুর, আরা।
১৭৯।	„ হারাণচন্দ্র বন্দ্যোপাধ্যায় এম্, এ, বি, এল্,	কলিকাতা।
১৮০।	„ রায় বাহাদুর কাশীনাথ বালকৃষ্ণ মরাঠে,	সেতারা।
১৮১।	„ জ্ঞানেন্দ্রলাল দে এম্, এ,	কলিকাতা।
১৮২।	„ হৃদয়রঞ্জন খাঁ এম্, এ,	হাবড়া।
১৮৩।	„ মন্মথনাথ মস্তফি বি, এ,	কলিকাতা।
১৮৪।	„ মতিলাল দত্ত,	„
১৮৫।	„ দ্বিজেন্দ্রচরণ গুপ্ত,	„
১৮৬।	„ প্রতুলচন্দ্র বসু,	„
১৮৭।	„ আনন্দ চন্দ্র মিত্র,	„
১৮৮।	„ হরিসাধন মুখোপাধ্যায়,	„
১৮৯।	„ শরচ্চন্দ্র সরকার,	„
১৯০।	„ শান্তশীল বন্দ্যোপাধ্যায় বি, এ,	„
১৯১।	„ প্রমথনাথ চট্টোপাধ্যায় এম্, এ, বি, এল্,	আন্দুলিয়া।
১৯২।	„ পণ্ডিত অনন্তবাপু যোশী শাস্ত্রী,	ধারোয়ার, পুনা।
১৯৩।	„ গোপালকৃষ্ণ ঘোষ বি, এল্,	দুরাজপুর।

১৯৪।	শ্রীযুক্ত রায় নৃসিংহচন্দ্র দত্ত বাহাদুর,	হাবড়া।
১৯৫।	„ কুমার প্রমথনাথ মালিয়া,	সিয়ারসোল।
১৯৬।	„ রামদাস মৈত্র,	হাবড়া।
১৯৭।	„ ব্রজেন্দ্রনাথ শীল এম্, এ,	বহরমপুর।
১৯৮।	„ অবিনাশচন্দ্র বসু এম্, এ,	বর্দ্ধমান।
১৯৯।	„ লালগোপাল চক্রবর্ত্তী এম্, এ,	কলিকাতা।
২০০।	„ কালিদাস মল্লিক এম্, এ,	বর্দ্ধমান।
২০১।	„ প্যারীলাল হালদার এম্, এ, বি, এল্,	কলিকাতা।
২০২।	„ উমেশচন্দ্র বন্দ্যোপাধ্যায়,	হাবড়া।
২০৩।	„ সুরেশচন্দ্র সেন এম্, এ,	হুগলি।

বঙ্গীয় সাহিত্য-পরিষদের

দ্বিতীয় বার্ষিক (অর্থাৎ ১৩০২ সালের) বিবরণী।

পরিষদের সভ্যসংখ্যা।—গত বর্ষে ৬৪ জন নূতন সভ্য পরিষদে যোগদান করিয়াছেন; ১৬ জন, সভ্যপদ পরিত্যাগ করিয়াছেন ও তিন জন কালগ্রাসে পতিত হইয়াছেন। সুতরাং গত বর্ষে পরিষদের সভ্যসংখ্যা তৎপূর্ব্ব বর্ষ অপেক্ষা ৪৫ জন অধিক হইয়াছে। ঐ বর্ষের শেষে ১৯৬ জন সভ্যশ্রেণীভুক্ত ছিলেন, সুতরাং পরিষদের উপস্থিত সভ্যসংখ্যা ২৪১ জন হইযাছে। এই সভ্যসংখ্যা বৃদ্ধি কিয়ৎ পরিমাণে আশাপ্রদ বলিয়া বোধ হয় ও এইরূপ সংখ্যার উপচয় হইলে যে, পরিষদের বলের উপচয় ও কার্য্যক্ষেত্রের প্রসর বৃদ্ধি হইবে, তদ্বিষয়ে সন্দেহ নাই।

পরিষদের কর্ম্মচারিবর্গ।

১।	শ্রীযুক্ত রমেশচন্দ্র দত্ত সি এস্, সি আই ই	সভাপতি।
২।	„ বাবু চন্দ্রনাথ বসু এম্ এ; বি এল	সহকারী সভাপতিত্রয়।
৩।	„ „ নবীনচন্দ্র সেন,	
৪।	„ „ রবীন্দ্রনাথ ঠাকুর,	
৫।	„ „ রাজেন্দ্রচন্দ্র শাস্ত্রী এম্ এ	সম্পাদক।
৬।	„ „ চণ্ডীচরণ বন্দ্যোপাধ্যায়,	সহকারী সম্পাদক ও গ্রন্থরক্ষক।
৭।	„ „ রজনীকান্ত গুপ্ত,	পত্রিকা-সম্পাদক।
৮।	„ „ চারুচন্দ্র সরকার এম্ এ, বি এল	ধন-রক্ষক।
৯।	„ „ রজনীনাথ রায় এম্ এ.	আয়-ব্যয়-পরীক্ষক।
১০।	„ „ শারদারঞ্জন রায় এম্. এ	

কার্য্যনির্ব্বাহক সমিতি।—গত বর্ষের পূর্ব্বে এই সমিতির সভ্যসংখ্যা ৬ জন ছিল। গত বর্ষে একজন সভ্যপদ ত্যাগ করেন ও তিন জন নূতন সভ্য নিযুক্ত হন; সুতরাং সমিতির উপস্থিত সভ্যসংখ্যা ৮ জন। যথা—

১। শ্রীযুক্ত রাজা বিনয়কৃষ্ণ দেব বাহাদুর।
২। „ ডাক্তার সূর্য্যকুমার সর্ব্বাধিকারী।
৩। „ রায় যতীন্দ্রনাথ চৌধুরী এম্ এ; বি এল্
৪। „ বাবু মতিলাল হালদার বি. এল্.
৫। „ „ হীরেন্দ্রনাথ দত্ত এম্. এ; বি. এল্.
৬। „ „ মনোমোহন বসু।
৭। „ „ চণ্ডীচরণ বন্দ্যোপাধ্যায়।
৮। „ „ রামেন্দ্রসুন্দর ত্রিবেদী এম্ এ.

এতদ্ভিন্ন সভাপতি, সহকারী সভাপতিত্রয় এবং সম্পাদকদ্বয়ও কার্য্য-নির্ব্বাহক সমিতির অতিরিক্ত সভ্যরূপে পরিগণিত। গত বর্ষে পরিষদের কোন কোন সভ্য, কার্য্যনির্ব্বাহক সমিতির কর্ত্তব্য সম্বন্ধে জিজ্ঞাসু হওয়ায় ও এ পর্য্যন্ত পরিষদের কোন কাগজপত্রে ঐ সমিতির কার্য্যপ্রণালী বা কর্ত্তব্য সম্বন্ধে কোন বিশেষ উল্লেখ না থাকায়, এ স্থলে সংক্ষেপতঃ তৎসমস্ত নির্দ্দেশ করা হইতেছে ঃ—

সাহিত্য-পরিষদের মাসিক অধিবেশনে যে যে বিষয়ের ভার, কার্য্য-নির্ব্বাহক সমিতির উপর অর্পিত হয়, সেই সমস্ত বিষয় সম্পাদন করাই সমিতির প্রধান কার্য্য। পরিষদের অধিবেশনের আলোচ্য বিষয় ও দিন স্থির করা, পরিভাষা ও অন্যান্য শাখাসমিতির কার্য্যের তত্ত্বাবধান, পরিষদ্-পত্রিকার মুদ্রণ ও পরিষদের আয়ব্যয়-সম্বন্ধে সমস্ত কার্য্যের ব্যবস্থা করণ, পরিষদের অনুমতির অপেক্ষায় পরিষদ-কার্য্যালয়ের বেতনভোগী কর্ম্মচারিনিয়োগ ও পরিষৎসম্বন্ধীয় অন্যান্য অত্যাবশ্যক কার্য্যের সম্পাদন, কার্য্যনির্ব্বাহক সমিতির কার্য্য। গত বর্ষে এই সমিতির ১৪টী অধিবেশন হইয়াছে। অধিবেশনে উপস্থিত সভ্যসংখ্যা ৭ জনের অধিক ও ৩ জনের কম হয় নাই। সমিতির সভ্যগণ স্ব স্ব কর্ত্তব্য সাধনে যেরূপ যত্ন ও পরিশ্রম করিয়াছেন, তাহাতে তাঁহারা পরিষদের ধন্য-বাদের পাত্র।

পরিষদ্ ও তৎসংক্রান্ত সমিতির অধিবেশনাদি।—গত বর্ষে পরিষদের ১১টি অধিবেশন হইয়াছে; তন্মধ্যে মাসিক অধিবেশন ১০টী ও বিশেষ অধিবেশন ১টী। কোন অধিবেশনেই উপস্থিত সভ্যের সংখ্যা ৩৫ জনের অধিক এবং ১০ জনের কম হয় নাই। বিশেষ অধিবেশনে বিশ্ববিদ্যালয়ের উচ্চতর পরীক্ষায় বাঙ্গালার প্রচলন উচিত কি না, এই বিষয়ের অবতারণা হইয়াছিল। সভায়, পরিষদের সভ্য ও বিশ্ববিদ্যালয়ের ফেলো মহোদয়গণ লইয়া সর্ব্বসমেত ৩০ জন উপস্থিত ছিলেন। শ্রীযুক্ত ডাক্তার মহেন্দ্রলাল সরকার মহাশয় সভাপতির আসন গ্রহণ করেন। মহামহোপাধ্যায় শ্রীযুক্ত মহেশচন্দ্র ন্যায়রত্ন ও শ্রীযুক্ত বাবু নীলমণি মুখোপাধ্যায় মহাশয় বাঙ্গালা ভাষায় ইংরাজী শিক্ষা ও পরীক্ষার সম্পূর্ণ পক্ষপাতী না হইলেও, স্কুল-বিভাগের কয়েকটী নিম্ন শ্রেণীতে ঐ প্রণালী প্রবর্ত্তন করিতে বলেন। পরে প্রবর্ত্তনের ফল দেখিয়া ভবিষ্যতে কি করা উচিত, তাহা স্থির করিতে বলেন। শ্রীযুক্ত বাবু ভূপেন্দ্রনাথ বসু ও শ্রীযুক্ত বাবু রাজেন্দ্রচন্দ্র শাস্ত্রী মহাশয় বাঙ্গালা ভাষায় ইংরেজী শিক্ষা প্রস্তাবের বিরুদ্ধে মত প্রকাশ করেন। কিন্তু সংস্কৃত শিক্ষার ক্ষতি না করিয়া বিশ্ববিদ্যালয়ে বাঙ্গালা শিক্ষার প্রসর বৃদ্ধি করিতে রাজেন্দ্র বাবুর আপত্তি নাই। মাননীয় বিচারপতি শ্রীযুক্ত গুরুদাস বন্দ্যোপাধ্যায়, শ্রীযুক্ত উমেশচন্দ্র দত্ত ও শ্রীযুক্ত গোলাপচন্দ্র শাস্ত্রী মহাশয় বাঙ্গালা ভাষায় ইতিহাস, গণিত প্রভৃতি শিক্ষা ও পরীক্ষার প্রবর্ত্তন প্রস্তাব সমর্থন করিয়া উক্ত প্রস্তাবের অনুকূল যুক্তি সকল প্রদর্শন করেন। সভাপতি মহাশয় বাঙ্গালা ও ইংরাজী শিক্ষা উভয় পক্ষেই সহানুভূতি প্রকাশ করেন ও বর্ত্তমান কালের অবস্থা বিবেচনায় ইংরাজী শিক্ষারও বিশেষ উপযোগিতা স্বীকার করেন। এ বিষয়টী নূতন নহে, গতবর্ষের পূর্ব্ববর্ষেও এই বিষয় লইয়া পরিষদে অনেক আন্দোলন হয়। আন্দোলনের ফল স্বরূপ ঐ বিষয়ে কর্ত্তব্য নিরূপণের জন্য মাননীয় বিচারপতি শ্রীযুক্ত গুরুদাস বন্দ্যোপাধ্যায়, শ্রীযুক্ত নন্দকৃষ্ণ বসু এম্. এ; সি এস্, শ্রীযুক্ত রবীন্দ্রনাথ ঠাকুর, শ্রীযুক্ত রজনীকান্ত গুপ্ত এবং শ্রীযুক্ত হীরেন্দ্রনাথ দত্ত এম্ এ; বি. এল্. এই কয় জন সভ্যকে লইয়া একটী সমিতি গঠিত হয়। সমিতি প্রস্তাবিত বিষয় সম্বন্ধে দেশের সুশিক্ষিত ও সম্ভ্রান্ত ব্যক্তিগণের মতামত সংগ্রহ করিয়া আপনাদের বিজ্ঞাপনীসহিত পরিষদের সভাপতির নিকট প্রেরণ করেন।

গত বৎসর পরিষদের ৫ম অধিবেশনে এই বিজ্ঞাপনী পরিগৃহীত হইলে মাননীয় শ্রীযুক্ত গুরুদাস বন্দ্যোপাধ্যায় মহাশয়ের প্রস্তাবমত আপাততঃ এফ্ এ ও বি এ, পরীক্ষায় সংস্কৃতের সহিত বাঙ্গালা অনুবাদ ও রচনার প্রশ্ন দেওয়া হউক এই মর্ম্মে বিশ্ববিদ্যালয়ের কার্য্যনির্ব্বাহক সভায় আবেদন পত্র প্রেরিত হয়। আর্ট-ফ্যাকল্টির উপর ঐ আবেদন বিচার করিবার ভার অর্পিত হয়। ফ্যাকল্টি পরিষদের প্রস্তাব অগ্রাহ্য না করিয়া একটী বিশেষ সমিতির উপর বিচারের ভার অর্পণ করিয়াছেন, সুতরাং পরিষদের যত্ন একেবারে নিষ্ফল হয় নাই বলিতে হইবে। এই বিষয়ে মাননীয় বিচারপতি গুরুদাস বন্দ্যোপাধ্যায় মহাশয় যেরূপ অবিচলিত উৎসাহের সহিত কার্য্য করিয়াছেন তাহাতে পরিষদ্ তাঁহাকে আন্তরিক ধন্যবাদ দিতেছেন।

পরিষদের গত বাৎসরিক অধিবেশনটী গত বৎসরের মধ্যে আহূত না হইলেও এস্থলে উল্লেখ যোগ্য ; উহা ১৩০১ সালের ২৪শে ও ২৫শে চৈত্র দুই দিন ধরিয়া হয়। প্রথম দিনের অধিবেশনে নিয়মিত কার্য্য ব্যতীত প্রথম বার্ষিক বিবরণী পাঠ করা হয়। দ্বিতীয় দিনের অধিবেশনটী পরিষদের সভ্য-ও নিমন্ত্রিত ব্যক্তিবৃন্দের বাৎসরিক সম্মিলনীস্বরূপ আহূত হইয়াছিল। ঐ অধিবেশনে শ্রীযুক্ত বাবু রবীন্দ্রনাথ ঠাকুর বাঙ্গালার জাতীয় সাহিত্য সম্বন্ধে একটী হৃদয়গ্রাহী প্রবন্ধ পাঠ করেন ও সভ্যদিগের আনন্দবর্দ্ধনার্থ গীত, বাদ্য, মিষ্টান্ন প্রভৃতি নানাবিধ আয়োজন করা হইয়াছিল। নিমন্ত্রিত ব্যক্তিবর্গ অপরাহ্ণ হইতে রাত্রি দশটা পর্য্যন্ত আমোদ আহ্লাদে অতিবাহিত করিয়া গৃহে প্রতিগমন করেন।

পারিভাষিক সমিতি।—পরিষদের ১৩০২ সালের ২৭শে শ্রাবণ তারিখের চতুর্থ মাসিক অধিবেশনে শ্রীযুক্ত বাবু মাধবচন্দ্র চট্টোপাধ্যায় মহাশয় পারিভাষিক সমিতির অন্যতম সভ্য নির্ব্বাচিত হন। গত বর্ষে ঐ সমিতির ৪টী অধিবেশন হইয়াছিল। ঐ অধিবেশনে ভৌগোলিক পরিভাষা স্থির করিবার চেষ্টা হয় ও ৬ই মাঘ তারিখের শেষ অধিবেশনে "Freezing" (ফ্রিজিঙ) হইতে "Point" (পয়েণ্ট) পর্য্যন্ত ইংরাজী ভৌগোলিক শব্দের বাঙ্গালা প্রতিশব্দ স্থির করা হইয়াছে।

উদ্ভিদ্‌তত্ত্ব-বিষয়ক পরিভাষা সমিতি।—পরিষদের ৩রা চৈত্র তারিখের দশম

মাসিক অধিবেশনে শ্রীযুক্ত বাবু হীরেন্দ্রনাথ দত্ত মহাশয়ের প্রস্তাবে ও শ্রীযুক্ত বাবু কুঞ্জলাল রায় মহাশয়ের সমর্থনে উদ্ভিদ্ শাস্ত্র সম্বন্ধীয় পরিভাষা স্থির করিবার নিমিত্ত একটী সমিতি গঠিত। শ্রীযুক্ত ডাক্তার অমূল্যচরণ বসু এম. বি, শ্রীযুক্ত বাবু নগেন্দ্রনাথ বসু (বিশ্বকোষ-সঙ্কলয়িতা), শ্রীযুক্ত লক্ষ্মীনারায়ণ রায় (কবিরাজ), শ্রীযুক্ত মনোমোহন সেনগুপ্ত কবিরত্ন (কবিরাজ), শ্রীযুক্ত বাবু নৃত্যগোপাল মুখোপাধ্যায় ও শ্রীযুক্ত বাবু নিকুঞ্জবিহারী দত্ত এই সমিতির সভ্যরূপে নির্দ্দিষ্ট হইয়াছেন। ইচ্ছা করিলে ইঁহারা অন্যান্য ব্যক্তিকে সভ্যরূপে গ্রহণ করিতে পারেন, এরূপ ক্ষমতা ইঁহাদেব উপর অর্পিত হইয়াছে। অনেক গুলি ইংরাজী উদ্ভিদ্ শাস্ত্র সংক্রান্ত শব্দের বাঙ্গালা প্রতিশব্দ স্থির হইয়াছে, সুতবাং আশা করা যায় এ বিষয়ে শীঘ্রই কার্য্য আরম্ভ হইবে। এ পর্য্যন্ত এই সমিতির কোন অধিবেশন হয় নাই।

পারিভাষিক সমিতির কথা শেষ করিবাব পূর্ব্বে সমিতির অন্যতম সভ্য শ্রীযুক্ত বাবু রামেন্দ্রসুন্দর ত্রিবেদী মহাশয় স্বতঃ প্রণোদিত হইয়া রসায়ন বিজ্ঞানেব পবিভাষা এবং শ্রীযুক্ত বাবু মাধবচন্দ্র চট্টোপাধ্যায় ও যোগেশচন্দ্র রায় এম্ এ. মহাশয় জ্যোতিষের পরিভাষা স্থির করিবার নিমিত্ত যেরূপ চেষ্টা ও পবিশ্রম স্বীকার করিয়াছেন, তাহা বিশেষ প্রশংসার সহিত উল্লেখ কবা আবশ্যক। রামেন্দ্রসুন্দর বাবুর সঙ্কলিত বাসায়নিক পবিভাষা তাঁহারই প্রস্তাবানুসারে পুস্তকাকারে মুদ্রিত করিয়া রসায়নবিৎ পণ্ডিতদিগেব নিকট মতামতেব জন্য প্রেরিত হইয়াছে। মতামতগুলি প্রাপ্ত হইলে, তদ্বিষয়ে অতঃপব কি করা কর্ত্তব্য, তাহা স্থির হইবে।

গ্রন্থপ্রকাশ সমিতি।—১৩০২ সালের ২৪শে আষাঢ় তাবিখেব পরিষদের তৃতীয় মাসিক অধিবেশনে বাঙ্গালা ভাষায় রচিত প্রাচীন কাব্য ও অন্যান্য সারগর্ভ গ্রন্থপ্রকাশের নিমিত্ত এই সমিতির সৃষ্টি হয়। সভাপতি, সহকাবী সভ্যপতিত্রয় ও সম্পাদকদ্বয় ব্যতীত নিম্নলিখিত ব্যক্তিগণ এই সমিতির সভ্যরূপে নির্ব্বাচিত হইয়াছেন। শ্রীযুক্ত বাবু হীরেন্দ্রনাথ দত্ত এম্. এ ; বি. এল্. শ্রীযুক্ত বাবু নগেন্দ্রনাথ ঘোষ (বাবিষ্টার), শ্রীযুক্ত রায় যতীন্দ্রনাথ চৌধুরী এম্ এ ; বি. এল, শ্রীযুক্ত বাবু রজনীকান্ত গুপ্ত, শ্রীযুক্ত বাবু রামেন্দ্রসুন্দর ত্রিবেদী এম্. এ ও শ্রীযুক্ত বাবু মনোমোহন বসু। শ্রীযুক্ত বাজা বিনয়কৃষ্ণ দেব বাহাদুব এই

সমিতির ধনরক্ষকের কার্য্য করিতে স্বীকৃত হইয়াছেন। এ পর্য্যন্ত সমিতির তিনটী মাত্র অধিবেশন হইয়াছে। প্রথম অধিবেশনে ৪ জন, ও দ্বিতীয় অধিবেশনে ৬ জন ও তৃতীয় অধিবেশনে ৫ জন সভ্য উপস্থিত ছিলেন। তৃতীয় অধিবেশনটী মুদ্রাযন্ত্রবিষয়ক প্রস্তাব বিবেচনা করিবার নিমিত্ত কার্য্যনির্ব্বাহক সমিতির সহিত যোগে আহূত হইয়াছিল। এই সমিতিতে যে যে সভ্যের উপর যে যে কার্য্যের ভার অর্পিত হইয়াছে ও ঐ সমস্ত কার্য্য কতদূর সম্পন্ন হইয়াছে, নিম্নে তৎসমুদয়ের উল্লেখ করা গেল।

সভ্যের নাম।	ভার অর্পণের তারিখ	গ্রন্থের নাম	যতদূর সম্পন্ন হইয়াছে।
১। শ্রীযুক্ত বাবু হীরেন্দ্রনাথ দত্ত	১৩০২ সাল, ২৪শে আষাঢ়	কৃত্তিবাসী রামায়ণ	নানাকারণে এখনও মুদ্রণ আরম্ভ হয় নাই। তবে মুদ্রণের প্রধান অন্তরায় সমূহ দূরীভূত হইয়াছে; শীঘ্র কার্য্য আরম্ভ হইবে, এরূপ আশা করা যায়। অন্তরায়ের কারণগুলি পরিশিষ্টে মুদ্রিত, হীরেন্দ্র-বাবুর পত্র পাঠ করিলে অবগত হওয়া যায়।
২। শ্রীযুক্ত বাবু রবীন্দ্রনাথ ঠাকুর	১৩০২ সাল, ২৪শে আষাঢ়	বিদ্যাপতির পদাবলী	"পরিষদ্ নিজের প্রস্তাবমত কোন সাহায্য না করায় কার্য্য আরম্ভ হয় নাই," এ বিষয়ে পরিশিষ্টে মুদ্রিত, রবীন্দ্র বাবুর পত্রই প্রমাণ।
৩। শ্রীযুক্ত বাবু প্রফুল্লচন্দ্র বন্দ্যোপাধ্যায়	১৩০২ সাল, ৩০শে ভাদ্র	কাশীরাম দাসের মহাভারত	কার্য্য আরম্ভ হইয়াছে। বিস্তারিত বিবরণ পরিশিষ্টে মুদ্রিত প্রফুল্ল বাবুর পত্রে অবগত হওয়া যায়।
৪। শ্রীযুক্ত পণ্ডিত মহেন্দ্রনাথ বিদ্যানিধি	১৩০২ সাল, ৩০শে ভাদ্র	কবিকঙ্কণের চণ্ডী	কার্য্য আরম্ভ হইয়াছে, তবে মুদ্রণের এখনও অনেক বিলম্ব। বিলম্বের কারণ, পরিশিষ্টে মুদ্রিত বিদ্যা-নিধি মহাশয়ের পত্র পাঠে অবগত হওয়া যায়।
৫। শ্রীযুক্ত বাবু রামেন্দ্র সুন্দর ত্রিবেদী	১৩০২ সাল, ২৯শে পৌষ	রামমোহনের রামায়ণ	মুদ্রণ আরম্ভ করিলেই হয়, কেবল মুদ্রাযন্ত্রের বন্দোবস্তের অপেক্ষা।

উপরি উক্ত তালিকা-পাঠে স্পষ্টই উপলব্ধি হইবে যে, পরিষদ্ গত বর্ষে যে যে গ্রন্থ প্রকাশ করিবার ভারগ্রহণ করিয়াছেন, তাহার কোনটীই কার্য্যে পরিণত করিতে পারেন নাই; কিন্তু ইহাতে বিস্ময় বা ক্ষোভের কোন কারণ নাই। কারণ, কার্য্য-গুলি যেরূপ দুরূহ এবং সময় ও অর্থসাপেক্ষ, তাহাতে অল্প কালের মধ্যে তৎসমস্ত সম্পাদন করিয়া উঠা কতদূর সম্ভব, তাহা সভ্য মহোদয়-গণ বিবেচনা করিবেন। তবে এই মাত্র বলা যাইতে পারে যে, যিনি যে কার্য্যের ভার গ্রহণ করিয়াছেন, তিনি তাহার সম্পাদন বিষয়ে বোধ হয় যত্নের ত্রুটি করিতেছেন না।

কর্ম্মচারির নিয়োগ ও পরিবর্ত্তন।—গত বর্ষে পরিষদের কর্ম্মচারিবর্গের মধ্যে কেহ কেহ পদত্যাগ করায়, তাঁহাদের স্থলে নূতন কর্ম্মচারী নিযুক্ত হইয়াছেন। ভূতপূর্ব্ব সম্পাদক শ্রীযুক্ত দেবেন্দ্রনাথ মুখোপাধ্যায় পদত্যাগ করিলে তাঁহার স্থানে শ্রীযুক্ত বাবু রাজেন্দ্রচন্দ্র শাস্ত্রী এম্ এ. মহাশয় সম্পাদকরূপে নিযুক্ত হন। সহকারী সম্পাদক শ্রীযুক্ত বাবু চন্দ্রনাথ তালুকদার, গ্রন্থরক্ষক ও ধনরক্ষকেরও কার্য্য করিতেন। তাঁহার মাসিক বেতন ২০৲ টাকা ধার্য্য ছিল। তিনি ঐ পদত্যাগ করিলে, তাঁহার পরিবর্ত্তে শ্রীযুক্ত বাবু চণ্ডীচরণ বন্দ্যোপাধ্যায় মহাশয় অবৈতনিক সহকারী সম্পাদক ও গ্রন্থরক্ষক, এবং শ্রীযুক্ত বাবু চারুচন্দ্র সরকার এম্. এ; বি এল্. মহাশয় অবৈতনিক ধনরক্ষক পদে নিযুক্ত হন। সহ-কারী সম্পাদকের পদের বেতন কমাইয়া ২০৲ টাকা হইতে ১৫৲ টাকা করা হয় ও ঐ হ্রস্বীকৃত বেতনে শ্রীযুক্ত বাবু অন্নদাপ্রসাদ সরকার, পরিষদের কর্ম্ম-চারী নিযুক্ত হন। এইরূপ নিয়োগে পরিষদের মাসিক ৫৲ টাকা করিয়া ব্যয় লাঘব হইয়াছে।

এ স্থলে ইহাও বক্তব্য যে, শ্রীযুক্ত বাবু চণ্ডীচরণ বন্দ্যোপাধ্যায় মহাশয় সহকারী সম্পাদকের পদে নিযুক্ত হইবার অব্যবহিত পরেই পীড়িত হইয়া পড়েন, ও পীড়া নিবন্ধন কার্য্য করিতে অশক্ত হইলে, পরিষদের অন্যতম সভ্য শ্রীযুক্ত বাবু কুঞ্জবিহারী বসু বি এ. মহাশয়ের উপর তাঁহার কার্য্যভার অর্পিত হয়। কুঞ্জ বাবু ন্যূনাধিক ছয় সপ্তাহ কাল ঐ কার্য্য বিশেষ যোগ্যতা ও পরিশ্রমের সহিত সম্পন্ন করেন, তজ্জন্য তিনি পরিষদের ধন্যবাদের পাত্র।

পত্রিকা ও পত্রিকা-সম্পাদক।—গত বর্ষে পরিষদ-পত্রিকার চারি সংখ্যা প্রকাশিত হইয়াছে। বর্ত্তমান বর্ষে পত্রিকার প্রত্যেক সংখ্যা পূর্ব্বাপেক্ষা পরিবর্দ্ধিত আকারে প্রকাশিত হইয়াছে। উহা তিন মাস অন্তর প্রকাশিত হইয়া থাকে। পরিষদের কোন কোন সভ্য পরিষদপত্রিকা খানিকে মাসিক করিতে ও উহার মূল্য হ্রাস করিতে অনুরোধ করিয়াছিলেন, কিন্তু আর্থিক-অবস্থা বিবেচনা করিয়া পরিষদ আপাততঃ ঐ দুইটি প্রস্তাবের কোনটিই গ্রহণ করিতে পারেন নাই।

পত্রিকা-সম্পাদক শ্রীযুক্ত বাবু রজনীকান্ত গুপ্ত মহাশয় যাহাতে পত্রিকা যথাসময়ে প্রকাশিত হয়, তন্নিমিত্ত যত্ন করিলেও প্রবন্ধ অভাবে ও মুদ্রাযন্ত্রের গোলযোগে উহা যথাসময়ে বহির্গত হয় নাই। এই নিমিত্ত পরিষদের ১৩০২ সালের ২৯শে অগ্রহায়ণ তারিখের সপ্তম মাসিক অধিবেশনে পরিষদ-পত্রিকার প্রবন্ধের লেখকদিগকে অর্থ দানেব প্রস্তাব গৃহীত হয়। কোন্ প্রবন্ধের জন্য পরিষদ অর্থ দিবেন, সেই বিষয় পরিষদের আর্থিক অবস্থা বিবেচনা করিয়া স্থির করিবাব ভাব পরিষদের সম্পাদক ও পত্রিকা-সম্পাদকের উপর ন্যস্ত হইয়াছে। এ পর্য্যন্ত ঐ প্রস্তাব কার্য্যে পবিণত হয় নাই, শীঘ্রই হইবে এরূপ আশা কবা যায়।

সভাপতি।—পরিষদেব সভাপতি মাননীয় শ্রীযুক্ত রমেশচন্দ্র দত্ত মহাশয় পরিষদের উন্নতিকল্পে যথাসাধ্য যত্ন ও পবিশ্রম করিয়াছেন। পূর্ব্বোক্ত বাঙ্গালার প্রাচীন গ্রন্থাবলী যাহাতে সংশোধিত হইয়া প্রকাশিত হয়, এজন্য তিনি সাধারণের নিকট পত্র লিখিয়া সাহায্য প্রার্থনা করিয়াছেন ও তাঁহার এই অনুরোধে অনেকানেক মহোদয় ব্যক্তি এতদর্থে সাহায্য প্রদান করিয়াছেন বা করিতে অঙ্গীকার করিয়াছেন; তাঁহারা সকলেই পবিষদের বিশেষ ধন্যবাদের পাত্র; তাঁহাদের নাম পরিষদ-পত্রিকার তৃতীয় ও চতুর্থ সংখ্যায় মুদ্রিত হইলেও সাধারণের অবগতিব জন্য পুনর্মুদ্রিত হইল। এ পর্য্যন্ত ১১০০৲ টাকা সংগৃহীত ও ২৮৲ টাকা ৵০ আনা ব্যয় হইয়াছে, অবশিষ্ট টাকা ধনরক্ষক শ্রীযুক্ত রাজা বিনয়কৃষ্ণ দেব বাহাদুরের নিকট আছে।

অর্থসাহায্যকারিদিগের নাম।

১। শ্রীযুক্ত মহারাজ বাহাদুর স্যার্ যতীন্দ্রমোহন ঠাকুর কে. সি. এস্. আই * ১৫০৲

২। শ্রীযুক্ত রাজা স্যার্ শৌরীন্দ্রমোহন ঠাকুর সি. আই. ই ১৫০৲

৩। „ রাজা রাজরাজেশ্বরী প্রসাদ সিংহ ২০০৲

৪। „ রাজা বিনয়কৃষ্ণ দেব বাহাদুর ১৫০৲

৫। „ কুমার রামেশ্বর মালিয়া ১৫০৲

৬। „ কুমার দক্ষিণেশ্বর মালিয়া ১০০৲

৭। „ সার রমেশচন্দ্র মিত্র * ১০০৲

৮। „ মাননীয় জষ্টিস গুরুদাস বন্দ্যোপাধ্যায় * ১০০৲

৯। „ রমেশচন্দ্র দত্ত সি. আই. ই * ১০০৲

১০। „ রায় যতীন্দ্রনাথ চৌধুরী (টাকী) ১০০৲

১১। „ বাবু রবীন্দ্রনাথ ঠাকুর * ১০০৲

১২। „ „ হীরেন্দ্রনাথ দত্ত এম. এ, বি. এল * ১০০৲

১৩। „ হেমচন্দ্র গোস্বামী * শ্রীরামপুর ১০০৲

১৪। শ্রীযুক্ত রাজা প্যারীমোহন মুখোপাধ্যায়, উত্তরপাড়া ১০০৲

১৫। শ্রীযুক্ত রাজা জ্যোতিঃপ্রসাদ গর্গ, মহিষাদল ১০০৲

১৬। শ্রীমতী জাহ্নবী চৌধুরাণী*, সন্তোষ ১০০৲

১৭। „ রাণী মৃণালিনী*, পাইকপাড়া ৫০৲

১৮। শ্রীযুক্ত রাজা বনবিহারী কপূর্ব * ৫০৲

১৯। „ বাবু কানাইলাল খাঁ, মানকুণ্ড * ৫০৲

২০। „ বাবু ননীমোহন বন্দ্যোপাধ্যায়* ৫০৲

২১। শ্রীমতী মহারাণী স্বর্ণময়ী সি আই. কাশিমবাজার ২০০৲

২২। শ্রীযুক্ত রায় যোগেন্দ্রকিশোর রায় চৌধুরী বাহাদুর, রামগোপালপুর ১০০৲

২৩। „ বাবু নন্দলাল গোস্বামী* শ্রীরামপুর ৫০৲

২৪। „ „ ললিতমোহন সিংহ রায়, চক্‌দীঘি ৫০৲

২৫। „ „ শিবনারায়ণ মুখোপাধ্যায়, উত্তরপাড়া ৫০৲

২৬। „ কুমার প্রমদানাথ রায় দীঘাপতিয়া ২০০৲

---

* ইঁহারা অনুগ্রহপূর্ব্বক নিজ নিজ দেয় পাঠাইয়াছেন।

সভাপতি মহাশয় পরিষদের প্রথম পাঁচটী অধিবেশনে উপস্থিত ছিলেন। পরে কমিশনর পদে উন্নীত হইয়া উড়িষ্যাগমন হেতু পরিষদের ৩০শে ভাদ্র তারিখের পঞ্চম মাসিক অধিবেশনে তাঁহার অনুপস্থিতিতে সভাপতির কার্য্য নির্ব্বাহের ভার অন্যতম সহকারী সভাপতি শ্রীযুক্ত বাবু চন্দ্রনাথ বসু এম্. এ. বি. এল্. রাজকীয় বঙ্গানুবাদক মহাশয়ের প্রতি অর্পিত হয়; তদবধি শ্রীযুক্ত চন্দ্রনাথ বাবু ঐ ভার যোগ্যতার সহিত বহন করিয়া আসিতেছেন।

পরিষদ বাঙ্গালা সাহিত্যের চর্চ্চা ও প্রচারে ব্রতী হইয়াছেন। তাঁহাদের সেই উদ্দেশ্য যাহাতে সফল হয় তজ্জন্য সভাপতি শ্রীযুক্ত রমেশচন্দ্র দত্ত মহাশয় বিশেষ চেষ্টা করিয়াছেন। বোধ হয় পরিষদের সভ্য মাত্রেই অবগত আছেন যে, বিশ্ববিদ্যালয়ের উচ্চতর পরীক্ষায় বাঙ্গালা প্রচলনের যে চেষ্টা হইতেছে, তিনি তাহার প্রধান উদ্যোগী। এই সকল কারণে পরিষদ তাঁহার নিকট কৃতজ্ঞতা-পাশে বদ্ধ।

পরিষদের মুদ্রাযন্ত্র।—১৩০২ সাল ২৪শে আষাঢ় তারিখের পরিষদের তৃতীয় মাসিক অধিবেশনে বাঙ্গালার প্রাচীন কাব্য ও অন্যান্য সারগর্ভ গ্রন্থ প্রকাশের জন্য একটী মুদ্রাযন্ত্র স্থাপন করিবার প্রস্তাব হয়; কিন্তু ২০শে অগ্রহায়ণ তারিখের পরিষদের সপ্তম মাসিক অধিবেশনে মাননীয় শ্রীযুক্ত রমেশচন্দ্র দত্ত সি, আই. ই. মহাশয় একটী পত্রে প্রস্তাব করেন যে, আপাততঃ পরিষদের জন্য স্বতন্ত্র মুদ্রাযন্ত্র স্থাপন না করিয়া পরিষদের সংগৃহীত অর্থ অন্য মুদ্রাযন্ত্রে প্রাচীন পুস্তকাদির মুদ্রাঙ্কনে ব্যয় করা হউক। ২৯শে পৌষ তারিখের পরিষদের অষ্টম মাসিক অধিবেশনে এই প্রস্তাব উত্থিত হইলে অনেক আলোচনার পর স্থির হইল যে, সম্পাদক মহাশয় ঐ সম্বন্ধে শ্রীযুক্ত বাবু চন্দ্রনাথ বসু সভাপতি মহাশয়ের বাচনিক উপদেশ অনুসারে শ্রীযুক্ত রমেশচন্দ্র দত্ত মহাশয়কে পত্র লিখিবেন; পরে উত্তর পাইলে সভা যেরূপ উচিত বোধ করেন, সেইরূপ হইবে। উপরি উক্ত প্রস্তাবানুসারে সভাপতি মহাশয়কে পত্রে লেখা হইয়াছিল। পত্রের উত্তরে তিনি বলেন যে, যখন সাহায্যদাতৃগণ গ্রন্থ প্রকাশের জন্যই সাহায্য করিয়াছেন, মুদ্রাযন্ত্রের জন্য নহে, তখন আর তাঁহাদিগকে ঐ বিষয়ে লিখিবার আবশ্যকতা নাই। কার্য্যনির্ব্বাহক সমিতি এই কথায় অনুমোদন করিয়াছেন।

যতীন্দ্রনাথ পুরস্কার।—যতীন্দ্রনাথ পুরস্কারের বিষয় বোধ হয় পরিষদের সভ্যেরা অবগত আছেন। যাহাতে ঐ পুরস্কারের কথা সাধারণে অবগত হন তদ্বিষয়ে গত বর্ষে উপায় অবলম্বন করা হইয়াছিল, কিন্তু এ পর্য্যন্ত ঐ পুরস্কারের জন্য একটীও প্রবন্ধ হস্তগত হয় নাই। কিন্তু এখনও এক বৎসর সময় আছে, আশা করা যায় ঐ সময়ের মধ্যে প্রবন্ধ পাওয়া যাইবে।

পুস্তকালয়।—গত বৎসরের পূর্ব্ব বৎসর পরিষদ-পুস্তকালয়ে ১৯০ খানি পুস্তক ছিল, গত বর্ষে ঐ পুস্তকের সংখ্যা বৃদ্ধি হইয়া ২৫৪ খানি হইয়াছে, সুতরাং গত বৎসর ৬৪ খানি পুস্তক প্রাপ্ত হওয়া গিয়াছে। পরিষদের যে সকল সভ্য মহোদয় পরিষদকে পুস্তক উপহার প্রদান করিয়াছেন, পরিষদ্ তাঁহাদের নিকট কৃতজ্ঞতাপাশে বদ্ধ। যাঁহারা ঐরূপ উপহার প্রদান করেন নাই তাঁহারাও বর্ত্তমান বর্ষে করিবেন এরূপ আশা করা যায়।

পরিষদ রেজিষ্টেরী করণ।—১৩০২ সালের ২৪শে আষাঢ় তারিখের পরিষদের তৃতীয় মাসিক অধিবেশনে বঙ্গীয় সাহিত্য-পরিষদ রেজিষ্টারী করিবার প্রস্তাব গৃহীত হয় এবং তাহা কার্য্যে পরিণত করিবার ভার সভার কয়েকটী সভ্যের উপর অর্পিত হয়। ঐ সম্বন্ধে কাগজপত্রাদি প্রস্তুত হইয়াছে ও বর্ত্তমান বর্ষের মধ্যে পরিষদ্ রেজিষ্টারী করা হইবে, এরূপ আশা করা যায়।

সভ্যের মৃত্যু।—গতবর্ষে পরিষদের তিন জন সভ্য কালগ্রাসে পতিত হন। তাঁহাদের নাম—শ্রীযুক্ত বাবু কৃষ্ণবিহারী সেন এম্. এ, ডাক্তার ত্রৈলোক্যনাথ মিত্র এবং ডাক্তার উমেশচন্দ্র মিত্র। ইঁহাদের সকলের নিকট পরিষদ অনেক আশা করিয়াছিলেন, কিন্তু তাঁহাদের অকাল মৃত্যুতে সেই আশা নিষ্ফল হইয়াছে। ডাক্তার উমেশচন্দ্র মিত্র পরিষদের একজন কার্য্যকারী সভ্য ছিলেন ও পরিষদের জন্য যথেষ্ট যত্ন ও পরিশ্রম করিতেন। তাঁহার ও অন্যান্য সভ্যদিগের মৃত্যুতে পরিষদ্ অত্যন্ত দুঃখিত হইয়াছেন।

আয় ব্যয়।—গত বৎসর সভ্যগণের নিকট হইতে চাঁদা হিসাবে ১০২৷৷৵০ টাকা, নূতন সভ্যগণের প্রবেশিকা হিসাবে ৮৬৲ টাকা, গ্রাহকগণের নিকট হইতে সাহিত্য-পরিষদ-পত্রিকার মূল্য হিসাবে ৫১৷০ টাকা আদায় হয়। খরচ ফেরত জমা ৩৸০ টাকা এবং প্রেসিডেন্সি কলেজের লাইব্রেরিতে যে ১০৲ টাকা ডিপজিট রাখা হইয়াছিল, তাহা আদায় হওয়ায় মোট আয় ১১৭১৷৷৵০ টাকা হয়

এবং ইহার সহিত তৎপূর্ব্ব বর্ষের খরচ বাদে মজুত ৩৬৷৵০ টাকা ধরিলে গত বর্ষে পরিষদের সর্ব্বসমেত মোট ১২০৮৷০ টাকা আয় হইয়াছিল।

গতবর্ষে পরিষদ-পত্রিকায় মুদ্রাঙ্কন ও বাঁধাই হিসাবে ৩৭০৷৶৩ টাকা, পরিষদের বিবিধ অধিবেশনের পত্রাদি মুদ্রাঙ্কনে ৮২৷৶০ টাকা, ডাকষ্ট্যাম্প হিসাবে ৭৭৶৯ টাকা, কর্ম্মচারিগণের বেতন হিসাবে ২৮৭৲ টাকা ৬ ছয় পাই, সংবাদপত্রে বিজ্ঞাপন প্রকাশ হিসাবে ২৪৵০ টাকা, পুস্তকালয়ের জন্য পুস্তক খরিদ হিসাবে ৬৫৷৵০ টাকা, পুস্তকালয়ের পুস্তক বাঁধাই হিসাবে ১১৷০ টাকা, প্রাচীন পুঁথির পাণ্ডুলিপি সংগ্রহ জন্য ৩৲ টাকা, বিশ্ববিদ্যালয়ে বাঙ্গালা প্রচলন সম্বন্ধীয় বিবিধ মুদ্রাঙ্কন হিসাবে ১৭৭৶৬ টাকা, আন্যান্য কাগজ প্রভৃতি খরিদ হিসাবে ৩৯৸৵৯ টাকা এবং বিবিধ হিসাবে ৩৩৷৶১০½ টাকা ব্যয় হইয়াছে; সুতরাং গতবর্ষে মোট ১১৭২৷০৭½ টাকা ব্যয় হইয়াছে। অতএব গতবর্ষে মোট আয় ১২০৮৷০ টাকার মধ্যে মোট ১১৭২৷০৭½ টাকা ব্যয় বাদ দিয়া বর্ষ শেষে ৩৫৸৶০৪½ টাকা পরিষদের ধনাগারে মজুত ছিল।

অবশেষে পরিষদের সভ্য, কর্ম্মকারক, সহানুভূতিকারক ও অনুগ্রাহকদিগকে যথাযোগ্য ধন্যবাদ ও প্রীতি সম্ভাষণ করিয়া দ্বিতীয় বৎসরের কার্য্য বিবরণ সমাপ্ত করা যাইতেছে। শ্রীযুক্ত রাজা বিনয়কৃষ্ণ বাহাদুর আশ্রয়দাতৃরূপে এই সাহিত্য-পরিষদ্‌কে রক্ষা করিতেছেন ও তাঁহার যত্নে ইহা দিন দিন পরিপুষ্ট হইতেছে। তাঁহার প্রতি আন্তরিক কৃতজ্ঞতা প্রকাশ করিয়া, নব উৎসাহ ও নব অনুরাগের সহিত পরিষদ্ তৃতীয় বৎসরে পদার্পণ করিতে সঙ্কল্প করিয়াছেন। এক্ষণে ভগবান্ কৃপাকটাক্ষপাত করিলে তাঁহাদের ঐ সঙ্কল্প সিদ্ধ হইতে পারে।

শ্রীরাজেন্দ্রচন্দ্র শাস্ত্রী
সম্পাদক।

বঙ্গীয় সাহিত্য-পরিষদের সন ১৩০২ সালের আয় ব্যয়ের চুম্বক হিসাব।

জমা		খরচ	
১৩০১ সালের ব্যয় বাদে মজুত জের—	৩৬৷৵০	বঙ্গীয় সাহিত্য-পরিষদ-পত্রিকা মুদ্রাঙ্কনের ব্যয়, কাগজ এবং বাঁধাইবার খরচ—	৩৭০৷৶৩
সভ্যগণের নিকট হইতে চাঁদা আদায়—	১০২০৷৶০	পরিষদের বিবিধ অধিবেশনের পত্র এবং বিল প্রভৃতি মুদ্রাঙ্কনের ব্যয়—	৮২৷৶০
নূতন সভ্যগণের নিকট হইতে প্রবেশিকা হিসাবে আদায়—	৮৬৲	ডাক ষ্ট্যাম্প—	৭৭৶৯
গ্রাহকগণের নিকট বঙ্গীয় সাহিত্য-পরিষদ-পত্রিকার মূল্য আদায়—	৫১।০	কর্ম্মচারিগণের বেতন—	২৮৭৲৬
খরচ ফেরত জমা—	৩৸০	সংবাদপত্রে বিজ্ঞাপন প্রকাশের মূল্য—	২৪৵০
প্রেসিডেন্সী কলেজের লাইব্রেরীতে দেওয়া ডিপজিট আদায়—	১০৲	পুস্তকালয়ের জন্য পুস্তক খরিদ—	৬৫৷৵০
মোট জমা	১২০৭৷০	পুস্তকালয়ের পুস্তক বাঁধাইবার খরচ—	১১৷০
বাদ খরচ	১১৭২৷০৭½	পাণ্ডুলিপি সংগ্রহ সম্বন্ধে—	৩৲
মজুত	৩৫৸৶৪½	বিশ্ববিদ্যালয়ে বাঙ্গালা প্রচলন সম্বন্ধীয় বিবিধ মুদ্রাঙ্কন ব্যয়—	১৭৭৶৬
মজুতের জায়—		অন্যান্য কাগজ খরিদ—	৩৯৸৶৯
ধনরক্ষকের নিকট মজুত—	৩২৶৪½	বিবিধ—	৩৩৷৶১০½
জিম্মা শ্রীযুক্ত চন্দ্রনাথ তালুকদার—	৩৸০	মোট খরচ	১১৭২½
মোট	৩৫৸৶৪½		

শ্রীচারুচন্দ্র সরকার
অবৈতনিক ধনরক্ষক।

শ্রীরজনী নাথ রায়
শ্রীশারদারঞ্জন রায়
অবৈতনিক হিসাব পরীক্ষকদ্বয়।

শ্রীরাজেন্দ্রচন্দ্র শাস্ত্রী
অবৈতনিক সম্পাদক।

বঙ্গীয় সাহিত্য-পরিষদের ১৩০১ সালের বাৎসরিক উৎসবের আয় ব্যয়ের চুম্বক হিসাব।

জমা		খরচ	
বাৎসরিক উৎসবের ব্যয়		বাৎসরিক উৎসবের ব্যয় টাকা	২৩৭৷৷৶৬
নির্ব্বাহার্থ চাঁদা আদায়— ২৮৭৲ টাকা			
উদ্বৃত্ত বাতি ও টোটা		মোট ব্যয় টাকা	২৩৭৷৷৶৬
বিক্রয়— ২৲			
মোট আয় ২৮৯৲ টাকা			
বাদ খরচ ২৩৭৷৷৶৬			
বাকী মজুত টাকা ৫১।০৬			

মজুতের জায়—	টা	আ	পা
ধনরক্ষকের নিকট মজুত	৫১।	০	৬

শ্রীচারুচন্দ্র সরকার
অবৈতনিক ধনরক্ষক।

শ্রীরাজেন্দ্রচন্দ্র শাস্ত্রী
অবৈতনিক সম্পাদক।

গ্রন্থপ্রকাশ সমিতির সন ১৩০২ সালের আয় ব্যয়ের চুম্বক হিসাব।

জমা		খরচ	
সাহায্যদাতৃগণের নিকট হইতে এককালীন চাঁদা আদায়—১১০০৲ টাকা		চাঁদাদাতৃগণের নামের তালিকা সংবাদপত্রে বিজ্ঞাপন স্বরূপ প্রকাশের ব্যয়— টাকা ২৬।০	
মোট জমা—	১১০০৲	চাঁদা আদায় জন্য সম্পাদকের কয়েক স্থানে যাতায়াতের গাড়ী ভাড়া	১৮/০
বাদ খরচ—	২৮/০	মোট খরচ টাকা	২৮/০
বাকি মজুত—	টাকা ১০৭১৸৵০		

মজুতের জায়—

বেঙ্গল ব্যাঙ্কে ডিপজিট—১০০০৲ টাকা

ধনরক্ষকের নিকট নগদ

মজুত— ৭১৸৵০

মোট ১০৭১৸৵০ টাকা

শ্রীবিনয়কৃষ্ণ দেব
অবৈতনিক ধনরক্ষক।

শ্রীরজনীনাথ রায়
শ্রীশারদারঞ্জন রায়
অবৈতনিক হিসাবপরীক্ষকদ্বয়।

শ্রীরাজেন্দ্রচন্দ্র শাস্ত্রী
অবৈতনিক সম্পাদক।

পরিশিষ্ট।

শ্রদ্ধাস্পদ শ্রীযুক্ত সম্পাদক মহাশয় সমীপেষু।

সবিনয় নিবেদন এই

কৃত্তিবাসী রামায়ণ সম্বন্ধে আমার যে মন্তব্য চাহিয়াছেন, তাহা এই,—

প্রথম বার্ষিক বিবরণীতে বোধ হয় প্রকাশ আছে যে, রামায়ণ-সম্পাদন-কার্য্য, পরিষদের গ্রহণ করা উচিত কি না এবং উক্ত সম্পাদন কার্য্য সাধ্যায়ত্ত কি না, এই বিষয়ে রিপোর্ট করিবার ভার আমার উপর অর্পিত হয়। এবং পরিষদ্, প্রাচীন পুঁথি ও মুদ্রিত পুস্তক সংগ্রহের জন্য সচেষ্ট হয়েন। বর্ত্তমান বর্ষের কোন্ মাসে স্মরণ নাই (মাসিক অধিবেশনের বিবরণ দেখিলে জানা যাইবে) আমি এ বিষয়ে রিপোর্ট করি এবং তদনুসারে একটি সম্পাদন-কমিটি নিযুক্ত হয়। অথবা আমার উপর সম্পাদনের ভার দিয়া আমার সাহায্যার্থ পরিষদ্ একটি কমিটি নিযুক্ত করেন। সে বোধ হয় আজ ৫।৬ মাসের কথা। কমিটি এখনও কার্য্য আরম্ভ করেন নাই। তাহার প্রধান কারণ ৪০০ বৎসরের একখানি প্রাচীন পুঁথি পাইবার লুব্ধ আশ্বাস। উক্ত পুঁথি সংগ্রহের জন্য নানা লোক দ্বারা নানা চেষ্টা করিয়াছি। অবশেষে প্রায় একপক্ষ পূর্ব্বে স্থির বুঝিয়াছি যে, আমাদের আশার বিষয় ঐ পুঁথির বাস্তবিক অস্তিত্ব নাই। ১৫০ বৎসরের একখানি পুঁথি আছে, তাহা অসম্পূর্ণ। ঐ পুঁথি পাইবার সম্ভাবনা। কমিটির কার্য্য আরম্ভ না হইবার ক্ষুদ্র দ্বিতীয় কারণ, সংগৃহীত পুঁথির কালক্রমিক তালিকার অভাব। বর্ত্তমান বর্ষেও পুঁথি ও প্রাচীন মুদ্রিত পুস্তক সংগৃহীত হইতেছিল। তিন মাস পূর্ব্বে সংগৃহীত পুঁথি ও মুদ্রিত পুস্তকের একটি তালিকা প্রস্তুত করিতে আরম্ভ করি। এ কার্য্য পরিষদের বেতনভোগী কর্ম্মচারীর সাহায্যে প্রধানতঃ সাধিত হয়। সম্প্রতি (এক পক্ষ হইল) তালিকা সম্পূর্ণ হইয়াছে এবং কোন্ কাণ্ড কতগুলি সংগৃহীত হইয়াছে, তাহারও একটি ভিন্ন তালিকা প্রস্তুত হইয়াছে। তালিকা দুইটি রিপোর্টে প্রকাশিত হওয়া বাঞ্ছনীয়। যদি আবশ্যক হয়, অন্নদাকে পাঠাইয়া লইয়া যাইবেন। বর্ত্তমান বর্ষে এ সম্বন্ধে আর একটু যাহা কার্য্য হইয়াছে, তাহা এই,—কৃত্তিবাসের প্রথম মুদ্রিত পুস্তক শ্রীরামপুরী সংস্করণ।

ইহা এখন দুষ্প্রাপ্য। খুলনা ইস্কুলে এক কাপি আছে। ইস্কুলের অধ্যক্ষেরা উহা আমাকে ২।৩ মাসের জন্য ধার দেন। প্রচলিত সংস্করণের সহিত উক্ত সংস্করণের যে সকল ভেদ লক্ষিত হয়, তাহা নোট করিয়া লওয়া হইয়াছে।

অতএব সম্পাদন-কার্য্যের যে সকল অন্তরায় ছিল, তাহা দূর হইয়াছে। এখন কমিটি, কার্য্য আরম্ভ করিতে পারেন। মূল কৃত্তিবাসে যে সকল অপ্রচলিত শব্দ আছে, তাহার একটি বর্ণানুক্রমিক তালিকা সংকলিত হওয়া বাঞ্ছনীয়। তাহারও উদ্যোগ হইতেছে। ইতি। ১৩০৩ সাল, ১৭ই চৈত্র।

শ্রীহীরেন্দ্রনাথ দত্ত।

সবিনয় নিবেদন,—

প্রস্তাব ছিল যে, সাহিত্য-পরিষদ্ হইতে আমাকে মুদ্রিত এবং হস্তলিখিত বৈষ্ণব পদাবলী সাহায্য দেওয়া হইবে, এবং তাহা অবলম্বন করিয়া আমি বিদ্যাপতির পদ সঙ্কলন করিব। পরিষদ্ হইতে প্রস্তাবমত কার্য্য হয় নাই, সেই জন্য আমি বিদ্যাপতির সঙ্কলন-কার্য্যে হাত দিতে পারি নাই। ইতি। ১৩০২ সাল, ১৯শে চৈত্র।

শ্রীরবীন্দ্রনাথ ঠাকুর।

"সাহিত্য-পরিষদ্"-সম্পাদক মহাশয় সমীপেষু।

মহাকবি মুকুন্দরাম চক্রবর্ত্তী কবিকঙ্কণ-প্রণীত বাঙ্গালা চণ্ডী গ্রন্থখানির বিশুদ্ধ সংস্করণ প্রচারের জন্য "বঙ্গীয় সাহিত্য পরিষদ্" আমার উপর যে ভারার্পণ করিয়াছেন, তাহার কার্য্য কত দূর অগ্রসর হইয়াছে, জানিবার জন্য আপনি আমাকে জিজ্ঞাসা করিয়াছেন। এতদ্বিষয়ে আমার বক্তব্য পশ্চাৎ নিবদ্ধ হইল।

আমি ৫।৬ খানি পুঁথি ও ৩।৪ খানি মুদ্রিত পুস্তক মিলাইয়া কার্য্য আরম্ভ করিয়াছিলাম। পরে সর্ব্ব সমেত ৫ খানি পুঁথি ও মুদ্রিত ২ খানি গ্রন্থ অবলম্বনে ধীরে ধীরে কার্য্য চলিতেছে। এতৎ-সম্বন্ধে আমার অন্যতম সাহায্যকারী, হুগলী জেলার অন্তর্গত ভাঙ্গামোড়ানিবাসী শ্রীযুক্ত অম্বিকাচরণ গুপ্তের যত্ন, বিশেষ উল্লেখ-যোগ্য। শ্রীমান্ ব্যোমকেশ মুস্তফি বাবুও কিছু কিছু কার্য্য করিতেছেন। বাবু চণ্ডীচরণ বন্দ্যোপাধ্যায়, বাবু শিবাপ্রসন্ন ভট্টাচার্য্য বি. এল প্রভৃতিও কার্য্য করিতে প্রস্তুত আছেন; কেবল আমাদের কোন

কোন অসুবিধা নিমিত্ত অন্যান্য ব্যক্তিকে লইয়া অপেক্ষাকৃত প্রগাঢ় অভিনিবেশ ও গুরুতম শ্রম সহকারে এ বিষয়ে নিয়মিত ভাবে ব্রতী হইতে পারা যাইতেছে না। বিষয়টী সবিশেষ জটিল, সুতরাং গুরুশ্রমসাধ্য; তথাপি শ্রমে কাতরতা আমাদের নাই।

এই স্থলে আমাদের অবলম্বিত কার্য্যের প্রণালীর কতকটা আভাস দিতেছি। কবির জন্মভূমি দামুন্যা (দামিন্যা) স্থিত পুঁথি, কবির উপনিবেশ স্থান আরড়ার পুঁথি, ঐ দামুন্যা ভিন্ন অন্যান্য গ্রামস্থিত কবির বংশীয়দের ভবনরক্ষিত পুঁথি, বটতলার মুদ্রিত বহু প্রাচীন গ্রন্থ, বাবু অক্ষয়চন্দ্র সরকার মহাশয়ের প্রচারিত চণ্ডীগ্রন্থ ইত্যাদিকে অবলম্বন-স্বরূপ গ্রহণ করিয়া ও অন্যান্য প্রসিদ্ধ ও অপ্রসিদ্ধ পুঁথির পাঠান্তর সমুদায় মিলাইয়া কার্য্য হইতেছে। যদি অপর কোন মুদ্রিত পুস্তক বা অমুদ্রিত পুস্তক (পুঁথি) সুপ্রাপ্য হয়, তৎসমুদায়ের সাহায্য লওয়া উচিত। শুনিয়াছি, আমাদের সভায় কোন ভদ্র ব্যক্তি চণ্ডীর একখানি প্রতিলিপি বা মূল পুঁথি প্রদানের অভিলাষী হইয়াছেন। অতএব আপনি তাঁহাকে এক পত্র লিখিয়া সমস্ত ঠিক করিয়া লইলে ভাল হয়।

আমি সুদূর প্রদেশ হইতে চণ্ডীর প্রতিলিপি সংগ্রহ করিতে, ইতিপূর্ব্বেই নিজ-ব্যয়ে দুই বার মফঃস্বল যাত্রা করিয়াছিলাম। ফল সম্পূর্ণ না হউক, কতক পাইয়াছি। কার্য্যটী সুচারুরূপে নির্ব্বাহার্থে পুনরায় নানা স্থানে পুঁথি সংগ্রহ করা আবশ্যক হইয়া উঠিয়াছে। তজ্জন্য পাথেয় ও নকলের পারিশ্রমিক হিসাবে কিছু টাকার প্রয়োজন। আমি ইতিপূর্ব্বে যে ব্যয় করিয়াছি, তাহার দাবি দাওয়া করিতেছি না। সভার গোচরার্থে ইহাও এখানে জানাইয়া রাখি, দ্বিতীয়বার যাত্রায় আমি মেলেরিয়া জ্বরাক্রান্ত হইয়া অত্যন্ত ভুগিয়াছি ও নানাপ্রকারে ক্ষতিগ্রস্ত হইয়াছি। আমার সেই পীড়ার সংবাদ, কোন কোন সদস্য জ্ঞাত আছেন।

এই উপলক্ষে আমার এক প্রস্তাব আছে "বিশ্বকোষ অভিধান" সঙ্কলয়িতা শ্রীমান্ বাবু নগেন্দ্রনাথ বসুজ ও চারুচন্দ্র ঘোষ এই দুই ভদ্র ব্যক্তিকেও আমাদের কমিটিতে গ্রহণ করা কর্ত্তব্য। ইতি। ১৩০২ সাল, ২১শে চৈত্র।

শ্রীমহেন্দ্রনাথ বিদ্যানিধি।

বরিশাল, ১৩০২ সাল, ২৭শে চৈত্র।

সবিনয় নিবেদন,—

আপনার পত্র পাইলাম। প্রায় ৭ মাস হইল, পরিষদের পূর্ব্বকার সম্পাদক শ্রীযুক্ত দেবেন্দ্রনাথ মুখোপাধ্যায় মহাশয় এক দিন আমার কলিকাতার বাসায় আসিয়া, পরিষদের হাতে মহাভারতের যে সংশোধিত অংশ ছিল, তাহা আমাকে ফেরত দেন। পুনশ্চ, তাঁহার কথার ভাবে সেই সময় ইহাও বুঝিয়াছিলাম যে, পরিষদ্ এককপ উঠিয়া যাওয়ার মধ্যে। ফলতঃ সেই হইতে এ পর্য্যন্ত পরিষদের ত্রৈমাসিক পত্রিকা বা মাসিক বৈঠকের চিঠি পূর্ব্বমত আর পাইতে না থাকায়, আমার বিশ্বাসও হইয়াছিল যে, পরিষদ্ সত্য সত্যই উঠিয়া গিয়াছে। যাহা হউক, এখন আপনার পত্র পাইয়া জানিলাম যে, না—এখনও পরিষদ্ আছে ও তাহা জীবিত।

যাহা হউক, পূর্ব্বোক্ত কারণে এবং আমি নিজেও দীর্ঘকাল ধরিয়া পীড়িত থাকায়, আর মহাভারতের কার্য্যে হাত দিই নাই। মহাভারতের সংশোধন, আদিপর্ব্ব শেষ হইয়া গিয়াছে। সভাপর্ব্বের গোড়া আরম্ভ করিয়াই সেই খান হইতে এ পর্য্যন্ত ক্ষান্ত দিয়া আছি।

যাহা হউক, আবার যখন পরিষদ্ সজীব এবং আবার যখন মহাভারতের খোজ খবর হইতেছে, তখন আমার করণীয় কার্য্য যাহা, তাহাও সম্পন্ন হইতে বাকী থাকিবে না।

আপাততঃ আমার বরিশালে স্থিতি; কিন্তু মহাভারতের পাণ্ডুলিপি গুলি আমার বাড়ীতে রহিয়াছে। সুতরাং তাহা এই সঙ্গে পাঠাইতে পারিলাম না। আমি জ্যৈষ্ঠ মাসের প্রথমে সম্ভবতঃ বাড়ী যাইব। যাইয়া পাণ্ডুলিপি গুলি পরিষদে পাঠাইয়া দিব।

উক্ত পাণ্ডুলিপিগুলি পাঠাইলে, পরিষদ্, আদিপর্ব্বে যাহা শেষ হইয়া গিয়াছে, তাহা ছাপিতে পারেন। * * * * * *

প্রফুল্লচন্দ্র দেবশর্ম্মা বন্দ্যোপাধ্যায়।

পরিষদের সদস্য।

১। রাজা বিনয়কৃষ্ণ দেব বাহাদুর, কলিকাতা।
২। মাননীয় রমেশচন্দ্র দত্ত সি, এস্ ; সি, আই, ই, উড়িষ্যা।
৩। শ্রীযুক্ত রজনীকান্ত গুপ্ত, কলিকাতা।
৪। ,, হীরেন্দ্রনাথ দত্ত এম্, এ, বি, এল্, ,,
৫। ,, ক্ষেত্রপাল চক্রবর্ত্তী, ,,
৬। ,, গোপালচন্দ্র মুখোপাধ্যায়, ,,
৭। ডাক্তার সূর্য্যকুমার সর্ব্বাধিকারী, ,,
৮। শ্রীযুক্ত সারদাপ্রসাদ দে, ,,
৯। ,, নরেন্দ্রনাথ চট্টোপাধ্যায় বি, এ, ,,
১০। ,, নীলরতন মুখোপাধ্যায় বি, এ, কীর্ণাহার, বীরভূম।
১১। ,, মতিলাল হালদার বি, এল্, কলিকাতা।
১২। ,, জগচ্চন্দ্র সেন, কুমিল্লা।
১৩। মাননীয় সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় বি, এ, কলিকাতা।
১৪। শ্রীযুক্ত শরচ্চন্দ্র দাস সি, আই, ই, ,,
১৫। ,, নগেন্দ্রনাথ ঘোষ, বারিষ্টার, (ইণ্ডিয়ান্ নেশন-সম্পাদক), ,,
১৬। পণ্ডিত তারাকুমার কবিরত্ন, ,,
১৭। শ্রীযুক্ত মাধবচন্দ্র চট্টোপাধ্যায়, ,,
১৮। ডাক্তার সুন্দরীমোহন দাস এম, বি, ,,
১৯। শ্রীযুক্ত মনোমোহন বসু, ,,
২০। ,, সাতকড়ি হালদার বি, এল্, রাণাঘাট।
২১। ,, গোঁসাইদাস গুপ্ত, কলিকাতা।
২২। ,, নন্দকৃষ্ণ বসু এম্, এ ; সি, এস্, ,,
২৩। ,, দেবকিশোর মুখোপাধ্যায় এম্ এ, ,,
২৪। ,, ক্ষীরোদপ্রসাদ ভট্টাচার্য্য বিদ্যাবিনোদ এম্, এ, ,,
২৫। ,, উমেশচন্দ্র বটব্যাল বিদ্যারত্ন এম্, এ ; সি, এস্, বগুড়া।
২৬। ,, চারুচন্দ্র ঘোষ (ভূতপূর্ব্ব বিভা সম্পাদক), কলিকাতা।

২৭। শ্রীযুক্ত আশুতোষ বন্দ্যোপাধ্যায়, বেলডাঙ্গা, মুর্শিদাবাদ।
২৮। „ বসন্তরঞ্জন রায়, বেলেতোর, বাঁকুড়া।
২৯। ডাক্তার চন্দ্রশেখর কালী এল, এম্, এস্, কলিকাতা।
৩০। „ রাখালচন্দ্র সেন এল, এম্, এস্, „
৩১। শ্রীযুক্ত চণ্ডীচরণ বন্দ্যোপাধ্যায়, „
৩২। „ রবীন্দ্রনাথ ঠাকুর, „
৩৩। „ নবীনচন্দ্র সেন বি, এ, (বিশিষ্ট), „
৩৪। মাননীয় বিচারপতি গুরুদাস বন্দ্যোপাধ্যায় ডি, এল, „
৩৫। শ্রীযুক্ত বামেন্দ্রসুন্দর ত্রিবেদী এম্, এ, „
৩৬। „ শারদারঞ্জন রায় এম্, এ, „
৩৭। „ দীননাথ সেন, স্কুল ইন্‌স্পেক্টর, ঢাকা।
৩৮। „ কৃষ্ণকমল ভট্টাচার্য্য বি, এল, হাবড়া।
৩৯। „ অমৃতলাল রায় (হোপ-সম্পাদক), কলিকাতা।
৪০। „ রাজনারায়ণ বসু (বিশিষ্ট), দেওঘর।
৪১। „ প্রফুল্লচন্দ্র বন্দ্যোপাধ্যায়, বরিশাল।
৪২। „ প্রমথনাথ বসু বি, এস্, সি, „
৪৩। সার্ মোনিয়ার উইলিয়ামস্ কে, সি, আই, ই, (বিশিষ্ট), লণ্ডন।
৪৪। রায় যতীন্দ্রনাথ চৌধুরী এম্, এ, বি, এল্, (জমিদার), বরাহনগর।
৪৫। সার্ উইলিয়াম্ হণ্টার কে, সি, এস্, আই, (বিশিষ্ট), লণ্ডন।
৪৬। শ্রীযুক্ত মন্মথনাথ চট্টোপাধ্যায় বি, এ, কালিকাপুর, কাটোয়া।
৪৭। „ রাজেন্দ্রচন্দ্র শাস্ত্রী এম্, এ, কলিকাতা।
৪৮। „ অবিনাশচন্দ্র দাস এম্, এ, বি, এল, আজিমগঞ্জ, মুরশিদাবাদ।
৪৯। „ হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায় বি, এল, (বিশিষ্ট), খিদিরপুর।
৫০। „ যোগেন্দ্রচন্দ্র ঘোষ, (জমিদার), „
৫১। জন্ বীমস্ স্কোয়ার, (বিশিষ্ট), লণ্ডন।
৫২। „ বীরেশ্বর পাঁড়ে, কলিকাতা।
৫৩। „ নৃসিংহচন্দ্র মুখোপাধ্যায় বিদ্যারত্ন এম্, এ, বি, এল্, কলিকাতা।
৫৪। „ কালীপ্রসন্ন ঘোষ (ভূতপূর্ব্ব বান্ধব সম্পাদক), (বিশিষ্ট), ঢাকা।

৫৫। শ্রীযুক্ত চন্দ্রনাথ বসু এম্, এ, বি, এল, (বিশিষ্ট), কলিকাতা।
৫৬। „ গোবিন্দলাল দত্ত,
৫৭। „ নিত্যকৃষ্ণ বসু এম্, এ,
৫৮। সার্ জর্জ বাডউড্ কে, সি, আই, ই,(বিশিষ্ট), লণ্ডন।
৫৯। শ্রীযুক্ত সুরেশচন্দ্র সমাজপতি (সাহিত্য-সম্পাদক), কলিকাতা।
৬০। „ শরচ্চন্দ্র চৌধুরী বি, এ, (শিক্ষাপরিচর-সম্পাদক), উত্তরপাড়া।
৬১। „ দ্বিজেন্দ্রনাথ ঠাকুর, (বিশিষ্ট), কলিকাতা।
৬২। „ মথুরানাথ সিংহ বি, এল্, বাঁকীপুর।
৬৩। „ পূর্ণেন্দুনারায়ণ সিংহ এম্, এ, বি, এল্, „
৬৪। „ নবীনচন্দ্র দাস এম্, এ, নদীয়া।
৬৫। „ যোগেন্দ্রনাথ বিদ্যাভূষণ এম্, এ, (ভূতপূর্ব্ব আর্য্যদর্শন-সম্পাদক), কৃষ্ণনগর।
৬৬। „ শ্রীশচন্দ্র মজুমদার, চাঁইবাসা।
৬৭। „ ললিতচন্দ্র মিত্র এম্, এ, কলিকাতা।
৬৮। „ শিবাপ্রসন্ন ভট্টাচার্য্য বি, এল্, „
৬৯। „ হরিমোহন বন্দ্যোপাধ্যায়, „
৭০। „ বিপিনবিহারী গুপ্ত এম্, এ, „
৭১। „ রবদাকান্ত সেনগুপ্ত, „
৭২। „ নরেন্দ্রনাথ মিত্র এম্, এ, „
৭৩। „ চণ্ডীচরণ সেন মুন্সেফ, আলিপুর।
৭৪। „ ভুবনকৃষ্ণ মিত্র, কলিকাতা।
৭৫। „ দীননাথ গঙ্গোপাধ্যায়, হালিসহর।
৭৬। „ রাধানাথ মিত্র, কলিকাতা।
৭৭। „ ননীমোহন বন্দ্যোপাধ্যায় এম্, এ, „
৭৮। „ রজনীনাথ রায় এম্, এ, (ডেঃ কণ্ট্রোলার), ভবানীপুর।
৭৯। „ নগেন্দ্রনাথ গুপ্ত, (ট্রিবিউন সম্পাদক), লাহোর।
৮০। „ চন্দ্রনারায়ণ সিংহ এম্, এ, ভাগলপুর।
৮১। রাজা শিবচন্দ্র বন্দ্যোপাধ্যায় রায় বাহাদুর, কলিকাতা।

৮২। শ্রীযুক্ত অতুলচন্দ্র চট্টোপাধ্যায়, বর্দ্ধমান।
৮৩। „ রামলাল মুখোপাধ্যায় বি, এল্, „
৮৪। „ প্রমদানাথ মুখোপাধ্যায় বি, এল্, „
৮৫। „ বঙ্কুবিহারী সিংহ বি, এ, কাটোয়া।
৮৬। „ শ্যামা-ধব রায, কলিকাতা।
৮৭। „ অক্ষয়কুমাব সেন, ঢাকা।
৮৮। „ দুর্গাদাস লাহিড়ী, কলিকাতা।
৮৯। „ নীলমণি মুখোপাধ্যায় ন্যায়ালঙ্কার এম্, এ, বি, এল্, „
৯০। „ অপূর্ব্বচন্দ্র দত্ত বি, এস্, সি, জব্বলপুর।
৯১। „ নন্দলাল বাগ্‌চি বি, এ, তমোলুক।
৯২। „ রমেশচন্দ্র দাস বি, এ, ভদ্রক।
৯৩। „ কুমুদবন্ধু দাস গুপ্ত বি, এ, ময়মনসিংহ।
৯৪। „ বিপিনবিহারী দাসগুপ্ত বি, এল্, বরিশাল।
৯৫। „ অবিনাশচন্দ্র মিত্র বি, এল্, সিউড়ি।
৯৬। „ গিবীন্দ্রচন্দ্র বন্দ্যোপাধ্যায় এম্, এ, বীবভূম।
৯৭। „ নৃত্যগোপাল মুখোপাধ্যায় এম্, এ, বহরমপুব।
৯৮। „ লোকেন্দ্রনাথ পালিত সি, এস্, বরিশাল।
৯৯। „ চিত্তবঞ্জন দাস, বারিষ্টার, কলিকাতা।
১০০। „ আশুতোষ চৌধুবী এম্, এ, এল্, এল্, বি, (বারিষ্টার), „
১০১। কবিরাজ নবীনচন্দ্র সেন, „
১০২। শ্রীযুক্ত শ্যামাকুমুদ মুখোপাধ্যায়, রাজসাহী।
১০৩। „ পাঁচকড়ি বন্দ্যোপাধ্যায়, কলিকাতা।
১০৪। „ শশধর রায় এম্, এ, বি, এল্, রাজসাহী।
১০৫। „ শরচ্চন্দ্র রায় বি, এল্, „
১০৬। „ ব্রজেন্দ্রনাথ দে এম্, এ ; সি, এস্, বালেশ্বর।
১০৭। „ বিহারিলাল গুপ্ত সি, এস্, বাখরগঞ্জ।
১০৮। „ দীনেশচন্দ্র সেন বি, এ, কুমিল্লা।
১০৯। সাব্ রমেশচন্দ্র মিত্র, নাইট্, ভবানীপুর।

১১০।	মাননীয় বিচারপতি চন্দ্রমাধব ঘোষ,	কলিকাতা।
১১১।	শ্রীযুক্ত জ্ঞানেন্দ্রনাথ গুপ্ত এম্, এ; সি, এস,	খুরদা।
১১২।	„ বরদাচরণ মিত্র এম্, এ; সি, এস্,	ফরিদপুর।
১১৩।	পণ্ডিত মহেন্দ্রনাথ বিদ্যানিধি, (অনুশীলন-পুরোহিত-সম্পাদক),	কলিকাতা।
১১৪।	শ্রীযুক্ত দাশরথি ঘোষ এম্, এ, বি, এল্,	হুগলি।
১১৫।	„ নরেন্দ্রনাথ মিত্র বি, এল্,	কলিকাতা।
১১৬।	„ কুঞ্জবিহারী বসু বি, এ,	„
১১৭।	„ ঈশানচন্দ্র বন্দ্যোপাধ্যায়,	খিদিরপুর।
১১৮।	„ মুনীন্দ্রনাথ ভট্টাচার্য্য এম্, এ, বি, এল্,	কলিকাতা।
১১৯।	„ রঘুনাথ চট্টোপাধ্যায়,	„
১২০।	„ প্রথমনাথ চট্টোপাধ্যায় এম্, এ,	বাকুড়া।
১২১।	„ হেমেন্দ্রনাথ সিংহ বি, এ,	কলিকাতা।
১২২।	„ কালীপ্রসন্ন চক্রবর্ত্তী,	ময়মনসিংহ।
১২৩।	কবিরাজ লক্ষ্মীনারায়ণ রায়,	কলিকাতা।
১২৪।	ডাক্তার অমূল্যচরণ বসু এম্, বি,	„
১২৫।	শ্রীযুক্ত শিবনারায়ণ মুখোপাধ্যায়, (জমিদার),	উত্তরপাড়া।
১২৬।	„ হেমাঙ্গচন্দ্র বসু বি, এল্,	বাকিপুর।
১২৭।	„ কুঞ্জলাল রায়,	কলিকাতা।
১২৮।	„ মন্মথনাথ দত্ত এম্, এ,	„
১২৯।	„ মতিলাল মল্লিক বি, এ,	মেদিনীপুর।
১৩০।	„ মহেন্দ্রচন্দ্র মজুমদার বি, এ,	রঙ্গপুর।
১৩১।	„ অঘোরনাথ ঘোষ বি, এল,	বাঁকুড়া।
১৩২।	„ তারাচন্দ্র সেন,	„
১৩৩।	„ নয়নাঞ্জন ভট্টাচার্য্য এম্, এ,	„
১৩৪।	„ কুলদাপ্রসাদ মুখোপাধ্যায়,	„
১৩৫।	ডাক্তার উমেশচন্দ্র মুখোপাধ্যায়, সিবিল সার্জ্জন,	„
১৩৬।	কুমার রামেশ্বর মালিয়া, (জমিদার),	সিয়ারসোল।

১৩৭। শ্রীযুক্ত রাজকৃষ্ণ রায় চৌধুরী, হাবড়া।
১৩৮। „ যোগীন্দ্রনারায়ণ রায়, কলিকাতা।
১৩৯। „ গোবিন্দচন্দ্র দাস এম্, এ, বি, এল্, „
১৪০। „ সারদাচরণ মিত্র এম্, এ, বি, এল্, „
১৪১। „ যোগীন্দ্রচন্দ্র চক্রবর্ত্তী এম্, এ, দিনাজপুর।
১৪২। „ অশ্বিনীকুমার দাস বি, এ, কুমিল্লা।
১৪৩। „ মাখনলাল সিংহ, হাবড়া।
১৪৪। „ রাজেন্দ্রনাথ মুখোপাধ্যায় এম্, এ, বি, এল্, কলিকাতা।
১৪৫। „ ভবেন্দ্রনাথ দে বি, এল্, „
১৪৫। „ অমৃতকৃষ্ণ মল্লিক বি, এল্, „
১৪৭। „ মন্মথচন্দ্র মল্লিক, „
১৪৮। „ হেমচন্দ্র মল্লিক, „
১৪৯। „ প্রিয়নাথ মুখোপাধ্যায়, „
১৫০। „ যজ্ঞেশ্বর বন্দ্যোপাধ্যায় (চারুবার্ত্তার ভূতপূর্ব্ব সম্পাদক), „
১৫১। „ যোগেন্দ্রনাথ চট্টোপাধ্যায়, „
১৫২। রায় রোহিণীকুমার সেনগুপ্ত, কীর্ত্তিপাশা, বরিশাল।
১৫৩। শ্রীযুক্ত সত্যেন্দ্রনাথ ঠাকুর সি, এস্, সেতারা।
১৫৪। „ জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুর, কলিকাতা।
১৫৫। „ ক্ষিতীন্দ্রনাথ ঠাকুর বি, এ, „
১৫৬। „ বলেন্দ্রনাথ ঠাকুর, „
১৫৭। „ গনেন্দ্রনাথ ঠাকুর, „
১৫৮। রাজা সার্ সৌরীন্দ্রমোহন ঠাকুর, নাইট, সি, আই, ই. „
১৬৯। শ্রীযুক্ত রজনীকান্ত চক্রবর্ত্তী, মালদহ।
১৬০। „ গোপালচন্দ্র মিত্র এল্, এম্, এস্, হাবড়া।
১৬১। „ মন্মথনাথ ভট্টাচার্য্য বিদ্যারত্ন এম্, এ, কলিকাতা।
১৬২। „ অমৃতলাল মিত্র, টালা।
১৬৩। „ ক্ষীরোদচন্দ্র রায় চৌধুরী এম্, এ, ছাপরা।
১৬৪। „ বরদাচরণ চক্রবর্ত্তী, বহর, ঢাকা।

১৬৫। শ্রীযুক্ত কেদারনাথ বসু বি, এ, কলিকাতা।
১৬৬। „ কুমুদিনীকান্ত বন্দ্যোপাধ্যায় এম্, এ, রাজসাহী।
১৬৭। রাজা রাজরাজেশ্বরীপ্রসাদ সিংহ বাহাদুর, সুরাজপুর, আরা।
১৬৮। শ্রীযুক্ত হারাণচন্দ্র বন্দ্যোপাধ্যায় এম্, এ, বি, এল্, কলিকাতা।
১৬৯। রাও বাহাদুর কাশীনাথ বালকৃষ্ণ মরাঠে, সেতারা।
১৭০। শ্রীযুক্ত হৃদয়রঞ্জন খাঁ এম্, এ, হাবড়া।
১৭১। „ মন্মথনাথ মুস্তফি বি, এ, কলিকাতা।
১৭২। „ মতিলাল দত্ত, „
১৭৩। কবিরাজ দ্বিজেন্দ্রচরণ গুপ্ত কবিভূষণ, „
১৭৪। শ্রীযুক্ত প্রতুলচন্দ্র বসু, „
১৭৫। „ হরিসাধন মুখোপাধ্যায়, „
১৭৬। „ শরচ্চন্দ্র সরকার, „
১৭৭। „ শান্তশীল বন্দ্যোপাধ্যায় বি, এ, „
১৭৮। „ প্রমথনাথ চট্টোপাধ্যায় এম্, এ, বি, এল্, আনুলিয়া।
১৭৯। পণ্ডিত অনন্তবাপু যোশী শাস্ত্রী, ধারোয়ার।
১৮০। শ্রীযুক্ত গোপালকৃষ্ণ ঘোষ বি, এল্, দুবরাজপুর।
১৮১। রায় নৃসিংহচন্দ্র দত্ত বাহাদুর, হাবড়া।
১৮২। কুমার প্রমথনাথ মালিয়া, সিয়ারসোল।
১৮৩। শ্রীযুক্ত রামদাস মৈত্র, হাবড়া।
১৮৪। „ ব্রজেন্দ্রনাথ শীল এম্, এ, কুচবিহার।
১৮৫। „ অবিনাশচন্দ্র বসু এম্, এ, বর্দ্ধমান।
১৮৬। „ লালগোপাল চক্রবর্ত্তী এম্, এ, কলিকাতা।
১৮৭। „ কালিদাস মল্লিক এম্, এ, বর্দ্ধমান।
১৮৮। „ প্যারীলাল হালদার এম্, এ, বি, এল্, কলিকাতা।
১৮৯। „ উমেশচন্দ্র বন্দ্যোপাধ্যায়, হাবড়া।
১৯০। „ সুরেশচন্দ্র সেন এম্, এ, হুগলী।
১৯১। „ আনন্দচন্দ্র মিত্র, কলিকাতা।
১৯২। „ আশুতোষ মুখোপাধ্যায় ডি, এল্, এফ্, আর, সি, ই, ভবানীপুর।

১৯৩। শ্রীযুক্ত প্রিয়নাথ ঘোষ এম্, এ, কুচবিহার।
১৯৪। „ নবেন্দ্রনাথ সেন, (ইণ্ডিয়ান্ মিরার সম্পাদক), কলিকাতা।
১৯৫। „ যোগেশচন্দ্র রায় এম্, এ, কটক।
১৯৬। „ শ্যামাচরণ মিত্র, কলিকাতা।
১৯৭। „ যোগেনচন্দ্র দত্ত এম্, এ, বি, এল, „
১৯৮। „ কালীপ্রসন্ন মুখোপাধ্যায় রায় সাহেব, হুগলী।
১৯৯। „ বিজয়কেশব মিত্র বি, এল্, কলিকাতা।
২০০। „ নগেন্দ্রনাথ ঘোষ, (ভূতপূর্ব্ব বঙ্গমহিলা-সম্পাদক), ভবানীপুর।
২০১। „ রামেশ্বর মণ্ডল বি, এল্, কলিকাতা।
২০২। „ ইন্দ্রনারায়ণ ঘোষ বি, এল্, ভাগলপুর।
২০৩। কুমার দক্ষিণেশ্বর মালিয়া, হাবড়া।
২০৪। শ্রীযুক্ত মনোরঞ্জন গুহ, কলিকাতা।
২০৫। পণ্ডিত যাদবকিশোর গোস্বামী বিদ্যারত্ন, „
২০৬। শ্রীযুক্ত শরচ্চন্দ্র দে বি, এল্, „
২০৭। „ দেবপ্রসাদ সর্ব্বাধিকারী এম্, এ, বি, এল, „
২০৮। „ সুরেন্দ্রকুমার রায়, জমিদার (নড়াইল), কাশীপুর।
২০৯। „ কৃষ্ণধন মুখোপাধ্যায়, কলিকাতা।
২১০। „ অম্বিকাচরণ গুপ্ত, ভাঙ্গামোড়া, হুগলী।
২১১। „ ব্যোমকেশ মুস্তফি, কলিকাতা।
২১২। „ হরিমাধব সেন বি, এ, „
২১৩। „ যশোদানন্দন প্রামাণিক এম্, এ, বি, এল্, „
২১৪। ডাক্তার প্রতাপচন্দ্র মজুমদার এম্, ডি, „
২১৫। কবিরাজ মনোমোহন সেনগুপ্ত কবিরত্ন, „
২১৬। শ্রীযুক্ত ত্রিগুণাচরণ সেন এম্, এ, „
২১৭। „ কিশোরীমোহন সেনগুপ্ত এম্, এ, হুগলী।
২১৮। „ রমানাথ ঘোষ, (জমিদার), পাথুরিয়াঘাটা, কলিকাতা।
২১৯। কুমার মন্মথনাথ মিত্র, (জমিদার), কলিকাতা।
২২০। শ্রীযুক্ত সুরেশচন্দ্র বিশ্বাস, (বারিষ্টার), কলিকাতা।

২২১। শ্রীযুক্ত পদ্মনাথ ভট্টাচার্য্য, শিলঙ্।
২২২। „ পরেশচন্দ্র সোম, কলিকাতা।
২২৩। „ নগেন্দ্রনাথ বসু (বিশ্বকোষ-সঙ্কলয়িতা), „
২২৪। „ রাসেশ্বর ভট্টাচার্য্য, „
২২৫। „ শ্রীশচন্দ্র ঘোষ বি, এল্, উলুবেড়িয়া।
২২৬। „ নন্দলাল গোস্বামী, শ্রীরামপুর।
২২৭। „ হরিশ্চন্দ্র নিয়োগী, কলিকাতা।
২২৮। „ জ্ঞানেন্দ্রনাথ চৌধুরী, ত্রিপুরা।
২২৯। „ চারুচন্দ্র সরকার এম্, এ, বি, এল্, কলিকাতা।
২৩০। „ যদুগোপাল চট্টোপাধ্যায়, „
২৩১। „ হেমচন্দ্র সরকার এম্, এ, নড়াইল।
২৩২। „ ললিতকৃষ্ণ বসু (সমর্থকোষ-সঙ্কলিতা), কলিকাতা।
২৩৩। „ কালীপদ বসু, মিরাট।
২৩৪। „ শ্রীকৃষ্ণদাস (ভূতপূর্ব্ব জ্ঞানাঙ্কুর-সম্পাদক), কলিকাতা।
২৩৫। „ মনোমোহন বিশ্বাস, „
২৩৬। কুমার বসন্তকুমার রায় বাহাদুর, „
২৩৭। শ্রীযুক্ত কানাইলাল দে, „
২৩৮। „ কালীপ্রসন্ন চট্টরাজ এম্, এ, „
২৩৯। „ বলীন্দ্রনাথ সিংহ দেব, ইন্দাস্, বাঁকুড়া।
২৪০। „ মধুসূদন রাও, কটক।
২৪১। „ আর্ত্তত্রাণ মিশ্র,

বঙ্গীয়-সাহিত্য-পরিষদের

তৃতীয় বার্ষিক বিবরণী।

ও

বর্ত্তমান বর্ষের নিয়মাবলী।

কার্য্য-নির্ব্বাহক সমিতি কর্ত্তৃক

১০৬।১ নং গ্রে ষ্ট্রীট্ হইতে প্রকাশিত।

কলিকাতা।

২ নং মস্‌জিদবাড়ী ষ্ট্রীট বিভাবতী প্রেসে

শ্রীকৃষ্ণচন্দ্র দাস দত্ত দ্বারা মুদ্রিত।

১৩০৪ সাল।

বঙ্গীয়-সাহিত্য-পরিষদের
তৃতীয় বার্ষিক বিবরণী।

গতবর্ষের সভ্য সংখ্যা।—আলোচ্য বর্ষে অর্থাৎ গত ১৩০৩ সালে ৯৬ জন নূতন সভ্য পরিষদে যোগদান করিয়াছেন, ৩ জন সভ্যের মৃত্যু হইয়াছে এবং ১৮ জন সভ্য পদত্যাগ করিয়াছেন। ১৩০২ সালের শেষে পরিষদের সভ্য সংখ্যা ২৪১ ছিল, সুতরাং গতবর্ষের শেষে ঐ সংখ্যা বর্দ্ধিত হইয়া ৩১৬, অর্থাৎ ১৩০২ সালের অপেক্ষা (৭৫) পঞ্চসপ্ততাধিক হইয়াছে। এই সভ্য সংখ্যা-বৃদ্ধি যে পরিষদের বলবৃদ্ধি ও পরিষদের প্রতি শিক্ষিত সম্প্রদায়ের আগ্রহাতিশয়ের নিদর্শন তদ্বিষয়ে সন্দেহ নাই।

গতবর্ষের কর্ম্মচারিগণ।—গতবর্ষে নিম্নলিখিত কর্ম্মচারিগণ নির্ব্বাচিত হইয়াছিলেন ;—

১। শ্রীযুক্ত বাবু চন্দ্রনাথ বসু এম্, এ, বি,এল্—সভাপতি।

২। „ নবীনচন্দ্র সেন বি, এ,
৩। „ রবীন্দ্রনাথ ঠাকুর
৪। „ মনোমোহন বসু
} সহকারী সভাপতি-ত্রয়।

৫। „ রাজেন্দ্রচন্দ্র শাস্ত্রী এম্, এ—সম্পাদক।

৬। „ মহেন্দ্রনাথ বিদ্যানিধি—সহকারী সম্পাদক।

৭। „ রজনীকান্ত গুপ্ত—পত্রিকা সম্পাদক।

৮। „ প্রতুলচন্দ্র বসু—গ্রন্থরক্ষক।

৯। „ মন্মথনাথ ভট্টাচার্য্য এম্, এ,
১০। „ কুঞ্জবিহারী বসু বি, এ,
} আয় ব্যয় পরীক্ষক।

১১। „ চারুচন্দ্র সরকার এম্, এ, বি, এল্—ধনরক্ষক।

১২। শ্রীযুক্ত রাজা বিনয়কৃষ্ণদেব বাহাদুর—গ্রন্থ প্রকাশ সমিতির ধনরক্ষক।

অধিবেশনাদি।—গতবর্ষে পরিষদের ১২টি অধিবেশন হইয়াছিল; তন্মধ্যে মাসিক সাধারণ অধিবেশন ১০টি, বিশেষ অধিবেশন একটি, ও বার্ষিক অধিবেশন একটি। বিশেষ ও বার্ষিক অধিবেশনের বিবরণ যথাস্থানে উল্লিখিত হইবে। সাধারণ অধিবেশনগুলির কোনটিতেই উপস্থিত সভ্যের সংখ্যা ৩৩ এর অধিক ও ২৬ এর কম হয় নাই।

নাম সংশোধন।—গতবর্ষের দ্বিতীয় মাসিক অর্থাৎ ৫ই জ্যৈষ্ঠের অধিবেশনে অনুমোদিত নূতন নিয়মানুসারে "সাহিত্য-পরিষদ" এই অকারান্ত নামের পরিবর্ত্তে "সাহিত্য-পরিষদ্" এই হসন্ত নাম গৃহীত হয়। তদবধি ঐ নাম চলিয়া আসিতেছে।

নিয়মাবলী-সংস্কার।—গতবর্ষের পূর্ব্ব পর্য্যন্ত "সাহিত্যপরিষদ্" প্রাচীন নিয়মানুসারেই পরিচালিত হইত। ক্রমে কার্য্যের প্রসর বৃদ্ধি হওয়ায় সেই সকল নিয়মে কার্য্য করা অসুবিধাজনক হইয়া উঠে; এমন কি প্রায় প্রতি মাসিক অধিবেশনেই কোন না কোন নিয়ম পরিবর্ত্তিত করিয়া কার্য্যোপযোগী করিয়া লইতে হইত। এই অসুবিধা দূর করিবার নিমিত্ত ১৩০২ সালের শেষ ভাগে পরিষদের অন্যতম সভ্য শ্রীযুক্ত বাবু মনোমোহন বসু মহাশয় স্বতঃপ্রণোদিত হইয়া নূতন নিয়মের একখানি পাণ্ডুলিপি প্রস্তুত করেন। গতবর্ষের প্রথম মাসিক অর্থাৎ ৮ই বৈশাখের অধিবেশনে ঐ পাণ্ডুলিপি বিবেচনা করিবার জন্য একটি অস্থায়ি-সমিতি গঠিত হয়। নিম্নলিখিত ব্যক্তিগণ ঐ সমিতির সভ্য ছিলেন;—

১। শ্রীযুক্ত বাবু চন্দ্রনাথ বসু এম, এ, বি, এল, (সভাপতি)
২। মাননীয় শ্রীযুক্ত গুরুদাস বন্দ্যোপাধ্যায় এম, এ, ডি, এল।
৩। শ্রীযুক্ত রাজা শ্রীযুক্ত বিনয়কৃষ্ণ দেব বাহাদুর।
৪। শ্রীযুক্ত বাবু নবীনচন্দ্র সেন বি, এ,।
৫। „ „ মনোমোহন বসু।
৬। শ্রীযুক্ত রায় যতীন্দ্রনাথ চৌধুরী এম, এ, বি, এল।
৭। শ্রীযুক্ত বাবু হীরেন্দ্রনাথ দত্ত এম, এ, বি, এল।
৮। „ পাঁচকড়ি বন্দ্যোপাধ্যায়।

৯। শ্রীযুক্ত বাবু ফুজলাল রায়।

১০। „ শরচ্চন্দ্র সরকার।

১১। „ রাজেন্দ্রচন্দ্র শাস্ত্রী এম্, এ।

১২। „ মহেন্দ্রনাথ বিদ্যানিধি।

উপর্য্যুপরি তিনটি অধিবেশনে এই সমিতির কার্য্য সমাপ্ত হয়। সমিতি পূর্ব্বোক্ত পাণ্ডুলিপি সংশোধিত ও পরিবর্ত্তিত করিয়া দ্বিতীয় মাসিক অর্থাৎ ৫ জ্যৈষ্ঠের অধিবেশনে উপস্থিত করেন। ঐ পরিবর্ত্তিত পাণ্ডুলিপি কিছু কিছু সংশোধনের সহিত গৃহীত হয়। এইরূপে পরিশোধিত নিয়মাবলীই গতবর্ষে বলবৎ ছিল। শ্রীযুক্ত মনোমোহন বাবুও ঐ সমিতির সভ্যগণ নিয়মাবলী প্রণয়নে ও সংশোধনে যেরূপ যত্ন করিয়াছিলেন, তাহাতে তাঁহারা পরিষদের বিশেষ ধন্যবাদ্যের পাত্র।

মাসিক অধিবেশনে প্রবন্ধ-পাঠ প্রথা।—গতবর্ষে নূতন নিয়মানুসারে মাসিক অধিবেশনে প্রবন্ধ পাঠের প্রথা প্রবর্ত্তিত হয়। তদবধি প্রতি অধিবেশনে এক বা ততোধিক প্রবন্ধ পঠিত হইয়াছিল। ঐ সকল প্রবন্ধের অধিকাংশ প্রাচীন বাঙ্গালা সাহিত্য সম্বন্ধীয় এবং তাহার অনেকগুলি পরিষৎপত্রিকায় মুদ্রিত হইয়াছে। ইতি মধ্যেই এই প্রথার উপকারিতা লক্ষিত হইয়াছে ও কয়েকজন সভ্যের চেষ্টা ও গবেষণায় কতক গুলি অজ্ঞাতপূর্ব্ব প্রাচীন বাঙ্গালা কাব্যের আবিষ্কার ও উদ্ধার হইয়াছে। আশা করা যায়, এই প্রবন্ধ পাঠ প্রথায় পরিষদের সভ্যবর্গের মধ্যে সাহিত্যানুরাগ বর্দ্ধিত হইবে এবং সাধারণেও পরিষদের উপযোগিতা উপলব্ধি করিবেন।

পরিষদ্ রেজিষ্টরীকরণ।—এ সম্বন্ধে কাগজ-পত্র প্রস্তুতের ভার নিম্নলিখিত সভ্যগণের উপর অর্পিত হয়;—(১) শ্রীযুক্ত রাজা বিনয়কৃষ্ণদেব বাহাদুর, (২) শ্রীযুক্ত নগেন্দ্রনাথ ঘোষ (ব্যারিষ্টার) ও (৩) শ্রীযুক্ত হীরেন্দ্রনাথ দত্ত এম, এ, বি, এল (এটর্নী)। কাগজ পত্রাদিও প্রায় সমস্তই প্রস্তুত হইয়াছে, কিন্তু নানা কারণে গতবর্ষে রেজিষ্টরী করা ঘটে নাই। আশা করা যায়, বর্ত্তমান বর্ষে ঐকার্য্য অসম্পাদিত থাকিবে না।

দ্বিতীয় বার্ষিক অধিবেশন।—গত বৎসর (১৩০৩ সালে) ১লা আষাঢ় (১৮৯৬ খৃষ্টাব্দের ১৪ই জুন) রবিবার অপরাহ্ণে পরিষদের দ্বিতীয় বার্ষিক উৎসব উপলক্ষে এক অধিবেশন ও সম্মিলনী হয়। পরিষদের সভ্য ভিন্ন অন্যান্য শিক্ষিত ও সম্ভ্রান্ত ব্যক্তিগণও নিমন্ত্রিত হইয়া সভাক্ষেত্রে উপস্থিত ছিলেন। পরিষদের অন্যতম সহকারী সভাপতি শ্রীযুক্ত বাবু মনোমোহন বসু মহাশয় বঙ্গভাষা ও সাহিত্যপরিষদ্ বিষয়ে এক প্রবন্ধ পাঠ করেন। পাঠান্তে সভাপতি মহাশয় প্রবন্ধ পাঠককে ধন্যবাদ দিয়া বিশ্ববিদ্যালয়ে বাঙ্গালা প্রচলনের অনুকূলে একটী সারগর্ভ বক্তৃতা করেন। এই প্রবন্ধ ও বক্তৃতার সারাংশ গত বর্ষের ১ম সংখ্যক কার্য্য বিবরণীতে প্রদত্ত হইয়াছে। পরে সুবিখ্যাত গায়ক ও বাদকগণ গীতবাদ্যদ্বারা সমবেত সভ্যমণ্ডলীর তৃপ্তি সাধন করেন। পরে রাত্রি প্রায় ১০ ঘটিকার সময়ে সভা ভঙ্গ হয়। পরিষদের অন্যতম সভ্য শ্রীযুক্ত বাবু গোপালচন্দ্র মুখোপাধ্যায় এবং শ্রীযুক্ত বাবু প্রতুলচন্দ্র বসু মহাশয়দ্বয় স্বেচ্ছাপ্রণোদিত হইয়া সম্মিলনী উপলক্ষে যেরূপ যত্ন ও পরিশ্রম করিয়াছিলেন, তাহাতে তাঁহারা পরিষদের বিশেষ ধন্যবাদের পাত্র। অবৈতনিক গায়ক বাদক মহোদয়গণের নিকট ও পরিষদ্ কৃতজ্ঞতা প্রকাশ করিতেছেন।

কার্য্য নির্ব্বাহক সমিতি।— নূতন নিয়মানুসারে গত বৎসরে কার্য্য নির্ব্বাহক সমিতির গঠন কিঞ্চিৎ পরিবর্ত্তিত হয়।

১৩০২ সালে এই সমিতিতে ৮ জন সভ্য ছিলেন। গতবর্ষে (১৩০৩ সালে) উহার নিয়মিত সভ্য সংখ্যা বর্দ্ধিত করিয়া ১২ করা হয়। ঐ ১২ জনের মধ্যে ৮ জন সাধারণ সভ্যবর্গ কর্ত্তৃক নির্ব্বাচিত ও ৪ জন পূর্ব্ব বর্ষের কার্য্য নির্ব্বাহক সমিতি কর্ত্তৃক মনোনীত হন। নির্ব্বাচিত ও মনোনীত সভ্যগণের নাম নিম্নে প্রদত্ত হইল।

(নির্ব্বাচিত সভ্যগণ)

১। শ্রীযুক্ত বাবু হীরেন্দ্রনাথ দত্ত এম্, এ, বি, এল্।

২। „ শরচ্চন্দ্র সরকার।

৩। শ্রীযুক্ত রায় যতীন্দ্রনাথ চৌধুরী এম, এ, বি, এল্।

৪। শ্রীযুক্ত বাবু নগেন্দ্রনাথ বসু।
৫। „ চারুচন্দ্র ঘোষ।
৬। „ বরদাচরণ মিত্র এম, এ, সি, এস্।
৭। শ্রীযুক্ত রাজা শিবচন্দ্র বন্দ্যোপাধ্যায় বাহাদুর।
৮। শ্রীযুক্ত কুমার দক্ষিণেশ্বর মালিয়া।

(মনোনীত সভ্যগণ)

১। শ্রীযুক্ত রাজা বিনয়কৃষ্ণ দেব বাহাদুর।
২। শ্রীযুক্ত ডাক্তার সূর্য্যকুমার সর্ব্বাধিকারী।
৩। শ্রীযুক্ত বাবু রামেন্দ্রসুন্দর ত্রিবেদী এম্, এ।
৪। „ চণ্ডীচরণ বন্দ্যোপাধ্যায়।

এতদ্ব্যতীত পরিষদের সভাপতি, সহকারি-সভাপতিত্রয়, সম্পাদক ও সহকারী সম্পাদক এই সমিতির অতিরিক্ত সভ্য বলিয়া নির্দ্দিষ্ট আছেন, সুতরাং গত বর্ষের কার্য্য নির্ব্বাহক সমিতিতে সমুদয়ে ১৮ জন সভ্য ছিলেন।

(অতিরিক্ত সভ্যগণ)

১। শ্রীযুক্ত বাবু চন্দ্রনাথ বসু এম্, এ বি, এল্ (সভাপতি)।
২। „ মনোমোহন বসু
৩। „ নবীনচন্দ্র সেন বি, এ
৪। „ রবীন্দ্রনাথ ঠাকুর
} (সহকারী সভাপতি)।
৫। „ রাজেন্দ্রচন্দ্র শাস্ত্রী এম্, এ (অবৈতনিক সম্পাদক)।
৬। „ মহেন্দ্রনাথ বিদ্যানিধি (সহকারী সম্পাদক)

আলোচ্য বর্ষে এই সমিতির ১৫টি অধিবেশন হইয়াছিল। ইহার মধ্যে ১৩০২ সালে গঠিত সমিতির দুইটী ও ১৩০৩ সালে গঠিত সমিতির ত্রয়োদশটী। এই সকল অধিবেশনের কোনটিতে উপস্থিত সভ্যসংখ্যা ১২র অধিক বা ৩এর কম হয় নাই। সমিতি যে সকল প্রস্তাব গ্রহণ করিয়াছেন, তাহার মধ্যে নিম্নলিখিতটী বিশেষরূপে উল্লেখ যোগ্য।

"কার্য্য নির্ব্বাহক সমিতির কোন অধিবেশনে, ঐ সমিতির ভূতপূর্ব্ব অধিবেশনে গৃহীত মন্তব্যের পরিবর্ত্তন, সংশোধন বা প্রত্যাহরণ করিতে হইলে পত্র দ্বারা সম্পাদককে পূর্ব্বে জানাইতে হইবে।"

সভাপতি।—গতবর্ষের প্রথম অর্থাৎ ৮ই বৈশাখের অধিবেশনে শ্রীযুক্ত বাবু চন্দ্রনাথ বসু মহাশয় ঐ বর্ষের নিমিত্ত পুনর্ব্বার সভাপতি নির্ব্বাচিত হন এবং তদবধি বিশেষ যোগ্যতা সহকারে পদোচিত কর্ত্তব্যভার বহন করিয়া আসিয়াছেন। গুরুতর রাজ কার্য্যে ব্যাপৃত থাকিয়াও তিনি পরিষদের উন্নতি কল্পে যেরূপ যত্ন ও পরিশ্রম স্বীকার করিয়াছেন তাহাতে পরিষদ্ তাঁহার নিকট বিশেষ রূপে কৃতজ্ঞ আছেন।

সহকারী সভাপতি।—১৩০২ সালে অন্যতম সহকারী সভাপতি শ্রীযুক্ত চন্দ্রনাথ বসু মহাশয় সভাপতির পদগ্রহণ করিলে, পরিষদের একজন সহকারী সভাপতিব পদ শূন্য হয়। ১৩০২ সালের শেষাংশে ঐ পদে কেহই নির্ব্বাচিত হন নাই। ১৩০৩ সালেব প্রথম অধিবেশনে পরিষদের অন্যতম সভ্য শ্রীযুক্ত বাবু মনোমোহন বসু মহাশয় ঐ শূন্য পদে প্রতিষ্ঠিত হন। সহকারী সভাপতিগণ সকলেই, বিশেষতঃ শ্রীযুক্ত বাবু নবীনচন্দ্র সেন ও শ্রীযুক্ত বাবু মনোমোহন বসু মহাশয় স্ব স্ব পদোচিত কর্ত্তব্য সাধনে জাগরূক ছিলেন। তন্নিমিত্ত তাঁহারা পরিষদের ধন্যবাদেব পাত্র।

সম্পাদক।— গতবর্ষে এই পদে কোন নূতন কর্ম্মচারী নিযুক্ত হন নাই। পূর্ব্ব বর্ষের অর্থাৎ ১৩০২ সালের সম্পাদক শ্রীযুক্ত বাবু রাজেন্দ্রচন্দ্র শাস্ত্রী এম, এ, মহাশয়ই ঐ পদে পুনঃ প্রতিষ্ঠিত হন। ও সাধ্যানুসারে নিজ কর্ত্তব্য সম্পাদন করিতে যত্ন ও চেষ্টা করিয়াছেন। এইজন্য পরিষদ্ তাঁহার নিকট কৃতজ্ঞ আছেন।

পত্রিকা-সম্পাদক।—গতবর্ষে পত্রিকা সম্পাদকের পদেও কোন্ নূতন কর্ম্মচারী নিযুক্ত হন নাই। ১৩০২ সালের কর্ম্মচারী শ্রীযুক্ত বাবু রজনীকান্ত গুপ্ত মহাশয়ই ঐ পদে অধিষ্ঠিত থাকিয়া পত্রিকা-সম্পাদনকার্য্য নির্ব্বাহ করিয়াছেন। নূতন নিয়মানুসারে পত্রিকা সম্পাদন সম্বন্ধে কিছু পরিবর্ত্তন ঘটিয়াছে। ঐ নিয়মানুসারে পরিষদের মাসিক অধিবেশনের কার্য্য বিবরণী, পূর্ব্ববৎ পরিষৎ-পত্রিকায় মুদ্রিত না হইয়া স্বতন্ত্র পুস্তকাকারে সাধারণ সম্পাদকের তত্ত্বাবধানে মুদ্রিত হইয়াছিল। এতদ্ভিন্ন আরও দুইটি পরিবর্ত্তনের ব্যবস্থা হইয়াছে যথা—ভবিষ্যতে যে সকল গ্রন্থ পরিষদ্ হইতে প্রকাশিত হইবে, তাহাও

পত্রিকার অংশীভূত হইবে এবং কোন জীবিত গ্রন্থকারের প্রবন্ধের সমালোচনা পত্রিকায় প্রকাশিত হইবে না। গত শারদীয়া পূজার পরে পত্রিকা সম্পাদক শারীরিক অসুস্থতা নিবন্ধন কলিকাতা পরিত্যাগ করায় পত্রিকা প্রকাশে কিঞ্চিৎ অসুবিধা ঘটে। তন্নিমিত্ত কার্য্যনির্ব্বাহক সমিতির নবম, অর্থাৎ ১৬ই কার্ত্তিকের অধিবেশনে পরিষৎপত্রিকার দ্বিতীয় সংখ্যার সম্পাদনের ভার, সাধারণ সম্পাদক ও কার্য্য নির্ব্বাহক সমিতির অন্যতম সভ্য শ্রীযুক্ত বাবু নগেন্দ্রনাথ বসু মহাশয়ের উপর অর্পিত হয়, সুতরাং ঐ সংখ্যা উঁহাদের দ্বারা সম্পাদিত হইয়াছে। পত্রিকা সম্পাদক মহাশয় নানাকার্য্যে ব্যাপৃত থাকিয়াও পত্রিকা সম্পাদনে যেরূপ যত্ন করিয়া থাকেন, তজ্জন্য তিনি পরিষদের ধন্যবাদার্হ। দেশের প্রায় সমস্ত খ্যাতনামা গ্রন্থকারই পরিষদের সভ্য তথাপি প্রবন্ধাভাবে পরিষৎপত্রিকা প্রকাশে বিলম্ব ঘটিয়া থাকে, ইহা বড়ই দুঃখের বিষয়। আশা করা যায় অতঃপর সভ্য মণ্ডলী পরিষৎ-পত্রিকার পুষ্টিসাধনে অধিকতর যত্ন প্রকাশ করিবেন।

সহকারী সম্পাদক।—সম্পাদক শ্রীযুক্ত রাজেন্দ্রচন্দ্র শাস্ত্রী মহাশয় কার্য্য বাহুল্য জ্ঞাপন করিয়া তাঁহার সহকারিস্বরূপ একজন বেতনভোগী কর্ম্মচারী প্রার্থনা করেন ও শ্রীযুক্ত পণ্ডিত মহেন্দ্রনাথ বিদ্যানিধি মহাশয়কে ঐ পদে কর্ম্মচারিরূপে মনোনীত করেন। তদনুসারে কার্য্য নির্ব্বাহক সমিতির ৪ঠা বৈশাখের অধিবেশনে বিদ্যানিধি মহাশয়কে মাসিক ২০ টাকা বেতনে ছয় মাসের নিমিত্ত অস্থায়ী সহকারী সম্পাদকের পদে নিযুক্ত করা হয়। ঐ নিয়োগ ৮ই বৈশাখের মাসিক অধিবেশনে অনুমোদিত হয়। ৯ই কার্ত্তিক তারিখে বিদ্যানিধি মহাশয়ের অস্থায়ী কার্য্যকাল পূর্ণ হয়। পরে ২৪শে কার্ত্তিক তারিখের পরিষদের ষষ্ঠ মাসিক অধিবেশনে সম্পাদকের অনুরোধে ও বিদ্যানিধি মহাশয়ের কার্য্যকারিতা দর্শনে সভ্য মহোদয়গণ তাঁহাকে স্থায়িরূপে সহকারী সম্পাদকের পদে নিযুক্ত করেন। তদবধি তিনি সুচারুরূপে পদোচিত কর্ম্ম সম্পাদন করিয়াছেন। কতিপয় মাসিক অধিবেশনে তিনি কতকগুলি বিশেষ কার্য্যের জন্য পরিষদের ধন্যবাদও প্রাপ্ত হইয়াছেন।

লেখক ও অর্থ সংগ্রাহক।—সহকারী সম্পাদক ব্যতীত সম্পাদকের তত্ত্বাবধানে আর দুইজন বেতনভোগী কর্ম্মচারী পরিষদের কার্য্য নির্ব্বাহ

করিয়া থাকেন। তাঁহারা যথাক্রমে লেখক ও অর্থসংগ্রাহক নামে অভিহিত। বর্ত্তমান লেখক শ্রীযুক্ত গোবিন্দ লাল মল্লিক গত ৭ই ফাল্গুন তারিখে নিযুক্ত হইয়াছেন। গতবর্ষে অর্থ সংগ্রাহকের পদ পুনঃ পুনঃ শূন্য হয়। উপযুক্ত লোকাভাবে ঐ পদ সম্প্রতি শূন্য আছে।

ধনরক্ষক।—গতবর্ষে শ্রীযুক্ত বাবু চারুচন্দ্র সরকার এম্, এ, বি, এল্ মহাশয় অবৈতনিক ধনরক্ষকের পদে নিযুক্ত ছিলেন।

গ্রন্থরক্ষক।—গতবর্ষের ১ লা চৈত্র পর্য্যন্ত সহকারী সম্পাদক শ্রীযুক্ত মহেন্দ্রনাথ বিদ্যানিধি মহাশয় গ্রন্থ রক্ষকের পদে অধিষ্ঠিত ছিলেন। কার্য্য নির্ব্বাহক সমিতির দ্বাদশ অধিবেশনে তিনি কার্য্যবাহুল্য বশতঃ ঐ পদ পরিত্যাগের অভিপ্রায় প্রকাশ করায় তাঁহার ও সম্পাদক মহাশয়ের অনুরোধে ২রা চৈত্র হইতে শ্রীযুক্ত প্রতুলচন্দ্র বসু মহাশয় অবৈতনিক গ্রন্থরক্ষক পদে নিযুক্ত হন। ঐ নিয়োগ পরবর্ত্তী মাসিক অধিবেশনে অনুমোদিত হয়। তদবধি প্রতুল বাবু বিশেষ যত্ন সহকারে ঐকার্য্য সমাধা করিতেছেন।

আয় ব্যয় পরীক্ষক।—গতবর্ষে পরিষদের প্রথম অর্থাৎ ৮ই বৈশাখের অধিবেশনে শ্রীযুক্ত বাবু মন্মথনাথ ভট্টাচার্য্য এম্, এ, ও শ্রীযুক্ত বাবু কুঞ্জবিহারী বসু বি,এ, পরিষদের আয়-ব্যয় পরীক্ষক নিযুক্ত হন। তদবধি তাঁহারা সুচারুরূপে পদোচিত কার্য্য সম্পন্ন করিয়াছেন।

বিশিষ্ট সভ্য।—গতবর্ষে বিশিষ্ট সভ্যের সংখ্যা বৃদ্ধি করিবার চেষ্টা করা হইয়াছিল; ঐ চেষ্টা ফলবতী হয় নাই। যতদিন বিশিষ্ট সভ্য নিয়োগ সম্বন্ধে বর্ত্তমান নিয়ম বলবান থাকিবে, তত দিন যে ঐরূপ চেষ্টা ফলবতী হইবে, এরূপ আশা করা যায় না। নিয়মটীর পরিবর্ত্তন যে একান্ত আবশ্যক তাহা পরিষদ্ হৃদয়ঙ্গম করিয়াছেন।

বিশিষ্ট সভ্যদিগের নাম যথা;—

১। শ্রীযুক্তবাবু চন্দ্রনাথ বসু এম্,এ,বি,এল্।
২। „ রাজনারায়ণ বসু।
৩। „ হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায়। এম্,এ, বি,এল্।
৪। „ নবীনচন্দ্র সেন বি,এ।
৫। „ দ্বিজেন্দ্রনাথ ঠাকুর।
৬। শ্রীযুক্ত বাবু কালীপ্রসন্ন ঘোষ।
৭। সার মনিয়ার উইলিয়মস্
৮। „ উইলিয়ম্ ওয়েডারবর্ণ
৯। শ্রীযুক্ত জন বিমস্ এস্কোয়ার
১০। সার্ ডবলিউ হণ্টার

২। পরিষদের শাখা সমিতি।

বিভিন্ন শাখা সমিতি।—পরিষদের মুখ্য উদ্দেশ্য সাধনার্থ অনেকগুলি শাখা-সমিতি প্রতিষ্ঠিত হইয়াছে; তাহাদের প্রত্যেকের নাম, উদ্দেশ্য, গঠন ও কার্য্য বিবরণ নিম্নে সংক্ষেপে প্রদত্ত হইতেছে।

(১) গ্রন্থ প্রকাশ সমিতি।—এই সমিতির সংক্ষিপ্ত বিবরণ গত দ্বিতীয় বার্ষিক বিবরণীতে উল্লিখিত হইয়য়াছে। (ঐ বিবরণীর ৫।৬ পৃষ্ঠা দেখ)। ইহার বর্ত্তমান সভ্যগণের নাম ;—

১। সাহিত্য-পরিষদের সভাপতি।
২। সহকারী সভাপতিত্রয়।
৩। সম্পাদক।
৪। সহকারী সম্পাদক।
৫। শ্রীযুক্ত রায় যতীন্দ্রনাথ চৌধুরী এম, এ, বি, এল,।
৬। শ্রীযুক্ত বাবু হীরেন্দ্রনাথ দত্ত এম, এ, বি, এল,।
৭। „ „ নগেন্দ্রনাথ ঘোষ (ব্যারিষ্টার)
৮। „ „ রামেন্দ্রসুন্দর ত্রিবেদী এম, এ,।
৯। „ „ বজনীকান্ত গুপ্ত।
১০। „ „ মনোমোহন বসু।
১১। „ „ নগেন্দ্রনাথ বসু।

গতবর্ষে ১২ই ফাল্গুন তারিখে এই সমিতির একটি অধিবেশন হয়। ঐ অধিবেশনে স্থির হয় যে, শ্রীযুক্ত বাবু প্রফুল্লচন্দ্র বন্দ্যোপাধ্যায় মহাশয়ের প্রেরিত কাশীদাসী মহাভারতের প্রতিলিপি আপাততঃ পরিষৎ-পত্রিকায় মুদ্রিত হইবে। উহার উপক্রমণিকাংশের স্থানে স্থানে পরিবর্ত্তন আবশ্যক। ঐ সকল অংশ পরিবর্ত্তনের জন্য প্রফুল্ল বাবুকে অনুরোধ করা হইয়াছে।

(ক) কাশীদাসী মহাভারত সমিতি।—শ্রীযুক্ত বাবু অক্রূর চন্দ্র সেন মহাশয়, তাঁহার নিকট কাশীদাসী মহাভারতের একখানি প্রাচীন পুঁথি আছে ও পরিষদ্ ঐ পুঁথি মুদ্রিত করিতে ইচ্ছা করিলে, তিনি উহা মুদ্রণার্থ প্রদান করিতে পারেন, এই মর্ম্মে পরিষদে এক পত্র লিখেন। ঐ পত্র পাইয়া

পরিষদ্ কাশীদাসী মহাভারতের বিশুদ্ধ সংস্করণ সম্পাদনের প্রয়োজনীয়তা উপলব্ধি করেন। পরে ১৩০২ সালে শ্রীযুক্ত বাবু প্রফুল্লচন্দ্র বন্দ্যোপাধ্যায় মহাশয় মহাভারতের বিশুদ্ধ সংস্করণ সম্পাদনের ভার গ্রহণ করিতে সম্মত আছেন, এই মর্ম্মে পরিষদ্‌কে এক পত্র লিখেন, তদনুসারে পরিষদ্ ঐ ভার তাঁহার উপর অর্পণ করেন ও তাঁহার সহকারিরূপে শ্রীযুক্ত বাবু গোবিন্দলাল দত্ত ও শ্রীযুক্ত পণ্ডিত মহেন্দ্রনাথ বিদ্যানিধি মহাশয়কে নিযুক্ত করেন। এই তিন জন সভ্য লইয়াই এইসমিতি গঠিত। গত বর্ষে এইসমিতির দুইটী অধিবেশন হইযাছিল, শেষ অধিবেশনে শ্রীযুক্ত বাবু প্রফুল্লচন্দ্র বন্দ্যোপাধ্যায় মহাশয়ের প্রেরিত মহাভারতের আদিপর্ব্ব, সভাপর্ব্ব ও উপক্রমণিকাংশ পরিষৎপত্রিকায় মুদ্রিত হইবে এই স্থির হইয়াছে। আশা করা যায়, এই গ্রন্থের বিশুদ্ধ সংস্করণ প্রকাশ বিষযে পরিষদ্ অক্রূর বাবুর নিকট হইতে অনেক সাহায্য প্রাপ্ত হইবেন।

(খ) কবিকঙ্কণ-চণ্ডী সমিতি। ১৩০২ সালে কবিকঙ্কণের চণ্ডীর বিশুদ্ধ সংস্করণ প্রণয়ণের ভার প্রধানতঃ শ্রীযুক্ত পণ্ডিত মহেন্দ্রনাথ বিদ্যানিধির উপর অর্পিত হয ও তাঁহার সাহায্যার্থ একটী সমিতি গঠিত হয। নিম্নলিখিত ব্যক্তিগণ এই সমিতির সভ্য নিযুক্ত হইয়াছেন :—

১। শ্রীযুক্ত পণ্ডিত মহেন্দ্রনাথ বিদ্যানিধি।
২। „ „ অতুলচন্দ্র গোস্বামী বিদ্যাবিনোদ।
৩। „ বাবু অম্বিকাচরণ গুপ্ত।
৪। „ „ শিবাপ্রসন্ন ভট্টাচার্য্য বি, এল্।
৫। „ „ ব্যোমকেশ মুস্তফী।
৬। „ „ চণ্ডীচরণ বন্দ্যোপাধ্যায়।
৭। „ „ বীরেশ্বর পাঁড়ে।
৮। „ „ ক্ষেত্রপাল চক্রবর্ত্তী।
৯। „ „ নগেন্দ্রনাথ বসু।
১০। „ „ চারুচন্দ্র ঘোষ।
১১। „ „ হারাণচন্দ্র রক্ষিত।
১২। „ „ বাণীনাথ নন্দী।
১৩। „ „ ঈশানচন্দ্র বন্দ্যোপাধ্যায়।

গত বর্ষে এই সমিতির দুইটী অধিবেশন হইয়াছে। দ্বিতীয় অধিবেশনে স্থির হয় যে পরিষদের বার্ষিক অধিবেশন হইয়া গেলে, পণ্ডিত মহেন্দ্রনাথ বিদ্যানিধি মহাশয় দামুন্যা আরড়ার মূল পুঁথি দেখিতে যাইবেন ও ব্যোমকেশবাবু গুড্‌ফ্রাই-ডের ছুটিতে এক প্রস্থ নকল যাহাতে শেষ হয় তাহা করিবেন।

(গ) কৃত্তিবাসী রামায়ণ সমিতি। ১৩০২ সালের ২৪ শে আষাঢ় এই সমিতি গঠিত হয়। এ পর্য্যন্ত নিম্ন-লিখিত ১৪ জন ব্যক্তি এই সমিতির সভ্য নির্ব্বাচিত হইয়াছেন ও প্রতি সপ্তাহে প্রায় দুইদিন করিয়া এই সমিতির অধিবেশন হইয়া থাকে। কৃত্তিবাসের রামায়ণের বিশুদ্ধ সংস্করণ প্রকাশ করাই এই সমিতির উদ্দেশ্য। অনেকগুলি পুঁথি এই সমিতির হস্তগত হইয়াছে। ঐ সমস্ত পুঁথি আদ্যোপান্ত পাঠ করিয়া তন্মধ্য হইতে, সাতখানি পুঁথি শ্রীরাম-পুরের মুদ্রিত পুস্তকের পাঠ মিলাইবার জন্য গ্রহণ করা হইয়াছে ও অপরগুলি অপেক্ষাকৃত আধুনিক বলিয়া পরিত্যক্ত হইযাছে। পুঁথিগুলিকে দুইশ্রেণীতে বিভক্ত কবা যাইতে পারে। একশ্রেণীর পুঁথির "রত্নাকর দস্যুর উপ্যাখান" হইতে আরম্ভ, অপরশ্রেণীর পুঁথিব "দশরথের ষিবাহ" হইতে আরম্ভ। মোটের উপব পুঁথি দুই শ্রেণীর হইলেও কোন একটী বিষয়ে এক শ্রেণীর দুইখানি পুঁথিতে পরস্পব পাঠ মিল নাই। কেবল পাঠান্তব নয়, অনেকস্থলেই রূপান্তর ও ভাবান্তর দৃষ্ট হয়। এমন কি ছন্দোবন্ধেরও পার্থক্য দেখা গিয়াছে। এই সকল কাবণে কৃত্তিবাসের প্রকৃত পাঠ নির্ণয় কবা অতি কঠিন ব্যাপার হইয়া পড়িয়াছে। দুই শ্রেণীব পুঁথিরই আদর্শ স্থির কবিযা দুই প্রস্থ পাণ্ডুলিপি প্রস্তুত হইতেছে। প্রাচীন পুঁথির সহিত তদপেক্ষা অপ্রাচীন পুঁথির পাঠ মিলাইয়া দেখা গিয়াছে, পববর্ত্তী পুঁথিগুলি প্রাচীন পুঁথি অপেক্ষা অধিকতর সংস্কৃত ভাবাপন্ন। এই সমিতির সংগৃহীত প্রাচীনতম পুঁথিখানি ১২৫ বর্ষের অধিক প্রাচীন নহে। কৃত্তিবাস সম্ভবতঃ সাড়ে চারিশত বৎসরেরও পূর্ব্বে রামায়ণ রচনা কবেন। যখন দেখা যাইতেছে, পূর্ব্ববর্ত্তী পুঁথি অপেক্ষা পরবর্ত্তী পুঁথি অধিক সংস্কৃত ভাবাপন্ন, এবং পাঠেও বেশী রূপান্তব, তখন ১২৫ বৎসর পুবাতন পুঁথির উপর নির্ভব করিয়া ৪৫০ শত বর্ষ পূর্ব্বে রচিত গ্রন্থেব পাঠ স্থির করিতে যাওয়া যুক্তিসঙ্গত নহে। এইজন্য সমিতি আবও পুঁথি সংগ্রহে বিশেষ চেষ্টা করিতেছেন। এই সমিতিব সভ্যগণের নাম ;—

১। শ্রীযুক্ত বাবু হীরেন্দ্রনাথ দত্ত এম্, এ, বি, এল্।
২। " " শারদারঞ্জন রায় এম্, এ।
৩। " " রামেন্দ্রসুন্দর ত্রিবেদী এম্, এ।
৪। " " অমৃতকৃষ্ণ মল্লিক বি, এল্।
৫। " " নরেন্দ্রনাথ মিত্র বি, এল্।
৬। " " মনোমোহন বসু।
৭। " " নগেন্দ্রনাথ বসু।
৮। " " গোবিন্দ লাল দত্ত।
৯। " " চারুচন্দ্র ঘোষ।
১০। " " শরচ্চন্দ্র সরকার।
১১। " " রাজেন্দ্রচন্দ্র শাস্ত্রী এম্, এ।
১২। " পণ্ডিত মহেন্দ্রনাথ বিদ্যানিধি।
১৩। " বাবু কুঞ্জলাল রায়।
১৪। " " বিজয় কেশব মিত্র।

(ঘ) রামমোহনের রামায়ণের সংস্করণ। ১৩০২ সালের ২৯শে পৌষের অধিবেশনে রাম মোহনের রামায়ণ মুদ্রণের ভার শ্রীযুক্ত বাবু রামেন্দ্র সুন্দর ত্রিবেদীর উপর অর্পিত হয়। ১৩০২ সালের শেষে তিনি ঐ গ্রন্থের মুদ্রণোপযোগী প্রতিলিপি প্রস্তুত করেন। গতবর্ষে ঐ প্রতিলিপি পরিষদের হস্তগত হইয়াছে। উহা মুদ্রিত করিলেই হয়, তবে গ্রন্থের আয়তনবাহুল্যবশতঃ ও একমাত্র আদর্শ অবলম্বনে গ্রন্থমুদ্রণ কতদূর সঙ্গত এই বিবেচনায় পরিষদ্ উহার মুদ্রণকার্য্যে হস্তক্ষেপ করিতে ইতস্ততঃ করিতেছেন। গতবর্ষের শেষভাগে এই গ্রন্থের আর একখানি আদর্শের সন্ধান পাওয়া গিয়াছে। উহা সংগৃহীত হইলেই আগামীবর্ষে এই গ্রন্থের মুদ্রণারম্ভ হইবে, এরূপ আশা করা যায়।

(ঙ) বিদ্যাপতির পদাবলীর সংস্করণ। ১৩০২ সালে ২৪শে আষাঢ় তারিখের অধিবেশনে বিদ্যাপতিরপদাবলীর বিশুদ্ধ সংস্করণ প্রণয়নের ভার শ্রীযুক্ত বাবু রবীন্দ্রনাথ ঠাকুর মহাশয়ের উপর অর্পিত হয়; কিন্তু বিশুদ্ধ পুঁথি না পাওয়ায় ১৩০২ সালে রবীন্দ্র বাবু এই কার্য্যে হস্তক্ষেপ করিতে পারেন নাই। পরে গতবর্ষে আষাঢ় মাসে শ্রীযুক্ত মহেন্দ্রনাথ বিদ্যানিধি

মহাশয়, শ্রীযুক্ত কালীপ্রসন্ন কাব্যবিশারদ কর্ত্তৃক সঙ্কলিত বিদ্যাপতির নূতন সংস্করণের উল্লেখ করিয়া, অতঃপর পরিষদ্ কর্ত্তৃক ঐ গ্রন্থের স্বতন্ত্র সংস্করণ প্রকাশের আর আবশ্যকতা আছে কি না, তদ্বিষয়ে সম্পাদকের মত জিজ্ঞাসা করেন। তদনুসারে সম্পাদক মহাশয় রবীন্দ্র বাবুকে ঐ বিষয়ে পত্র লিখেন। পত্রোত্তরে তিনি সম্প্রতি পরিষদের ঐ বিষয়ে হস্তক্ষেপ কবিবার আবশ্যকতা নাই, এই মত প্রকাশ করেন। কার্য্য-নির্ব্বাহক সমিতির সভ্যগণ রবীন্দ্র বাবুর মতের অনুমোদন করায় সম্প্রতি বিদ্যাপতির পদাবলীর সংস্কবণ-প্রণয়নের অভিপ্রায় পরিত্যক্ত হইয়াছে।

(২) পারিভাষিক সমিতি।—এই সমিতিব সংক্ষিপ্ত ইতিহাস প্রথম বার্ষিক বিবরণীর তৃতীয় পৃষ্ঠায় প্রদত্ত হইয়াছে। সংক্ষেপে বলিতে গেলে বঙ্গীয় সাহিত্য পরিষদেব প্রথম বর্ষের তৃতীয অধিবেশনে (১৩০১ সালেব ১৪ই শ্রাবণের অধিবেশনে) শ্রীযুক্ত রজনীকান্ত গুপ্ত মহাশয়ের প্রস্তাবমত বিজ্ঞান, ভূগোল, গণিত প্রভৃতি বিষয়ের পারিভাষিক শব্দ প্রণয়নের নিমিত্ত এই সমিতির সৃষ্টি হয়।

(ক) ভৌগোলিক পরিভাষা সমিতি।—পারিভাষিক সমিতি প্রথমতঃ 'ভৌগোলিক পবিভাষা অর্থাৎ ইংবাজী ভূগোলে ব্যবহৃত পারিভাষিক শব্দের প্রতিশব্দ প্রণয়নে মনোনিবেশ করেন। গতবর্ষে ঐ পরিভাষা প্রণয়ন সম্পন্ন হইয়াছে। নিম্নলিখিত ব্যক্তিগণ এই সমিতির সভ্য আছেন।

১। শ্রীযুক্ত বাবু কৃষ্ণকমল ভট্টাচার্য্য বি, এল্।
২। মাননীয় বিচারপতি গুরুদাস বন্দ্যোপাধ্যায় এম্, এ, ডি, এল্।
৩। শ্রীযুক্ত বাবু রবীন্দ্রনাথ ঠাকুব।
৪। ,, ,, বিপিনবিহারী গুপ্ত এম্, এ।
৫। ,, ,, শাবদারঞ্জন রায় এম্, এ।
৬। ,, ,, রামেন্দ্রসুন্দর ত্রিবেদী এম্, এ।
৭। ,, ,, বজনীকান্ত গুপ্ত।
৮। ,, ,, দেবেন্দ্রনাথ মুখোপাধ্যায়।
৯। ,, ,, রাজেন্দ্রচন্দ্র শাস্ত্রী এম, এ।

১০। শ্রীযুক্ত বাবু মাধবচন্দ্র চট্টোপাধ্যায়।

১১। শ্রীযুক্ত পণ্ডিত মহেন্দ্রনাথ বিদ্যানিধি।

গতবর্ষে (১৩০৩) এই সমিতির একটি মাত্র অধিবেশন হইয়াছিল। ঐ অধিবেশনে এই সমিতির কার্য্য অর্থাৎ ভৌগোলিক পরিভাষা প্রণয়ন কার্য্য সমাপ্ত হইয়া গিয়াছে। পরিভাষা স্বতন্ত্র পুস্তকাকারে মুদ্রিত হইয়া বিক্রীত হইতেছে। এই সমিতির সভ্য ব্যতীত পরিষদের অন্যান্য যে সকল সভ্য পত্র দ্বারা স্ব স্ব মত অভিব্যক্ত করিয়া এই পরিভাষা প্রণয়নে সহায়তা করিয়াছিলেন, তাঁহাদের মধ্যে শ্রীযুক্ত অপূর্ব্বকৃষ্ণ দত্ত, শ্রীযুক্ত জ্যোতিরিন্দ্র নাথ ঠাকুর প্রভৃতির নাম বিশেষ রূপে উল্লেখ যোগ্য। কলিকাতাস্থ সংস্কৃত কলেজের জ্যোতিঃশাস্ত্রাধ্যাপক শ্রীযুক্ত পঞ্চানন সাহিত্যাচার্য্য মহাশয় ও শ্রীযুক্ত রাজেন্দ্রচন্দ্র শাস্ত্রি কর্ত্তৃক অনুরুদ্ধ হইয়া এই পরিভাষা প্রণয়নে বিশেষ সহায়তা করিয়াছেন। সর্ব্বশেষে মাননীয় বন্দ্যোপাধ্যায় মহাশয় এই ব্যাপারে যেরূপ যত্ন ও ঐকান্তিকতা দেখাইয়াছেন, তাহাতে পরিষদ্ তাঁহার নিকট বিশেষরূপে কৃতজ্ঞ আছেন।

শ্রীযুক্ত বাবু যোগেন্দ্রচন্দ্র ঘোষ প্রমুখ কতক গুলি সভ্য পরিষদের মীমাংসিত পরিভাষার তালিকা আলোচনা করিয়া কয়েকটী প্রবন্ধ লিখিয়াছেন, প্রবন্ধগুলি যথাকালে পরিষৎপত্রিকায় মুদ্রিত ও আলোচিত হইবে। আশা করা যায়, ঐরূপ আলোচনায় ফলে মুদ্রিত তালিকার অবিশুদ্ধি ও অসম্পূর্ণতা দূরীভূত হইবে।

(খ) উদ্ভিদ্ পরিভাষা সমিতি।—এই সমিতির সংক্ষিপ্ত ইতিহাস, ১৩০২ সালের বার্ষিক বিবরণীর পঞ্চম পৃষ্ঠায় প্রদত্ত হইয়াছে। এই সমিতির সভ্যগণ।—

১। ডাক্তার শ্রীঅমূল্যচরণ বসু এম্, বি।

২। ,, শ্রীচন্দ্রশেখর কালী এল্, এম্ এস্।

৩। কবিরাজ শ্রীলক্ষ্মীনারায়ণ রায়।

৪। ,, শ্রীমনোমোহন সেন গুপ্ত কবিবর।

৫। শ্রীযুক্ত বাবু গিরীশচন্দ্র বসু এম্, এ, বি, এস্।

৬। ,, ,, নগেন্দ্রনাথ বসু।

৭। ,, ,, রাজেন্দ্রচন্দ্র শাস্ত্রী এম্, এ।

৮। শ্রীযুক্ত পণ্ডিত শ্রীমহেন্দ্রনাথ বিদ্যানিধি।

গত বৎসর ১৪ই বৈশাখ তারিখে এই সমিতির একটি অধিবেশন হইয়াছিল। ঐ অধিবেশনে ২৫টী ইংরাজী শব্দের বাঙ্গালা প্রতিশব্দ স্থির করিবার ভার সভ্যদিগের উপর অর্পিত হয়। এই সমিতির কার্য্য আর অধিক দূর অগ্রসর হয় নাই।

(গ) ঐতিহাসিক সমিতি।—গত বর্ষে পরিষদের ২৯শে ভাদ্র তারিখের পঞ্চম মাসিক অধিবেশনে শ্রীযুক্ত মহেন্দ্রনাথ বিদ্যানিধি মহাশয়ের প্রস্তাবে ভারত বর্ষের ইতিহাসে উল্লিখিত মুসলমান সম্রাটগণের নামের প্রকৃত বাঙ্গালা বর্ণযোজনা ও ঐতিহাসিক ঘটনা সমূহের কাল নিরূপণ করিবার নিমিত্ত এই সমিতির সৃষ্টি হয়। ইহার বর্ত্তমান সভ্য সংখ্যা ১৪ জন। নিম্নে সভ্যদিগের নাম প্রদত্ত হইল ;—

১। শ্রীযুক্ত পণ্ডিত মহেন্দ্রনাথ বিদ্যানিধি।
২। শ্রীযুক্ত বাবু ক্ষীরোদচন্দ্র রায় চৌধুরী এম্, এ।
৩। „ „ হারাণচন্দ্র বন্দ্যোপাধ্যায় এম্, এ, বি, এল।
৪। „ „ নগেন্দ্রনাথ বসু।
৫। „ „ রজনীকান্ত গুপ্ত।
৬। „ „ যজ্ঞেশ্বর বন্দ্যোপাধ্যায়।
৭। „ „ হরিসাধন মুখোপাধ্যায়।
৮। „ „ ব্যোমকেশ মুস্তফী।
৯। „ „ কৃষ্ণচন্দ্র রায়।
১০। „ „ ইন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় বি, এল্।
১১। „ „ যদুগোপাল চট্টোপাধ্যায়।
১২। „ „ পঞ্চানন মুখোপাধ্যায়।
১৩। „ „ কুমুদ কুমার মুখোপাধ্যায়।
১৪। „ „ প্রমথনাথ মিত্র।

গত বর্ষের ৫ই মাঘে এই সমিতির এক অধিবেশন হয়। তাহাতে স্থির হয় যে, কেবল ডাক্তার রাজেন্দ্রলাল মিত্র মহাশয়ের সংগৃহীত তালিকার উপর নির্ভর করিলে চলিবে না। পারস্যভাষাভিজ্ঞ ব্যক্তিগণের সঙ্গে যুক্তি করিয়া এইকার্য্য

সম্পাদন করিতে হইবে। তদনুসারে পারস্যভাষাভিজ্ঞ শ্রীযুক্ত বাবু কুমুদকুমার মুখোপাধ্যায় ও ফরাসী ভাষাভিজ্ঞ শ্রীযুক্ত বাবু প্রমথনাথ মিত্র মহাশয়দ্বয়কে এই সমিতিতে গ্রহণ করা হইয়াছে।

(ঙ) রাসায়নিক পরিভাষা।—জ্যোতিষিক পরিভাষার ন্যায় ইহারও কোন স্বতন্ত্র সমিতি নাই। শ্রীযুক্ত বাবু রামেন্দ্রসুন্দর ত্রিবেদী মহাশয় ১৩০২ সালে স্বতঃপ্রণোদিত হইয়া এই শাস্ত্রের পরিভাষা সঙ্কলন ও সংগঠন করিয়াছেন। উহা প্রথমতঃ পত্রিকায় মুদ্রিত হয়, পরে স্বতন্ত্র ভাবে মুদ্রিত হইয়া দেশের রসায়নবিৎ পণ্ডিতগণের নিকট সমালোচনার জন্য প্রেরিত হইয়াছে। কিন্তু এ পর্য্যন্ত কোন সমালোচনাই প্রাপ্ত হওয়া যায় নাই। আশা করা যায়, বর্ত্তমান বর্ষে তাঁহারা এবিষয়ে মনোযোগ দিতে পারিবেন।

(চ) শিল্প বিজ্ঞান পরিভাষা।—ভারতীয় শিল্প বিদ্যালয়ের (Indian Art School.) অধ্যক্ষ শ্রীযুক্ত মন্মথনাথ চক্রবর্ত্তী মহাশয়, ইংরাজী শিল্প বিজ্ঞান শাস্ত্রে ব্যবহৃত পারিভাষিক শব্দের বাঙ্গালা প্রতিশব্দ প্রণয়ন করা আবশ্যক, এই মর্ম্মে সম্পাদক মহাশয়কে এক পত্র লিখেন। কার্য্য নির্ব্বাহক সমিতির ১৭ই ফাল্গুনের ত্রয়োদশ অধিবেশনে ঐ পত্র পঠিত হয় ও উক্ত প্রস্তাব বিবেচনার্থ পরিভাষিক সমিতির হস্তে ন্যস্ত হউক, এইরূপ মন্তব্য লিপিবদ্ধ হয়। নানা কারণ বশতঃ ঐ বিষয় বিচারের নিমিত্ত পারিভাষিক সমিতির অদ্যাপি কোন অধিবেশন হয় নাই। শীঘ্রই হইবে, এরূপ আশা করা যায়।

বঙ্গানুবাদ।

(১) অ্যানালিটিক্যাল্ জিওমেট্রির বঙ্গানুবাদ।—বিদেশীয় গণিত বিজ্ঞানাদির অনুবাদ দ্বারা বঙ্গীয় সাহিত্যের অঙ্গ পরিপুষ্ট করাও পরিষদের উদ্দেশ্য মধ্যে পরিগণিত। এতদিন এসম্বন্ধে কোন কার্য্য অনুষ্ঠিত হয় নাই। সম্প্রতি বীরভূম জেলার অন্তর্গত কীর্ণাহার স্কুলের দ্বিতীয় শিক্ষক শ্রীযুক্ত বাবু কালীপ্রসন্ন মুখোপাধ্যায় বি, এ, মহাশয় অ্যানালিটিক্যাল্ জিওমেট্রি অর্থাৎ সবিশ্লেষ জ্যামিতি শাস্ত্র বিষয়ে বাঙ্গালা ভাষায় একখানি পুস্তক রচনা করিয়া

পরিষৎপত্রিকায় মুদ্রণের নিমিত্ত ঐ পুস্তকখানি সম্পাদকের নিকট প্রেরণ করেন। গত ২৭শে পৌষের কার্য্যনির্ব্বাহক সমিতির একাদশ অধিবেশনে সম্পাদক ঐ বিষয় সভ্যদিগের গোচর করেন ও তাঁহাদের মতানুসারে পরবর্ত্তী অর্থাৎ ৪ঠা মাঘের ৮ম মাসিক অধিবেশনে ঐ বিষয়টি উপস্থিত করেন। সভ্যগণ অ্যানালিটিক্যাল জিওমেটরি সম্বন্ধে বাঙ্গালা গ্রন্থের আবশ্যকতা স্বীকার করেন ও বর্ত্তমান গ্রন্থখানি পরিষৎকর্ত্তৃক মুদ্রণের যোগ্য কিনা, তাহা অবধারণ করিবার ভার নিম্নলিখিত ছয় জন সভ্যের উপর অর্পন করিয়াছেন।—

(১) মাননীয় শ্রীযুক্ত গুরুদাস বন্দ্যোপাধ্যায় এম্, এ, ডি, এল্।
(২) শ্রীযুক্ত বাবু আশুতোষ মুখোপাধ্যায় এম, এ, ডি, এল্।
(৩) „ „ হারাণচন্দ্র বন্দ্যোপাধ্যায় এম, এ, বি, এল্।
(৪) „ „ বিপিন বিহারি গুপ্ত এম্, এ।
(৫) „ „ রাজেন্দ্র চন্দ্র শাস্ত্রী এম্, এ।
(৬) „ „ রামেন্দ্র সুন্দর ত্রিবেদী এম্, এ।

গ্রন্থখানি উপরিউক্ত সভ্যগণের মতে মুদ্রণের যোগ্য বলিয়া বিবেচিত হইলে, গ্রন্থকার কি কি নিয়মে উহা পরিষদ্‌কে মুদ্রিত করিতে দিতে স্বীকৃত আছেন তদ্বিষয়ে তাঁহার মত অবগত হইয়া মাসিক অধিবেশনে সভ্যদিগের গোচর করিবার ভার সম্পাদকের উপর ন্যস্ত হইয়াছে। এ পর্য্যন্ত কেবল দুইজন সভ্য অর্থাৎ মাননীয় গুরুদাস বন্দ্যোপাধ্যায় ও শ্রীযুক্ত বাবু হারাণচন্দ্র বন্দ্যোপাধ্যায় মহাশয় গ্রন্থখানি পরীক্ষা করিয়া উহার অনুকূলে মত দিয়াছেন। উহা এক্ষণে রামেন্দ্র সুন্দর বাবুর নিকট প্রেরিত হইয়াছে। সকলের মতামত পাইলে এ সম্বন্ধে যাহা কর্ত্তব্য তাহা অনুষ্ঠিত হইবে।

৪। বিশ্ব-বিদ্যালয়ের বাঙ্গালা প্রচলন।

বিশ্ব বিদ্যালয়ে বাঙ্গালা প্রচলন সম্বন্ধে পরিষদ্ যে সকল উপায় অবলম্বন করিয়াছেন, তাহার বিবরণ গত বার্ষিক বিবরণীতে প্রদত্ত হইয়াছে (১৩০২ সালের বার্ষিক বিবরণী ৩। ৪ পৃষ্ঠা)। বিশ্ববিদ্যালয়ের Facaulty of Arts সভা পরিষদের প্রস্তাব বিবেচনা করিবার ভার যে সমিতির উপর অর্পন করেন

সেই সমিতি স্থির করিয়াছেন যে পরীক্ষার্থীরা ইচ্ছা করিলে এফ্, এ, ও বি, এ, পরীক্ষায় নিরূপিত বিষয় ব্যতীত বাঙ্গালা রচনা বিষয়ে পরীক্ষা দিতে পারিবেন, ও পারদর্শিতা দেখাইতে পারিলে এক একখানি প্রশংসা পত্র পাইবেন। আর্ট-সভার এই মীমাংসা বিশ্ববিদ্যালয় গ্রহণ করিয়াছেন, সুতরাং ঐ সমিতি ও বিশ্ববিদ্যালয়ের সভ্যগণের প্রতি পরিষদ্ আন্তরিক কৃতজ্ঞতা প্রকাশ করিতেছেন।

বিশ্ববিদ্যালয়ের এই মীমাংসা পরিষদের পক্ষে বড়ই সন্তোষজনক। কারণ এই মীমাংসানুসারে কার্য্য হইলে বিশ্ববিদ্যালয়ের ছাত্রদিগের মধ্যে যে বাঙ্গালা সাহিত্যের উপর যত্ন ও অনুরাগ বৃদ্ধি হইবে, তাহার সন্দেহ নাই। সুতরাং পরিষদ্ এতদিন এ বিষয় লইয়া যে আন্দোলন করিয়াছেন তাহা আংশিক সফল হইয়াছে বলিতে হইবে। যে সকল সভ্য এই আন্দোলনে যোগদান করিয়াছিলেন তাঁহারাও এ জন্য পরিষদের বিশেষ ধন্যবাদের পাত্র।

পরীক্ষায় পারিতোষিক ও রাজা বিনয়কৃষ্ণ।—পরিষদের প্রস্তাব বিশ্ববিদ্যালয়ে বিচারার্থ প্রেরিত হওয়ার অব্যবহিত পরেই পরিষদের অন্যতম সভ্য ও বিশিষ্ট রূপ হিতাকাঙ্ক্ষী শ্রীযুক্ত রাজা বিনয়কৃষ্ণ দেব বাহাদুর, ঐ প্রস্তাব সম্ভবতঃ বিশ্ববিদ্যালয়ের অনুমোদিত হইবে, এই জ্ঞানে এফ্, এ ও বি, এ, পরীক্ষায় যে সকল ছাত্র বাঙ্গালা সাহিত্যে (রচনায়) প্রশংসনীয় অভিজ্ঞতা দেখাইবেন, তাঁহাদিগকে পারদর্শিতা অনুসারে ৫০৲ টাকা করিয়া কয়েকটী বৃত্তি দিবেন এইরূপ সংকল্প পরিষদের গোচর করেন এবং এইরূপ পারিতোষিক দানের প্রথা বাঙ্গালা চর্চ্চা বৃদ্ধির পক্ষে ফলোপধায়িনী হইলে পারিতোষিকের সংখ্যা ও মাত্রা বৃদ্ধি করিবেন, এরূপ অভিপ্রায় প্রকাশ করেন। বলা বাহুল্য রাজা বাহাদুরের এই প্রস্তাব তাঁহার বদান্যতা ও বিদ্যোৎসাহিতার একটি প্রমাণ। এক্ষণে যখন বিশ্ববিদ্যালয় বাঙ্গালা সাহিত্যের অনুকূলে মত দিয়াছেন, তখন রাজা বাহাদুরের সংকল্প কার্য্যে পরিণত হইবার পক্ষে আর কোন অন্তরায় দেখা যায় না। এই সংকল্পের নিমিত্ত রাজা বাহাদুর পরিষদের বিশেষ ধন্যবাদার্হ। আশা করা যায় যে, পরিষদের অন্যান্য বদান্য, বিদ্যোৎসাহী সভ্য ও বঙ্গ সাহিত্যানুরাগিগণ রাজা বাহাদুরের সদ্দৃষ্টান্তের অনুসরণ করিবেন।

৪। শিক্ষা সমিতি।

—:: —

উদ্দেশ্য ও গঠন।—গতবর্ষের তৃতীয় মাসিক অর্থাৎ ১৯শে আষাঢের অধিবেশনে পরিষদের অন্যতম সহকাবী সভাপতি শ্রীযুক্ত বাবু নবীনচন্দ্র সেন বি, এ, মহাশয়ের প্রস্তাবে ও উপস্থিত সভাবৃন্দের অনুমোদনে, বর্ত্তমান প্রাথমিক ও উচ্চ শিক্ষা প্রণালীব সংশোধনার্থ এই সমিতি গঠিত হয ও সমিতির মন্তব্য মাসিক অধিবেশনে সভ্যবর্গেব অনুমোদিত হইলে উহা লিপিবদ্ধ কবিয়া শিক্ষা বিভাগের অধ্যক্ষ মহোদযের নিকট ও বিশ্ববিদ্যালয়ের সেনেট্ সভায় এক একখানি আবেদন প্রেবণ কবিতে হইবে এইরূপ নিদ্ধারিত হয়।

নিম্নলিখিত ব্যক্তিগণ এই সমিতির সভ্য নিযুক্ত হন ;—

১। শ্রীযুক্ত বাবু চন্দ্রনাথ বসু এম্, এ, বি, এল্।
২। মাননীয শ্রীযুক্ত গুরুদাস বন্দ্যোপাধ্যায এম্, এ, ডি, এল্।
৩। সাব্ বমেশ চন্দ্র মিত্র নাইট।
৪। বাজা বিনয়কৃষ্ণ দেব বাহাদুর।
৫। শ্রীযুক্ত বায যতীন্দ্রনাথ চৌধুবী এম্, এ, বি, এল্।
৬। শ্রীযুক্ত বাবু হীবেন্দ্রনাথ দত্ত এম, এ, বি, এল্।
৭। „ „ নবীনচন্দ্র সেন বি, এ।
৮। „ „ বামেন্দ্রসুন্দর ত্রিবেদী এম্, এ।
৯। „ „ উমেশচন্দ্র দত্ত এম্, এ।
১০। „ „ ঈশানচন্দ্র ঘোষ এম্, এ।
১১। „ „ বাজেন্দ্রচন্দ্র শাস্ত্রী এম্, এ।
১২। „ „ গিবীশচন্দ্র বসু এম্ এ, এফ, সি, এস্।
১৩। „ „ আনন্দমোহন বসু (ব্যাবিষ্টাব)
১৪ „ „ নগেন্দ্রনাথ ঘোষ (ব্যাবিষ্টাব)
১৫। „ „ মতিলাল ঘোষ।
১৬। „ „ বজনীকান্ত গুপ্ত :
১৭। „ „ বাজকৃষ্ণ বায চৌধুবী।
১৮। „ „ রবীন্দ্রনাথ ঠাকুব।

১৯। শ্রীযুক্ত বাবু নগেন্দ্রনাথ বসু।

২০। „ „ ক্ষেত্রমোহন সেনগুপ্ত বিদ্যারত্ন।

২১। „ পণ্ডিত মহেন্দ্রনাথ বিদ্যানিধি।

সমিতির কার্য্য।—গতবর্ষে এই সমিতির ১১টি অধিবেশন হইয়াছিল, তন্মধ্যে প্রথম ৫টি অধিবেশনে নিম্ন ও উচ্চ প্রাথমিক এবং মধ্য বাঙ্গালা ও মধ্য ইংরাজী পরীক্ষাসমূহের পাঠ্যাদি সম্বন্ধে কি কি পবিবর্ত্তন প্রার্থনীয়, তাহা স্থির করিয়া সমিতি একটী মন্তব্য প্রকাশ করেন। ঐ মন্তব্য অনুসারে শিক্ষা-বিভাগের অধ্যক্ষের উদ্দেশ্যে একটী আবেদনের পাণ্ডুলিপি প্রস্তুত হয়।

বিশেষাধিবেশন।—উক্ত পাণ্ডুলিপি বিবেচনা করিবার জন্য গত-বর্ষে ২৫শে অগ্রহায়ণ তাবিখে পবিষদেব একটি বিশেষ অধিবেশন আহূত হয়। কিন্তু এই অধিবেশনের পূর্ব্বে যথা সময়ে ঐ পাণ্ডুলিপি পরিষদেব সমস্ত সভ্যের হস্তগত না হওযায় উহা তৎপববর্ত্তী ৭ম মাসিক অধিবেশনে বিবেচিত হইবে এইরূপ স্থিব হয। তদনুসাবে গত ২৯শে অগ্রহায়ণের ৭ম মাসিক অধিবেশনে ঐ পাণ্ডুলিপি বিচাবিত ও কিঞ্চিৎ পরিবর্ত্তিত ভাবে গৃহীত হয। পরে সভাপতি মহাশয় কর্ত্তৃক ১৩০৩। ২বা পৌষ তাবিখে (১৮৯৬। ১৬ই ডিসেম্বর) ঐ আবেদন পত্র শিক্ষাবিভাগের অধ্যক্ষের নিকট প্রেরিত হয। অধ্যক্ষমহোদয ১৩০৩। ২১শে মাঘ (১৮৯৭। ২বা ফ্রেব্রুয়ারী) তাবিখে উহাব উত্তরে সভাপতি মহাশয়কে এক পত্র লিখিযাছেন। এস্থলে আবেদন ও তাহার উত্তর উভযই প্রদত্ত হইল।

FROM

BABU CHUNDER NATH BOSE, M. A., B. L.

President, Bangiga Sa'hitya Parishad.

To

THE DIRECTOR OF PUBLIC INSTRUCTION,

Bengal.

,RIS

I. On behalf of the Bangiya Sahitya Parishad I beg leave to submit this memorial for your consideration.

2. I should at the outset state for your information that the Bangiya Sahitya Parishad is a literary association established on the 8th Sraban, 1300 B S. (23rd July, 1893), chiefly for the improvement of the Bengali language and literature and it includes amongst its members many of the best writers in Bengali and other leading members of the native community of Bengal. A list of the members of the Parishad is herewith submitted.

3. At a meeting of the Parishad held on the 29th Ashar, 1303 B. S (12th July, 1896), on the motion of Babu Nabin Chandra Sen, one of its Vice-Presidents, who in his capacity as Deputy Magistrate and Deputy Collector has had considerable experience of the working of Vernacular Schools in the

muffassil, a Committee* consisting of the members named below was appointed to draw up two memorials, one to be addressed to you and the other to the Syndicate of the Calcutta University, embodying suggestions for altering the rules and regulations relating to our Public Examinations in such a manner as might be deemed necessary; and the memorial now submitted to you is one of these two, adopted by the Parishad at a meeting held on the 13th December 1896.

4 The Parishad respectfully begs to submit that, considering the ages at which students generally appear at the Lower Primary, Upper Primary, and Middle Scholarship Examinations, the courses of study fixed for those Examinations are a little too long for the candidates thoroughly to read, and some of the subjects prescribed are a litle too difficult for them properly to understand. In saying this the Parishad does not overlook the fact that a certain amount of reading is necessary to enable the student to acquire even a moderate knowledge of the written language of his country, and that the subjects to which it takes exception deal with

---

1 Babu Chunder Nath Bose, M A, B L. (*President*)
2 „ Nabin Chandra Sen, B, A, (*Vice President.*)
3 „ Rabindra Nath Tagore,
4 Hon'ble Justice Guru Das Banerji, M. A. D L.
5 Sir Rames Chandra Mitra, kt
6 Raja Binay Krishna Deb Bahadur
7. Hon'ble A. M Bose, M A (*Bar-at-Law*)
(খ) কৃষ্ণভাবিনী বসু মল্লিক পুরস্কার—এই পুরস্কার প্রবন্ধের বিষয় "আর্য্য হিন্দুজাতির সমাজ-বন্ধন"। পুরস্কারের পরিমাণ ৫০০৲ পাঁচ শত টাকা এবং পরীক্ষক মহাশয়দিগের মতানুসারে প্রবন্ধ মুদ্রণের ব্যয় স্বরূপ ১৫০৲ দেড় শত টাকা। আলোচ্য বর্ষে উক্ত বিষয়ের ৫টি প্রবন্ধ সম্পাদকের হস্তগত হইয়াছে। কয়েকজন প্রবন্ধলেখকের প্রার্থনা মতে কার্য্য-নির্ব্বাহক-সমিতি উক্ত প্রবন্ধ রচনার কাল ১৩০৫ সালের আষাঢ় মাসাবধি বৃদ্ধি করিয়া দিয়াছেন। নিম্নলিখিত ব্যক্তিগণ উক্ত প্রবন্ধের পরীক্ষকরূপে নির্ব্বাচিত হইয়াছেন।

১। শ্রীযুক্ত চন্দ্রনাথ বসু এম্, এ, বি, এল।
২। মাননীয় শ্রীযুক্ত গুরুদাস বন্দ্যোপাধ্যায় এম্, এ, ডি, এল্।
৩। মহামহোপাধ্যায় শ্রীযুক্ত মহেশচন্দ্র ন্যায়রত্ন সি, আই, ই,।
৪। শ্রীযুক্ত বাবু যোগেন্দ্রচন্দ্র ঘোষ।
৫। ,, রাজেন্দ্রচন্দ্র শাস্ত্রী এম্, এ।
৬। ,, রবীন্দ্রনাথ ঠাকুর।
৭। ,, হীরেন্দ্রনাথ দত্ত এম্, এ, বি, এল্।

পারিতোষিকদাতা শ্রীযুক্ত মন্মথনাথ বসু মল্লিক মহাশয়ের বদান্যতা ও বিদ্যোৎসাহিতা জন্য পরিষদ্ তাঁহাকে ধন্যবাদ দিতেছেন।

পরিষদের শাখা-সমিতি—পরিষদের মুখ্য উদ্দেশ্য সাধনার্থ নানা বিষয়ে কয়েকটি বিভিন্ন শাখা-সমিতি প্রতিষ্ঠিত হইয়াছে। তাহাদের প্রত্যেকের নাম,

উদ্দেশ্য, গঠন ও সংক্ষিপ্ত-কার্য্য-বিবরণ নিম্নে প্রদত্ত হইতেছে। পূর্ব্ব পূর্ব্ব বর্ষে পরিষদের সাধারণ-সম্পাদকই প্রত্যেক শাখা-সমিতির সম্পাদক নিযুক্ত ছিলেন। আলোচ্য বর্ষে এই নিয়ম পরিবর্ত্তিত হইয়া এ বিষয়ে এইরূপ বিধান হইয়াছে যে, প্রত্যেক শাখা-সমিতির আবশ্যক মত স্বতন্ত্র সভাপতি ও সম্পাদক পরিষদের সাধারণ অধিবেশনে নিয়োজিত হইবেন। তদনুসারে আলোচ্য বর্ষে বিভিন্ন শাখা-সমিতি সমূহেব ভিন্ন ভিন্ন সম্পাদক নিয়োজিত হইয়াছেন। কোন সমিতির ফলাফলের জন্য সেই সমিতির সম্পাদকই এখন দায়ী।

(১) গ্রন্থপ্রকাশ-সমিতি—১৩০২ সালের ২৪শে আষাঢ়ের মাসিক অধিবেশনে বাঙ্গালা ভাষায় রচিত প্রাচীনকাব্য ও অন্যান্য সারগর্ভ গ্রন্থ প্রকাশের নিমিত্ত এই সমিতির সৃষ্টি হয়। এই সমিতির সম্পাদক শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু, রাজা বিনয়কৃষ্ণ দেব বাহাদুব ইহার ধন রক্ষকের কার্য্যে নিযুক্ত আছেন। এই সমিতিব বর্ত্তমান সভ্যগণের নাম—

সাহিত্য-পবিষদের সভাপতি, সহ-সভাপতিত্রয়, সম্পাদক, সহ-সম্পাদকদ্বয়, শ্রীযুক্ত রাজা বিনয়কৃষ্ণ দেব বাহাদুব, শ্রীযুক্ত রায় যতীন্দ্রনাথ চৌধুরী এম্ এ, বি-এল্, শ্রীযুক্ত নগেন্দ্রনাথ ঘোষ (ব্যাবিষ্টর,) শ্রীযুক্ত বামেন্দ্রসুন্দর ত্রিবেদী এম্ এ, শ্রীযুক্ত রজনীকান্ত গুপ্ত, শ্রীযুক্ত মনোমোহন বসু, শ্রীযুক্ত রাজেন্দ্রচন্দ্র শাস্ত্রী ও শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু (সম্পাদক।)

আলোচ্য বর্ষে এই সমিতির দুইটি অধিবেশন হইয়াছিল। সমিতির মন্তব্যানুসারে শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু মহাশয় "অন্ধকবি ভবানীপ্রসাদেব দুর্গামঙ্গল," ও "বিজয় পণ্ডিতের মহাভাবতের" সম্পাদন কার্য্যের ভার গ্রহণ করিয়াছেন। শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু মহাশয় এই মহাভাবতের দুই খানি প্রাচীন পুঁথি সংগ্রহ করিয়াছেন। বিশ্বকোষ-কার্য্যালয়ে সংগৃহীত তিন খানি পরাগলি মহাভাবতেব সহিত উক্ত দুই খানি পুঁথিব মেলন করিয়া সম্পাদন করা হইয়াছে। ঐ মহাভাবতের প্রতিলিপি প্রস্তুত হইয়া দ্রোণপর্ব্ব পর্য্যন্ত মুদ্রিত হইয়াছে। বোধ হয় ১৩০৫ সালের আষাঢ় মাসের মধ্যে এই প্রাচীনতম মহাভারত মুদ্রিত হইয়া বিক্রয়ার্থ প্রস্তুত হইবে। দুর্গামঙ্গলেব প্রতিলিপি মুদ্রণেব জনা প্রস্তুত হইয়াছে। মুদ্রণেব পূর্ব্বে একবার আদর্শ পুঁথির সহিত পাঠের মেলন করিয়া দেওয়া আবশ্যক। আদর্শ-পুঁথি সম্প্রতি হস্তান্তরিত হওয়ায় দুর্গামঙ্গলের মুদ্রণকার্য্য

স্থগিত রাখিতে হইয়াছে। শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু মহাশয় দুর্গামঙ্গল ও মহাভারতের সম্পাদন কার্য্যের ভার গ্রহণ করাতে পরিষদ তাঁহাকে ধন্যবাদ দিতেছেন।

কৃত্তিবাসী রামায়ণ, কাশীদাসী মহাভারত, কবিকঙ্কণ চণ্ডী, রামমোহনের রামায়ণ প্রভৃতি প্রাচীন গ্রন্থ সম্পাদনের ভার ভিন্ন ভিন্ন শাখা-সমিতির উপর অর্পিত হইয়াছে। সম্পাদনকার্য্য অগ্রসর হইয়া মুদ্রণের উপযুক্ত হইলে গ্রন্থ-প্রকাশ-সমিতি ঐ ঐ গ্রন্থ মুদ্রণের ব্যবস্থা করিবেন।

(২) কৃত্তিবাসী রামায়ণ-সমিতি—কৃত্তিবাসী রামায়ণের একটি বিশুদ্ধ ও পাঠবিবেকযুক্ত সংস্করণ প্রকাশিত করিবার জন্য ১৩০২ সালের ২৪শে আষাঢ়ে এই সমিতি গঠিত হয়। এই সমিতির সম্পাদক শ্রীযুক্ত হীরেন্দ্রনাথ দত্ত। সমিতির বর্ত্তমান সভ্যগণের নাম :—

১। শ্রীযুক্ত হীরেন্দ্রনাথ দত্ত এম্, এ, বি, এল্।
২। „ শারদারঞ্জন রায় এম্, এ।
৩। „ রামেন্দ্রসুন্দর ত্রিবেদী এম্, এ।
৪। „ অমৃতকৃষ্ণ মল্লিক বি, এল্।
৫। „ নরেন্দ্রনাথ মিত্র বি, এল্।
৬। „ মনোমোহন বসু।
৭। „ নগেন্দ্রনাথ বসু।
৮। „ গোবিন্দলাল দত্ত।
৯। „ চারুচন্দ্র ঘোষ।
১০। „ শরচ্চন্দ্র সরকার।
১১। „ রাজেন্দ্রচন্দ্র শাস্ত্রী এম্, এ।
১২। „ পণ্ডিত মহেন্দ্রনাথ বিদ্যানিধি।
১৩। „ কুঞ্জলাল রায়।
১৪। „ বিজয়কেশব মিত্র।
১৫। „ অমৃতলাল বসু।
১৬। „ হাবাণচন্দ্র রক্ষিত।
১৭। „ ধনকৃষ্ণ সেন বি, এ

এই সমিতির সভ্যগণের যত্নে রামায়ণের অনেকগুলি প্রাচীন হস্তলিখিত পুঁথি ও প্রাচীন মুদ্রিত পুস্তক সংগৃহীত হইয়াছে। তন্মধ্যে ১৮০২ সালে শ্রীরামপুরে মুদ্রিত রামায়ণ গ্রন্থ ও বহু প্রাচীন কয়েক কাণ্ডের হস্তলিখিত পুঁথি সবিশেষ উল্লেখ যোগ্য। প্রাচীন পুঁথির মধ্যে ২ খানি উত্তরাকাণ্ডের পুঁথি, ১ খানি অযোধ্যাকাণ্ড ও ১ খানি লঙ্কাকাণ্ডের পুঁথি যথাক্রমে ১৫০২ শক, ১০০৯ সন ও ১০০৮ সনে লিখিত। আলোচ্য বর্ষে শ্রীরামপুরের রামায়ণ সম্পাদক কর্ত্তৃক ও উক্ত বহু প্রাচীন পুঁথি গুলি সমিতির অন্যতম সদস্য শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু মহাশয় কর্ত্তৃক সংগৃহীত হয়। ১৩০৩ সালে সমিতির হস্তে ১২৫ বৎসরের অপেক্ষা প্রাচীন পুঁথি ছিল না। আলোচ্য বর্ষে নগেন্দ্রবাবু কর্ত্তৃক সংগৃহীত ৩০০ বৎসরের অধিক প্রাচীন পুঁথিগুলি হস্তগত হওয়াতে সমিতি সম্পাদনকার্য্যে বিশেষ সহায়তা প্রাপ্ত হইয়াছেন। কৃত্তিবাস সম্ভবতঃ ৪৫০ সাড়ে চারি শত বৎসর পূর্ব্বে রামায়ণ রচনা করেন। এই ৪৫০ সাড়ে চারি শত বৎসরে তাঁহার রচিত রামায়ণ এতই রূপান্তরিত হইয়াছে যে, কৃত্তিবাসের প্রকৃত পাঠোদ্ধার অতি কঠিন ব্যাপার হইয়া পড়িয়াছে। কারণ কোন দুই খানি পুঁথিতে পরস্পর পাঠের মিল নাই। সমিতি সম্প্রতি চারি শত বৎসর পূর্ব্বের লিখিত কয়েক খণ্ড পুঁথির সন্ধান পাইয়াছেন, এবং তাহা সংগ্রহের জন্য সবিশেষ যত্ন করিতেছেন। সম্পাদন কার্য্য দ্রুততর সম্পন্ন করিবার জন্য সম্পাদক গত ফাল্গুন মাস হইতে এক জন কর্ম্মচারী নিয়োগ করিয়াছেন। আশা করা যায় আগামী বর্ষে রামায়ণের কয়েক কাণ্ড মুদ্রিত হইয়া বিক্রয়ার্থ প্রস্তুত হইবে।

আলোচ্য বর্ষে শ্রীযুক্ত হারাণচন্দ্র রক্ষিত, শ্রীযুক্ত অমৃতলাল বসু ও শ্রীযুক্ত ধনকৃষ্ণ সেন মহাশয়গণ এই সমিতিতে যোগ দান করিয়াছেন।

(৩) কাশীদাসী মহাভারত-সমিতি—কাশীদাসী মহাভারতের প্রকৃত পাঠ নির্ণয় করিয়া একটি বিশুদ্ধ সংস্করণ প্রকাশ করা এই সমিতির উদ্দেশ্য। শ্রীযুক্ত প্রফুল্লচন্দ্র বন্দ্যোপাধ্যায় মহাশয় এই সমিতির সম্পাদক। ১৩০২ সালে মহাভারত সম্পাদনের ভার পরিষদ প্রফুল্ল বাবুর উপর অর্পিত করিয়া তাঁহার সহকারীরূপে শ্রীযুক্ত গোবিন্দলাল দত্ত ও শ্রীযুক্ত মহেন্দ্রনাথ বিদ্যানিধি মহাশয়-দ্বয়কে নিযুক্ত করেন। এই তিন জন সভ্য লইয়া এই সমিতি গঠিত। আলোচ্য বর্ষে সমিতি ৩ খানি প্রাচীন পুথি সংগ্রহ করিয়াছেন। গত চৈত্র মাসে এক

খানি ৩২৫ বৎসরের প্রাচীন পুঁথি শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু মহাশয়ের হস্তগত হইয়াছে। আলোচ্য বর্ষে সমিতির সম্পাদক মহাশয়ের অসুস্থতা ও অনবকাশ-বশতঃ সমিতির কার্য্য অধিক দূর অগ্রসর হয় নাই। আশা করা যায় আগামী বর্ষে নগেন্দ্রবাবুর প্রাচীন পুঁথির সাহায্য পাইয়া সমিতির কার্য্য অনেকাংশে সুকর ও বহুদূর অগ্রসর হইবেক।

(৪) কবিকঙ্কণচণ্ডী সমিতি—১৩০৩ সালে কবিকঙ্কণচণ্ডীর বিশুদ্ধ সংস্করণ প্রণয়নের ভার প্রধানতঃ শ্রীযুক্ত পণ্ডিত মহেন্দ্রনাথ বিদ্যানিধি মহাশয়ের উপর অর্পিত হয় ও তাঁহার সাহায্যার্থ একটি সমিতি গঠিত হয়। নিম্নলিখিত ব্যক্তিগণ এই সমিতির সভ্য নিযুক্ত হইয়াছেন।—

১। শ্রীযুক্ত পণ্ডিত মহেন্দ্রনাথ বিদ্যানিধি। (সম্পাদক)
২। ,, ,, অতুলচন্দ্র গোস্বামী বিদ্যাবিনোদ।
৩। ,, বাবু অম্বিকাচরণ গুপ্ত।
৪। ,, ,, শিবাপ্রসন্ন ভট্টাচার্য্য বি, এল্।
৫। ,, ,, ব্যোমকেশ মুস্তফী।
৬। ,, ,, চণ্ডীচরণ বন্দ্যোপাধ্যায়।
৭। ,, ,, বীরেশ্বর পাঁড়ে।
৮। ,, ,, ক্ষেত্রপাল চক্রবর্ত্তী।
৯। ,, ,, নগেন্দ্রনাথ বসু।
১০। ,, ,, চারুচন্দ্র ঘোষ।
১১। ,, ,, হারাণচন্দ্র রক্ষিত।
১২। ,, ,, বাণীনাথ নন্দী।
১৩। ,, ,, অতুলচন্দ্র গোস্বামী।
১৪। ,, ,, রাজেন্দ্রচন্দ্র শাস্ত্রী।
১৫। ,, মহামহোপাধ্যায় শ্রীযুক্ত হরপ্রসাদ শাস্ত্রী।

পূর্ব্ব সংগৃহীত পুঁথি ব্যতীত আলোচ্য বর্ষে আর ৩ খানি প্রাচীন পুঁথি ও ১ খানি সুপ্রাচীন মুদ্রিত পুস্তক সমিতির হস্তগত হইয়াছে। সমিতি সম্পাদন কার্য্য আরম্ভ করিবার পূর্ব্বে আরও কয়েক খানি প্রাচীন পুঁথি সংগ্রহের চেষ্টা

করিতেছেন। শ্রীযুক্ত অম্বিকাচরণ গুপ্ত মহাশয়ের নিকট যে প্রাচীন পুঁথি আছে, তাহার প্রতিলিপির সহিত অন্যান্য প্রাচীন পুঁথির পাঠের মেলন করিয়া সমিতি সম্পাদন কার্য্যে অগ্রসর হইবেন। সমিতির সম্পাদক মহাশয়ের প্রস্তাবে আলোচ্য বর্ষে মহামহোপাধ্যায় হরপ্রসাদ শাস্ত্রী ও শ্রীযুক্ত রাজেন্দ্রচন্দ্র শাস্ত্রী এই সমিতির সদস্য নিযুক্ত হইয়াছিলেন।

এই সমিতির ব্যবহারের জন্য শ্রীযুক্ত কানাইলাল ঘোষাল ও শ্রীযুক্ত ক্ষেত্রমোহন বসু মহাশয় পুঁথি দিয়া পরিষদের কৃতজ্ঞতাভাজন হইয়াছেন।

(৫) রামমোহনের রামায়ণ সমিতি—এই সমিতির সম্পাদক শ্রীযুক্ত রামেন্দ্রসুন্দর ত্রিবেদী এম্, এ, পণ্ডিত শ্রীযুক্ত রাজেন্দ্রচন্দ্র শাস্ত্রী এম্, এ, ও পণ্ডিত শ্রীযুক্ত মহেন্দ্রনাথ বিদ্যানিধি মহাশয় সম্পাদন কার্য্যে রামেন্দ্র বাবুর সহায়তা করিতেছেন। রামমোহনের রামায়ণের ২ খানি হস্ত লিখিত পুঁথি সংগৃহীত হইয়াছে। এক খানি মুর্শিদাবাদ জেলার অন্তর্গত বেলডাঙ্গা গ্রামে ৺গোবিন্দজীবন হাজরার বাটী হইতে পরিষদের অন্যতম সদস্য শ্রীযুক্ত নীলরতন মুখোপাধ্যায় কর্ত্তৃক সংগৃহীত। দ্বিতীয় খানি গ্রন্থ-প্রণেতার ভ্রাতুষ্পুত্র শ্রীযুক্ত কালিদাস বন্দ্যোপাধ্যায়ের নিকট হইতে এই সমিতির সম্পাদক কর্ত্তৃক সংগৃহীত। ২য় গ্রন্থ খানি এক সময় গ্রন্থ-প্রণেতার নিজস্ব ছিল। ২য় পুঁথি খানি অবলম্বনে সম্পাদক উক্ত রামায়ণের মুদ্রণোপযোগী এক প্রতিলিপি প্রস্তুত করিয়াছেন। উহা পরিষৎ-কার্য্যালয়ে রক্ষিত আছে। রামমোহনের রামায়ণ অপেক্ষাকৃত আধুনিক গ্রন্থ। পরিষদ্ অনেকগুলি প্রাচীনতর গ্রন্থের উদ্ধার সাধনে উদ্‌যোগী হইয়াছেন। ঐ সকল গ্রন্থের অবিলম্বে প্রচার অত্যাবশ্যক। রামমোহনের রামায়ণ মুদ্রণে আপাততঃ পরিষদের অর্থ ব্যয় করা উচিত কি না, এই প্রশ্ন মীমাংসার জন্য সম্পাদক শীঘ্রই গ্রন্থ প্রকাশ সমিতির মত গ্রহণ করিবেন।

(৬) ঐতিহাসিক-সমিতি—১৩০৩ সালে পরিষদের পঞ্চম-মাসিক অধিবেশনে শ্রীযুক্ত মহেন্দ্রনাথ বিদ্যানিধি মহাশয়ের প্রস্তাবে ভারতবর্ষের ইতিহাসে উল্লিখিত মুসলমান সম্রাটগণের নামের প্রকৃত বাঙ্গালা বর্ণযোজনা ও ঐতিহাসিক ঘটনা সমূহের কাল নিরূপণ করিবার নিমিত্ত এই সমিতির সৃষ্টি হয়। এই সমিতির সম্পাদক শ্রীযুক্ত মহেন্দ্রনাথ বিদ্যানিধি মহাশয়। ইহার বর্ত্তমান সভ্য-সংখ্যা ১৬ ষোল জন। নিম্নে সভ্যদিগের নাম প্রদত্ত হইল

বঙ্গীয়-সাহিত্য-পরিষদের চতুর্থ বার্ষিক-বিবরণী।

বঙ্গীয-সাহিত্য-পরিষদ্ চতুর্থ বর্ষ অতিক্রম করিয়া পঞ্চম বর্ষে উপনীত হইয়াছেন। পরিষদেব কার্য্য-নির্ব্বাহক-সমিতি সভ্যবর্গ ও সাধাবণের অবগতিব জন্য চতুর্থ বর্ষ ১৩০৪ সালেব কার্য্য বিবরণ লিপিবদ্ধ কবিতেছেন।

সভ্য সংখ্যা—আলোচ্য বর্ষে ৫৮ জন নূতন সভ্য পরিষদে যোগদান কবিযাছেন, ৬ জন সভ্যেব মৃত্যু ঘটিয়াছে; এবং ২৪ জন সভ্য পদত্যাগ করিয়াছেন। ১৩০৩ সালের শেষে পরিষদেব সভ্য সংখ্যা ৩১৪ জন ছিল; আলোচ্য বর্ষেব অবসানে ঐ সংখ্যা বর্দ্ধিত হইয়া ৩৪২ জন হইয়াছে। ১৩০১ সালের প্রাবম্ভে যখন ভূতপূর্ব্ব বেঙ্গল একাডিমি অফ্ লিটারেচার পুনর্গঠিত হইয়া বর্ত্তমান বঙ্গীয়-সাহিত্য-পরিষদে পরিণত হয়, তখন ইহাব সভ্য সংখ্যা ২৯ জন মাত্র ছিল, ১৩০৪ সালেব শেষে ঐ সভ্য সংখ্যা পরিবর্দ্ধিত হইয়া ৩৪২ জন হইযাছে। ইহা যে পবিষদেব প্রতিপত্তি বলোপচয় ও তৎপ্রতি শিক্ষিত সম্প্রদাযেব আগ্রহাতিশয়েব নিদর্শন সে বিষয়ে সন্দেহ নাই। উক্ত ৫৮ জন নূতন সভ্য ব্যতীত পবিষদেব মাসিক অধিবেশনে আবও ১৪ জন যথারীতি সাধারণ সভ্য নির্ব্বাচিত হইয়াছিলেন। কিন্তু পবিবর্ত্তিত নিয়মাবলীব ৯ (খ) ধাবাব বিধানমতে তাঁহাবা নির্ব্বাচন সংবাদ প্রাপ্তিব এক মাস মধ্যে প্রবেশিকা প্রদান না কবাতে তাঁহাদিগকে সভ্য শ্রেণীভুক্ত করা হয় নাই।

বিশিষ্ট সভ্য—আলোচ্য বর্ষে বিশিষ্ট সভ্যেব সংখ্যাব হ্রাস বৃদ্ধি ঘটে নাই। বিশিষ্ট সভ্য নিয়োগ সম্বন্ধে গত পূর্ব্ব বর্ষে যে নিয়ম প্রচলিত ছিল, আলোচ্য বর্ষে তাহা পবিবর্ত্তিত হইয়াছে। আশা কবা যায় বর্ত্তমান বর্ষে কোন কোন খ্যাতনামা লেখক সাহিত্য-পরিষদেব বিশিষ্ট সভ্য নির্ব্বাচিত হইতে পারিবেন।

বিশিষ্ট সভ্যদিগের নাম যথা ;—

১। শ্রীযুক্ত চন্দ্রনাথ বসু, এম্, এ, বি, এল্।
২। ,, রাজনারায়ণ বসু।
৩। ,, হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায়, এম্, এ, বি, এল্।
৪। ,, নবীনচন্দ্র সেন, বি, এ।
৫। ,, দ্বিজেন্দ্রনাথ ঠাকুর।
৬। ,, কালীপ্রসন্ন ঘোষ রায় বাহাদুর।
৭। সার মনিয়ার উইলিয়মস্।
৮। ,, উইলিয়ম্ ওয়ডারবর্ণ।
৯। শ্রীযুক্ত জন বিমস্ এস্কোয়ার।
১০। সার ডবলিউ হণ্টার।

সভ্যের মৃত্যু—আলোচ্যবর্ষে পরিষদের যে ৬ জন সভ্য পরলোকগত হইয়াছেন, তাঁহাদিগের নাম যথা,—৺কালীপ্রসন্ন মুখোপাধ্যায়, ৺গোসাইদাস গুপ্ত, ৺ঈশানচন্দ্র বন্দ্যোপাধ্যায়, ৺চারুচন্দ্র সরকার, ৺সুরেন্দ্রনাথ রায় ও ৺নবীনচন্দ্র সেনগুপ্ত। ইঁহাদের অভাবে পরিষদ্ ক্ষতিগ্রস্ত হইয়াছেন এবং ইঁহাদের অকাল-মৃত্যু-জন্য মাসিক অধিবেশনে শোক প্রকাশ করিয়াছেন। ইঁহাদের মধ্যে ৺গোসাইদাস গুপ্ত, ৺ঈশানচন্দ্র বন্দ্যোপাধ্যায় ও ৺নবীনচন্দ্র সেনগুপ্ত পরিষদের হিতৈষী ও উৎসাহী সভ্য ছিলেন। ৺গোসাইদাস গুপ্ত ও ৺ঈশানচন্দ্র বন্দ্যোপাধ্যায় বঙ্গ সাহিত্য-সংসারে সুপরিচিত ছিলেন। পরিষদ্ আলোচ্য বর্ষের চতুর্থ মাসিক অধিবেশনে স্থির করিয়াছেন যে, পরিষৎ-পত্রিকায় তাঁহাদিগের সংক্ষিপ্ত জীবনী প্রকাশিত হইবে।

সভ্যের উপাধি প্রাপ্তি—পরিষদের অন্যতম সহকারী-সভাপতি শ্রীযুক্ত হরপ্রসাদ শাস্ত্রী ও অন্যতম সদস্য সংস্কৃত বিদ্যালয়ের অধ্যক্ষ শ্রীযুক্ত নীলমণি ন্যায়ালঙ্কার মহাশয়দ্বয় গভর্ণমেণ্ট কর্তৃক মহামহোপাধ্যায় উপাধিতে ভূষিত হওয়ায়, পরিষদ্ আলোচ্য বর্ষের অষ্টম মাসিক অধিবেশনে তজ্জন্য আনন্দ প্রকাশ করিয়াছেন।

অধিবেশন—আলোচ্য বর্ষে পরিষদের ১৩টী অধিবেশন হইয়াছে। তন্মধ্যে

নিয়মাবলী প্রণয়নে ও সংশোধনে যেরূপ যত্ন ও আয়াস স্বীকার করিয়াছিলেন, তাহাতে তাঁহারা পরিষদের বিশেষ ধন্যবাদের পাত্র।

বিশ্ব-বিদ্যালয়ে বাঙ্গালা প্রচলন—বিশ্ব-বিদ্যালয়ে বাঙ্গালা প্রচলন সম্বন্ধে পরিষদ্ ১৩০২ ও ১৩০৩ সালে যে সকল উপায় অবলম্বন করিয়াছিলেন, তাহার বিবরণ ঐ ঐ বর্ষের বিবরণীতে লিখিত হইয়াছে। পরিষদ্ এ বিষয়ে বিশ্ব-বিদ্যালয় সমীপে যে আবেদন প্রেরণ করেন, তাহার বিচারার্থ বিশ্ব-বিদ্যালয়ের 'ফ্যাকাল্‌টি অব আর্টস্' একটী সমিতি নিযুক্ত করেন। ঐ সমিতির মন্তব্যের অনুমোদন করিয়া বিশ্ব-বিদ্যালয় এ বিষয়ে এই স্থির করেন যে, পরীক্ষার্থীরা ইচ্ছা করিলে এফ্, এ, ও বি, এ, পরীক্ষার নির্দ্দিষ্ট বিষয় ব্যতীত বাঙ্গালা রচনা বিষয়ে পরীক্ষা দিতে পারিবেন এবং পরীক্ষার ফলে পারদর্শিতানুসারে এক এক খানি প্রশংসা পত্র পাইবেন। আলোচ্য বর্ষে বিশ্ব-বিদ্যালয় ঐ নিয়মানুযায়ী এফ্, এ, ও বি, এ, পরীক্ষায় বাঙ্গালা রচনা বিষয়ে পরীক্ষা গ্রহণের ব্যবস্থা করিয়াছিলেন। এ সম্বন্ধে অনুসন্ধান দ্বারা অবগত হওয়া গিয়াছে যে, আলোচ্য বর্ষে ১৫৭৫ জন এফ্, এ, পরীক্ষার্থী ও ৫৮৮ জন বি, এ, পরীক্ষার্থী বাঙ্গালা রচনা বিষয়ে পরীক্ষা দিয়াছেন। এ ঘটনা পরিষদের অতীব সন্তোষজনক। কারণ ইহা দ্বারা নিঃসংশয়রূপে প্রমাণিত হইতেছে যে, বঙ্গের শিক্ষিত সম্প্রদায়ের মধ্যে বাঙ্গালা সাহিত্যের প্রতি যত্ন ও অনুরাগ বদ্ধমূল হইয়াছে। আশা করা যায়, এই যত্ন ও অনুরাগ দিন দিন বর্দ্ধিত হইতে থাকিবে। পরিষদের আন্দোলনের ফলে যে উক্তরূপ সুফল প্রসূত হইল ইহা পরিষদের অল্প শ্লাঘার বিষয় নহে।

বিশ্ব-বিদ্যালয়ের পরীক্ষার্থীদিগের মধ্যে বাঙ্গালা রচনার উৎকর্ষ সাধন চেষ্টা যাহাতে বলবতী হয়, এই উদ্দেশ্যে পরিষদের কার্য্য-নির্ব্বাহক-সমিতি আলোচ্য বর্ষে আর একটী উপায় অবলম্বন করিয়াছিলেন। দুঃখের বিষয় সে উপায়ে সিদ্ধিলাভ ঘটে নাই। অনেকে অবগত আছেন যে, প্রবেশিকা-পরীক্ষার্থীর পক্ষে 'ড্রয়িং' বৈকল্পিক হইলেও বাঙ্গালার ডিরেক্টর মহোদয় উক্ত পরীক্ষার্থীদিগকে 'ড্রয়িং' শিক্ষার উৎকর্ষ সাধনে যত্নশীল করিবার উদ্দেশ্যে এইরূপ নিয়ম করিয়াছিলেন যে, বৃত্তিদান কালে অন্যান্য বিষয়ের ন্যায় 'ড্রয়িং' বিষয়ে পারদর্শিতাও বিবেচিত হইবে। তদনুসারে কার্য্য-নির্ব্বাহক-সমিতি তাঁহার নিকট প্রার্থনা করেন যে, বঙ্গভাষা যে সকল এফ্, এ, ও বি, এ, পরীক্ষার্থীর মাতৃভাষা, তাঁহাদিগকে বৃত্তি

দিবার সময় ডিরেক্টার মহোদয় যেন তাহাদের বাঙ্গালা রচনা বিষয়ে পারদর্শিতার প্রতি লক্ষ্য রাখিবার ব্যবস্থা করেন। ডিরেক্টার মহোদয় এ আবেদন সঙ্গত মনে করেন নাই।

শিক্ষা সংস্কার—১৩০৩ সালের ১৯শে আষাঢ়ের অধিবেশনে তদানীন্তন অন্যতম সহকারী-সভাপতি শ্রীযুক্ত নবীনচন্দ্র সেন মহাশয়ের প্রস্তাব মতে বর্ত্তমান প্রাথমিক ও উচ্চ শিক্ষা প্রণালীর সংশোধনার্থ যে শিক্ষা-সমিতি গঠিত হয়, সেই সমিতির উপর শিক্ষা বিভাগের অধ্যক্ষের নিকট ও বিশ্ব-বিদ্যালয়ের সেনেট সভায় উপস্থিত করিবার জন্য এক এক খানি আবেদন পত্র প্রস্তুত করিবার ভার অর্পিত হয়। উক্ত সমিতির সভ্যবর্গের নাম তৃতীয় বার্ষিক বিবরণীর ১৯ পৃষ্ঠায় লিখিত আছে। উক্ত সমিতির নির্দ্ধারণ মতে পরিষদ ১৩০৩ সালে শিক্ষা বিভাগের অধ্যক্ষ মহাশয়ের নিকট নিম্ন ও উচ্চ প্রাথমিক এবং মধ্য বাঙ্গালা ও মধ্য ইংরাজী পরীক্ষা সমূহের পাঠ্যাদি সংস্কার বিষয়ে যে আবেদন প্রেরণ করেন, তাহার ফলাফল উক্ত তৃতীয় বার্ষিক বিবরণীতে বিস্তৃত ভাবে লিখিত আছে।

পরিষদের প্রার্থনা মতে বাঙ্গালার ডিরেক্টার মহোদয় এতৎপ্রদেশে প্রচলিত শিক্ষা প্রণালী সম্বন্ধে যে সকল সংস্কার প্রবর্ত্তিত করিয়াছেন, তাঁহার সংবাদে প্রোৎসাহিত হইয়া পরিষদের সভ্য আসাম দেশের শিক্ষা বিভাগের অন্যতম পরিদর্শক শ্রীযুক্ত পদ্মনাথ ভট্টাচার্য্য এম্, এ, মহাশয় আসামে প্রচলিত শিক্ষা প্রণালীর সংস্কার বিষয়ে হস্তক্ষেপ করিবার জন্য আলোচ্য বর্ষে পরিষদ্‌কে অনুরোধ করেন। কার্য্য-নির্ব্বাহক সমিতি এ বিষয়ে অনুসন্ধান দ্বারা অবগত হয়েন যে, আসাম প্রদেশে বঙ্গভাষায় রচিত গ্রন্থাদি শিক্ষার্থীদিগের প্রায় ½ অংশের পাঠ্যরূপে নির্দ্দিষ্ট আছে। তাঁহাদের ইহাও ধারণা হয় যে, বাঙ্গালাদেশে প্রচলিত শিক্ষা প্রণালীর যে যে অংশে সংস্কার আবশ্যক, আসাম প্রদেশে প্রবর্ত্তিত শিক্ষা প্রণালীও সেই সেই অংশে সংশোধিত হওয়া উচিত। তদনুসারে উক্ত পদ্মনাথ ভট্টাচার্য্য মহাশয়ের পরামর্শ মতে আলোচ্য বর্ষে সম্পাদক বাঙ্গালার ডিরেক্টার মহোদয়ের সহিত ১৩০৩ সালে বাঙ্গালাদেশে প্রচলিত শিক্ষা প্রণালীর সংস্কার সম্বন্ধে পরিষদের যে পত্রাদির আদান প্রদান হইয়াছিল, সেই পত্রাদির নকল আসাম বিভাগের ডিরেক্টার মহোদয়ের নিকট পাঠাইয়া আসামে স্থানোপযোগী সংস্কার প্রবর্ত্তিত করিবার প্রার্থনা করিয়াছেন। আশা করা যায়, উক্ত

ডিরেক্টার মহোদয় এ বিষয়ে যথাকর্ত্তব্য বিধান করিয়া বাঙ্গালার ডিরেক্টার মহাশয়ের সহৃদয়তার অনুকরণ করিবেন।

পরিষদের শিক্ষা-সমিতি ১৩০৩ সালে কয়েকটি অধিবেশনে বিশ্ব-বিদ্যালয়ের শিক্ষা-প্রণালীর সংশোধন বিষয় বিশেষ ভাবে বিবেচনা করিয়া এণ্ট্রেন্স, এফ্, এ, বি, এ, ও এম্, এ, পরীক্ষার পাঠ্য বিষয়ে কি কি পরিবর্ত্তন আবশ্যক বা প্রার্থনীয় তাহা স্থির করিয়াছিলেন। পরে সমিতি বিশ্ব-বিদ্যালয়ের প্রচলিত পাঠ্যাদি পরিবর্ত্তনের উদ্দেশ্যে সিন্‌ডিকেট সভায় প্রেরণের জন্য একখানি আবেদন পত্রের পাণ্ডুলিপি প্রস্তুত করেন। আলোচ্য বর্ষের ১০ই জ্যৈষ্ঠ তারিখের বিশেষ অধিবেশনে উক্ত আবেদন পত্র সাধারণ সভা কর্ত্তৃক বিবেচিত হইয়া মাননীয় শ্রীযুক্ত গুরুদাস বন্দ্যোপাধ্যায় মহাশয়ের প্রস্তাবে ও শ্রীযুক্ত যাদবকিশোর গোস্বামী মহাশয়ের সমর্থনে অনুমোদিত ও গৃহীত হয়। পরে উক্ত আবেদন পত্র বিশ্ব বিদ্যালয়ের বিচারার্থ প্রেরিত হইয়াছিল। বিগত বার্ষিক অধিবেশনে ফ্যাকাল্‌টি অফ্ আর্টস্ উক্ত আবেদন পত্রের বিচার করিয়াছিলেন। বিচারে সংস্কৃত এম্, এ, পরীক্ষার পাঠ্য, সাহিত্য-প্রধান ও দর্শন-প্রধান এই দুই শ্রেণীতে বিভাগ বিষয়ে পরিষদের মন্তব্য গ্রাহ্য হইয়াছে, কিন্তু অন্যান্য বিষয়ে প্রার্থিত পরিবর্ত্তন বিশ্ব-বিদ্যালয়ের অনুমোদিত হয় নাই। বিশ্ব-বিদ্যালয়ের বিচার ফলে পরিষদ্ সন্তুষ্ট হইতে পারেন নাই। পরিষদের বিশ্বাস যে, বিশ্ব-বিদ্যালয়ের প্রবর্ত্তিত শিক্ষা-প্রণালীর সংশোধন না হইলে, দেশে প্রকৃত প্রস্তাবে শিক্ষার বিস্তার হইবে না।

সুখের বিষয় এ প্রদেশের শিক্ষিত ও প্রতিষ্ঠাবান্ মহাশয়গণ এ বিষয়ের আলোচনায় যত্নশীল হইয়াছেন। আলোচ্য বর্ষে পরিষদ্ ১৩০৩ সালে যে যে উদ্দেশ্যে উক্ত শাখা-সমিতি নিযুক্ত করেন, সেই সেই উদ্দেশ্য সাধনার্থ বিশ্ব-বিদ্যালয়ের অন্যতম সদস্য প্রবীণ পণ্ডিত শ্রীযুক্ত গৌরদাস বসাক মহাশয়ের যত্নে একটি শিক্ষা-সংস্কার-সমিতি প্রতিষ্ঠিত হইয়াছে। পরিষদের অনেক গণ্য মান্য সভ্য ও বিশ্ব-বিদ্যালয়ের অনেক বিশিষ্ট সদস্য উক্ত সমিতির সভ্য নির্ব্বাচিত হইয়াছেন। বঙ্গের কৃতী সুসন্তান শ্রীযুক্ত W. C Banerjee মহাশয় উক্ত সমিতির সভাপতি এবং পরিষদের অন্যতম সদস্যদ্বয় শ্রীযুক্ত ডাক্তার আশুতোষ মুখোপাধ্যায় ও শ্রীযুক্ত রায় যতীন্দ্রনাথ চৌধুরী মহাশয় উক্ত সমিতির

সম্পাদকদ্বয় নিযুক্ত হইয়াছেন। আশা করা যায়, এই সমিতি পরিষদের প্রবর্ত্তিত শিক্ষা-সংস্কার কার্য্যে পরিণত করিয়া দেশের কৃতজ্ঞতাভাজন হইবেন।

এই প্রসঙ্গে পরিষদ্ হইতে শিক্ষা-সংস্কারের প্রবর্ত্তনা বিষয়ে মাননীয় বিচারপতি শ্রীযুক্ত গুরুদাস বন্দ্যোপাধ্যায় মহাশয় যেরূপ অবিচলিত উৎসাহ ও অধ্যবসায় সহকারে শিক্ষা-সংস্কার জন্য যত্ন ও পরিশ্রম করিয়াছেন, তজ্জন্য পরিষদ্ তাঁহার নিকট আন্তরিক কৃতজ্ঞতা প্রকাশ করিতেছেন।

গত বর্ষের কর্ম্মচারিগণ।—আলোচ্য বর্ষে নিম্নোক্ত কর্ম্মচারিগণ নির্ব্বাচিত হইয়াছিলেন—

সভাপতি—শ্রীযুক্ত দ্বিজেন্দ্রনাথ ঠাকুর।

সহকারী-সভাপতিত্রয়—শ্রীযুক্ত রায় কালীপ্রসন্ন ঘোষ বাহাদুর, মহামহোপাধ্যায় শ্রীযুক্ত হরপ্রসাদ শাস্ত্রী ও শ্রীযুক্ত অক্ষয়চন্দ্র সরকার।

সম্পাদক—শ্রীযুক্ত হীরেন্দ্রনাথ দত্ত, এম্, এ, বি, এল্।

সহকারী-সম্পাদকদ্বয়—শ্রীযুক্ত কুঞ্জবিহারী বসু, বি, এ, ও শ্রীযুক্ত চারুচন্দ্র ঘোষ।

পত্রিকা-সম্পাদক—শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু।

ধন রক্ষক—শ্রীযুক্ত গোপালচন্দ্র মুখোপাধ্যায়।

গ্রন্থ-রক্ষক—শ্রীযুক্ত প্রতুলচন্দ্র বসু।

আয়-ব্যয়-পরীক্ষক—শ্রীযুক্ত মন্মথনাথ ভট্টাচার্য্য, এম্, এ, ও শ্রীযুক্ত রামেন্দ্র সুন্দর ত্রিবেদী এম্, এ।

লেখক—শ্রীযুক্ত গোবিন্দচন্দ্র মল্লিক।

সভাপতি—আলোচ্য বর্ষে বঙ্গ-সাহিত্য-সংসারে সুপ্রতিষ্ঠিত শ্রীযুক্ত দ্বিজেন্দ্রনাথ ঠাকুর মহাশয় পরিষদের সভাপতি পদে অধিষ্ঠিত ছিলেন। তিনি সবিশেষ যোগ্যতা সহকারে পদোচিত কর্ত্তব্যভার বহন করিয়াছেন। শারীরিক অসুস্থতা সত্ত্বেও তিনি পরিষদের মাসিক অধিবেশনে মনোজ্ঞ ও সারগর্ভ প্রবন্ধ পাঠ করিয়া এবং পরিষদের উন্নতিকল্পে যত্ন ও পরিশ্রম স্বীকার করিয়া পরিষদের বিশেষ কৃতজ্ঞতাভাজন হইয়াছেন।

সহকারী-সভাপতি—আলোচ্য বর্ষে সহকারী-সভাপতিগণ স্ব স্ব পদোচিত কর্ত্তব্য সাধনে যত্নের ত্রুটি করেন নাই। শ্রীযুক্ত রায় কালীপ্রসন্ন ঘোষ বাহাদুর মহাশয় পরিষদের অর্থ সংস্থানে সাহায্য করিয়া এবং সতত পরিষদের হিতার্থে সৎপরামর্শ দান ও শ্রম স্বীকার করিয়া পরিষদের ধন্যবাদের পাত্র হইয়াছেন। মহামহোপাধ্যায় শ্রীযুক্ত হরপ্রসাদ শাস্ত্রী, এম্, এ, মহাশয় বিবিধ সমিতির কার্য্যে, কার্য্য-নির্ব্বাহক-সমিতিতে এবং সাধারণ-সভায় উৎসাহ ও আন্তরিকতার সহিত যোগদান করিয়া মাসিক অধিবেশনে নানা বিষয়ক গবেষণাপূর্ণ প্রবন্ধ পাঠ করিয়া এবং পত্রিকার জন্য প্রবন্ধ রচনা, প্রাচীন পুঁথি সংগ্রহ প্রভৃতি অনেক উপায়ে পরিষদের উন্নতিকল্পে যত্নশীল হইয়া পরিষদের কৃতজ্ঞতাভাজন হইয়াছেন।

সম্পাদক—আলোচ্য বর্ষে শ্রীযুক্ত হীরেন্দ্রনাথ দত্ত এম্, এ, বি, এল্, পরিষদের সম্পাদকপদে অধিষ্ঠিত ছিলেন। তিনি কার্য্য-নির্ব্বাহক-সমিতির প্রত্যেক অধিবেশনে এবং প্রত্যেক সাধারণ-সভায় উপস্থিত থাকিয়া যথাসাধ্য নিজ কর্ত্তব্য সম্পাদন করিয়াছেন। এই জন্য পরিষদ্ তাঁহার নিকট কৃতজ্ঞ আছেন।

পত্রিকা-সম্পাদক—আলোচ্য বর্ষে বিশ্বকোষ-সঙ্কলয়িতা শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু মহাশয় পত্রিকা-সম্পাদকের কার্য্য নির্ব্বাহ করিয়াছিলেন। তাঁহার আন্তরিক যত্ন ও চেষ্টায় এবং ঐকান্তিক অধ্যবসায়ের ফলে সাহিত্য-পরিষৎ-পত্রিকার প্রভূত উন্নতি সাধিত হইয়াছে। তিনি স্বয়ং নানা বিষয়ে প্রবন্ধ রচনা করিয়া এবং দেশের খ্যাতনামা লেখক মহাশয়দিগের নিকট হইতে প্রবন্ধ সংগ্রহ করিয়া যথাকালে পরিষৎ পত্রিকা প্রকাশিত করিতে সমর্থ হইয়াছিলেন। বিশ্বকোষ সঙ্কলনরূপ গুরুতর কার্য্যে ব্যাপৃত থাকিয়াও তিনি পরিষৎ পত্রিকার পুষ্টিসাধনে ও উন্নতি বিধানে যেরূপ আন্তরিক যত্ন ও আয়াস স্বীকার করিয়াছেন, এবং প্রাচীন শব্দ-সমিতি ও গ্রন্থ-প্রকাশ-সমিতির সম্পাদক ও নানা শাখা-সমিতির সদস্যরূপে এবং প্রাচীন পুঁথি সংগ্রহের জন্য এরূপ শ্রম-স্বীকার ও অধ্যবসায় প্রদর্শন করিয়াছেন যে, পরিষদ তাঁহার নিকট বিশেষ ভাবে ঋণী হইয়াছেন।

গ্রন্থ-রক্ষক—আলোচ্য বর্ষে পরিষদের ভূতপূর্ব্ব গ্রন্থ-রক্ষক শ্রীযুক্ত প্রতুলচন্দ্র বসু মহাশয়ই ঐ পদে অধিষ্ঠিত ছিলেন। তাঁহার ঐকান্তিক যত্ন ও

অধ্যবসায়ে পরিষৎ পুস্তকালয়ের যথেষ্ট উন্নতি সাধিত হইয়াছে। উক্ত পুস্তকালয়ের বর্ত্তমান উন্নত অবস্থা তাঁহারই শ্রম ও যত্নের সাক্ষাৎ ফল। পরিষদ্ তজ্জন্য গ্রন্থ-রক্ষক মহাশয়কে ধন্যবাদ দিতেছেন।

অন্যান্য কর্ম্মচারিগণ—পরিষদের ধন-রক্ষক, আয়-ব্যয় পরীক্ষক ও সহকারী-সম্পাদকদ্বয় আলোচ্য বর্ষে স্ব স্ব কর্ত্তব্য পালনে জাগরূক থাকিয়া পরিষদের ধন্যবাদের পাত্র হইয়াছেন।

লেখক—আলোচ্য বর্ষে লেখক মহাশয় বিশেষ যত্ন ও পরিশ্রম সহকারে নিজ কর্ত্তব্য সাধন করিয়া সম্পাদককে সকল বিষয়ে যথেষ্ট সহায়তা করিয়াছেন। পরিষদ্ তজ্জন্য তাঁহার নিকট কৃতজ্ঞ আছেন।

পুস্তকালয়—আলোচ্য বর্ষে পরিষৎ-পুস্তকালয়ে ১৭৫ খানি পুস্তক ও পত্রিকার বিনিময়ে ৩৯ দফা সাময়িক পত্র সংগৃহীত হইয়াছিল। সাময়িক পত্র বাঙ্গালা, ইংরাজী, সংস্কৃত ও উৎকল ভাষায় লিখিত। ১৩০৩ সালের পুস্তকালয়ে সংগৃহীত পুস্তকের সংখ্যা ছিল ৩১৬, আলোচ্য বর্ষে এই সংখ্যা বর্দ্ধিত হইয়া ৪৯২ হইয়াছে। কার্য্য-নির্ব্বাহক সমিতি পুস্তকালয়ের নিয়মাবলী নির্দ্ধারণ করিয়া দিয়া পরিষদের কৃতজ্ঞতাভাজন হইয়াছেন। আলোচ্য বর্ষে যাঁহারা পরিষৎ পুস্তকালয়ে পুস্তক উপহার দিয়াছেন, নিম্নে তাঁহাদিগের নাম ও প্রদত্ত পুস্তকের সংখ্যা লিখিত হইল।

১।	শ্রীযুক্ত যজ্ঞেশ্বর মণ্ডল	১	খানি।
২।	,, তারাকুমার কবিরত্ন	২৪	,,
৩।	,, মহেন্দ্রনাথ মজুমদার	২	,,
৪।	,, শিবাপ্রসন্ন ভট্টাচার্য্য	১	,,
৫।	,, বলেন্দ্রনাথ ঠাকুর	১	,,
৬।	,, কালীপ্রসন্ন দাস	১	,,
৭।	,, ক্ষিতীন্দ্রনাথ ঠাকুর	২	,,
৮।	,, অচ্যুতচরণ চৌধুরী তত্ত্বনিধি	১০	,,
৯।	,, নবীনচন্দ্র সেন	১৩	,,
১০।	,, রবীন্দ্রনাথ ঠাকুর	গ্রন্থাবলী ১৫	,,
১১।	,, যোগেন্দ্রনাথ সেন, এম্, এ, বি, এল,	১	খানি।

১২।	শ্রীযুক্ত কানাইলাল ঘোষাল ..	১	খানি।
১৩।	,, সতীশচন্দ্র বিদ্যাভূষণ এম্, এ,	১	,,
১৪।	,, বিহারীলাল সরকার ..	৪	,,
১৫।	,, বসময় লাহা	১	,,
১৬।	রায় শ্রীযুক্ত যতীন্দ্রনাথ চৌধুরী, এম্ এ, বি এল্,	৩	,,
১৭।	শ্রীযুক্ত হারাণচন্দ্র রক্ষিত .. .	৬	,,
১৮।	,, রাজা বিনয়কৃষ্ণ দেব	২০	,,
১৯।	,, অমৃতলাল বসু .	২	,,
২০।	,, নগেন্দ্রনাথ বসু	১	,,
২১।	,, কিরণচন্দ্র দত্ত	১	,,
২২।	,, বসন্তকুমার মুখোপাধ্যায় ..	১	,,
২৩।	,, রসিকচন্দ্র বসু .	১	,,
২৪।	,, মহেন্দ্রনাথ বিদ্যানিধি	১	,,
২৫।	,, গণেশচন্দ্র ভট্টাচার্য্য ..	১	,,
২৬।	,, যতীন্দ্রনাথ দত্ত . . .	২	,,
২৭।	,, কৃষ্ণনারায়ণ ভৌমিক বিদ্যারত্ন	১	,,
২৮।	মহামহোপাধ্যায় শ্রীযুক্ত হরপ্রসাদ শাস্ত্রী	৩	,,
২৯।	শ্রীযুক্ত অম্বিকাচরণ গুপ্ত	৩	,,
৩০।	মাননীয় শ্রীযুক্ত রমেশচন্দ্র দত্ত—C S C I E M R A S	৯	,,
৩১।	শ্রীযুক্ত দ্বিজেন্দ্রনাথ ঠাকুর	১	,,
৩২।	,, অবিনাশচন্দ্র মুখোপাধ্যায় .	১	,,
৩৩।	,, চন্দ্রমোহন সেন .	১	,,
৩৪।	,, শোভাবাজার দাতব্য-সভা··· ··· রিপোর্ট	৬	,,
৩৫।	,, কুঞ্জলাল রায় ··· ··· ···	২	,,
৩৬।	,, বীরেশ্বর পাঁড়ে ··· ···	১১	,,
৩৭।	,, রোহিণীকুমার সেন গুপ্ত ··· .	৬	,,
৩৮।	,, খগেন্দ্রনাথ মুস্তোফী . ···	১	,,
৩৯।	,, প্রতুলচন্দ্র বসু (গ্রন্থ রক্ষক) ···	২	,,

৪০।	শ্রীযুক্ত চণ্ডীচরণ বন্দ্যোপাধ্যায়	৪	খানি।
৪১।	,, শরচ্চন্দ্র শাস্ত্রী	১	,,
৪২।	,, গিরিজানাথ মুখোপাধ্যায়	১	,,
৪৩।	,, রজনীকান্ত গুপ্ত	৪	,,
৪৪।	,, গিরীন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়... ...	১	,,
৪৫।	,, বিশ্বেশ্বর চক্রবর্ত্তী	১	,,
৪৬।	,, চুনিলাল বসু, এম্, বি, এফ্, সি, এস্, .	৩	,,
৪৭।	,, চৈতন্য-যোগ-সমাজ	২	,,
৪৮।	,, কবি হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায় ...	১	,,
৪৯।	,, হীরেন্দ্রনাথ দত্ত (সম্পাদক) ...	১ সেট ৬	,,

গ্রন্থোপহারদাতা সকলেই পরিষদের ধন্যবাদের পাত্র। ইঁহাদের মধ্যে যাঁহারা পরিষদের সভ্য নহেন, তাঁহাদের নিকট পরিষদ্ অধিকতর কৃতজ্ঞ। আশা করা যায়, পরিষদের অন্য অন্য গ্রন্থকার সভ্য মহোদয়গণ ইঁহাদের দৃষ্টান্তের অনুসরণ করিয়া পরিষৎ-পুস্তকালয়ের পুষ্টিসাধনে যত্নবান হইবেন। সভাপতি শ্রীযুক্ত দ্বিজেন্দ্রনাথ ঠাকুর মহাশয় স্ব-প্রণীত অদ্বৈতবাদ সমালোচনা নামক দার্শনিক গ্রন্থ পরিষদের সভ্যগণকে উপহার প্রদান করিয়া পরিষদের কৃতজ্ঞতাভাজন হইয়াছেন। যে সকল সাময়িক পত্রের প্রতিচালক মহোদয়গণ পত্রিকার বিনিময়ে স্ব স্ব সাময়িক পত্র পরিষৎ-পুস্তকালয়ে প্রদান করিয়াছিলেন, পরিষদ্ তাঁহাদিগকে ধন্যবাদ প্রদান করিতেছেন।

আলোচ্য বর্ষে পরিষৎ-গ্রন্থালয় হইতে সভ্যবর্গের পাঠের জন্য ৫১ সংখ্যক পুস্তক ও ৭খানি সাময়িক পত্র বাহির হইয়াছিল, ইহার বিবরণ নিম্নে প্রদত্ত হইল—

বাঙ্গালা—২৮, সংস্কৃত ও বাঙ্গালা—৪, সংস্কৃত ৪, সংস্কৃত ও ইংরাজি—১ এবং ইংরাজি—১২।

পুঁথি-সংগ্রহ—পূর্ব্ব পূর্ব্ব বর্ষের ন্যায় আলোচ্য বর্ষেও পরিষদ্ পুঁথি সংগ্রহ বিষয়ে যত্নশীল ছিলেন। সভ্য মহোদয়দিগের যত্ন ও চেষ্টায় অনেক গুলি প্রাচীন পুঁথি সংগৃহীত হইয়াছে। মহাভারত ও কবি-কঙ্কণ-চণ্ডীর পুঁথি ব্যতীত পরিষৎ-পুস্তকালয়ের জন্য যে যে পুঁথি সংগৃহীত হইয়াছে, নিম্নে তাহার তালিকা প্রদত্ত হইল।

	পুঁথির নাম।	কাহার লিখিত।	কোন্ সালে লিখিত।
১।	রামায়ণ আদি-কাণ্ড (৮৪ পাতা)	—	১১৯১ সাল।
২।	সুন্দরাকাণ্ড (সম্পূর্ণ, ৭৮ পাতা)	—	১১৭৭ সাল।
৩।	অযোধ্যাকাণ্ড (৫৬ পাতা)	—	১২০৫ সাল।
৪।	অদ্বৈতমঙ্গল	—	শক ১৭১৩।
৫।	দুর্গামঙ্গল	—	১২৩৫।
৬।	নলরাজার প্রসঙ্গ	—	১২৩৮।
৭।	সূচক (সম্পূর্ণ)	কৃষ্ণদাস কবিরাজ রচিত	—
৮।	চম্পক কলিকা	জীব গোস্বামী রচিত	—

এতদ্ব্যতীত পরিষৎ-পত্রিকার সম্পাদক শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু মহাশয় স্বতঃ প্রণোদিত হইয়া বহুল আয়াস ও অর্থব্যয় স্বীকার করিয়া নানা বিষয়ে ৬০০ শতের অধিক পুঁথি সংগৃহীত করিয়াছেন। উক্ত পুঁথির মধ্যে ২৪৩ খানির বিস্তৃত তালিকা ১৩০৪ সালের পরিষৎ পত্রিকার শেষ সংখ্যায় লিখিত হইয়াছে। পরিষদের অনুরোধ এই যে, পরিষদের অন্যান্য সভ্য মহোদয়গণ নগেন্দ্র বাবুর দৃষ্টান্তের অনুসরণ করিয়া পুঁথি সংগ্রহ বিষয়ে যত্নশীল হয়েন এবং সংগৃহীত পুঁথির সবিস্তার বিবরণ পরিষৎ পত্রিকায় প্রকাশের জন্য প্রেরণ করেন। ইতিমধ্যেই পরিষদের অন্যতম সদস্য শ্রীযুক্ত অম্বিকাচরণ গুপ্ত ও শ্রীযুক্ত নিবারণচন্দ্র ভট্টাচার্য্য মহাশয় স্ব স্ব সংগৃহীত পুঁথির তালিকা পরিষৎ পত্রিকায় মুদ্রণের জন্য পাঠাইয়া পরিষদের কৃতজ্ঞতাভাজন হইয়াছেন।

পত্রিকা-সম্পাদক শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু মহাশয় স্ব সংগৃহীত সকল পুঁথিই পরিষদের কার্য্যে নিয়োজিত করিতে সর্ব্বদা প্রস্তুত থাকিয়া পরিষদের ধন্যবাদের পাত্র হইয়াছেন। তিনি এবং অন্যান্য মহোদয়গণ পরিষৎ-পুস্তকালয়ে যে যে পুঁথি উপহার দিয়াছেন, নিম্নে তাহার তালিকা প্রদত্ত হইল।

পুঁথির নাম।	কাহার লিখিত।	কোন্ সালের।	উপহারদাতার নাম।	প্রাপ্তি তাং।
১। চণ্ডী	কবিকঙ্কণের	১২২০	জে, সি টোসি	১৩০৪, চৈত্র।
২। পদাবলী	চণ্ডী দাসের	,,	শ্রীনগেন্দ্রনাথ বসু	১৩০৪, ২৩শে মাঘ।
৩। প্রেমভক্তি চন্দ্রিকা	নরোত্তম দাসের		,,	,,
৪। উদ্ধবসংবাদ (২ খণ্ড)	কবিচন্দ্রের	,,	,,	,,
৫। শ্রীকৃষ্ণমঙ্গল	ঐ	,,	,,	,,
৬। প্রহ্লাদচরিত্র	ঐ	,,	,,	,,
৭। দাতাকর্ণ পালা	ঐ	১০৮৪	,,	,,
৮। যোগাদ্যা বন্দনা (২ প্রস্থ)	ঐ	,,	,,	,,
৯। সিদ্ধান্ত চন্দ্রিকা	ঐ	,,	,,	,,
১০। ভক্তিচিন্তামণি (২ প্রস্থ)	বৃন্দাবনদাসের	,,	,,	,,
১১। সুদামচরিত্র	পরশুরামের	,,	,,	,,
১২। বৈষ্ণববন্দনা (২ প্রস্থ)	দৈবকীনন্দনের	,,	,,	,,
১৩। গুরুদক্ষিণা	কবিচন্দ্রের	,,	,,	,,
১৪। চণ্ডিকামঙ্গল	কবিকঙ্কণের	,,	,,	,,
১৫। মনশিক্ষা	গিরিধর দাসের	,,	,,	,,
১৬। দণ্ডাত্মিকা	ঐ	,,	,,	,,
১৭। হরিশ্চন্দ্রোপাখ্যান	ঐ	,,	,,	,,
১৮। মনসামঙ্গল	ক্ষেমানন্দ ও কেতকীদাসের	,,	,,	,,
১৯। মনসামঙ্গল	কেতকীদাসের	,,	,,	,,
২০। সরস্বতীমঙ্গল	শ্যামাচরণের	,,	,,	,,
২১। মনসামঙ্গল	ক্ষেমানন্দের	,,	,,	,,
২২। শঙ্খ পন্নার পালা	দ্বিজ রামেশ্বরের	,,	,,	,,

১। শ্রীযুক্ত পণ্ডিত মহেন্দ্রনাথ বিদ্যানিধি।
২। ,, ক্ষীরোদচন্দ্র রায় চৌধুরী এম্, এ।
৩। ,, হারাণচন্দ্র বন্দ্যোপাধ্যায় এম্, এ, বি, এল্।
৪। ,, নগেন্দ্রনাথ বসু।
৫। ,, রজনীকান্ত গুপ্ত।
৬। ,, যজ্ঞেশ্বর বন্দ্যোপাধ্যায়।
৭। ,, হরিসাধন মুখোপাধ্যায়।
৮। ,, ব্যোমকেশ মুস্তফী।
৯। ,, কৃষ্ণচন্দ্র রায়।
১০। ,, ইন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় বি, এল্।
১১। ,, যদুগোপাল চট্টোপাধ্যায়।
১২। ,, পঞ্চানন মুখোপাধ্যায়।
১৩। ,, কুমুদকুমার মুখোপাধ্যায়।
১৪। ,, প্রমথনাথ মিত্র।
১৫। ,, রাজেন্দ্রচন্দ্র শাস্ত্রী।
১৬। মহামহোপাধ্যায় শ্রীযুক্ত হরপ্রসাদ শাস্ত্রী।

আলোচ্য-বর্ষে এই সমিতির একটি অধিবেশন হইয়াছিল। তাহাতে স্থির হয় যে রাজা রাজেন্দ্রলাল মিত্র কর্ত্তৃক সঙ্কলিত তালিকা অবলম্বনে মূল পারস্য গ্রন্থাদির সহিত ঐক্য করিয়া একটি নূতন তালিকা প্রস্তুত করা হইবে। আর ঐ তালিকা সঙ্কলনে পারস্য ভাষাভিজ্ঞ ব্যক্তিগণের সাহায্য গ্রহণ করা হইবে। এই সমিতির সম্পাদক মহাশয়ের অসুস্থতা ও অনবসর হেতু আলোচ্য-বর্ষে সমিতির কার্য্য আর অধিক দূর অগ্রসর হয় নাই।

আলোচ্য-বর্ষে সমিতির সম্পাদক মহাশয়ের প্রস্তাব মতে মহামহোপাধ্যায় শ্রীযুক্ত হরপ্রসাদ শাস্ত্রী ও পণ্ডিত শ্রীযুক্ত রাজেন্দ্রচন্দ্র শাস্ত্রী মহাশয়দ্বয় এই সমিতির সদস্য নির্ব্বাচিত হইয়াছেন।

(৭) পরিভাষা-সমিতি—পরিষদের প্রথম বর্ষের তৃতীয় অধিবেশনে শ্রীযুক্ত রজনীকান্ত গুপ্ত মহাশয়ের প্রস্তাবে বিজ্ঞান, ভূগোল, গণিত প্রভৃতি বিষয়ের পারিভাষিক শব্দ প্রণয়নের নিমিত্ত এই সমিতির সৃষ্টি হয়। ইহার সভাপতি শ্রীযুক্ত কৃষ্ণকমল ভট্টাচার্য্য বি, এল্ মহাশয় ও সম্পাদক শ্রীযুক্ত রামেন্দ্রসুন্দর ত্রিবেদী এম্, এ, মহাশয়। নিম্নলিখিত ব্যক্তিগণ এই সমিতির সভ্য আছেন—

১। শ্রীযুক্ত কৃষ্ণকমল ভট্টাচার্য্য বি, এল, (সভাপতি)।
২। মাননীয় বিচারপতি শ্রীযুক্ত গুরুদাস বন্দ্যোপাধ্যায় এম্, এ, বি, এল্।
৩। শ্রীযুক্ত রবীন্দ্রনাথ ঠাকুর।
৪। ,, বিপিনবিহারী গুপ্ত এম্, এ।
৫। ,, শারদারঞ্জন রায় এম্, এ।
৬। ,, মহেন্দ্রনাথ বিদ্যানিধি।
৭। ,, রজনীকান্ত গুপ্ত।
৮। ,, দেবেন্দ্রনাথ মুখোপাধ্যায়।
৯। ,, রাজেন্দ্রচন্দ্র শাস্ত্রী এম্, এ।
১০। ,, মাধবচন্দ্র চট্টোপাধ্যায়।
১১। ,, রামেন্দ্রসুন্দর ত্রিবেদী এম্, এ।

সমিতির সম্পাদক মহাশয়ের শারীরিক অসুস্থতা ও অনবকাশ জন্য আলোচ্য-বর্ষে এই সমিতির কার্য্য অধিক দূর অগ্রসর হয় নাই। আগামী বর্ষে যাহাতে কার্য্য সুচারুরূপে চলে, তাহার জন্য সম্পাদক মহাশয় ব্যবস্থা করিয়াছেন। আগামী বর্ষের জন্য যে কর্ত্তব্য ও কার্য্য প্রণালী নির্দ্ধারিত হইয়াছে, তাহার বিবরণ নিম্নে প্রদত্ত হইল। আলোচ্য-বর্ষে পরিভাষা সঙ্কলন কার্য্য কতদূর অগ্রসর হইয়াছে, তাহা নিম্নোক্ত বিবরণে দৃষ্ট হইবে।

(ক) ১৩০৩ সালে প্রচারিত ভৌগোলিক পরিভাষা আলোচ্য-বর্ষে অনেক স্থলে সমালোচিত হইয়াছিল। সমালোচনার বিচার ও তদনুসারে উক্ত ভৌগোলিক পরিভাষার সংশোধন সমিতির, প্রথম কার্য্য হইবে।

(খ) বৈদেশিক ভৌগোলিক নাম অক্ষরান্তরিত করিবার ব্যবস্থা-নির্দ্দেশ, সমিতির দ্বিতীয় কার্য্য হইবে।

(গ) সমিতির সম্পাদক মহাশয়ের অনুরোধে শ্রীযুক্ত সখারাম গণেশ দেউস্কর মহাশয় আলোচ্য-বর্ষে পরিষৎ পত্রিকায় যে প্রবন্ধ প্রকাশিত করেন, তাহা দ্বারা প্রমাণিত হইয়াছে যে, ভারতবর্ষেরই বিবিধ ভৌগোলিক নাম বাঙ্গালায় বিকৃত ভাবে উচ্চারিত ও লিখিত হইয়া থাকে। এ বিষয়ে কর্ত্তব্য-নির্দ্দেশ, সমিতির তৃতীয় কার্য্য।

(ঘ) রাসায়নিক পরিভাষা সম্বন্ধে সমিতির সম্পাদক মহাশয়ের লিখিত প্রস্তাবের দুইটি সমালোচনা আলোচ্য-বর্ষের পরিষৎ-পত্রিকায় প্রকাশিত হইয়াছিল। কটক কলেজের অধ্যাপক শ্রীযুক্ত যোগেশচন্দ্র রায় মহাশয় বৈজ্ঞানিক

পরিভাষা সঙ্কলন বিষয়ে বিশেষ উৎসাহ দেখাইয়াছেন। পরিষদ্ তজ্জন্য তাঁহার নিকট কৃতজ্ঞতা প্রকাশ করিতেছেন। তাঁহার প্রণীত রসায়ন বিষয়ক নূতন গ্রন্থ এ বিষয়ে বিশেষ সাহায্য করিবে, সম্পাদক এইরূপ আশা করেন।

(ঙ) পদার্থবিদ্যা বিষয়ক পরিভাষা সঙ্কলনে সম্পাদক মহাশয় সম্প্রতি নিযুক্ত আছেন। এ সম্বন্ধে তাঁহার প্রস্তাব শীঘ্র সমিতির বিবেচ্য হইবে। শ্রীযুক্ত রবীন্দ্রনাথ ঠাকুর মহাশয় তত্ত্ববোধিনী সভার গ্রন্থালয় হইতে এই বিষয়ের দুই খানি পুরাতন গ্রন্থ সম্পাদককে ব্যবহারের জন্য দিয়া তাঁহাকে ও সাহিত্য-পরিষদ্‌কে কৃতজ্ঞতাপাশে বদ্ধ করিয়াছেন। প্রথম গ্রন্থখানি—জন মার্ক সাহেব কর্ত্তৃক শ্রীরামপুর প্রেস হইতে ১৮০৪ সালে প্রকাশিত 'কিমিয়া বিদ্যার সার', সম্ভবতঃ রসায়ন শাস্ত্রে বাঙ্গালা ভাষায় এই সর্ব্বপ্রথম গ্রন্থ। দ্বিতীয় গ্রন্থ খানি ১৮২৫ সালে গভর্ণমেণ্ট লিথোগ্রেফিক্ যন্ত্রে মুদ্রিত—পিটার ব্রেনটন কর্ত্তৃক সঙ্কলিত 'বৈজ্ঞানিক-অভিধান'।

(চ) জ্যোতিষিক পরিভাষা সম্বন্ধে সমিতির অন্যতম সদস্য শ্রীযুক্ত মাধবচন্দ্র চট্টোপাধ্যায় মহাশয় বিবিধ মাসিক পত্রে লিখিত প্রবন্ধ সমূহে জ্যোতিষিক পারিভাষিক শব্দের তালিকা প্রকাশিত করিয়া এ বিষয়ে সমিতির কার্য্য অনেকটা অগ্রসর করিয়াছেন। পরিষদ্ তজ্জন্য তাঁহার নিকট কৃতজ্ঞতা প্রকাশ করিতেছেন।

(ছ) সমিতির অন্যতম সভ্য শ্রীযুক্ত হারাণচন্দ্র বন্দ্যোপাধ্যায় এম্, এ, মহাশয় সম্পাদকের অনুরোধে ভাস্করাচার্য্য ব্যবহৃত গণিত পারিভাষিক শব্দের একটি তালিকা সঙ্কলন করিয়া দিয়াছেন এবং গণিতের একটি বিস্তৃত পরিভাষা সঙ্কলনে সাহায্য করিতে প্রতিশ্রুত হইয়াছেন। তজ্জন্য পরিষদ্ তাঁহার নিকট কৃতজ্ঞতা প্রকাশ করিতেছেন। সম্পাদক মহাশয় স্বয়ংও গণিতের পরিভাষা সঙ্কলনে যত্নপর হইয়াছেন।

(৮) উদ্ভিদ্-পরিভাষা-সমিতি—১৩০২ সালের দশম অধিবেশনে শ্রীযুক্ত হীরেন্দ্রনাথ দত্ত মহাশয়ের প্রস্তাবে উদ্ভিদ্ শাস্ত্র সম্বন্ধীয় পরিভাষা স্থির করিবার জন্য এই সমিতি গঠিত হয়। এ সমিতির বর্ত্তমান সম্পাদক শ্রীযুক্ত রামেন্দ্রসুন্দর ত্রিবেদী মহাশয়। নিম্ন লিখিত ব্যক্তিগণ এই সমিতির সভ্য আছেন—

১। ডাক্তার শ্রীযুক্ত অমূল্যচরণ বসু এম্, বি।
২। শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু।
৩। কবিরাজ শ্রীযুক্ত লক্ষ্মীনারায়ণ রায়।
৪। ,, ,, মনোমোহন সেনগুপ্ত কবিরত্ন।
৫। শ্রীযুক্ত নৃত্যগোপাল মুখোপাধ্যায়।
৬। ,, রামেন্দ্রসুন্দর ত্রিবেদী এম্, এ, (সম্পাদক)।

নিকুঞ্জবিহারী দত্ত মহাশয় ইংরাজিতে ব্যবহৃত উদ্ভিদ্ শাস্ত্র প্রচলিত পারিভাষিক শব্দ সমূহের একটি তালিকা সঙ্কলিত করিয়া এবং তাহার মধ্যে অনেক গুলি শব্দের বাঙ্গালা প্রতিশব্দ নির্দ্দেশ করিয়া সমিতির কার্য্য অপেক্ষাকৃত সুকর করিয়া দিয়াছেন। পরিষদ্ তজ্জন্য তাঁহাকে ধন্যবাদ দিতেছেন। ত্রিবেদী মহাশয় সম্পাদক হইবার পর এ বিষয়ে কার্য্যে প্রবৃত্ত হইবার জন্য উদ্ভিদ্ বিষয়ক গ্রন্থাদি ও অভিধান সংগ্রহ করিতেছেন। আশা করা যায় আগামী বর্ষে এ সমিতির কার্য্য অনেকটা অগ্রসর হইবে।

(৯) ভাষা ও ব্যাকরণ-সমিতি—আলোচ্য-বর্ষের চতুর্থ অধিবেশনে শ্রীযুক্ত রজনীকান্ত গুপ্ত মহাশয়ের প্রস্তাবানুসারে উক্ত সমিতি প্রতিষ্ঠিত হয়। বাঙ্গালা ভাষার ব্যাকরণ সম্বন্ধে আলোচনা করা, বিশেষ বিশেষ শব্দের বর্ণ-বিন্যাস যাহাতে একরূপ হয় তাহার ব্যবস্থা করা, ভাষার গাম্ভীর্য্য, লালিত্য ও বিশুদ্ধি কিরূপে রক্ষিত হইতে পারে তাহার সমালোচনা করা, যে সকল বৈদেশিক শব্দ বাঙ্গালা ভাষায় প্রবিষ্ট হইয়াছে এবং যে সকল প্রাদেশিক শব্দ ভিন্ন ভিন্ন স্থানে প্রচলিত আছে, তাহার তালিকা সঙ্কলন করা—প্রধানতঃ এই সমিতির উদ্দেশ্য। ইহার সম্পাদক শ্রীযুক্ত রজনীকান্ত গুপ্ত মহাশয়। যাঁহারা এই সমিতির সদস্য নিযুক্ত হইয়াছেন, তাঁহাদের নাম নিম্নে লিখিত হইল—

১। শ্রীযুক্ত দ্বিজেন্দ্রনাথ ঠাকুর।
২। ,, রায় কালীপ্রসন্ন ঘোষ বাহাদুর।
৩। ,, অক্ষয়চন্দ্র সরকার।
৪। ,, হরপ্রসাদ শাস্ত্রী।
৫। ,, চন্দ্রনাথ বসু।
৬। ,, ইন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়।
৭। ,, রবীন্দ্রনাথ ঠাকুর।
৮। ,, কৃষ্ণকমল ভট্টাচার্য্য।

৯। শ্রীযুক্ত মাননীয় গুরুদাস বন্দ্যোপাধ্যায়।
১০। ,, চন্দ্রোদয় বিদ্যাবিনোদ।
১১। ,, মহেন্দ্রনাথ বিদ্যানিধি।
১২। ,, বীরেশ্বর পাঁড়ে।
১৩। ,, রায় যতীন্দ্রনাথ চৌধুরী।
১৪। ,, শিবাপ্রসন্ন ভট্টাচার্য্য।
১৫। ,, অমৃতলাল বসু।
১৬। ,, উমেশচন্দ্র বটব্যাল।
১৭। ,, মহামহোপাধ্যায় মহেশচন্দ্র ন্যায়রত্ন
১৮। ,, চন্দ্রকান্ত তর্কালঙ্কার।
১৯। ,, হীরেন্দ্রনাথ দত্ত।
২০। ,, রজনীকান্ত গুপ্ত।
২১। ,, রাজেন্দ্রচন্দ্র শাস্ত্রী।
২২। ,, নকুলেশ্বর ভট্টাচার্য্য।

আলোচ্য-বর্ষে এই সমিতির একটি অধিবেশন হইয়াছিল। ঐ অধিবেশনে সম্পাদক মহাশয়ের প্রস্তাব মতে যে নির্দ্ধারণ হয়, তদনুসারে ব্যাকরণ সম্বন্ধে কয়েকটি প্রয়োজনীয় প্রশ্নের উত্থাপন করিয়া সদস্য মহোদয়গণের মতামতের জন্য পাঠান হইয়াছে। ঐ সঙ্গে সমিতির সদস্য মহামহোপাধ্যায় শ্রীযুক্ত হরপ্রসাদ শাস্ত্রী মহাশয় কর্ত্তৃক লিখিত বাঙ্গালা ব্যাকরণ বিষয়ক একটি প্রস্তাব প্রেরিত হইয়াছে। বিচার্য্য বিষয় কয়টি সম্বন্ধে সদস্য মহোদয়গণ অভিমত প্রকাশিত করিলে, সে গুলির মীমাংসা হইবে। তৎপরে সমিতি ভাষা ও ব্যাকরণ সম্বন্ধে অন্যান্য বিষয়ে হস্তক্ষেপ করিবে।

(১০) প্রাচীন-শব্দ-সমিতি—আলোচ্য-বর্ষের ষষ্ঠ অধিবেশনে শ্রীযুক্ত বীরেশ্বর পাঁড়ে মহাশয়ের প্রস্তাবানুসারে এই সমিতি প্রতিষ্ঠিত হয়। সমিতির উদ্দেশ্য সংস্কৃত ও প্রাচীন বাঙ্গালা গ্রন্থ হইতে দর্শন, বিজ্ঞান, শিল্প, বাণিজ্য প্রভৃতি বিষয়ক শব্দ সঙ্কলন করিয়া প্রাচীন কালে ব্যবহৃত দ্রব্যাদির নাম বিবরণ পুরাতত্ত্ব প্রভৃতি নির্ণয় করা। সমিতির সম্পাদক শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু মহাশয়। যাঁহারা সমিতির সদস্য নিযুক্ত হইয়াছেন নিম্নে তাঁহাদিগের নাম লিখিত হইল।

১। শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু।
২। ,, দ্বিজেন্দ্রনাথ ঠাকুর।

৩। শ্রীযুক্ত হরপ্রসাদ শাস্ত্রী।
৪। ,, রায় কালীপ্রসন্ন ঘোষ বাহাদুর।
৫। ,, অক্ষয়চন্দ্র সরকার।
৬। ,, চন্দ্রনাথ বসু।
৭। ,, রাজেন্দ্রচন্দ্র শাস্ত্রী।
৮। ,, মহেন্দ্রনাথ বিদ্যানিধি।
৯। ,, অতুলচন্দ্র গোস্বামী।
১০। ,, হারাণচন্দ্র রক্ষিত।
১১। ,, হীরেন্দ্রনাথ দত্ত।
১২। ,, সতীশচন্দ্র বিদ্যাভূষণ।
১৩। ,, তিনকড়ি মুখোপাধ্যায়।
১৪। ,, ক্ষীরোদচন্দ্র রায় চৌধুরী।
১৫। ,, শরচ্চন্দ্র শাস্ত্রী।
১৬। ,, কবিরাজ রামচন্দ্র বিদ্যাবিনোদ।
১৭। ,, কুমুদকুমার মুখোপাধ্যায়।
১৮। ,, রবীন্দ্রনাথ ঠাকুর।
১৯। ,, ক্ষিতীন্দ্রনাথ ঠাকুর।
২০। ,, ডাক্তার চুণীলাল বসু।
২১। ,, ব্যোমকেশ মুস্তফি।
২২। ,, কানাইলাল ঘোষাল।
২৩। ,, দীনেশচন্দ্র সেন।
২৪। ,, প্রমথনাথ মিত্র।
২৫। ,, রসিকলাল ঘোষ।
২৬। ,, শিবাপ্রসন্ন ভট্টাচার্য্য।
২৭। ,, ক্ষেত্রমোহন সেনগুপ্ত বিদ্যারত্ন
২৮। ,, বীরেশ্বর পাঁড়ে।

আলোচ্য-বর্ষের ১৮ই মাঘ তারিখে এই সমিতির অধিবেশন হইয়াছিল। তাহাতে সমিতির কার্য্য-প্রণালী স্থির হইয়া কোন্ সদস্য কোন্ বিষয়ে শব্দ সংগ্রহের ভার গ্রহণ করিবেন, তাহা জানিবার ব্যবস্থা করা হয়। সমিতির সদস্য মহোদয়গণ স্ব স্ব রুচি অনুসারে কিরূপে বিষয় বিভাগ করিয়া লইয়াছেন, তাহা নিম্নোক্ত তালিকা হইতে দৃষ্ট হইবে। আশা করা যায় আগামী বর্ষে সমিতির কার্য্য অনেক দূর অগ্রসর হইবে।

শ্রীযুক্ত দ্বিজেন্দ্রনাথ ঠাকুর—(দার্শনিক শব্দ)।
„ শরচ্চন্দ্র শাস্ত্রী—(সংস্কৃত ও বৌদ্ধগ্রন্থ হইতে সকল প্রকার শব্দ)।
„ সতীশচন্দ্র বিদ্যাভূষণ—(সংস্কৃত ও বৌদ্ধগ্রন্থ হইতে দার্শনিক শব্দ)।
„ মহেন্দ্রনাথ বিদ্যানিধি—(অধুনা অপ্রচলিত বাঙ্গালা শব্দ)।
„ রাজেন্দ্রচন্দ্র শাস্ত্রী এম এ—(সকল প্রকার শব্দ)।
„ রসিকলাল ঘোষ—(কৃষি ও বাণিজ্য বিষয়ক শব্দ)।
„ কুমুদকুমার মুখোপাধ্যায়— „ „
„ হীরেন্দ্রনাথ দত্ত এম্ এ, বি এল্—(দার্শনিক শব্দ)।
„ কানাইলাল ঘোষাল—(দেশজ শব্দ এবং Phrase & Idioms.

শাখা-সমিতির সম্পাদক ও সদস্য মহাশয়গণ পরিষদের মুখ্য উদ্দেশ্য সাধনার্থ শ্রম ও আয়াস স্বীকার করিয়া পরিষদ্‌কে ঋণী করিয়াছেন। পরিষদ্ এই অবসরে গ্রন্থ প্রকাশ ও প্রাচীন শব্দ-সমিতির সম্পাদক শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু মহাশয়কে, কৃত্তিবাস-সমিতির সম্পাদক শ্রীযুক্ত হীরেন্দ্রনাথ দত্ত মহাশয়কে, কাশীদাসী-সমিতির সম্পাদক শ্রীযুক্ত প্রফুল্লচন্দ্র বন্দ্যোপাধ্যায় মহাশয়কে, পরিভাষা উদ্ভিদ ও রাম-মোহনের রামায়ণ-সমিতির সম্পাদক শ্রীযুক্ত রামেন্দ্রসুন্দর ত্রিবেদী মহাশয়কে, ঐতিহাসিক এবং কবিকঙ্কণ-সমিতির সম্পাদক শ্রীযুক্ত মহেন্দ্রনাথ বিদ্যানিধি মহাশয়কে ও ভাষা ও ব্যাকরণ-সমিতির সম্পাদক শ্রীযুক্ত রজনীকান্ত গুপ্ত মহাশয়কে বিশেষ ভাবে ধন্যবাদ দিতেছেন।

উপসংহার—পরিশেষে পরিষদের সভ্য, কর্ম্মকারক, সহানুভূতি কারক ও অনুগ্রাহকবর্গকে যথাযোগ্য ধন্যবাদ ও প্রীতি সম্ভাষণ করিয়া চতুর্থ বৎসরের কার্য্য বিবরণ সমাপ্ত করা যাইতেছে। শ্রীযুক্ত রাজা বিনয়কৃষ্ণ দেব বাহাদুর আশ্রয় দান ও নানা বিষয়ে সহায়তা করিয়া এই সাহিত্য পরিষদকে রক্ষা করিয়াছেন ও করিতেছেন। তাঁহার ঐকান্তিক যত্ন ও উৎসাহের ফলে ইহা দিন দিন উন্নতির পথে অগ্রসর হইতেছে। তাঁহার নিকট পরিষদ বিশেষ ভাবে কৃতজ্ঞ আছেন এবং এই অবসরে তাঁহাকে আন্তরিক ধন্যবাদ দিতেছেন।

পরিষদ এখনও শিশুকাল অতিক্রম করেন নাই। ইহারই মধ্যে পরিষদ্ বঙ্গভাষা ও সাহিত্যের নানা হিতকর কার্য্যে হস্তক্ষেপ করিয়াছেন। পরিষদের কার্য্যক্ষেত্র অনন্ত বিস্তৃত। বিবিধ শাস্ত্রের পরিভাষা সঙ্কলন, প্রাচীন বাঙ্গালা কাব্যাদির সংগ্রহ ও প্রকাশ, বঙ্গভাষার ব্যাকরণ ও অভিধান প্রণয়ন, ভাষান্তর হইতে উৎকৃষ্ট গ্রন্থাদির অনুবাদ, দর্শন, বিজ্ঞান, ইতিহাসাদি সকল প্রকার

সাহিত্যের আলোচনা, এ সকলই পরিষদের দ্বিবাট উদ্দেশ্যের অন্তর্ভূত। পরিষদ্ এ পর্য্যন্ত যে কয়টি বিষয়ের অনুষ্ঠানে প্রবৃত্ত হইয়াছেন, তাহার প্রত্যেকটিই বহু শ্রম, ব্যয় ও সময় সাপেক্ষ। তাহাদিগের অনুষ্ঠান কার্য্যে পরিণত হইলে যে বঙ্গভাষা ও সাহিত্যের অজস্র কল্যাণ সাধিত হইবে, তাহা বলা নিষ্প্রয়োজন। এখনও যে পরিষদ আরব্ধ অনুষ্ঠানের সমাপ্তি সাধন করিতে পারেন নাই, বিবিধ কার্য্য প্রযুক্ত চেষ্টার সফলতা লাভ করিতে পারেন নাই তাহাতে ক্ষোভ বা বিস্ময়ের কোন কারণ নাই। পরিষদ্ অক্ষুণ্ণ উৎসাহে নব অনুরাগে ও উদ্যম সহকারে পঞ্চম বর্ষের কার্য্যারম্ভ করিতেছেন। এক্ষণে দেশের বিদ্যোৎসাহী ও সাহিত্যানুরাগী মহোদয়গণ এই পরিষদের প্রতি সস্নেহ ও সানুকূল দৃষ্টিপাত করেন এবং পরিষদের প্রবর্ত্তিত সদনুষ্ঠান সমূহে উৎসাহ ও ঐকান্তিকতার সহিত যোগদান করেন ইহাই তাঁহাদিগের নিকট সবিনয় প্রার্থনা।

সাহিত্য-পরিষৎ-কার্য্যালয়
১০৬১ নং গ্রেষ্ট্রীট
৩০শে চৈত্র, ১৩০৪ সাল।

কার্য্য নির্ব্বাহক সমিতির অনুমতিক্রমে
শ্রীহীরেন্দ্রনাথ দত্ত
অবৈতনিক সম্পাদক।

বঙ্গীয়-সাহিত্য-পরিষদের ১৩০৪ সালের বার্ষিক আয় ব্যয় বিবরণী।

আয়		ব্যয়	
মাসিক চাঁদাপ্রাপ্তি ..	১২১৭৷৷০	বেতনের ব্যয় ..	২৮২ /১৫
প্রবেশিকা প্রাপ্তি ..	৬১৲	পত্রিকা মুদ্রণের ব্যয়	৭৪২৷৵৫
পত্রিকার মূল্যপ্রাপ্তি ..	৩৪৲	বিবিধ বিষয় মুদ্রণের ব্যয়	১৩৭৷৷৶১০
হীরক জুবিলির চাঁদা .	৯৬৲	ডাকমাশুল ...	১৭৩৷/১৫
খরচ জমা ...	৪৯৷/০	পুস্তক ক্রয়ের ব্যয় ..	৪২৲
গ্রন্থ-প্রকাশ-সমিতির তহবিল		সরঞ্জামী ..	১০৫৶১০
হইতে প্রাপ্তি ...	২০০৲	হাওলাতি	৩৲
গত বর্ষের মজুত টাকা	১৭৮/১৫	গ্রন্থপ্রকাশ সমিতির ব্যয়	২০০৲
	১৮৩৫৵৯/১৫	ফেরত খরচ	১০৩৷৷৵৫
			১৭৮৯৷৶০
		১৩০৪ সালের শেষে মজুত	৪৬৷৶১৫
			১৮৩৫৵৯/১৫

শ্রীরামেন্দ্রসুন্দর ত্রিবেদী
আয় ব্যয় পরীক্ষক।

শ্রীহীরেন্দ্রনাথ দত্ত
সম্পাদক।

বঙ্গীয়-সাহিত্য-পরিষদের

পঞ্চম বার্ষিক বিবরণী

ও

বর্ত্তমান বর্ষের নিয়মাবলী।

কার্য্য-নির্ব্বাহক-সমিতি কর্ত্তৃক

১০৬।১ নং গ্রে-ষ্ট্রীট হইতে প্রকাশিত।

কলিকাতা।

৮১।১ নং মস্‌জিদ্ বাড়ী ষ্ট্রীট্।

লীলা (মেসিন প্রেসে)

শ্রীনিবারণচন্দ্র চক্রবর্ত্তী দ্বারা মুদ্রিত।

১৩০৬ সাল।

বঙ্গীয়-সাহিত্য-পরিষদের পঞ্চম বার্ষিক বিবরণী ও বর্ত্তমান বর্ষের নিয়মাবলী।

বঙ্গীয-সাহিত্য-পবিষদ্ পঞ্চম বর্ষ অতিক্রম করিয়া ষষ্ঠ বর্ষে উপনীত হইযাছেন। পরিষদেব কার্য্য-নির্ব্বাহক-সমিতি সভ্যবর্গ ও সাধাবণেব অবগতিব জন্য পঞ্চম বর্ষ ১৩০৫ সালেব কার্য্য বিববণ লিপিবদ্ধ কবিতেছেন।

সভ্য সংখ্যা—আলোচ্য বর্ষে ৩৫ জন নূতন সভ্য পবিষদে যোগদান কবিযাছেন, ৯ জন সভ্যেব মৃত্যু ঘটিযাছে, এবং ২২ জন সভ্য পদত্যাগ কবিযাছেন। ১৩০৪ সালের শেষে পবিষদেব সভ্য সংখ্যা ৩৪২ জন ছিল; আলোচ্য বর্ষেব অবসানে ঐ সংখ্যা বদ্ধিত হইযা ৩৪৬ জন হইযাছে। ১৩০১ সালেব প্রাবম্ভে যখন ভূতপূর্ব্ব বেঙ্গল একাডিমি অফ্ লিটাবেচাব পুনর্গঠিত হইযা বর্ত্তমান বঙ্গীয়-সাহিত্য-পবিষদে পবিণত হয, তখন ইহাব সভ্য সংখ্যা ২৯ জন মাত্র ছিল; ১৩০৫ সালেব শেষে ঐ সভ্য সংখ্যা পবিবদ্ধিত হইযা ৩৪৬ জন হইযাছে। ইহা যে পবিষদেব প্রতিপত্তি বলোপচয ও তৎপ্রতি শিক্ষিত সম্প্রদাযেব আগ্রহাতিশযেব নিদর্শন সে বিষযে সন্দেহ নাই। উক্ত ৩৫ জন নূতন সভ্য ব্যতীত পবিষদেব মাসিক অধিবেশনে আবও ৩০ জন যথাবীতি সাধাবণ সভ্য নির্ব্বাচিত হইযাছিলেন। কিন্তু পবিবর্ত্তিত নিযমাবলীব ৯ (খ) ধারাব বিধানমতে তাঁহাবা নির্ব্বাচন সংবাদ প্রাপ্তিব এক মাস মধ্যে প্রবেশিকা প্রদান না কবাতে তাঁহাদিগকে সভ্য শ্রেণীভুক্ত কবা হয নাই।

বিশিষ্ট সভ্য—আলোচ্য বর্ষে পবিষদেব ভূতপূর্ব্ব সভাপতি ও হিতৈষী সুহৃদ্ বঙ্গ সাহিত্য সংসাবে সুপবিচিত শ্রীযুক্ত বমেশ চন্দ্র দত্ত সি, আই, ই মহাশয় সাহিত্য-পবিষদেব বিশিষ্ট সভ্য নির্ব্বাচিত হইযাছিলেন।

বিশিষ্ট সভ্যদিগের নাম যথা ;—

১। শ্রীযুক্ত চন্দ্রনাথ বসু, এম্, এ, বি, এল্।
২। ,, রাজনারায়ণ বসু।
৩। ,, হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায়, এম্, এ, বি, এল্।
৪। ,, নবীনচন্দ্র সেন, বি, এ।
৫। ,, দ্বিজেন্দ্রনাথ ঠাকুর।
৬। ,, কালীপ্রসন্ন ঘোষ রায় বাহাদুর।
৭। ,, উইলিয়ম্ ওয়েডারবর্ণ।
৮। ,, জন বিমস্ এস্কোয়ার।
৯। ,, সার ডবলিউ হণ্টার।
১০। ,, রমেশ চন্দ্র দত্ত, সি, আই, ই।

সভ্যের মৃত্যু—পরিষদ্ সংস্কৃত-সাহিত্য-জগতে সুপরিচিত বিশিষ্ট সভ্য সার মনিঅর উইলিয়মসের মৃত্যুতে বিশেষ দুঃখ প্রকাশ করিতেছেন। তদ্ব্যতীত আলোচ্য বর্ষে পরিষদের যে ৯ জন সভ্য পরলোকগত হইয়াছেন, তাঁহাদের নাম যথা,—মতিলাল মল্লিক, কুমার যতীন্দ্রকৃষ্ণ দেব বাহাদুর, উমেশ চন্দ্র বটব্যাল, মনোমোহন সেন গুপ্ত কবিরত্ন, হারাধন দত্ত ভক্তনিধি, অমূল্যচরণ বসু, গিরিজাপ্রসন্ন রায় চৌধুরী, দীননাথ সেন ও রামচন্দ্র দত্ত। ইহাঁদের অভাবে পরিষদ ক্ষতিগ্রস্ত হইয়াছেন এবং ইহাঁদের অকালমৃত্যু-জন্য মাসিক অধিবেশনে শোক প্রকাশ করিয়াছেন। ইহাঁদের মধ্যে ৺ উমেশ চন্দ্র বটব্যাল, ৺ হারাধন দত্ত ভক্তনিধি, ৺ অমূল্যচরণ বসু ও ৺ গিরীজাপ্রসন্ন রায় চৌধুরী পরিষদের হিতৈষী ও উৎসাহী সভ্য ছিলেন। ৺ উমেশ চন্দ্র বটব্যাল, ৺ গিরিজাপ্রসন্ন রায় চৌধুরী ও ৺ হারাধন দত্ত ভক্তিনিধি বঙ্গ সাহিত্য-সংসারে সুপরিচিত ছিলেন।

সভ্যের উপাধি প্রাপ্তি—পরিষদের সদস্য দ্বয় শ্রীযুক্ত সূর্য্যকুমার সর্ব্বাধিকারী ও শ্রীযুক্ত চুণীলাল বসু মহাশয়দ্বয় গভর্ণমেণ্ট কর্ত্তৃক রায় বাহাদুর উপাধিতে ভূষিত হওয়ায়, পরিষদ আনন্দ প্রকাশ করিতেছেন।

অধিবেশন—আলোচ্য বর্ষে পরিষদের ১২টী অধিবেশন হইয়াছিল। তন্মধ্যে মাসিক অধিবেশন ১১টী ও স্থগিত অধিবেশন ১টী। উক্ত অধিবেশন সমূহের

কোনটীতেই উপস্থিত সভ্যের সংখ্যা ৩৪ জনের অধিক এবং ১৬ জনের ন্যূন হয় নাই। স্থগিত ও মাসিক অধিবেশন কয়টীতে পরিষদের শাখা-সমিতি নিযোগ এবং ১৩০৩ সালে প্রবর্ত্তিত প্রথানুসারে নানা বিষয়ক প্রবন্ধ পাঠ হইয়াছিল। ঐ প্রবন্ধ-সমূহের প্রায় সকলগুলিই পরিষৎ-পত্রিকায় মুদ্রিত হইযাছে। ঐ সকল প্রবন্ধের অধিকাংশ প্রত্নতত্ত্ব ও প্রাচীন বাঙ্গালা সাহিত্য সম্বন্ধীয়। ঐ প্রবন্ধ রচনা উপলক্ষে পরিষদের কযেক জন সভ্যের গবেষণাফলে কযেকটি প্রযোজনীয় প্রত্নতত্ত্ব এবং কযেকখানি অজ্ঞাতপূর্ব্ব প্রাচীন বাঙ্গালা কাব্যের আবিষ্কার ও উদ্ধার হইয়াছে; আশা করা যায়, এই প্রবন্ধ পাঠ প্রথায় পরিষদের সভ্যবর্গের মধ্যে সাহিত্যানুরাগ বর্দ্ধিত হইবে, এবং সাধারণেও পরিষদের উপকারিতা উপলব্ধি করিবেন। নিম্নে প্রবন্ধ পাঠকের নাম ও পঠিত প্রবন্ধের বিষয় লিখিত হইল।

প্রবন্ধ পাঠক	পঠিত প্রবন্ধ।
শ্রীরজনীকান্ত গুপ্ত	ইতিহাস রচনার প্রণালী।
শ্রীরজনীকান্ত চক্রবর্ত্তী	অদ্ভুতাচার্য্যের রামায়ণ।
শ্রীচণ্ডীচরণ বন্দ্যোপাধ্যায়	জীবন চরিত রচনার প্রণালী।
শ্রীদ্বিজেন্দ্র নাথ ঠাকুর	উপসর্গ বিচার ২য় প্রবন্ধ।
শ্রীহরপ্রসাদ শাস্ত্রী	ধোয়ীকবির পবন দূত; হিন্দু ও বৌদ্ধ তন্ত্র শাস্ত্র।
শ্রীনগেন্দ্র নাথ বসু	গৌড়াধিপ মদন পাল ও মহীপাল দেবের তাম্র শাসন; ভারতীয় ন্যায় শাস্ত্রের সংক্ষিপ্ত ইতিহাস।
শ্রীবিহারীলাল সরকার	ভরতকৃত উপসর্গ বৃত্তির আলোচনা।
শ্রীরাজেন্দ্র চন্দ্র শাস্ত্রী	উপসর্গ তত্ত্ব বিচার।
শ্রীমহেন্দ্র নাথ বিদ্যানিধি	প্রাচীন সংবাদ পত্র।
শ্রীসতীশ চন্দ্র বিদ্যাভূষণ	ভবভূতি।
শ্রীব্যোমকেশ মুস্তফি	রাজকবি জয় নারায়ণ।

পরিষদের পঞ্চম মাসিক অধিবেশনে মহামহোপাধ্যায় শ্রীযুক্ত হরপ্রসাদ শাস্ত্রী মহাশয় উপকথা ও মানবতত্ত্ব সম্বন্ধে মাননীয় বিজ্‌ল সাহেবের বিজ্ঞাপন উপস্থিত

করিয়া তদ্বিষয়ে পরিষদকে যথাসাধ্য সাহায্য করিতে আহ্বান করেন। শ্রীযুক্ত নগেন্দ্র নাথ বসু মহাশয়ের প্রস্তাবমতে স্থির হয় যে রিজ্‌লে সাহেবের বিজ্ঞাপন বঙ্গানুবাদ সহ পত্রিকায় মুদ্রিত করা হইবে এবং এ বিষয়ে সাহায্য করিবার জন্য পরিষদের সভ্যগণকে আহ্বান করা হইবে। তাঁহারা স্ব স্ব বক্তব্য লিখিয়া পত্রিকা-সম্পাদককে প্রেরণ করিবেন। পত্রিকা-সম্পাদক ঐ সকল মন্তব্য শ্রীযুক্ত হরপ্রসাদ শাস্ত্রী মহাশয়ের হস্তে অর্পণ করিবেন।

কার্য্য-নির্ব্বাহক-সমিতি—১৩০৩ সালে প্রবর্ত্তিত নিয়মানুসারে আলোচ্য বর্ষে এই সমিতি ৮ জন নির্ব্বাচিত সভ্য এবং ৪ জন মনোনীত সভ্য লইয়া গঠিত হইয়াছিল। নির্ব্বাচিত ও মনোনীত সভ্যের নাম নিম্নে প্রদত্ত হইল।

(নির্ব্বাচিত সভ্যগণ।)

শ্রীযুক্ত বাবু যতীন্দ্রনাথ চৌধুরী, এম্, এ, বি, এল্।
„ গোপালচন্দ্র মুখোপাধ্যায়।
„ সুরেশ চন্দ্র সমাজপতি।
„ শিবাপ্রসন্ন ভট্টাচার্য্য, বি, এল।
„ মনোমোহন বসু।
„ যোগেন্দ্রনাথ বিদ্যাভূষণ, এম্, এ।
„ গোবিন্দ লাল দত্ত।
„ যজ্ঞেশ্বর বন্দ্যোপাধ্যায়।

(মনোনীত সভ্যগণ।)

শ্রীযুক্ত রজনীকান্ত গুপ্ত।
„ পণ্ডিত রাজেন্দ্রচন্দ্র শাস্ত্রী, এম্, এ।
„ চন্দ্রনাথ বসু, এম্, এ, বি, এল্।
„ শরচ্চন্দ্র সরকার।

এতদ্ব্যতীত পরিষদের সভাপতি, সহকারী-সভাপতিত্রয়, সম্পাদক, সহকারী-সম্পাদকদ্বয়, পত্রিকা-সম্পাদক, ধনরক্ষক ও গ্রন্থরক্ষক এই সমিতির অতিরিক্ত সভ্য বলিয়া নির্দ্দিষ্ট ছিলেন। সুতরাং আলোচ্য বর্ষে কার্য্য-নির্ব্বাহক-সমিতিতে সমুদয়ে ২২ জন সভ্য ছিলেন।

আলোচ্য বর্ষে এই সমিতিব ১২টী অধিবেশন হইয়াছিল। ঐ সকল অধিবেশনের কোনটীতে উপস্থিত সভ্য সংখ্যা ১২ জনের অধিক ও ৬ জনের ন্যূন হয় নাই। সমিতি যে সকল বিষয়ের আলোচনা কবিয়াছিলেন, তাহার মধ্যে নিম্নোক্ত কয়টী বিশেষ উল্লেখযোগ্য—

(১) পবিষৎ কর্ত্তৃক সংগৃহীত প্রাচীন কাব্যাদি পত্রিকায় মুদ্রণের ব্যবস্থা।

(২) পবিষৎ কর্ত্তৃক প্রকাশিত গ্রন্থাদিব নির্দ্দিষ্ট সংখ্যা গ্রন্থালয়ে রক্ষা করিবার ব্যবস্থা।

(৩) প্রাচীন পুঁথিব বিবরণ সংগ্রহ কবিবাব জন্য উপযুক্ত লোক নিয়োগ।

এতদ্ব্যতীত কর্ম্মচাবী নিয়োগ, প্রাচীন পুঁথি সংগ্রহ, পুবস্কার প্রবন্ধের পরীক্ষক নিয়োগ প্রভৃতি বিষয়ে কার্য্য-নির্ব্বাহক-সমিতি যথাযোগ্য ব্যবস্থা কবিয়াছিলেন।

পরিষদ্ রেজেষ্টবীকবণ—১৮৬০ সালেব ২১ আইনেব বিধান মতে আলোচ্য বর্ষে নিয়মিত সংখ্যক সভ্যেব স্বাক্ষবযুক্ত হইযা অনুষ্ঠান পত্র বেজেষ্টরী করা হইয়াছিল।

বেণ্ডল সাহেবের অভ্যর্থনা—আলোচ্য বর্ষে সুবিখ্যাত প্রত্নতত্ত্ববিৎ ও প্রাচ্যবিদ্যা বিশাবদ শ্রীযুক্ত সি, বেণ্ডল সাহেবেব কলিকাতায় আগমন উপলক্ষে পরিষদ হইতে তাঁহাকে অভ্যর্থনা কবিবাব জন্য একটী সান্ধ্য-সমিতিব অনুষ্ঠান কবা হইয়াছিল। উক্ত সমিতিতে গীত, বাদ্য, অভিনয় প্রভৃতি নানাপ্রকাব আমোদ প্রমোদেব আয়োজন হইয়াছিল। বেণ্ডল সাহেব ইহাতে পবিতুষ্ট হইয়া পরিষদেব সম্বর্দ্ধনা কবিযাছিলেন। পবিষদেব বিশ্বাস যে বেণ্ডল সাহেবেব প্রতি যথাযোগ্য সম্মান প্রদর্শন কবিয়া পবিষদ প্রাচ্য-বিদ্যা ও প্রত্নতত্ত্বেব প্রতি সমাদর প্রকাশ করিয়াছেন।

বিশ্ব-বিদ্যালযে বাঙ্গালা প্রচলন—বিশ্ব-বিদ্যালয়ে বাঙ্গালা প্রচলন সম্বন্ধে পবিষদ ১৩০২ ও ১৩০৩ সালে যে সকল উপায অবলম্বন কবিয়াছিলেন, তাহার বিবরণ ঐ ঐ বর্ষেব বিবরণীতে লিখিত হইযাছে। পবিষদ এ সম্বন্ধে বিশ্ব-বিদ্যালয় সমীপে যে আবেদন প্রেবণ কবেন, তাহার বিচাব কবিযা বিশ্ব-বিদ্যালয় এ বিষয়ে এই স্থিব কবেন যে, পরীক্ষার্থীবা ইচ্ছা কবিলে এফ্, এ, ও বি, এ, পবীক্ষাব নির্দ্দিষ্ট বিষয় ব্যতীত বাঙ্গালা রচনা বিষয়ে পবীক্ষা দিতে পাবিবেন এবং পবীক্ষাব ফলে পাবদর্শিতানুসাবে এক এক খানি প্রশংসা পত্র পাইবেন। আলোচ্য বর্ষে

বিশ্ব-বিদ্যালয় ঐ নিয়মানুযায়ী এফ্, এ, ও বি, এ, পবীক্ষায় বাঙ্গালা রচনা বিষয়ে পবীক্ষা গ্রহণেব ব্যবস্থা কবিয়াছিলেন। এ সম্বন্ধে অনুসন্ধান দ্বারা অবগত হওয়া গিয়াছে যে, আলোচ্য বর্ষে ২০০০ জনের অধিক সংখ্যক এফ্, এ, ও জন বি, এ, পবীক্ষার্থী বাঙ্গালা বচনা বিষয়ে পবীক্ষা দিযাছিলেন। এ ঘটনা পবিষদেব অতীব সন্তোষজনক। কারণ ইহা দ্বাবা নিঃসংশয়রূপে প্রমাণিত হইতেছে যে, বঙ্গের শিক্ষিত সম্প্রদাযেব মধ্যে বাঙ্গালা সাহিত্যেব প্রতি যত্ন ও অনুবাগ বদ্ধমূল হইযাছে। আশা করা যায়, এই যত্ন ও অনুবাগ দিন দিন বর্দ্ধিত হইতে থাকিবে।

গত বর্ষের কর্ম্মচারিগণ—আলোচ্য বর্ষে নিম্নোক্ত কর্ম্মচাবিগণ নির্ব্বাচিত হইয়াছিলেন—

সভাপতি—শ্রীযুক্ত দ্বিজেন্দ্রনাথ ঠাকুব।

সহকারী-সভাপতিত্রয়—শ্রীযুক্ত বায কালীপ্রসন্ন ঘোষ বাহাদুব, মহামহোপাধ্যায় শ্রীযুক্ত হবপ্রসাদ শাস্ত্রী ও শ্রীযুক্ত অক্ষযচন্দ্র সবকাব।

সম্পাদক—শ্রীযুক্ত হীবেন্দ্রনাথ দত্ত, এম্, এ, বি, এল্।

সহকাবী-সম্পাদকদ্বয়—শ্রীযুক্ত চণ্ডীচবণ বন্দ্যোপাধ্যায ও শ্রীযুক্ত প্রতুলচন্দ্র বসু।

পত্রিকা-সম্পাদক—শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু।

ধন-বক্ষক—শ্রীযুক্ত চারুচন্দ্র ঘোষ।

গ্রন্থ-বক্ষক—শ্রীযুক্ত প্রতুলচন্দ্র বসু।

আয়-ব্যয়-পবীক্ষক—শ্রীযুক্ত রামেন্দ্র সুন্দব ত্রিবেদী এম্ এ, ও শ্রীযুক্ত বাণীনাথ নন্দী।

লেখক—শ্রীযুক্ত গোবিন্দচন্দ্র মল্লিক।

সভাপতি—আলোচ্য বর্ষে বঙ্গ-সাহিত্য-সংসাবে সুপ্রতিষ্ঠিত শ্রীযুক্ত দ্বিজেন্দ্র নাথ ঠাকুব মহাশয় পবিষদেব সভাপতি পদে অধিষ্ঠিত ছিলেন। তিনি সবিশেষ যোগ্যতা সহকারে পদোচিত কর্ত্তব্যভাব বহন কবিয়াছেন। শারীবিক অসুস্থতা সত্ত্বেও তিনি পরিষদেব মাসিক অধিবেশনে মনোজ্ঞ ও সাবগর্ভ প্রবন্ধ পাঠ করিয়া এবং পবিষদেব উন্নতিকল্পে যত্ন ও পবিশ্রম স্বীকাব কবিযা পবিষদেব বিশেষ কৃতজ্ঞতাভাজন হইযাছেন।

সহকারী-সভাপতি—আলোচ্য বর্ষে সহকারী-সভাপতিগণ স্ব স্ব পদোচিত

কর্ত্তব্য সাধনে যত্নের ত্রুটি করেন নাই। শ্রীযুক্ত রায় কালীপ্রসন্ন ঘোষ বাহাদুর মহাশয় পরিষদের অর্থ সংস্থানে সাহায্য করিয়া এবং সতত পরিষদের হিতার্থে সৎপরামর্শ দান ও শ্রম স্বীকার করিয়া পরিষদের ধন্যবাদের পাত্র হইয়াছেন। মহামহোপাধ্যায় শ্রীযুক্ত হরপ্রসাদ শাস্ত্রী, এম্, এ, মহাশয় বিবিধ সমিতির কার্য্যে, কার্য্য-নির্ব্বাহক-সমিতিতে এবং সাধারণ-সভায় উৎসাহ ও আন্তরিকতার সহিত যোগদান করিয়া, মাসিক অধিবেশনে নানা বিষয়ক গবেষণাপূর্ণ প্রবন্ধ পাঠ করিয়া এবং পত্রিকার জন্য প্রবন্ধ রচনা, প্রাচীন পুঁথি সংগ্রহ প্রভৃতি অনেক উপায়ে পরিষদের উন্নতিকল্পে যত্নশীল হইয়া পরিষদের কৃতজ্ঞতাভাজন হইয়াছেন।

সম্পাদক—আলোচ্য বর্ষে শ্রীযুক্ত হীরেন্দ্রনাথ দত্ত এম্, এ, বি, এল্, পরিষদের সম্পাদকপদে অধিষ্ঠিত ছিলেন এবং সাধ্যানুসারে নিজ কর্ত্তব্য সম্পাদনে সচেষ্ট ছিলেন। এইজন্য পরিষদ তাঁহার নিকট কৃতজ্ঞ আছেন।

পত্রিকা-সম্পাদক—আলোচ্য বর্ষে বিশ্বকোষ-সঙ্কলয়িতা শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু মহাশয় পত্রিকা-সম্পাদকের কার্য্য নির্ব্বাহ করিয়াছিলেন। তাঁহার আন্তরিক যত্ন ও চেষ্টায় এবং ঐকান্তিক অধ্যবসায়ের ফলে সাহিত্য-পরিষৎ-পত্রিকার প্রভূত উন্নতি সাধিত হইয়াছে। তিনি স্বয়ং নানা বিষয়ে প্রবন্ধ রচনা করিয়া এবং দেশের খ্যাতনামা লেখক মহাশয়দিগের নিকট হইতে প্রবন্ধ সংগ্রহ করিয়া যথাকালে পরিষৎ পত্রিকা প্রকাশিত করিতে সমর্থ হইয়াছিলেন। বিশ্বকোষ সঙ্কলনরূপ গুরুতর কার্য্যে ব্যাপৃত থাকিয়াও তিনি পরিষৎ পত্রিকার পুষ্টিসাধনে ও উন্নতি বিধানে এরূপ আন্তরিক যত্ন ও আয়াস স্বীকার করিয়াছেন, এবং প্রাচীন শব্দ-সমিতি ও গ্রন্থ-প্রকাশ-সমিতির সম্পাদক ও নানা শাখা-সমিতির সদস্যরূপে এবং প্রাচীন পুঁথি সংগ্রহের জন্য এরূপ শ্রম-স্বীকার ও অধ্যবসায় প্রদর্শন করিয়াছেন যে, পরিষদ তাঁহার নিকট বিশেষ ভাবে ঋণী হইয়াছেন।

গ্রন্থ-রক্ষক—আলোচ্য বর্ষে পরিষদের ভূতপূর্ব্ব গ্রন্থ-রক্ষক শ্রীযুক্ত প্রতুল-চন্দ্র বসু মহাশয়ই ঐ পদে অধিষ্ঠিত ছিলেন। তাঁহার ঐকান্তিক যত্ন ও অধ্য-বসায়ে পরিষৎ পুস্তকালয়ের যথেষ্ট উন্নতি সাধিত হইয়াছে। উক্ত পুস্তকালয়ের বর্ত্তমান উন্নত অবস্থা তাঁহারই শ্রম ও যত্নের সাক্ষাৎ ফল। পরিষদ তজ্জন্য গ্রন্থ-রক্ষক মহাশয়কে ধন্যবাদ দিতেছেন।

অন্যান্য কর্ম্মচারিগণ—পরিষদের ধন-রক্ষক, আয়-ব্যয়-পরীক্ষক ও

সহকারী-সম্পাদকদ্বয় আলোচ্য বর্ষে স্ব স্ব কর্ত্তব্য পালনে জাগরূক থাকিয়া পরিষদের ধন্যবাদের পাত্র হইয়াছেন।

লেখক—আলোচ্য বর্ষে লেখক মহাশয় বিশেষ যত্ন ও পরিশ্রম সহকারে নিজ কর্ত্তব্য সাধন করিয়া সম্পাদককে সকল বিষয়ে যথেষ্ট সহায়তা করিয়াছেন। পরিষদ তজ্জন্য তাঁহার নিকট কৃতজ্ঞ আছেন।

পুস্তকালয়—আলোচ্য বর্ষে পরিষৎ-পুস্তকালয়ে ৩০০ খানি পুস্তক ও পত্রিকার বিনিময়ে ৪২ দফা সাময়িক পত্র সংগৃহীত হইয়াছিল। সাময়িক পত্র বাঙ্গালা, ইংরাজী, সংস্কৃত ও উৎকল ভাষায় লিখিত। ১৩০৪ সালে পুস্তকালয়ে সংগৃহীত পুস্তকের সংখ্যা ছিল ৪৯২, আলোচ্য বর্ষে এই সংখ্যা বর্দ্ধিত হইয়া ৭৯২ হইয়াছে। আলোচ্য বর্ষে যাঁহারা পরিষৎ পুস্তকালয়ে পুস্তক উপহার দিয়াছেন, নিম্নে তাঁহাদিগের নাম ও প্রদত্ত পুস্তকের সংখ্যা লিখিত হইল।

১।	শ্রীযুক্ত	জগবন্ধু মোদক	৫ খানি
২।	,,	হীরেন্দ্রনাথ দত্ত	৬ ,,
৩।	,,	মতি লাল ঘোষ	৩ ,,
৪।	,,	ত্রৈলোক্য মোহন রায় চৌধুরী	১ ,,
৫।	,,	রাজা বিনয়কৃষ্ণ বাহাদুর	১২ ,,
৬।	,,	নকুলেশ্বর বিদ্যাভূষন	৪ ,,
৭।	,,	যতিন্দ্র মোহন সান্যাল	১ ,,
৮।	,,	শরচ্চন্দ্র শাস্ত্রী	১ ,,
৯।	,,	প্রবোধ চন্দ্র সরকার	১ ,,
১০।	,,	কামাক্ষ্যাচরণ বন্দোপাধ্যায়	১ ,,
১১।	,,	হরিশ্চন্দ্র নিয়োগী	১ ,,
১২।	,,	কিরণ চন্দ্র দত্ত	১ ,,
১৩।	,,	মহেন্দ্রনাথ বিদ্যানিধি	২৪ ,,
১৪।	,,	যতীন্দ্রমোহন সিংহ	১ ,,
১৫।	,,	নবকুমার দেবশর্ম্মা	১ ,,
১৬।	,,	রাজেন্দ্রচন্দ্র শাস্ত্রী	১০ ,,
১৭।	,,	শরচ্চন্দ্র সরকার	১০২ ,,

১৮।	শ্রীযুক্ত রাজনারায়ণ মুখোপাধ্যায়	১	খানি
১৯।	„ গোবিন্দানন্দ পরিব্রাজক	১	„
২০।	„ নগেন্দ্রনাথ বসু	২২	„
২১।	„ ললিত চন্দ্র মিত্র	১	„
২২।	„ গোবিন্দলাল মল্লিক	১	„
২৩।	মিউনিসিপাল বিল কমিটি	১	„
২৪।	শ্রীযুক্ত যোগেশচন্দ্র রায়	১	„
২৫।	„ যতীন্দ্রনাথ দত্ত	২	„
২৬।	„ দীননাথ সেন	৫	„
২৭।	„ অনুপকৃষ্ণ মিত্র	২	„
২৮।	„ যদুনাথ মজুমদার	১	„
২৯।	„ রায় যতীন্দ্রনাথ চৌধুরী	১	„
৩০।	„ যশোদানন্দন প্রামাণিক	১	„
৩১।	„ দুর্গানারায়ণ সেন	১	„
৩২।	„ প্রমথনাথ মিত্র	১	„
৩৩।	„ মনোমোহন রায়	১	„
৩৪।	„ পাঁচকড়ি ঘোষ	৪	„
৩৫।	„ অম্বিকাচরণ গুপ্ত	২	„
৩৬।	„ রজনীকান্ত গুপ্ত	১	„
৩৭।	„ দ্বিজেন্দ্রনাথ চৌধুরী	১	„
৩৮।	সভাবাজার দাতব্যসভা	১	রিপোর্ট।

এতদ্ব্যতীত রাজা বিনয়কৃষ্ণ বাহাদুর কয়েক খানি প্রধান প্রধান সংবাদপত্র নিয়মিত রূপে পরিষৎ গ্রন্থালয়ে উপহার দিয়া পরিষদের ধন্যবাদার্হ হইয়াছেন।

গ্রন্থোপহারদাতা সকলেই পরিষদের ধন্যবাদের পাত্র। ইহাঁদের মধ্যে যাঁহারা পরিষদের সভ্য নহেন, তাঁহাদের নিকট পরিষদ অধিকতর কৃতজ্ঞ। আশা করা যায়, পরিষদের অন্য অন্য গ্রন্থকার সভ্য মহোদয়গণ ইহাঁদের দৃষ্টান্তের অনুসরণ করিয়া পরিষৎ-পুস্তকালয়ের পুষ্টিসাধনে যত্নবান হইবেন। সভাপতি শ্রীযুক্ত দ্বিজেন্দ্রনাথ ঠাকুর মহাশয় স্ব-প্রণীত বেথাক্ষর বর্ণমালা গ্রন্থের পাণ্ডুলিপি

উপহার প্রদান করিয়া পরিষদের কৃতজ্ঞতাভাজন হইয়াছেন। পণ্ডিত জয়চন্দ্র সিদ্ধান্তভূষণ মহাশয় দশম মাসিক অধিবেশনে পরিষদের উপস্থিত সদস্যগণকে স্ব-রচিত তিন খানি গ্রন্থ উপহার দিয়া পরিষদের ধন্যবাদার্হ হইয়াছিলেন। যে সকল সাময়িক পত্রের পরিচালক মহোদয়গণ পরিষৎ পত্রিকার বিনিময়ে স্ব স্ব সাময়িক পত্র পরিষৎ-পুস্তকালয়ে প্রদান করিয়াছিলেন, পরিষদ তাঁহাদিগকে ধন্যবাদ প্রদান করিতেছেন।

আলোচ্য বর্ষে পরিষৎ-গ্রন্থালয় হইতে সভ্যবর্গের পাঠের জন্য ৫১ খানি পুস্তক ও ১৭ খানি সাময়িক পত্র বাহির হইয়াছিল, ইহার বিবরণ নিম্নে প্রদত্ত হইল—

বাঙ্গালা—৫৩, সংস্কৃত ও বাঙ্গালা—৬, সংস্কৃত—১ এবং ইংরাজি—৮।

আলোচ্য বর্ষে কার্য্য নির্ব্বাহক সমিতি পুস্তকালয় সম্বন্ধে দুইটি নূতন বিধি প্রণয়ণ করেন—(১) পরিষদ কর্ত্তৃক প্রকাশিত পত্রিকা ও গ্রন্থাদির অন্ততঃ *৫ সংখ্যা পরিষৎ পুস্তকালয়ে রক্ষিত হইবে।*

(২) উপহার প্রাপ্ত গ্রন্থের মধ্যে যে সকল গ্রন্থ রক্ষিত হইবার অনুপযুক্ত স্থির হইবে, সে সকল গ্রন্থ পরিষৎ পুস্তকালয়ে রক্ষিত হইবে না।

পুঁথি-সংগ্রহ—পূর্ব্ব পূর্ব্ব বর্ষের ন্যায় আলোচ্য বর্ষেও পরিষদ পুঁথি সংগ্রহ বিষয়ে যত্নশীল ছিলেন। সভ্য মহোদয়দিগের যত্ন ও চেষ্টায় কয়েকখানি প্রাচীন পুঁথি সংগৃহীত হইয়াছে। নিম্নে তাহার তালিকা প্রদত্ত হইল।

পুঁথির নাম।	কাহার লিখিত।	সংগ্রাহকের নাম।
পদাবলী।	জগদানন্দ।	শ্রীমৃণালকান্তি ঘোষ।
পদাবলী।	গোবিন্দ দাস	,, নবীন চন্দ্র সেন।
মহাভারত।	সঞ্জয় কবীন্দ্র	,, বিজয়কেশব মিত্র।
অপ্রকাশিত পদাবলী।	চণ্ডীদাস	,, নীলরতন মুখোপাধ্যায়।

এতদ্ব্যতীত পরিষৎ-পত্রিকার সম্পাদক শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু মহাশয় স্বতঃ প্রণোদিত হইয়া বহুল আয়াস ও অর্থব্যয় স্বীকার করিয়া বিগত দুই বৎসরে নানা বিষয়ে প্রায় ৭০০ শত পুঁথি সংগৃহীত করিয়াছেন। পরিষদের অনুরোধ এই যে পরিষদের অন্যান্য সভ্য মহোদয়গণ নগেন্দ্র বাবুর দৃষ্টান্তের অনুসরণ করিয়া পুঁথি সংগ্রহ বিষয়ে যত্নশীল হয়েন এবং সংগৃহীত পুঁথির সবিস্তার বিবরণ পরিষৎ পত্রিকায়

প্রকাশের জন্য প্রেরণ করেন। আলোচ্য বর্ষে পরিষদের অন্যতম সদস্য শ্রীযুক্ত রামেন্দ্রসুন্দর ত্রিবেদী, শ্রীযুক্ত অম্বিকাচরণ গুপ্ত, শ্রীযুক্ত মৃণালকান্তি ঘোষ ও শ্রীযুক্ত নিবারণ চন্দ্র ভট্টাচার্য্য মহাশয়গণ স্ব স্ব সংগৃহীত পুঁথির তালিকা পরিষৎ পত্রিকায় মুদ্রিত করিয়া পরিষদের কৃতজ্ঞতাভাজন হইয়াছেন।

পত্রিকা সম্পাদক শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু মহাশয় স্ব-সংগৃহীত সকল পুঁথিই পরিষদের কার্য্যে নিয়োজিত করিতে সর্ব্বদা প্রস্তুত থাকিয়া পরিষদের ধন্যবাদের পাত্র হইয়াছেন। তিনি পরিষৎ-পুস্তকালয়ে যে যে পুঁথি উপহার দিয়াছেন, নিম্নে তাহার তালিকা প্রদত্ত হইল।

	পুঁথির নাম	লেখক	নকলের সন।
১।	হরিশ্চন্দ্রের পালা	কবিচন্দ্র	১১৮৬
২।	প্রহ্লাদ চরিত্র	ঐ	
৩।	মদনমোহনের পালা	কমলাকান্ত	
৪।	কৈলাসের পালা	কবিচন্দ্র	
৫।	বাধার মানভঞ্জন	(অজ্ঞাত)	
৬।	গঙ্গার বন্দনা	কবিকঙ্কণ	
৭।	নাগপাশ পালা	কবিচন্দ্র	১৭৪৬ শক
৮।	কর্ণপর্ব্ব	কাশীদাস	১০৮০ সন
৯।	স্বর্গারোহণ পর্ব্ব	,,	১১০৩ ,,
১০।	শ্রীবৃন্দাবন ধ্যান	কৃষ্ণদাস	১০৮৩ ,,
১১।	কংসবধ পালা	কবিচন্দ্র	১২২৯ ,,
১২।	প্রেমভক্তি চন্দ্রিকা	নরোত্তম দাস	
১৩।	রাধিকামঙ্গল	কবিচন্দ্র	১২৪৯ ,,
১৪।	গীতগোবিন্দ	জয়দেব	১৭১৮ শক
১৫।	বিদগ্ধমাধবের অনুবাদ	যদুনন্দন দাস	

বলা বাহুল্য এখনও অনেক বাঙ্গালা পুঁথি অজ্ঞাত অবস্থায় জীর্ণ শীর্ণ হইয়া কীটদষ্ট হইতেছে। পুঁথি সংগ্রহ কার্য্যের এই সূত্রপাত মাত্র, এখনও অনেক অবশিষ্ট আছে।

আয় ব্যয়—আলোচ্য বর্ষে পরিষদের মোট ২৩৩৫৸৯/১০ টাকা আয় ও ২২২০৷৷৯/১০ টাকা ব্যয় হইয়াছিল। ১৩০৪ সালে সর্ব্বশুদ্ধ ১৮৩৫৸৯/১৫ আয়, ও ১৭৮৫৷৶ ব্যয় হইয়াছিল। সর্ব্ববিধ ব্যয় বাদে বর্ষশেষে ১৬১৷৷৶/১৫ টাকা মজুত ছিল। আয়-ব্যয়ের সবিশেষ বিবরণ (ক) চিহ্নিত ক্রোড়পত্রে দ্রষ্টব্য।

বেঙ্গল সাহেবের অভিনন্দনের ব্যয় নির্ব্বাহার্থ পরিষদের সভ্যদিগের নিকট বিশেষ চাঁদা প্রার্থনা করা হইয়াছিল। সেই প্রার্থনানুসারে যাঁহারা এককালীন চাঁদা প্রদান করিয়াছিলেন, নিম্নে তাঁহাদিগের নাম ও চাঁদার পরিমাণ লিখিত হইল।

১।	শ্রীযুক্ত হরিচরণ বসু	১০৲
২।	,, নগেন্দ্রনাথ বসু	৫৲
৩।	,, মহামহোপাধ্যায় হরপ্রসাদ শাস্ত্রী	২৫৲
৪।	,, ব্যোমকেশ মুস্তোফী	১৲
৫।	,, পঞ্চানন মুখোপাধ্যায়	৫৲
৬।	,, চন্দ্রশেখর কালী	১৲
৭।	,, হীরেন্দ্রনাথ দত্ত	১০৲
৮।	,, রাজেন্দ্রচন্দ্র শাস্ত্রী	৫৲
৯।	,, রায় যতীন্দ্রনাথ চৌধুরী	১০৲
১০।	,, দ্বিজেন্দ্রনাথ ঠাকুর	৫৲
১১।	রাজা বিনয়কৃষ্ণ বাহাদুর	১৫৲
১২।	শ্রীযুক্ত চারুচন্দ্র ঘোষ	২৲
১৩।	,, শিবাপ্রসন্ন ভট্টাচার্য্য	১৲
১৪।	,, মনোমোহন বসু	৷৷০

আলোচ্য বর্ষে গ্রন্থ-প্রকাশ-সমিতির তহবিল হইতে সমিতির ধন রক্ষক শ্রীযুক্ত রাজা বিনয়কৃষ্ণ দেব বাহাদুর প্রাচীন পুঁথি মুদ্রণের জন্য গ্রন্থ-প্রকাশ-সমিতির সম্পাদক শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু মহাশয়কে ২০০৲ দুই শত টাকা দিয়াছিলেন। ঐ ব্যয় বাদে উক্ত তহবিলে সম্প্রতি ৮১৬৸০ মজুত আছে।

আলোচ্য বর্ষে পরিষৎ-পুস্তকালয়ের জন্য যাঁহারা এককালীন দান

করিয়াছিলেন তাঁহাদিগের নাম ও চাঁদার পরিমাণ নিম্নে লিখিত হইল। উক্ত দানের জন্য পরিষদ্ তাঁহাদিগকে ধন্যবাদ দিতেছেন।

১।	শ্রীযুক্ত রাজা বিনয়কৃষ্ণ দেব বাহাদুর	২৮৲
২।	,, হীরেন্দ্রনাথ দত্ত	১০৲
৩।	,, প্রতুলচন্দ্র বসু	৬৲
৪।	মাননীয় গুরুদাস বন্দ্যোপাধ্যায়	৫৲
৫।	শ্রীযুক্ত চন্দ্রনাথ বসু	৫৲
৬।	,, দ্বিজেন্দ্রনাথ ঠাকুর	৫৲
৭।	রায় বৈকুণ্ঠনাথ বসু বাহাদুর	২৲
৮।	কবিরাজ রামচন্দ্র বিদ্যাবিনোদ	২৲

আলোচ্য বর্ষে পরিষৎ পুস্তকালয়ের জন্য সভ্য মহোদয়গণের নিকট বিশেষ চাঁদা সংগ্রহ করিয়া এক সেট এনসাইক্লোপিডিয়া ক্রয় করা হইয়াছিল। তজ্জন্য যাঁহারা চাঁদা দিতে স্বীকৃত হইয়াছেন, তাঁহাদের নাম ও চাঁদার পরিমাণ নিম্নে লিখিত হইল।

১।	কুমার দক্ষিণেশ্বর মালিয়া	মাসিক ১৲ টাকা হিসাবে	১৫৲
২।	মহামহোপাধ্যায় হরপ্রসাদ শাস্ত্রী	,,	১৫৲
৩।	রায় যতীন্দ্রনাথ চৌধুরী	,,	১৫৲
৪।	শ্রীযুক্ত যজ্ঞেশ্বর বন্দ্যোপাধ্যায়	,,	১৫৲
৫।	,, সতীশ চন্দ্র বিদ্যাভূষণ	,,	১৫৲
৬।	,, নগেন্দ্রনাথ বসু	মাসিক ॥০ হিসাবে	৭॥০
৭।	,, লালগোপাল মিত্র	,,	৭॥০
৮।	,, হীরেন্দ্রনাথ দত্ত	মাসিক ১৲ টাকা হিসাবে	১৫৲
৯।	,, ডাক্তার চুণীলাল বসু	,,	১৫৲
১০।	,, পণ্ডিত রাজেন্দ্র চন্দ্র শাস্ত্রী	,,	১৫৲
১১।	,, নরেন্দ্রনাথ মিত্র	,,	১৫৲
১২।	,, পণ্ডিত মহেন্দ্রনাথ বিদ্যানিধি	,,	১৫৲
১৩।	,, শিবাপ্রসন্ন ভট্টাচার্য্য	,,	১৫৲

পারিতোষিক প্রবন্ধ—

(ক) যতীন্দ্রনাথ পুরস্কার—এই পুরস্কারের কথা পূর্ব্ব পূর্ব্ব বিবরণীতে উল্লিখিত আছে। রায় যতীন্দ্রনাথ চৌধুরী মহাশয় ঐ নামে দুইটি পুরস্কার দিয়াছিলেন। পুরস্কার দুইটির পরিমাণ যথাক্রমে ৫০০৲ ও ২৫০৲ টাকা। প্রথম পুরস্কারটি অদ্বৈতবাদ সম্বন্ধে ও দ্বিতীয়টি প্রাচীন ও নব্য ন্যায় সম্বন্ধে সর্ব্বোৎকৃষ্ট প্রবন্ধ লেখকের প্রাপ্য। ১৩০৪ সালে ন্যায় বিষয়ক প্রবন্ধের পরীক্ষক মহামহোপাধ্যায় শ্রীযুক্ত মহেশচন্দ্র ন্যায়রত্ন, শ্রীযুক্ত কৃষ্ণকমল ভট্টাচার্য্য বি, এল, ও শ্রীযুক্ত কামাক্ষ্যানাথ তর্কবাগীশ মহাশয়গণের মতানুসারে উক্ত ন্যায় বিষয়ক পুরস্কার, প্রবন্ধ-লেখক শ্রীযুক্ত চন্দ্রকিশোর তর্কতীর্থ মহাশয়কে দেওয়া হইবে স্থির হইয়াছিল। আলোচ্য বর্ষে এই পুরস্কার তাঁহাকে দেওয়া হইয়াছিল। পুরস্কার প্রদানের জন্য পরিষদ্ শ্রীযুক্ত রায় যতীন্দ্রনাথ চৌধুরী মহাশয়ের নিকট আন্তরিক কৃতজ্ঞতা প্রকাশ করিতেছেন।

অদ্বৈতবাদ বিষয়ে সর্ব্বসমেত চারিটি প্রবন্ধ পাওয়া গিয়াছিল। প্রবন্ধলেখকগণের নাম যথাক্রমে শ্রীযুক্ত সীতানাথ দত্ত তত্ত্বভূষণ, শ্রীযুক্ত প্রিয়নাথ সেন, এম্, এ, শ্রীযুক্ত দুর্গাচরণ বেদান্ততীর্থ ও শ্রীযুক্ত তারক নাথ মুখোপাধ্যায়।

উক্ত প্রবন্ধ কয়টি শ্রীযুক্ত দ্বিজেন্দ্রনাথ ঠাকুর, মাননীয় শ্রীযুক্ত গুরুদাস বন্দ্যোপাধ্যায়, ডি, এল্ ও শ্রীযুক্ত কালীবর বেদান্তবাগীশ মহাশয়গণ কর্ত্তৃক পরীক্ষিত হইয়া স্থির হইয়াছে যে, উক্ত পুরস্কার প্রবন্ধলেখক শ্রীযুক্ত প্রিয়নাথ সেন ও শ্রীযুক্ত দুর্গাচরণ বেদান্ততীর্থ মহাশয় দ্বয়কে তুল্যাংশে প্রদত্ত হইবে। পরীক্ষক মহোদয়গণ শ্রম ও আয়াস স্বীকার করিয়া উক্ত প্রবন্ধ-সমূহ পরিষদের পক্ষ হইতে পরীক্ষা করিয়া দিয়াছেন বলিয়া, পরিষদ তাঁহাদিগকে আন্তরিক ধন্যবাদ দিতেছেন।

(খ) কৃষ্ণভাবিনী বসু মল্লিক পুরস্কার—এই পুরস্কার প্রবন্ধের বিষয় "আর্য্য হিন্দুজাতির সমাজ বন্ধন"। পুরস্কারের পরিমাণ ৫০০৲ পাঁচ শত টাকা এবং পরীক্ষক মহাশয়দিগের মতানুসারে প্রবন্ধ মুদ্রণের ব্যয় স্বরূপ ১৫০৲ দেড় শত টাকা। সর্ব্বসমেত উক্ত বিষয়ের ৮টি প্রবন্ধ সম্পাদকের হস্তগত হইয়াছে।

কৃষ্ণভাবিনী প্রবন্ধ লেখকগণের নাম।

শ্রীগোপাল চন্দ্র মুখোপাধ্যায়

শ্রীযজ্ঞেশ্বর বন্দ্যোপাধ্যায়
শ্রীযদুনাথ কাঞ্জিলাল
শ্রীবিপিনমোহন সেন
শ্রীযোগেন্দ্র কুমার চট্টোপাধ্যায়
শ্রীশ্যামানন্দ ভট্টাচার্য্য
শ্রীকৈলাস চন্দ্র কাঞ্জিলাল
এচ্, সি, বন্দ্যোপাধ্যায়

শ্রীযুক্ত চন্দ্রনাথ বসু এম্, এ, বি, এল, মহামহোপাধ্যায় শ্রীযুক্ত নীলমণি ন্যায়ালঙ্কার ও শ্রীযুক্ত রাজেন্দ্রচন্দ্র শাস্ত্রী এম্, এ, উক্ত প্রবন্ধ সমূহের পরীক্ষাভার গ্রহণ করেন। পরীক্ষকত্রয়ের মধ্যে শ্রীযুক্ত চন্দ্রনাথ বসু ও রাজেন্দ্রচন্দ্র শাস্ত্রী মহাশয়দ্বয়ের পরীক্ষাকার্য্য শেষ হইয়াছে। ন্যায়ালঙ্কার মহাশয় ৭ খানি প্রবন্ধ দেখিয়া দিয়াছেন। আর একখানি মাত্র অবশিষ্ট আছে। অতএব আশা করা যায় পরীক্ষাকার্য্য শীঘ্র শেষ হইয়া ফলাফল জানা যাইবে। পরীক্ষক মহোদয়গণ শ্রম ও আয়াস স্বীকার করিয়া উক্ত প্রবন্ধ-সমূহ পরীক্ষা করিয়া দিয়া পরিষদের বিশেষ কৃতজ্ঞতা ভাজন হইয়াছেন।

পারিতোষিকদাতা শ্রীযুক্ত মন্মথনাথ বসু মল্লিক মহাশয়ের বদান্যতা ও বিদ্যোৎসাহিতার জন্য পরিষদ তাঁহাকে ধন্যবাদ দিতেছেন।

পরিষদের শাখা-সমিতি—পরিষদের মুখ্য উদ্দেশ্য সাধনার্থ নানা বিষয়ে কয়েকটি বিভিন্ন শাখা-সমিতি প্রতিষ্ঠিত হইয়াছে। তাহাদের প্রত্যেকের নাম, উদ্দেশ্য, গঠন ও সংক্ষিপ্ত-কার্য্য-বিবরণ নিম্নে প্রদত্ত হইতেছে। ১৩০৪ সালের পূর্ব্ব পূর্ব্ব বর্ষে পরিষদের সাধারণ-সম্পাদকই প্রত্যেক শাখা-সমিতির সম্পাদক নিযুক্ত ছিলেন। ১৩০৪ সালে এই নিয়ম পরিবর্ত্তিত হইয়া এ বিষয়ে এইরূপ বিধান হইয়াছিল যে, প্রত্যেক শাখা-সমিতির আবশ্যক মত স্বতন্ত্র সভাপতি ও সম্পাদক পরিষদের সাধারণ অধিবেশনে নিয়োজিত হইবেন। তদনুসারে আলোচ্য বর্ষে বিভিন্ন শাখা-সমিতি সমূহের ভিন্ন ভিন্ন সম্পাদক নিয়োজিত ছিলেন। কোন সমিতির ফলাফলের জন্য সেই সমিতির সম্পাদকই এখন দায়ী।

(১) গ্রন্থপ্রকাশ-সমিতি—১৩০২ সালের ২৪শে আষাঢ়ের মাসিক অধিবেশনে বাঙ্গালা ভাষায় রচিত প্রাচীনকাব্য ও অন্যান্য সারগর্ভ গ্রন্থ প্রকাশের নিমিত্ত এই সমিতির সৃষ্টি হয়। এই সমিতির সম্পাদক শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু। রাজা বিনয়কৃষ্ণ দেব বাহাদুর ইহার ধন রক্ষকের কার্য্যে নিযুক্ত আছেন। এই সমিতির বর্ত্তমান সভ্যগণের নাম—

সাহিত্য-পরিষদের সভাপতি, সহ-সভাপতিত্রয়, সম্পাদক, সহ-সম্পাদকদ্বয়, শ্রীযুক্ত রাজা বিনয়কৃষ্ণ দেব বাহাদুর, শ্রীযুক্ত রায় যতীন্দ্রনাথ চৌধুরী এম্ এ, বি-এল, শ্রীযুক্ত নগেন্দ্রনাথ ঘোষ (ব্যারিষ্টর,) শ্রীযুক্ত রামেন্দ্রসুন্দর ত্রিবেদী এম্ এ, শ্রীযুক্ত রজনীকান্ত গুপ্ত, শ্রীযুক্ত মনোমোহন বসু, শ্রীযুক্ত রাজেন্দ্রচন্দ্র শাস্ত্রী ও শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু (সম্পাদক।)

১৩০৪ সালে সমিতির মন্তব্যানুসারে শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু মহাশয় "অন্ধকবি ভবানীপ্রসাদের দুর্গামঙ্গল," ও "বিজয় পণ্ডিতের মহাভারতের" সম্পাদন কার্য্যের ভার গ্রহণ করিয়াছিলেন। মহাভারতের প্রথম খণ্ড দ্রোণপর্ব্ব পর্য্যন্ত মুদ্রিত হইয়াছে। দ্বিতীয় খণ্ডও মুদ্রিত হইতেছে। শীঘ্র মুদ্রণ কার্য্য শেষ হইয়া বিক্রয়ার্থ প্রস্তুত হইবে। দুর্গামঙ্গলের প্রতিলিপি মুদ্রণের জন্য প্রস্তুত হইয়াছে। আলোচ্য বর্ষে পরিষদের অন্যতম সদস্য শ্রীযুক্ত নিবারণ চন্দ্র ভট্টাচার্য্য একখানি আদর্শ পুঁথির সন্ধান পাইয়া তাহা পরিষদের গোচর করেন, ঐ পুঁথি খানি সংগ্রহ করিতে না পারায় দুর্গামঙ্গলের প্রতিলিপি শ্রীযুক্ত নিবারণ চন্দ্র ভট্টাচার্য্য মহাশয়ের নিকট প্রেরিত হইয়াছে। তিনি তৎসহ আদর্শ পুঁথির মেলন করিয়া দিতেছেন। এ কার্য্য শেষ হইলে দুর্গামঙ্গল মুদ্রণের ব্যবস্থা করা যাইবে। শ্রীযুক্ত নিবারণ ভট্টাচার্য্য এই কার্য্যের ভার গ্রহণ করিয়া পরিষদের ধন্যবাদার্হ হইয়াছেন। এতদব্যতীত আলোচ্য বর্ষে শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু মহাশয়ের সম্পাদনে এক খানি প্রাচীন পুঁথি গ্রন্থাকারে মুদ্রিত হইয়াছে। গ্রন্থখানির নাম রসমঞ্জরী। ইহাতে নানা প্রাচীন বাঙ্গালা কাব্য হইতে দৃষ্টান্ত-স্বরূপ কবিতা-সমূহ উদ্ধৃত হইয়াছে।

শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু মহাশয় পীতাম্বর দাসের রসমঞ্জরী ও মহাভারতের সম্পাদন কার্য্যের ভার বহন করাতে পরিষদ তাঁহাকে ধন্যবাদ দিতেছেন।

কৃত্তিবাসী রামায়ণ, কাশীদাসী মহাভারত, কবিকঙ্কণ চণ্ডী, রামমোহনের রামায়ণ প্রভৃতি প্রাচীন গ্রন্থ সম্পাদনের ভার ভিন্ন ভিন্ন শাখা-সমিতির উপর অর্পিত হইয়াছে। সম্পাদনকার্য্য অগ্রসর হইয়া মুদ্রণের উপযুক্ত হইলে গ্রন্থ-প্রকাশ-সমিতি ঐ ঐ গ্রন্থ মুদ্রণের ব্যবস্থা করিবেন।

(২) কৃত্তিবাসী রামায়ণ-সমিতি—কৃত্তিবাসী রামায়ণের একটি বিশুদ্ধ ও পাঠবিবেকযুক্ত সংস্করণ প্রকাশিত করিবার জন্য ১৩০২ সালের ২৪শে আষাঢ়ে এই সমিতি গঠিত হয়। এই সমিতির সম্পাদক শ্রীযুক্ত হীরেন্দ্রনাথ দত্ত। সমিতির বর্ত্তমান সভ্যগণের নাম :—

১। শ্রীযুক্ত হীরেন্দ্রনাথ দত্ত এম্, এ, বি, এল্।
২। „ শারদারঞ্জন রায় এম্, এ।
৩। „ রামেন্দ্রসুন্দর ত্রিবেদী এম, এ।
৪। „ অমৃতকৃষ্ণ মল্লিক বি, এল্।
৫। „ নরেন্দ্রনাথ মিত্র বি, এল্।
৬। „ মনোমোহন বসু।
৭। „ নগেন্দ্রনাথ বসু।
৮। „ গোবিন্দলাল দত্ত।
৯। „ চারুচন্দ্র ঘোষ।
১০। „ শরচ্চন্দ্র সরকার।
১১। „ রাজেন্দ্রচন্দ্র শাস্ত্রী এম্, এ।
১২। „ পণ্ডিত মহেন্দ্রনাথ বিদ্যানিধি।
১৩। „ কুঞ্জলাল রায়।
১৪। „ বিজয়কেশব মিত্র।
১৫। „ অমৃতলাল বসু।
১৬। „ হারাণচন্দ্র রক্ষিত।
১৭। „ কৃষ্ণধন সেন বি, এ।

এই সমিতির সভ্যগণের যত্নে রামায়ণের অনেকগুলি প্রাচীন হস্তলিখিত পুথি ও প্রাচীন মুদ্রিত পুস্তক সংগৃহীত হইয়াছে। তন্মধ্যে ১৮০২ সালে শ্রীরামপুরে মুদ্রিত রামায়ণ গ্রন্থ ও বহু প্রাচীন কয়েক কাণ্ডের হস্তলিখিত

পুঁথি সবিশেষ উল্লেখ যোগ্য। প্রাচীন পুঁথির মধ্যে ২ খানি উত্তরাকাণ্ডের পুঁথি, ১ খানি অযোধ্যাকাণ্ড ও ১ খানি লঙ্কাকাণ্ডের পুঁথি যথাক্রমে ১৫০২ শক, ১০০৯ সন ও ১০০৮ সনে লিখিত এবং শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু মহাশয় কর্ত্তৃক সংগৃহীত। আলোচ্য বর্ষে নগেন্দ্র বাবু কর্ত্তৃক সংগৃহীত ৩০০ বৎসরের অধিক প্রাচীন পুঁথিগুলির সাহায্যে অযোধ্যা, লঙ্কা ও উত্তরাকাণ্ডের পাণ্ডুলিপি প্রস্তুত হইয়াছে। আদিকাণ্ডের এক খানি প্রাচীন পুঁথি সংগৃহীত হইলেই কয়েককাণ্ড মুদ্রিত করিয়া প্রকাশ করা যাইতে পারিবে। আলোচ্য বর্ষে অনেক চেষ্টা করিয়াও আদিকাণ্ডের পুঁথি সংগ্রহ করিতে পারা যায় নাই। আশা করা যায় আগামী বর্ষে রামায়ণের কয়েক কাণ্ড মুদ্রিত হইয়া বিক্রয়ার্থ প্রস্তুত হইবে।

(৩) কাশীদাসী মহাভারত-সমিতি—কাশীদাসী মহাভারতের প্রকৃত পাঠ নির্ণয় করিয়া একটি বিশুদ্ধ সংস্করণ প্রকাশ করা এই সমিতির উদ্দেশ্য। শ্রীযুক্ত প্রফুল্লচন্দ্র বন্দ্যোপাধ্যায় মহাশয় এই সমিতির সম্পাদক। ১৩০২ সালে মহাভারত সম্পাদনের ভার পরিষদ প্রফুল্ল বাবুর উপর অর্পিত করিয়া তাঁহার সহকারীরূপে শ্রীযুক্ত গোবিন্দলাল দত্ত ও শ্রীযুক্ত মহেন্দ্রনাথ বিদ্যানিধি মহাশয়দ্বয়কে নিযুক্ত করেন। এই তিন জন সভ্য লইয়া এই সমিতি গঠিত। আলোচ্য বর্ষে কয়েক খানি পুঁথি পরিষদের সম্পাদক ও শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু মহাশয়ের হস্তগত হইয়াছে। আলোচ্য বর্ষে নানা কারণে এই সমিতির কার্য্য অধিক দূর অগ্রসর হয় নাই।

(৪) কবিকঙ্কণচণ্ডী সমিতি—১৩০৩ সালে কবিকঙ্কণচণ্ডীর বিশুদ্ধ সংস্করণ প্রণয়নের ভার প্রধানতঃ শ্রীযুক্ত পণ্ডিত মহেন্দ্রনাথ বিদ্যানিধি মহাশয়ের উপর অর্পিত হয় ও তাঁহার সাহায্যার্থ একটি সমিতি গঠিত হয়। নিম্নলিখিত ব্যক্তিগণ এই সমিতির সভ্য নিযুক্ত হইয়াছেন।—

১। শ্রীযুক্ত পণ্ডিত মহেন্দ্রনাথ বিদ্যানিধি (সম্পাদক)।
২। মহামহোপাধ্যায় শ্রীযুক্ত হরপ্রসাদ শাস্ত্রী।
৩। শ্রীযুক্ত বাবু অম্বিকাচরণ গুপ্ত।
৪। „ „ শিবাপ্রসন্ন ভট্টাচার্য্য।
৫। „ „ ব্যোমকেশ মুস্তফী।

৬। শ্রীযুক্ত বাবু চণ্ডীচরণ বন্দ্যোপাধ্যায়।
৭। „ „ বীরেশ্বর পাঁড়ে।
৮। „ „ ক্ষেত্রপাল চক্রবর্ত্তী।
৯। „ „ নগেন্দ্রনাথ বসু।
১০। „ „ চারুচন্দ্র ঘোষ।
১১। „ „ হারাণচন্দ্র রক্ষিত।
১২। „ „ বাণীনাথ নন্দী।
১৩। „ „ অতুলচন্দ্র গোস্বামী।
১৪। „ „ রাজেন্দ্রচন্দ্র শাস্ত্রী।

আলোচ্য বর্ষে এই সমিতির কার্য্য আর অধিক দূর অগ্রসর হয় নাই, আদর্শ পুঁথির অভাব ও সম্পাদকের অসুস্থতা ইহার প্রধান কারণ।

সমিতির সম্পাদক মহাশয়ের জনৈক বন্ধু কবিকঙ্কণচণ্ডী মুদ্রণের সমস্ত ব্যয় ভার বহন করিতে সম্মত হইয়া পরিষদের কৃতজ্ঞতা ভাজন হইয়াছেন।

এই সমিতির ব্যবহারের জন্য শ্রীযুক্ত কানাইলাল ঘোষাল ও শ্রীযুক্ত ক্ষেত্রমোহন বসু মহাশয়-দ্বয় পুঁথি দিয়া পরিষদের ধন্যবাদার্হ হইয়াছেন।

(৫) রামমোহনের রামায়ণ সমিতি—এই সমিতির সম্পাদক শ্রীযুক্ত রামেন্দ্রসুন্দর ত্রিবেদী এম, এ। পণ্ডিত শ্রীযুক্ত রাজেন্দ্রচন্দ্র শাস্ত্রী এম, এ ও পণ্ডিত শ্রীযুক্ত মহেন্দ্রনাথ বিদ্যানিধি মহাশয়-দ্বয় সম্পাদন কার্য্যে রামেন্দ্র বাবুর সহায়তা করিতেছেন। রামমোহনের রামায়ণের দুই খানি হস্ত লিখিত পুঁথি সংগৃহীত হইয়াছে। এক খানি মুর্শিদাবাদ জেলার অন্তর্গত বেলডাঙ্গা গ্রামে ৺গোবিন্দজীবন হাজরার বাটী হইতে পরিষদের অন্যতম সদস্য শ্রীযুক্ত নীলরতন মুখোপাধ্যায় কর্ত্তৃক সংগৃহীত। দ্বিতীয় খানি গ্রন্থ-প্রণেতার ভ্রাতুষ্পুত্র শ্রীযুক্ত কালিদাস বন্দ্যোপাধ্যায়ের নিকট হইতে এই সমিতির সম্পাদক কর্ত্তৃক সংগৃহীত। ২য় গ্রন্থ খানি এক সময় গ্রন্থ-প্রণেতার নিজস্ব ছিল। ২য় পুঁথি খানি অবলম্বনে সম্পাদক উক্ত রামায়ণের মুদ্রণোপযোগী এক প্রতিলিপি প্রস্তুত করিয়াছেন। উহা পরিষৎ-কার্য্যালয়ে রক্ষিত আছে। রামমোহনের রামায়ণ অপেক্ষাকৃত আধুনিক গ্রন্থ। পরিষদ্ অনেকগুলি প্রাচীনতর গ্রন্থের উদ্ধার সাধনে উদ্যোগী হইয়াছেন। ঐ সকল

গ্রন্থের অবিলম্বে প্রচার অত্যাবশ্যক। সেই জন্য আলোচ্য বর্ষে পরিষদ্ রামমোহনের রামায়ণ মুদ্রণের কোন ব্যবস্থা করেন নাই।

(৬) ঐতিহাসিক-সমিতি—১৩০৩ সালে পরিষদের পঞ্চম-মাসিক অধিবেশন শ্রীযুক্ত মহেন্দ্রনাথ বিদ্যানিধি মহাশয়ের প্রস্তাবে ভারতবর্ষের ইতিহাসে উল্লিখিত মুসলমান সম্রাটগণের নামের প্রকৃত বাঙ্গালা বর্ণযোজনা ও ঐতিহাসিক ঘটনা সমূহের কাল নিরূপণ করিবার নিমিত্ত এই সমিতির সৃষ্টি হয়। এই সমিতির সম্পাদক শ্রীযুক্ত মহেন্দ্রনাথ বিদ্যানিধি মহাশয়; ইহার বর্ত্তমান সভ্যসংখ্যা ১৬ জন। নিম্নে সভ্যদিগের নাম প্রদত্ত হইল।

১। শ্রীযুক্ত পণ্ডিত মহেন্দ্রনাথ বিদ্যানিধি।
২। ,, ক্ষীরোদচন্দ্র রায় চৌধুরী এম্, এ।
৩। ,, হারাণচন্দ্র বন্দ্যোপাধ্যায় এম্, এ, বি, এল।
৪। ,, নগেন্দ্রনাথ বসু।
৫। ,, রজনীকান্ত গুপ্ত।
৬। ,, যজ্ঞেশ্বর বন্দ্যোপাধ্যায়।
৭। ,, হরিসাধন মুখোপাধ্যায়।
৮। ,, ব্যোমকেশ মুস্তফী।
৯। ,, কৃষ্ণচন্দ্র রায়।
১০। ,, ইন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় বি, এল।
১১। ,, যদুগোপাল চট্টোপাধ্যায়।
১২। ,, পঞ্চানন মুখোপাধ্যায়।
১৩। ,, কুমুদকুমার মুখোপাধ্যায়।
১৪। ,, প্রমথনাথ মিত্র।
১৫। ,, রাজেন্দ্রচন্দ্র শাস্ত্রী।
১৬। মহামহোপাধ্যায় শ্রীযুক্ত হরপ্রসাদ শাস্ত্রী।

এই সমিতির সম্পাদক মহাশয়ের অসুস্থতা ও অনবসর হেতু আলোচ্য বর্ষে সমিতির কার্য্য আর অধিক দূর অগ্রসর হয় নাই।

(৭) পরিভাষা-সমিতি—পরিষদের প্রথম বর্ষের তৃতীয় অধিবেশনে শ্রীযুক্ত রজনীকান্ত গুপ্ত মহাশয়ের প্রস্তাবে বিজ্ঞান, ভূগোল, গণিত প্রভৃতি

বিষয়ের পারিভাষিক শব্দ প্রণয়নের নিমিত্ত এই সমিতির সৃষ্টি হয়। ইহার সভাপতি শ্রীযুক্ত কৃষ্ণকমল ভট্টাচার্য্য বি, এল মহাশয় ও সম্পাদক শ্রীযুক্ত রামেন্দ্রসুন্দর ত্রিবেদী এম্, এ, মহাশয়। নিম্নলিখিত ব্যক্তিগণ এই সমিতির সভ্য আছেন—

১। শ্রীযুক্ত কৃষ্ণকমল ভট্টাচার্য্য বি, এল, (সভাপতি)।
২। মাননীয় বিচারপতি শ্রীযুক্ত গুরুদাস বন্দ্যোপাধ্যায় এম, এ, ডি, এল।
৩। শ্রীযুক্ত রবীন্দ্রনাথ ঠাকুর।
৪। ,, বিপিনবিহারী গুপ্ত এম্, এ।
৫। ,, শারদারঞ্জন রায় এম্, এ।
৬। ,, মহেন্দ্রনাথ বিদ্যানিধি।
৭। ,, রজনীকান্ত গুপ্ত।
৮। ,, দেবেন্দ্রনাথ মুখোপাধ্যায়।
৯। ,, রাজেন্দ্রচন্দ্র শাস্ত্রী এম্, এ।
১০। ,, মাধবচন্দ্র চট্টোপাধ্যায়।
১১। ,, রামেন্দ্রসুন্দর ত্রিবেদী এম্, এ।

ভৌগোলিক পরিভাষা পূর্ব্বে পরিষৎ পত্রিকায় প্রকাশিত ও সমালোচিত হয়। ঐ পরিভাষায় নানা স্থলে সংশোধনের প্রয়োজন বোধ হইয়াছে। তদ্ভিন্ন অনেক ভৌগোলিক শব্দ তালিকায় স্থান না পাওয়ায় উহার অসম্পূর্ণতাও রহিয়াছে। পরিভাষা সমিতির সম্পাদক যে যে স্থলে সঙ্কলিত শব্দ অনুপযোগী বোধ হইয়াছে তাহার সংশোধনের প্রস্তাব করিয়া আর একটি বিস্তৃততর তালিকা প্রস্তুত করিয়া পরিভাষা সমিতির সভাপতি মহাশয়ের হস্তে ঐ তালিকা দিয়াছেন। সভাপতি মহাশয়ও তালিকাস্থিত পরিভাষার সংস্করণ কার্য্যে প্রবৃত্ত আছেন। সংস্কৃত ও সংশোধিত তালিকা শীঘ্রই মুদ্রিত ও সমিতির অন্যান্য সভ্যের নিকট প্রেরিত হইবে। তাঁহাদের মত প্রকাশের পর অনুমোদনার্থ সমিতির বিশেষ অধিবেশনের প্রয়োজন হইবে। আশা করা যায় আগামী বর্ষের মধ্যে ভৌগোলিক পরিভাষা সঙ্কলন কার্য্য শেষ হইবে। ওয়েবষ্টারের অভিধান হণ্টার সাহেবের ইম্পিরীয়াল গেজেটীয়ার ও অন্য ভৌগোলিক গ্রন্থ অবলম্বনে ভৌগোলিক নামের তালিকা সঙ্কলনে

সচেষ্ট আছেন। তালিকা সঙ্কলন সমাপ্ত হইলে ঐ সকল নাম বাঙ্গালায় অক্ষরান্তরিত করিবার প্রণালী সমিতি কর্ত্তৃক নির্দ্ধারিত হইবে।

পরিভাষা সমিতির ও রসায়ন গ্রন্থ লেখকগণের সাহায্যার্থ জন ম্যাক্ সাহেবের প্রণীত প্রাচীন বাঙ্গালার রসায়নগ্রন্থে ব্যবহৃত রাসায়নিক শব্দের পরিভাষা মাঘ মাসের পরিষৎ পত্রিকায় সম্পাদক কর্ত্তৃক প্রকাশিত হইয়াছে। সম্পাদক সঙ্কলিত রাসায়নিক পরিভাষা যাহা কিছু দিন পূর্ব্বে পত্রিকায় প্রকাশিত হইয়াছিল, উহা বর্ত্তমান বর্ষে শ্রীযুক্ত ডাক্তার প্রফুল্লচন্দ্র রায় কর্ত্তৃক প্রদীপ পত্রে সমালোচিত হইয়াছে। প্রফুল্লবাবু ইংরাজী নামের বিশুদ্ধ বাঙ্গালায় অনুবাদ সমর্থন করিয়াছেন।

পদার্থবিদ্যা সম্বন্ধীয় পরিভাষা সম্পাদক কর্ত্তৃক সঙ্কলিত হইতেছে। কার্য্য কতকদূর অগ্রসর হইয়াছে।

(৮) উদ্ভিদ্-পরিভাষা-সমিতি—১৩০২ সালের দশম অধিবেশনে শ্রীযুক্ত হীরেন্দ্রনাথ দত্ত মহাশয়ের প্রস্তাবে উদ্ভিদ্ শাস্ত্র সম্বন্ধীয় পরিভাষা স্থির করিবার জন্য এই সমিতি গঠিত হয়। এ সমিতির বর্ত্তমান সম্পাদক শ্রীযুক্ত রামেন্দ্রসুন্দর ত্রিবেদী মহাশয়। নিম্ন লিখিত ব্যক্তিগণ এই সমিতির সভ্য আছেন—

১। শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু।
২। কবিরাজ শ্রীযুক্ত লক্ষ্মীনারায়ণ রায়।
৩। ,, ,, মনোমোহন সেনগুপ্ত কবিরত্ন।
৪। শ্রীযুক্ত নৃত্যগোপাল মুখোপাধ্যায়।
৫। ,, রামেন্দ্রসুন্দর ত্রিবেদী এম্, এ (সম্পাদক)।

ত্রিবেদী মহাশয় সম্পাদক হইবার পর এ বিষয়ে কার্য্যে প্রবৃত্ত হইবার জন্য উদ্ভিদ্ বিষয়ক গ্রন্থাদি ও অভিধান সংগ্রহ করিয়াছেন। আলোচ্যবর্ষে সম্পাদক এ বিষয়ে হস্তক্ষেপ করিবার অবসর পান নাই।

(৯) ভাষা ও ব্যাকরণ-সমিতি—১৩০৪ সালের চতুর্থ অধিবেশনে শ্রীযুক্ত রজনীকান্ত গুপ্ত মহাশয়ের প্রস্তাবানুসারে উক্ত সমিতি প্রতিষ্ঠিত হয়। *ালা ভাষার ব্যাকরণ সম্বন্ধে আলোচনা করা, বিশেষ বিশেষ শব্দের বর্ণ-*শাস্ত্রে একরূপ হয় তাহার ব্যবস্থা করা, ভাষায় গাম্ভীর্য্য, লালিত্য ও

বিশুদ্ধি কিরূপে রক্ষিত হইতে পারে তাহার সমালোচনা করা, যে সকল বৈদেশিক শব্দ বাঙ্গালা ভাষায় প্রবিষ্ট হইয়াছে এবং যে সকল প্রাদেশিক শব্দ ভিন্ন ভিন্ন স্থানে প্রচলিত আছে, তাহার তালিকা সঙ্কলন করা—প্রধানতঃ এই সমিতির উদ্দেশ্য। ইহার সম্পাদক শ্রীযুক্ত রজনীকান্ত গুপ্ত মহাশয়। যাঁহারা এই সমিতির সদস্য নিযুক্ত হইয়াছেন, তাঁহাদের নাম নিম্নে লিখিত হইল—

১। শ্রীযুক্ত দ্বিজেন্দ্রনাথ ঠাকুর।
২। ,, রায় কালীপ্রসন্ন ঘোষ বাহাদুর।
৩। ,, অক্ষয়চন্দ্র সরকার।
৪। ,, হরপ্রসাদ শাস্ত্রী।
৫। ,, চন্দ্রনাথ বসু।
৬। ,, ইন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়।
৭। ,, রবীন্দ্রনাথ ঠাকুর।
৮। ,, কৃষ্ণকমল ভট্টাচার্য্য।
৯। শ্রীযুক্ত মাননীয় গুরুদাস বন্দ্যোপাধ্যায়।
১০। ,, চন্দ্রোদয় বিদ্যাবিনোদ।
১১। ,, মহেন্দ্রনাথ বিদ্যানিধি।
১২। ,, বীরেশ্বর পাঁড়ে।
১৩। ,, রায় যতীন্দ্রনাথ চৌধুরী।
১৪। ,, শিবাপ্রসন্ন ভট্টাচার্য্য।
১৫। ,, অমৃতলাল বসু।
১৬। ,, উমেশচন্দ্র বটব্যাল।
১৭। ,, মহামহোপাধ্যায় মহেশচন্দ্র ন্যায়রত্ন।
১৮। ,, চন্দ্রকান্ত তর্কালঙ্কার।
১৯। ,, হীরেন্দ্রনাথ দত্ত।
২০। ,, রজনীকান্ত গুপ্ত।
২১। ,, রাজেন্দ্রচন্দ্র শাস্ত্রী।
২২। ,, নকুলেশ্বর ভট্টাচার্য্য।

১৩০৪ সালে সম্পাদক মহাশয় ব্যাকরণ সম্বন্ধে কয়েকটি প্রয়োজনীয় প্রশ্নের উত্থাপন করিয়া সদস্য মহোদয়গণের মতামতের জন্য পাঠাইয়াছিলেন ঐ সঙ্গে সমিতির সদস্য মহামহোপাধ্যায় শ্রীযুক্ত হরপ্রসাদ শাস্ত্রী মহাশয় কর্ত্তৃক লিখিত বাঙ্গালা ব্যাকরণ বিষয়ক একটি প্রস্তাব প্রেরিত হইয়াছিল। বিচার্য্য বিষয় কয়েকটি সম্বন্ধে আলোচ্যবর্ষে কয়েক জন মাত্র সদস্য মহোদয়গণ অভিমত প্রকাশিত করিয়াছেন। অন্যান্য সদস্যগণের মতামত সম্পাদক মহাশয়ের হস্তগত হইলে তিনি এ বিষয়ে যথাকর্ত্তব্য করিবেন।

(১০) প্রাচীন-শব্দ-সমিতি—১৩০৪ সালের ষষ্ঠ অধিবেশনে শ্রীযুক্ত বীরেশ্বর পাঁড়ে মহাশয়ের প্রস্তাবানুসারে এই সমিতি প্রতিষ্ঠিত হয়। সমিতির উদ্দেশ্য সংস্কৃত ও প্রাচীন বাঙ্গালা গ্রন্থ হইতে দর্শন, বিজ্ঞান, শিল্প, বাণিজ্য প্রভৃতি বিষয়ক শব্দ সঙ্কলন করিয়া প্রাচীন কালে ব্যবহৃত দ্রব্যাদির নাম বিবরণ পুরাতত্ত্ব প্রভৃতি নির্ণয় করা। সমিতির সম্পাদক শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু মহাশয়। যাঁহারা সমিতির সদস্য নিযুক্ত হইয়াছেন নিম্নে তাঁহাদিগের নাম লিখিত হইল।

১। শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু
২। ,, দ্বিজেন্দ্রনাথ ঠাকুর।
৩। ,, হরপ্রসাদ শাস্ত্রী।
৪। ,, রায় কালীপ্রসন্ন ঘোষ বাহাদুর।
৫। ,, অক্ষয়চন্দ্র সরকার।
৬। ,, চন্দ্রনাথ বসু।
৭। ,, রাজেন্দ্রচন্দ্র শাস্ত্রী।
৮। ,, মহেন্দ্রনাথ বিদ্যানিধি।
৯। ,, অতুলচন্দ্র গোস্বামী।
১০। ,, হারাণচন্দ্র রক্ষিত।
১১। ,, হীরেন্দ্রনাথ দত্ত।
১২। ,, সতীশচন্দ্র বিদ্যাভূষণ।
১৩। ,, তিনকড়ি মুখোপাধ্যায়।
১৪। ,, ক্ষীরোদচন্দ্র রায় চৌধুরী।

১৫। শ্রীযুক্ত শরচ্চন্দ্র শাস্ত্রী।
১৬। ,, কবিরাজ রামচন্দ্র বিদ্যাবিনোদ।
১৭। ,, কুমুদকুমার মুখোপাধ্যায়।
১৮। ,, রথীন্দ্রনাথ ঠাকুর।
১৯। ,, ক্ষিতীন্দ্রনাথ ঠাকুর।
২০। ,, ডাক্তার চুণীলাল বসু।
২১। ,, ব্যোমকেশ মুস্তফি।
২২। ,, কানাইলাল ঘোষাল।
২৩। ,, দীনেশচন্দ্র সেন।
২৪। ,, প্রমথনাথ মিত্র।
২৫। ,, রসিকলাল ঘোষ।
২৬। ,, শিবাপ্রসন্ন ভট্টাচার্য্য।
২৭। ,, ক্ষেত্রমোহন সেন গুপ্ত বিদ্যাবত্ন।
২৮। ,, বীরেশ্বর পাঁড়ে।

সমিতির সদস্য মহোদয়গণ স্ব স্ব রুচি অনুসারে কিরূপে বিষয় বিভাগ করিয়া লইয়াছেন, তাহা নিম্নোক্ত তালিকা হইতে দৃষ্ট হইবে।

শ্রীযুক্ত দ্বিজেন্দ্রনাথ ঠাকুর—(দার্শনিক শব্দ)।
,, শরচ্চন্দ্র শাস্ত্রী—(সংস্কৃত বৌদ্ধগ্রন্থ হইতে সকল প্রকার শব্দ)।
,, সতীশচন্দ্র বিদ্যাভূষণ—(সংস্কৃত ও বৌদ্ধগ্রন্থ হইতে দার্শনিক শব্দ)।
,, মহেন্দ্রনাথ বিদ্যানিধি—(অধুনা অপ্রচলিত বাঙ্গালা শব্দ)।
,, রাজেন্দ্রচন্দ্র শাস্ত্রী এম এ—(সকল প্রকার শব্দ)।
,, রসিকলাল ঘোষ—(কৃষি ও বাণিজ্য বিষয়ক শব্দ)।
,, কুমুদকুমার মুখোপাধ্যায়— ,, ,,
,, হীরেন্দ্রনাথ দত্ত এম্ এ, বি এল্—(দার্শনিক শব্দ)
,, কানাইলাল ঘোষাল—(দেশজ শব্দ এবং Phrases & idioms.

আলোচ্য বর্ষের ২২শে ফাল্গুন তারিখে এই সমিতির একটী অধিবেশন হইয়াছিল। তাহাতে সদস্যগণের মধ্যে শ্রীসতীশচন্দ্র বিদ্যাভূষণ শ্রীযজ্ঞেশ্বর বন্দ্যোপাধ্যায় শ্রীকানাইলাল ঘোষাল শ্রীব্যোমকেশ মুস্তফি শ্রীঅনুরূপ গোস্বামী

শ্রীকুমুদকুমার মুখোপাধ্যায় ও সমিতির সম্পাদক মহাশয় যে যে বিষয়ে যতদূর শব্দ সংগ্রহ করিয়াছেন তাহার বিবরণ প্রদত্ত হয়। এ সমিতির কার্য্য অধিদূর অগ্রসর হয় নাই।

প্রাচীন-সাহিত্য সমিতি—আলোচ্য বর্ষের প্রথম মাসিক অধিবেশনে শ্রীযুক্ত মৃণালকান্তি ঘোষ মহাশয়ের প্রস্তাবানুসারে উক্ত সমিতি প্রতিষ্ঠিত হয়। সমিতির উদ্দেশ্য প্রাচীন বাঙ্গালা পুঁথির অনুসন্ধান, সংগ্রহ ও সংরক্ষণ। এই সমিতির সম্পাদক শ্রীযুক্ত মৃণালকান্তি ঘোষ মহাশয়। যাঁহারা এই সমিতির সদস্য নিযুক্ত হইয়াছেন নিম্নে তাঁহাদের নাম লিখিত হইল।

শ্রীশ্যামলাল গোস্বামী,
শ্রীঅতুলকৃষ্ণ গোস্বামী,
শ্রীঅচ্যুতচরণ চৌধুরী তত্ত্বনিধি,
শ্রীনগেন্দ্রনাথ বসু,
শ্রীবসিকমোহন চক্রবর্ত্তী,
রায় কালীপ্রসন্ন ঘোষ বাহাদুর,
শ্রীশরচ্চন্দ্র শাস্ত্রী,
মহাঃ শ্রীহরপ্রসাদ শাস্ত্রী,
পণ্ডিত মদনগোপাল গোস্বামী,
শ্রীরাধিকানাথ গোস্বামী,
শ্রীসত্যপ্রসাদ শাস্ত্রী,
শ্রীকেদারনাথ দত্ত ভক্তিবিনোদ,
রায় যতীন্দ্রনাথ চৌধুরী,
মাননীয় গুরুদাস বন্দ্যোপাধ্যায়,
শ্রীবলাই চাঁদ গোস্বামী,
শ্রীকালিদাস নাথ,
শ্রীহীরেন্দ্রনাথ দত্ত,
শ্রীশরচ্চন্দ্র চৌধুরী,
শ্রীদ্বিজেন্দ্রনাথ ঠাকুর,
শ্রীঅক্ষয়চন্দ্র সরকার,
শ্রীরবীন্দ্রনাথ ঠাকুর,
শ্রীমধুসূদন গোস্বামী, (বৃন্দাবন)
শ্রীমধুসূদন গোস্বামী, (ঢাকা)
শ্রীঅম্বিকাচরণ গুপ্ত,
শ্রীবসিকলাল ঘোষ,
শ্রীঅমৃতলাল বসু,
শ্রীমৃণালকান্তি ঘোষ, (সম্পাদক)

আলোচ্য বর্ষে এই সমিতির ৩টি অধিবেশন হইয়াছিল। তাহাতে সমিতির উদ্দেশ্য ও কার্য্য প্রণালী সম্বন্ধে আলোচনার পর মফস্বলের নানা স্থান হইতে পুঁথির বিবরণ সংগ্রহ করিবার জন্য একটী মুদ্রিত বিজ্ঞাপন প্রেরিত হয়। তদনুসারে কয়েক স্থান হইতে প্রাচীন পুঁথির বিবরণ পাওয়াগিয়াছে। সমিতির কার্য্য সুচারুরূপে সম্পন্ন হইবার জন্য সমিতির সম্পাদক মহাশয়ের প্রস্তাবমতে কার্য্য নির্ব্বাহক সমিতি ৬ মাসের জন্য মাসিক ১০৲ টাকা বেতনে এক জন

লোক নিযুক্ত করিয়াছেন। ইনি নানাস্থানে ভ্রমন করিয়া প্রাচীন পুঁথির বিবরণ সংগ্রহ করিয়াছেন এবং পদকর্ত্তা জগদানন্দের কয়েকটী অজ্ঞাত মনোহর পদ সংগ্রহ করিয়া আনিয়াছেন।

গ্রন্থ সমিতি—আলোচ্য বর্ষের সপ্তম মাসিক অধিবেশনে শ্রীযুক্ত রজনীকান্ত গুপ্ত মহাশয় বঙ্গভাষায় নানা বিষয়ে উৎকৃষ্ট গ্রন্থরচনার পরিষদ হইতে ব্যবস্থা করিবার জন্য একটী প্রস্তাব উপস্থিত করেন। ঐ প্রস্তাবের বিষয় বিচার করিবার জন্য পরিষদ একটী অস্থায়ী শাখা-সমিতি নিযুক্ত করেন যাঁহারা ঐ সমিতির সদস্য নিযুক্ত হইয়াছিলেন, নিম্নে তাঁহাদের নাম লিখিত হইল।

শ্রীদ্বিজেন্দ্রনাথ ঠাকুর।	মহাঃ শ্রীহরপ্রসাদ শাস্ত্রী।
রায় কালীপ্রসন্ন ঘোষ বাহাদুর।	শ্রীঅক্ষয়চন্দ্র সরকার।
শ্রীনগেন্দ্রনাথ বসু।	শ্রীচন্দ্রনাথ বসু।
রাজা বিনয়কৃষ্ণ দেব বাহাদুর।	শ্রীমহেন্দ্রনাথ বিদ্যানিধি।
শ্রীশরচ্চন্দ্র শাস্ত্রী।	শ্রীসতীশচন্দ্র বিদ্যাভূষণ।
শ্রীরজনীকান্ত গুপ্ত।	রায় যতীন্দ্র নাথ চৌধুরী।
শ্রীমনোমোহন বসু।	শ্রীশিবাপ্রসন্ন ভট্টাচার্য্য।
শ্রীরাজেন্দ্রচন্দ্র শাস্ত্রী।	শ্রীব্যোমকেশ মুস্তফি।
শ্রীনগেন্দ্রনাথ ঘোষ।	শ্রীরামেন্দ্রসুন্দর ত্রিবেদী।

শ্রীহীরেন্দ্রনাথ দত্ত। (সম্পাদক)

সমিতির যত্নে নিম্নলিখিত মহোদয়গণ নানা বিষয়ে গ্রন্থরচনা করিবার ভার গ্রহণ করিয়া পরিষদের কৃতজ্ঞতা ভাজন হইয়াছেন। আশা করা যায়, তাঁহাদের রচিত গ্রন্থ-সমূহ দ্বারা বঙ্গভাষার শ্রীবৃদ্ধি সাধন হইবে।

(১) মহাঃ শ্রীহরপ্রসাদ শাস্ত্রী—

নেপালে বৌদ্ধধর্ম্ম।

(২) শ্রীরাজেন্দ্রচন্দ্র শাস্ত্রী—

ন্যায় ও বেদান্ত।

(৩) শ্রীনগেন্দ্রনাথ বসু—

বাঙ্গালার ইতিহাস, হিন্দু ও বৌদ্ধ অধিকার।

(৪) শ্রীরজনীকান্ত গুপ্ত—

শিবজাতির অভ্যুত্থান ও অধঃপতন।

(৫) শ্রীমহেন্দ্রনাথ বিদ্যানিধি—

আকবর।

(৬) শ্রীশরচ্চন্দ্র শাস্ত্রী—

ধম্মপদ (অনুবাদ)।

(৭) শ্রীহীরেন্দ্রনাথ দত্ত—

সাংখ্য।

(৮) শ্রীযজ্ঞেশ্বর বন্দ্যোপাধ্যায়—

রাজপুতজাতির অভ্যুত্থান ও পতন।

(৯) শ্রীরামেন্দ্রসুন্দর ত্রিবেদী—

বিজ্ঞান।

(১০) শ্রীসতীশচন্দ্র বিদ্যাভূষণ এম্ এ—

বৈশেষিক দর্শন।

(১১) ব্যোমকেশ মুস্তফি—

পৌরাণিক সৃষ্টিতত্ত্ব।

শাখা-সমিতির সম্পাদক ও সদস্য মহাশয়গণ পরিষদের মুখ্য উদ্দেশ্য সাধনার্থ শ্রম ও আয়াস স্বীকার করিয়া পরিষদ্‌কে ঋণী করিয়াছেন। পরিষদ্ এই অবসরে গ্রন্থ প্রকাশ ও প্রাচীন শব্দ সমিতির সম্পাদক শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু মহাশয়কে, কৃত্তিবাস-সমিতির ও গ্রন্থ-সমিতির সম্পাদক শ্রীযুক্ত হীরেন্দ্রনাথ দত্ত মহাশয়কে, কাশীদাসী-সমিতির সম্পাদক শ্রীযুক্ত প্রফুল্লচন্দ্র বন্দ্যোপাধ্যায় মহাশয়কে, পরিভাষা উদ্ভিদ্ ও রামমোহনের রামায়ণ-সমিতির সম্পাদক শ্রীযুক্ত রামেন্দ্রসুন্দর ত্রিবেদী মহাশয়কে, ঐতিহাসিক এবং কবিকঙ্কণ-সমিতির সম্পাদক শ্রীযুক্ত মহেন্দ্রনাথ বিদ্যানিধি মহাশয়কে, ভাষা ও ব্যাকরণ-সমিতির সম্পাদক শ্রীযুক্ত রজনীকান্ত গুপ্ত মহাশয়কে এবং প্রাচীন সাহিত্য-সমিতির সম্পাদক শ্রীযুক্ত মৃণালকান্তি ঘোষ মহাশয়কে বিশেষ ভাবে ধন্যবাদ দিতেছেন।

উপসংহার—পরিশেষে পরিষদের সভ্য, কর্ম্মকারক সহানুভূতিকারক ও অনুগ্রাহকবর্গের যথাযোগ্য ধন্যবাদ ও প্রীতি সম্ভাষণ করিয়া পঞ্চম বৎসরের কার্য্য

বিবরণ সমাপ্ত করা যাইতেছে। শ্রীযুক্ত রাজা বিনয়কৃষ্ণ দেব বাহাদুর আশ্রয় দান ও নানা বিষয়ে সহায়তা করিয়া এই সাহিত্য পরিষদকে রক্ষা করিয়াছেন ও করিতেছেন। তাঁহার ঐকান্তিক যত্ন ও উৎসাহের ফলে ইহা দিন দিন উন্নতির পথে অগ্রসর হইতেছে। তাঁহার নিকট পরিষদ বিশেষ ভাবে কৃতজ্ঞ আছেন এবং এই অবসরে তাঁহাকে আন্তরিক ধন্যবাদ দিতেছেন।

পরিষদ এখনও শিশুকাল অতিক্রম করেন নাই। ইহারই মধ্যে পরিষদ্ বঙ্গভাষা ও সাহিত্যের নানা হিতকর কার্য্যে হস্তক্ষেপ করিয়াছেন। পরিষদের কার্য্যক্ষেত্র অনন্ত বিস্তৃত। বিবিধ শাস্ত্রের পরিভাষা সঙ্কলন, প্রাচীন বাঙ্গালা কাব্যাদির সংগ্রহ ও প্রকাশ, বঙ্গভাষার ব্যাকরণ ও অভিধান প্রণয়ন, ভাষান্তর হইতে উৎকৃষ্ট গ্রন্থাদির অনুবাদ, দর্শন, বিজ্ঞান, ইতিহাসাদি সকল প্রকার সাহিত্যের আলোচনা, এ সকলই পরিষদের বিরাট উদ্দেশ্যের অন্তর্ভূত। পরিষদ্ এ পর্য্যন্ত যে কয়টি বিষয়ের অনুষ্ঠানে প্রবৃত্ত হইয়াছেন তাহার প্রত্যেকটিই বহু শ্রম, ব্যয় ও সময় সাপেক্ষ। তাহাদিগের অনুষ্ঠান কার্য্যে পরিণত হইলে যে বঙ্গভাষা ও সাহিত্যের অজস্র কল্যাণ সাধিত হইবে, তাহা বলা নিষ্প্রয়োজন। এখনও যে পরিষদ আরব্ধ অনুষ্ঠানের সমাপ্তি সাধন করিতে পারেন নাই, বিবিধ কার্য্যে প্রযুক্ত চেষ্টার সফলতা লাভ করিতে পারেন নাই তাহাতে ক্ষোভ বা বিস্ময়ের কোন কারণ নাই। পরিষদ্ অক্ষুণ্ণ উৎসাহে নব অনুরাগ ও উদ্যম সহকারে ষষ্ঠ বর্ষের কার্য্যারম্ভ করিতেছেন। এক্ষণে দেশের বিদ্যোৎসাহী ও সাহিত্যানুরাগী মহোদয়গণ এই পরিষদের প্রতি সস্নেহ ও সানুকূল দৃষ্টিপাত করেন এবং পরিষদের প্রবর্ত্তিত সদনুষ্ঠান সমূহে উৎসাহ ও ঐকান্তিকতার সহিত যোগদান করেন ইহাই তাঁহাদিগের নিকট সবিনয় প্রার্থনা।

সাহিত্য-পরিষৎ-কার্য্যালয়
১০৬।১ নং গ্রেষ্ট্রীট
৩০শে চৈত্র, ১৩০৫ সাল।

কার্য্য-নির্ব্বাহক সমিতির অনুমতিক্রমে
শ্রীহীরেন্দ্রনাথ দত্ত
অবৈতনিক সম্পাদক।

বঙ্গীয়-সাহিত্য-পরিষদের ১৩০৫ সালের বার্ষিক আয় ব্যয় বিবরণী।

১৩০৫ সালের বার্ষিক আয় ব্যয়ের হিসাব।

আয়		ব্যয়	
মাসিক চাঁদাপ্রাপ্তি	১২৬০৸০	বেতন	৩০১৲
প্রবেশিকা প্রাপ্তি	৩৫৲	পত্রিকা মুদ্রণ	৪১৫৶৫
পত্রিকার মূল্যপ্রাপ্তি	১৫৯৶১০	বিবিধ	১৭৮।৶১০
এককালীন চাঁদাপ্রাপ্তি	৫২৲	ডাকমাশুল	১৩৭৸৶১০
যতীন্দ্র পুরস্কার প্রাপ্তি	২৫০৲	পুস্তক খরিদ	১১৩৲১০
হাওলাত জমা	২৫০৲	সরঞ্জমী	২৭৲
গ্রন্থ-প্রকাশ-সমিতির চাঁদাপ্রাপ্তি	২২৫৲	হীরকজুবিলীর বাকিব্যয়	৫০৲
বেঙ্গল পার্টির চাঁদাপ্রাপ্তি	৮৩৷৹	বিবিধ মুদ্রণ ব্যয়	৭৷৷০
এন্‌সাইক্লোপিডিয়ার চাঁদাপ্রাপ্তি	৯৷৷০	যতীন্দ্র পুরস্কার	২৫০৲
ফেরত জমা	৪৲	হাওলাতি শোধ	২৫০৲
		প্রাচীন সাহিত্য-সমিতি	৩০৲
		বেঙ্গল পার্টির ব্যয়	২৩৫৷৷১৫
	২৩৩৫৸৶১০	গ্রন্থ-প্রকাশ-সমিতি	২২৫৲
			২২২০৷৷৶১০

১৩০৪ সালের জের মজুত	৪৬।৶১৫
১৩০৫ সালের জমা (আয়)	২৩৩৫৸৶১০
	২৩৮২।৶ ৫
১৩০৫ সালের খরচ	২২২০৷৷৶১০
	১৬১৷৷৶১৫
বর্ষশেষে মজুত	১৬১৷৷৶১৫

শ্রীবাণীনাথ নন্দী
হিসাব পরীক্ষক

বঙ্গীয়-সাহিত্য-পরিষদের নিয়মাবলী।

সন ১৩০৬ সাল।

সভার উদ্দেশ্য ও নাম।

১। বিবিধ উপায়ে বাঙ্গালা ভাষা ও সাহিত্যের অনুশীলন ও উন্নতি সাধনই পরিষদের উদ্দেশ্য। সভার নাম—বঙ্গীয়-সাহিত্য-পরিষদ্।

২। এই উদ্দেশ্য সাধনার্থ নিম্নলিখিত ও আবশ্যক হইলে তদতিরিক্ত উপায় সমূহ অবলম্বিত হইবে। যথা,—

(ক) বঙ্গভাষার ব্যাকরণ ও অভিধান সঙ্কলন।

(খ) বৈজ্ঞানিক ও দার্শনিক শব্দের পরিভাষা সঙ্কলন।

(গ) প্রাচীন বাঙ্গালা কাব্যাদির সংগ্রহ ও প্রকাশ।

(ঘ) ভাষান্তর হইতে উৎকৃষ্ট গ্রন্থাদির অনুবাদ প্রকাশ।

(ঙ) দর্শন বিজ্ঞান ইতিহাস কাব্য প্রভৃতি সকল প্রকার সাহিত্যের আলোচনা ও সেই সেই বিষয়ক উৎকৃষ্ট গ্রন্থাদির প্রকাশ।

(চ) সাহিত্য-পরিষৎ-পত্রিকা নামে বাঙ্গালা ভাষায় একখানি সাময়িক পত্রিকা প্রচার। পত্রিকাখানি আবশ্যক মত মাসিক বা ত্রৈমাসিক হইবে।

উপরোক্ত বিষয় সমূহ সম্বন্ধে যখন যাহা সংগৃহীত হইবে, তখন তাহা পরিষৎ পত্রিকায় প্রকাশিত হইবে। কিন্তু আবশ্যক বোধ হইলে সংগৃহীত বিষয় সকল পত্রিকায় প্রকাশিত না হইয়া স্বতন্ত্র গ্রন্থাকারে প্রকাশিত হইতে পারিবে। কার্য্য-নির্ব্বাহক সমিতির সম্মতি ভিন্ন কোন জীবিত গ্রন্থকারের গ্রন্থাদির আলোচনা বা সমালোচনা হইবে না।

পরিষদের অধিবেশন।

৩। কলিকাতার অন্তর্গত সভাবাজারস্থ ১০৬।১ নং গ্রে-ষ্ট্রীট সাহিত্য পরিষৎ কার্য্যালয় রাজা বিনয়কৃষ্ণ দেব বাহাদুরের ভবনে প্রতি মাসের শেষ

সপ্তাহের রবিবারে বা অসুবিধা হইলে অন্যবারে অপরাহ্নে সম্পাদকের আহ্বান মতে সাধারণ সভার অধিবেশন হইবে। তদ্ভিন্ন কোন বিশেষ প্রয়োজন উপস্থিত হইলে, অথবা অন্ততঃ দশজন সভ্য হেতু নির্দ্দেশ পূর্ব্বক পত্র দ্বারা অভিপ্রায় প্রকাশ করিলে, সম্পাদকের আহ্বানে বিশেষ সাধারণ সভা আহূত হইবে। অনিবার্য্য কারণে কোন মাসিক অধিবেশন স্থগিত থাকিতে পারিবে।

৪। পরিষদের কার্য্য বিবরণ উক্ত পরিষৎ-পত্রিকায় প্রকাশিত হইবে।

৫। দ্বাদশ জন সভ্য উপস্থিত হইলে পরিষদের কার্য্যারম্ভ হইবে।

৬। মাসিক অধিবেশনে প্রধানতঃ "সাহিত্যাদি" সম্বন্ধে আলোচনা হইবে।

৭। সভাপতি পরিষদের কার্য্যারম্ভের অনুমতি প্রদান করিলে নিম্নলিখিত প্রকারে কার্য্য আরম্ভ হইবে।

[ক] পূর্ব্ব অধিবেশনের কার্য্য বিবরণ পাঠ ও অনুমোদন।

[খ] যথারীতি সভ্য নির্ব্বাচন।

[গ] সভার বিজ্ঞাপিত কার্য্য।

[ঘ] কার্য্য-নির্ব্বাহক-সমিতি কিম্বা সভাপতি কর্ত্তৃক নির্দ্ধারিত কোন বক্তৃতা বা প্রবন্ধ পাঠ।

৮। কোন বিষয়ের বিচার বা আলোচনার সময়ে কোন সভ্য, সেই বিষয় সম্বন্ধে একবার এবং প্রস্তাবক দুইবারের অধিক বক্তব্য প্রকাশ করিতে পারিবেন না। তবে অধিকাংশ সভ্যের মত বা সভাপতির অনুমতি পাইলে, এই নিয়মের ব্যতিক্রম হইতে পারিবে।

সভ্য।

৯। বাঙ্গালা সাহিত্যানুরাগী, শিক্ষিত বা সাহিত্য সংসারে লব্ধপ্রতিষ্ঠ, ব্যক্তিমাত্রই পরিষদের সাধারণ সভ্য নির্ব্বাচিত হইতে পারিবেন। নির্ব্বাচনের প্রণালী এইরূপ হইবে। পরিষদের সাধারণ অধিবেশনে তাঁহার নির্ব্বাচন

একজন সভ্য কর্ত্তৃক প্রস্তাবিত অপর সভ্য কর্ত্তৃক সমর্থিত এবং সভা কর্ত্তৃক অনুমোদিত হইলে তিনি সাধারণ সভ্যরূপে গণ্য হইবেন।

৯ [ক]।—যথারীতি নির্ব্বাচনের পর সম্পাদক নির্ব্বাচিত ব্যক্তির নিকট তাঁহার নির্ব্বাচন সংবাদ ও তৎসহ সেই সময়ের প্রচলিত নিয়মাবলী এক খণ্ড পাঠাইবেন।

৯ [খ]—উক্ত ব্যক্তি তাঁহাব নির্ব্বাচন সংবাদ প্রাপ্তিব এক মাস মধ্যে প্রবেশিকা প্রদান না কবিলে সভ্য শ্রেণী ভুক্ত হইবেন না এবং সভ্যেব কোন অধিকার প্রাপ্ত হইবেন না।

১০। পবিষদেব ব্যয নির্ব্বাহার্থ প্রত্যেক সাধাবণ সভ্যকে প্রবেশিকা ১৲ এক টাকা এবং মাসিক অন্ততঃ ৷৷০ আট আনা কবিযা চাঁদা দিতে হইবে।

১১। খ্যাতনামা লেখকগণ বঙ্গীয-সাহিত্য-পবিষদেব বিশিষ্ট সভ্য নির্ব্বাচিত হইতে পাবিবেন। নির্ব্বাচনেব প্রণালী এইরূপ হইবে। অন্যূন পাঁচজন সভ্য কোন ব্যক্তিকে বিশিষ্ট সভ্য কবিবাব প্রস্তাব পত্রদ্বাবা জানাইলে, পবিষদের সাধারণ অধিবেশনে ঐ প্রস্তাব 'ব্যালট' দ্বাবা বিবেচিত হইবে। যদি সভা ঐ প্রস্তাবেব অনুমোদন কবেন তবে প্রস্তাবিত সভ্যেব নাম পত্র দ্বাবা সমস্ত সভ্যের নিকট প্রেবিত হইবে। তাঁহাদেব নিকট হইতে যে সকল পত্র পাওয়া যাইবে, তাহাব ⅔ অংশেব সম্মতি অনুসারে সেই সভ্যকে বিশিষ্ট সভ্য রূপে নির্ব্বাচিত করা হইবে।

১১ (ক)। বিশিষ্ট সভ্যেব সংখ্যা ১২ জনেব অধিক হইবে না।

১২। পরিষদ কর্ত্তৃক যাহা কিছু মুদ্রিত ও প্রকাশিত হইবে, প্রত্যেক সভ্য তাহার এক এক খণ্ড বিনামূল্যে প্রাপ্ত হইবেন। কিন্তু সাহিত্যাদি বিষয়ে যাহা স্বতন্ত্র পুস্তকাকাবে প্রকাশিত হইবে, তাহা এ নিয়মেব অন্তর্গত নহে। সম্পাদকের নিকট পত্র দ্বা মৌখিক প্রশ্ন দ্বাবা সভার অবস্থা, বিধি ব্যবস্থা ও অন্যান্য সংবাদ জ্ঞাত হইবাব এবং সভাব কার্য্যালয়ে স্বয়ং আসিয়া সম্পাদকেব সম্মতিক্রমে হিসাব ও গ্রন্থাদি দেখিবাব অধিকার সকল সভ্যেরই রহিবে।

১৩। কোন সভ্যের দেয় টাকা ছয় মাস কাল অদত্ত থাকিলে, তাঁহার

নাম কার্য্য নির্ব্বাহক সমিতির সম্মতিক্রমে সভার তালিকা হইতে উঠাইয়া দেওয়া যাইবে।

পরিষদের পরিপোষক।

১৪। পরিষদ ইচ্ছা করিলে এক বা একাধিক ব্যক্তিকে পরিপোষক মনোনীত করিতে পারিবেন।

পরিষদের কর্ম্মচারী ইত্যাদি।

১৫। পরিষদের কার্য্য সুচারুরূপে নির্ব্বাহার্থ সাধারণ সভা কর্ত্তৃক সভ্য-শ্রেণী হইতে নিম্নলিখিত কর্ম্মচারিগণ এক বৎসরের নিমিত্ত নিযুক্ত হইবেন।

সভাপতি	...	..	...	১ জন
সহকারি সভাপতি	...	...	..	৩ জন
সম্পাদক	...	..	..	১ জন
সহকারি সম্পাদক	...	..	.	২ জন
পত্রিকা সম্পাদক		.	..	১ জন
কার্য্য-নির্ব্বাহক-সমিতির সভ্য		..	..	১২ জন
আয় ব্যয় পরীক্ষক	...	..	...	২ জন
ধনরক্ষক	..	..	..	১ জন
গ্রন্থরক্ষক	.	...	..	১ জন

এই নিয়োগ কার্য্য সাধারণতঃ চৈত্র মাসের অধিবেশনে সম্পন্ন হইবে। কেবল কোন কর্ম্মচারীর পদ শূন্য হইলে, অন্য মাসের অধিবেশনেও সেই পদে কর্ম্মচারী নিযুক্ত হইতে পারিবেন।

১৬। কার্য্য-নির্ব্বাহক সমিতির বারজন সভ্য এইরূপে নিযুক্ত হইবেন। কার্য্য-নির্ব্বাহক সমিতির সভ্যেরা, আপনাদিগের মধ্য হইতে চারিজনকে মনোনীত করিবেন।—যদি উক্ত চারিজনের মধ্যে এক বা একাধিক ব্যক্তি কোন কারণে পদ গ্রহণ করিতে না পারেন, তবে কার্য্য-নির্ব্বাহক-সমিতি পুনর্ম্মনোনয়ন দ্বারা সেই সংখ্যা পূরণ করিবেন।

অবশিষ্ট আটজনেব সম্বন্ধে নিম্নলিখিত প্রণালী অবলম্বিত হইবে ;—

ফাল্গুন মাসের প্রথমার্দ্ধের মধ্যে সম্পাদক, পবিষদেব প্রত্যেক সভ্যকে পত্র দ্বারা জিজ্ঞাসা করিবেন যে, তিনি এই সমিতিব সভ্য হইতে সম্মত আছেন কি না ও সম্মত থাকিলে দুই সপ্তাহ মধ্যে পত্র দ্বারা তাঁহাকে জ্ঞাপন করিবেন। যাঁহারা সম্মত বলিযা উত্তব দিবেন, তাঁহাদেব নামেব একখানি তালিকা মুদ্রিত কবিয়া চৈত্রেব প্রথম সপ্তাহ মধ্যে প্রতি সভ্যেব নিকট এই প্রার্থনা সহকারে প্রেরিত হইবে যে, ঐ তালিকাব মধ্যে তাঁহাব মনোনীত আটজনের নামের পার্শ্বে নিজেব নাম স্বাক্ষব কবিযা চৈত্রেব দ্বিতীয সপ্তাহ মধ্যে যেন সভাপতির নামে পাঠাইয়া দেন , অথবা চৈত্রেব সাধাবণ মাসিক অধিবেশনে স্বয়ং উপস্থিত হইয়া সভাপতিব হস্তে অর্পণ কবেন। যে আটজনেব নামে অধিকাংশ সভ্যের মত পাওয়া যাইবে, তাঁহাবাই নির্ব্বাচিত হইবেন।—যদি উক্ত আটজনের মধ্যে এক বা একাধিক ব্যক্তি কোন কাবণে পদ গ্রহণ কবিতে না পাবেন, তবে নির্ব্বাচনে যিনি নবম অথবা যাঁহাবা নবম দশমাদি স্থান অধিকাব কবিয়াছেন, তাঁহাবা যথাক্রমে নির্ব্বাচিত হইবেন।

বর্ষাবন্তেব পব যদি কোন কাবণে কার্য্য-নির্ব্বাহক সমিতিব পদ শূন্য হয়, তবে পবিষদেব পববর্ত্তী সাধাবণ অধিবেশনে ঐ পদ পূবণ কবিতে হইবে।

১৭। কার্য্য নির্ব্বাহক সমিতির মনোনীত ও নির্ব্বাচিত সভ্যগণেব মধ্যে যে কেহ যদি ক্রমান্বয়ে চাবিমাস কাল অধিবেশনে অনুপস্থিত হযেন, তবে তাঁহার পদ শূন্য হইবেন।

১৮। পবিষদেব সভাপতি, সহকাবি সভাপতিত্রয, সম্পাদক, সহকারি-সম্পাদকদ্বয, পত্রিকা সম্পাদক, ধনবক্ষক ও গ্রন্থবক্ষক কার্য্য নির্ব্বাহক সমিতির সভ্যরূপে গণ্য হইবে।

১৯। পবিষদেব সভাপতি, সহকাবি সভাপতিত্রয, সম্পাদক এবং সহকারি-সম্পাদকদ্বয় কার্য্য-নির্ব্বাহক সমিতিব সেই সেই পদে নিযুক্ত থাকিবেন। তাঁহাদের অনুপস্থিতিতে উপস্থিত সভ্য-মণ্ডলী হইতে মনোনীত হইয়া সেই দিবসেব অধিবেশনে নিমিত্ত একজন সভাপতি হইবেন ও একজন সম্পাদকের কার্য্য করিবেন।

সভাপতির অধিকার।

২০। কোন বিষয়ে মত গ্রহণ কালে দুই পক্ষে সভ্য সংখ্যা সমান হইলে, সভাপতির একটী অতিরিক্ত মত দিবার ক্ষমতা থাকিবে।

সম্পাদকের কার্য্য ও অধিকার।

২১। সম্পাদক প্রত্যেক অধিবেশনের সময় নির্দ্ধারণ পূর্ব্বক অন্ততঃ ৪ দিন পূর্ব্বে পত্র দ্বারা সভ্যগণকে জ্ঞাপন করিবেন।

২২। সম্পাদক, পরিষদের সভ্য বা অন্যের প্রেরিত পত্রাদি প্রাপ্ত হইলে তৎসম্বন্ধে আপন বিবেচনানুসারে বা কার্য্য-নির্ব্বাহক সমিতির মতানুসারে কার্য্য করিয়া তাহার ফল পত্রপ্রেরককে জানাইবেন।

২২ (ক)। কিন্তু অন্যূন দশজন সভ্য উক্ত পত্রাদি সাধারণ অধিবেশনে উপস্থিত করিবার জন্য পত্রদ্বারা অনুরোধ করিলে সম্পাদক কার্য্য নির্ব্বাহক সমিতির মন্তব্য সহ তাহা সাধারণ অধিবেশনে উপস্থিত করিবেন।

২৩। সম্পাদক তিন মাস অন্তর পরিষদের আয়-ব্যয়-বিবরণী প্রস্তুত করিয়া কার্য্য-নির্ব্বাহক সমিতিতে উপস্থিত করিবেন।

২৪। সম্পাদক কার্য্য-নির্ব্বাহক সমিতির নির্দ্দেশানুযায়ী নিয়মিত ব্যয় ব্যতীত ১০৲ দশ টাকা পর্য্যন্ত ব্যয় নিজে করিতে পারিবেন। কিন্তু উক্ত সমিতির পরবর্ত্তী অধিবেশনে ঐ ব্যয় অনুমোদন করাইয়া লইবেন।

২৫। যদি কোন অনিবার্য্য কারণে কার্য্য-নির্ব্বাহক সমিতির মত না লইয়াই সম্পাদককে কোন কার্য্য করিতে হয়, তাহা হইলে তিনি তদ্রূপ করিয়া পরে কার্য্য-নির্ব্বাহক সমিতি কর্ত্তৃক ঐ কার্য্য অনুমোদিত করাইয়া লইবেন।

২৬। সম্পাদক, চৈত্র মাসের সাধারণ অধিবেশনের পূর্ব্বে, পরিষদের বাৎসরিক আয় ব্যয় তালিকা প্রস্তুত করিয়া নিজের ও কার্য্য-নির্ব্বাহক সমিতির সভাপতির স্বাক্ষর এবং আয় ব্যয় পরীক্ষকদিগের মন্তব্য সহ তাহা ঐ অধিবেশনে উপস্থিত করিবেন। সেই সঙ্গে কার্য্য-নির্ব্বাহক সমিতির অনুমোদিত বার্ষিক বিবরণীও দিবেন

২৭। পরিষদের নিমিত্ত অভিপ্রেত অর্থাদি সম্পাদকের নামে পাঠাইতে হইবে।

ধনরক্ষকের কার্য্য ও অধিকার।

২৮। পরিষদের প্রাপ্ত অর্থ যে সূত্রে যথা হইতে আসুক, সমস্তই ধনরক্ষকের নিকট পরিষদের তহবিলে জমা হইবে। মাসিক খরচ বাদে ২০০৲ দুই শত টাকা উদ্বৃত্ত হইলে তাহা তিনি নিজ নামে বেঙ্গলব্যাঙ্কে জমা রাখিবেন।

২৯। পরিষদের সম্পাদকের স্বাক্ষরিত নিদর্শন পত্র (ভাউচার) ভিন্ন ধনরক্ষক কাহাকেও কিছু দিবেন না এবং কোনরূপ ব্যয় করিবেন না।

আয় ব্যয় পরীক্ষকের কার্য্য ও অধিকার।

৩০। পরিষদের চৈত্রমাসের অধিবেশনের পূর্ব্বে আয়-ব্যয়-পরীক্ষক মহাশয়দ্বয় সাম্বৎসরিক আয়-ব্যয় হিসাবের পরিদর্শন শেষ করিয়া তৎসম্বন্ধে মন্তব্য লিখিয়া দিবেন। উক্ত মন্তব্য বার্ষিক বিবরণীতে প্রকাশিত হইবে।

পত্রিকা সম্পাদকের কার্য্য ও অধিকার।

৩১। পত্রিকা সম্পাদক, পরিষৎ পত্রিকার উদ্দেশ্য ও দ্বিতীয় নিয়মান্তর্গত বিভাগাদি স্মরণ রাখিয়া ৩৪ নিয়মের বিধানানুসারে যাবতীয় কার্য্য নির্ব্বাহ করিবেন। পত্রিকার মুদ্রাঙ্কণ কার্য্যের সমস্ত ভার পত্রিকা সম্পাদকের উপর অর্পিত থাকিবে। সভাপতি ও সম্পাদকের সহিত পরামর্শ করিয়া তিনি উৎকৃষ্ট প্রবন্ধ লেখকদিগকে পারিশ্রমিক স্বরূপ অর্থদান করিতে পারিবেন।

কার্য্য-নির্ব্বাহক-সমিতি।

৩২। পরিষদের পুস্তকালয়ের জন্য কার্য্য-নির্ব্বাহক-সমিতি আবশ্যকমত সমস্ত বিধি প্রণয়ন করিতে পারিবেন।

৩৩। পরিষদ্ যে গ্রন্থের সংস্করণ ভার, যে সভ্যের বা যে শাখা সমিতির উপর অর্পণ করিবেন, সেই সভ্য বা সমিতি, কার্য্য-নির্ব্বাহক-সমিতির সহিত পরামর্শ করিয়া তাহা সম্পন্ন করিবেন।

৩৪। পরিষদের সমস্ত কার্য্যই, কার্য্য-নির্ব্বাহক-সমিতির নির্দ্দেশ ও কর্ত্তৃত্বে নির্ব্বাহিত হইবে।

৩৫। প্রতিমাসে অন্ততঃ একবার এই সমিতির অধিবেশন হইবে। তদ্ভিন্ন প্রয়োজন হইলে, কিম্বা দুই জন মাত্র সভ্য হেতু নির্দ্দেশ পূর্ব্বক পত্র দ্বারা প্রার্থনা করিলে অতিরিক্ত অধিবেশন হইতে পারিবে।

৩৬। পাঁচ জন সভ্য উপস্থিত হইলে, সমিতির কার্য্যারম্ভ হইবে।

৩৭। পরিষদের কার্য্য সুচারুরূপে নির্ব্বাহার্থ কার্য্য-নির্ব্বাহক-সমিতি প্রয়োজনানুসারে উপযুক্ত বেতনে কর্ম্মচারী ও ভৃত্যাদি নিযুক্ত করিতে পারিবেন।

শাখা-সমিতি।

৩৮। বিশেষ বিশেষ উদ্দেশ্য সাধনার্থ পরিষদ্ সময়ে সময়ে অস্থায়ী "শাখা-সমিতি" গঠন করিবেন বা ব্যক্তিবিশেষের উপর ঐ উদ্দেশ্য সাধনের ভার অর্পণ করিবেন। শাখা-সমিতিতে পরিষদের সভ্য ব্যতীত অপর অভিজ্ঞ ব্যক্তির সাহায্য গ্রহণ পক্ষে কোন বাধা থাকিবে না।

৩৯। প্রত্যেক শাখা-সমিতির অধিবেশন, পরিষদের কার্য্যালয়ে বা আবশ্যকমত অন্যত্র হইবে।

৪০। প্রত্যেক শাখা সমিতির কার্য্যফল প্রয়োজনানুরূপ কার্য্য বিবরণে প্রকাশিত হইবে। এবং তিন মাস অন্তর সাধারণ অধিবেশনে উপস্থিত করা হইবে।

৪১। প্রত্যেক শাখা-সমিতির আবশ্যক মত স্বতন্ত্র সভাপতি ও সম্পাদক পরিষদের সাধারণ অধিবেশনে নিয়োজিত হইবেন।

সাহিত্য-পরিষৎ-পুস্তকালয়।

নিয়মাবলী।

১৩০৬ সাল।

১। বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ সংক্রান্ত পুস্তকালয়ের নাম—সাহিত্য-পরিষৎ-পুস্তকালয়।

২। নির্দ্দিষ্ট দিবস ভিন্ন পুস্তকালয় প্রত্যহ প্রাতে ৭টা হইতে ১টা পর্য্যন্ত সাধারণের জন্য খোলা থাকিবে।

৩। পরিষদের সদস্যগণ পুস্তকালয় হইতে পুস্তক লইতে পারিবেন। কিন্তু কার্য্য-নির্ব্বাহক সমিতির অনুমতি ভিন্ন কলিকাতার বাহিরে পুস্তক পাঠান হইবে না।

৪। কেহ এককালীন এক খণ্ডের অধিক পুস্তক লইতে পারিবেন না। সাময়িক পত্রিকা পুস্তকের অন্তর্গত।

৫। নিম্নে নির্দ্ধারিত সময়ের অধিক দিন কেহ পুস্তকাদি রাখিতে পারিবেন না।

সাময়িক পত্রিকা ঃ—

ত্রৈমাসিক	,,	৬ দিন
মাসিক	,,	৪ দিন
সাপ্তাহিক বা দৈনিক		১ দিন।

পুস্তকঃ—

নাটক নভেল	১০ দিন।
অন্যান্য পুস্তক	১৫ দিন।

৬। কেহ উপর্য্যুপরি দুইবারের অধিক একই পুস্তক লইতে পারিবেন না।

৭। কেহ পুস্তক কোনরূপে হারাইলে বা নষ্ট করিলে সেই পুস্তকের নূতন অবস্থার মূল্য দিতে হইবে।

৮। কার্য্য-নির্ব্বাহক-সমিতির সম্মতি ভিন্ন নিম্নলিখিত পুস্তক, পুস্তকালয় হইতে বাহির হইবে না।

(ক) বিদ্যাকল্পদ্রুম, অভিধান।

(খ) সাময়িক পত্রের শেষ প্রকাশিত সংখ্যা।

(গ) মূল্যবান্ সচিত্র পুস্তক।

(ঘ) হস্তলিখিত পুঁথি।

পরিষদের সভ্য।

১। শ্রীযুক্ত দ্বিজেন্দ্রনাথ ঠাকুর, বিশিষ্ট ৫২।২ পার্ক ষ্ট্রীট।

২। „ চন্দ্রনাথ বসু, এম্, এ, বিশিষ্ট ৫ নং রঘুনাথ চাটর্জ্যের ষ্ট্রীট্, কলিকাতা।

৩। „ নবীনচন্দ্র সেন, বি, এ, বিশিষ্ট ডেপুটি ম্যাজিষ্ট্রেট, কুমিল্লা।

৪। „ রবীন্দ্রনাথ ঠাকুর, জমিদার, ৬ নং দ্বারকানাথ ঠাকুরের ষ্ট্রীট।

৫। „ মনোমোহন বসু, ২০।২ নং কর্ণওয়ালিস ষ্ট্রীট্।

৬। „ রাজা বিনয়কৃষ্ণ দেব বাহাদুর, জমিদার, শোভাবাজার রাজবাটী। ১০৩।১ নং গ্রে ষ্ট্রীট্।

৭। „ আর, সি, দত্ত, বিশিষ্ট সি, আই, ই, অধ্যাপক ইউনিভারসিটী কলেজ, লণ্ডন।

৮। „ বিচারপতি মাননীয় গুরুদাস বন্দ্যোপাধ্যায়, ১৯ নং ষষ্ঠীতলা রোড, নারিকেলডাঙ্গা।

৯। „ „ „ চন্দ্রমাধব ঘোষ, ৩ নং আলবার্ট রোড।

১০। „ সার রমেশচন্দ্র মিত্র, নাইট্, ৭৩ নং পদ্মপুকুর রোড, ভবানীপুর।

১১। „ রায় যতীন্দ্রনাথ চৌধুরী, এম, এ, বি এল, জমীদার, রবাহনগর।

১২। „ রাজা শিবচন্দ্র বন্দ্যোপাধ্যায়, ভাগলপুর।

১৩। „ কুমার দক্ষিণেশ্বর মালিয়া, জমিদার, ৬ নং কালন প্লেস, হাবড়া মিযাবসোল রাজবাটী বাণীগঞ্জ।

১৪। „ ডাক্তার সূর্য্যকুমার সর্ব্বাধিকারী বার বাহাদুর ৫৩ নং ওয়েলিংটন ষ্ট্রীট্।

১৫। „ রায় কালীপ্রসন্ন ঘোষ বাহাদুর, বিশিষ্ট ঢাকা।

১৬। „ মহামহোপাধ্যায় হরপ্রসাদ শাস্ত্রী এম্,এ নৈহাটি।

১৭। „ মতিলাল হালদার, বি, এল্, সব জজ, ৩১ নং গ্রে ষ্ট্রীট্।

১৮। শ্রীযুক্ত মিঃ এন্ এন্ ঘোষ, বারিষ্টার, ইণ্ডিয়ান্ নেসন্-সম্পাদক, ৪৩ নং বঞ্চারাম অক্রুর লেন।

১৯। „ মাধবচন্দ্র চট্টোপাধ্যায়, সিভিল ইঞ্জিনিয়ার, ১০৬ নং শ্যাম-বাজার ষ্ট্রীট্।

২০। „ ডাক্তার সুন্দরীমোহন দাস, এম্, বি, ১৯ নং বৃন্দাবন মল্লিকের ১ম লেন।

২১। „ গোপালচন্দ্র মুখোপাধ্যায়, ৪০ নং শঙ্কর হালদারের লেন।

২২। „ ক্ষীরোদপ্রসাদ ভট্টাচার্য্য, বিদ্যাবিনোদ এম্, এ, ২৬ নং হরলাল মিত্রের ষ্ট্রীট্ বাগবাজার।

২৩। „ চারুচন্দ্র ঘোষ, ৭ নং নবীন সরকারের লেন, বাগবাজার।

২৪। „ নন্দকৃষ্ণ বসু. এম্, এ, সি. এস্, মাজিষ্ট্রেট কৃষ্ণনগর ৬৩ নং হরিঘোষের ষ্ট্রীট্।

২৫। „ পণ্ডিত রজনীকান্ত গুপ্ত, ২৮।১৬ নং অখিল মিস্ত্রির লেন চাঁপাতলা।

২৬। „ চণ্ডীচরণ বন্দ্যোপাধ্যায়, ১৮ নং রামমোহন সাহার লেন, শুড়িপাড়া।

২৭। „ রামেন্দ্রসুন্দর ত্রিবেদী, এম্, এ, প্রফেসার, বিপন কলেজ, ৬ নং উইলিয়মস্ লেন।

২৮। „ যোগেন্দ্রচন্দ্র ঘোষ, জমিদার, ১ নং নিমকমহল ঘাট রোড, খিদিরপুর।

২৯। „ নীলরতন মুখোপাধ্যায়, হেড মাষ্টার কির্ণাহার বীরভূম।

৩০। „ সাতকড়ি হালদার, বি, এল, মুন্সেফ, কাটোয়া বর্দ্ধমান।

৩১। „ বসন্তকুমার রায়, বেলিয়াটোর, বাঁকুড়া।

৩২। „ আশুতোষ বন্দোপাধ্যায়, বেলডাঙ্গা, মুর্শিদাবাদ।

৩৩। „ প্রফুল্লচন্দ্র বন্দোপাধ্যায়, ডিপুটী পোষ্টমাষ্টার জেনেরাল, ঢাকা।

৩৪। „ অবিনাশচন্দ্র দাস, এম্, এ, আজিমগঞ্জ, মুর্শিদাবাদ।

৩৫। „ শরশ্চন্দ্র চৌধুরী, বি, এ, ৯৬ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট্।

৩৬। „ মথুরানাথ সিংহ, বি, এল্, উকিল, বাকীপুর।

৩৭। শ্রীযুক্ত পূর্ণেন্দ্রনারায়ন সিংহ, এম্, এ, বি, এল, উকিল, বাঁকীপুর, পাটনা।
৩৮। ,, নবীনচন্দ্র দাস, এম্, এ, ডেপুটী ম্যাজিষ্ট্রেট চট্টগ্রাম।
৩৯। ,, যোগেন্দ্রনাথ বিদ্যাভূষণ এম্, এ, ডেপুটী ম্যাজিষ্ট্রেট, ফরিদপুর।
৪০। ,, শ্রীশচন্দ্র মজুমদার, ল্যাণ্ড একুইজিসন ডেঃ কাঃ কেবাণীটোলা, মেদিনীপুর।
৪১। ,, জ্ঞানেন্দ্রনাথ গুপ্ত, এম্, এ, সি, এস, সবডিভিসনাল আফিসার, খড়দা, পুবী।
৪২। ,, ববদাচবণ মিত্র, এম্, এ, সি, এস, জজ্ ফরিদপুব, বনমালী সবকাবেব ষ্ট্রীট, কুমালটুলি।
৪৩। ,, দাশবথি ঘোষ, এম্, এ, বি, এল, উকিল হুগলি।
৪৪। ,, বজনীনাথ বায এম্ এ, ডেপুটী-অডিটাব জেনারেল হাঁওয়া গবর্ণমেণ্ট, ২৪ নং পিপুলপটি লেন, ভবানীপুব।
৪৫। ,, নগেন্দ্রনাথ গুপ্ত, ট্রিবিউন-সম্পাদক লাহোব।
৪৬। ,, বন্ধুবিহাবী সিংহ, ডেপুটি মেজিষ্ট্রেট, কিশোবগঞ্জ ময়মনসিংহ।
৪৭। ,, অক্ষয়কুমাব সেন, ডেপুটী কালেক্টব, ঢাকা।
৪৮। ,, অপূর্ব্বচন্দ্র দত্ত, বি, সি, এস, একষ্ট্রা আসিষ্টাণ্ট কমিশনার, হোসেঙ্গাবাদ, সি পি।
৪৯। ,, নন্দ্রলাল বাগ্‌চী, বি, এ, ডেপুটী কালেক্টাব, তমলুক।
৫০। ,, পণ্ডিত বীবেশ্বব পাঁড়ে, ২৭।১ কর্ণওয়ালিস ষ্ট্রীট্।
৫১। ,, গোবিন্দলাল দত্ত, ১৮ নং অক্রুব দত্তেব লেন, বহুবাজার।
৫১। ,, সুবেশচন্দ্র সমাজপতি, সাহিত্য সম্পাদক ৫০ নং হরিঘোষের ষ্ট্রীট হোগলকুঁড়িয়া।
৫৩। ,, নগেন্দ্রনাথ মিত্র, বি, এল, ৩৪ নং তেলিপাড়া শ্যামপুকুর।
৫৪। ,, কুঞ্জবিহাবী বসু, বি, এ, ২৮ নং গ্রে ষ্ট্রীট্।
৫৫। ,, ললিতচন্দ্র মিত্র, এম, এ, ৩০।৩ নং মদন মিত্রেব লেন, সিমলা।
৫৬। ,, শিবাপ্রসন্ন ভট্টাচার্য্য, বি, এল, উকিল, ২৩ নং পঞ্চাননতলা লেন, পটলডাঙ্গা।
৫৭। ,, হরিমোহন বন্দ্যোপাধ্যায়, ১ নং পঞ্চাননতলা লেন, বহুবাজার।

৫৮। শ্রীযুক্ত বিপিনবেহারী গুপ্ত, এম্, এ, প্রফেসার প্রেসিডেন্সি কলেজ, ৩৯ নং বেচুচাটুর্য্যের ষ্ট্রীট।

৫৯। ,, ননীমোহন বন্দ্যোপাধ্যায়, জমীদার, নিমতলা ঘাট ষ্ট্রীট।

৬০। ,, মিঃ এ, চৌধুরী, ব্যারিষ্টার, ৭৬ নং লোয়ার সারকুলার রোড।

৬১। ,, মহামহোপাধ্যায় ন্যায়ালঙ্কার নীলমণি মুখোপাধ্যায় এম্, এ, প্রিন্সিপাল, সংস্কৃত কলেজ, ২২ নং নেউগিপুকুর ওয়েষ্ট লেন।

৬২। ,, নগেন্দ্রচন্দ্র মিত্র, ব্যারিষ্টার, ৩ নং মদন মিত্রের লেন।

৬৩। ,, মুনীন্দ্রনাথ ভট্টাচার্য্য, এম্, বি, এল, উকীল হাইকোর্ট, ১১ নং কৃষ্ণরাম বসুর লেন।

৬৪। ,, রাজকৃষ্ণ রায় চৌধুরী, লেট ডিপুটী স্কুল ইন্স্পেক্টর, ২২০ নং কর্ণওয়ালিস্ ষ্ট্রীট।

৬৫। ,, গোবিন্দচন্দ্র দাস, এম্, এ, বি, এল, উকীল, হাইকোর্ট।

৬৬। ,, সারদাচরণ মিত্র, এম্, এ, বি, এল, ঐ ঐ ৮৫নং গ্রেষ্ট্রীট।

৬৭। ,, রাজেন্দ্রনাথ মুখোপাধ্যায়, এম্, এ, বি, এল, উকীল, সিয়ালদহ, ব্রজলাল মিত্রের লেন, ঝামাপুকুর।

৬৮। ,, অমৃতরঞ্জ মল্লিক, বি, এল, উকীল, ১২ নং শিবশঙ্কর মল্লিকের লেন, শ্যামপুকুর।

৬৯। ,, মন্মথনাথ মল্লিক, ব্যারিষ্টার জমীদার, ১২ নং লালবাজার।

৭০। ,, হেমচন্দ্র মল্লিক জমীদার, ১২ নং ওয়েলিংটন স্কয়ার বহুবাজার।

৭১। ,, প্রিয়নাথ মুখোপাধ্যায়, পুলিশ ইন্স্পেক্টর, বটতলা থানা, কর্ণওয়ালিস্ ষ্ট্রীট।

৭২। ,, যজ্ঞেশ্বর বন্দ্যোপাধ্যায়, ১ নং শ্রীনাথ দাসের লেন বহুবাজার।

৭৩। ,, জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুর, জমীদার, ৬২ নং সারকুলার রোড, বালিগঞ্জ।

৭৪। ,, ক্ষিতীন্দ্রনাথ ঠাকুর, বি, এ, জমীদার, ৬ নং দ্বারকানাথ ঠাকুরের লেন।

৭৫। ,, বলেন্দ্রনাথ ঠাকুর, ঐ ঐ

৭৬। ,, গগনেন্দ্রনাথ ঠাকুর, ঐ ঐ

৭৭। শ্রীযুক্ত শরচ্চন্দ্র সরকার, ৭৭।১ নং মুক্তারাম বাবুর ষ্ট্রীট, চোরবাগান।

৭৮। ,, শান্তশীল বিদ্যাবিনোদ, বি, এ, ৪ নং ধর্ম্মদাস কুণ্ডুর লেন হাবড়া।

৭৯। ,, প্যারীলাল হালদার, এম্, এ, ১ নং গৌর লাহার ষ্ট্রীট, নিমতলা।

৮০। ,, উমেশচন্দ্র বন্দ্যোপাধ্যায়, ১৪ নং কৈলাস বানার্জীর লেন, পঞ্চাননতলা হাবড়া।

৮১। ,, মন্মথনাথ ভট্টাচার্য্য এম্, এ, আসিষ্টাণ্ট কণ্ট্রোলার, ইণ্ডিয়ান ট্রেজারি, ১১ নং কৃষ্ণরাম ঘোষের লেন।

৮২। ,, ডাক্তার চন্দ্রশেখর কালী, এল, এম্ এস্, ১৫০ নং কর্ণওয়ালিস ষ্ট্রীট।

৮৩। ,, হারাণচন্দ্র বন্দ্যোপাধ্যায়, এম্, এ, বি, এল, ১৯ নং ষষ্ঠীতলা নারিকেলডাঙ্গা।

৮৪। ,, মন্মথনাথ মুস্তফি, বি, এ, ৪৯ নং শ্যামবাজার ষ্ট্রীট।

৮৫। ,, প্রতুলচন্দ্র বসু, ১২ নং নবাবদি ওস্তাগারের লেন, টীকেপাড়া।

৮৬। ,, পাঁচকড়ি বন্দ্যোপাধ্যায় ৮৮।৭ নং চোরবাগান ২য় গলি।

৮৭। রাজা সার শৌরীন্দ্রমোহন ঠাকুর, সি, আই, ই, ইত্যাদি জমীদার ৬৫ নং পাথুরিয়াঘাটা।

৮৮। শ্রীযুক্ত গোপালচন্দ্র মিত্র, এল, এম্, এস, ব্যাটরা হাবড়া।

৮৯। ,, জে, সি, দত্ত, এম্ এ, বি, এল, এটর্ণী, ১৭১ নং মাণিকতলা ষ্ট্রীট।

৯০। ,, হরিশ্চন্দ্র নিয়োগী, জমাদার, ১৪ নং কালীপ্রসাদ চক্রবর্ত্তীর ষ্ট্রীট, বাগবাজার।

৯১। ,, রামেশ্বর মণ্ডল, বি, এল, ১৫৪ নং অপার সারকুলার রোড।

৯২। ,, পণ্ডিত যাদবকিশোর গোস্বামী বিদ্যারত্ন, ৭ নং ব্রজদুলালের ষ্ট্রীট, পাথুরিয়াঘাটা।

৯৩। ,, বিজয়কেশব মিত্র, বি, এল, মুন্সেফ, চট্টগ্রাম।

৯৪। ,, দেবপ্রসাদ সর্ব্বাধিকারী, এম্, এ, বি, এল, এটর্ণী, ১৩ নং জেলে-পাড়া লেন, বহুবাজার।

৯৫। ,, কৃষ্ণধন মুখোপাধ্যায়, ৭৭ নং কলেজ ষ্ট্রীট।

৯৬। ,, ব্যোমকেশ মুস্তোফি, বঙ্গ-নিবাসী-সম্পাদক, ১৯ নং কালীপ্রসাদ চক্রবর্ত্তীর ষ্ট্রীট।

৯৭। শ্রীযুক্ত যশোদানন্দন প্রামাণিক, এম্, এ, বি, এল, উকীল হাইকোর্ট, ৩৮ নং মধুরায়ের লেন।

৯৮। ,, রমানাথ ঘোষ জমীদার, পাথুরিয়াঘাটা।

৯৯। ,, কুমার মন্মথনাথ মিত্র, জমীদার, ১ নং ঝামাপুকুর লেন।

১০০। ,, পরেশচন্দ্র সোম, ৭৬ নং অপার সারকুলার রোড।

১০১। ,, নগেন্দ্রনাথ বসু, বিশ্বকোষ-সম্পাদক, ১৪ নং তেলিপাড়া লেন, শ্যামপুকুর।

১০২। ,, যদুগোপাল চট্টোপাধ্যায়, ৪৪ নং আমহার্স ষ্ট্রীট।

১০৩। ,, কানাইলাল দে, ২৪১ নং অপার সারকুলার রোড, বাগবাজার।

১০৪। ,, কুমার কেশবেন্দ্রকৃষ্ণ দেব বাহাদুর, জমীদার, ২৭ নং রাজা নবকৃষ্ণ ষ্ট্রীট, শোভাবাজার রাজবাটী।

১০৫। ,, অমরকৃষ্ণ মিত্র, জমীদার, ২০ নং নীলমণি মিত্রের ষ্ট্রীট, দর্জ্জিপাড়া।

১০৬। ,, তুলসীদাস মুখোপাধ্যায়, এম্, এ, ২৭ নং রঘুনাথ চাটুর্য্যের ষ্ট্রীট।

১০৭। ,, ব্রজেন্দ্রলাল মিত্র, এম্, এ, ৭ নং রাধানাথ বসুর লেন, গোয়াবাগান।

১০৮। ,, নগেন্দ্রনারায়ণ আচার্য্য চৌধুরী, বি, এ, জমীদার, মুক্তাগাছা, ময়মনসিংহ।

১০৯। ,, রবদাকান্ত ঘোষ, ৪২ নং মদন রডালের লেন, বহুবাজার।

১১০। ,, প্রমথনাথ মিত্র, ৫ নং তেলিপাড়া লেন, শ্যামপুকুর ষ্ট্রীট।

১১১। ,, রাধিকারমণ চট্টোপাধ্যায়, ১৭৩।১ নং কর্ণওয়ালিস্ ষ্ট্রীট।

১১২ } ,, অভয়চরণ পাল, ২০৩।২ নং কর্ণওয়ালিস্ ষ্ট্রীট।

১১৩ } ,, যোগেন্দ্রনাথ সেন, এম্, এ, বি, এল, উকীল, ৩৩ নং হরিরাম বাড়ুয্যের লেন, বহুবাজার।

১১৪। ,, কিরণচন্দ্র দত্ত, ১ নং রামকান্ত বসুর ১ম লেন, বাগবাজার।

১১৫। ,, হীরেন্দ্রনাথ দত্ত, এম্, এ, বি, এল, ১৩৯ নং কর্ণওয়ালিস ষ্ট্রীট।

১১৬। ,, বিহারীলাল সরকার, বঙ্গবাসী-সহ-সম্পাদক, ১০ নং রামচাঁদ নন্দীর লেন, দর্জ্জিপাড়া।

১১৭। ,, কৃষ্ণগোপাল ভক্ত, ৯ নং বাবুরাম ঘোষের লেন, নিমতলা।

১১৮। শ্রীযুক্ত হরিচরণ বসু, ৭১ নং পাথুরিয়াঘাটা ষ্ট্রীট।

১১৯। „ মতিলাল ঘোষ, অমৃতবাজার সম্পাদক, ২ নং আনন্দ চাটুর্য্যের লেন।

১২০। „ বাণীনাথ নন্দী, ১৭ নং শিকদার বাগান ষ্ট্রীট।

১২১। „ ক্ষেত্রমোহন বসু, বি, এ, ইঞ্জিনিয়ার, ৯০।৩ মেছুয়াবাজার ষ্ট্রীট।

১২২। „ পণ্ডিত অতুলচন্দ্র গোস্বামী, ১১ নং মহেন্দ্র গোস্বামীর লেন, সিমলা।

১২৩। „ মাননীয় এ, এম্, বসু, এম্, এ, ব্যারিষ্টার, ১৩৯ নং ধর্ম্মতলা ষ্ট্রীট।

১২৪। „ মন্মথনাথ চক্রবর্ত্তী, ১৭ নং শ্রীনাথ দাসের লেন, বহুবাজার।

১২৫। „ যজ্ঞেশ্বর ঘোষ, ১৪ নং মদন বড়ালের লেন, বহুবাজার।

১২৬। „ কুমুদকুমার মুখোপাধ্যায়, ভাগলপুর।

১২৭। „ প্রিয়নাথ চট্টোপাধ্যায়, ৬ নং মদনমোহন চাটুর্য্যের ষ্ট্রীট, জোড়াসাঁকো।

১২৮। „ পণ্ডিত গদাধর কাব্যতীর্থ, অধ্যাপক, বঙ্গবাসী কলেজ, ১৯ নং ডিহি ইণ্টালি রোড।

১২৯। „ ডাক্তার অমৃতলাল সরকার, এল্, এম্, এস, ৫১নং শাখারীটোলা।

১৩০। „ মিঃ পি, এন্, মিত্র, ব্যারিষ্টার, ২০৯ নং লোয়ার সারকুলার রোড।

১৩১। „ গিরিশচন্দ্র বসু, এম্ এ, প্রিন্সিপাল বঙ্গবাসী কলেজ, ১২৯ নং বহুবাজার ষ্ট্রীট।

১৩১। „ শ্যামাদাস মুখোপাধ্যায়, এম্, এ, প্রফেসার বঙ্গবাসী কলেজ, হিন্দু হোষ্টেল সান্‌কিভাঙ্গা।

১৩৩। „ নৃপেন্দ্রনাথ সরকার, ভাগলপুর।

১৩৪। „ হেমচন্দ্র সরকার, এম্, এ, প্রফেসার, রাজসাহী কলেজ।

১৩৫। „ অবিনাশচন্দ্র ঘোষ, ৮।৩ কাশীঘোষের লেন, সিমলা।

১৩৬। „ পঞ্চানন মুখোপাধ্যায়, ৪৬ নং বেচুচাটুর্য্যের ষ্ট্রীট।

১৩৭। „ তিনকড়ি মুখোপাধ্যায়, ২৫।৯ নং মটস্ লেন।

১৩৮। „ কুমার প্রমথনাথ মল্লিক, জমীদার সিমাবশোল, বাগীগঞ্জ।

১৩৯। „ ব্রজেন্দ্রলাল শীল, এম্ এ, প্রিন্সিপাল জেন্‌কিন্স কলেজ, কুচবেহার।

১৪০। শ্রীযুক্ত কালিদাস মল্লিক, এম্, এ, প্রফেসার, বর্দ্ধমান কলেজ।
১৪১। „ কবিরাজ বিজয়রত্ন সেন কবিরঞ্জন, ৫ নং কুমারটুলি ষ্টীট।
১৪২। „ সুরেশচন্দ্র সেন, ডেপুটী কলেক্টর, বালেশ্বর।
১৪৩। „ ক্ষীরোদচন্দ্র রায় চৌধুরী এম্, এ, ২৬। ১ নং হ্যারিসেন রোড।
১৪৪। „ রবদাচরণ চক্রবর্ত্তী, হেড পণ্ডিত, বহর স্কুল।
১৪৫। „ কুমুদিনীকান্ত বন্দ্যোপাধ্যায় প্রফেসার, রাজসাহী কলেজ।
১৪৬। „ হৃদয়রঞ্জন খাঁ এম্ এ, ৫৪ নং কৈলাস বসুর লেন, হাবড়া।
১৪৭। „ রজনীকান্ত চক্রবর্ত্তী, হেডপণ্ডিত, গভর্ণমেণ্ট বঙ্গবিদ্যালয় মালদহ।
১৪৮। „ আশুতোষ মুখোপাধ্যায়, এম্, এ, ডি, এল উকীল, ৭৭ নং বসাবোড ভবানীপুর।
১৪৯। „ প্রিয়নাথ ঘোষ, এম্, এ, কুচবেহার রাজবাটী।
১৫০। „ যোগেশচন্দ্র রায়, এম্, এ, প্রফেসার, কটক কলেজ।
১৫১। „ ইন্দ্রনারায়ণ ঘোষ উকীল, ভাগলপুর পাণ্ডুয়াকুটী।
১৫২। „ মৃণালকান্তি ঘোষ, ১ নং আনন্দ চাটার্জ্জির লেন, বাগবাজার।
১৫৩। „ শশিকাচরণ গুপ্ত ৩৫ নং রামাপুকুর লেন।
১৫৪। „ কিশোরীমোহন সেন গুপ্ত, প্রফেসার হুগলী কলেজ, হালিসহর।
১৫৫। „ পদ্মনাথ ভট্টাচার্য্য বিদ্যাবিনোদ, এম্, এ, ডেপুটী ইনস্পেক্টর, সিলেট।
১৫৬। „ শ্রীশচন্দ্র ঘোষ, ডেপুটী মাজিষ্ট্রেট, জামালপুর ময়মনসিংহ।
১৫৭। „ নন্দলাল গোস্বামী, জমীদার, শ্রীরামপুর।
১৫৮। „ জ্ঞানেন্দ্রনাথ চৌধুরী, এম্, এ, ডেপুটী মাজিষ্ট্রেট, নোয়াখালি।
১৫৯। „ কালীপদ বসু, উকীল, মিরাট।
১৬০। „ বলীন্দ্রনাথ সিংহ, ইন্দাস, বাকুড়া।
১৬১। „ মধুসূদন রাও, হেড মাষ্টার, ট্রেনিংস্কুল, কটক।
১৬২। „ শরচ্চন্দ্র মিত্র, নিমতা, বেলঘরিয়া, ই, বি, এস্, রেলওয়ে।
১৬৩। „ ইন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়, বি, এল, উকীল, বর্দ্ধমান।
১৬৪। „ রমেশচন্দ্র দাস, ডেপুটী কালেক্টর, বীরভূম।
১৬৫। „ কুমুদবন্ধু দাস গুপ্ত, ডেপুটী কালেক্টর, ময়মনসিংহ।

১৬৬। শ্রীযুক্ত বিপিনবিহারী দাস গুপ্ত, মুন্সেফ্, লক্ষ্মীপুর, নোয়াখালি।
১৬৭। „ গিরীন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়, ডেপুটী মাজিষ্ট্রেট, মেদিনীপুর।
১৬৮। „ মিঃ চিত্তরঞ্জন দাস ব্যারিষ্টার, ১১ নং বেদিয়াপাড়া রোড।
১৬৯। „ শ্যামকুমুদ মুখোপাধ্যায়, ডেপুটী কালেক্টর, দিনাজপুর।
১৭০। „ শরচ্চন্দ্র রায়, বি, এল, উকীল, রাজসাহী।
১৭১। „ ব্রজেন্দ্রনাথ দে, এম্, এ, বি, এল, কালেক্টর, বাঁকুড়া।
১৭২। „ হেমেন্দ্রচন্দ্র সিংহ, বি, এ, কবানিঞ্জিয়া মগ্‌রভঞ্জ, উড়িষ্যা।
১৭৩। „ কালীপ্রসন্ন চক্রবর্ত্তী, ওজাদিয়া কাছারী, কিশোরগঞ্জ, ময়মনসিংহ।
১৭৪। „ শিবনারায়ণ মুখোপাধ্যায়, জমীদার, উত্তরপাড়া।
১৭৫। „ হেমাঙ্গচন্দ্র বসু, সব-জজ, হুগলী।
১৭৬। „ মহেন্দ্রনাথ মজুমদার, ডেপুটী কালেক্টর, বঙ্গপুর।
১৭৭। „ অঘোরনাথ ঘোষ, রিটায়ার্ড সব্-জজ, চুঁচুড়া।
১৭৮। „ নয়নরঞ্জন ভট্টাচার্য্য, ডেপুটী মাজিষ্ট্রেট, বাঁকুড়া।
১৭৯। „ কুলদাপ্রসাদ মুখোপাধ্যায়, উকীল, বাঁকুড়া।
১৮০। „ কুমার রামেশ্বর মালিয়া, জমীদার, সিয়ারসোল রাজবাটী, রাণীগঞ্জ।
১৮১। „ রায় বোহিণীকুমার রায় চৌধুরী, জমীদার, কীর্ত্তিপাশা, বরিশাল।
১৮২। „ সত্যেন্দ্রনাথ ঠাকুর, সি, এস্, ৬২নং বালীগঞ্জ, সারকুলার রোড।
১৮৩। „ গোপালকৃষ্ণ ঘোষ, মুন্সেফ, বালেশ্বর।
১৮৪। „ রাজবিহারী দাস, লোনসিংহ, ফরিদপুর।
১৮৫। „ বিশ্বেশ্বর চক্রবর্ত্তী, বি, এ, হেড মাষ্টার হিন্দুস্কুল, নদিয়া।
১৮৬। „ কৃষ্ণনারায়ণ ভৌমিক বিদ্যারঞ্জন, গুণাইগাছা, পাবনা।
১৮৭। „ যজ্ঞেশ্বর ঘোষাল, কামারহাটি, আঁড়িয়াদহ।
১৮৮। „ রাধানাথ রায়, স্কুল-ইন্‌স্পেক্টর, উড়িষ্যা।
১৮৯। „ সুদামচন্দ্র নায়েক, অ্যাসিষ্টাণ্ট সুপারিণ্টেণ্ডেণ্ট ট্রেজারি মহল, কটক।
১৯০। „ বনমালী সিংহ, গার্জেন রাজষ্টেট্, কটক।
১৯১। „ যোগেন্দ্রচন্দ্র চক্রবর্ত্তী, এম্, এ, বি, এল, উকীল, দিনাজপুর।
১৯২। „ রাজনারায়ণ বসু (রিশিষ্ট), দেওঘর, বৈদ্যনাথ।

১৯৩। শ্রীযুক্ত হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায় বি, এল, (বিশিষ্ট), বারাণসী।
১৯৪। Sir William W. Hunter, K. C. S. I. (বিশিষ্ট)।
১৯৫। Sir George Bardwood, K. C. I. E. ঐ
১৯৬। John Beames, Esqr. ঐ
১৯৭। শ্রীযুক্ত পণ্ডিত রাজেন্দ্রচন্দ্র শাস্ত্রী, এম্, এ, তারক চাটুর্য্যের লেন।
১৯৮। „ „ মহেন্দ্রনাথ বিদ্যানিধি, মুক্তারাম বাবুর ষ্ট্রীট।
১৯৯। „ রায় বৈকুণ্ঠনাথ বসু বাহাদুর, ১৬৭ নং মাণিকতলা ষ্ট্রীট।
২০০। „ শরচ্চন্দ্র চট্টোপাধ্যায়, ৫২।২ নং চাষাধোপাপাড়া, (জোড়াসাঁকো)।
২০১। „ রাধানাথ মিত্র, ১ নং বেচারাম চাটুর্য্যের ষ্ট্রীট।
২০২। „ ঈশানচন্দ্র ঘোষ, এম্, এ, ৯১ নং মেছুয়াবাজার ষ্ট্রীট।
২০৩। „ চুনীলাল সেন, ৬ নং মুক্তারাম বাবুর ষ্ট্রীট, চোরবাগান।
২০৪। „ ক্ষেত্রমোহন সেন গুপ্ত বিদ্যাবত্ন, ৩৪।১ নং কলুটোলা ষ্ট্রীট। (বঙ্গবাসী প্রেস)।
২০৫। „ উমাপদ রায়, (ব্যারিষ্টার), ৭ নং অক্রুর দত্তের লেন, বহুবাজার।
২০৬। „ দ্বিজেন্দ্রলাল সিংহ, এম্, এন্, পি, এস্, (লণ্ডন) ১২০।২ নং মস্‌জিদ্‌বাড়ী ষ্ট্রীট।
২০৭। „ অমৃতলাল বসু, ১২ নং শিকদারবাগান ষ্ট্রীট।
২০৮। „ যতীশচন্দ্র বন্দ্যোপাধ্যায়, ১১।১ নং শ্রীদাম মুদির লেন।
২০৯। „ ডাক্তার অতুলকৃষ্ণ দত্ত, এফ্, এইচ্, সি, এস, ৮৯ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট।
২১০। „ ভূতনাথ মিত্র, ১৫৯ নং আহিরীটোলা ষ্ট্রীট।
২১১। „ অক্ষয়চন্দ্র সরকার, চুঁচুড়া, হুগলী।
২১২। „ নিবারণ চন্দ্র ভট্টাচার্য্য, হেড পণ্ডিত দীনহাটা মধ্য-বাঙ্গালা স্কুল, কুচবিহার।
২১৩। „ অচ্যুতচরণ চৌধুরী তত্ত্বনিধি, জমীদার, মৈনাগ্রাম, কানাইবাজার পোষ্ট আফিস, শ্রীহট্ট।
২১৪। „ রাজীবলোচন দাস, মহাজন, মৈনাগ্রাম, কানাইবাজার পোষ্ট আফিস, শ্রীহট্ট।

২১৫। শ্রীযুক্ত হরেন্দ্রনাথ গুহ, বি, এল, মুন্সেফ ফেনি, সাতক্ষীরা।
২১৬। ,, ভূতনাথ পাল, ২৯ নং বসুপাড়া, বাগবাজার।
২১৭। ,, কবিরাজ রামচন্দ্র বিদ্যানিধি, ২০২ নং কর্ণওয়ালিস ষ্ট্রীট।
২১৮। ,, ডাঃ চুনীলাল বসু রায় বাহাদুর, ২৪ নং মহেন্দ্র বসুর লেন, শ্যামবাজার।
২১৯। ,, চন্দ্রশেখর মুখোপাধ্যায়, ৫ নং ঈশ্বর মিলের লেন, গোয়াবাগান।
২২০। ,, শরচ্চন্দ্র শাস্ত্রী, ১১ নং গোবিনচাঁদ সেনের লেন, চাঁপাতলা।
২২১। ,, ধনকৃষ্ণ সেন, ৫৬ নং ওয়েলিংটন ষ্ট্রীট।
২২২। ,, রসিকলাল ঘোষ, ৩ নং বাগবাজার ষ্ট্রীট।
২২৩। ,, কানাইলাল ঘোষাল, ১৪ নং যুগলকিশোর দাসের লেন, বাদুড়-বাগান।
২২৪। ,, বসন্তকুমার বসু, ২৩ নং তালপুকুর রোড, ওঁড়া।
২২৫। ,, মন্মথনাথ দে, উকীল, বাকীপুর।
২২৬। ,, কার্ত্তিকচন্দ্র ভট্টাচার্য্য, সূত্রগড, শান্তিপুর, নদীয়া।
২২৭। ,, বিহারীলাল মুখোপাধ্যায়, ৩০১ নং গ্রাণ্ড্ ট্রাঙ্ক্ রোড শিবপুর, হাবড়া।
২২৮। ,, শিবব্রতন মিত্র, নাজির কেসিয়ার, রামপুরহাট, লুপ্‌লাইন।
২২৯। ,, চন্দ্রমোহন সেন, বান্দেল রোড, চট্টগ্রাম।
২৩০। ,, সতীশচন্দ্র রায়, এম্, এ, ১৭ নং মদন মিত্রের লেন, সিমলা।
২৩১। ,, জগদীশচন্দ্র মুখোপাধ্যায়, বি, এ, ১৭ নং মদন মিত্রের লেন, সিমলা।
২৩২। ,, ভুবনমোহন বন্দ্যোপাধ্যায়, ২নং রাধানাথ বসুর লেন, গোয়াবাগান।
২৩৩। ,, সতীশচন্দ্র বিদ্যাভূষণ, এম্, এ, ১১ নং গোবিনচাঁদ সেনের লেন, চাঁপাতলা।
২৩৪। ,, কালিদাস নাথ, ১০ নং রামকৃষ্ণ বাগ্‌চির লেন, বীডন্ ষ্ট্রীট।
২৩৫। ,, বলাইচাঁদ গোস্বামী, ৬৮ নং বলরাম দের ষ্ট্রীট, জোড়াসাঁকো।
২৩৬। ,, রামগোপাল সেন গুপ্ত, ২৩নং হর ঢোলের লেন, আহিরীটোলা।
২৩৭। ,, শ্যামলাল বসু, ৮২ নং শ্যামবাজার ষ্ট্রীট।
২৩৮। ,, গুরুদাস চট্টোপাধ্যায়, ২০১ নং কর্ণওয়ালিস্ ষ্ট্রীট।

২৩৯। শ্রীযুক্ত শশিভূষণ মুখোপাধ্যায়, কোল ডিপো, চিৎপুর।
২৪০। ,, মহেন্দ্রনাথ মুখোপাধ্যায়, ৫৩ নং গ্রে ষ্ট্রীট।
২৪১। ,, বমণীমোহন চট্টোপাধ্যায, ১১৪।১১৫ নং মেছুয়াবাজাব ষ্ট্রীট।
২৪২। ,, যোগেন্দ্রচন্দ্র কবিভূষণ সিদ্ধান্তবত্ন, নবদ্বীপ।
২৪৩। ,, শিবনাথ বসু, ৭৯ ২ নং মুক্তাবাম বাবুর ষ্ট্রীট, চোরবাগান।
২৪৪। ,, ধীবানন্দ কাব্যনিধি, ৬০ নং সভারাম বসাকের ১ম লেন, কলুটোলা।
২৪৫। ,, গিবিশচন্দ্র বায, ৮ নং হোগলকুঁড়িয়া লেন।
২৪৬। ,, জগদ্‌বন্ধু মোদক, ৬৭ নং শ্যামবাজাব ষ্ট্রীট।
২৪৭। ,, বীবেশ্বব চট্টোপাধ্যায, ২০ নং কর্ণওযালিস ষ্ট্রীট।
২৪৮। ,, হবচন্দ্র চক্রবর্ত্তী, ২১ নং ষষ্ঠীতলা বোড, নারিকেলডাঙ্গা।
২৪৯। ,, দুর্গানাবাযণ সেন গুপ্ত কবিভূষণ, বেনেটোলা, শোভাবাজার।
২৫০। ,, নকুলেশ্বব ভট্টাচার্য্য বিদ্যাভূষণ, ৩০ নং নকুলেশ্বব ভট্টাচার্য্যের লেন, কালীঘাট।
২৫১। ,, ডাঃ শবচ্চন্দ্র ঘোষ, মেদিনীপুব।
২৫২। ,, বাজনাবাযণ মুখোপাধ্যায়, জমীদাব, উত্তরপাড়া।
২৫৩। ,, জগদানন্দ বায, কৃষ্ণনগব, নদিয়া।
২৫৪। ,, হবগোবিন্দ কাব্যতীর্থ শিবোমণি, হেড পণ্ডিত, গোয়ালন্দ হাই-স্কুল, রাজবাড়ী।
২৫৫। ,, খগেন্দ্রনাথ মুস্তোফী, বড়ালপাড়া, হুগলী।
২৫৬। ,, নিত্যগোপাল সবকাব, মুন্সেফ্, ডায়মণ্ডহাববার।
২৫৭। ,, দেবেন্দ্রনাথ পাল, মুন্সেফ্, জাহানাবাদ, হুগলী।
২৫৮। ,, প্রমথনাথ দত্ত, এম্, এ, ৭১ নং সীতারাম ঘোষের ষ্ট্রীট।
২৫৯। ,, যাদবানন্দ গুপ্ত, মর্ত্ত, মাণিকগঞ্জ, ঢাকা।
২৬০। ,, কালীপদ বসু, প্রফেসব ঢাকা কলেজ, ঢাকা।
২৬১। ,, পাঁচকড়ি ঘোষ, দাসপাড়া, চুঁচুড়া।
২৬২। ,, বামাচরণ বসু, সিলাইদহ, ঠাকুরবাড়ী কাছারী, ভায়া কুমার-খালি, নদিয়া।

২৬৩। শ্রীযুক্ত নিখিলনাথ রায়, বি, এল, বহরমপুর, খাগড়া, মুরসিদাবাদ।
২৬৪। ,, যোগেন্দ্রকুমার ঘোষ, ডিপুটী মাজিষ্ট্রেট, দিনাজপুর।
২৬৫। ,, নৃসিংহদেব চক্রবর্ত্তী, জমীদার, গুজাদিয়া কাছাড়ি, কিশোরগঞ্জ, ময়মনসিংহ।
২৬৬। ,, কুমার শরৎকুমার রায়, পোঃ, আঃ, দিঘাপাতিয়া, জেলা রাজসাহী।
২৬৭। ,, সুখরঞ্জন বসু, হেড মাষ্টার ত্রিপুরা সুন্দরী স্কুল, পোঃ, আঃ, ভাদ্রা, জেলা ময়মনসিংহ।
২৬৮। ,, মনীন্দ্রচন্দ্র রায় চৌধুরী, জমীদার, পোঃ, আঃ, শ্যামপুর, জেলা রঙ্গপুর।
২৬৯। ,, মোহিনীমোহন দত্ত, বি, এ, মুন্সেফ, ডায়মণ্ডহারবার, ২৪ পরগণা।
২৭০। ,, প্রমথনাথ মুখোপাধ্যায়, এম, এ, প্রেফেসর হুগলি কলেজ, হুগলি।
২৭১। ,, বিশোরীমোহন চৌধুরী, উকীল, জজ আদালত, পোঃ, আঃ, ঘোড়ামারা, জেলা রাজসাহী।
২৭২। ,, ক্ষেত্রচন্দ্র মুখোপাধ্যায়, ৭।১ নং শাঁখারীটোলা লেন, বহুবাজার।
২৭৩। ,, ললিতমোহন মল্লিক, ২০ নং লালবাজার ষ্ট্রীট।
২৭৪। ,, কানাইলাল বন্দ্যোপাধ্যায়, ৯৫ নং দর্ম্মাহাটা ষ্ট্রীট।
২৭৫। ,, গিরীন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়, বি, এ, ১৯নং ভুবন বন্দ্যোপাধ্যায়ের লেন, চোরবাগান।
২৭৬। ,, অমরেন্দ্রনাথ পাল চৌধুরী, ২৮ নং গোয়াবাগান লেন।
২৭৭। ,, উপেন্দ্রনাথ মুখোপাধ্যায়, ৯৬ নং বীডন ষ্ট্রীট।
২৭৮। ,, মাধবচন্দ্র চক্রবর্ত্তী, ২৮।৩ নং অখিল মিস্ত্রির লেন, চাঁপাতলা।
২৭৯। ,, কালীপ্রসন্ন কাব্যবিশারদ, ৭০ নং কলুটোলা ষ্ট্রীট, অথবা ৩৩ নং বলরাম বসুর ঘাট রোড, ভবানীপুর।
২৮০। ,, কৃষ্ণচন্দ্র দে, এম, এ, ৩৮।২ নং নীলমনি মিত্রের ষ্ট্রীট।
২৮১। ,, হেমেন্দ্রপ্রসাদ ঘোষ ৮২ নং সীতারাম ঘোষের ষ্ট্রীট।
২৮২। ,, পঞ্চানন বন্দ্যোপাধ্যায়, ৫২ নং হ্যারিসন রোড।
২৮৩। ,, সুশীলচন্দ্র নিয়োগী, ১ নং কালীপ্রসাদ চক্রবর্ত্তীর, ষ্ট্রীট, বাগবাজার।

২৮৪। শ্রীযুক্ত হরিদেব শাস্ত্রী, সংস্কৃত প্রফেসর বিসপ্স কলেজ, ২২৭ নং লোয়ার সারকুলার রোড, বালীগঞ্জ।

২৮৫। ,, সুরেন্দ্রনাথ ভট্টাচার্য্য এম, এ, ৫৬।২ নং গ্রেষ্ট্রীট।

২৮৬। ,, ডাক্তার শশিভূষণ মিত্র, M. B. লণ্ডন, ৩৬ নং ওয়েলি টন ষ্ট্রীট।

২৮৭। ,, রমেশচন্দ্র বসু, ৭নং ঈশ্বরমিলের লেন, গোয়াবাগান।

২৮৮। ,, বাখালদাস সান্যাল, ২৬ নং বাদুড়বাগান লেন।

২৮৯। ,, গিরীন্দ্রনাথ মুখোপাধ্যায়, ২৫ নং হালদারপাড়া লেন, কালীঘ ট।

২৯০। ,, দ্বিজেন্দ্রনাথ বসু, ৬ নং গুরুপ্রসাদ চৌধুরীর লেন।

২৯১। ,, রুড়মল গোয়েনকা, ৫৭ নং বডতলা ষ্ট্রীট, বড়বাজার।

২৯২। ,, সখারাম গণেশ দেউস্কর, ১৩।৩নং ,, ,, ,,

২৯৩। ,, প্রসাদ দাস গুঁই, ১৩।১ নং হিদারাম বন্দ্যোর লেন।

২৯৪। ,, ফণিভূষণ বসু, এম, এ, ডেপুটী ইন্‌স্পেক্টর অফ স্কুল্‌স্, ৫ নং বাদুড়বাগান লেন।

২৯৫। ,, অশ্বিনীকুমার ঘোষ, ৭৫ নং বীডন ষ্ট্রীট।

২৯৬। ,, জগৎচন্দ্র সেন, বি, এ, ১৪ নং বেনেটোলা লেন, পটলডাঙ্গা।

২৯৭। ,, মাননীয় সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়, বেঙ্গলী সম্পাদক, নিউগি-পুকুরইষ্ট লেন।

২৯৮। ,, শরচ্চন্দ্রদাস, সি, আই, ই, ৮৬।২ নং জানবাজার ষ্ট্রীট।

২৯৯। ,, দেবকিশোর মুখোপাধ্যায়, এম, এ, ১৭ নং বাবুরাম শীলের লেন, বৌবাজার।

৩০০। ,, মন্মথনাথ চট্টোপাধ্যায়, ১।২ নং সুকিয়া ষ্ট্রীট।

৩০১। ,, নবেন্দ্রনাথ চট্টোপাধ্যায়, ৩০ নং চন্দ্রচাটুর্য্যের লেন, ভবানীপুর।

৩০২। ,, দীনেশচন্দ্র সেন, বি, এ, হেডমাষ্টার ভিক্টোরিয়াস্কুল, কুমিল্লা।

৩০৩। ,, চন্দ্রনারায়ণ সিংহ, এম, এ, ভাগলপুর।

৩০৪। ,, অমৃতলাল রায়, হোপসম্পাদক, ২১ নং জেলিয়াটোলা লেন।

৩০৫। ,, বরদাকান্ত সেন গুপ্ত, ১৪ নং কলেজ স্কোয়ার।

৩০৬। ,, শ্যামাধর রায়, ডিপুটীম্যাজিষ্ট্রেট, হুগলি।

৩০৭। ,, দুর্গাদাস লাহিড়ী, ভূবন সরকারের লেন।

৩০৮। শ্রীযুক্ত কবিরাজ লক্ষ্মীনারায়ণ রায়, ৭ নং কাঁসারীপাড়া লেন।
৩০৯। „ কুঞ্জলাল রায়, ৫০ নং বামকান্ত বসুর ষ্ট্রীট, বাগবাজার।
৩১০। „ যোগেন্দ্রনারায়ণ রায়, ১নং দর্পনারায়ণ ঠাকুরের ষ্ট্রীট, পাথুরি
৩১১। „ অশ্বিনীকুমার দাস, বি, এ, ১৪ নং বেণিয়াটোলা লেন।
৩১২। „ ভবেন্দ্রনাথ দে, এম, এ, ৩৬নং বাঙ্গারাম অক্রুর লেন, বৌবা
৩১৩। „ যোগেন্দ্রনাথ চট্টোপাধ্যায়, ৬নং রামহরিঘোষের লেন, চাঁপাত
৩১৪। „ হরিসাধন মুখোপাধ্যায়, গভর্ণমেণ্ট টেলিগ্রাফ আফিষ, ে
ডিপার্টমেণ্ট।
৩১৫। „ মতিলাল দত্ত, ইন্‌স্পেক্টর পাঠশালা, ৩০নং বারাণসী ঘোষের ষ্ট্রীট
৩১৬। „ নবেন্দ্রনাথ সেন, ইণ্ডিয়ানমিরর সম্পাদক, ২৪ নং মটস্ লেন।
৩১৭। „ শ্যামাচরণ মিত্র, ৭৩।১।১ নং যুক্তারামবাবুর ষ্ট্রীট।
৩১৮। „ কালীপ্রসন্ন চট্টরাজ, ১০ নং বাহির মির্জাপুর রোড।
৩১৯। „ কুমার বসন্তকুমার রায় বাহাদুর, জমীদার, ৭৪ নং লোয়ার
সারকুলার রোড।
৩২০। „ জ্ঞানেন্দ্রনাথ দেব, বি, এ, প্রোফেসর ডফটনকলেজ।
৩২১। „ কবিরাজ মণিমোহন সেন, ১৭১ নং কর্ণওয়ালিস ষ্ট্রীট!
৩২২। „ পণ্ডিত পরেশনাথ বিদ্যাভূষণ, ৯২নং হ্যারিসেন রোড।
৩২৩। „ নৃত্যগোপাল চট্টোপাধ্যায়, ১৯ নং মধুরায়ের লেন, সিমলা।
৩২৪। „ হারাণচন্দ্র রক্ষিত, ১৮ নং শিবনারায়ণ দাসের লেন।
৩২৫। „ আনন্দমোহন ঘোষাল, ৩০।১ নং বলরামদের ষ্ট্রীট।
৩২৬। „ ডাক্তার বিনোদবিহারী বন্দ্যোপাধ্যায়, প্রসন্নকুমার ঠাকুর ষ্ট্রীট।
৩২৭। „ অমৃতলাল বন্দ্যোপাধ্যায়, ১২ নং নাথের বাগান ষ্ট্রীট।
৩২৮। „ ভুবনমোহন ভট্টাচার্য্য, ৫।১নং ফকিরচাঁদ বসুর লেন, বৌবাজার।
৩২৯। „ পূর্ণচন্দ্র ঘোষ, ১৫ নং রামকান্ত বসুর ১ম লেন।
৩৩০। „ সত্যচরণ মিত্র, ১০ নং ঈশ্বরমিলের লেন।
৩৩১। „ মোহনচাঁদ মিত্র, বি, এল, উকীল, ১৬ নং ভীমঘোষের লেন,
হোগলকুঁড়িয়া।
৩৩২। „ অবিনাশচন্দ্র বসু, এম, এ, ডিপুটীম্যাজিষ্ট্রেট, বর্দ্ধমান।

৷ শ্রীযুক্ত লোকেন্দ্রনাথ পালিত, সি, এস্, কালেক্টর, দিনাজপুর।
। ,, মাননীয় বি, এল, গুপ্ত, সি, এস, জজ, হুগলি।
। ,, উমেশচন্দ্র মুখোপাধ্যায়, সিভিলসার্জ্জন, বাঁকুড়া।
। ,, প্রমথনাথ চট্টোপাধ্যায়, আনুলিয়া রাণাঘাট।
। ,, তারকনাথ বিশ্বাস, সবরেজিষ্টার, জাহানাবাদ, হুগলি।
৮। ,, যোগীন্দ্রচন্দ্র বসু, বঙ্গবাসী সম্পাদক, ৭৯ নং হ্যারিসন রোড।
৯। ,, ক্ষেত্রপা। চক্রবর্ত্তী, ১২ নং রামধন মিত্রের লেন।
১০। ,, বিপিনবিহারী রায়, ২১০।১ নং কর্ণওয়ালিস ষ্ট্রীট।
৩৪১। ,, বিপিনবিহারী চক্রবর্ত্তী, ১৫ নং মাবহাট্টাডিচ লেন, বাগবাজার।
৩৪২। ,, শরচ্চন্দ্র রায় চৌধুরী, বি, এল, ৪২।২ নং মদন বড়ালের লেন।
৩৪৩। ,, নারায়ণচন্দ্র সেন এম, এ, বি, এল, ডেঃ মাঃ কান্দি।
৩৪৪। ,, পূর্ণচন্দ্র সরকার, বি, এল, মুন্সেফ চট্টগ্রাম।
৩৪৫। ,, বিপিনবিহারী চট্টোপাধ্যায়, ৭৯।১ নং হেরিসন রোড।
৩৪৬। ,, ভূপতি তর্কভূষণ, মাষাপুর, খামারবেড়িয়া, হুগলি।
৩৪৭। ,, বেনীমাধব কাব্যতীর্থ, তারকেশ্বর মোহান্তের চতুষ্পাটী, তারকেশ্বর।
৩৪৮। ,, গিরিজানাথ মুখোপাধ্যায়, গরিবপুর, যশোহর।

বঙ্গীয় সাহিত্য-পরিষদের

ষষ্ঠ বার্ষিক

কার্য্য-বিবরণ।

বঙ্গাব্দ ১৩০৭।

বঙ্গীয় সাহিত্য-পরিষৎ-কার্য্যালয়, ১৩৭।১ নং কর্ণওয়ালিস ষ্ট্রীট,
কলিকাতা।

কলিকাতা।

৬নং রাজাবাগান ষ্ট্রীট, "ডন্-প্রেস"
শ্রীদেবেন্দ্রনাথ মজুমদার দ্বারা মুদ্রিত ও প্রকাশিত।

সাহিত্য-পরিষৎ পত্রিকা।

১। পত্রিকাখানি ত্রৈমাসিক। পরিষদের সভ্যগণ উক্ত পত্রিকা বিনা মূল্যে প্রাপ্ত হইয়া থাকেন। অপরে বার্ষিক ৩৲ তিন টাকা মূল্যে পাইবেন। প্রত্যেক সংখ্যার মূল্য ৷৵০ বার আনা মাত্র।

২। পরিষদের কোন সভ্য যখন আপন ঠিকানা পরিবর্ত্তিত করিবেন, তখন তাঁহারা অনুগ্রহপূর্ব্বক আমাকে সংবাদ জানাইবেন। নতুবা তাঁহাদের পুস্তক পত্রিকা পত্রাদি পাঠাইলে নষ্ট হওয়া সম্ভব।

প্রাচীন বাঙ্গলা গ্রন্থাবলী।

বাঙ্গালা ভাষায় বিস্তর গ্রন্থ প্রাচীন কালে রচিত হইয়াছিল। সে কালে খৃষ্টীয় মিশনরীদিগের কৃপায় এবং বটতলার কতিপয় পুস্তকবিক্রেতার চেষ্টায় যে সকল গ্রন্থ প্রকাশিত হইয়াছে, অমুদ্রিত প্রাচীন বাঙ্গালা গ্রন্থরাশির তুলনায় তাহার সংখ্যা অতি সামান্য। পরিষৎ আজ ছয় বৎসরের চেষ্টায় প্রাচীন অমুদ্রিত গ্রন্থাবলীর যে সকল বিবরণ পরিষৎ-পত্রিকায় প্রচার করিয়াছেন, তাহা পাঠ করিলেই সকলে জানিতে পারিবেন। এতদ্ভিন্ন পরিষদের কার্য্যকলাপে অনুপ্রাণিত হইয়া অন্যান্য মাসিক পত্রিকাতেও অনেকগুলি প্রাচীন গ্রন্থের বিবরণ প্রকাশিত হইয়াছে। এই সকল গ্রন্থ মুদ্রিত না হইলে, বাঙ্গালা সাহিত্যের অনেক অভাব পূর্ণ হইতেছে না। এই জন্য পরিষৎ বর্ত্তমান ১৩০৭ সাল হইতে "প্রাচীন বাঙ্গালা গ্রন্থাবলী" নাম দিয়া প্রতি দুই মাস অন্তর খণ্ডশঃ ঐ সকল পুস্তক প্রকাশ করিতে আরম্ভ করিয়াছেন। উহার আকার ডিমাই ৮ পেজি ৮ ফর্ম্মা। প্রতি সংখ্যায় কয়েকখানি পুস্তকের কিছু কিছু থাকিবে। প্রত্যেক পুস্তকের স্বতন্ত্র পত্রাঙ্ক দেওয়া হইবে। প্রত্যেক পুস্তকের কবির ইতিহাস, কাব্যগত ভাষার আলোচনা, পাঠ-ভেদ দেওয়া হইবে। বিভিন্ন ব্যক্তি বিভিন্ন পুস্তকের সম্পাদন ভার গ্রহণ করিবেন। ইহার বার্ষিক মূল্য ডাকমাশুল সমেত সর্ব্বত্র ২৲ দুই টাকা মাত্র।

পরিষদের সভ্যগণ ইহা বিনামূল্যে পাইবেন। গ্রহণেচ্ছুগণ স্ব স্ব নামধাম ও মূল্য নিম্নলিখিত ঠিকানায় পাঠাইবেন।

১৩৭।১ কর্ণওয়ালিস ষ্ট্রীট,
কলিকাতা।

শ্রীরায় যতীন্দ্রনাথ চৌধুরী।
সম্পাদক।

বঙ্গীয় সাহিত্য-পরিষদের

ষষ্ঠ বার্ষিক কার্য্যবিবরণ।

১৩০৬ বঙ্গাব্দ।

বঙ্গীয় সাহিত্য-পরিষৎ ষষ্ঠ বর্ষ অতিক্রম করিয়া সপ্তম বর্ষে পদার্পণ করিয়াছে। ১৩০১ সালের প্রথমে যখন ভূতপূর্ব্ব 'বেঙ্গল একাডেমী অফ্ লিটারেচার" পুনর্গঠিত হইয়া বর্ত্তমান বঙ্গীয় সাহিত্য-পরিষদে পরিণত হয়, তখন ইহার সভ্যসংখ্যা ২৯ জন মাত্র ছিল। গত ছয় বর্ষে তাহা বর্দ্ধিত হইয়া আলোচ্য ১৩০৬ বঙ্গাব্দের শেষে ৩৫২ জন হইয়াছে। ইহাদ্বারা স্পষ্টপ্রতীয়মান হইতেছে, দিন দিন দেশের গণ্য, মান্য, শিক্ষিত, বিদ্যানুরাগী, রাজা ও জমীদার শ্রেণীর লোকে পরিষদের প্রতি আকৃষ্ট হইতেছেন। পরিষৎকর্ত্তৃক ক্রমে মাতৃভাষার উন্নতি ও পরিপুষ্টি-পক্ষে কিছু না কিছু কাজ যে হইবে, তাহাও তাঁহারা বিশ্বাস করিতেছেন। এই ছয় বৎসরে, পরিষদের উদ্দেশ্যানুযায়ী কার্য্য আশানুরূপ সাধিত না হইলেও, বাঙ্গালা সাহিত্যসেবিগণের মধ্যে পরিষদের আদর দিন দিন বর্দ্ধিতই হইতেছে। এক্ষণে আশা করা যায়, পরিষৎ দিন দিন স্বীয় কার্য্য-সাধনে অধিকতর তৎপর হইয়া, সাধারণের নিকট অধিকতর অনুগ্রহ-ভাজন হইবার উপযুক্ত হইবেন।

বঙ্গীয় সাহিত্য-পরিষৎ শুভ সপ্তম বৎসরে পদার্পণ করায় পরিষদের কার্য্য-নির্ব্বাহক সমিতি সভ্যবর্গের ও সাধারণের হস্তে পরিষদের ষষ্ঠ বর্ষের (১৩০৬ সালের) নিম্নলিখিত কার্য্যবিবরণ অর্পণ করিতেছেন।

কার্য্যালয় পরিবর্ত্তন,—আলোচ্য বর্ষে পরিষদের কার্য্যালয়ের পরিবর্ত্তন হইয়াছে। পরিষদের জন্মাবধি, এমন কি, তাহার পূর্ব্বাবস্থা

"বেঙ্গল একাডেমী অফ্ লিটারেচার" যে দিন প্রথম স্থাপিত হয়, সেই দিন হইতেই, তাহা শোভাবাজারের রাজবংশীয়, বিদ্যোৎসাহী রাজা শ্রীযুক্ত বিনয়-কৃষ্ণ দেব বাহাদুরের ভবনে অবস্থিত ছিল। আলোচ্য বর্ষের শেষাংশে অর্থাৎ ১৩০৬ বঙ্গাব্দের ৩রা ফাল্গুন (১৯ ফেব্রুয়ারী ১৯০০), বুধবার সাড়ে পাঁচটার সময় পরিষদের পূর্ব্ব কার্য্যালয় ১০৬।১ গ্রে ষ্ট্রীট, রাজা শ্রীযুক্ত বিনয়কৃষ্ণ দেব বাহাদুরের ভবনে পরিষদের এক বিশেষ অধিবেশন হয়, তাহাতে শ্রীযুক্ত রবীন্দ্রনাথ ঠাকুর-প্রমুখ একাদশ জন সভ্যের প্রস্তাবে এবং সর্ব্বসম্মতিক্রমে পরিষৎ কার্য্যালয় সম্প্রতি ১৩৭।১নং কর্ণওয়ালিস্ ষ্ট্রীটে ভাড়াটিয়া বাটীতে উঠিয়া আসিয়াছে। তদবধি পরিষদের কার্য্য এই স্থানেই হইতেছে।

সভ্যসংখ্যা,—আলোচ্য বর্ষের প্রারম্ভে অর্থাৎ ১৩০৬ সালের প্রথমে ৩৬৮ জন সভ্য লইয়া পরিষৎ কার্য্য আরম্ভ করেন। পরে আলোচ্য বর্ষের বিভিন্ন মাসিক অধিবেশনে ৩১৮ জন সাধারণ সভ্য নির্ব্বাচিত হন; তন্মধ্যে ১৩০৫ সালের নিয়মাবলীর ৯ম নিয়মানুসারে ২৫১ জনের নিকট প্রবেশিকা না পাওয়ায়, এখন পর্য্যন্ত তাঁহাদিগকে সভ্যশ্রেণীভুক্ত করা হয় নাই। এতদ্ভিন্ন আলোচ্য বর্ষে ৫৯ জন সভ্য পদত্যাগ করিয়াছেন ও ৪ জন পরলোকগত হইয়াছেন, সুতরাং আলোচ্য বর্ষে পরিষদের মোট ৬৩ জন সভ্য হ্রাস হইয়াছে। এই ৬৩ জনকে বাদ দিয়া ও প্রবেশিকা-প্রদাতা ৬৭ জনকে ধরিয়া আলোচ্যবর্ষের শেষে পরিষদের সভ্যসংখ্যা মোট ৩৫২ জন হইয়াছে। যে ২৫১ জনের নিকট এখনও প্রবেশিকা পাওয়া যায় নাই বলিয়া, তাঁহাদিগকে বিধিসিদ্ধ সভ্য বলিয়া ধরা হইল না, তাঁহাদিগের মধ্যে ২৩৭ জন পরিষদের শেষ দুই মাসিক অধিবেশনে নির্ব্বাচিত হইয়াছেন এবং তাঁহাদের মধ্যে অনেকেই মফস্বলবাসী; কাজেই আলোচ্য বর্ষের শেষ কয়েক দিনের মধ্যে তাঁহাদের নিকট হইতে প্রবেশিকাদি আসিয়া পৌঁছায় নাই এবং অনেক সভ্যকে ১৩০৬ সালের মধ্যে নির্ব্বাচন-সংবাদ প্রেরণ করা হয় নাই। আশা করা যায়, আগামী বর্ষের অর্থাৎ ১৩০৭ সালের প্রথমেই তাঁহারা প্রবেশিকাদি পাঠাইয়া দিবেন এবং নববর্ষের প্রারম্ভেই পরিষদের এ হিসাবে অনেকগুলি সভ্য বাড়িয়া যাইবে। (সভ্যগণের নামের তালিকা "ক" পরিশিষ্টে দ্রষ্টব্য।)

সভ্যের মৃত্যু,—আলোচ্য বর্ষে পরিষদের ৪ জন সভ্যের

মৃত্যু হইয়াছে, তন্মধ্যে দুইটি বিশিষ্ট সভ্য এবং দুইটি সাধারণ সভ্য। বিশিষ্ট সভ্যের মধ্যে ৺রাজনারায়ণ বসুর ও সার্ উইলিয়ম হাণ্টারের মৃত্যু হইয়াছে। বাঙ্গালা-সাহিত্য-সংসারে চির-সুপরিচিত রাজনারায়ণ বসু মহাশয়ের মৃত্যুতে পরিষদের এবং বাঙ্গালা-সাহিত্যের যে ক্ষতি হইয়াছে, তাহা সহজে পূর্ণ হইবে না। যখন বাঙ্গালা-সাহিত্য কেবল গঠিত হইতে আরম্ভ হইয়াছিল, সেই সময় হইতে মরণকালপর্য্যন্ত ৺রাজনারায়ণ বসু মহাশয় বাঙ্গালা-সাহিত্যের উন্নতি-কল্পে যাহা করিয়া গিয়াছেন, তাহার ঋণ বঙ্গদেশ কোন দিন পরিশোধ করিতে পারিবে না। ৺রাজনারায়ণ বসু মহাশয়ই সর্ব্বপ্রথমে বাঙ্গালা-সাহিত্যের ইতিহাস-সঙ্কলনের পথ দেখাইয়া গিয়াছেন। ভূতপূর্ব্ব "বেঙ্গল একাডেমী অফ্ লিটারেচার"কে বর্ত্তমান "বঙ্গীয় সাহিত্য পরিষদের আকারে গঠিত করিবার পক্ষে ৺রাজনারায়ণ বসু মহাশয়ও একজন বিশেষ উদ্‌যোক্তা ছিলেন। পরিষদের নিকট এজন্যও তাঁহার নাম চিরস্মরণীয় হইয়া রহিল। সার্ উইলিয়ম হাণ্টার ঐতিহাসিক সাহিত্যে সমস্ত জগতে সুপ্রতিষ্ঠ ছিলেন। ভারতবর্ষ-সংক্রান্ত নানা বিষয়ে উৎকৃষ্ট উৎকৃষ্ট পুস্তক লিখিয়া তিনি শিক্ষিত ভারত-বাসিমাত্রকেই কৃতজ্ঞতা-পাশে বদ্ধ করিয়া গিয়াছেন। সাধারণ সভ্যের মধ্যে সার্ রমেশচন্দ্র মিত্র এবং বলেন্দ্রনাথ ঠাকুরের মৃত্যু হইয়াছে। সার্ রমেশচন্দ্র মিত্র মহোদয়ের মৃত্যুতে পরিষৎ যে কেবল এক হিতৈষী ও উৎসাহী বন্ধু হারাইয়াছেন, এমন নহে; তাঁহার মৃত্যুতে সমস্ত ভারতবর্ষ এক অতি উজ্জ্বল রত্ন ও গৌরবস্থল হারাইয়াছেন। ৺বলেন্দ্রনাথ ঠাকুরের অল্পবয়সে অকালমৃত্যুও পরিষদের পক্ষে এক দুঃখের বিষয় হইয়াছে। তিনি অল্প বয়সেই সাহিত্যক্ষেত্রে যেরূপ যশ উপার্জ্জন করিতেছিলেন, দীর্ঘকাল জীবিত থাকিলে বাঙ্গালা সাহিত্যে তিনি যে অনেক কাজ করিয়া যাইতেন, তাহার আর সন্দেহ নাই। এই সকল সভ্যের মৃত্যুতে পরিষৎ অতিশয় দুঃখিত হইয়াছেন এবং পরিষদের যে বিশেষ ক্ষতি হইয়াছে, তাহা বলা বাহুল্য মাত্র।

বিশিষ্ট সভ্য,—পরিষদের নিয়ম আছে, পরিষদে দ্বাদশজন বিশিষ্ট সভ্য থাকিতে পারেন। আলোচ্য বর্ষে একাদশ জন বিশিষ্ট সভ্য ছিলেন এবং একটি পদ শূন্য ছিল। আলোচ্য বর্ষে পূর্ব্বোক্ত দুইজন বিশিষ্ট

সভ্যের মৃত্যু হওয়ায় আরও দুইটি পদ শূন্য হইয়াছে। অবশিষ্ট আট জন বিশিষ্ট সভ্যের নাম নিম্নে প্রদত্ত হইল।

১। শ্রীযুক্ত চন্দ্রনাথ বসু এম্ এ, বি, এল।
২। „ হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায় বি, এ, বি, এল্।
৩। „ নবীনচন্দ্র সেন বি, এ।
৪। „ রায় কালীপ্রসন্ন ঘোষ বাহাদুর।
৫। সার উইলিয়ম ওয়েডারবার্ণ্।
৬। মিঃ জন বীম্‌স্।
৭। শ্রীযুক্ত রমেশচন্দ্র দত্ত সি, আই, ই।
৮। „ দ্বিজেন্দ্রনাথ ঠাকুর।

সভ্যের পদত্যাগ,—আলোচ্য বর্ষে যে ৫৯ জন সভ্য পদত্যাগ করিয়াছেন, তাঁহাদের মধ্যে আলোচ্য বর্ষের শেষাংশেই ২৮ জনের পদত্যাগ সংবাদ পাওয়া গিয়াছে। ইঁহাদের মধ্যে অনেকেই পরিষদের হিতৈষী ও উৎসাহী সভ্য ছিলেন। তাঁহাদের পদত্যাগ পরিষদের পক্ষে বিশেষ কষ্টকর হইয়াছে। যাঁহারা পদত্যাগ করিয়াছেন, তাঁহাদের মধ্যে পণ্ডিত শ্রীযুক্ত রাজেন্দ্রচন্দ্র শাস্ত্রী এম্, এ, পণ্ডিত শ্রীযুক্ত মহেন্দ্রনাথ বিদ্যানিধি এবং শ্রীযুক্ত প্রতুলচন্দ্র বসু মহাশয়ের নাম বিশেষরূপে উল্লেখযোগ্য। তাঁহারা যত দিন পরিষদের সভ্য ছিলেন, ততদিন পরিষদের উন্নতিকল্পে যথেষ্ট যত্ন ও পরিশ্রম করিয়াছিলেন; এজন্য পরিষৎ তাঁহাদের নিকট কৃতজ্ঞ রহিলেন।

অধিবেশনাদি,—আলোচ্য বর্ষে পরিষদের এগারটী মাসিক অধিবেশন, সাতটি বিশেষাধিবেশন এবং সমস্ত শাখা-সমিতির একটি সমবেত অধিবেশন হইয়াছিল। মাসিক অধিবেশনগুলির কোনটিতে উপস্থিত সভ্য সংখ্যা ৪৮ জনের অধিক এবং ১৬ জনের কম হয় নাই। বিশেষ অধিবেশন গুলির কোনটিতে উপস্থিতির সংখ্যা ২৪ জনের কম হয় নাই। শাখাসমিতি-গুলির সাধারণ অধিবেশনে সকল সমিতিরই সভ্য অল্প-বিস্তর উপস্থিত ছিলেন।

মাসিক অধিবেশন কয়টিতে পরিষদের উদ্দেশ্যসাধক অনেক কার্য্য

এবং ১৩০৩ সালের প্রবর্ত্তিত নিয়মানুসারে নানাবিষয়ক প্রবন্ধ পঠিত হইয়াছিল। মাসিক কার্য্যবিবরণীতে সে সকলের বিশেষ বিবরণ ও ঐ সকল প্রবন্ধের অনেকগুলি পরিষৎ পত্রিকায় মুদ্রিত হইয়াছে। ঐ সকল প্রবন্ধের মধ্যে অলঙ্কারশাস্ত্র-সম্বন্ধে একটি, পুরাতত্ত্ব-সম্বন্ধে দুইটি, প্রাচীন সাহিত্য-সম্বন্ধে দুইটি, প্রাচীন কবির জীবনী-সম্বন্ধে তিনটি, বিজ্ঞান-সম্বন্ধে একটি এবং দর্শন-সম্বন্ধে একটি প্রবন্ধ পঠিত হয়। নিম্নে প্রবন্ধরচয়িতা, প্রবন্ধ ও কোন্ অধিবেশনে পঠিত হইয়াছিল, তাহার তালিকা দেওয়া গেল।

	রচয়িতা।	প্রবন্ধ।	কোন্ অধিবেশনে পঠিত।
১।	শ্রীযুক্ত শরচ্চন্দ্র শাস্ত্রী	অলঙ্কারশাস্ত্র	১ম অধিবেশন।
২।	„ হেমচন্দ্র দেব কবিরাজ	মেঘ ও বৃষ্টি	২য় „ ।
৩।	„ শিবচন্দ্র শীল	দুর্লভ মল্লিককৃত গোবিন্দচন্দ্র-গীত	৩য় „ ।
৪।	„ অম্বিকাচরণ গুপ্ত	পল্লীগ্রামের পুরাতত্ত্ব	৪র্থ „ ।
৫।	„ আনন্দনাথ রায়	কবিরঞ্জন রামপ্রসাদ সেনের বংশপরিচয়	৫ম „ ।
৬।	„ ব্যোমকেশ মুস্তফী	আদিশূর ও জয়ন্ত	৬ষ্ঠ „ ।
৭।	„ আনন্দনাথ রায়	রঘুনন্দন ও নবহরি ঠাকুর	৭ম „ ।
৮।	„ দেবেন্দ্রপ্রসাদ ঘোষ	সেকালের কলিকাতার ইংরাজ-সমাজ	৮ম „ ।
৯।	„ সতীশচন্দ্র বিদ্যাভূষণ এম্ এ	বুদ্ধদেবের জীবনী	৯ম „ ।
১০।	„ হীরেন্দ্রনাথ দত্ত এম এ, বি এল্	অপূর্ব্ব প্রকৃতি	১০ম „ ।

এই সকল প্রবন্ধ-রচয়িতার মধ্যে শ্রীযুক্ত হেমচন্দ্র দেব কবিরাজ ও শ্রীযুক্ত শিবচন্দ্র শীল পরিষদের সভ্য নহেন, অথচ তাঁহারা দুইটী উৎকৃষ্ট প্রবন্ধ পাঠ করিয়া পরিষৎকে উৎসাহিত করিয়াছিলেন; তজ্জন্য পরিষৎ তাঁহাদিগের নিকট কৃতজ্ঞ রহিলেন।

বিশেষ অধিবেশন কয়টির মধ্যে পাঁচটিতে বাঙ্গালা-সাহিত্যের উন্নতি ও পরিপুষ্টি-সাধক কার্য্য এবং দুইটিতে পরিষদের বিশেষ বিশেষ কার্য্য হইয়াছিল। আলোচ্য বর্ষের ৮ই জ্যৈষ্ঠ এক বিশেষ অধিবেশন হয়। ঐ দিন পরিষদের সভ্য ৫১ জন এবং অন্যান্য শ্রোতা প্রায় ১০০ জন উপস্থিত ছিলেন। শ্রীযুক্ত

চন্দ্রনাথ বসু এম, এ, বি, এল, মহাশয় "বর্ত্তমান বাঙ্গালা সাহিত্যের প্রকৃতি" নামক এক প্রবন্ধ পাঠ করেন। ঐ প্রবন্ধ তিনি স্বতন্ত্র পুস্তকাকারে প্রকাশিত করিয়াছেন। প্রবন্ধে অনেক সারগর্ভ কথার আলোচনা ছিল। তৎপরে ১২ই আশ্বিন আর একটী বিশেষ অধিবেশন হয়। ঐ দিন ৺রাজনারায়ণ বসু মহাশয়ের মৃত্যু উপলক্ষে শোকপ্রকাশ এবং বর্ত্তমান বাঙ্গালা শিক্ষাপ্রণালীর আমূল পরিবর্ত্তনের জন্য যে নূতন প্রস্তাব শিক্ষা-বিভাগে উপস্থিত হইয়াছে, তৎসম্বন্ধে পরিষৎ হইতে সংশোধন-প্রস্তাব করিয়া যে আবেদন প্রেরিত হইবে স্থির হয়, তাহার পাণ্ডুলিপি অনেক আলোচনার পর গৃহীত হইয়াছিল। (আবেদন পত্রের প্রতিলিপি "ঘ" পরিশিষ্টে দ্রষ্টব্য।) তৎপরে তৃতীয়, চতুর্থ, ষষ্ঠ ও সপ্তম অধিবেশন যথাক্রমে ১৮ই অগ্রহায়ণ, ৮ই মাঘ, ১৯শে ও ২৫শে চৈত্র তারিখে হইয়াছিল। এই চারিটি অধিবেশনের মধ্যে তৃতীয়, ষষ্ঠ ও সপ্তম অধিবেশন ইউনিভার্সিটি ইন্‌ষ্টিটিউট হলে এবং চতুর্থ অধিবেশন রাজা শ্রীযুক্ত বিনয়কৃষ্ণ দেব বাহাদুরের ভবনে হইয়াছিল। এই সকল অধিবেশনে পরিষদের সভাপতি শ্রীযুক্ত দ্বিজেন্দ্রনাথ ঠাকুর মহাশয় "একালের দর্শন" নামক প্রবন্ধের তিনটি প্রস্তাব ও অপরটিতে প্রথম দুই বক্তৃতার অনুবৃত্তি পাঠ করেন। প্রথম ও দ্বিতীয় প্রস্তাবে একালের পাশ্চাত্য দর্শন-শাস্ত্র হইতে ডারউইন, কাণ্ট ও স্পেন্সারের মত, তিনি সাধারণ ভাবে আলোচনা করেন। তৃতীয় প্রস্তাবে প্রথম দুই প্রস্তাবের অনুবৃত্তি এবং চতুর্থ প্রস্তাবে স্পেন্সারের মতের বিশেষ আলোচনা আরম্ভ করা হইয়াছে। এই সকল অধিবেশনে পরিষদের সভ্যব্যতীত আরও বহুতর গণ্য, মান্য, বিদ্বান্ শ্রোতৃবর্গ উপস্থিত ছিলেন। পঞ্চম বিশেষ অধিবেশন ৩রা ফাল্গুন তারিখে পরিষদের ভূতপূর্ব্ব কার্য্যালয়ে হইয়াছিল। শ্রীযুক্ত রবীন্দ্রনাথ ঠাকুর, শ্রীযুক্ত সত্যেন্দ্রনাথ ঠাকুর, শ্রীযুক্ত জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুর, শ্রীযুক্ত গগনেন্দ্রনাথ ঠাকুর, শ্রীযুক্ত রজনীকান্ত গুপ্ত, শ্রীযুক্ত রামেন্দ্রসুন্দর ত্রিবেদী এম্, এ, শ্রীযুক্ত দেবেন্দ্রপ্রসাদ ঘোষ, শ্রীযুক্ত নরেন্দ্রনাথ মিত্র, শ্রীযুক্ত অমৃতকৃষ্ণ মল্লিক বি, এল, শ্রীযুক্ত সুরেশচন্দ্র সমাজপতি এবং শ্রীযুক্ত দ্বিজেন্দ্রনাথ বসু, এই একাদশ জনের অনুরোধে, ঐ বিশেষ অধিবেশন আহূত হয়। ঐ অধিবেশনে শ্রীযুক্ত রবীন্দ্রনাথ ঠাকুর, পরিষদের কার্য্যালয় ও অধিবেশন যাহাতে কোন সাধারণ

স্থানে স্থানান্তরিত করা হয়, তাহার ব্যবস্থা করিবার জন্য ও তৎসম্পর্কে নিয়মাবলীর আবশ্যকমত পরিবর্ত্তন করিবার প্রস্তাব করেন। ঐ দিন সভাস্থলে প্রায় শতাবধি সভ্য উপস্থিত ছিলেন। সভাস্থলে প্রস্তাব-সম্বন্ধে বহু আলোচনা হয় এবং সভ্যগণের মধ্যে মতভেদ উপস্থিত হয়। অবশেষে স্থানান্তরের বিরুদ্ধবাদী কতিপয় সভ্য সভাভঙ্গের পূর্ব্বেই সভাস্থল ত্যাগ করায়, সর্ব্বসম্মতিক্রমে স্থানান্তর করাই কর্ত্তব্য বলিয়া প্রস্তাব গৃহীত হয়।

কর্ম্মচারিগণ—আলোচ্য বর্ষে বার্ষিক নির্ব্বাচনে নিম্নলিখিত ব্যক্তিবর্গ পরিষদের কর্ম্মচারিরূপে নিযোজিত হইয়াছিলেন।—

১।	শ্রীযুক্ত দ্বিজেন্দ্রনাথ ঠাকুর	সভাপতি।
২।	মহামহোপাধ্যায় শ্রীযুক্ত হরপ্রসাদ শাস্ত্রী এম্, এ	সহকারী সভাপতিগণ।
৩।	শ্রীযুক্ত যোগেন্দ্রনাথ বিদ্যাভূষণ এম্, এ	
৪।	„ প্রফুল্লচন্দ্র বন্দ্যোপাধ্যায়	
৫।	„ রায় যতীন্দ্রনাথ চৌধুরী এম্, এ, বি, এল্ ...	সম্পাদক।
৬।	„ ব্যোমকেশ মুস্তফী	সহকারী সম্পাদক।
৭।	„ হেমেন্দ্রপ্রসাদ ঘোষ বি, এ,	
৮।	„ রামেন্দ্রসুন্দর ত্রিবেদী এম্, এ, ...	পত্রিকা-সম্পাদক।
৯।	„ প্রতুলচন্দ্র বসু	গ্রন্থরক্ষক।
১০।	„ বাণীনাথ নন্দী	আয়ব্যয়-পরীক্ষক।
১১।	„ চারুচন্দ্র ঘোষ	
১২।	„ হীরেন্দ্রনাথ দত্ত এম্, এ, বি, এল্, ...	ধনরক্ষক।

এতদ্ভিন্ন শ্রীযুক্ত গোবিন্দলাল মল্লিকই পরিষদের বেতনভুক্ লেখকরূপে নিযুক্ত ছিলেন। আলোচ্য বর্ষে কর্ম্মচারিগণের মধ্যে কিছু কিছু পরিবর্ত্তনও ঘটিয়াছিল। গত শ্রাবণ মাসে গ্রন্থরক্ষক শ্রীযুক্ত প্রতুলচন্দ্র বসু মহাশয় গ্রন্থরক্ষকের পদত্যাগ করায়, তাঁহার স্থানে শ্রীযুক্ত সতীশচন্দ্র মিত্র গ্রন্থরক্ষক নিযুক্ত হন; কিন্তু তিনিও গত ফাল্গুন মাসে পরিষদের সভ্যপদ ত্যাগ করায়, শ্রীযুক্ত বাণীনাথ নন্দী তাঁহার স্থানে গ্রন্থরক্ষক নিযুক্ত হইয়াছেন। বেতনভুক্ লেখক শ্রীযুক্ত গোবিন্দচন্দ্র মল্লিক গত ফাল্গুন মাসে পদত্যাগ করায়, তাহার স্থানে প্রথমে অল্পদিনের নিমিত্ত শ্রীযুক্ত তারিণীচরণ সেন নিযুক্ত হন, পরে শ্রীযুক্ত পূর্ণচন্দ্র ঘোষ স্থায়ীরূপে নিযুক্ত হইয়াছেন

কার্য্যনির্ব্বাহক সমিতি,—১৩০৩ সালের প্রবর্ত্তিত নিয়মানুসারে আলোচ্য বর্ষে ৮ জন নির্ব্বাচিত ও ৪ জন মনোনীত সভ্য লইয়া এই সমিতি গঠিত হয়। নিম্নে উভয়বিধ সভ্যের নাম দেওয়া হইল।

নির্ব্বাচিত সভ্যগণ।

১। কুমার শ্রীযুক্ত দক্ষিণেশ্বর মালিয়া।
২। শ্রীযুক্ত ললিতচন্দ্র মিত্র এম্, এ।
৩। „ অমৃতকৃষ্ণ মল্লিক বি, এল্।
৪। „ গোপালচন্দ্র মুখোপাধ্যায়।
৫। „ যজ্ঞেশ্বর বন্দ্যোপাধ্যায়।
৬। „ গোবিন্দলাল দত্ত।
৭। „ মনোমোহন বসু।
৮। „ চারুচন্দ্র ঘোষ।

মনোনীত সভ্যগণ।

১। শ্রীযুক্ত চন্দ্রনাথ বসু এম্, এ, বি, এল।
২। „ রাজেন্দ্রচন্দ্র শাস্ত্রী এম্, এ।
৩। „ নগেন্দ্রনাথ বসু।
৪। „ সুরেশচন্দ্র সমাজপতি।

এতদ্ব্যতীত ১৮শ নিয়মানুসারে পরিষদের কর্ম্মচারিদিগের মধ্যে আয়ব্যয়-পরীক্ষকদ্বয় এবং বেতনভুক্ লেখক ব্যতীত আর সকলেই এই সমিতির সভ্য-রূপে কার্য্য করিয়াছিলেন। ইঁহাদের মধ্যে ৩য় ও ৪র্থ কর্ম্মচারী (সহকারী সভাপতিদ্বয়) রাজকার্য্যে সর্ব্বদা মফস্বলে বাস করায়, একটি অধিবেশনেও উপস্থিত হইতে পারেন নাই। অন্য সকলে অবসর মত যথাসাধ্য পরিশ্রম করিয়া পরিষদের কার্য্যনির্ব্বাহে সহায়তা করিয়াছিলেন। আলোচ্য বর্ষে এই সমিতির ১৩শটী অধিবেশন হইয়াছিল। ঐ সকল অধিবেশনের মধ্যে দুইটিতে সভার কার্য্য চালাইবার উপযোগী ৩৬শ নিয়মানুযায়ী সভ্য উপস্থিত না হওয়ায় কার্য্য স্থগিত রাখিতে হইয়াছিল। যে সকল অধিবেশনে কার্য্য হইয়াছে, তাহার কোনটিতেই উপস্থিতি সংখ্যা ১২ জনের বেশী হয় নাই। আলোচ্য বর্ষে এই সমিতি যে সকল কার্য্য করিয়াছেন, তন্মধ্যে নিম্নোক্ত কয়েকটি বিশেষরূপে উল্লেখ যোগ্য ;—

(১) মফস্বলের প্রাপ্তি স্বীকার,—মফস্বলের চাঁদা-প্রাপ্তির বিবরণ পত্রিকার মলাটে মুদ্রিত করা স্থির হইয়াছে। (আলোচ্য বর্ষে এই নূতন নিয়মানুসারে কার্য্য হয় নাই, আগামী বর্ষ হইতে হইবে, এরূপ আশা করা যায়।)

(২) হেমবাবুর সাহায্য,—কবিবর শ্রীযুক্ত হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায়ের সাহায্যার্থ পরিষৎ স্বীয় সভ্যগণের মধ্য হইতে অর্থসাহায্য সংগ্রহের চেষ্টা করেন। প্রথমতঃ বৈশাখমাসে তাহীরপুরের রাজা মাননীয় শ্রীযুক্ত শশিশেখরেশ্বর রায় মহোদয় লোক পাঠাইয়া এই সম্বন্ধে পরিষৎকে উদ্যোগী হইবার জন্য এক প্রস্তাব উপস্থিত করেন। পরে তাঁহার সহিত এই সম্বন্ধে পরিষদের সম্পাদকের পত্র-ব্যবহার হয়। তাহার পর ১লা শ্রাবণের মাসিক অধিবেশনে হেমবাবুকে কি উপায়ে পরিষৎ হইতে সাহায্য করিতে পারা যায়, তাহা অবধারণ করিবার জন্য একটি শাখা-সমিতি গঠিত হয় এবং গভর্মেণ্ট হইতে রাজবৃত্তি দেওয়াইবার প্রস্তাবের পোষকতা করিবার জন্য গভর্মেণ্টে আবেদন করা স্থির হয়। তৎপরে ২২শে শ্রাবণের কার্য্যনির্ব্বাহক সমিতিতে উক্ত শাখা-সমিতির প্রদত্ত আবেদন-পত্রের এবং চাঁদা-সংগ্রহের বিজ্ঞাপনের পাণ্ডুলিপি গৃহীত হয়। পরে ঐ বিজ্ঞাপন পরিষদের সমস্ত সভ্যের নিকট এবং ঐ আবেদন-পত্র গভর্মেণ্টে পাঠান হয়। বিজ্ঞাপন পাইয়া কুমার শ্রীযুক্ত দক্ষিণেশ্বর মালিয়া-প্রমুখ কয়েক ব্যক্তি হেমবাবুকে এককালীন কিছু অর্থ-সাহায্য করিয়াছিলেন এবং শ্রীযুক্ত রায় যতীন্দ্রনাথ চৌধুরী মহাশয় মাসিক ১০৲ দশ টাকা সাহায্য করিতে স্বীকার করেন। গভর্মেণ্ট হইতেও হেম বাবুর মাসিক ২৫৲ টাকা বৃত্তি নির্দ্ধারিত হইয়াছে। (আবেদন পত্রের প্রতিলিপি "গ" পরিশিষ্টে দ্রষ্টব্য।)

(৩) ষাণ্মাসিক সম্মিলন,—পরিষদের অন্যতম সভ্য শ্রীযুক্ত অমৃতলাল দে বি, এল্, মহাশয়, অনালোচ্য বর্ষের আষাঢ় মাসে, পরিষদের সমস্ত সভ্যের মধ্যে দেখা শুনা ও আলাপ পরিচয় হইয়া, যাহাতে পরস্পরের মধ্যে প্রীতিবর্দ্ধন হয় এজন্য, একটি উদ্যান-সম্মিলনের প্রস্তাব করেন। ১লা শ্রাবণের মাসিক অধিবেশনে ঐ প্রস্তাব গৃহীত হয় এবং ষাণ্মাসিক সম্মিলন নামে প্রতি বৎসর দুইটি করিয়া প্রীতিসম্মিলনের আয়োজন করা হইবে, এইরূপ স্থির হয়।

আলোচ্য বর্ষে শারদীয় পূজার পরই এইরূপ একটি প্রীতিসম্মিলনের ব্যবস্থা করিবার জন্য, পরিষদের অন্যতর সহকারী সম্পাদক শ্রীযুক্ত হেমেন্দ্রপ্রসাদ ঘোষ বি, এ, মূলপ্রস্তাবক শ্রীযুক্ত অমৃতলাল দে বি, এল্, ষ্টার থিয়েটারের অধ্যক্ষ শ্রীযুক্ত অমৃতলাল বসু, কবিরাজ শ্রীযুক্ত রামচন্দ্র বিদ্যাবিনোদ এবং শ্রীযুক্ত সুরেশচন্দ্র সমাজপতি, ইঁহাদিগকে লইয়া একটি শাখা-সমিতি গঠিত করা হয়। শ্রীযুক্ত হেমেন্দ্রপ্রসাদ ঘোষ উহার আয়-ব্যয়, আমোদ-আনন্দ এবং আহারাদির ব্যবস্থা করিবার জন্য একটী পরামর্শ সভা আহ্বান করিয়াছিলেন, কিন্তু দুঃখের বিষয়, নির্দ্দিষ্ট দিনে শ্রীযুক্ত অমৃতলাল বসু ও হেমেন্দ্রবাবু ব্যতীত আর কেহ উপস্থিত না হওয়ায় উহার কিছুই হয় নাই। আলোচ্য বর্ষে এ সম্বন্ধে তৎপরে আর দ্বিতীয় চেষ্টা হয় নাই। আশা করা যায়, আগামী বর্ষের নূতন কার্য্যনির্ব্বাহক সমিতি ইহার জন্য অন্য কোন সুগম উপায় নির্দ্ধারণ করিতে পারিবেন।

(৪) পারিতোষিক প্রবন্ধ,—পূর্ব বর্ষের নির্দ্ধারণ অনুসারে আলোচ্য বর্ষে, পরীক্ষকদিগের অভিপ্রায়মত, কার্য্যনির্ব্বাহক সমিতি (ক) অদ্বৈতবাদ-সম্বন্ধীয় প্রবন্ধের জন্য "যতীন্দ্রনাথ" পুরস্কারের ৫০০৲ পাঁচশত টাকা ভবানীপুর ভাগবত-চতুষ্পাঠীর অধ্যাপক শ্রীযুক্ত দুর্গাচরণ বেদান্ততীর্থকে এবং হাইকোর্টের অন্যতম উকীল শ্রীযুক্ত প্রিয়নাথ সেন এম্, এ, বি, এল্-কে তুল্যাংশে বিভাগ করিয়া দিয়াছেন আর (খ) "আর্য্যজাতির সমাজ-বন্ধন" নামক প্রবন্ধের জন্য "কৃষ্ণভাবিনী বসুমল্লিক" পুরস্কারের ৫০০৲ টাকা শ্রীভারদ্বাজ গুরুকে শ্রীযুক্ত গোপালচন্দ্র মুখোপাধ্যায়কে প্রদান করিয়াছেন।

(৫) ঐতিহাসিক তথ্য-সংগ্রহ,—আলোচ্য বর্ষে শ্রীযুক্ত হীরেন্দ্র-নাথ দত্ত এম্, এ, বি, এল্ মহাশয় পরিষদের অন্তর্গত গ্রন্থ-প্রকাশ সমিতির প্রথম অধিবেশনে প্রস্তাব করেন,—ইংরাজ-রাজত্বের সূত্রপাতের সময় এ দেশের কতিপয় হিন্দু ও মুসলমান রাজপুরুষের জীবনী এবং তৎকালীন দেশের অবস্থা-সম্বন্ধে গভর্মেণ্টের বিভিন্ন আপিস হইতে আসল কাগজ-পত্র দেখিয়া বৃত্তান্ত ও উপকরণ সংগ্রহ করিতে পারিলে পরিষৎ ইতিহাস-সঙ্কলন-বিষয়ে একটা মহৎ কার্য্য সম্পাদন করিতে পারেন। এ সম্বন্ধে রাজা বিনয়কৃষ্ণ দে

বাহাদুর অবগত হইয়াছেন যে, কোন ব্যক্তি-বিশেষকে এই সকল কাগজ-পত্র দেখিতে দিবার আদেশ গভর্মেণ্ট অনুগ্রহপূর্ব্বক দিতে পারেন। অতএব ফারসী দলিলাদি নকল ও অনুবাদ করাইবার জন্য একজন মৌলবী এবং ইংরাজী কাগজ-পত্র দেখিয়া, বাছিয়া লইবার জন্য একজন সুনিপুণ, চতুর, কৃতবিদ্য লোকের প্রয়োজন। ইহাঁদের পারিশ্রমিকস্বরূপ আপাততঃ পরিষৎ গ্রন্থপ্রকাশ-সমিতির তহবিল হইতে কিছু ব্যয় অনুমোদন করিলে, কার্য্য আরম্ভ করা যাইতে পারে। এই প্রস্তাব গ্রাহ্য হয় এবং প্রথমতঃ দুই শত টাকা পর্য্যন্ত ব্যয় করিতে পরিষৎ স্বীকার পান। তৎপরে উক্ত কার্য্য কিরূপে নির্ব্বাহ হইবে, তাহার ব্যবস্থা করিবার ভার, কার্য্যনির্ব্বাহক-সমিতি রাজা শ্রীযুক্ত বিনয়কৃষ্ণ দেব বাহাদুরের ও হীরেন্দ্র বাবুর উপর অর্পণ করেন। ক্রমে তাঁহারা মৌলবী আরসাদউদ্দীন আহাম্মদ এবং বসুমতী-সম্পাদক শ্রীযুক্ত পাঁচকড়ি বন্দ্যোপাধ্যায় বি, এ-কে উক্ত কর্ম্মে নিযুক্ত করেন। তৎপরে পাঁচকড়ি বাবু ও মৌলবীসাহেব কতকগুলি কাগজের নকলও করিয়াছিলেন। সেই সকল কাগজপত্র রাজা শ্রীযুক্ত বিনয়কৃষ্ণ দেব বাহাদুরের নিকট আছে। নানা বিশেষ কারণে এইকার্য্য আশানুরূপ অগ্রসর হয় নাই।

(৬) উদ্দেশ্য-সাধন—প্রাচীন বাঙ্গালা-গ্রন্থের উদ্ধার করা পরিষদের একটি মুখ্য উদ্দেশ্য। ইহার সুবিধার্থ, শ্রীযুক্ত রায় যতীন্দ্রনাথ চৌধুরী মহাশয়ের প্রস্তাবে ও আনুকূল্যে, কার্য্য-নির্ব্বাহক সমিতি সাময়িক পত্রের ন্যায় প্রতি দুই মাস পরে এক এক খণ্ড প্রাচীন গ্রন্থ প্রকাশ করিবার এক অভিনব পন্থা অবলম্বন করিয়াছেন। গ্রন্থপ্রকাশ সমিতির বিবরণ-স্থলে উহার বিশেষ বিবরণ দ্রষ্টব্য।

(৭) গৃহসজ্জা ক্রয়,—পরিষৎ সপ্তম বর্ষে পদার্পণ করিলেও পরিষদের নিজের গৃহসজ্জা যৎসামান্যই ছিল। নিজের নূতন কার্য্যালয়েই যাহাতে পরিষদের মাসিক অধিবেশন নির্ব্বাহ হইতে পারে, কার্য্যনির্ব্বাহক সমিতি আলোচ্য বর্ষে তদুপযোগী দ্রব্যাদি ক্রয় করিয়া পরিষৎকে সুসজ্জিত করিয়াছেন। পরিষদের নিয়মিত আয় হইতে ইহার ব্যয় দিতে হয় নাই। পরিষদের কতিপয় হিতৈষী বন্ধু এই ব্যয়ভার বহন করিয়াছেন।

শাখা সমিতি,—আলোচ্যবর্ষে পরিষদের বিশেষ বিশেষ

কার্য্যনির্ব্বাহার্থ নিম্নলিখিত ১৬টি শাখাসমিতি ছিল ;—(১) গ্রন্থপ্রকাশ সমিতি, (২) কৃত্তিবাসী রামায়ণ সমিতি, (৩) কাশীদাসী মহাভারত সমিতি, (৪) কবি কঙ্কণ চণ্ডী সমিতি, (৫) রামমোহনের রামায়ণ সমিতি, (৬) ঐতিহাসিক সমিতি, (৭) পরিভাষা সমিতি, (৮) উদ্ভিদ্-পরিভাষা সমিতি, (৯) ভাষা ও ব্যাকরণ সমিতি, (১০) প্রাচীন শব্দ সমিতি,(১১) প্রাচীন সাহিত্য সমিতি, (১২) গ্রন্থসমিতি, (১৩) হেমবাবুর সাহায্যোপায়-নির্দ্ধারণ সমিতি, (১৪) শিক্ষা সমিতি, (১৫) বাণ্মাসিক সম্মিলনোপায়-নির্দ্ধারণ সমিতি,(১৬ নিয়মাবলী-সংস্কার সমিতি।

ইহার মধ্যে প্রথম ১২টির গঠন ও উদ্দেশ্য-বিষয়ে বিশেষ বিবরণ পূর্ব্ব পূর্ব্ব কার্য্যবিবরণীতে প্রকাশিত আছে। ১৩শ ও ১৫শ শাখাসমিতির কার্য্যবিবরণ ইতিপূর্ব্বেই কার্য্যনির্ব্বাহক সমিতির বিবরণ-মধ্যে প্রদত্ত হইয়াছে। অপর-গুলির মধ্যে আলোচ্য বর্ষে যাহাদের কার্য্য কিছু কিছু অগ্রসর হইয়াছে, তাঁহাদের বিবরণ যথাক্রমে নিম্নে প্রদত্ত হইতেছে।

(ক) গ্রন্থপ্রকাশ সমিতি,—আলোচ্য বর্ষে এই সমিতির চারিটি অধিবেশন হইয়াছিল। প্রথম অধিবেশনে শ্রীযুক্ত ঈশানচন্দ্র বসু মহাশয়ের প্রস্তাবিত শ্রীমদ্ভাগবতের ৺ সনাতন চক্রবর্ত্তীকৃত প্রাচীন বাঙ্গালা পদ্যানুবাদ মুদ্রিত করার প্রস্তাব আলোচিত হয়। উক্ত অনুবাদ মূলানুযায়ী কিনা, তাহা পরীক্ষা করিবার ভার শ্রীযুক্ত রাজেন্দ্রচন্দ্র শাস্ত্রী মহাশয়ের প্রতি অর্পিত হয়। তিনি পরীক্ষান্তে উহা মূলানুযায়ী অনুবাদ বলিয়া প্রকাশ করায়, উহা মুদ্রিত করা তাবশ্যক বিবেচিত হইয়াছে। সম্পাদন-বিষয়ে প্রস্তাবক শ্রীযুক্ত ঈশান-চন্দ্র বসু মহাশয়ের পত্র এখনও কার্য্যনির্ব্বাহক সমিতি ও গ্রন্থপ্রকাশ সমিতির বিবেচনাধীন রহিয়াছে। ঐ অধিবেশনেই রাজকীয় প্রাচীন কাগজপত্র হইতে ঐতিহাসিক তথ্য-সংগ্রহের প্রস্তাব গৃহীত হইয়াছিল। দ্বিতীয় অধিবেশনে এসিয়াটিক সোসাইটির (*Bibliothica Indica*র) ন্যায় খণ্ডশঃ প্রাচীন বাঙ্গালা-গ্রন্থ প্রকাশ করিবার প্রস্তাব আলোচিত হয়। তৃতীয় অধিবেশনে বিশেষ কোন কার্য্য হয় নাই। চতুর্থ অধিবেশনে "প্রাচীন বাঙ্গালা গ্রন্থাবলী" নাম দিয়া সাময়িক পত্রের আকারে প্রতি দুই মাস অন্তর প্রাচীন বাঙ্গালা-গ্রন্থাবলী-প্রকাশের প্রস্তাব গৃহীত হইয়াছে। উহা প্রকাশার্থ নিম্নলিখিত নিয়মগুলিও গৃহীত হইয়াছে।

(১) "প্রাচীন বাঙ্গালা-গ্রন্থাবলী" নামে অনূন ৮ ফর্ম্মা করিয়া ত্রৈমাসিক পুস্তকাকারে প্রাচীন বাঙ্গালা গ্রন্থসকল প্রকাশিত হইবে। আপাততঃ ১৮ পাউণ্ড কাগজে প্রতি সংখ্যা ১০০০ করিয়া ছাপা হইবে।

(২) মহামহোপাধ্যায় শ্রীযুক্ত হরপ্রসাদ শাস্ত্রী এম্, এ মহাশয় এই গ্রন্থাবলী প্রকাশের সর্ব্ব প্রধান সম্পাদক হইবেন।

(৩) গ্রন্থাবলীতে প্রতি সংখ্যায় একাধিক পুস্তক প্রকাশিত হইবে এবং প্রত্যেক পুস্তকের জন্য প্রয়োজন হইলে স্বতন্ত্র সম্পাদক নিযুক্ত হইবেন।

(৪) সমস্ত গ্রন্থের শেষ মুদ্রণাদেশ সর্ব্বপ্রধান সম্পাদক দিবেন এবং তাঁহার পরামর্শ মত সমস্ত গ্রন্থের সম্পাদন-কার্য্য নির্ব্বাহ হইবে।

(৫) বিভিন্ন পুস্তকের সম্পাদকেরা প্রত্যেক ১০ দশ খণ্ড করিয়া স্ব স্ব সম্পাদিত পুস্তকাংশ বিনা মূল্যে পাইবেন।

(৬) ১৩০৭ সালে এই কার্য্য আরম্ভ করিবার জন্য আপাততঃ নিম্নলিখিত গ্রন্থগুলি এবং নিম্নলিখিত ব্যক্তিগণ তত্তৎপুস্তকের সম্পাদক নির্ব্বাচিত হইলেন।

গ্রন্থ ও তাহার পরিচয়।	সম্পাদক।
১। গোবিন্দ চন্দ্রের গীত, ৺দুর্লভ মল্লিক কৃত। (বাঙ্গালায় প্রচ্ছন্ন বৌদ্ধধর্ম্মমূলক গ্রন্থ)	মহামহোপাধ্যায় শ্রীযুক্ত হরপ্রসাদ শাস্ত্রী এম্ এ ও শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু।
২। মনসা-মঙ্গল, ৺বিষ্ণুপাল কৃত। (সর্ব্বাপেক্ষা প্রাচীন মনসামঙ্গল।)	শ্রীযুক্ত রাখালচন্দ্র কাব্যতীর্থ।
৩। চৈতন্য-মঙ্গল,—৺জয়ানন্দ মিশ্র কৃত। (চৈতন্য-জীবনী-সম্বন্ধে ঐতিহাসিক প্রমাণপূর্ণ গ্রন্থ।)	শ্রীযুক্ত কালিদাস নাথ।
৪। বিদ্যাপতির পদাবলী। (নেপালরাজের পুস্তকাগারে প্রাপ্ত ৪৫০ বৎসরের প্রাচীন পুথি, ২৭৫টী নূতন পদযুক্ত)	মহামহোপাধ্যায় শ্রীযুক্ত হরপ্রসাদ শাস্ত্রী এম্ এ।
৫। কালিকামঙ্গল, ৺কৃষ্ণরাম দাস প্রণীত। (বিদ্যাসুন্দরের উপাখ্যান।)	শ্রীযুক্ত চারুচন্দ্র ঘোষ।
৬। বাসু ঘোষের পদাবলী,— (চৈতন্যদেবের বাল্যলীলা গানে রচিত।)	শ্রীযুক্ত মৃণালকান্তি ঘোষ।

৭। জৈমিনী ভারত,—
(ছুটি খাঁর আদেশে শ্রীকর নন্দী কৃত।) } শ্রীযুক্ত বিনোদবিহারী কাব্যতীর্থ।

৮। জয়দেব চরিত,—
(জয়দেবের জীবনী-সম্বন্ধে নবাবিষ্কৃত প্রাচীন বাঙ্গালা গ্রন্থ।) } শ্রীযুক্ত অতুলকৃষ্ণ গোস্বামী।

৯। কৃষ্ণপ্রেম-তরঙ্গিনী,—
৺ ভাগবতাচার্য্য কৃত
(শ্রীমদ্ভাগবতের প্রাচীন পদানুবাদ) } শ্রীযুক্ত অতুলকৃষ্ণ গোস্বামী।

(৭) কোন পুস্তক এক ফর্ম্মার কম প্রকাশিত হইবে না এবং প্রত্যেক পুস্তকের স্বতন্ত্র পত্রাঙ্ক দেওয়া হইবে।

(৮) পরিষদের সভ্যগণ এই গ্রন্থাবলী বিনামূল্যে পাইবেন, কিন্তু যিনি পরিষদের মাসিক চাঁদা নিয়মিত না দিবেন, তিনি ইহা বিনামূল্যে পাইবেন না।

(৯) পরিষদের সভ্য-ব্যতীত সাধারণের পক্ষে এই গ্রন্থাবলীর বার্ষিক মূল্য ডাকমাশুল সমেত সর্ব্বত্র ২৲ টাকা।

এতদ্ভিন্ন গ্রন্থ-সম্পাদন-বিষয়ক কতকগুলি নিয়মও ঐ অধিবেশনে বিধিবদ্ধ হইয়াছে। আলোচ্যবর্ষে গ্রন্থপ্রকাশসমিতির পূর্ব্বাবদ্ধ বিজয় পণ্ডিতের মহাভারত সম্পূর্ণ মুদ্রিত হইয়া বিক্রয়ার্থ প্রস্তুত হইয়াছে। উহার মূল্য পরিষদের সভ্যপক্ষে ১৷৷০ এবং সাধারণের পক্ষে ১৷৷০ নির্দ্দিষ্ট হইয়াছে। পীতাম্বর দাসের রসমঞ্জরীও আলোচ্যবর্ষে স্বতন্ত্র পুস্তকাকারে প্রকাশিত হইয়াছে। এতদ্ভিন্ন দুই একখানি ক্ষুদ্র গ্রন্থ পরিষৎপত্রিকায়ও প্রকাশিত হইয়াছে।

(খ) কৃত্তিবাসী রামায়ণ সমিতি,—আলোচ্যবর্ষে এই সমিতির যত্নে পরিষদের আজন্ম-আরব্ধ-কার্য্য আংশিক প্রকাশিত হইয়াছে। আলোচ্য বর্ষে অযোধ্যাকাণ্ড পুস্তকাকারে প্রকাশিত হইতেছে। উত্তরাকাণ্ড ও লঙ্কাকাণ্ড মুদ্রণযোগ্য হইয়া প্রস্তুত আছে, আগামী বর্ষে অর্থাৎ ১৩০৭ সালে তাহাও প্রকাশিত হইবে বলিয়া আশা করা যায়।

(গ) পরিভাষাসমিতি,—আলোচ্যবর্ষে সাহিত্য পরিষৎ-পত্রিকার ষষ্ঠ ভাগ চতুর্থ সংখ্যায় ভৌগোলিক পরিভাষা প্রকাশিত হইয়াছে। ইতিপূর্ব্বে পত্রিকায় প্রকাশিত ভৌগোলিক পরিভাষা-সংশোধনের আবশ্যকতা অনেকেই দেখাইয়াছিলেন। পরিভাষা সমিতির সম্পাদক শ্রীযুক্ত রামেন্দ্র সুন্দর ত্রিবেদী মহাশয় তদনুসারে স্বয়ং-প্রকাশিত পরিভাষার সংস্কার করিয়া

পরিভাষা সমিতির সভাপতি শ্রীযুক্ত কৃষ্ণকমল ভট্টাচার্য্য বি, এল্ মহাশয়কে দেখান। তিনি অনুমোদন করায় উহা পত্রিকার ষষ্ঠ ভাগ চতুর্থ সংখ্যায় সাধারণের সমালোচনার জন্য পুনরায় প্রকাশিত হইয়াছে। উহা স্বতন্ত্রভাবে মুদ্রিত করাইয়া পরিভাষা সমিতির সভ্যগণ ও অন্যান্য অভিজ্ঞ পণ্ডিতের নিকট প্রেরিত হইয়াছে; আগামী বৎসরে ভৌগোলিক পরিভাষা সুসংশোধিত আকারে উপস্থিত করিতে পারা যাইবে, এরূপ আশা করা যায়। এতদ্ভিন্ন পত্রিকার ষষ্ঠ ভাগ তৃতীয় সংখ্যায় জ্যোতিষিক পরিভাষা ও চতুর্থ সংখ্যায় চিকিৎসা-বিজ্ঞানের পরিভাষা প্রকাশিত হইয়াছে। প্রথমটির জন্য শ্রীযুক্ত হারাণচন্দ্র বন্দ্যোপাধ্যায় এম্ এ, বি, এলের এবং দ্বিতীয়টির জন্য শ্রীযুক্ত রবীন্দ্রনাথ ঠাকুরের নিকট পরিষৎ কৃতজ্ঞ। এতদ্ভিন্ন আলোচ্য বর্ষে পরিভাষা-সঙ্কলন-সম্বন্ধে আর একটি প্রস্তাব পরিষদের নিকট উপস্থিত হইয়াছে। কাশীতে হিন্দী ভাষার উন্নতির জন্য "নাগরী প্রচারিণী সভা" নামে একটি সভা স্থাপিত হইয়াছে। শ্রীযুক্ত শ্যামসুন্দর দাস উহার সম্পাদক। উক্ত সভাও হিন্দীতে পরিভাষা সঙ্কলনে ব্রতী হইয়া পরিষদের সাহায্য প্রার্থনা করিয়াছেন। উভয় সভা পরস্পর সাহায্য করিলে পরিভাষা-সঙ্কলন-কার্য্য সুশৃঙ্খলে সম্পন্ন হইবে, এরূপ আশা করা যাইতে পারে।

(ঘ) প্রাচীন শব্দসমিতি,—এই সমিতির অন্যতম সভ্য শ্রীযুক্ত কানাইলাল ঘোষাল মহাশয় দেশজ শব্দসংগ্রহের ভার লইয়াছিলেন। আলোচ্য বর্ষে তিনি কৃষিসম্বন্ধে অনেকগুলি শব্দ সংগ্রহ করিয়া দিয়াছেন।

(ঙ) ভাষা ও ব্যাকরণ সমিতি,—পূর্ব্ব বৎসরে এই সমিতির সম্পাদক শ্রীযুক্ত রজনীকান্ত গুপ্ত এই সমিতির সভ্য ও অন্যান্য অভিজ্ঞ ব্যক্তির নিকট ব্যাকরণ ও ভাষাগত কতকগুলি প্রশ্ন পাঠাইয়া দিয়াছিলেন। আলোচ্য বর্ষে কয়েক জনের নিকট হইতে উহার উত্তর পাওয়া গিয়াছিল। এই সমিতির সম্পাদক ঐ সকল উত্তরের মর্ম্ম অবগত হইয়া আপাততঃ এইরূপ অভিপ্রায় প্রকাশ করিয়াছেন যে, উপস্থিত প্রণালীতে কোন কাজ হইবে না। যাবৎ পরিষৎ হইতে কতকগুলি ভাল গ্রন্থ প্রকাশিত না হইতেছে, তাবৎ বাঙ্গালাভাষা ও বাঙ্গালা ব্যাকরণের আদর্শ সাধারণের গোচর হইতেছে না। এই কারণে তিনি এই সমিতির কার্য্য স্থগিত রাখিবার প্রস্তাব করিয়াছেন।

(প্রশ্ন ও উত্তরের সারাংশ যথাক্রমে 'ঘ' পরিশিষ্টে দ্রষ্টব্য।)

(চ) প্রাচীন সাহিত্যসমিতি,—আলোচ্য বর্ষেও এই সমিতির সম্পাদক শ্রীযুক্ত মৃণালকান্তি ঘোষের যত্নে কতকগুলি নূতন পুঁথির বিবরণ প্রকাশিত হইয়াছে এবং এই সমিতির সভ্য শ্রীযুক্ত কালিদাস নাথ তাঁহার পূর্ব্ব-সংগৃহীত "জগদানন্দ পদাবলী" স্বতন্ত্র পুস্তকাকারে পরিষৎ হইতে স্বাধীনভাবে প্রকাশিত করিয়াছেন।

(ছ) গ্রন্থ সমিতি,—এই সমিতির উদ্দেশ্য অনুসারে সমিতির অন্যতম সভ্য এবং পরিষদের সভাপতি শ্রীযুক্ত দ্বিজেন্দ্রনাথ ঠাকুর মহাশয় বাঙ্গালা ভাষায় পাশ্চাত্য-দর্শনের মর্ম্ম বুঝাইবার জন্য "একালের দর্শন" নাম দিয়া প্রবন্ধাবলী রচনা করিয়াছেন। উহা হইতে তিনটী প্রস্তাব আলোচ্য বর্ষের তিনটি বিশেষ অধিবেশনে পঠিত হইয়াছিল। তদ্বিবরণ ইতিপূর্ব্বে প্রদত্ত হইয়াছে। এই সমিতির অন্যতম সভ্য শ্রীযুক্ত হীরেন্দ্রনাথ দত্ত এম, এ, বি, এল্, সাংখ্যদর্শন-সম্বন্ধে যে পুস্তক লিখিবার ভার লইয়াছেন, তাহার অন্তর্গত "অপরা প্রকৃতি" নামক প্রস্তাব আলোচ্য বর্ষে পরিষদের এক মাসিক অধিবেশনে পাঠ করিয়াছিলেন। ইহার বিবরণও পূর্ব্বে প্রদত্ত হইয়াছে।

(জ) শিক্ষা সমিতি,—শ্রাবণের মাসিক অধিবেশনে গভর্মেণ্টের নূতন প্রস্তাবিত বাঙ্গালা শিক্ষাপ্রণালীর সংশোধন-প্রস্তাব করিবার জন্য যে শিক্ষাসমিতি গঠিত হয়, তন্মধ্যে নিম্নলিখিত ব্যক্তিবর্গকে সভ্যরূপে গ্রহণ করা হইয়াছিল,

শ্রীযুক্ত দ্বিজেন্দ্রনাথ ঠাকুর ... ... সভাপতি।
মাননীয় „ গুরুদাস বন্দ্যোপাধ্যায় এম, এ, ডি, এল্।
„ হীরেন্দ্রনাথ দত্ত এম্, এ, বি, এল্।
„ সারদাচরণ মিত্র এম্, এ, বি, এল্।
মাননীয় „ আশুতোষ মুখোপাধ্যায় এম্ এ, ডি এল্।
„ আনন্দমোহন বসু এম্ এ, ব্যারিষ্টার।
„ সারদারঞ্জন রায় এম এ।
„ রাজেন্দ্রচন্দ্র শাস্ত্রী এম এ।
„ শিবাপ্রসন্ন ভট্টাচার্য্য বি, এল।
„ নগেন্দ্রনাথ বসু।
„ ব্যোমকেশ মুস্তফী।
„ অমৃতলাল বসু।
„ রায় যতীন্দ্রনাথ চৌধুরী এম্ এ, বি, এল্ সম্পাদক।

এই সমিতির সাতটি অধিবেশন হইয়াছিল। গভর্মেণ্টের প্রস্তাবিত

নূতন প্রণালীর বিশেষ আলোচনা করিয়া উহার সংশোধনার্থ এই সমিতি গভর্মেণ্টে পাঠাইবার জন্য আবেদনের এক পাণ্ডুলিপি প্রস্তুত করেন এবং তাহা পরিষদের কার্য্যনির্ব্বাহক সমিতির হস্তে দিয়া সমিতি ভঙ্গ করেন। ঐ আবেদনের বিবরণ ইতিপূর্ব্বে প্রদত্ত হইয়াছে।

(ঝ) নিয়মাবলী-সংস্কার সমিতি,—কার্য্য-নির্ব্বাহক সমিতির নবম অধিবেশনে আগামী বর্ষের জন্য নিয়মাবলী সংশোধন, পরিবর্জ্জন, পরিবর্দ্ধনাদি করিবার জন্য এই সমিতি গঠিত হয়। ইহাতে নিম্নলিখিত ব্যক্তিগণ সভ্য গৃহীত হন,

শ্রীযুক্ত রায় যতীন্দ্রনাথ চৌধুরী এম্ এ, বি, এল্।
„ হীরেন্দ্রনাথ দত্ত এম্ এ, বি, এল্।
„ রামেন্দ্রসুন্দর ত্রিবেদী এম এ।
„ হেমেন্দ্রপ্রসাদ ঘোষ বি, এ।
„ সুরেশচন্দ্র সমাজপতি।
„ ব্যোমকেশ মুস্তফী।

এই সমিতির এক অধিবেশনে শ্রীযুক্ত ব্যোমকেশ মুস্তফীকৃত এক পাণ্ডুলিপি আলোচিত হয়। তৎপরে আর এক অধিবেশনে রামেন্দ্র বাবুর প্রস্তাবিত কয়েকটি নূতন নিয়ম এবং হেমেন্দ্র বাবুর কয়েকটি চূর্ণক হীরেন্দ্র বাবুকে দেওয়া হইয়াছে। হীরেন্দ্রবাবু উহার আবশ্যকমত পরিবর্ত্তনাদি করিয়া স্বীয় মন্তব্যসহ মাসিক অধিবেশনে উপস্থিত করিবেন।

এতদ্ভিন্ন অন্যান্য শাখাসমিতিগুলির কার্য্য আলোচ্যবর্ষে বিশেষ কিছু অগ্রসর না হওয়ায় কার্য্যনির্ব্বাহক সমিতির সপ্তম অধিবেশনে শ্রীযুক্ত ব্যোমকেশ মুস্তফীর প্রস্তাবমতে ২০ চৈত্র সোমবার অপরাহ্ণ ৫৷৷০টার সময় পরিষদের নূতন কার্য্যালয়ে সমস্ত শাখাসমিতির এক সমবেত অধিবেশন হয়। উক্ত অধিবেশনে বহু আলোচনার পর এবং পরিষদের ২৬শে চৈত্রের দশম মাসিক অধিবেশনের অনুমোদনে সমস্ত শাখাসমিতি নিম্নলিখিত ভাবে পুনর্গঠিত হওয়া অবধারিত হয়। একজাতীয় বিভিন্ন শাখাসমিতি মিলিত করিয়া, তৎসমস্তের সভ্যগণকে লইয়া এক একটি মূল শাখাসমিতি গঠিত করিলে শাখাসমিতির উদ্দেশ্য অধিকতর সুবিধার সহিত সাধিত হইবে বিবেচনায়, শ্রীযুক্ত রায় যতীন্দ্রনাথ চৌধুরী মহাশয়ের প্রস্তাব অনুসারে,—

(১) গ্রন্থ-প্রকাশ সমিতি, প্রাচীন সাহিত্যসমিতি, কৃত্তিবাসী রামায়ণ সমিতি, কাশীদাসী মহাভারত সমিতি, কবিকঙ্কণ চণ্ডীসমিতি এবং রামমোহনের রামায়ণ সমিতি মিলিত হইয়া "গ্রন্থপ্রকাশ সমিতি" নামক একটি মূল শাখা-সমিতি গঠিত হয়, শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু ও শ্রীযুক্ত মৃণালকান্তি ঘোষ যথা-ক্রমে তাহার সম্পাদক ও সহকারী-সম্পাদক নিযোজিত হন এবং প্রাচীন বাঙ্গালা গ্রন্থ অনুসন্ধান, সংগ্রহ, সংরক্ষা ও প্রকাশ করাই ঐ শাখাসমিতির কার্য্য নির্ণীত হয়। প্রয়োজন হইলে কার্য্য-সৌকর্য্যার্থ, নিজেদের মধ্য হইতে একটি কার্য্যনির্ব্বাহক সমিতি গঠন করিবার পক্ষে এই সমিতির সভ্যগণের অধিকার আছে।

(২) পরিভাষা সমিতি ও উদ্ভিদ্ পরিভাষা সমিতি মিলিত হইয়া "পরি-ভাষা সমিতি" নামক একটি মূল শাখা সমিতি গঠিত হয় এবং শ্রীযুক্ত রামেন্দ্র-সুন্দর ত্রিবেদী এম্ এ, তাহার সম্পাদক নিযোজিত হন।

(৩) বাঙ্গালা ভাষার ব্যাকরণ প্রস্তুত করিবার সময় এখনও উপস্থিত হয় নাই বিবেচনায়, ভাষা ও ব্যাকরণ সমিতি নামের পরিবর্ত্তে ঐ সমিতির নাম "ভাষাবিজ্ঞান সমিতি" হয়, শ্রীযুক্ত হীরেন্দ্রনাথ দত্ত এম্ এ, বি, এল্, তাহার সম্পাদক নিযোজিত হন এবং বাঙ্গালা ভাষার প্রাদেশিক বিভিন্নতা এবং ঐতিহাসিক ক্রম অনুসন্ধান ও আলোচনা করা ঐ শাখাসমিতির কার্য্য নির্ণীত হয়।

(৪) ঐতিহাসিক সমিতির কার্য্য কিছু সঙ্কীর্ণ করিয়া এবং প্রাচীন শব্দ সমিতির কার্য্য কিছু বর্দ্ধিত করিয়া উভয়ের পরিবর্ত্তে "শব্দসমিতি" নামক একটি মূল শাখাসমিতি গঠিত হয় এবং শ্রীযুক্ত হেমেন্দ্রপ্রসাদ ঘোষ বি এ, তাহার সম্পাদক নিযোজিত হন। এতদ্ভিন্ন শ্রীযুক্ত ব্যোমকেশ মুস্তফীর প্রস্তাবে

(৫) গ্রন্থসমিতি নামের পরিবর্ত্তে, ঐ সমিতির নাম "গ্রন্থ-রচনা সমিতি" হয় এবং নিয়মাবলীর ২ঘ ও ২ঙ ধারা অনুসারে কার্য্য করিবার ভারসহ শ্রীযুক্ত রজনীকান্ত গুপ্ত তাহার সম্পাদক নিযোজিত হয়।

এইরূপে এক্ষণে পরিষদের মোট পাঁচটি শাখাসমিতি একপ্রকার স্থায়ীভাবে গঠিত হইয়াছে,—(১) গ্রন্থপ্রকাশ সমিতি, (২) পরিভাষা সমিতি, (৩) ভাষা-বিজ্ঞান সমিতি, (৪) শব্দ সমিতি ও (৫) গ্রন্থরচনা সমিতি। নিয়মাবলীর

সংস্কার হইয়া গেলে, নিয়মাবলী-সংস্কার সমিতি পূর্ব্ব পূর্ব্ব বারের ন্যায় ভঙ্গ হইবে।

পরিষৎ পুস্তকালয়,—আলোচ্য বর্ষের শেষে পুস্তকালয়ে সর্ব্বশুদ্ধ ৮৫৮ খানি পুস্তক ও ১৮ খানি পুঁথি সংগৃহীত হইয়াছে এবং নিয়মিত ভাবে ৪২ খানি সাময়িক পত্র আসিতেছে। ১৩০৫ সালের শেষে পুস্তকের সংখ্যা ৭৯২ খানি ছিল, আলোচ্য বর্ষে আর ৬৬ খানি পুস্তক বাড়িয়াছে, ইহার মধ্যে ৪ খানি ক্রীত এবং ৬২ খানি উপহার প্রাপ্ত হওয়া গিয়াছে। ইহার মধ্যে ৯ খানি হিন্দী, ১৩ খানি ইংরাজী, ১ খানি সংস্কৃত ও ৪০ খানি বাঙ্গালা পুস্তক। আলোচ্য বর্ষে যিনি যতগুলি পুস্তক উপহার দিয়াছেন, পরিশিষ্টে তাহার তালিকা প্রদত্ত হইল (৬ পরিশিষ্টে দ্রষ্টব্য)। আলোচ্য বর্ষে পুস্তকালয় হইতে সভ্যগণ ২১৪ খানি পুস্তক ও পত্রিকাদি পাঠ করিতে লইয়াছিলেন। শ্রীযুক্ত মৃণালকান্তি ঘোষ পরিষৎ পুস্তকালয়ের উন্নতি-বিধানার্থ আলোচ্যবর্ষে প্রস্তাব করিয়াছিলেন, পরিষদের বর্ত্তমান কার্য্যালয়ে ইংরাজী ও বাঙ্গালা সংবাদ-পত্র প্রাতে ও অপরাহ্নে সাধারণের পাঠের জন্য রাখা হউক। অমৃত-বাজার পত্রিকার সম্পাদক ও স্বত্বাধিকারী মহাশয়েরা তাঁহাদের কার্য্যালয়ের নানাবিধ বিদেশীয়, ভারতের অন্য প্রদেশীয় ইংরাজী এবং বাঙ্গালা সংবাদপত্র এতদুদ্দেশ্যে দান করিতে স্বীকৃত হইয়াছেন। সর্ব্বসম্মতিক্রমে এই প্রস্তবানুসারে কার্য্যও আরম্ভ হইয়াছে।

পুঁথি-সংগ্রহ,—আলোচ্য বর্ষে পরিষৎ হইতে পুঁথিসংগ্রহ কার্য্যবিশেষ অগ্রসর হয় নাই, কেবল পরিষদের অন্যতম সদস্য শ্রীযুক্ত কিরণ চন্দ্র দত্ত কাশীদাসী মহাভারতের কয়েক পর্ব্ব শতাধিক বর্ষের পুঁথি অতি সামান্য মূল্যে সংগ্রহ করায় উহা পরিষৎ হইতে ক্রীত হইয়াছে। এতদ্ভিন্ন বিশ্বকোষ-সঙ্কলয়িতা শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসুর ন্যায় মহামহোপাধ্যায় শ্রীযুক্ত হরপ্রসাদ শাস্ত্রী এম, এ, মহাশয়ও স্বসংগৃহীত প্রায় ৪।৫ শত বাঙ্গালা পুঁথি পরিষদের কার্য্যে নিয়োজিত করিতে এবং প্রয়োজন হইলে এসিয়াটিক সোসাইটির লাইব্রেরী হইতে বাঙ্গালা পুঁথি আনাইয়া দিতে স্বতঃপ্রবৃত্ত হইয়া স্বীকৃত হইয়াছেন এজন্য পরিষৎ তাঁহার নিকট অনুগৃহীত হইয়া রহিলেন।

আগামী বর্ষে নব-প্রস্তাবিত "প্রাচীন বাঙ্গালা গ্রন্থাবলী" প্রকাশ-কল্পে মহামহোপাধ্যায় মহাশয়ই নিজ পুঁথি হইতে ৫ খানি পুঁথি দিয়াছেন।

বিশ্ববিদ্যালয়ে বাঙ্গালা,—পরিষদের চেষ্টায় এফ, এ, ও বি, এ পরীক্ষায় বাঙ্গালা রচনার পরীক্ষা লইবার যে প্রথা প্রবর্ত্তিত হইয়াছে, তাহার বিবরণ পূর্ব্ব পূর্ব্ব বার্ষিক বিবরণীতে আছে। বৎসর বৎসর এই পরীক্ষায় পরীক্ষার্থীর সংখ্যা বাড়িতেছে। গত ইংরাজী ১৮৯৮ সালে যে পরীক্ষা হয়, তাহার বি, এ, পরীক্ষার বাঙ্গালা রচনায় শ্রীযুক্ত পঞ্চানন বন্দ্যোপাধ্যায় সর্ব্ব প্রথম হন। আলোচ্যবর্ষে রাজা শ্রীযুক্ত বিনয়কৃষ্ণ দেব বাহাদুর তাহাকে এককালীন ৫০৲ টাকা পুরস্কার দিয়াছেন। গত ১৮৯৯ সালের বি এ পরীক্ষায় যিনি সর্ব্বপ্রথম হইয়াছেন, তাঁহার নাম শ্রীযুক্ত বিপিনচন্দ্র রায় (ঢাকা কলেজ।) ১৮৯৯ সালে মোট ২৮০০ জন এবং গত ১৯০০ সালের পরীক্ষায় ৩১৩৭ জন পরিক্ষার্থী উপস্থিত হইয়াছিল।

রাজবৃত্তি লাভ,—একদিন এদেশে সাধারণ সাহিত্য সেবিগণ গভর্মেণ্ট হইতে কোনরূপ রাজ-সাহায্য প্রাপ্ত হইতেন না। টোলের অধ্যাপকেরা উপাধি-পরীক্ষায় ছাত্র পাঠাইয়া ছাত্রকে পরীক্ষায় উত্তীর্ণ করিতে পারিলে কিছু কিছু অর্থ পুরস্কারস্বরূপ এককালীন দান পাইতেন মাত্র। আলোচ্য বর্ষে কবিবর হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায়কে উপলক্ষ করিয়া দুঃস্থ সাহিত্য-সেবীকে রাজ-বৃত্তি দিবার প্রস্তাব রাজা শশিশেখরেশ্বর রায় সর্ব্বপ্রথম বাঙ্গালা গভর্মেণ্টে উপস্থিত করেন। পরে গভর্মেণ্ট হইতে ঐরূপ বৃত্তি দিবার ব্যবস্থা হইয়াছে। আলোচ্য বর্ষে মহাভারতের ইংরাজী অনুবাদক, শ্রীযুক্ত কিশোরীমোহন গঙ্গোপাধ্যায় মহাশয়কে মাসিক ৫০৲ টাকা এবং পরিষদের অন্যতম সভ্য বাঙ্গালা ভাষার সর্ব্বাপেক্ষা বৃহৎ ইতিহাস-লেখক শ্রীযুক্ত দীনেশ চন্দ্র সেন, বি, এ, এবং কবিবর শ্রীযুক্ত হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায় মহাশয়ও মাসিক ২৫৲ টাকা করিয়া রাজ-বৃত্তি লাভ করিয়াছেন। পরিষৎ এই সকল সংবাদে আন্তরিক আনন্দপ্রকাশ করিতেছেন। কবিবর হেমচন্দ্রের বৃত্তি-নির্দ্ধারণ জন্য পরিষদের আবেদন গভর্মেণ্ট অনুগ্রহপূর্ব্বক গ্রাহ্য করিয়াছেন জানিয়া গভর্মেণ্টকে বিশেষ কৃতজ্ঞতার সহিত ধন্যবাদ দিতেছেন। (গভর্মেণ্ট হইতে উক্ত আবেদনের যে উত্তর আসিয়াছে, তাহা "গ। ১" পরিশিষ্ট দ্রষ্টব্য।)

আয় ব্যয়,—আলোচ্য বর্ষে পরিষদের মোট আয় ২৮৯৮৶১৫ হইয়াছে, তন্মধ্যে পূর্ব্ববৎসরের উদ্বৃত্ত ১৬১৷৶১৫ ছিল। উহা বাদে আলোচ্য বর্ষের সর্ব্বপ্রকারে আয় ২৭৩৬৷৷০ টাকা। আলোচ্য বর্ষে মোট ব্যয় ২৫১৬৸৵১৫ টাকা হইয়াছে। উহা বাদে বর্ষশেষে মোট ৩৮১৷৵০ টাকা মজুত আছে। ইহার মধ্যে সেভিংস্ ব্যাঙ্কে ২২৫৲ টাকা ও ধনরক্ষকের নিকট ১৫৬৷৵০ টাকা আছে। (বিশেষ বিবরণ "চ" পরিশিষ্টে দ্রষ্টব্য।)

গ্রন্থপ্রকাশ তহবিল,—আলোচ্য বর্ষের প্রথমে এই তহবিলে ৮৯৬৸৵০ মজুত ছিল। ইহার ধনরক্ষক রাজা শ্রীযুক্ত বিনয়কৃষ্ণ দেব বাহাদুর আলোচ্য বর্ষে প্রাচীনগ্রন্থ প্রকাশের জন্য এই সমিতির সম্পাদক শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসুকে ৫৭৫৲ টাকা এবং ঐতিহাসিক তথ্য-সংগ্রহের ব্যয় ৭৫৲ টাকা দেওয়ায় বেঙ্গল ব্যাঙ্কে ১৭৫৲ ও ধনরক্ষক রাজা বাহাদুরের নিকট ৭১৸৵০ মজুত আছে। (বিশেষ বিবরণ "ছ" পরিশিষ্টে দ্রষ্টব্য।)

পরিষৎ-কার্য্যালয়ে স্থানান্তর-করিবার চাঁদা, পরিষৎ স্থানান্তরিত করিবার অতিরিক্ত ব্যয়-নির্ব্বাহার্থ পরিষদের হিতৈষী কতিপয় বন্ধু আলোচ্য বর্ষে কিছু টাকা এককালীন দান করেন। উহা হইতে চেয়ার টেবিল ইত্যাদি ক্রয়ে এ পর্য্যন্ত ৩৫০৲ খরচ হইয়াছে। এতদ্ভিন্ন পরিষদের-কতিপয় বন্ধু কতকগুলি প্রয়োজনীয় আসবাব পরিষৎকে দান করিয়াছেন। ঐ সকলের মূল্যও ২০০৲ শত টাকার ন্যূন নহে। ইহাদের নাম ও দানের পরিমাণ প্রকাশ করিতে নিষেধ থাকায় তাহা প্রকাশিত হইল না।

এনসাইক্লোপিডিয়ার চাঁদা,—পূর্ব্ববর্ষে এনসাইক্লোপিডিয়া ক্রয় করিবার জন্য একটি বিশেষ চাঁদা সংগৃহীত হয়। ১০জন লোকে ১৮০৲ টাকা চাঁদা স্বাক্ষর করিয়াছিলেন; তন্মধ্যে পূর্ব্ব বর্ষে ৯৷৷০ ও আলোচ্য বর্ষে ৬৫৲ টাকা, মোট ৭৪৷৷০ টাকা মাত্র আদায় হইয়াছে। সকলে চাঁদা দেন নাই; যাঁহারা দিতেছেন, তাঁহাদের নিকট আর ২০৲ টাকা বাকী আছে। উহা আদায় হইলে এই পুস্তক ক্রয় করিতে যে ৩০০৲ টাকা খরচ পড়িয়াছে, উহার মধ্যে পরিষদের তহবিল হইতে ২০৫৷৷০ টাকা লাগিয়াছে বলিতে হইবে।

বেণ্ডল পার্টির চাঁদা,—পূর্ব্ববর্ষে বেণ্ডল সাহেবের অভিনন্দনের অতিরিক্ত ব্যয়-নির্ব্বাহার্থ অতিরিক্ত চাঁদা সংগ্রহ করা হয়। ১৪ জনে ৯৫৷৷০ টাকা চাঁদা স্বাক্ষর করেন; কিন্তু পূর্ব্ববর্ষের ৮৩৷৷০ ব্যতীত বাকী ১২৲ টাকা আলোচ্য বর্ষেও আদায় হয় নাই।

পুস্তকালয়ের এককালীন চাঁদা,—পরিষৎ-পুস্তকালয়ের উন্নতি কল্পে ৮ জন লোকে ৬৩৲ টাকা এককালীন দান করিতে স্বীকৃত হন। পূর্ব্ববর্ষে তন্মধ্যে ৫৯৲ টাকা আদায় হয়। আলোচ্যবর্ষে বাকী ৪৲ টাকা আদায় হয় নাই।

কৃতজ্ঞতা-প্রকাশ,—আলোচ্যবর্ষে পরিষৎ অনেকের নিকট নানাবিধ প্রকারে কৃতজ্ঞতা-পাশে আবদ্ধ হইয়াছেন। তাঁহাদিগের যত্ন ও সাহায্যে পরিষৎ আর এক বৎসর নির্ব্বিঘ্নে স্বকার্য্যসাধন করিয়া উন্নতি-পথে অগ্রসর হইয়াছেন। বর্ষশেষে পরিষৎ বিনীত-ভাবে তাঁহাদের নিকট আন্তরিক কৃতজ্ঞতা জানাইতেছেন। আলোচ্যবর্ষে পুরস্কার-দাতা শ্রীযুক্ত মন্মথচন্দ্র মল্লিক, শ্রীযুক্ত রায় যতীন্দ্রনাথ চৌধুরী এম, এ, বি, এল্ ও রাজা শ্রীযুক্ত বিনয় কৃষ্ণ দেব বাহাদুরের নিকট পরিষৎ অত্যন্ত কৃতজ্ঞ আছেন। শ্রীযুক্ত রায় যতীন্দ্রনাথ চৌধুরী কেবল পুরস্কার নহে, নব-প্রস্তাবিত প্রাচীন গ্রন্থাবলী-প্রকাশের অর্দ্ধেক ব্যয় দিতে প্রস্তুত হওয়ায় পরিষৎ তাঁহার নিকট আরও ঋণী। আলোচ্য বর্ষে যাঁহারা পরিষদে গ্রন্থ, পুঁথি, সাময়িক পত্র প্রভৃতি উপহার বা সংগ্রহ করিয়া দিয়াছেন, তাঁহাদিগকে পরিষৎ অন্তরের সহিত অসংখ্য ধন্যবাদ দিতেছেন এবং যাঁহারা পরিষদের পুস্তকালয়ে পরিষদের পাঠকবর্গের জন্য নানাবিধ সংবাদ-পত্র নিয়ম মত প্রদান করিতেছেন, তাঁহাদের নিকট পরিষৎ চির-কৃতজ্ঞতা পাশে আবদ্ধ রহিলেন। তাঁহাদের বদান্যতাতেই পরিষৎ-পুস্তকালয়ের এতটা উন্নতি হইয়াছে। পরিষৎ আশা করেন, বাঙ্গালা গ্রন্থকার, সম্পাদক ও পুস্তকাদি-প্রকাশকগণের এই অনুগ্রহ আগামী বর্ষেও অক্ষুণ্ণ থাকিবে। যে সকল ইংরাজী বাঙ্গালা সংবাদ-পত্র পরিষদের কার্য্য-বিবরণী ও বিজ্ঞাপনাদি অনুগ্রহপূর্ব্বক প্রকাশ করিয়া পরিষদের কার্য্য সম্পাদনে সহায়তা করিয়াছেন, তাঁহারাও পরিষৎকে বিশেষভাবে সাহায্য করিয়া-

ছেন, বলিয়া পরিষদের ধন্যবাদার্হ। তৎপরে পরিষদের অবৈতনিক কর্ম্মচারিগণ কার্য্য-নির্ব্বাহক সমিতির সদস্যগণ, শাখা-সমিতির সম্পাদকগণ ও সভ্যগণ এবং সাধারণ সভ্যগণের মধ্যে যাঁহারা সর্ব্বদা মাসিক সভায় উপস্থিত হইয়া পরিষদের কার্য্য-সম্পাদনে অশেষ যত্ন ও পরিশ্রম করিয়াছেন, পরিষৎ তাঁহাদের নিকট বিশেষভাবে কৃতজ্ঞ ও ঋণী। এই স্থলে পরিষদের সভাপতি শ্রীযুক্ত দ্বিজেন্দ্রনাথ ঠাকুর মহাশয়ের নাম বিশেষভাবে উল্লেখ করা আবশ্যক। গত তিন বৎসর কাল তিনি বৃদ্ধ বয়সে, অসুস্থ-দেহে যেরূপ অশ্রান্ত পরিশ্রম করিয়া পরিষদের কার্য্য নির্ব্বাহ করিয়াছেন, তাহা অতুলনীয়। তাঁহার ন্যায় ধীর, স্থির, গম্ভীর ও শান্ত-প্রকৃতিক অথচ গভীর-বুদ্ধিশালী সভাপতি পাইয়া পরিষৎ গৌরবান্বিত হইয়াছেন।

পরিষদের গৃহ-নির্ম্মাণ;—উপসংহার কালে একটী বিশেষ আনন্দকর সংবাদ শুনাইয়া এই কার্য্য-বিবরণ সমাপ্ত করা যাইতেছে। বিষয়টি যদিও আলোচ্য বর্ষে ঘটে নাই, তথাপি কার্য্যবিবরণ-প্রকাশের পূর্ব্বেই ঘটায়, উহার ন্যায় প্রয়োজনীয় ও আনন্দকর সংবাদ ইহার মধ্যে সন্নিবিষ্ট না করিয়া থাকিতে পারা যায় না। পরিষদের অন্যতম সভ্য শ্রীযুক্ত চারুচন্দ্র ঘোষ কাশীমবাজারের মহারাজ মণীন্দ্রচন্দ্র নন্দী বাহাদুরের নিকট কোন সময়ে পরিষদের নিজের বাটী-নির্ম্মাণের জন্য একটু জমী চাহিয়াছিলেন। সদয়-হৃদয়, বিদ্যোৎসাহী মহারাজও তাহাতে সম্মত হন। পরে গত গুড্ ফ্রাইডের ছুটীতে শ্রীযুক্ত চারুচন্দ্র ঘোষ, শ্রীযুক্ত হীরেন্দ্রনাথ দত্ত এম, এ, বি, এল্, শ্রীযুক্ত সুরেশচন্দ্র সমাজপতি, শ্রীযুক্ত রজনীকান্ত গুপ্ত ও শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু কাশীমবাজারে গিয়াছিলেন। মহারাজও পরিষদের বাটী-নির্ম্মাণার্থ তাঁহার কলিকাতার জমী হইতে পরিষদের গৃহোপযোগী জমী দান করিয়াছেন। তৎপরে হীরেন্দ্রবাবুপ্রভৃতি নসীপুরের রাজা মাননীয় শ্রীযুক্ত রণজিৎ সিংহ বাহাদুর, মুরসিদাবাদের নবাব বাহাদুর, মাননীয় শ্রীযুক্ত বৈকুণ্ঠনাথ সেন, রায় শ্রীনাথ পাল বাহাদুর প্রভৃতির সহিত সাক্ষাৎ করায়, তাঁহারাও পরিষদের বাটী-নির্ম্মাণার্থ অর্থ-সাহায্য করিবেন বলিয়া আশা দিয়াছেন। পরিষৎ বিশেষ কৃতজ্ঞভাবে মহারাজ মণীন্দ্রচন্দ্র নন্দী বাহাদুরকে এবং অন্যান্য সহৃদয় ব্যক্তিকে ধন্যবাদ প্রদান করিতেছেন। চারুবাবু-প্রভৃতি যে পাঁচ-

জনের আন্তরিক যত্নে ও পরিশ্রমে এতদিন পরে পরিষদের নিজের একটী আশ্রয় স্থান হইবার সূত্রপাত হইল, তাঁহারাও পরিষদের অসংখ্য ধন্যবাদের পাত্র। ইঁহাদের নিকট ও ভূমি-দাতা মহারাজ বাহাদুরের নিকট পরিষৎ চির-ঋণী রহিলেন।

উপসংহার;—পরিষৎ যথাসাধ্য স্বীয় উদ্দেশ্যে লক্ষ্য রাখিয়া আজ ছয় বৎসর কাল অল্প-বিস্তর কার্য্য করিয়া আসিতেছেন। ইহার স্বতঃ পরতঃ চেষ্টায় আজকাল বাঙ্গালার প্রাচীন লুপ্ত-প্রায় গ্রন্থোদ্ধারের প্রতি সাধারণের মন আকৃষ্ট হইয়াছে। এখন প্রায় সমস্ত মাসিক পত্রেই কিছু না কিছু প্রাচীন-বাঙ্গালা-সাহিত্যের সংবাদ থাকে। পুরাতন কবির বিবরণ দিতে পারিলে, পড়িতে পাইলে, সাময়িক পত্রের লেখক ও পাঠক যেন মহাতৃপ্ত হন। পরিষদের প্রভাবে এখন মফঃস্বলেও অনেক স্থান হইতে পুরাতন গ্রন্থ-প্রকাশের জন্য সভা-সমিতি হইয়াছে। অনেক মাতৃভাষানুরাগী, বিদ্যোৎসাহী ব্যক্তি অনেকগুলি পুরাতন বাঙ্গালাগ্রন্থের উদ্ধার করিয়া মুদ্রিত করিয়াছেন। বিশ্ববিদ্যালয়েও উচ্চ পরীক্ষায় বাঙ্গালা-ভাষায় রচনা-পরীক্ষা আরম্ভ হইয়াছে। এতদ্ব্যতীত দুরূহ পাশ্চাত্য দর্শন-শাস্ত্র বাঙ্গালী কৃতবিদ্যগণকর্ত্তৃক কলিকাতায় বিশ্ববিদ্যালয়ের নিকট ছাত্রগণের সমক্ষে বাঙ্গালাভাষায় আলোচিত হইতেছে। পরিষদের প্রতি মাসিক অধিবেশনে এখন অনেক সমবেত হইয়া বাঙ্গালা-সাহিত্য লইয়া দু'দণ্ড কথাবার্ত্তা কহিয়া থাকেন, ইহাও কম সুলক্ষণ নহে। ইহার উপর দেশের মান্যগণ্য সম্ভ্রান্ত শিক্ষিত রাজা-জমিদারগণও দিন দিন পরিষদের ধীর স্থির কার্য্য-প্রণালীতে প্রীত হইয়া ইহার প্রতি আকৃষ্ট হইতেছেন, ইহাও পরিষদের কৃত-কার্য্যতার একটা পরিচয় বটে। যাহা হউক, অবশেষে উপসংহার স্থলে এই সপ্তম বর্ষে নব অনুরাগে ও উৎসাহে কার্য্য করিতে প্রবৃত্ত হইয়া পরিষৎ বিনীতভাবে প্রার্থনা করিতেছেন যে, এই শিশু সাহিত্যালোচনী সভার ইহার প্রবর্ত্তিত সদনুষ্ঠান-সমূহে যেন আন্তরিক উৎসাহের সহিত যোগ দিয়া, ইহার উদ্দেশ্য সফল করেন।

সাহিত্য পরিষৎ কার্য্যালয়,
১৩৭।১ নং কর্ণওয়ালিস ষ্ট্রীট,
৩০শে চৈত্র, ১৩০৬ সাল।

কার্য্য-নির্ব্বাহক সমিতির অনুমতিক্রমে
শ্রীরায় যতীন্দ্রনাথ চৌধুরী,
অবৈতনিক সম্পাদক।

"ক" পরিশিষ্ট।

সভ্যবর্গের নাম ও ঠিকানা।

১। শ্রীযুক্ত দ্বিজেন্দ্রনাথ ঠাকুর, (বিশিষ্ট), ৬নং দ্বারকানাথ ঠাকুরের লেন, যোড়াসাঁকো, কলিকাতা।

২। „ রায় কালীপ্রসন্ন ঘোষ বাহাদুর, (বিশিষ্ট), বান্ধব-কুটীর, ঢাকা।

৩। „ চন্দ্রনাথ বসু এম্ এ, বি এল্, (বিশিষ্ট), ৫নং রঘুনাথ চট্টোপাধ্যায়ের লেন, বাদুড়বাগান, কলিকাতা।

৪। „ হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায়, এম্ এ, বি এল্, (বিশিষ্ট), পদ্মপুকুর রোড, খিদিরপুর।

৫। „ নবীনচন্দ্র সেন, বি এ, (বিশিষ্ট), ডেপুটী ম্যাজিষ্ট্রেট, কুমিল্লা ত্রিপুরা।

৬। „ রমেশচন্দ্র দত্ত, সি, আই, ই, (বিশিষ্ট), অধ্যাপক, ইউনিভার্সিটি কলেজ, লণ্ডন।

৭। Sir George Bradwood K C I E (বিশিষ্ট), ইংলণ্ড।

৮। Jhon Beams Esqr (বিশিষ্ট), ইংলণ্ড।

৯। „ সত্যেন্দ্রনাথ ঠাকুর, জমীদার, ৯নং ষ্টোর রোড বালীগঞ্জ।

১০। „ রাজা বিনয়কৃষ্ণ দেব বাহাদুর, শোভাবাজার রাজবাটী, ১০৬।১ গ্রে ষ্ট্রীট, কলিকাতা।

১১। „ কুমার শরৎকুমার রায় এম্ এ, (দিঘাপতিয়া রাজবাটী) ৮৬নং লোয়ার সারকুলার রোড, কলিকাতা।

১২। „ „ হেমেন্দ্রকুমার রায়, (দিঘাপতিয়া রাজবাটী) ৮৬নং লোয়ার সারকুলার রোড, কলিকাতা।

১৩। „ „ মন্মথনাথ মিত্র রায় বাহাদুর, ঝামাপুকুর রাজাবাটী, ১ নং ঝামাপুকুর লেন, কলিকাতা।

১৪। „ „ দক্ষিণেশ্বর মালিয়া, সিয়াবশোল রাজবাটী, রাণীগঞ্জ বর্দ্ধমান।

১৫। „ „ প্রমথনাথ মালিয়া, সিয়াবশোল রাজবাটী, রাণীগঞ্জ, বর্দ্ধমান।

১৬। „ „ শরদিন্দুনারায়ণ রায়, জেমো রাজবাটী, কান্দী, মুরশিদাবাদ।

১৭। শ্রীযুক্ত রবীন্দ্রনাথ ঠাকুর, জমীদার, ৬নং দ্বারকানাথ ঠাকুরের লেন, যোড়াসাঁকো, কলিকাতা।

১৮। „ জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুর, জমীদার, ৯ নং বালীগঞ্জ ষ্টোর রোড, কলিকাতা।

১৯। „ গগনেন্দ্রনাথ ঠাকুর, জমীদার, ৬নং দ্বারকানাথ ঠাকুরের লেন, যোড়াসাঁকো, কলিকাতা।

২০। „ ক্ষিতীন্দ্রনাথ ঠাকুর, বি এ, তত্ত্বনিধি, জমিদার, ৬নং দ্বারকানাথ ঠাকুরের লেন, যোড়াসাঁকো, কলিকাতা।

২১। „ রমানাথ ঘোষ, জমীদার, ৪৭ নং পাথুরেঘাটা ষ্ট্রীট, কলিকাতা।

২২। " রায় যতীন্দ্রনাথ চৌধুরী এম্ এ; বি এল্, জমীদার, (টাকী ২৪ পরগণা), কুটিঘাটা, বরাহনগর।

২৩। " হেমচন্দ্র বসু মল্লিক, জমীদার, ১২নং ওয়েলিংটন স্কোয়ার, ডিঙ্গাভাঙ্গা, কলিকাতা।

২৪। " অমরকৃষ্ণ মিত্র, জমীদার, ২০ নং নীলমণি মিত্রের ষ্ট্রীট, দরজী-পাড়া, কলিকাতা।

২৫। " অমরেন্দ্রনাথ পাল চৌধুরী, বি এ, জমীদার (রাণাঘাট) ২৮ গোয়াবাগান লেন, কলিকাতা।

২৬। " দেবেন্দ্রপ্রসাদ ঘোষ, জমীদার (চৌগাছা, খুলনা), ৮২নং সীতারাম ঘোষের ষ্ট্রীট, কলিকাতা।

২৭। " যোগেন্দ্রচন্দ্র ঘোষ, জমীদার, ১নং নিমকমহল রোড, খিদিরপুর।

২৮। " অচ্যুতচরণ চৌধুরী, তত্ত্বনিধি, জমীদার, মৈনা, কানাইবাজার, শ্রীহট্ট।

২৯। " মণীন্দ্রচন্দ্র রায় চৌধুরী, জমীদার, সদ্য-পুষ্করিণী, পোঃ আঃ শ্যাম-পুর, জেলা বঙ্গপুর।

৩০। " নন্দলাল গোস্বামী, জমীদার, শ্রীরামপুর, হুগলী।

৩১। " নৃসিংহদেব চক্রবর্ত্তী, জমিদার, গুজাদিয়া, কিশোরগঞ্জ, ময়মন-সিংহ।

৩২। " রমণীমোহন মল্লিক, জমীদার, মেহেরপুর, নদীয়া।

৩৩। " নৃত্যগোপাল দত্ত, জমীদার, মজিলপুর, জয়নগর।

৩৪। " প্রিয়নাথ মিত্র, জমীদার, ঐ ঐ।

৩৫। " বিনোদবিহারী বসু, বি এ, জমীদার ৬৫।২ বাগবাজার ষ্ট্রীট, কলিকাতা।

৩৬। " বিপিনবিহারী বসু, বি এ, জমীদার, ৬৫।২ বাগবাজার ষ্ট্রীট,

৩৭। " নরনাথ মুখোপাধ্যায়, জমীদার, হোলিহোম, ২৯নং বেনিয়াপুকুর রোড, ইটালী, কলিকাতা।

৩৮। " হেমেন্দ্রপ্রসাদ ঘোষ বি এ, জমীদার (চৌগাছা), ৮২ নং সীতারাম ঘোষের ষ্ট্রীট, কলিকাতা।

৩৯। মাননীয় বিচারপতি শ্রীযুক্ত গুরুদাস বন্দ্যোপাধ্যায় এম্ এ; ডি এল্, ১৯নং ষষ্ঠীতলা রোড, নারিকেলডাঙ্গা।

৪০। মাননীয় বিচারপতি শ্রীযুক্ত চন্দ্রমাধব ঘোষ, ৩নং আলবার্ট রোড, খিদিরপুর।

৪১। মাননীয় ডাক্তার শ্রীযুক্ত আশুতোষ মুখোপাধ্যায়, এম্ এ; ডি এল্, এফ্, আর্, এস্, ই, ৭৭ নং বসা রোড, ভবানীপুর।

৪২। মহামহোপাধ্যায় শ্রীযুক্ত হরপ্রসাদ শাস্ত্রী এম্ এ, ১২।১।৪ পটলডাঙ্গা ষ্ট্রীট, কলিকাতা।

৪৩। রায় শ্রীযুক্ত বৈকণ্ঠনাথ বসু বাহাদুর, ১৬৭নং মাণিকতলা ষ্ট্রীট, রামবাগান, কলিকাতা।

৪৪। রায় ডাক্তার শ্রীযুক্ত চুনিলাল বসু বাহাদুর, এম বি; এফ, সি, এস, ২৪ নং মহেন্দ্রনাথ বসুর লেন, শ্যামবাজার, কলিকাতা।

৪৫। শ্রীযুক্ত নন্দকৃষ্ণ বসু এম্ এ; সি, এস্, ম্যাজিষ্ট্রেট (নদীয়া), ৬৩নং হরিঘোষের ষ্ট্রীট, দরজীপাড়া, কলিকাতা।

৪৬। „ বরদাচরণ মিত্র এম্ এ; সি, এস্, জজ, বঙ্গপুর।

৪৭। এ, চৌধুরী, স্কোয়ার, এম এ, ব্যারিষ্টার, ৭৬নং লোয়ার সারকুলার রোড, কলিকাতা।

৪৮। এম, সি, মল্লিক স্কোয়ার, ১১নং লালবাজার ষ্ট্রীট, কলিকাতা।

৪৯। পি, এন, মিত্র স্কোয়ার, ব্যারিষ্টার, ২০৯ নং লোয়ার সারকুলার রোড, কলিকাতা।

৫০। সি, আর, দাস স্কোয়ার, ব্যারিষ্টার, ১১নং বেদিয়াপাড়া রোড, ভবানীপুর।

৫১। শ্রীযুক্ত হীরেন্দ্রনাথ দত্ত এম্ এ, বি এল্, এটর্ণী, ১৩৯ নং কর্ণওয়ালিস ষ্ট্রীট, হাতিবাগান, কলিকাতা।

৫২। " সারদাচরণ মিত্র এম্ এ,বি এল্, উকীল, ৮৫নং গ্রে ষ্ট্রীট, হাতি-বাগান, কলিকাতা।

৫৩। " হারাণচন্দ্র বন্দ্যোপাধ্যায় এম্ এ, বি এল্, উকীল, ও অধ্যাপক রিপণ কলেজ, ১৯ নং ষষ্ঠীতলা রোড, নারিকেলডাঙ্গা।

৫৪। " যোগীন্দ্রচন্দ্র দত্ত এম্ এ, বি এল্, এটর্ণী, ১৭১নং মাণিকতলা ষ্ট্রীট, বামবাগান, কলিকাতা।

৫৫। " ব্রজেন্দ্রলাল মিত্র এম্ এ, বি এল্, উকীল, ৭নং রাধানাথ বসুর লেন, গোয়াবাগান, কলিকাতা।

৫৬। " প্রমথনাথ দত্ত এম্ এ, বি এল, ৭১নং সীতারাম ঘোষের ষ্ট্রীট, কলিকাতা।

৫৭। " নলিনীনাথ সেন এম এ, বি এল, উকীল, ৫৭ নং নিমতলা ঘাট ষ্ট্রীট, কলিকাতা।

৫৮। " ত্রৈলোক্যনাথ ভট্টাচার্য্য এম্ এ, বি এল্, ডেপুটি ম্যাজিষ্ট্রেট, গয়া।

৫৯। " অক্ষয়কুমার ঠাকুর, এম্ এ, এটর্ণী, ২৯নং দর্জ্জিপাড়া, পোস্তা, কলিকাতা।

৬০। " রজনীমোহন চট্টোপাধ্যায়, এটর্ণী, ৬নং দ্বারকানাথ ঠাকুরের লেন, যোড়াসাঁকো, কলিকাতা।

৬১। " শিবপ্রসন্ন ভট্টাচার্য্য, বি এল্, উকীল, ১৭।৪ কেরিড্রাল মিশন লেন, কলিকাতা।

৬২। " অমৃতকৃষ্ণ মল্লিক, বি এল, উকীল, ২নং শিবশঙ্কর মল্লিকের লেন, শ্যামপুকুর, কলিকাতা।

৬৩। শ্রীযুক্ত সতীশচন্দ্র পাল চৌধুরী, জমীদার, এটর্ণী ১১৩ গ্রে ষ্ট্রীট, শোভাবাজার কলিকাতা।

৬৪। " তারাপদ বন্দ্যোপাধ্যায় বি এল্, উকীল, কৃষ্ণনগর, নদীয়া।

৬৫। " অবিনাশচন্দ্র দাস, এম্ এ; বি এল্, উকীল আজিমগঞ্জ, মুরশিদাবাদ।

৬৬। " পূর্ণেন্দুনারায়ণ সিংহ, এম্ এ, বি, এল্, উকীল, বাঁকীপুর, পাটনা।

৬৭। ,, মথুরানাথ সিংহ, এম্ এ; বি এল্, উকীল বাঁকীপুর, পাটনা।

৬৮। ,, নিখিলনাথ রায় বি এল্, বহরমপুর, খাগড়া, মুরশিদাবাদ।

৬৯। ,, মন্মথনাথ দে, বি, এল্, উকিল, বাঁকীপুর।

৭০। ,, কুলদাপ্রসাদ মুখোপাধ্যায় এম্ এ, বি এল্, উকীল, বাঁকুড়া।

৭১। ,, যোগীন্দ্রচন্দ্র চক্রবর্ত্তী, এম এ; বি এল, উকীল, দিনাজপুর।

৭২। ,, কিশোরীমোহন রায় চৌধুরী, বি এল্, উকীল, ঘোড়ামারা, রাজসাহী।

৭৩। ,, কালীপদ বসু, বি এল্, উকীল, মীরাট।

৭৪। ,, ক্ষীরোদপ্রসাদ বিদ্যাবিনোদ, এম্ এ, অধ্যাপক জিঃ, এঃ, ইন্‌ষ্টিঃ ২৬নং হরলাল মিত্রের লেন, বাগবাজার, কলিকাতা।

৭৫। ,, রামেন্দ্রসুন্দর ত্রিবেদী, এম এ, অধ্যাপক বিপণ কলেজ, ৬নং উইলিয়মস্ লেন, জেলেপাড়া, বহুবাজার কলিকাতা।

৭৬। ,, রাধেশচন্দ্র শেঠ, বি এল্, উকীল, গন্ধর্ব্বপুর, মালদহ।

৭৭। ,, বিপিনবিহারী গুপ্ত, এম্ এ, অধ্যাপক, প্রেসিডেন্সী কলেজ, ৩৯নং বেচু চাটুর্য্যের ষ্ট্রীট, কলিকাতা।

৭৮। ,, জি, সি, বসু, স্কোয়ার, এম্ এ, এফ্, আর,এ, এস্, বঙ্গবাসী কলেজের, অধ্যক্ষ, ১৯২নং বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা।

৭৯। ,, কালীপ্রসন্ন বন্দ্যোপাধ্যায় এম্ এ, অধ্যাপক, সেণ্ট্রাল কলেজ, ৭৯নং বারাণসী ঘোষের ষ্ট্রীট, কাঁসারিপাড়া, কলিকাতা।

৮০। ,, অনাথনাথ পালিত এম্ এ, অধ্যাপক, সেণ্ট্রাল কলেজ, ৩নং ঈশ্বরচন্দ্র চক্রবর্ত্তীর লেন, গোয়াবাগান, কলিকাতা।

৮১। শ্রীযুক্ত পূর্ণচন্দ্র গোস্বামী, এম্ এ, অধ্যাপক, রিপণ কলেজ, ২৬নং স্কটস্ লেন, জেলেপাড়া, বহুবাজার, কলিকাতা।

৮২। ,, কৃষ্ণচন্দ্র দে, এম্ এ, অধ্যাপক, হিন্দু সেণ্ট্রাল কলেজ, কাশী।

৮৩। ,, কালীপদ বসু, এম্ এ, অধ্যাপক, ঢাকা কলেজ, ঢাকা।

৮৪। ,, ব্রজেন্দ্রলাল শীল, এম্ এ অধ্যক্ষ জেঙ্কিন্স্ কলেজ, কুচবিহার।

৮৫। ,, যোগেশচন্দ্র রায়, এম্ এ, অধ্যাপক, কটক কলেজ, কটক।

৮৬। ,, কিশোরীমোহন সেনগুপ্ত, এম্, এ, অধ্যাপক, হুগলী ট্রেনিং স্কুল, হালিসহর।

৮৭। ,, তাড়িৎকান্তি বক্সী, এম্, এ, অধ্যাপক, জব্বলপুর কলেজ, জব্বলপুর।

৮৮। ,, ললিতচন্দ্র মিত্র, এম্ এ, ৩০।৩ নং মদন মিত্রের লেন, সিমলা, কলিকাতা।

৮৯। ,, ঈশানচন্দ্র ঘোষ, এম্ এ, ৬৭।৯ বলরামদের ষ্ট্রীট, কলিকাতা।

৯০। ,, সতীশচন্দ্র বিদ্যাভূষণ, এম্,এ,১১নং গোবিন্দচন্দ্র সেনের লেন, চাঁপাতলা, কলিকাতা।

৯১। ,, ফণীভূষণ বসু, এম্ এ, এসিষ্ট্যাণ্ট ইন্স্পেক্টার, অফ স্কুল, বর্দ্ধমানবিভাগ, হুগলী।

৯২। ,, মন্মথমোহন বসু, এম্ এ, ৪নং গোকুল মিত্রের লেন, বাগ-বাজার কলিকাতা।

৯৩। ,, প্রমথনাথ মুখোপাধ্যায়, এম্ এ,অধ্যাপক রাজসাহী কলেজ।

৯৪। ,, যোগীন্দ্রনাথ সেন, এম্ এ, কবিরাজ, ৩১নং প্রসন্নকুমার ঠাকুরের ষ্ট্রীট, পাথুরেঘাটা, কলিকাতা।

৯৫। ,, ব্রজলাল মুখোপাধ্যায় এম্, এ, নাটমন্দির, হরিতকী-বাগান লেন।

৯৬। ,, খগেন্দ্রনাথ মিত্র, এম এ, ৮২নং সীতারাম ঘোষের ষ্ট্রীট, কলিকাতা।

৯৭। ,, প্রিয়নাথ ঘোষ, এম্ এ, কুচবিহার রাজবাটী।

৯৮। শ্রীযুক্ত পদ্মনাথ ভট্টাচার্য্য বিদ্যাবিনোদ, এম্ এ, ডেপুটী ইন্‌স্পেক্টর, শ্রীহট্ট।

৯৯। ,, অধরচন্দ্র মুখোপাধ্যায়, এম্, এ, অধ্যাপক, জি. এ, ইন্‌ষ্টিটিউশান, রাধামাধব সাহার লেন, গুঁড়িপাড়া কলিকাতা।

১০০। ,, গৌরীশঙ্কর দে, এম এ. অধ্যাপক জি এ, ইন্‌ষ্টিটিউশন; নীলমণি মিত্রের ষ্ট্রীট, দরজীপাড়া, কলিকাতা।

১০১। ,, সুন্দরীমোহন দাস, এম্ বি, ডাক্তার, ১৯।১ বৃন্দাবন মল্লিকের লেন, বাদুড়বাগান, কলিকাতা।

১০২। ,, সরসীলাল সরকার, এল এম এস, ডাক্তার ১২১ নং কর্ণওয়ালিস ষ্ট্রীট, কলিকাতা।

১০৩। ,, চন্দ্রশেখর কালী, এল্ এম্ এস, ডাক্তার, ১৫০নং কর্ণওয়ালিস ষ্ট্রীট, হাতিবাগান, কলিকাতা।

১০৪। ,, বিজয়রত্ন সেন কবিরঞ্জন, কবিরাজ, ৫নং কুমারটুলি, কলিকাতা।

১০৫। ,, শশিভূষণ মিত্র এম্ বি, ডাক্তার, ৩৬নং ওয়েলিংটন ষ্ট্রীট, কলিকাতা।

১০৬। ,, উপেন্দ্রনাথ সেন, কবিরাজ, ২৯নং কলুটোলা ষ্ট্রীট, কলিকাতা।

১০৭। ,, উপেন্দ্রনাথ মিত্র, এম বি, ডাক্তার, ১১০নং বারাণসী ঘোষের ষ্ট্রীট, কাঁসরীপাড়া কলিকাতা।

১০৮। ,, বিভূতিভূষণ চট্টোপাধ্যায়, এম বি, ডাক্তার, দিঘাপাতিয়া রাজসাহী।

১০৯। ,, রামচন্দ্র বিদ্যাবিনোদ, কবিরাজ, ২০২নং কর্ণওয়ালিস ষ্ট্রীট, সিমলা কলিকাতা।

১১০। ,, বন্ধুবিহারী সিংহ, ডেপুটীম্যাজিষ্ট্রেট, কিশোরগঞ্জ, ময়মনসিংহ।

১১১। ,, নিত্যগোপাল সরকার, বি এল্, মুন্সেফ, মাগুরা, যশোহর।

১১২। ,, দেবেন্দ্রনাথ পাল, বি এল, মুন্সেফ মুরশিদাবাদ।

১১৩। ,, অক্ষয়কুমার সেন, ডেপুটি কলেক্টর, ঢাকা।

১১৪। ,, মোহিনীমোহন দত্ত, বি এল্ মুন্সেফ, পাবনা।

১১৫। শ্রীযুক্ত শ্রীশচন্দ্র ঘোষ, বি এল, ডেপুটি ম্যাজিষ্ট্রেট, জামালপুর ময়মনসিংহ।

১১৬। ,, হেমেন্দ্রনাথ সিংহ, সেট্‌ল্‌মেণ্ট অফিসার, বারিপদা, ময়ূরভঞ্জ উড়িষ্যা।

১১৭। ,, হেমাঙ্গচন্দ্র বসু, বি এল্‌, সবজজ, হুগলী।

১১৮। ,, মাধবচন্দ্র চট্টোপাধ্যায়, ইঞ্জিনিয়ার, ১০৬নং শ্যামবাজার ষ্ট্রীট, কলিকাতা।

১১৯। ,, চারুচন্দ্র ঘোষ, ৭নং নবীন সরকারের লেন, বাগবাজার।

১২০। ,, পণ্ডিত রজনীকান্ত গুপ্ত, ২৮।১৬নং অখিল মিস্ত্রীর লেন, চাঁপাতলা, কলিকাতা।

১২১। ,, চণ্ডীচরণ বন্দ্যোপাধ্যায়, ১৮নং রামমোহন সাহার লেন, শুঁড়িপাড়া, কলিকাতা।

১২২। ,, হরিচরণ বসু, ৭১নং পাথুরিয়াঘাটা ষ্ট্রীট, কলিকাতা।

১২৩। ,, গোবিন্দচন্দ্র দত্ত, সাবিত্রী লাইব্রেরীর সম্পাদক, ১১নং অক্রূর দত্তের লেন, বহুবাজার কলিকাতা।

১২৪। ,, রাজকৃষ্ণ রায় চৌধুরী, ২২০নং কর্ণওয়ালিস ষ্ট্রীট, কলিকাতা।

১২৫। ,, প্রিয়নাথ মুখোপাধ্যায়, ইন্‌স্পেক্টর, হুজুরীমলস্‌ লেন, বহুবাজার কলিকাতা।

১২৬। ,, যজ্ঞেশ্বর বন্দ্যোপাধ্যায়, ১নং শ্রীনাথ দাসের ব্যারাক, বহু-বাজার কলিকাতা।

১২৭। ,, শরচ্চন্দ্র সরকার ৭।১নং মক্তারাম বাবুর ষ্ট্রীট, চোরবাগান, কলিকাতা।

১২৮। ,, শান্তশীল বিদ্যাবিনোদ বি এ, কলিকাতা, কাষ্টম হাউস এক্স-সাইজ ডিপার্টমেণ্ট।

১২৯। ,, মন্মথনাথ মুস্তফী বিএ, ৪৯ নং শ্যামবাজার ষ্ট্রীট, কলিকাতা।

১৩০। ,, ব্যোমকেশ মুস্তফী, ১৩৭।১ নং কর্ণওয়ালিস ষ্ট্রীট, কলিকাতা।

১৩১। ,, প্রবেশচন্দ্র সোম, ৭৬নং আপার সার্কুলার রোড, শ্যামবাজার, কলিকাতা।

১৩২। শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু, বিশ্বকোষ সঙ্কলয়িতা, ১৪নং তেলিপাড়া লেন, শ্যামপুকুর, কলিকাতা।

১৩৩। ,, বরদাকান্ত ঘোষ, ৪২নং মদন বড়ালের লেন, বহুবাজার, কলিকাতা।

১৩৪। ,, প্রমথনাথ মিত্র, ৫নং তেলিপাড়া লেন, শ্যামপুকুর, কলিকাতা।

১৩৫। ,, বাণীনাথ নন্দী, ১৭নং শিব্‌দার বাগান ষ্ট্রীট, কলিকাতা।

১৩৬। ,, পণ্ডিত অতুলকৃষ্ণ গোস্বামী, ১১নং মহেন্দ্র গোস্বামীর লেন, সিমলা, কলিকাতা।

১৩৭। ,, মন্মথনাথ চক্রবর্ত্তী, অধ্যক্ষ, কলিকাতা শিল্প বিদ্যালয়, ১৭নং শ্রীনাথ দাসের লেন, বহুবাজার, কলিকাতা

১৩৮। ,, যজ্ঞেশ্বর ঘোষ, ১৪নং মদন বড়ালের লেন, বহুবাজার, কলিকাতা।

১৩৯। ,, প্রিয়নাথ চট্টোপাধ্যায়, ৬নং মদনমোহন চট্টোপাধ্যায়ের লেন, যোড়াসাঁকো, কলিকাতা।

১৪০। ,, অবিনাশচন্দ্র ঘোষ, ৮।৩ কাশী ঘোষের লেন, সিমলা, কলিঃ।

১৪১। ,, পঞ্চানন মুখোপাধ্যায়, ৪৭, বেচু চাটুর্য্যের ষ্ট্রীট, ঝামাপুকুর, কলিকাতা।

১৪২। ,, তিনকড়ি মুখোপাধ্যায়, ২৫।৯ মটস্ লেন, তালতলা, কলিকাতা।

১৪৩। ,, শচীন্দ্রনাথ মুখোপাধ্যায়, বি এ, ২৫।৯ মটস্ লেন, তালতলা।

১৪৪। ,, শরচ্চন্দ্র চট্টোপাধ্যায়, ৫২।২ চাষাধোপাপাড়া ষ্ট্রীট, যোড়াসাঁকো, কলিকাতা।

১৪৫। ,, রাধানাথ মিত্র, ১নং বেচারাম চাটুর্য্যের লেন, দরজীপাড়া, কলিকাতা।

১৪৬। ,, চুনিলাল সেন, ৬নং মুক্তারাম বাবুর ষ্ট্রীট, চোরবাগান, কলিকাতা।

১৪৭। ,, দ্বিজেন্দ্রনাথ সিংহ এম্, এন্, পি, এস্ (লণ্ডন), ১২০।২ মসজীদ বাড়ী ষ্ট্রীট, দরজীপাড়া, কলিকাতা।

১৪৮। ,, ভূতনাথ মিত্র, ১৫৯ আহীরীটোলা ষ্ট্রীট, কলিকাতা।

১৪৯। শ্রীযুক্ত ভূতনাথ পাল, বিএ, ২৯নং বসুপাড়া লেন, বাগবাজার, কলিকাতা।
১৫০। ,, মৃণালকান্তি ঘোষ, ২নং আনন্দচন্দ্র চট্টোপাধ্যায়ের লেন, বাগবাজার, কলিকাতা।
১৫১। ,, শরচ্চন্দ্র শাস্ত্রী, ১১নং গোবিন্দচন্দ্র সেনের লেন, চাঁপাতলা, কলিকাতা।
১৫২। ,, কানাইলাল ঘোষাল, ১৪নং যুগলকিশোর দাসের লেন, শুঁড়ী-পাড়া, কলিকাতা।
১৫৩। ,, কালীদাস নাথ, ১০নং রামরঞ্চ বাগচীর লেন, রামবাগান, কলিকাতা।
১৫৪। ,, বলাইচাঁদ গোস্বামী, ৬৮নং বলরাম দের ষ্ট্রীট, সিমলা, কলিকাতা।
১৫৫। ,, রামগোপাল সেন গুপ্ত, ২৩নং হবটোলের লেন, আহীরীটোলা, কলিকাতা।
১৫৬। ,, শ্যামলাল বসু, ৮২নং শ্যামবাজার ষ্ট্রীট, কলিকাতা।
১৫৭। ,, গুরুদাস চট্টোপাধ্যায়, ২০১নং কর্ণওয়ালিস ষ্ট্রীট, সিমলা, কলিকাতা।
১৫৮। ,, শিবনাথ বসু, ৭৯।২নং মুক্তারাম বাবুর ষ্ট্রীট, চোরবাগান, কলিকাতা।
১৫৯। ,, গিরীশচন্দ্র বাস, ৮নং হোগলকুড়িয়া লেন, কলিকাতা।
১৬০। ,, বীরেশ্বর চট্টোপাধ্যায়, ৩০নং কর্ণওয়ালিস ষ্ট্রীট, সিমলা, কলিকাতা।
১৬১। ,, ক্ষেত্রচন্দ্র মুখোপাধ্যায়, ৭নং শাঁখারীটোলা লেন, কলিকাতা।
১৬২। ,, ললিতমোহন মল্লিক, দে মল্লিক এণ্ড কোং, ২০নং লালবাজার ষ্ট্রীট, কলিকাতা।
১৬৩। ,, মাধবচন্দ্র চক্রবর্ত্তী, ২৮।৩ অখিল মিস্ত্রীর লেন, চাঁপাতলা, কলিকাতা।
১৬৪। ,, রমেশচন্দ্র বসু, ৭নং ঈশ্বর মিলের লেন, গোয়াবাগান, কলিকাতা।

১৬৫। শ্রীযুক্ত গিরীন্দ্রনাথ মুখোপাধ্যায়, ২৫নং হালদারপাড়া লেন,কালীঘাট, কলিকাতা।

১৬৬। ,, বসন্তকুমার বসু, ২৩ তালপুকুর রোড, সুঁড়া।

১৬৭। ,, রুডমল্ল গোয়েনকা, ৫৭নং বড়তলা ষ্ট্রীট, বড়বাজার,কলিকাতা।

১৬৮। ,, অশ্বিনীকুমার ঘোষ, ৭৫নং বীডন ষ্ট্রীট, কলিকাতা।

১৬৯। ,, রাধিকারমণ চট্টোপাধ্যায়, ১৭৩।১ কর্ণওয়ালিস ষ্ট্রীট, সিমলা, কলিকাতা।

১৭০। ,, রামদয়াল দে বি এ, ২নং নয়ানচাঁদ দত্তের ষ্ট্রীট, সিমলা, কলিকাতা।

১৭১। ,, দ্বিজেন্দ্রনাথ বসু, ৬নং শিবপ্রসাদ চৌধুরীর লেন, সিমলা, কলিকাতা।

১৭২। ,, কিরণচন্দ্র দত্ত, ১নং রামরাম বসুর ফার্ষ্ট লেন, বাগবাজার, কলিকাতা।

১৭৩। ,, খগেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় ১০০।১ তালতলা লেন, কলিকাতা।

১৭৪। ,, সুরেন্দ্রনাথ অধিকারী, ৩৭ বসুপাড়া লেন, বাগবাজার, কলিকাতা।

১৭৫। ,, নগেন্দ্রকুমার বসু, ২৭ চুণাপুকুর লেন, কলিকাতা।

১৭৬। ,, মৌলবী আবদুল করিম, বি এ ১৩।১ ওয়েলেসলি স্কোয়ার, কলিকাতা।

১৭৭। ,, অক্ষয়কুমার বড়াল, ১০নং যুগলকিশোর দাসের লেন, শুঁড়ী-পাড়া, কলিকাতা।

১৭৮। ,, অনুকূলচন্দ্র শেঠ, ৬৮ মনোহাটা ষ্ট্রীট, বড়বাজার, কলিকাতা।

১৭৯। ,, যতীশচন্দ্র সমাজপতি, ২।১ রামধন মিত্রের লেন, শ্যামপুকুর।

১৮০। ,, বিজয়লাল দত্ত, ২৩।৩ চক্রবেড় রোড, ভবানীপুর।

১৮১। ,, প্রকাশচন্দ্র দত্ত, ৭নং রামমোহন সাহার লেন, শুঁড়িপাড়া, কলিকাতা।

১৮২। ,, আনন্দনাথ রায়, ৭১নং প্রসন্নকুমার ঠাকুরের ষ্ট্রীট, পাথুরেঘাটা, কলিকাতা।

১৮৩। শ্রীযুক্ত বৈদ্যনাথ ঘোষ, ১১ রামকৃষ্ণ দাসের লেন, বাদুড়বাগান, কলিকাতা।

১৮৪। ,, শশিভূষণ দে বি এ, ৬১নং বাগবাজার ষ্ট্রীট, বাগবাজার, কলিকাতা।

১৮৫। ,, সুরেশচন্দ্র সমাজপতি, ২।১ নং রামধন মিত্রের লেন, শ্যাম-পুকুর, কলিকাতা।

১৮৬। ,, চন্দ্রোদয় বিদ্যাবিনোদ, ১৯১ নং বহুবাজার ষ্ট্রীট, বঙ্গবাসী কলেজ, কলিকাতা।

১৮৭। ,, সত্যচরণ শাস্ত্রী, দক্ষিণেশ্বর, পোঃ আঃ এঁড়েদহ।

১৮৮। ,, ললিতমোহন ঘোষাল, কাশীপুর, চিৎপুর।

১৮৯। ,, মদনমোহন দত্ত, ৪৮ নং বসুপাড়া লেন, বাগবাজার, কলিকাতা।

১৯০। ,, পরেশনাথ বসু, ৫নং রঘুনাথ চট্টোপাধ্যায়ের লেন, বাদুড়-বাগান, কলিকাতা।

১৯১। ,, সুরেশচন্দ্র দত্ত, বি এ, ২৩।১ গুরুপ্রসাদ চৌধুরীর লেন, সিমলা, কলিকাতা।

১৯২। ,, রমণীমোহন ঘোষ বি এ, পোঃ আঃ সুপারিণ্টেণ্ডেণ্ট, রঙ্গপুর।

১৯৩। ,, ধীরেন্দ্রনাথ দত্ত, ১৩৯ নং কর্ণওয়ালিস ষ্ট্রীট হাতীবাগান, কলিকাতা।

১৯৪। ,, বিজয়েন্দ্রনাথ দত্ত, ,, ,, ,,

১৯৫। ,, কেদারনাথ মিত্র, ১৪ নং কালীপ্রসাদ দত্তের ষ্ট্রীট, দরজীপাড়া, কলিকাতা।

১৯৬। ,, নির্ম্মলচন্দ্র দত্ত, ৮৩।১ নং মুক্তারাম বাবুর ষ্ট্রীট, চোরবাগান, কলিকাতা।

১৯৭। ,, নিবারণচন্দ্র দত্ত, ,, ,, ,,

১৯৮। ,, অনঙ্গমোহন পাল, ৫৮।৫৯ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট, যোড়া-সাঁকো, কলিকাতা।

১৯৯। শ্রীযুক্ত ছন্নুলাল রায়, ১৪ নং শ্রীনাথ রায়ের লেন, চোরবাগান কলিকাতা।

২০০। ,, ক্ষীরোদবিহারী পাল, ৩৪৪ নং আপার চিতপুর রোড, গরাণ-হাটা, কলিকাতা।

২০১। ,, শরচ্চন্দ্র মল্লীক, ৩৫০ নং আপার চিতপুর রোড, গরাণহাটা, কলিকাতা।

২০২। ,, শশিভূষণ মুখোপাধ্যায়, ম্যানেজার, কঙ্কনী কোল কোং, পোষ্ট কাটরাস।

২০৩। ,, বসন্তরঞ্জন রায়, বেলিয়াতোড, বাঁকুড়া।

২০৪। ,, প্রফুল্লচন্দ্র বন্দ্যোপাধ্যায়, ডেপুটী পোষ্টমাষ্টার জেনারেল, ঢাকা।

২০৫। ,, কালীপ্রসন্ন চক্রবর্ত্তী, গুজাদিয়া কাছারী, কিশোরগঞ্জ, ময়মনসিংহ।

২০৬। ,, নিবারণ চন্দ্র ভট্টাচার্য্য, প্রধান পণ্ডিত, দীনহাটা বাঙ্গালা বিদ্যালয়, কুচবিহার।

২০৭। ,, দীননাথ গঙ্গোপাধ্যায়, খাসবাটী, হালসহর।

২০৮। ,, বিহারীলাল মুখোপাধ্যায়, ৩০১নং গ্রাণ্ড ট্রাঙ্ক বোড্, হাওড়া।

২০৯। ,, শিবরতন মিত্র, কালেক্টরী তৌজী আফিস সিউড়ী, বীরভূম।

২১০। ,, চন্দ্রমোহন সেন, বান্দেল রোড, চট্টগ্রাম।

২১১। হরগোবিন্দ কাব্যতীর্থ, প্রধান পণ্ডিত, গোয়ালন্দ হাইস্কুল, রাজবাড়ী, ই, বি, এস, আর।

২১২। ,, খগেন্দ্রনাথ মুস্তফী, বড়ালপাড়া, হুগলী।

২১৩। ,, পাঁচকড়ি ঘোষ, দাসপাড়া, হুগলী।

২১৪। ,, যাদবানন্দ গুপ্ত, মস্ত, মাণিকগঞ্জ, ঢাকা।

২১৫। ,, সুখরঞ্জন বসু, প্রধান শিক্ষক, ত্রিপুরাসুন্দরী স্কুল, ভাদ্রা, ময়মনসিংহ।

২১৬। ,, বিশ্বেশ্বর চক্রবর্ত্তী, বি এ, প্রধান শিক্ষক, নবদ্বীপ।

২১৭। ,, প্রভাসচন্দ্র দে, রেলপার, আসানসোল।

২১৮। শ্রীযুক্ত বনমালী সিংহ, গার্জ্জেন রাজ-এষ্টেট, কটক।

২১৯। ,, এস্, কে, এম, মহম্মদ্, রওশন আলী, কোহিনুর সম্পাদক, পাংশা, ফরীদপুর।

২২০। ,, রঞ্জনবিলাস রায় চৌধুরী, পোষ্টমাষ্টার, মতিহারী।

২২১। ,, নিবারণচন্দ্র চট্টোপাধ্যায়, কুঠিঘাট, বরাহনগর।

২২২। ,, অনঙ্গমোহন বসু, নায়েব, গড়হাট কাছারী, জয়নগর।

২২৩। ,, জয়দয়াল সিংহ, ডেপুটী পোষ্টমাষ্টার জেনেরালের আপীস, দানাপুর।

২২৪। ,, অমরনাথ দত্ত, বি এ, কেদারপুর, পোঃ বাজিতপুর

২২৫। ,, চারুচন্দ্র বন্দ্যোপাধ্যায়, জিবাট, বলাগড়।

২২৬। ,, বিষ্ণুচরণ বসু, খড়ুপ, আমতা।

২২৭। ,, শ্রীনিবাস বন্দ্যোপাধ্যায়, ৪৩।৪ আরমাণিটোলা, ঢাকা।

২২৮। ,, বসন্তকুমার বসু, ২৪ রায়বাগান ষ্ট্রীট, কলিকাতা।

২২৯। ,, শশিভূষণ সিদ্ধান্তচক্রবর্ত্তী, বেলঘরিয়া; পোঃ পাটুল, নাটোর।

২৩০। ,, নগেন্দ্রনাথ গুপ্ত, প্রভাত সম্পাদক, ৪৮নং গ্রেষ্ট্রীট, কলিকাতা।

২৩১। ,, প্রসাদ দাস গুঁই, ১৩।১নং হিদারাম বন্দ্যোপাধ্যায়ের লেন, বহুবাজার, কলিকাতা।

২৩২। ,, হিতেন্দ্রনাথ ঠাকুর। } ৬নং দ্বারকানাথ ঠাকুরের লেন।

২৩৩। ,, ঋতেন্দ্রনাথ ঠাকুর। } যোড়াসাঁকো কলিকাতা।

২৩৪। ,, সতীশচন্দ্র ঘোষ, ১নং নিমকমহল রোড্, গার্ডেনরীচ্।

২৩৫। ,, ডাঃ দেবেন্দ্রনাথ রায়, হলওয়েলস্ লেন কলিকাতা।

২৩৬। ,, কুমুদনাথ গঙ্গোপাধ্যায় বি· এল, এটর্ণী, হেষ্টিংস ষ্ট্রীট, কলিকাতা।

২৩৭। ,, ভুবনমোহন বসু, ৭৭।৫ মুক্তারাম বাবুর ষ্ট্রীট, চোরবাগান কলিকাতা।

২৩৭। নগেন্দ্রনাথ সেন, বি, এ, কৃষিতত্ত্ব সম্পাদক। খুলনা।

২২৮। শ্রীযুক্ত যোগেশচরণ সেন, জমিদার বহরমপুর, খাগড়া পোষ্ট, মুরশিদাবাদ।

২৩৯। „ রাখালচন্দ্র কাব্যতীর্থ, কাঁটালপাড়া, নৈহাটী।

২৩০। „ বিনোদবিহারী, কাব্যতীর্থ, ভাটপাড়া, ২৪ পরগণা।

২৩১। „ মণিমোহন সেন, জমিদার বহরমপুর, খাগড়া পোষ্ট, মুরশিদাবাদ।

২৩২। „ কেদারনাথ চট্টোপাধ্যায়, নেপাল রাজকুমারের শিক্ষক। কাট্‌মাড়ো, নেপাল।

২৩৩। „ প্রসন্নকুমার রায়, দেওয়ান বাজার, চট্টগ্রাম।

২৩৪। „ রায় বঙ্কিমচন্দ্র মজুমদার সাহেব, ডিষ্ট্রীক্ট ইঞ্জিনিয়ার, ঢেঁকানল, পোষ্ট কটক।

২৩৫। „ রায় শ্রীনাথ পাল বাহাদুর, পোষ্ট খাগড়া, বহরমপুর মুর্শিদাবাদ

২৩৬। „ দুর্গাদাস রায় চৌধুরী জমিদার বারুইপুর, ২৪ পরগণা।

২৩৭। „ শরচ্চন্দ্র মজুমদার এম্, এ,৫০নং কর্ণওয়ালিস ষ্ট্রীট্, কলিকাতা।

২৩৮। „ কালীপ্রসন্ন ঘোষ, জমিদার ৭৫নং বীডন ষ্ট্রীট্, কলিকাতা।

২৩৯। „ রায় নীরদ কৃষ্ণ দত্ত, ৩২নং বাগবাজার ষ্ট্রীট্, কলিকাতা।

২৪০। „ রাজেন্দ্রনাথ চট্টোপাধ্যায় ১৬।১ নং কাঁটাপুকুর লেন বাগবাজার, কলিকাতা।

২৪১। „ ব্রজলাল মিত্র ১৮১।১ আপার সার্কুলার রোড্, কলিকাতা।

২৪২। „ অন্নদাচরণ সেন, বি,এ, ৮২, সীতারাম ঘোষের ষ্ট্রীট,কলিকাতা।

২৪৩। „ নগেন্দ্রনাথ নাথ মিত্র, উকীল, হাইকোর্ট,১৩নং সিমলা ষ্ট্রীট্ ঐ।

২৪৪। „ চারুচন্দ্র জ্যোতিষী, অশোক কুটীর, ৫নং শ্রীনাথ দাসের লেন, বহুবাজার, কলিকাতা।

২৪৫। „ যোগিনীমোহন চট্টোপাধ্যায়, ব্যারিষ্টার, ১১৪।১১৫ মেছুয়া-বাজার ষ্ট্রীট, কলিকাতা।

২৪৬। „ অমূল্যচন্দ্র গোস্বামী, ৩১নং এলগিন রোড, ভবানীপুর।

২৪৭। „ রায় প্রমথনাথ চৌধুরী, জমীদার,৩৫।২ বীডন ষ্ট্রীট, কলিকাতা।

২৪৮। „ সুরেন্দ্রনাথ ঠাকুর, ৯নং টোর রোড, বালিগঞ্জ, কলিকাতা।

২৪৯। শ্রীযুক্ত প্রমথনাথ চৌধুরী, ব্যারিষ্টার, ১০নং বালিগঞ্জ, সার্কুলার রোড, কলিকাতা।

২৫০। ,, ক্ষিরোদচন্দ্র বসু,৩৫নং বসুপাড়া লেন,বাগবাজার কলিকাতা।

২৫১। ,, সত্যেন্দ্রনাথ রায়, ১।২৭নং ফড়িয়াপুকুর ষ্ট্রীট, কলিকাতা।

২৫২। ,, জীবনকৃষ্ণ ভড়, ৪৬নং লাণিকতলা ষ্ট্রীট, কলিকাতা।

২৫৩। ,, সূর্য্যপদ বন্দ্যোপাধ্যায়, ২৯।১নং বনমালী সরকারের ষ্ট্রীট, কলিকাতা।

২৫৪। ,, মন্মথনাথ ঘোষ, ৭৫নং বীডন ষ্ট্রীট, কলিকাতা।

২৫৫। ,, দীননাথ কবিরত্ন, ৬১।৩নং বাঁশতলা ষ্ট্রীট, বড়বাজার, কলিকাতা।

২৫৬। ,, জগদীশচন্দ্র বসু, ৪৬নং ষ্ট্রাণ্ড রোড, কালিঘাট।

২৫৭। ,, রামচন্দ্র মিত্র, ২৩নং বেচু চাটুর্য্যের ষ্ট্রীট, কলিকাতা।

২৫৮। ,, নৃসিংহচন্দ্র মুখোপাধ্যায়,৭নং ব্রাহ্মসমাজ লেন, শাঁখারীটোলা।

২৫৯। ,, নরেন্দ্রনাথ মিত্র, বি এল, এটর্নী, ৩৪নং তেলিপাড়া লেন,

২৬০। ,, পূর্ণচন্দ্র ঘোষ, ২২৩নং অপার সার্কুলার রোড়, শ্যামবাজার কলিকাতা।

২৬১। ,, দেবেন্দ্রপ্রসাদ ঘোষ, ৮২নং সীতারাম ঘোষের ষ্ট্রীট, কলিকাতা।

২৬২। ,, নলিনীভূষণ গুহ, কেশিয়ার, লেস্‌লী কোং, চৌরঙ্গীরোড, কলিকাতা।

২৬৩। ,, অঘোরনাথ শাস্ত্রী কবিরাজ, ১২১নং অপার চিৎপুর রোড, বটতলা, কলিকাতা।

২৬৪। ,, প্রবোধচন্দ্র বিদ্যানিধি কবিরাজ, ১৫০নং কর্ণওয়ালিস ষ্ট্রীট, কলিকাতা।

২৬৫। ,, ইন্দুভূষণ মজুমদার, বি এল, উকীল হাইকোর্ট, ৪২নং গ্রে ষ্ট্রীট, কলিকাতা।

২৬৬। ,, সুরেন্দ্রকুমার রায় বি এ, ১নং দর্পনারায়ণ ঠাকুরের ষ্ট্রীট, কলিকাতা।

২৬৭। শ্রীযুক্ত আনন্দময় মিত্র, ৩২নং শ্যামপুকুর ষ্ট্রীট, কলিকাতা।

২৬৮। ,, পূর্ণচন্দ্র গুপ্ত, ২১৭নং রাজা নবকৃষ্ণের ষ্ট্রীট, শোভাবাজার, কলিকাতা।

২৬৯। ,, দ্বারকানাথ মুখোপাধ্যায়, ৬নং রাজাবাগান ষ্ট্রীট, কলিকাতা।

২৭০। ,, জিষ্ণুকৃষ্ণ দেব, ২১৭নং রাজা নবকৃষ্ণের ষ্ট্রীট, কলিকাতা।

২৭১। ,, পূর্ণচন্দ্র ঘোষ (খ) ১০৭নং গ্রে ষ্ট্রীট, কলিকাতা।

২৭২। ,, নগেন্দ্রকৃষ্ণ মল্লিক, ২নং শিবশঙ্কর মল্লিকের লেন, শ্যামপুকুর, কলিকাতা।

২৭৩। ,, গুণেন্দ্রনাথ রায়, ৬নং রাজাবাগান ষ্ট্রীট, কলিকাতা।

২৭৪। ,, লালগীমোহন ঘোষ, ১নং হার্ডিংটন ষ্ট্রীট, কলিকাতা।

২৭৫। ,, মহেন্দ্রনাথ মজুমদার, কাশীপুর।

২৭৬। ,, বিধুভূষণ গঙ্গোপাধ্যায়, কাশীপুর।

২৭৭। ,, কুমার সত্যবাদী ঘোষাল, কাশীপুর।

২৭৮। মহামহোপাধ্যায় শ্রীযুক্ত নীলমণি ন্যায়ালঙ্কার এম, এ, ২২নং নিয়োগী-পুকুর ওয়েষ্ট লেন, তালতলা, কলিকাতা।

২৭৯। শ্রীযুক্ত অমৃতলাল সরকার, ডাক্তার, ৫৩নং শাঁখারীটোলা লেন, কলিকাতা।

২৮০। ,, অতুলকৃষ্ণ দত্ত, এম, ডি, ডাক্তার, ৮৯নং বারাণসী ঘোষের ষ্ট্রীট।

২৮১। ,, অমৃতলাল দে, বি, এল, উকীল, ৪০নং দরজীপাড়া ষ্ট্রীট, কলিকাতা।

২৮২। ,, নবীনচন্দ্র দাস এমএ, ডেপুটী ম্যাজিষ্ট্রেট, চট্টগ্রাম।

২৮৩। ,, যোগেন্দ্রনাথ বিদ্যাভূষণ, এম্‌এ, ,, ,, ফরিদপুর।

২৮৪। ,, অপূর্ব্বচন্দ্র দত্ত বি, সি, এস, একষ্ট্রা আসিষ্টাণ্টকমিসনার, হোসেঙ্গাবাদ সি, পি।

২৮৫। ,, নন্দলাল বাগচী, বি এ, ডেপুটী ম্যাজিষ্ট্রেট তমলুক।

২৮৬। ,, রাজেন্দ্রনাথ মুখোপাধ্যায় এম, এ, বি, এল, উকীল শ্যালদহ।

২৮৭। ,, নগেন্দ্রচন্দ্র মিত্র এম্‌ এ; ব্যারিষ্টার, অধ্যাপক, রাজসাহী কলেজ।

২৮৮। শ্রীযুক্ত উমেশচন্দ্র বন্দ্যোপাধ্যায়, ১৪নং কৈলাসচন্দ্র বন্দ্যোপাধ্যায় লেন, পঞ্চাননতলা, হাবড়া।

২৮৯। ,, গোপালচন্দ্র মিত্র এল, এম, এস্, ব্যাটরা, হাবড়া।

২৯০। ,, রাজা সার্ শৌরীন্দ্রমোহন ঠাকুর কেটি, সি, আই, ই, হরকুমার ভবন, পাথুরিয়াঘাটা রাজবাটী, কলিকাতা।

২৯১। ,, যশোদানন্দন প্রামাণিক এম, এ, বি এল্, উকীল, হাইকোর্ট, ৩৮নং মধুরায়ের লেন, কলিকাতা।

২৯২। ,, নৃপেন্দ্রনাথ সরকার, ভাগলপুর।

২৯৩। ,, হেমচন্দ্র সরকার, এম এ, অধ্যাপক, রাজসাহী কলেজ।

২৯৪। ,, কালিদাস মল্লিক, এম এ, অধ্যাপক, বর্দ্ধমান কলেজ।

২৯৫। ,, সুরেশচন্দ্র সেন, ডেপুটীকালেক্টর, বালেশ্বর।

২৯৬। ,, ক্ষীরোদচন্দ্র রায় চৌধুরী, এম এ, অধ্যাপক ও অধ্যক্ষ হুগলী কলেজ।

২৯৭। ,, বরদাচরণ চক্রবর্ত্তী, তন্তর গ্রাম পোঃ রূষদী, ঢাকা।

২৯৮। ,, কুমুদিনীকান্ত বন্দ্যোপাধ্যায়, অধ্যাপক, রাজসাহী কলেজ।

২৯৯। ,, ইন্দ্রনারায়ণ ঘোষ, বি এল, উকীল ভাগলপুর, পাণ্ডুয়া।

৩০০। ,, অম্বিকাচরণ গুপ্ত, ১৯নং গঙ্গাধরবাবুর লেন, বহুবাজার, কলিকাতা।

৩০১। ,, জ্ঞানেন্দ্রনাথ চৌধুরী, এম এ, ডেপুটী ম্যাজিষ্ট্রেট, নোয়াখালী

৩০২। ,, মধুসূদন রাও, হেডমাষ্টার ট্রেনিংস্কুল, কটক,।

৩০৩। ,, রমেশ চন্দ্র দাস ডেপুটি কলেক্টর, বীরভূম।

৩০৪। ,, কুমুদবন্ধু দাস গুপ্ত, ডেপুটি কালেক্টর, ময়মনসিংহ।

৩০৫। ,, বিপিনবিহারী দাস গুপ্ত, বি এল, মুন্সেফ, লক্ষ্মীপুর নোয়াখালী

৩০৬। ,, গিরীন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়, ডেপুটী ম্যাজিষ্ট্রেট্ মেদিনীপুর।

৩০৭। ,, শ্যামাকুমুদ মুখোপাধ্যায়, ডেপুটী কালেক্টর, দিনাজপুর।

৩০৮। ,, শরচ্চন্দ্ররায়, বিএল, উকীল, রাজসাহী।

৩০৯। ,, ব্রজেন্দ্রনাথ দে, এমএ, সি, এস্; বিএল, কলেক্টর, বাঁকুড়া।

৩১০। ,, শিবনারায়ণ মুখোপাধ্যায়, জমীদার, উত্তরপাড়া।

৩১১। ,, মহেন্দ্রনাথ মজুমদার, ডেপুটী কলেক্টার, কানপুর।

৩১২। শ্রীযুক্ত নয়নরঞ্জন ভট্টাচার্য্য, ডেপুটীম্যাজিষ্ট্রেট, বাঁকুড়া।
৩১৩। ,, কুমার রামেশ্বর মালিয়া জমীদার, শিয়ারশোল রাজবাটী।
৩১৪। ,, রায় রোহিণীকুমার চৌধুরী, জমীদার, কীর্ত্তিপাশা, বরিশাল।
৩১৫। ,, রাজবিহারী দাস, লোনসিংহ, ফরীদপুর।
৩১৬। ,, কৃষ্ণনারায়ণ ভৌমিক, বিদ্যারঞ্জন, গুণাইগাছা, পাবনা।
৩১৭। ,, যজ্ঞেশ্বর ঘোষাল, কামারহাটী, এঁড়েদহ।
৩১৮। ,, রাধানাথ রায়, স্কুল ইন্সপেক্টার, বর্দ্ধমান।
৩১৯। ,, যতীশচন্দ্র বন্দ্যোপাধ্যায় ১১।১ শ্রীদামমুদীর লেন, দর্জ্জিপাড়া, কলিকাতা।
৩২০। ,, অক্ষয়চন্দ্র সরকার, চুঁচড়া হুগলী।
৩২১। ,, রাজীবলোচন দাস, মহাজন, মৈনা, কানইবাজার, শ্রীহট্ট।
৩২২। ,, সুরেন্দ্রনাথ গুহ, বি এল, মুন্সেফ, সাতক্ষীরা।
৩২৩। ,, ধনকৃষ্ণ সেন, ৫৬নং ওয়োলিংটন ষ্ট্রীট, কলিকাতা।
৩২৪। ,, মন্মথনাথ দে, বি এল, উকীল, বাঁকীপুর।
৩২৫। ,, সতীশচন্দ্র রায়, এম এ, ১৭নং মদনমিত্রের লেন, সিমলা।
৩২৬। ,, জগদীশচন্দ্র মুখোপাধ্যায়, বিএ, ১৭ মদনমিত্রের লেন, সিমলা।
৩২৭। ,, মহেন্দ্রনাথ মুখোপাধ্যায়, ৫৩নং গ্রে ষ্ট্রীট, কলিকাতা।
৩২৮। ,, রাজনারায়ণ মুখোপাধ্যায়, জমীদার, উত্তরপাড়া।
৩২৯। ,, যোগেন্দ্রকুমার ঘোষ, ডেপুটীম্যাজিষ্ট্রেট, দিনাজপুর।
৩৩০। ,, কৃষ্ণচন্দ্র দে, এম, এ, সেণ্ট্রাল হিন্দুকলেজ, কাশী।
৩৩১। ,, মাননীয় সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়, বেঙ্গলী সম্পাদক, ৬৩না নিয়োগীপুকুর ইষ্টলেন, তালতলা, কলিকাতা
৩৩২। ,, রায় শরচ্চন্দ্র দাস সি, আই, ই বাহাদুর, ৮৬।২নং জানবাজার ষ্ট্রীট, কলিকাতা।
৩৩৩। ,, দেবকিশোর মুখোপাধ্যায় এম এ, ১৭নং বাবুরাম শীলের লেন বহুবাজার।
৩৩৪। ,, মন্মথনাথ চট্টোপাধ্যায়, ১।২নং সুকিয়া ষ্ট্রীট কলিকাতা।
৩৩৫। ,, নরেন্দ্রনাথ চট্টোপাধ্যায়, ৩০নং চন্দ্র চট্টোপাধ্যায়ের লেন, ভবানীপুর, কলিকাতা

৩৩৬। শ্রীযুক্ত চন্দ্রনারায়ণ সিংহ, এম এ, ভাগলপুর।
৩৩৭। ,, অমৃতলাল রায়, হোপ সম্পাদক, ২১নং জেলিয়াটোলা লেন।
৩৩৮। ,, বরদাকান্ত সেন গুপ্ত, ১৪নং কলেজ ষ্ট্রীট, কলিকাতা।
৩৩৯। ,, শ্যামাধব রায়, ডেপুটী ম্যাজিষ্ট্রেট, আলীপুর।
৩৪০। ,, দুর্গাদাস লাহিড়ী, ১।১নং শঙ্কর ঘোষের লেন, কলিকাতা।
৩৪১। ,, লক্ষ্মীনারায়ণ রায়, কবিরাজ, ৭নং কাসারী পাড়া।
৩৪২। ,, কুঞ্জলাল রায়, ২।১নং বাগবাজার ষ্ট্রীট, কলিকাতা।
৩৪৩। ,, অশ্বিনীকুমার দাস, বি এ, ২৪নং বেনিয়াটোলা লেন, কলিকাতা।
৩৪৪। ,, ভবেন্দ্রনাথ দে, এম, এ, ৩৬নং রাজারাম অক্রূরের লেন, বহুবাজার, কলিকাতা।
৩৪৫। ,, যোগেন্দ্রনাথ চট্টোপাধ্যায়, দৈনিক সমাচার সম্পাদক, ৫নং রামহরি ঘোষের লেন, কলিকাতা।
৩৪৬। ,, নরেন্দ্রনাথ সেন, ইণ্ডিয়ান মিরার সম্পাদক, ২৪নং মট্ স্‌লেন।
৩৪৭। ,, শ্যামাচরণ মিত্র ৭।১।২ মুক্তারাম বাবুর ষ্ট্রীট, চোরবাগান, কলিঃ।
৩৪৮। ,, কালীপ্রসন্ন চট্টরাজ ১০নং বাহির মির্জ্জাপুর রোড, কলিকাতা।
৩৪৯। ,, কুমার বসন্তকুমার রায় বাহাদুর, ৭৪নং লোয়ার সাকুলার রোড।
৩৫০। ,, অবিনাশচন্দ্র বসু, এম, এ, ডেপুটি ম্যাজিষ্ট্রেট, বর্দ্ধমান।
৩৫১। ,, লোকেন্দ্রনাথ পালিত, সি, এস, জজ, যশোহর।
৩৫২। ,, বিহারীলাল গুপ্ত সি এস, লিগাল রিমেমব্রান্সার, হাইকোর্ট।
৩৫৩। ,, উমেশচন্দ্র মুখোপাধ্যায়, সিভিলসার্জ্জন, বাঁকুড়া।
৩৫৪। ,, প্রমথনাথ চট্টোপাধ্যায়, আন্দুলিয়া, রাণাঘাট।
৩৫৫। ,, তারকনাথ বিশ্বাস, সাবরেজিষ্ট্রার, জাহানাবাদ, হুগলী।
৩৫৬। ,, ক্ষেত্রপাল চক্রবর্ত্তী, ১২নং রামধন মিত্রের লেন।
৩৫৭। ,, নারায়ণচন্দ্র সেন, বি, এল, ডেপুটি ম্যাজিষ্ট্রেট, কান্দী।
৩৫৮। ,, পূর্ণচন্দ্র সরকার, বি এল, মুন্সেফ, চট্টগ্রাম।
৩৫৯। ,, বিপিনবিহারী চট্টোপাধ্যায়, ৭৯।১ হারিসন রোড।
৩৬০। ,, বেণীমাধব কাব্যতীর্থ, তারকেশ্বর মোহান্তের চতুষ্পাঠী তারকেশ্বর, হুগলী।
৩৬১। ,, গিরিজানাথ মুখোপাধ্যায়, গরীবপুর; যশোহর।

("খ" পরিশিষ্ট।)

FROM

Raya Yatindra Nath Chowdhury M.A., B.L.,

Secretary, Bangiya Sahitya Parishad.

To

The Secretary to the Government of Bengal,

General Department, Education.

SIR,

1 On behalf of the BANGIYA SAHITYA PARISHAD, I beg leave to submit this representation, for the consideration of His Honor the Lieutenant-Governor of Bengal.

2. The Bangiya Sahitya Parishad is a literary association, established on the 23rd July, 1893, chiefly for the improvement of the Bengali Language and Literature, and it includes amongst its members many of the best writers in Bengali and other leading members of the native community of Bengal

3. At a meeting of the Parishad held on the 16th July 1899, a Sub-Committee, consisting of the members named in the margin, was appointed in view of the Resolution of the Government of Bengal, General Department, Education, dated Darjeeling, the 1st July 1899, and No, 1921 (by which the Government was pleased to invite any one, who might desire to do so, to submit to Government on or before the 1st of October, 1899, any criticisms, he had to make on the proposals before Government, for the reform of the system of Vernacular Education in Bengal) to consider and report on the Scheme of Education,

Babu Dwijendra Nath Tagore, Hon'ble Justice Guru Das Banerjee M A, D L, A M Bose Esq Babus Sarada Charan Mitra, M A B L, Saradā Ranjan Ray M A Umes Chandra Dutt B A Hon'ble Dr Ashutosh Mukerjee M A, D L, Babus Amrita Lal Bose, Hirendra Nath Dutt M A, B L, Sivaprasanna Bhattacharyya B L. Nagendranath Bose, Mati Lal Ghosh, Panchkari Banerjee, B A, Byomkesh Mustapha and Raya Yatindra Nath Chowdhury M A, B L

formulated by the Committee of Experts, presided over by the Director of Public Instruction, Bengal. The Sub-Committee held several meetings and drew up a Memorial which, after circulation among the members, was adopted by the Parishad at a special meeting held on the 28th September, 1899, and is now submitted to you.

4 The Parishad feels deeply grateful to the Government for having taken action for the purpose of reforming the present system of Vernacular Education, which stood in urgent need of reform and it is a matter of great congratulation to the Parishad that the Scheme, formulated by the Committee appointed by the Government, is, to some extent, based on the lines indicated by the Parishad in its memorial to the Director of Public Instruction, dated the 16th December, 1896. At the same time the Parishad begs leave to observe that, having regard to the importance of the work entrusted to it, it would have been more desirable, if the Government had made the Committee more representative in its character and instructed it to call for the opinion of the educated public of Bengal, especially of those, who are interested in the subject of Vernacular Education.

5. While generally agreeing with the principles laid down by the Committee, the Parishad ventures to differ from the Committee in matters of detail and begs to offer [illegible] criticisms in respect thereof.

6. In framing its Scheme, the Committee seems to have kept mainly in view the agricultural population of those provinces and does not seem to have paid sufficient attention to the needs of the pupils, belonging to the higher castes, who avail to a large extent of the system of Vernacular Education. The fact is that in Town Schools as well as in Schools in the remotest Villages, pupils, belonging to the higher castes are sent in large numbers to the Lower Primary and the Upper Primary Schools and in still larger numbers to the Middle Schools. The major portion of the school-going population is made up of higher caste pupils, who are not agriculturists at

all and who belong to what is called the "Bhadralok" class. The system of Vernacular Education, therefore, should be such that it may prove suitable to the pupils belonging to the higher castes, (who for the most part make use of the Primary and Middle Schools as stepping-stones to pass on to the High English Schools, recognised by the Senate of the University of Calcutta) as well as to the pupils belonging to the agricultural population, whose Education does not proceed further than the Upper Primary stage and except in very few cases, beyond the Middle Vernacular stage. The Parishad ventures to think that the Scheme, formulated by the Committee, seems to have been framed on the assumption that the pupils, who avail themselves of Vernacular Education, do not intend to prosecute their studies further than the Middle Vernacular standard.

7. The Parishad thinks that, in order that the system of Vernacular Education may yield the largest benefit to all classes of the community, it is necessary that it should be such that it may assimilate itself with the system of education in vogue in High English Schools. This may be done in either of two ways or perhaps better, by a combination of both : viz, by introducing the teaching of English as a second language in higher classes of all Middle Vernacular Schools or by assimilating the standards for the different classes in High English Schools, below the third, with those of the different classes, of Middle Vernacular Schools, English being taught in the former, as in the case of Middle English Schools, as a second language. In this connection I venture to quote from the report of the Officiating Director of Public Instruction, Appendix A. pp. 143 and 144, for 1871-72, an extract from an opinion recorded by the late Babu Bhudev Mukerjee, C. I. E, a High Educational Officer under Government, of vast experience : "I have always thought that it would be an improvement in the schools, if the medium of instruction in such subjects as Geography, History, Mathematics &c., were the Vernacular and not English. In these, as in the Middle-Class English Schools, English should be taught as a language only."

8 The Parishad begs to draw attention to the fact that, one by one the avenues of employment, open to Middle Vernacular Scholars, have been closed,—a step which has proved detrimental to the cause of Vernacular Education. Such Scholars cannot now join the Medical Schools, nor can they go up for the Muktearship Examination. It is, therefore, of the utmost impartance, that facilities should be provided for them, to pass on to the High English Schools and follow up their Vernacular Education imparted in English Schools, recognised by the Senate of the Calcutta University These facilities, in the opinion of the Parishad, may best be provided, by giving effect to the suggestion, contained in the next preceeding paragraph

9. The Parishad fails to see, why the improved system of education, formulated in the Committee'e report, the introduction of which is designed more to develop the minds of the boys than to practise and strengthen their memories and which is expected to lead to a harmonious and complete development of the whole of the pupils' faculties and to their general enlightenment and intellectual expansion, should be confined within the narraw limits of Vernacular Schools and why that system should not be introduced into High English Schools, from which candidates for University Honours are recruited in large numbers. The Parishad can well understand that the Committee, which was appointed to submit proposals for remodelling the existing system of Vernacular Education in Bengal, did not fell itself probably called upon to offer any criticism of the system of education in vogue in High English Schools or submit any proposal for the impovement thereof, but now that Government has accepted the principles, enunciated by the Committee, as sound and practicable ones and calculated to lead to the harmonious and complete development of the student's mind, the Parishad ventures to submit, for the careful consideration of the Government, the claims of the school-going population, receiving their education in High English Schools, who for the most part belong to the higher classes.

10. The Parishad further begs to observe that, having regard to the opposition that the proposed Scheme has evoked in the country, inevitable result of giving effect to the Scheme only in respect of Vernacular Education, without at the same time extending its operation to the High English Schools will be, that the system will be evaded by converting Middle Vernacular Schools into Middle English Schools or (in case the system should be enforced in the last named schools also,—a point, which is not clear from the report of the Committee) into High English Schools, and the effect of this will be that the scope and extent of Vernacular Education will be considerably narrowed.

11. The Parishad ventures to think, that in the proposed scheme the importance of Literature as distinguished from Science has been ignored. The Parishad is aware that there is room for considerable difference of opinion, as to the respective merits of a Scientific as opposed to a Literary education. The Parishad, however, begs leave to observe that, inassuch as the human mind is not made up of intellect alone but that emotion has an important part therein and inassuch as the study of Literature is more calculated to develop, purify and strengthen the latter than a system of mere Scientific education, the proposed Scheme, in so far as it underrates the importance of Literature as a subject of study, is open to adverse criticism.

12. With the view of supplementing the general observations hereinbefore made, I now proceed to a detailed criticism of the proposed Scheme.

13 (*a*) For the Middle Vernacular Examination, it is proposed to prescribe a Literature book, for the 5th and 6th standards of Middle Vernacular Schools, of 150 pages inclusive of 50 pages of poetry which is to include Grammar and Composition. The Parishad ventures to think that, having regard to the importance to students of the teaching of Grammar, not only as a means of mental discipline, but as a valuable aid to the writing and speaking of the language correctly, a separate Text-book in Grammar should be prescribed, consisting of

about 50 pages and containing the simpler rules on "Sandhi," "Karak," "Samas," "Taddhita," "Kridanta," &c

(*b*) That History and Geography, instead of being taught by a single Reader written on the model of Sir W. Lee-Warner's "Citizen of India," should be taught by separate Text-books, as in the system of Vernacular Education prevalent in the Central Provinces which has met with the Committee's approval. In the opinion of the Parishad, the Historical Text-book should contain a connected account of the History of India and the Geographical Text-book should give the students a general knowledge of the four quarters of the Globe and a special knowledge of India.

(*c*) The Parishad is further of opinion, that regard being had to the fact, that students reading in the Middle Vernacular Schools (the 5th and 6th standards) mostly belong to the upper classes, manual training, viz., bamboo-work and wood work, which are occupations appropriated to some of the lower castes, should be omitted altogether and its place taken by drawing, which forms a part of the curriculum of the Middle Vernacular course, as being fitted to develop the power of the hands and the eye. In this connection, Government will be pleased to consider, whether, in order to meet the opposition, that the proposed inclusion of manual training in the curriculum in the form proposed by the Committee, viz., of leaf-manipulation, basket-weaving, string-weaving and bamboo-work, is likely to evoke, and has already evoked it would not be advisable to substitute, for such occupations other occupations, such as paper-folding &c. which are more suited to the social ideas and prejudices of the higher castes.

(*d*) It should be further considered whether, having regard to the fact, that the subordinate officers of Zemindars and Mahajans are mainly recruited from the class of people whose education terminates with the Middle Vernacular Examination, Zemindari and Mahajani Accounts should not form a part of the curriculum for this Examination.

14. For the Upper Primary Examination, it is proposed

to prescribe one single Reader for the purpose of teaching History, Geography and Literature (prose and poetry). The Parishad ventures to think that a separate Text-book on Literature, should, as in the Middle Vernacular Examination, be prescribed and that instead of compressing History and Geography into one Reader, two separate Text-books (the Historical Book containing a connected account of the History of Bengal and the Geographical Book giving the student a general knowledge of Asia and a special knowledge of Bengal) should be prescribed, as suggested before, in the case of the Middle Vernacular Examination. Elementary principles of Grammar should also be prescribed for the students who would go up for the Upper Primary Examination They may not read a separate Text-book on Grammar but a certain portion of the book prescribed for the Middle Vernacular Examination may be taught in the Upper Primary class

15. The Science Primer now proposed to be prescribed for the Lower Primary Examination, should be replaced by a Reader to consist partly of moral lessons and partly of lessons on scientific subjects as recommended by the Committee appointed by the Government, and the entire book is to be treated as a Literature book and taught as such.

16. The introduction of Kindergarten and Object Lesson teaching in the infant class of the Lower Primary Schools and of Object Lessons in the 1st and 2nd standards of the Primary Schools, is an innovation of far-reaching consequence and if successfully carried out, cannot fail to prove of the greatest benefit to the pupils, for whom they are intended. At the same time the Parishad is bound to observe that, unless the necessary means are adopted to insure the success of the proposed Scheme in this respect, it would prove worse than useless. The Parishad is persuaded that the Gurus, now in charge of Lower Primary Schools, who are, for the most part, recruited from a class, possessing very indifferent education, would be wholly incompetent to teach after the Kindergarten method or to give Object Lessons to their pupils, even with the help

of the proposed Teachers' Manuals. The success of the proposed Scheme will largely depend on the "personnel" of the teachers and the Parishad has grave misgivings as to whether the necessary preliminaries, suggested in the 18th paragraph of the Committee's Report, would be at all adequate for the purpose and the Parishad is convinced that in order to insure the successful working of the Scheme, it would be necessary to open a large number of Training Schools in convenient centres, which may be availed of by intending Gurus in large numbers and to provide better prospect and higher emoluments to attract a better class of men than are at present available to undertake the duties of Gurus in Lower Primary Schools. The Parishad therefore suggests that the proposed system of Kindergarten and Object Lesson teaching should at first be confined to some Schools at some convenient centre, which should be fully equipped for the purpose by the Government. Unless the Government should be prepared to make a large outlay on Vernacular Education than it does at present, it will not be possible to give effect to the proposed system in a large number of schools, at least for some years to come. It should further be borne in mind that, in Bengal, the number of Aided and Stipendiary Schools, which may be said to be under the control of the Government, is only 13·8 per cent. of the total Vernacular Schools, whereas the Unaided and Non-stipendiary Schools, over which the Education Department can exercise but a loose sort of control, make up the residue. Silent opposition is expected from the promoters of these last mentioned schools and the effect of the enforcement of the Scheme may be to drive these men to sever the connection of their schools with the Lower Primary System altogether. And having in view the fact that the 26,866 Non-Stipendiary Schools in Bengal received from the Government and the Boards, altogether Rs 3,42,908, in 1897-98, an average of Re. 1 per month, per school, the contingency, I have just suggested, is not so unlikely as it may seem at first sight. It is therefore necessary that public opinion should be enlisted on the side of the pro-

posed modification and this can best be done by proving the success of the Scheme in a few advanced and selected schools, instead of introducing the Scheme all at once in all the 47,500 schools in Bengal.

17. In the opinion of the Parishad the time, allowed by the Committee for the introduction of the new Scheme, under which the first examination for scholarships under the revised standard would be held in 1902, inadequate. So far as the Lower Primary Examination is concerned, there can be no objection to the Scheme, as suggested above, being introduced in 1903, but as the system proposed is a graduated one and leads from stage to stage, from the Lower Primary through the Upper Primary to the Middle Vernacular stage, an examinee, who was not been brought up under the new system and who has not mastered the Text-books for the Lower Primary Examination, cannot be expected to go up for the Upper Primary or Middle Vernacular Examinations with any reasonable chance of success in 1902. To take one instance, how is a candidate, in the Middle Vernacular Examination in 1902, to answer questions on Botany, set from the more advanced Science Reader appointed as Text-book for that Examination, when he has not read Botany in pre° two years in the 1st to the 4th Standards. The Parishad therefore suggests that the Scheme should be introduced in 1904 for the Lower Primary, in 1906 for the Upper Primary and in 1908 for the Middle Vernacular Examination.

18. As to the method suggested by the Committee of procuring the class of Text-books required, the Parishad thinks that instead of Government giving a guarantee that no changes would be made in the books for a certain time, namely for five years, as proposed by the Committee, (which would give monopoly to one auther for five years and thus put a check to healthy competition) the system now in force in this respect should be followed, that is to say, the Government should notify publicly the Text-books, required for the different classes of schools and invite authors and publishers to submit works, for

approval of the Central Text-book Committee or some other Committee, appointed by the Government. The Committee would approve of such books as in its opinion may seem fit to be used as Text-books for the several examinations, instead of accepting one single book as the very best and rejecting all the rest. The rest would be left to competition as now. The Parishad thinks that in this way a better class of Text-books and a larger number of them would be available than under the system proposed by the Committee.

19 The Parishad lastly prays, that the Government will be pleased to take the above observations into its favourable consideration, before taking action upon the proposals made by the Committee.

The B. S. Parishad Office.
106-2 Grey Street,
The 30th September, 1899

I have the honour to be,
Sir,
Your most obedient servant,

(Sd) YATINDRA NATH CHOWDHURY,
Hony. Secretary, B. S. Parishad.

("গ" পরিশিষ্ট।)

FROM

Raya Yatindra Nath Chaudhuri M.A., B.L.
Secretary, Bangiya Sahitya Parishada,
CALCUTTA.

To

The Secretary to the Government of Bengal,
Financial Department.

SIR,

The "Bangiya Sahitya Parishada" or the Academy of Bengali Literature, is an Association founded in Calcutta in the year 1893, by a body of educated gentlemen of Bengal, to im-

prove and encourage Bengali Literature. As a means to this end, the Association under-takes to publish new literary works a Grammar and Dictionary of the Bengali language, Bengali Translation of valuable and useful books from other languages, to collect and edit ancient poetical works, to publish dissertations on Philosophy, Science, History, Poetry and other subjects of general literature, and to conduct and edit a periodical journal in Bengali. Since its establishment, the Association has been trying to the best of its power, to accomplish those objects.

One of the various duties of the Association has been to seek to assist eminent men of science and literature in these provinces, who have fallen into pecuniary difficulty. The Association therefore begs most humbly to approach the Government with a representation for help, on behalf of Babu Hem Chandra Banerji, the late Senior Government Pleader of the High Court and celebrated Bengali poet, who is and will continue to be widely known all over the country for the genuine and exceptional excellence of his poems. This old gentleman has now grown blind and is at present devoid of any means to support himself and his family. During his early days of prosperity, he devoted most part of his income to the cause of charity and his generous heart and benevolence have, I am afraid, been the cause of his present distress.

It will not be out of place, if the Association takes the liberty of referring to the reply, which the Hon'ble Mr. Baker was pleased to give to the proposal that was made, at the meeting of the Council of His Honour the Lieutenant Governor, held on the 15th of April 1889, by the Hon'ble Raja Sasi shekharesvar Roy Bahadur of Tahirpur. The Hon'ble Raja Bahadur proposed to the Council, that a monthly "pension or honorarium" be granted by the Government of Bengal to Babu Hem Chandra Banerji, an eminent poet of Bengal, as a mark of its appreciation of his life-long devotion to the cause of Bengali Literature. In reply to the proposal of the Hon'ble Raja Bahodur, as published in the "Calcutta Gazette' of the 17th

of May 1899, the Hon'ble Mr. Baker was pleased to observe "if at any time, any conspicuously deserving case of the kind (namely that of a distinguished Bengali Scholar or poet) were brought forward, I fell sure, it would receive the sympathetic consideration of my Hon'ble friend Mr. Finucane."

In expressing the humblest thanks and most heart-felt and sincere gratitude of the Association, for the kind and hopeful assurance of Government quoted above, the Association humbly begs, to bring formally to the kind notice of the Government of Bengal, the case of Babu Hem Chandra Banerji, who, as stated above, is old and blind and is almost without any means of subsistence and thinks that regard being had to his eminent services to the cause of the modern Bengali Poetical Literature, he (the poet) richly deserves State patronage by the grant of a fixed monthly "pension or honorarium." *We understand* that it is a practice in England and other civilized and advanced countries of the West, to accord State encouragement to men of Literature and Science for their eminent services in their respective department of learning and such a benevolent measure, if adopted here, will be gratefully acknowledged and the ties of affection, gratitude and loyalty, which bind the people to their rulers, will be drawn closer.

The Association therefore most humbly prays that the Government of Bengal may be graciously pleased to take into its kind consideration Babu Hem Chandra Banerji's case and settle upon the blind poet a monthly "pension or honorarium," so as to enable him to pass the few remaining days of his life in comprative peace of mind.

I have the honour to be,

Sir

Your most obedient servant,

YATINDRA NATH CHOWDHURY.

Hony. Secy. B. S. P.

DATED, CALCUTTA,
The 30th of August, 1899.

"খ ১।" পরিশিষ্ট।

No 657 T. G

GENERAL DEPARTMENT

From

E LISTER Esqr C S

Under-Secretary to the Govt of Bengal.

To

BABU HEM CHANDRA BANERJI

Dated Darjeeling, the 20th June, 1900.

Sir,

I am directed to inform you that Her Majesty's secretary of state for India has been pleased, on the recommendation of the Indian Government, to grant you, with effect from the 1st January, 1900, a pension of Rs 25 per mensem in consideration of your literary merits and distressed circumstances I am to request that you will be good enough to intimate to this office the name of the Treasury at which the pension should be paid

I have &c

Sd) E. Lister

Under-Secretary

No 658, T G

Govt order No 957 T G of 30th June 1900 } Copy forwarded to the Secretary Bangiya Sahitya Parisad, for information with reference to his memorial dated 30th August 1899

Darjeeling, General dept, Miscellaneous Branch The 20th June 1900 } By order of the Lieutenant Governor of Bengal,
Sd E LISTER.
Under-Secretary to the Govt. of Bengal

"ঘ" পরিশিষ্ট।

বঙ্গীয় সাহিত্য পরিষদের

ভাষা ও ব্যাকরণ-সমিতির প্রশ্নাবলী।

বাঙ্গালা ভাষার ব্যাকরণ প্রণয়ন করিবার প্রণালী নির্দ্ধারণ।

(১) সংস্কৃত ব্যাকরণ অনুসারে সন্ধির নিয়মগুলি রাখা সঙ্গত কি না? কোন্ কোন্ স্থলে ঐ সকল নিয়মের অবলম্বন এবং কোন্ কোন্ স্থলে উহার অতিক্রম করা বিধেয়?

(২) সমাস, কারক, তদ্ধিত, স্ত্রীত্ব প্রভৃতির যে সকল নিয়ম এখনকার ব্যাকরণে প্রচলিত আছে, বাঙ্গালা ভাষার উচ্চারণ, সংগঠন ও ক্রমবিকাশের দিকে দৃষ্টি রাখিয়া তৎসমুদায়ের কিরূপ পরিবর্ত্তন করা সঙ্গত?

(৩) যে সকল সংস্কৃত শব্দের সহিত অসংস্কৃত শব্দের সংযোগ আছে, তৎসমুদায়ে সমাসের নিয়ম রাখা সঙ্গত কি না? যেমন পিতাঠাকুর বা পিতৃঠাকুর ইত্যাদি।

(৪) বিদ্যাসাগর মহাশয়ের গ্রন্থাবলীর অনেক স্থলে, 'তিনি অমুক বিষয় অমুকের হস্তে সমর্পিত করিয়াছেন', 'অমুক বিষয় অমুককে প্রদর্শিত করিয়াছেন,' ইত্যাদির প্রয়োগ আছে। কর্ত্তৃবাচ্যে সকর্ম্মক ক্রিয়াগুলির এই রূপ প্রয়োগ উচিত কি না? এ বিষয় বাঙ্গালা ভাষায় কিরূপ নিয়ম থাকা আবশ্যক?

(৫) বাঙ্গালা ভাষার সর্ব্বত্র সংস্কৃত ব্যাকরণের নিয়মানুসারে সংস্কৃত শব্দের প্রয়োগ বিধেয় কি না? বাঙ্গালায় অনেক সংস্কৃত শব্দ অসংস্কৃতভাবে প্রযোজিত হয়। যেমন 'শ্রীমানের,' 'শ্রীমানগণ,' 'বিপদসাগর' ইত্যাদি। আবার 'বিপৎপাত' প্রভৃতি সংস্কৃতনিয়মানুযায়ী শব্দের প্রয়োগও আছে। এ সম্বন্ধে ভিন্ন ভিন্ন নিয়মনির্দ্ধারণ আবশ্যক কি না? কি কি প্রণালীর অনুবর্ত্তন করিলে ভাষা পরিস্ফুট, শ্রুতিমধুর ও সৌন্দর্য্যশালী হইতে পারে?

(৬) বাঙ্গালা বর্ণমালায় দুইটী "ব"কার আছে, কিন্তু সংস্কৃতের "ব"কারের ন্যায় বাঙ্গালায় এই দুই "ব" চিনিয়া লইবার কোন নিদর্শন নাই। কোন্ স্থলে কোন্ "ব"কার হওয়া উচিত, তৎসম্বন্ধে বাঙ্গালায় কোন ব্যবস্থা দেখা যায় না। "ব"কারদ্বয়ের উচ্চারণ ও প্রয়োগ সম্বন্ধে দৃষ্টি না থাকাতে এখন বাঙ্গালায় "ভ" দিয়া ইংরাজি "ভি"র উচ্চারণ হইতেছে, যেমন 'গভর্মেণ্ট' 'ভিক্টোরিয়া,'

'প্রিভিকৌন্সিল' ইত্যাদি। এ স্থলে কিরূপ প্রণালী অবলম্বন আবশ্যক? বাঙ্গালায় দুইটী "ব"কারের পার্থক্য রাখা উচিত কি না? উচিত হইলে "ব"কারের বিভিন্নতাজ্ঞাপক কিরূপ নিদর্শন রাখা কর্ত্তব্য? স্বর্গীয় ডাক্তার রাজেন্দ্রলাল মিত্র ঐতিহাসিক ও ভৌগোলিক নামের অক্ষরান্তর প্রসঙ্গে এ বিষয়ে যে মত প্রকাশ করিয়াছেন, তাহা অবলম্বনীয় কি না?

(৭) বাঙ্গালায় স্থলবিশেষে তদ্ধিতের ইন্ প্রত্যয়ান্ত শব্দগুলির বর্ণবিন্যাস ভিন্নরূপ দেখা যায়। যেমন 'কর্ম্মচারিগণের,' 'কর্ম্মচারীদিগের,' 'হস্তিদ্বারা' বা 'হস্তীদ্বারা' ইত্যাদি। একরূপ শব্দের বর্ণবিন্যাস সর্ব্বত্র একরূপ হইতে পারে কি না? 'মনস্,' 'তেজস্,' 'হস্তিন্' প্রভৃতি শব্দগুলি বাঙ্গালায় মন, তেজ, হস্তী প্রভৃতি রূপে ধরিয়া বলিতে পারা যায় কি না? বাঙ্গালায় 'সতেজাঃ' না লিখিয়া 'সতেজ' লেখা হয়, আবার 'মনবৃত্তি,' 'মনতত্ত্ব,' 'মনকষ্ট' প্রভৃতির পরিবর্ত্তে 'মনোবৃত্তি' 'মনস্তত্ত্ব' ও 'মনঃকষ্ট' প্রভৃতি লিখিত হইয়া থাকে। এ স্থলে বাঙ্গালা ব্যাকরণের কিরূপ ব্যবস্থা আবশ্যক?

(৮) বাঙ্গালার বর্ণমালাগুলি কমাইবার কোন হেতু আছে কি না? অনেক বাঙ্গালা কথা বিস্তৃতভাবে না লিখিয়া সংক্ষিপ্তভাবে লেখা যাইতে পারে, যেমন 'থই, মই, বই' (ব্যতীত) স্থলে 'খৈ, মৈ, বৈ' ইত্যাদি। ভাষার অবস্থানুসারে এই সকল বিষয় এক ভাবে চলিতে পারে, তৎসম্বন্ধে কি নিয়ম প্রশস্ত?

(৯) বৈদেশিক শব্দগুলির বর্ণবিন্যাস একরূপ হয়, তদ্বিষয়ে কোনরূপ নিয়ম করা সঙ্গত কি না? যেমন 'শিলিং' কথা কেহ কেহ "ং" অনুস্বার দিয়া, কেহ কেহ "ঙ" দিয়া, কেহ কেহ বা "ঙ" দিয়া লিখিয়া থাকেন। এক ভাষায় এরূপ বিভিন্ন বর্ণবিন্যাস থাকা সঙ্গত নয়। ঈদৃশ স্থলে কি করা উচিত?

(১০) প্রদেশবিশেষে উচ্চারণভেদে প্রাদেশিক শব্দগুলির বর্ণবিন্যাস বিভিন্ন দেখা যায়। এক অঞ্চলের লোক গ্রন্থাদিতে "এঁটেল" "গুঁড়া" প্রভৃতি ব্যবহার করেন, অন্য অঞ্চলের লোক চন্দ্রবিন্দুর ব্যবহার করেন না। এ সকল বিষয়ে কি প্রণালী অবলম্বনীয়?

(১১) শব্দ ও ধাতুর উত্তর বিভক্তিযোগ স্থলে কতদূর সংস্কৃত ব্যাকরণের নিয়ম পালন করা উচিত? বাঙ্গালায় কয়টী কারক থাকা আবশ্যক? স্বতন্ত্র বাঙ্গালা ধাতু স্বীকার করা উচিত কি না? ঐ ধাতুর উত্তর কৃৎ প্রত্যয় হইতে পারে কিনা?

ভাষা ও ব্যাকরণ সম্বন্ধে পরিষদের যে শাখাসমিতি প্রতিষ্ঠিত হইয়াছে, তাহার অধিবেশনে আপাততঃ এই সকল প্রশ্ন নির্দ্ধারণ করা গিয়াছে। অনুগ্রহপূর্ব্বক প্রশ্নগুলির উত্তর লিখিয়া পাঠাইবেন। ভাষার উৎকর্ষসাধন ও ব্যাকরণের প্রণয়ন সম্বন্ধে অন্য যে সকল বিষয় আপনার মতে প্রশস্ত বোধ হয়, তৎসমুদায়ও অনুগ্রহপূর্ব্বক পত্র-প্রাপ্তির এক মাস মধ্যে লিখিয়া জানাইবেন।

শ্রীরজনীকান্ত গুপ্ত

ভাষা ও ব্যাকরণ সমিতির সম্পাদক।

পরিশিষ্ট

২। ভাষা ও ব্যাকরণ সমিতির প্রশ্নাবলীসম্বন্ধে প্রেরিত পত্রের সত্যমঙ্গল সার সঙ্কলন।

বাঙ্গালা ভাষার ব্যাকরণ সম্বন্ধে সমিতির সদস্য মহাশয়দিগের নিকটে কতকগুলি প্রশ্ন পাঠান দিয়াছিল। শ্রীযুক্ত কৃষ্ণকমল ভট্টাচার্য্য, শ্রীযুক্ত রাজেন্দ্রচন্দ্র শাস্ত্রী, শ্রীযুক্ত বীরেশ্বর পাড়ে এবং শ্রীযুক্ত নবুলেশ্বর বিদ্যাভূষণ কেবল এ বিষয়ে আপনাদের অভিমত প্রকাশ করিয়াছেন।

কৃষ্ণকমল বাবুর মতে উল্লিখিত বিষয়ে এখনও নিয়ম-নির্দ্ধারণের সময় উপস্থিত হয় নাই। "বাঙ্গালাতে যে সকল স্থায়ী ও কীর্ত্তিশালী লেখক জন্মিয়াছেন ও জন্মিবেন, তাঁহাদিগের নিজ নিজ অভিরুচিদ্বারাই ঐ সকল বিষয়ের ব্যবস্থা হওয়া উচিত। এখনও তাদৃশ লেখকের সংখ্যা এত অধিক হয় নাই যে, তাঁহাদিগের রচনা হইতে সেই ব্যবস্থা উদ্ধার করা যাইতে পারে।" ইহার পর কৃষ্ণকমল বাবু লিখিয়াছেন—"মনে করুন, যদি কেহ 'বিদ্বান্‌গণ' না লিখিয়া, বাঙ্গালাতে "বিদ্বদ্‌গণ" লেখেন, তবে তিনি অস্থান-পাণ্ডিত্য (জ্যাটামি) দোষে দোষী হইবেন। কিন্তু তা বলিয়া 'বিদ্বজ্জনসমাজ' এ প্রকার শব্দ-বিন্যাস বাঙ্গালা ভাষা হইতে চিরদিনের জন্য নির্ব্বাসিত হওয়া উচিত, ইহা সাহসপূর্ব্বক বলা যায় না। আমার ক্ষুদ্রবুদ্ধিতে বোধ হয়, ভাষা-সম্পৃক্ত অনেক ব্যবস্থা করিবার অধিকারী হইতেছেন প্রতিভা, ব্যাকরণ নহে। যাবৎ প্রতিভা আবির্ভূত না হইয়া ভাষার প্রবাহ এক দিকে চালাইয়া দেয়, তাবৎকাল ব্যাকরণদ্বারা ব্যবস্থাপক চেষ্টা ফলবতী হইবে না।"

রাজেন্দ্র বাবুর মতে সংস্কৃত ব্যাকরণ অনুসারেই নিয়ম নির্দ্ধারণ করা উচিত। অসংস্কৃত শব্দের প্রয়োগ স্থলে লৌকিক ব্যবহারের দিকে দৃষ্টি রাখা বিধেয়। এ বিষয়ে প্রয়োগ-বাহুল্যকে আদর্শ করিলেই চলে।

বীরেশ্বর বাবু প্রধানতঃ সংস্কৃত ব্যাকরণের নিয়ম রক্ষা করিতে পরামর্শ দিয়াছেন। তবে স্থল-বিশেষে উহার ব্যতিক্রম হইতে পারে। তিনি লিখিয়াছেন—"বাঙ্গালায় সংস্কৃত ব্যাকরণের সমস্ত সন্ধিসূত্রের আবশ্যকতা নাই। কতকগুলির আবশ্যকতা আছে।" "সমর্পিত করিয়াছেন," প্রদর্শিত করিয়াছেন" প্রভৃতি লেখা তাঁহার মতে উচিত নয়। অসংস্কৃত শব্দের প্রয়োগ সম্বন্ধে তিনি কহিয়াছেন—"অধিকাংশ স্থলে যেরূপ নিয়ম অবলম্বিত হইয়া থাকে, সেইরূপ নিয়ম অবলম্বন করা উচিত। কিন্তু 'পিতাঠাকুর' না লিখিয়া যদি কেহ 'পিতৃঠাকুর' লেখেন, তাহা হইলে তিনি ভুল লিখিয়াছেন, বলিতে পারা যায় না।" যদি সমিতি আবশ্যক বোধ করেন, তাহা হইলে বীরেশ্বর বাবু ভাষার উৎকর্ষসাধন ও ব্যাকরণ প্রণয়নসম্বন্ধে তাঁহার অভিমত জানাইতে পারেন।

নকুলেশ্বর বাবু উপস্থিত বিষয়ে তাঁহার ভাষাবোধ নামক ব্যাকরণ দেখিতে বলিয়াছেন। সমিতি যে সকল বিষয় জানিতে চাহিয়াছেন, ভাষাবোধে তৎসমদয়ের উত্তর আছে। নকুলেশ্বর বাবুর মতে 'পিতাঠাকুরই' বাঙ্গালা পদ। 'পিতৃঠাকুর' বাঙ্গালায় চলে না।

"ঙ" পরিশিষ্ট।

গ্রন্থোপহারদাতাদিগের নামাদি।

শ্রীযুক্ত শ্রীশচন্দ্র ঘোষ, বি, এল্—(১) বঙ্গেশ্বর।

রাজা শ্রীযুক্ত বিনয়কৃষ্ণ দেব—৮ খানি পুথি,—

(১) ব্রহ্ম-পুরাণের সত্যনারায়ণের কথা, (২) নারদীয় পুরাণের অংশ, (৩) সাবিত্রী উপাখ্যান, (৪) একাদশী মাহাত্ম্য, (৫) রামায়ণ লঙ্কাকাণ্ড, (৬) চৈতন্য-চরিতামৃত, (৭) বাসুঘোষের নিমাই সন্ন্যাস, (৮) রামাভিষেক।

৬ খানি পুস্তক,—(১) চৈতন্যচরিতামৃত, (২) লঘুভাগবতামৃত, (৩) Victoria Chantam. (৪) A brief Summary of the Proceedings of the Public

meeting to protest against the Calcutta Municipal Bill (৫) Proceedings of the Public meeting on the Currency qu (৬) The 4th Annual Report of the Con mittee of ..e . Ind an Asso tion

শ্রীযুক্ত অমৃতলাল দে, বি, এল্—(১) Students History of Rajputana. (২) The Pocket Botany

শ্রীযুক্ত শিবাপ্রসন্ন ভট্টাচার্য্য, বি, এল্—(১) বিদ্যাসাগর প্রবন্ধ।

কবিরাজ শ্রীযুক্ত যোগেন্দ্রনাথ সেন, এম, এ,—(১) প্লেগ সম্বন্ধে আয়ুর্ব্বেদের মত, (২) The Hindu Medical Writers on Plague.

শ্রীযুক্ত অবিনাশচন্দ্র ঘোষ, এম, এ, বি, এল্—(১) প্রীতিগীতি।

শ্রীযুক্ত প্রিয়নাথ সেন, এম, এ, বি, এল্—অদ্বৈতবাদ-বিচার (২৫ খানা)

শ্রীযুক্ত বিজয়কৃষ্ণ মুখোপাধ্যায়,—৫ খানি পুথি ;—(১) নরোত্তম দাসের প্রেমভক্তি-চন্দ্রিকা, (২) বৃন্দাবন দাসের বৈষ্ণব-মাহাত্ম্য, (৩) লোচন দাসের সন্ন্যাস খণ্ড, (৪) অদ্বৈতের বাল্যলীলা (খণ্ডিত) (৫) বৃন্দাবনলীলা (খণ্ডিত)।

শ্রীযুক্ত দ্বিজেন্দ্রনাথ ঠাকুর—আর্য্যধর্ম্মের এবং বৌদ্ধধর্ম্মের পরস্পর ঘাতপ্রতিঘাত ও সংঘাত।

শ্রীযুক্ত ললিতকৃষ্ণ বসু,—(১) কবিকঙ্কণের চণ্ডী, (বটতলার প্রাচীন সংস্করণ)

শ্রীযুক্ত ঘনেন্দ্রনাথ বসু,—(১) রামপ্রসাদ, (২) নাট্যবিকার, (৩) বারবাহার, (৪) পৌরাণিক পঞ্চরং।

শ্রীযুক্ত শ্যামসুন্দর দাস, বি, এ—(১) ষষ্ঠ বার্ষিক বিবরণ, কাশী-নাগরী প্রচারিণী সভা, (২) রাজা হরিশ্চন্দ্র।

শ্রীযুক্ত ভূপেন্দ্রনাথ সান্যাল,—(১) আত্মবোধ।

শ্রীযুক্ত হেমেন্দ্রপ্রসাদ ঘোষ, বি, এ,—(১) বিপত্নীক, (২) উচ্ছ্বাস, (৩) অধঃপতন।

শ্রীযুক্ত রায় যতীন্দ্রনাথ চৌধুরী, এম, এ, বি, এল্—(১) বঙ্গীয় সমাজ।

শ্রীযুক্ত কালিদাস নাথ,—(১) জগদানন্দ-পদাবলী ভক্তিগ্রন্থাবলী (৫ খানা)।

শ্রীযুক্ত রামেন্দ্রসুন্দর ত্রিবেদী, এম, এ,—(১) সামাজিক ব্যাধি ও তাহার প্রতিকার, (২) বঙ্গভাষা ও সাধুভাষা ব্যাকরণ সারসংগ্রহ, (৩) বেদান্ত সংজ্ঞাবলী, (৪) ভ্রান্তিভঞ্জন, (৫) মহাভারত—উদ্যোগপর্ব্ব, (৬) Guide

to the transliteration of Hindu and Mahomedan names in the Bengal Army (৭) Dictionary of Mahomedan words.

শ্রীযুক্ত রামলাল চক্রবর্ত্তী,—(১) হরি-সঙ্গীত, (২) হরি-সংকীর্ত্তন।

শ্রীযুক্ত হরিশ্চন্দ্র নিয়োগী,—(১) প্রীতি উপহার, (২) মালতীমালা।

শ্রীযুক্ত খগেন্দ্রনাথ মুস্তফী,—(১) প্রেমগাথা।

শ্রীযুক্ত রমণীমোহন ঘোষ,—(১) মুকুর।

শ্রীযুক্ত রামকমল চট্টোপাধ্যায়,—(১) রবিনসন ক্রুশোর চরিত্র।

শ্রীযুক্ত গোপালকান্তি ঘোষ,—(১) রামায়ণ—লঙ্কাকাণ্ড, (২) মহাভারত—আদিপর্ব্ব।

শ্রীযুক্ত ব্যোমকেশ মুস্তফী,—(১) বিবিধ-প্রবন্ধ, (২) মানব-সুহৃদ, (৩) বিনয়-পত্রিকা, (৪) রত্নপরীক্ষা, (৫) ভ্রমনিবারণ, (৬) আমাদের জাতীয় বিজ্ঞান, ১ম খণ্ড, (৭) আমাদের জাতীয় বিজ্ঞান, ২য় খণ্ড।

শ্রীযুক্ত দীননাথ গঙ্গোপাধ্যায়,—(১) Life of Chaitanya

শ্রীযুক্ত ত্রৈলোক্যনাথ ভট্টাচার্য্য এম, এ, বি এল,—(১) বিদ্যাপতি, (২) পাঠমালা ১ম। (৩) ঐতিহাসিক প্রবন্ধমালা।

শ্রীযুক্ত রাধিকাপ্রসাদ দত্ত (১) বঙ্গে সামাজিকতা।

পণ্ডিত শ্রীযুক্ত দুর্গাপ্রসাদ মিশ্র,—হিন্দী—৮ খানি,(১) সর্পাঘাত চিকিৎসা। (২) প্রভাস-মিলন, (৩) বিদ্যাসুকুল, (৪) চারুপাঠ ১ম ভাগ, (৫) চারুপাঠ ২য় ভাগ, (৬) লক্ষ্মীবাই, (৭) কাশ্মীর-কীর্ত্তি, (৮) লক্ষ্মীশ্বর-চম্পু (সংস্কৃত), (৯) কলির মেয়ে ও নব্য বাবু, (১০) পরীক্ষিতের ব্রহ্মশাপ, (১১) সন্ন্যাসী।

শ্রীযুক্ত দেবেন্দ্রনাথ রায় চৌধুরী—(১) বিদগ্ধহৃদয় (২) বিদগ্ধ-জীবন।

শ্রীযুক্ত সুরেশচন্দ্র সমাজপতি—(১) বিবেক বিলাপ নাটক, (২) ত্রিদিব-বিজয় কাব্য।

শ্রীযুক্ত জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুর,—(১) ধ্যানভঙ্গ, (২) হঠাৎ নবাব, (৩) অলীক বাবু, (৪) উদ্ভব-চরিত।

শ্রীযুক্ত সত্যেন্দ্রনাথ ঠাকুর,—(১) মেঘদূত, (২) বোম্বাই চিত্র।

শ্রীযুক্ত অক্ষয়কুমার বড়াল,—(১) কনকাঞ্জলি, (২) প্রদীপ।

"চ" পরিশিষ্ট।

বঙ্গীয়-সাহিত্য-পরিষদের

১৩০৬ সালের আয় ব্যয় বিবরণ।

আয়।		ব্যয়।	
চাঁদা আদায়	১৪০৬৷৷০	বেতন	৩৬৫৷৵৫
প্রবেশিকা আদায়	৭৮৲	বিবিধ মুদ্রণ	১৩৮৸০
পুস্তক ও পত্রিকা-বিক্রয়	১০১৷৶০	পত্রিকা-মুদ্রণ	২১৩/১০
এনসাইক্লোপিডিয়ার চাঁদা আদায়	৬৫৷৷০	পুস্তক-ক্রয়	২৬৮৵০
পুরস্কার	১০০০৲	সরঞ্জামী	১৬৷৷৶৫
বিবিধ আয়	১১৷৷/৫	ডাকমাশুল	১৭৬৸৵৫
কর্জ্জ	৪৭৷৷৶৫	দপ্তরী	৩৫৷৵১৫
গ্রন্থপ্রকাশ সমিতির হাওলাত আদায়	২৫৲	পুরস্কার	১০০০৲
কেরত জমা	৷৷৶১০	বিবিধ	২০৭৸/১০
		গ্রন্থপ্রকাশ সমিতিকে হাওলাত দেওয়া যায়	২৫৲
		কর্জ্জ শোধ	৪৭৷৷৶৫
		খাটা ভাড়া	২৲
	২৭০৬৷৷০		২৫১৬৸৵১৫



এই হিসাব পরীক্ষা করিয়া শুদ্ধ বলিয়া স্থিরীকৃত হইল।

শ্রীবাণীনাথ নন্দী।

শ্রীচারুচন্দ্র ঘোষ।

আয়-ব্যয়-পরীক্ষকদ্বয়।

"ছ" পরিশিষ্ট।

গ্রন্থ-প্রকাশ সমিতির আয় ব্যয়-বিবরণ।

আয়।

১৩০৪ সালে বেঙ্গল ব্যাঙ্কে মজুত ছিল—————১০০০৲

ধনরক্ষক রাজা বিনয়কৃষ্ণদেব বাহাদুরের নিকট মজুত ছিল-৭১৸৶৹

১০৭১৸৶৹

১৩০৪ সালের ব্যয় বাদ——২০০৲

৮৭১৸৶৹

১৮৯৮। ১৩ ডিসেম্বর।

রাজা রাজেন্দ্রনারায়ণ রায় বাহাদুরের দান——২০০৲

রায় কালীপ্রসন্ন ঘোষ বাহাদুরের দান———২৫৲

২২৫৲

১০৯৬৸৶৹

১৩০৫ সালের ব্যয় বাদে—২০০৲

৮৯৬৸৶৹

ব্যয়।

১৩০৪ সাল।—

(১৮৯৭ ডিসেম্বর)—

বিজয় পণ্ডিতের মহাভারত ছাপাইবার জন্য ব্যয়——২০০৲

১৩০৫ সাল।— ২০০৲

(১৮৯৯। ৪ মার্চ্চ)—

বিজয় পণ্ডিতের মহাভারত ছাপাইবার জন্য ব্যয়——২০০৲

১৩০৬ সাল।— ২০০৲

(১৮৯৯। ১১ মে)—

বিজয়পণ্ডিতের মহাভারত ছাপাইবার ব্যয়————২০

(১৮৯৯। ৩১ আগষ্ট)—

ঐতিহাসিক তথ্য-সংগ্রহের ব্যয়————————৫৲

(১৮৯৯। ১৫ নভেম্বর)—

বিজয় পণ্ডিতের মহাভারত ও পীতাম্বর দাসের রসমঞ্জরী ছাপাইবার ব্যয়————১০০৲

(১৯০০। ১লা ফেব্রুয়ারী)—

ঐতিহাসিক তথ্য-সংগ্রহের ব্যয়————————২৫৲

কৃত্তিবাসী রামায়ণ ছাপাইবার ব্যয————————

২৫০৲

এন্‌সাইক্লোপিডিয়া ক্রয়ের জন্য দেওয়া হয়।————

২৫৲

ক্রোড়—
১৩০৫ সালের উদ্বৃত্ত——১৯৬৸৶৹
১৩০৬ সালের ব্যয় বাদ—৬৫০৲
২৭৬৸৶৹

জমা—
বেঙ্গল ব্যাঙ্কে মজুত——১০০৲
ধনরক্ষক রাজা বাহাদুরের নিকট মজুত——৭১৸৶৹
২৭৬৸৶৹

পরিষদের মুদ্রিত প্রাচীন গ্রন্থ।

১। বিজয় পণ্ডিতের মহাভারত।

একা কাশীরাম দাস নহে, বাঙ্গালা ভাষায় এপর্য্যন্ত ঐরূপ স্বতন্ত্র বাইশ জন কবির লেখা বাইশ খানি মহাভারত আবিষ্কৃত হইয়াছে। এই বাইশ জন কবির মধ্যে বিজয় পণ্ডিতের মহাভারতই সর্ব্বাপেক্ষা প্রাচীন। পরিষৎ ইহাই আদি মহাভারত মুদ্রিত করিয়াছেন। ইহার মূল্য দুইখণ্ডে একত্র ২৷৷০ দেড় টাকা মাত্র।

২। কৃত্তিবাসী রামায়ণ।

কৃত্তিবাসের কীর্ত্তি রক্ষার জন্য বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ মূল পাঠ উদ্ধার করিয়া রামায়ণ-প্রকাশে কৃতসংকল্প হইয়াছেন ও নানা স্থান হইতে পুঁথিসংগ্রহ করিতেছেন। যাঁহাদের নিকট কৃত্তিবাসী রামায়ণের প্রাচীন হস্তলিখিত পুঁথি আছে, তাঁহারা অনুগ্রহপূর্ব্বক উহা পরিষৎ কার্য্যালয়ে সম্পাদকের নিকট পাঠাইলে পরিষৎ সাতিশয় উপকৃত হইবেন। যদি কেহ পুঁথি বিক্রয় করিতে ইচ্ছা করেন, তাহা হইলে পরিষৎ তাঁহাকে যথোপযুক্ত মূল্য দিতে প্রস্তুত আছেন। সম্প্রতি ইহার কোন কোন কাণ্ড মুদ্রিত হইতে আরম্ভ হইয়াছে। গ্রাহকেচ্ছুগণ পত্র লিখিলে সমস্ত জানিতে পারিবেন।

৩। পীতাম্বর দাসের রসমঞ্জরী।

এই রসমঞ্জরীতে নায়কনায়িকা-বর্ণনা-ছলে রাগানুগা ভক্তির উপদেশ আছে। উদাহরণাদি প্রাচীন সংস্কৃত এবং প্রাচীন বাঙ্গালা পদাবলী হইতে দেওয়া হইয়াছে। পীতাম্বর দাস প্রাচীন গ্রন্থকার। ইহার মূল্য ৵০ আনা।

১৩৭। ১নং কর্ণওয়ালিস ষ্ট্রীট।
কলিকাতা।

শ্রীরায় যতীন্দ্রনাথ চৌধুরী,
সম্পাদক।

বঙ্গীয় সাহিত্য-পরিষদের

সপ্তম বার্ষিক

কার্য্য-বিবরণ।

বঙ্গাব্দ ১৩০৮।

বঙ্গীয় সাহিত্য পরিষৎ-কার্য্যালয় ১৩৭১ নং ওয়েলিস, ষ্ট্রীট,
কলিকাতা।

কলিকাতা।
আনন্দ চাটুর্য্যের লেন, "পত্রিকা প্রেসে"
শ্রীকেশবলাল রায় দ্বারা মুদ্রিত ও প্রকাশিত।

বঙ্গীয় সাহিত্য পরিষদের নিয়মাবলী।

বঙ্গাব্দ ১৩০৮

সভার উদ্দেশ্য ও নাম।

১। বিবিধ উপায়ে বাঙ্গালা ভাষা ও সাহিত্যের অনুশীলন ও উন্নতি-সাধনই পরিষদের উদ্দেশ্য। সভার নাম **বঙ্গীয় সাহিত্য পরিষদ্।**

২। এই উদ্দেশ্য সাধনার্থ নিম্নলিখিত ও আবশ্যক হইলে তদতিরিক্ত উপায় সমূহ সঙ্কলিত হইবে, যথা,—

(ক) বঙ্গভাষার ব্যাকরণ ও অভিধান সঙ্কলন।

(খ) বৈজ্ঞানিক ও দার্শনিক শব্দের পরিভাষা-সঙ্কলন।

(গ) প্রাচীন বাঙ্গালা কাব্যাদির সংগ্রহ ও প্রকাশ।

(ঘ) ভাষান্তর হইতে উৎকৃষ্ট গ্রন্থাদির অনুবাদ-প্রকাশ।

(ঙ) দর্শন, বিজ্ঞাপন, ইতিহাস, কাব্য প্রভৃতি সকল প্রকার সাহিত্যের আলোচনা ও সেই সেই বিষয়ে উৎকৃষ্ট গ্রন্থাদির প্রকাশ।

(চ) "সাহিত্য-পরিষৎ-পত্রিকা" নামে বাঙ্গালা ভাষায় একখানি সাময়িক পত্রিকা প্রচার। পত্রিকাখানি আবশ্যক মত মাসিক বা ত্রৈমাসিক হইবে।

উপরোক্ত বিষয়-সমূহ সম্বন্ধে যখন যাহা সংগৃহীত হইবে, তাহা পরিষৎ পত্রিকায় প্রকাশিত হইবে। কিন্তু আবশ্যক বোধ হইলে, সংগৃহীত বিষয় সকল পত্রিকায় প্রকাশিত না হইয়া স্বতন্ত্র গ্রন্থাকারে প্রকাশিত হইতে পারিবে। কার্য্য-নির্ব্বাহক সমিতির সম্মতি ভিন্ন কোন জীবিত গ্রন্থকারের গ্রন্থাদির আলোচনা বা সমালোচনা হইবে না।

(ছ) পরিষদের উদ্দেশ্যের অন্তর্গত (গ) ধারার কার্য্য সম্পাদনের নিমিত্ত "প্রাচীন বাঙ্গালা গ্রন্থাবলী" নামে একখানি দ্বৈমাসিক পত্র প্রকাশিত হইবে। উহাতে অমুদ্রিত ও অপ্রকাশিত বাঙ্গালা প্রাচীন গ্রন্থাবলী খণ্ডশঃ প্রকাশিত হইবে।

পরিষদের অধিবেশন।

৩। কলিকাতার শ্যামপুকুর ১৩৭।১ নং কর্ণওয়ালিস্ ষ্ট্রীটে সাহিত্যপরিষৎ কার্য্যালয়ে প্রতিমাসের শেষ সপ্তাহের রবিবারে বা প্রয়োজন হইলে অন্যবারে অপরাহ্নে সম্পাদকের আহ্বানে পরিষদের সাধারণ অধিবেশন হইবে। তদ্ভিন্ন কোন বিশেষ প্রয়োজন উপস্থিত হইলে, অথবা অন্ততঃ দশজন সভ্য হেতু-নির্দ্দেশপূর্ব্বক পত্রদ্বারা অভিপ্রায় প্রকাশ করিলে, সম্পাদকের আহ্বানে বিশেষ সাধারণ সভা আহূত হইবে। অনিবার্য্য কারণে কোন মাসিক অধিবেশন স্থগিত থাকিতে পারিবে।

৪। পরিষদের কার্য্য বিবরণ উক্ত পরিষৎ-পত্রিকায় প্রকাশিত হইবে।

৫। দ্বাদশজন সভ্য উপস্থিত হইলে পরিষদের কার্য্যারম্ভ হইবে।

৬। মাসিক অধিবেশনে প্রধানতঃ "সাহিত্যাদি" সম্বন্ধে আলোচনা হইবে।

৭। সভাপতি পরিষদের কার্য্যারম্ভের অনুমতি প্রদান করিলে নিম্ন-লিখিত প্রকারে কার্য্য আরম্ভ হইবে।

(ক) পূর্ব্ব অধিবেশনের কার্য্য বিবরণ পাঠ ও অনুমোদন।

(খ) সভ্য নির্ব্বাচন।

(গ) সভার বিজ্ঞাপিত কার্য্য।

(ঘ) কার্য্য-নির্ব্বাহক-সমিতি কিম্বা সভাপতি কর্ত্তৃক নির্দ্ধারিত কোন বক্তৃতা বা প্রবন্ধ পাঠ।

৮। কোন বিষয়ের বিচার বা আলোচনার সময়ে কোন সভ্য সেই বিষয় সম্বন্ধে একবার এবং প্রস্তাবক দুইবারের অধিক বক্তব্য প্রকাশ করিতে পারিবেন না। তবে অধিকাংশ সভ্যের মত বা সভাপতির অনুমতি পাইলে, এই নিয়মের ব্যতিক্রম হইতে পারিবে।

সভ্য।

৯। বাঙ্গালা সাহিত্যানুরাগী, শিক্ষিত বা সাহিত্য-সংসারে লব্ধপ্রতিষ্ঠ, ব্যক্তিমাত্রই পরিষদের সাধারণ সভ্য নির্ব্বাচিত হইতে পারিবেন। নির্ব্বাচনের প্রণালী এইরূপ হইবে,—পরিষদের সাধারণ অধিবেশনে তাঁহার নির্ব্বাচন একজন সভ্যকর্ত্তৃক প্রস্তাবিত অপর সভ্যকর্ত্তৃক সমর্থিত এবং সভাকর্ত্তৃক অনুমোদিত হইলে তিনি সাধারণ সভ্যরূপে গণ্য হইবেন।

৯ (ক)।—যথারীতি নির্ব্বাচনের পর সম্পাদক নির্ব্বাচিত ব্যক্তির নিকট তাঁহার নির্ব্বাচন-সংবাদ ও তৎসহ সেই সময়ে প্রচলিত নিয়মাবলী এক খণ্ড পাঠাইবেন।

৯ (খ)।—উক্ত ব্যক্তি তাঁহার নির্ব্বাচন-সংবাদ প্রাপ্তির এক মাস মধ্যে প্রবেশিকা প্রদান না করিলে সভ্যশ্রেণীভুক্ত হইবেন না এবং সভ্যের কোন অধিকার প্রাপ্ত হইবেন না।

১০। পরিষদের ব্যয়-নির্ব্বাহার্থ প্রত্যেক সাধারণ সভ্যকে প্রবেশিকা ১৲ এক টাকা এবং মাসিক অন্ততঃ ॥০ আট আনা করিয়া চাঁদা দিতে হইবে।

১১। খ্যাতনামা লেখকগণ বঙ্গীয় সাহিত্য-পরিষদের বিশিষ্ট সভ্য নির্ব্বাচিত হইতে পারিবেন। নির্ব্বাচনের প্রণালী এইরূপ হইবে,—অন্যূন পাঁচজন সভ্য কোন ব্যক্তিকে বিশিষ্ট সভ্য করিবার প্রস্তাব পত্রদ্বারা জানাইলে, পরিষদের সাধারণ অধিবেশনে ঐ প্রস্তাব "ব্যালট" দ্বারা বিবেচিত হইবে। যদি সভা ঐ প্রস্তাবের অনুমোদন করেন, তবে প্রস্তাবিত সভ্যের নাম পত্রদ্বারা সমস্ত সভ্যের নিকট প্রেরিত হইবে। তাঁহাদের নিকট হইতে যে সকল পত্র পাওয়া যাইবে, তাহার ত্রি-চতুর্থাংশের সম্মতি অনুসারে সেই সভ্যকে বিশিষ্ট সভ্যরূপে নির্ব্বাচিত করা হইবে।

১১ (ক)। বিশিষ্ট সভ্যের সংখ্যা ১২ জনের অধিক হইবে না।

১২। পরিষদ্‌কর্ত্তৃক যাহা কিছু মুদ্রিত ও প্রকাশিত হইবে, প্রত্যেক সভ্য তাহার এক এক খণ্ড বিনামূল্যে প্রাপ্ত হইবেন, কিন্তু সাহিত্যাদি বিষয় যাহা স্বতন্ত্র পুস্তকাকারে প্রকাশিত হইবে, তাহা এ নিয়মের অন্তর্গত নহে।

১২ (ক)। "সাহিত্য-পরিষৎ-পত্রিকা" এবং প্রাচীন বাঙ্গালা গ্রন্থাবলী সকল সভ্যই বিনামূল্যে এবং বিনা ব্যয়ে পাইবেন।

১২ (খ)। কাহারও পত্রিকার পুরাতন খণ্ড বা সংখ্যা প্রয়োজন হইলে তাঁহাকে তাহা অর্দ্ধ মূল্যে ক্রয় করিতে হইবে।

১২ (গ)। গ্রন্থাবলীর সংখ্যা অর্দ্ধমূল্যে দেওয়া যাইবে না।

১৩। সম্পাদকের নিকট পত্র লিখিয়া বা মৌখিক প্রশ্নদ্বারা সভার অবস্থা বিধিব্যবস্থা ও অন্যান্য সংবাদ জ্ঞাত হইবার এবং সভার কার্য্যালয়ে স্বয়ং আসিয়া সম্পাদকের সম্মতিক্রমে হিসাব ও গ্রন্থাদি দেখিবার অধিকার সকল সভ্যেরই রহিবে।

১৪। কোন সভ্যের দেয় টাকা ছয় মাস কাল অদত্ত থাকিলে তাঁহার

নাম কার্য্য-নির্ব্বাহক সমিতির সম্মতিক্রমে সভার তালিকা হইতে উঠাইয়া দেওয়া যাইবে।

১৪ (ক)। যাঁহাদের নিকট সভার চাঁদা নিয়মিতরূপে আদায় না হইবে, তাঁহাদিগকে বিনামূল্যে "প্রাচীন বাঙ্গালা গ্রন্থাবলী" দেওয়া হইবে।

১৫। পরিষদের নূতন সভ্যগণ নির্ব্বাচনের সময়ের পর হইতে অর্থাৎ যিনি যে সময়ে সভ্য হইবেন সেই সময়ের পরবর্ত্তী সংখ্যা হইতে পত্রিকা বা গ্রন্থাবলী পাইবেন। তৎপূর্ব্ববর্ত্তী সংখ্যা বা খণ্ড লইতে হইলে তাহা অর্দ্ধমূল্যে ক্রয় করিতে হইবে। গ্রন্থাবলী অর্দ্ধমূল্যে দেওয়া হইবে না।

১৬। পরিষদের উন্নতিকল্পে যাঁহারা পরিষদের সাধারণ তহবিলে এককালে ৫০০৲ বা তদতিরিক্ত টাকা দান করিবেন, তাঁহারা আজীবনকাল পরিষদের সভ্য বলিয়া গণ্য হইবেন।

(ক) বিশেষ বিশেষ কার্য্যের জন্য পরিষদের যে সকল স্বতন্ত্র তহবিল আছে অর্থাৎ গ্রন্থপ্রকাশ তহবিল, গৃহনির্ম্মাণ তহবিল, ব্যক্তিবিশেষের স্মৃতিচিহ্নস্থাপন তহবিল বা পুরস্কার প্রবন্ধের তহবিল ঐ পরিমাণ দান ৪৩ নিয়মের অন্তর্গত বলিয়া গণ্য হইবে না।

পরিষদের পরিপোষক।

১৭। পরিষৎ ইচ্ছা করিলে এক বা একাধিক ব্যক্তিকে পরিপোষক মনোনীত করিতে পারিবেন।

পরিষদের কর্ম্মচারী।

১৮। পরিষদের কার্য্য-সুচারুরূপে নির্ব্বাহার্থ সাধারণ-সভাকর্ত্তৃক সভ্য শ্রেণী হইতে নিম্নলিখিত কর্ম্মচারিগণ এক বৎসরের নিমিত্ত নিযুক্ত হইবেন।

সভাপতি	১ জন
সহকারী সভাপতি	৩ জন
সম্পাদক	১ জন
সহকারী সম্পাদক	২ জন
পত্রিকা-সম্পাদক	১ জন

কার্য্য-নির্ব্বাহক-সমিতির সভ্য	১২ জন
আয়-ব্যয় পরীক্ষক	২ জন
ধনরক্ষক	১ জন
গ্রন্থরক্ষক	১ জন

এই নিয়োগ-কার্য্য সাধারণতঃ চৈত্র মাসের অধিবেশনে সম্পন্ন হইবে। কেবল কোন কর্ম্মচারীর পদ শূন্য হইলে, অন্য মাসের অধিবেশনেও সেই পদে কর্ম্মচারী নিযুক্ত হইতে পারিবেন।

১৯। কার্য্য-নির্ব্বাহক-সমিতির বারজন সভ্য এইরূপে নিযুক্ত হইবেন ;—কার্য্য-নির্ব্বাহক-সমিতির সভ্যেরা, আপনাদিগের মধ্য হইতে চারি জনকে মনোনীত করিবেন। যদি উক্ত চারিজনের মধ্যে এক বা একাধিক ব্যক্তি কোন কারণে পদ গ্রহণ করিতে না পারেন, তবে কার্য্য-নির্ব্বাহক-সমিতি পুনর্ম্মনোনয়ন দ্বারা সেই সংখ্যা পূরণ করিবেন।

১৯ (ক)। অবশিষ্ট আটজনের সম্বন্ধে নিম্নলিখিত প্রণালী অবলম্বিত হইবে ,—

ফাল্গুন মাসের প্রথমার্দ্ধের মধ্যে সম্পাদক, পরিষদের প্রত্যেক সভ্যকে পত্রদ্বারা জিজ্ঞাসা করিবেন যে, তিনি এই সমিতির সভ্য হইতে সম্মত আছেন কি না ও সম্মত থাকিলে দুই সপ্তাহ মধ্যে পত্রদ্বারা তাঁহাকে জ্ঞাপন করিবেন। যাঁহারা সম্মত বলিয়া উত্তর দিবেন, তাঁহাদের নামের একখানি তালিকা মুদ্রিত করিয়া, চৈত্রের প্রথম সপ্তাহ-মধ্যে প্রতি সভ্যের নিকট এই প্রার্থনা-সহকারে প্রেরিত হইবে যে, ঐ তালিকার মধ্যে প্রত্যেক সভ্যের মনোনীত আটজনের নামের পার্শ্বে নিজ নিজ নাম স্বাক্ষর করিয়া চৈত্রের দ্বিতীয় সপ্তাহ মধ্যে যেন সভাপতির নামে পাঠাইয়া দেন ; অথবা চৈত্রের সাধারণ মাসিক অধিবেশনে স্বয়ং উপস্থিত হইয়া সভাপতির হস্তে অর্পণ করেন। যে আট জনের নামে অধিকাংশ সভ্যের মত পাওয়া যাইবে, তাঁহারাই নির্ব্বাচিত হইবেন। যদি উক্ত আটজনের মধ্যে এক বা একাধিক ব্যক্তি কোন কারণে পদ গ্রহণ করিতে না পারেন, তবে নির্ব্বাচনে যিনি নবম অথবা যাঁহারা নবম দশমাদি স্থান অধিকার করিয়াছেন, তাঁহারা যথাক্রমে নির্ব্বাচিত হইবেন।

১৯ (খ)। বর্ষারম্ভের পর যদি কোন কারণে কার্য্য-নির্ব্বাহক-সমিতির সভ্য-পদশূন্য হয়, তবে পরিষদের পরবর্ত্তী সাধারণ অধিবেশনে ঐ পদ পূরণ করিতে হইবে।

২০। কার্য্য-নির্ব্বাহক-সমিতির মনোনীত ও নির্ব্বাচিত সভ্যগণের মধ্যে যে কেহ যদি ক্রমান্বয়ে চারিমাস কাল অধিবেশনে অনুপস্থিত হয়েন, তবে তাঁহার পদ শূন্য হইবে।

২১। পরিষদের সভাপতি, সহকারী সভাপতিত্রয়, সম্পাদক, সহকারী সম্পাদকদ্বয়, পত্রিকা-সম্পাদক, ধনরক্ষক ও গ্রন্থরক্ষক কার্য্য-নির্ব্বাহক-সমিতির সভ্যরূপে গণ্য হইবেন।

২২। পরিষদের সভাপতি, সহকারী সভাপতিত্রয়, সম্পাদক এবং সহকারী সম্পাদকদ্বয় কার্য্য-নির্ব্বাহক-সমিতির সেই সেই পদে নিযুক্ত থাকিবেন। তাঁহাদের অনুপস্থিত উপস্থিত সভ্যমণ্ডলী হইতে মনোনীত হইয়া সেই দিবসের অধিবেশনের নিমিত্ত একজন সভাপতি হইবেন ও একজন সম্পাদকের কার্য্য করিবেন।

সভাপতির অধিকার।

২৩। কোন বিষয়ে মত গ্রহণ কালে দুই পক্ষে সভ্য সংখ্যা সমান হইলে, সভাপতির একটী অতিরিক্ত মত দিবার ক্ষমতা থাকিবে।

সম্পাদকের কার্য্য ও অধিকার।

২৪। সম্পাদক প্রত্যেক অধিবেশনের সময় নির্দ্ধারণ পূর্ব্বক অন্ততঃ ৪ দিন পূর্ব্বে পত্রদ্বারা সভ্যগণকে জ্ঞাপন করিবেন।

২৫। সম্পাদক, পরিষদের সভ্য বা অন্যের প্রেরিত পত্রাদি প্রাপ্ত হইলে তৎসম্বন্ধে আপন বিবেচনানুসারে বা কার্য্য-নির্ব্বাহক-সমিতির মতানুসারে কার্য্য করিয়া তাহার ফল পত্র-প্রেরককে জানাইবেন।

২৬ (ক)। অন্যূন দশজন সভ্য উক্ত পত্রাদি সাধারণ অধিবেশনে উপস্থিত করিবার জন্য পত্রদ্বারা অনুরোধ করিলে, সম্পাদক কার্য্য নির্ব্বাহক-সমিতির মন্তব্য-সহ তাহা সাধারণ অধিবেশনে উপস্থিত করিবেন।

২৭। সম্পাদক প্রতিমাসে পরিষদের আয়-ব্যয়-বিবরণী প্রস্তুত করিয়া কার্য্য-নির্ব্বাহক সমিতিতে অর্পণ করিবেন।

২৮। সম্পাদক কার্য্য-নির্ব্বাহক-সমিতির নির্দ্দেশানুযায়ী নিয়মিত ব্যয় ব্যতীত ১০৲ টাকা পর্য্যন্ত ব্যয় নিজে করিতে পারিবেন, কিন্তু উক্ত সমিতির পরবর্ত্তী অধিবেশনে ঐ ব্যয় অনুমোদিত করাইয়া লইবেন।

২৯। যদি কোন অনিবার্য্য কারণে কার্য্য-নির্ব্বাহক-সমিতির মত না লইয়াই সম্পাদককে কোন কার্য্য করিতে হয়, তাহা হইলে তিনি তদ্রূপ করিয়া পরে কার্য্য নির্ব্বাহক-সমিতি কর্ত্তৃক ঐ কার্য্য অনুমোদিত করাইয়া লইবেন।

৩০। সম্পাদক, চৈত্র মাসের সাধারণ অধিবেশনের পূর্ব্বে, পরিষদের বাৎসরিক আয় ব্যয় তালিকা প্রস্তুত করিয়া নিজের ও কার্য্য নির্ব্বাহক-সমিতির সভাপতির স্বাক্ষর এবং আয় ব্যয় পরীক্ষকদিগের মন্তব্য সহ তাহা ঐ অধিবেশনে উপস্থিত করিবেন। সেই সঙ্গে কার্য্য-নির্ব্বাহক-সমিতির অনুমোদিত বার্ষিক বিবরণীও দিবেন।

৩১। পরিষদের নিমিত্ত অভিপ্রেত অর্থাদি সম্পাদকের নামে পাঠাইতে হইবে।

ধনরক্ষকের কার্য্য ও অধিকার।

৩২। পরিষদের প্রাপ্ত অর্থ যে সূত্রে যথা হইতে আসুক, সমস্তই ধনরক্ষকের নিকট পরিষদের তহবিলে জমা হইবে। মাসিক খরচ বাদে ২০০৲ দুই শত টাকা উদ্বৃত্ত হইলে, তাহা তিনি নিজ নামে বেঙ্গল ব্যাঙ্কে জমা রাখিবেন।

৩৩। পরিষদের সম্পাদকের স্বাক্ষরিত নিদর্শন পত্র (ভাউচার) ভিন্ন ধনরক্ষক কাহাকেও কিছু দিবেন না এবং কোনরূপ ব্যয় করিবেন না।

আয় ব্যয় পরীক্ষকের কার্য্য ও অধিকার।

৩৪। পরিষদের চৈত্র মাসের অধিবেশনের পূর্ব্বে আয়-ব্যয়-পরীক্ষক মহাশয়দ্বয় সাম্বৎসরিক আয়-ব্যয় হিসাবের পরিদর্শন করিয়া তৎসম্বন্ধে মন্তব্য লিখিয়া দিবেন। উক্ত মন্তব্য বার্ষিক বিবরণীতে প্রকাশ হইবে।

পত্রিকা সম্পাদকের কার্য্য ও অধিকার।

৩৫। পত্রিকা সম্পাদক, পরিষৎ পত্রিকার উদ্দেশ্য ও দ্বিতীয় নিয়মান্তর্গত বিভাগাদি স্মরণ রাখিয়া ৩৪ নিয়মের বিধানানুসারে যাবতীয় কার্য্য নির্ব্বাহ করিবেন। পত্রিকার মুদ্রাঙ্কণ কার্য্যের সমস্ত ভার পত্রিকা-সম্পাদকের উপর

অর্পিত থাকিবে। সভাপতি ও সম্পাদকের সহিত পরামর্শ করিয়া তিনি উৎকৃষ্ট প্রবন্ধ-লেখকদিগকে পারিশ্রমিক স্বরূপ অর্থ দান করিতে পারিবেন।

কার্য্যনির্ব্বাহক সমিতি।

৩৬। পরিষদের পুস্তকালয়ের জন্য কার্য্য-নির্ব্বাহক-সমিতি আবশ্যকমত সমস্ত বিধি প্রণয়ন করিতে পারিবেন।

৩৭। পরিষৎ যে গ্রন্থের সংস্করণ ভার, যে সভোর বা যে শাখা সমিতির উপর অর্পণ করিবেন, সেই সভ্য বা সমিতি, কার্য্য-নির্ব্বাহক- সমিতির সহিত পরামর্শ করিয়া তাহা সম্পন্ন করিবেন।

৩৮। পরিষদের সমস্ত কার্য্যই, কার্য্য-নির্ব্বাহক-সমিতির নির্দ্দেশ ও কর্তৃত্বে নির্ব্বাহিত হইবে।

৩৯। প্রতিমাসে অন্ততঃ একবার এই সমিতির অধিবেশন হইবে। তদ্ভিন্ন প্রয়োজন হইলে, কিম্বা দুই জন মাত্র সভ্য হেতু-নির্দ্দেশ পূর্ব্বক পত্র দ্বারা প্রার্থনা করিলে অতিরিক্ত অধিবেশন হইতে পারিবে।

৪০। পাঁচজন সভ্য উপস্থিত হইলে, সমিতির কার্য্যারম্ভ হইবে।

৪১। পরিষদের কার্য্য সুচারুরূপে নির্ব্বাহার্থ কার্য্য-নির্ব্বাহক-সমিতি প্রয়োজনানুসারে উপযুক্ত বেতনে কর্ম্মচারী ও ভৃত্যাদি নিযুক্ত করিতে পারিবেন।

শাখাসমিতি।

৪২। বিশেষ বিশেষ উদ্দেশ্য সাধনার্থ পরিষৎ সময়ে সময়ে অস্থায়ী "শাখা-সমিতি" গঠন করিবেন বা ব্যক্তিবিশেষের উপর উদ্দেশ্য সাধনের ভার অর্পণ করিবেন। শাখা-সমিতিতে পরিষদের সভ্য ব্যতীত অপর অভিজ্ঞ ব্যক্তির সাহায্য গ্রহণপক্ষে কোন বাধা থাকিবে না।

৪৩। প্রত্যেক শাখা-সমিতির অধিবেশন, পরিষদের কার্য্যালয়ে বা আবশ্যকমত অন্যত্র হইবে।

৪৪। প্রত্যেক শাখা-সমিতির কার্য্যফল ও প্রয়োজনানুরূপ কার্য্য বিবরণ প্রকাশিত হইবে এবং তিন মাস অন্তর সাধারণ অধিবেশনে উপস্থিত করা হইবে।

৪৫। প্রত্যেক শাখা সমিতির আবশ্যক মত স্বতন্ত্র সভাপতি ও সম্পাদক পরিষদের সাধারণ অধিবেশনে নিয়োজিত হইবেন।

বঙ্গীয় সাহিত্য-পরিষদের

সপ্তম বার্ষিক কার্য্যবিবরণ।

বঙ্গাব্দ ১৩০৭।

১। **ভগবানের কৃপায়** বঙ্গীয় সাহিত্য-পরিষৎ আজ অষ্টম বর্ষে পদার্পণ করিলেন। পরিষদের কার্য্যনির্ব্বাহক সমিতি এই শুভ দিনে সভ্যবর্গের ও সাধারণের হস্তে পরিষদের সপ্তম বর্ষের (সন ১৩০৭ সালের) নিম্নলিখিত কার্য্যবিবরণ অর্পণ করিতেছেন।

২। **বঙ্গীয় সাহিত্য-পরিষৎ** সপ্তম বর্ষ অতিক্রম করিয়া অষ্টম বর্ষে পদার্পণ করিয়াছেন। আলোচ্য বর্ষে পরিষদের সভ্য-সংখ্যা যেরূপ বর্দ্ধিত হইয়াছে, তাহাতে সহজেই মনে হয়, দেশের কৃতবিদ্যগণ পরিষদের উপযোগিতা উপলব্ধি করিয়া, ইহার সভ্যপদ গ্রহণ এবং উন্নতিসাধনে যত্নপ্রকাশ করিতেছেন। ইহাদের সমবেত চেষ্টা অনতিবিলম্বে পরিষদের সিদ্ধিলাভ প্রত্যাশা করা, বোধ করি অসঙ্গত হইবে না। পরিষদের সভ্য-বৃদ্ধির সঙ্গে সঙ্গে আলোচ্য বর্ষে পরিষদের কার্য্যও কিছু কিছু বর্দ্ধিত হইয়াছে। কার্য্যক্ষেত্র বিপুল; তাহাতে সম্যক্‌রূপে কার্য্য করিয়া ফলসাধন করা একান্ত আয়াস ও ব্যয়-সাধ্য। পরিষৎ যখন কার্য্যক্ষেত্রে অবতীর্ণ হইয়া দেশের কৃতবিদ্য ব্যক্তি-গণের কথঞ্চিৎ মনোযোগ ও সহানুভূতি আকর্ষণ করিতে সমর্থ হইয়াছেন, তখন আশা করা যায় যে, দিন দিন উঁহাদের নিকট অধিকতর উৎসাহ ও সহায়তা লাভ করিয়া মাতৃভাষার অঙ্গসৌষ্ঠবাদি সম্পাদন করিতে সমর্থ হইবেন। যাহা হউক, বঙ্গভাষার এই গঠন-যুগে, বঙ্গ-সাহিত্যের এই শৈশবে, পরিষৎ যে ভাবে কার্য্য করিতেছেন, তাহাতে ঐরূপ ভবিষ্যৎ আশা নিষ্ফল না

হইতে পারে। মাতৃভাষা ও জাতীয় সাহিত্যের প্রতি ঐকান্তিক অনুরাগ, কেন্দ্রানুগা শক্তিতে পরিষৎকে যে উদ্দেশ্যচ্যুত হইতে দিবে না,—দেশের কৃত-বিদ্যগণের চেষ্টায় পরিষৎ যে উন্নতির পথে উত্তরোত্তর অগ্রসর হইবেন, তাহাতে সন্দেহ নাই।

৩। **সভ্য সংখ্যা**—আলোচ্য বর্ষের প্রারম্ভে পরিষদের সভ্য-সংখ্যা মোট ৩৫২ জন ছিল। আলোচ্য বর্ষের ভিন্ন ভিন্ন অধিবেশনে ৩১৬ জন সাধারণ সভ্য নির্ব্বাচিত হইয়াছেন। আলোচ্য বর্ষে নির্ব্বাচিত, গত বৎসরের সভ্যসংখ্যা এবং গত বৎসরে যাঁহাদের নিকট প্রবেশিকা আদায় হয় নাই (২৫১ জন), তাঁহাদের সমষ্টি করিলে দেখা যায় যে, মোট ৯১৯ সংখ্যা হইয়াছে। এই সমস্ত নির্ব্বাচিত ব্যক্তিগণের মধ্যে ৩৬২ জনের নিকট এখনও প্রবেশিকা পাওয়া যায় নাই, সুতরাং ৯-(খ) নিয়মানুসারে ইঁহাদিগকে সভাশ্রেণীভুক্ত করিতে পারা যায় নাই। অবশিষ্ট ৫৫৭ জনের মধ্যে আলোচ্য বর্ষে ২৫ জন সভ্য-পদ পরিত্যাগ করিয়াছেন ও ৯ জন পরলোকগত হইয়াছেন; সুতরাং বর্ষশেষে সভ্য সংখ্যা মোট ৫২৩। (সভ্যগণের তালিকা "ক" পরিশিষ্টে দ্রষ্টব্য।) যাঁহাদের নিকট প্রবেশিকা এখনও পাওয়া যায় নাই, আশা করা যায় যে তাঁহাদের অনেকেই শীঘ্র প্রবেশিকা দিয়া সভ্যপদ গ্রহণ করিবেন।

৪। **সভ্যের মৃত্যু**—আলোচ্য বর্ষে পরিষদের নিম্নলিখিত নয় জন সভ্যের মৃত্যু হইয়াছে—

রজনীকান্ত গুপ্ত।
প্রফুল্লচন্দ্র বন্দ্যোপাধ্যায়।
নন্দকৃষ্ণ বসু।
ত্রৈলোক্যনাথ ভট্টাচার্য্য।
নিত্যকৃষ্ণ বসু।
রামগোপাল সেন গুপ্ত।
কানাইলাল বন্দ্যোপাধ্যায়।
পরেশনাথ বসু।
শ্যামাধব রায়।

রজনীকান্ত গুপ্ত মহাশয়ের নিকট পরিষৎ বিশেষ কৃতজ্ঞতাপাশে বদ্ধ। তাঁহার শান্ত-প্রকৃতি, আন্তরিক মাতৃভাষানুরাগ ও প্রগাঢ় বিদ্যাশক্তি তাঁহাকে সর্ব্বজন-প্রিয় করিয়াছিল। বঙ্গদেশে স্বাধীনভাবে ঐতিহাসিক গবেষণা ও ধারা-বাহিক ইতিহাস-আলোচনার সূত্রপাত রজনীকান্ত হইতেই হইয়াছে। পরিষদের প্রতি তাঁহার প্রগাঢ় অনুরাগ বহুবার বহুকার্য্যে প্রকাশিত হইয়াছে। মৃত্যুর অত্যল্প কাল পূর্ব্বেও অসুস্থ শরীরে তিনি পরিষদের জন্য ভূমি-দান প্রার্থনা করিতে কাশীমবাজার গমন করিয়াছিলেন। তিনি বহুদিন পরিষৎ-পত্রিকার সম্পাদক ছিলেন। নূতন উদ্যমে, নূতন আশায়, নূতন আনন্দে কার্য্যক্ষেত্রে পরিষদের প্রবেশারম্ভেই তাঁহার মত সহৃদয় সুহৃদ্, শ্রমশীল সহকর্ম্মী ও উদার-হৃদয় উপদেষ্টার অভাব যে বিশেষরূপ অনুভব করিবেন, ইহাতে সন্দেহমাত্র নাই। পরিষৎ বিশেষ সভায় আহ্বান করিয়া তাঁহার জন্য আন্তরিক শোক প্রকাশ করিয়াছেন। তাঁহার স্মৃতিচিহ্ন স্থাপন জন্যও পরিষৎ হইতে চেষ্টা হইতেছে।

প্রফুল্ল বাবুর বিদ্যার্জ্জন-স্পৃহা ও সাহিত্যানুরাগ সাধারণের অবিদিত নহে। রাজ-কার্য্যের বিরল অবসরে তিনি স্বরচিত গভীর গবেষণাপূর্ণ বহু পুস্তকে ও প্রবন্ধে যে ক্ষমতার পরিচয় প্রদান করিয়াছেন, তাহা বিস্ময়কর। প্রাচীন সাহিত্য-প্রকাশ কার্য্যে তিনি পরিষৎকে উৎসাহ ও উপদেশ প্রদান করিতেন। প্রধানতঃ তাঁহারই উদ্যোগে পরিষৎ কৃত্তিবাসের রামায়ণ প্রচার-কার্য্যে হস্তক্ষেপ করেন। তিনি কিছুদিন পরিষদের একজন সহকারী সভাপতি ছিলেন। তাঁহার মৃত্যুতে পরিষৎ ক্ষতিগ্রস্ত হইয়াছেন। তাঁহার মৃত্যুতেও পরিষৎ একটী বিশেষ অধিবেশনে শোক-প্রকাশ করিয়াছিলেন।

নন্দকৃষ্ণ বসু মহাশয় উপযুক্ত উচ্চপদস্থ রাজকর্ম্মচারী বলিয়া স্বদেশীয়ের নিকট বিশেষ প্রসিদ্ধ ছিলেন; কিন্তু তাঁহার বঙ্গভাষানুরাগের কথা সকলে অবগত নহেন। যখন বঙ্গদেশে স্ত্রীপাঠ্য পুস্তকের একান্ত অভাব ছিল, সেই সময় অধ্যাপকের কার্য্যে ব্রতী থাকিয়া তিনি "বামা-বোধ" রচনা করিয়া স্ত্রীশিক্ষা-বিষয়ে বিশেষ উপকার করিয়াছিলেন। শেষ জীবনেও তিনি সাহিত্যকে বিস্মৃত হন নাই। তাঁহার মৃত্যুতে বঙ্গদেশ একজন সর্ব্ববিষয়ে প্রকৃত হিতি-সন্তান ও পরিষৎ একজন হিতকারী সভ্য হারাইয়াছেন।

ত্রৈলোক্যনাথ বাবুর পাণ্ডিত্য বিশেষ প্রশংসনীয়। প্রাচীন সংস্কৃত সাহিত্যে

তাঁহার অসাধারণ ব্যুৎপত্তি ছিল। তাঁহার অকাল-মৃত্যুতে বঙ্গদেশের প্রাচীন সংস্কৃত সাহিত্য-সম্বন্ধীয় জ্ঞানলাভচেষ্টা বিশেষরূপ ক্ষতিগ্রস্ত হইয়াছে। তাঁহার সংস্কৃত সাহিত্যের ইতিহাস সম্পূর্ণ হইলে, বঙ্গভাষায় একটী অমূল্য রত্ন হইত। তিনি কতকগুলি সারবান্ পুস্তকের ও প্রবাদের প্রচার করিয়া গিয়াছেন। সেই সকল পুস্তক তাঁহার কীর্ত্তিস্তম্ভ। তাঁহার অকালমৃত্যুতে পরিষৎ বিশেষ দুঃখিত।

নিত্যকৃষ্ণ বসু মহাশয় কবি ছিলেন। অল্প বয়সে তিনি সাময়িক পত্রিকাদিতে যেরূপ প্রতিভার পরিচয় দিয়াছিলেন, তাহাতে তিনি পরিণত বয়স প্রাপ্ত হইলে যে মাতৃভাষাকে অলঙ্কৃত করিতে পারিতেন, সে বিষয়ে কোন সন্দেহ নাই। পরিষদের প্রতি তাঁহার প্রগাঢ় অনুরাগ ছিল, সুতরাং তাঁহার মৃত্যু পরিষদের পক্ষে বিশেষ শোকাবহ।

রামগোপাল বাবু তরুণ বয়সে সাহিত্যানুরাগের যথেষ্ট পরিচয় দিয়া গিয়াছেন। তিনি বীণাপাণি-সাহিত্য-সমিতি সংস্থাপন করিয়া বহু যুবককে মাতৃভাষার সেবায় উৎসাহিত করেন। বীণাপাণি মাসিক পত্র তদীয় সাহিত্যানুরাগের ফল। বীণাপাণি-সাহিত্য-সমিতির সভ্যগণ রামগোপাল বাবুর একখানি আলেখ্য পরিষদে রক্ষার্থ প্রদান করিতে ইচ্ছা প্রকাশ করেন। পরিষৎ সাগ্রহে সে প্রস্তাবে সম্মত হইয়াছেন।

৫। **বিশিষ্ট সভ্য**—পরিষদের নিয়মানুসারে সর্ব্বসমেত দ্বাদশ জন বিশিষ্ট সভ্য থাকিতে পারেন। আলোচ্য বর্ষের প্রারম্ভে তিনটী পদ শূন্য ছিল। সেই তিনটী পদ পূর্ণ করা হয় নাই। বর্ত্তমান নয় জন সভ্যের নাম নিম্নে প্রদত্ত হইল—

১। শ্রীযুক্ত চন্দ্রনাথ বসু এম্, এ, বি, এল।
২। শ্রীযুক্ত হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায় বি, এল্।
৩। শ্রীযুক্ত নবীনচন্দ্র সেন বি, এ।
৪। শ্রীযুক্ত রায় কালীপ্রসন্ন ঘোষ বাহাদুর।
৫। শ্রীযুক্ত দ্বিজেন্দ্রনাথ ঠাকুর।
৬। [illegible]
৭। মিষ্টার [illegible]।

৮। সার জর্জ্জ বার্ডউড।*

৯। শ্রীযুক্ত রমেশচন্দ্র দত্ত, সি, আই, ই।

৬। **সভ্যের পদত্যাগ**—আলোচ্য বর্ষে যে ২৫ জন পদত্যাগ করিয়াছেন, তাঁহাদের মধ্যে সংস্কৃত কলেজের ভূতপূর্ব্ব সুযোগ্য প্রধান অধ্যাপক মহামহোপাধ্যায় শ্রীযুক্ত নীলমণি মুখোপাধ্যায় ন্যায়ালঙ্কার এম, এ, বি, এল, এবং সাহিত্য-সংসারে সুপ্রতিষ্ঠিত, প্রসিদ্ধ সংবাদপত্র-লেখক শ্রীযুক্ত ক্ষেত্র-মোহন সেন গুপ্ত কবিরত্ন মহাশয়দ্বয়ের নাম বিশেষ উল্লেখযোগ্য। ইঁহাদিগকে সভ্যশ্রেণী হইতে হারাইয়া পরিষৎ দুঃখিত হইয়াছেন।

৭। **সাধারণ অধিবেশন**—আলোচ্য বর্ষে পরিষদের একাদশটী মাসিক ও ছয়টী বিশেষ অধিবেশন হয়। এতদ্ব্যতীত আলোচ্য বৎসরের বৈশাখ মাসে ১৩০৬ সালের বার্ষিক অধিবেশন বিশেষ সমারোহে সম্পন্ন হইয়াছিল। উক্ত বার্ষিক অধিবেশনে সভার নির্দ্দিষ্ট কার্য্যের পর নানারূপ আমোদের ব্যবস্থা করা হইয়াছিল। সংস্কৃতে উত্তর-রামচরিতের দৃশ্যবিশেষ ও বাঙ্গালায় কুরুক্ষেত্র কাব্যের কতকাংশ অভিনয়, কণ্ঠ সঙ্গীত, যন্ত্র সঙ্গীত ও জলযোগ ইত্যাদির আয়োজন ছিল। পরিষদ্-গৃহে স্থান হইবে না বলিয়া, প্রাঙ্গণে মণ্ডপ নির্ম্মাণ করা হইয়াছিল। গৃহ ও মণ্ডপ পত্রপুষ্পবিভূষিত ও বিদ্যুতা-লোকোদ্ভাসিত হইয়া অভিনব শ্রীধারণ করিয়াছিল। দেশের মান্যগণ্য বিদ্বজ্জন-সমাগমে গৃহ ও মণ্ডপ পূর্ণ হইয়া গিয়াছিল। সভ্য ও নিমন্ত্রিতজনগণের মধ্যে মিলামিশা হওয়ায় সকলেই বিশেষ প্রীত হইয়া ছিলেন। মাসিক অধিবেশন-গুলিতে নিয়মমত প্রবন্ধ পাঠ, সাহিত্যবিষয়ক কৌতূহলোদ্দীপক বস্তুর প্রদর্শনাদি হইয়াছিল। এতদ্ভিন্ন এ বৎসর সভাপতি মহাশয়ের যত্নে ও চেষ্টায় মাসিক অধিবেশনে গাথা আবৃত্তি করিবার প্রথা নূতন প্রবর্ত্তিত হইয়াছে। সভাপতি মহাশয়, শ্রীযুক্ত অক্ষয়কুমার বড়াল ও শ্রীযুক্ত নগেন্দ্রনাথ গুপ্ত মহাশয় চারিটী অধিবেশনে চারিটী মধুর গাথার আবৃত্তি করিয়াছিলেন। পরিষৎ আবৃত্তিকারিগণের নিকট কৃতজ্ঞ রহিলেন।

---

* সার জর্জ্জ বার্ডউড মহোদয়ের নাম গত বর্ষের বিবরণীতে ভ্রম বশতঃ বিশিষ্ট সভ্যের স্বতন্ত্র তালিকা মধ্যে দেওয়া হয় নাই, কিন্তু ঐ পরিশিষ্টে সভ্য-তালিকায় ছিল।

পরিষদের অন্যতর সহকারী সভাপতি মহামহোপাধ্যায় শ্রীযুক্ত হরপ্রসাদ শাস্ত্রী মহাশয় একাধিক অধিবেশনে ভিন্ন ভিন্ন পুঁথি চিত্র ইত্যাদি প্রদর্শিত করিয়া ও তৎসম্বন্ধে স্বীয় মন্তব্য প্রকাশ করিয়া পরিষদের কৃতজ্ঞতাভাজন হইয়াছেন। তাঁহার প্রদর্শিত পুঁথি ইত্যাদির মধ্যে নিম্নলিখিতগুলি বিশেষ উল্লেখ যোগ্য—

(১) বিদ্যাপতির বাড়ীর পুঁথি। ইহাতে বিদ্যাপতির কাল নির্ণয়ের বিশেষ সুবিধা হয়।

(২) প্রাচীন পুঁথিতে কমা ও সেমিকোলনের ব্যবহার।

(৩) চৌর শাস্ত্র।

(৪) প্রাচীনতম কাব্য-সংগ্রহ অর্থাৎ Quotations.

(৫) প্রাচীন তালপত্র চিত্র। ইহার বর্ণ-বিন্যাস বিশেষ শিল্প-নৈপুণ্যের পরিচায়ক।

পরিষদের অকৃত্রিম সুহৃৎ প্রত্নতত্ত্বক্ষেত্রে লব্ধপ্রতিষ্ঠ সুপ্রসিদ্ধ বিশ্বকোষ সম্পাদক শ্রীযুক্ত বাবু নগেন্দ্র নাথ বসু মহাশয় পরিষদের দ্বিতীয় মাসিক অধিবেশনে বাঙ্গালা ভাষায় রচিত ২২শ খানি মহাভারতের পুঁথি প্রদর্শন করিয়া মহাভারত সম্বন্ধে অনেক নূতন কথা পরিষদ্‌কে জানাইয়াছেন, তজ্জন্য তিনি পরিষদের বিশেষ কৃতজ্ঞতাভাজন।

পরিষদের মাসিক ৫ম অধিবেশনে বাঙ্গালা ভাষার সুবৃহৎ ইতিহাস-লেখক স্বনামখ্যাত শ্রীযুক্ত দীনেশচন্দ্র সেন মহাশয়, বাঙ্গালা ভাষানুরাগী ব্যক্তিমাত্রেরই পবিত্র তীর্থস্বরূপ চণ্ডীদাসের ভিটা ও বাশুলী দেবীর মন্দির ও প্রতিমার ফটোগ্রাফ্ প্রদর্শন করেন। ঐ সকল ফটোগ্রাফ্ তিনি বীরভূমের District Superintendent of Police মহোদয়ের নিকট প্রাপ্ত হইয়াছিলেন। উভয়েই পরিষদের যে বিশেষ কৃতজ্ঞতাভাজন, তাহা বলা বাহুল্যমাত্র।

৮। **বিশেষ অধিবেশন**—ছয়টী বিশেষ অধিবেশনের মধ্যে ১ম, ২য়, ৩য় ও ৬ষ্ঠ বিশেষ অধিবেশন স্বতন্ত্র ভাবে আহূত হয় এবং অবশিষ্ট দুইটী মাসিক অধিবেশনের দিনেই আহূত হয়। বিশেষ অধিবেশনগুলির মধ্যে চারিটী শোক-সভা, অপর দুইটীতে প্রবন্ধ পাঠ হয়।

আলোচ্য বর্ষের সর্ব্বপ্রধান ঘটনা রাজরাজেশ্বরী ভিক্টোরিয়ার মৃত্যু। যিনি সুদীর্ঘ কাল ব্যাপিয়া সাগরান্তর বিশাল বৃটিশ সাম্রাজ্যের অধীশ্বরী হইয়া অপত্য-

নির্ব্বিশেষে প্রজা-পালন করিয়াছেন, তাঁহার মৃত্যুতে তাঁহার প্রজাবর্গ যে শোকে অধীর হইবে, তাহা বিচিত্র নহে, কিন্তু তাঁহার মহিমময় চরিত্রের এমনই প্রভাব যে তাঁহার মৃত্যুতে সমগ্র মানবজাতি যেন একটী উৎকৃষ্ট রত্ন হারাইয়াছে বলিয়া অনুভব করিতেছে। কি রাজত্ব-পরিসরে, কি রাজত্বকাল-বিস্তারে, কি রাজত্ব-গৌরবে, তাঁহার সমকক্ষ কেহ নাই বলিলেও অত্যুক্তি হয় না। তিনি ইংলণ্ডের শতনৃপতি-প্রণামপূত মহিমময় সিংহাসনে বসিয়া প্রজাবর্গের প্রতি রাজোচিত বিচার ও রমণীজনোচিত স্নেহ দেখাইয়াছেন। তাঁহার মৃত্যুতে তাঁহার বিশাল সাম্রাজ্যে যে শোকোচ্ছ্বাস উচ্ছ্বসিত হইয়াছে, তাহার বিপুল ধ্বনির মধ্যেও ভারতবাসী দীন প্রজার ক্ষীণ কণ্ঠস্বরও শ্রুত হইয়াছে। তাঁহার রাজত্ব-কালে বঙ্গদেশে সহস্র-স্রোতে পরিবর্ত্তন প্রবাহিত হইয়াছে। নূতন শিক্ষার বিস্তার হইয়াছে, নূতন সভ্যতার প্রবর্ত্তন হইয়াছে, শিক্ষার আলোক সাম্রাজ্যের নিম্নস্তর পর্য্যন্ত উদ্ভাসিত হইয়া উঠিয়াছে এবং এদেশে নূতন আশা ও উৎসাহের তাড়িত প্রবাহ লক্ষিত হইয়াছে। তাঁহারই সিংহাসন-ছায়ায় বঙ্গভাষা অভূতপূর্ব্ব লাবণ্যশ্রী পাইয়াছে। মহারাণীর মৃত্যুতে পরিষৎ একটী বিশেষ সভার আহ্বান করিয়া শোক প্রকাশ করেন। সেই অধিবেশনে গৃহীত শোক-প্রকাশ-প্রস্তাব রাজপ্রতিনিধির নিকট প্রেরিত হইয়াছিল। তদুত্তরে বড় লাট বাহাদুরের নিকট হইতে নিম্নলিখিত পত্রখানি পাওয়া গিয়াছে:—

Private Secretary's office.
Government House,
Calcutta.

30th. January 1901.

Sir.

I have to acknowledge the receipt of your letter of the 28th instant and its enclosure, and am directed, and am desired by His Excellency the Viceroy to thank you sincerely for the expressions of sympathy and condolence which you have been good enough to send him on behalf of the Bangiya Sahitya Parishad upon the occasion of the lamented death of Her late Majesty the Queen-Empress and to assure you that it will be transmitted to the proper quarter.

Yours faithfully,
(Sd.) W Lawrence
Private Secretary to the Viceroy.

Babu Satyendra Nath Tagore.

আলোচ্য বর্ষে মনীষী মহাপুরুষ ম্যাক্সমুলরের মৃত্যু হয়। সংস্কৃত সাহিত্যে তাঁহার অসাধারণ বুৎপত্তি ছিল। তিনি ভারতের প্রাচীন সাহিত্য-চর্চ্চায় অবসর ও উৎসাহ ব্যয়িত করিতে ত্রুটি করেন নাই। ভারতে প্রাচীন সাহিত্য-চর্চ্চার ফলে তিনি ভারতবর্ষের ও ভারতবাসীর অনুরক্ত হইয়া পড়েন। তিনি বৈদিক ভারতের মায়ামুগ্ধ ছিলেন। পরিষৎও তাঁহার নিকট অপরিচিত ছিলেন না। তাঁহার মৃত্যুতে পরিষৎ একটী বিশেষ অধিবেশনে শোক প্রকাশ করেন।

রজনীকান্ত গুপ্ত ও প্রফুল্লচন্দ্র বন্দ্যোপাধ্যায় মহাশয় দ্বয়ের জন্য শোক সভার কথা পূর্ব্বেই উল্লেখ করা হইয়াছে।

অবশিষ্ট দুইটী বিশেষ অধিবেশনই, জনতাধিক্যের সম্ভাবনা-প্রযুক্ত কলিকাতা University Institute Hallএ করিতে হইয়াছিল। একটীতে পণ্ডিত শ্রীযুক্ত কালীবর বেদান্তবাগীশ মহাশয় "শঙ্করাচার্য্য ও শাক্যমুনি" নামক প্রবন্ধ ও অপরটীতে পরিষদের সভাপতি শ্রীযুক্ত সত্যেন্দ্রনাথ ঠাকুর মহাশয় "বৌদ্ধধর্ম্ম—ধর্ম্ম, নীতি, পরকাল ও মুক্তি" নামক প্রবন্ধপাঠ করেন। উভয় প্রবন্ধই অগাধ পাণ্ডিত্যের পরিচায়ক ও বহুশ্রমের ফল। উভয় প্রবন্ধেই জটীল বিষয় সরল ও সহজ-বোধ্য হইয়াছিল। বেদান্তবাগীশ মহাশয় অসুস্থ শরীরে, ভগ্নস্বাস্থ্যে পরিষদের জন্য এই প্রবন্ধ রচনা করিয়া পরিষদের বিশেষ কৃতজ্ঞতাভাজন হইয়াছেন। এই দুই প্রবন্ধ স্বতন্ত্র পুস্তকাকারে প্রকাশিত হইয়াছে। এই দুই অধিবেশন-উপলক্ষে কলিকাতা University Institute Hall পরিষৎকে ব্যবহার করিতে দিয়া উক্ত হলের কর্ত্তৃপক্ষীয়গণ পরিষদের বিশেষ কৃতজ্ঞতার পাত্র হইয়াছেন। একান্ত সুখের বিষয়, এই সকল অধিবেশনেই যথেষ্ট জনসমাগম হইয়াছিল। ইহা হইতে স্পষ্টতঃই প্রতীয়মান হইবে, পরিষৎ দেশের শিক্ষিত ব্যক্তিগণের সাহায্য ও সহানুভূতি লাভে সমর্থ হইয়াছেন।

৯। **সাধারণ ও বিশেষ অধিবেশনে** যে সকল প্রবন্ধ পঠিত হইয়াছে, তাহার একটী তালিকা দেওয়া গেল। এই সকল প্রবন্ধের শ্রেণী বিভাগ করিলে জানা যায় যে, আলোচ্য বর্ষে ৩টী দর্শন সম্বন্ধীয়, ২টী সমালোচন সম্বন্ধীয়, ৪টী প্রাচীন সাহিত্য সম্বন্ধীয়, ২টী প্রত্নতত্ত্ব সম্বন্ধীয়, ৩টী বিবিধ বিষয়ক প্রবন্ধ পঠিত হইয়াছে।

সাধারণ অধিবেশনে ;—

প্রবন্ধ।	লেখক।	কোন অধিবেশনে পঠিত।
ক্ষণিক বিজ্ঞানবাদ	শ্রীযুত রায় শরচ্চন্দ্র দাস বাহাদুর।	১ম অধিবেশনে।
লালা জযনারায়ণ	শ্রীযুত আনন্দনাথ রায়	২য় „
কবি বিহারীলাল ও সুরেন্দ্রনাথ	শ্রীযুত কিরণচন্দ্র দত্ত	৩য় „
তৈবিদ্য সূত্র	শ্রীযুত সত্যেন্দ্রনাথ ঠাকুর	৪র্থ „
গোবিন্দদাসের কড়চা	শ্রীযুত দীনেশচন্দ্র সেন, বি, এ	৬ষ্ঠ „
বাঙ্গামাটি বা কর্ণ-সুবর্ণ।	শ্রীযুত নিখিলনাথ রায়, বি, এল্	৭ম „
কৃষ্ণদাস কৃষ্ণকিঙ্কর-দের কৃষ্ণবিলাস।	পণ্ডিত শ্রীরাখালচন্দ্র কাব্যতীর্থ	„ „
পুরাণতত্ত্ব	শ্রীযুত নগেন্দ্রনাথ বসু	৮ম „
পরা প্রকৃতি	শ্রীযুত হীরেন্দ্রনাথ দত্ত এম,এ, বি এল্,	৯ম „
বুদ্ধদেবের মহা-পরিনির্ব্বাণ।	শ্রীযুত সতীশচন্দ্র বিদ্যাভূষণ, এম্,এ	১০ম „
দাক্ষিণাত্যের পূজা ও ব্রত।	শ্রীযুত দীননাথ গঙ্গোপাধ্যায়	„ „
চরক ও সুশ্রুতের সময় নিরূপণ।	ডাক্তার প্রফুল্লচন্দ্র রায়	১১শ „

বিশেষ অধিবেশনে ;—

শঙ্কর ও শাক্য মুনি	..	শ্রীযুত কালীবর বেদান্তবাগীশ।
বৌদ্ধধর্ম্ম,—ধর্ম্মনীতি, নির্ব্বাণ ও মুক্তি।	..	শ্রীযুত সত্যেন্দ্রনাথ ঠাকুর।

১০। কর্ম্মচারিগণ—আলোচ্য বর্ষে বার্ষিক-নির্ব্বাচনে নিম্নলিখিত ব্যক্তিগণ পরিষদের কর্ম্মচারী নির্ব্বাচিত হইয়াছিলেন,—

১। শ্রীযুক্ত সত্যেন্দ্রনাথ ঠাকুর	... সভাপতি।
২। মহামহোপাধ্যায় শ্রীযুক্ত হরপ্রসাদ শাস্ত্রী, এম্ এ	.. সহকারী সভাপতি।
৩। শ্রীযুক্ত রায় কালীপ্রসন্ন ঘোষ বাহাদুর	
৪। ডাক্তার শ্রীযুক্ত জগদীশচন্দ্র বসু	
৫। শ্রীযুক্ত রায় যতীন্দ্রনাথ চৌধুরী, এম্ এ, বি এল্	.. সম্পাদক।
৬। শ্রীযুক্ত ব্যোমকেশ মুস্তফী	.. সহকারী সম্পাদক।
৭। শ্রীযুক্ত হেমেন্দ্রপ্রসাদ ঘোষ, বি এ	
৮। শ্রীযুক্ত রামেন্দ্রসুন্দর ত্রিবেদী, এম্ এ	. পত্রিকা-সম্পাদক।
৯। শ্রীযুক্ত কিরণচন্দ্র দত্ত	গ্রন্থরক্ষক।
১০। শ্রীযুক্ত হীরেন্দ্রনাথ দত্ত, এম্ এ, বি এল্	. ধনরক্ষক।
১১। শ্রীযুক্ত বাণীনাথ নন্দী	. আয়ব্যয়-পরীক্ষক।
১২। শ্রীযুক্ত চারুচন্দ্র ঘোষ	

এতদ্ভিন্ন আলোচ্য বৎসরে শ্রীযুক্ত পূর্ণচন্দ্র ঘোষ পরিষদের বেতন-প্রাপ্ত লেখক ছিলেন।

১১। কার্য্যনির্ব্বাহক সমিতি—কার্য্য-নির্ব্বাহক সমিতির সভ্য-নির্ব্বাচনের ফলে যে আট জন প্রথম হইতে অষ্টম স্থান অধিকার করেন, তাঁহাদের মধ্যে কয়জন কর্ম্মচারিপদ গ্রহণ করায়, তাঁহাদের অব্যবহিত পরবর্ত্তী-দিগকে তাঁহাদের স্থান দান করা হয়। ১৩০৩ সালের প্রবর্ত্তিত নিয়মানুসারে ৮ জন নির্ব্বাচিত ও ৪ জন মনোনীত সভ্য লইয়া কার্য্যনির্ব্বাহক-সমিতি গঠিত হয়। নিম্নে উভয়বিধ সভ্যগণের নাম প্রদত্ত হইল।

নির্ব্বাচিত সভ্যগণ।

শ্রীযুক্ত সুরেশচন্দ্র সমাজপতি।
,, মৃণালকান্তি ঘোষ।
কুমার শ্রীযুক্ত শরৎকুমার রায়, এম্ এ।
শ্রীযুক্ত গোবিন্দলাল দত্ত।

শ্রীযুক্ত চারুচন্দ্র ঘোষ।
,, অক্ষয়কুমার বড়াল।
,, অমৃতকৃষ্ণ মল্লিক, বি এল্।
,, তারাপদ বন্দ্যোপাধ্যায়, বি এল্।

মনোনীত সভ্যগণ।

শ্রীযুক্ত দ্বিজেন্দ্রনাথ ঠাকুর।
,, চন্দ্রনাথ বসু, এম্ এ, বি এল্।
,, নগেন্দ্রনাথ বসু।
,, ললিতচন্দ্র মিত্র, এম্ এ।

এতদ্ব্যতীত ১৮শ নিয়মানুসারে পরিষদের কর্ম্মচারীদের মধ্যে আয়-ব্যয়-পরীক্ষকদ্বয় ও বেতন-প্রাপ্ত লেখক ব্যতীত আর সকলেই এই সমিতির সভ্য ছিলেন। ইঁহাদের মধ্যে ডাক্তার জগদীশচন্দ্র বসু বিজ্ঞানচর্চ্চা-কল্পে ইউরোপে যাত্রা করায় পরিষদের সহকারী সভাপতির পদত্যাগ করিয়া গিয়াছিলেন। আলোচ্য বর্ষের মধ্যে তাঁহার স্থান পূর্ণ করা হয় নাই। রায় শ্রীযুত কালী-প্রসন্ন ঘোষ বাহাদুর এবং শ্রীযুত তারাপদ বন্দ্যোপাধ্যায় মহাশয়দ্বয় মফস্বলে বাস করায় তাঁহারা কোন অধিবেশনে উপস্থিত হইতে পারেন নাই। আর সকল সভ্যই যথাসম্ভব সমিতির কার্য্যে সাহায্য করিতে ত্রুটী করেন নাই।

আলোচ্য বর্ষে কার্য্যনির্ব্বাহক-সমিতির ১৩টী অধিবেশন হইয়াছে। কার্য্য-নির্ব্বাহক-সমিতির অধিবেশনে স্থির হইয়াছে, এখন হইতে প্রাচীন পুঁথির বিবরণ স্বতন্ত্র পত্রাঙ্ক দিয়া মুদ্রিত হইবে। গ্রাহকগণ ইচ্ছা করিলে, তাহা স্বতন্ত্র পুস্তকরূপে রক্ষা করিতে পারিবেন।

ঐ সমিতির ৭ম অধিবেশনের মন্তব্য অনুসারে কৃত্তিবাসের রামায়ণ, বিজয় পণ্ডিতের মহাভারত, পীতাম্বর দাসের রসমঞ্জরী প্রভৃতি প্রাচীন বাঙ্গালা গ্রন্থাবলী মজুমদার লাইব্রেরীতে বিক্রয়ার্থ দেওয়া হইয়াছে। এখনও বিক্রয় কার্য্যে বিশেষ কিছু আয় হয় নাই।

আলোচ্য বর্ষে কতকগুলি আবশ্যকীয় গৃহসজ্জা ক্রীত ও প্রস্তুত হইয়াছে। এতদ্ভিন্ন গ্রন্থরক্ষক শ্রীযুত কিরণচন্দ্র দত্ত মহাশয় পরিষদের পাঠাগারের জন্য একটি বৃহৎ টেবিল দান করিয়া পরিষৎকে উপকৃত করিয়াছেন।

১২। পারিতোষিক প্রবন্ধ—পরলোকগত রজনীকান্ত গুপ্ত মহাশয়ের স্মৃতিরক্ষার্থ শ্রীযুত পূর্ণচন্দ্র গুপ্ত মহাশয় কোন একটী ঐতিহাসিক প্রবন্ধের জন্য একটী রৌপ্যপদক প্রদান করিতে চাহিয়াছেন। শ্রীযুত হীরেন্দ্রনাথ দত্ত, শ্রীযুত নগেন্দ্রনাথ বসু ও শ্রীযুত রামেন্দ্রসুন্দর ত্রিবেদী মহাশয়ত্রয়ের উপর তিনি প্রবন্ধের বিষয়াদি স্থির করিবার জন্য ভার দিয়াছেন। সত্বরই তাঁহারা উপযুক্ত ব্যবস্থাদি করিবেন বলিয়া আশা করা যায়। এই পদক দিবার প্রস্তাব করিয়া পূর্ণ বাবু পরিষৎকে কৃতজ্ঞতা-পাশে আবদ্ধ করিয়াছেন।

দুঃখের সহিত বলিতে হইতেছে যে, কৃষ্ণভাবিনী বসু-মল্লিক পুরস্কারপ্রাপ্ত প্রবন্ধ-লেখক শ্রীযুত বাবু গোপালচন্দ্র মুখোপাধ্যায় মহাশয় অদ্যাপি তাঁহার প্রতিশ্রুতি অনুসারে প্রবন্ধ মুদ্রিত করেন নাই। তিনি নানা পারিবারিক দুর্ঘটনায় মুদ্রিত করিতে পারেন নাই বলিয়া প্রকাশ করিয়াছেন। আশা করা যায়, তিনি তৎপর হইয়া সত্বরই প্রবন্ধ মুদ্রিত করিবেন।

১৩। রজনীকান্ত-স্মৃতি-সমিতি—পরলোকগত রজনীকান্ত গুপ্ত মহাশয়ের স্মৃতিরক্ষার্থ পরিষৎ হইতে অর্থ সংগ্রহ হইতেছে। কতক টাকা স্বাক্ষরিত ও কতক টাকা সংগৃহীতও হইয়াছে। স্থির হইয়াছে, পরিষদ্-গৃহে রজনী বাবুর একখানি ব্রোমাইড ফটোগ্রাফ রক্ষিত হইবে। সুপ্রসিদ্ধ ব্রোমাইড ফটোগ্রাফার শ্রীযুত জ্ঞানেন্দ্রলাল মুখোপাধ্যায় মহাশয় ঐ ছবি প্রস্তুত করিয়াছেন। শ্রীযুত সুরেশচন্দ্র সমাজপতি এবং শ্রীযুত হেমেন্দ্রপ্রসাদ ঘোষ মহাশয়দ্বয় এই কার্য্যের তত্ত্বাবধানের ভার পাইয়াছেন।

১৪। গৃহনির্ম্মাণ-সমিতি—কাশীমবাজারের কোবিদ-সুহৃদ্ মহারাজ বাহাদুর পরিষদের গৃহনির্ম্মাণ জন্য ভূমি দান করার পর এই সমিতি গঠিত হয়। (এই সমিতির সভ্যগণের নাম "ছ" পরিশিষ্টে দ্রষ্টব্য।) সমিতির চেষ্টায় কেহ কেহ চাঁদা দিতে স্বীকৃত হইয়াছেন। পরিষদের সভ্যদের মধ্যে যাঁহারা অল্প অল্প চাঁদা সংগ্রহ করিয়া দিতে ইচ্ছুক, তাঁহাদের জন্য স্বল্পায়তন চাঁদা-স্বাক্ষর-বহি প্রস্তুত হইয়াছে। পরিষদের সভ্যগণ উক্ত চাঁদা সংগ্রহের ভার লইলে সাহিত্য-পরিষৎ তাঁহাদের নিকট বাধিত হইবেন।

পরিষদের চিরসুহৃদ্ শ্রীযুক্ত হীরেন্দ্রনাথ দত্ত মহাশয়, কাশীমবাজারের

মহারাজ বাহাদুর প্রদত্ত ভূমির দান-পত্র প্রস্তুত করিয়া দিয়া পরিষদের কৃতজ্ঞতাভাজন হইয়াছেন।

নিম্ন-লিখিত ব্যক্তিগণ পরিষদের ন্যাস-রক্ষক নির্ব্বাচিত হইয়াছেন :—

১। কুমার শ্রীযুত শরৎকুমার রায়, এম্ এ,
(দীঘাপতিয়ার রাজকুমার)।

২। শ্রীযুত রায় প্রমথনাথ চৌধুরী,
(জমীদার, সন্তোষ, ময়মনসিংহ)।

৩। ,, রবীন্দ্রনাথ ঠাকুর।

৪। ,, রায় যতীন্দ্রনাথ চৌধুরী, এম্ এ, বি এল্,
(জমীদার, টাকী, চব্বিশপরগণা।)

৫। ,, হীরেন্দ্রনাথ দত্ত, এম্ এ, বি এল্, এটর্ণী, হাইকোর্ট।

আশা করা যায়, দেশের সহৃদয় ধনিগণ পরিষদের গৃহ-নির্ম্মাণে সাহায্য করিয়া মাতৃভাষানুরাগ ও কর্ত্তব্যপরায়ণতা দেখাইবেন এবং পরিষদের সকল সভ্যই এজন্য অর্থসংগ্রহে যথাসাধ্য চেষ্টা করা কর্ত্তব্য জ্ঞান করিবেন। সকলের সমবেত চেষ্টা ব্যতীত এ কার্য্য সম্পন্ন হওয়া সম্ভব নহে।

১৫। শাখা-সমিতি—আলোচ্য বর্ষের পূর্ব্ব বৎসর পরিষদের ভিন্ন ভিন্ন শাখা-সমিতি গুলির মধ্যে কোনটীর কর্ম্মক্ষেত্র কিছু সঙ্কুচিত করিয়া কোনটীর বা কিছু বিস্তৃত করিয়া মোট পাচটী শাখা-সমিতি গঠিত হয়। আলোচ্যবর্ষে এই সকল সমিতির কার্য্য নিম্নে আলোচিত হইতেছে।

(১) **গ্রন্থ-প্রকাশ সমিতি**—এই সমিতির যত্নে "প্রাচীন বাঙ্গালা গ্রন্থাবলী" নামে দ্বৈমাসিক পত্রে বহু প্রাচীন বাঙ্গালা গ্রন্থ প্রকাশিত হইয়াছে ও হইতেছে। এই গ্রন্থাবলীর ষষ্ঠ খণ্ড পর্য্যন্ত বাহির হইয়াছে। এই সকল গ্রন্থ অপ্রকাশিত ছিল। নিম্নে প্রকাশিত গ্রন্থ ও সম্পাদকের নাম প্রদত্ত হইল :—

গ্রন্থ।		সম্পাদক।
বিদ্যাপতির পদাবলী	..	মহামহোপাধ্যায় শ্রীযুত হরপ্রসাদ শাস্ত্রী।
ছুটখানের মঙ্গলচণ্ডী	..	শ্রীযুত বিনোদবিহারী কাব্যতীর্থ।

গ্রন্থ।		সম্পাদক।
বনমালী দাসের জয়দেব চরিত	...	শ্রীযুত অতুলকৃষ্ণ গোস্বামী।
বাসুদেব ঘোষের পদাবলী	...	শ্রীযুত মৃণালকান্তি ঘোষ।
জয়ানন্দের শ্রীচৈতন্যমঙ্গল	..	শ্রীযুত কালিদাস নাথ ও শ্রীযুত নগেন্দ্রনাথ বসু।
মাণিক গাঙ্গুলীর ধর্ম্মমঙ্গল	..	মহামহোপাধ্যায় শ্রীযুত হরপ্রসাদ শাস্ত্রী।
ভাগবতাচার্য্যের কৃষ্ণপ্রেমতরঙ্গিণী	...	শ্রীযুত নগেন্দ্রনাথ বসু।
রাধিকার মানভঙ্গ	...	মৌলবী আবদুল করিম। (সভ্য না হইয়াও মৌলবী মহাশয়ের এই মহা পরিশ্রমকর কার্য্যের জন্য পরিষৎ তাঁহার নিকট কৃতজ্ঞ রহিলেন।)
অন্ধ-কবি ভবানীপ্রসাদের দুর্গামঙ্গল	..	শ্রীযুত নিবারণচন্দ্র ভট্টাচার্য্য ও শ্রীযুত ব্যোমকেশ মুস্তফী।

বিগত বর্ষে নানা কারণে এই গ্রন্থাবলী ঠিক্ নিয়মানুসারে বাহির করিতে পারা যায় নাই, তবে আলোচ্য বর্ষের প্রকাশ্য ছয় সংখ্যাই বার্ষিক অধিবেশনের পূর্ব্বে প্রকাশিত হইয়াছে। যাহা হউক, এখন যেরূপ বন্দোবস্ত করা হইয়াছে, তাহাতে আশা করা যায় যে, এই বৎসর হইতে ইহা নিয়মিতরূপ প্রকাশ করা যাইবে। প্রথমে কিছু বিলম্ব হইল দেখিয়া ঐ গ্রন্থাবলী-সম্বন্ধে কোন বিজ্ঞাপন সংবাদপত্রাদিতে দেওয়া হয় নাই। বর্ত্তমান বর্ষে সংবাদপত্রে উহার বিজ্ঞাপন দেওয়া যাইবে।

কৃত্তিবাসের রামায়ণের অযোধ্যা কাণ্ড প্রকাশিত হইয়াছে। উত্তরাকাণ্ডের মুদ্রণ কার্য্য প্রায় শেষ হইয়াছে। পীতাম্বর দাসের "রসমঞ্জরী" প্রকাশিত হইয়াছে। বিজয় পণ্ডিতের মহাভারতেরও ছাপা শেষ হইয়া গিয়াছে।

পরিষৎ পত্রিকার দ্বিতীয় সংখ্যায় পত্রিকা-সম্পাদক মহাশয়ের লিখিত এবং তৃতীয় ও চতুর্থ সংখ্যায় শ্রীযুত আবদুল করিম মহাশয়ের লিখিত "বাঙ্গালা পুঁথির সংক্ষিপ্ত বিবরণ" প্রকাশিত হইয়াছে। ("খ" পরিশিষ্ট দ্রষ্টব্য।)

শ্রীযুক্ত জগদ্বন্ধু ভদ্র সংগৃহীত "গৌড়-পদাবলী" পরিষৎ হইতে প্রকাশের কথাবার্ত্তা চলিতেছে। ভদ্র মহাশয় উহার সম্বন্ধে যে সকল প্রস্তাব করিয়াছেন, তাহার অর্থঘটিত-অংশসম্বন্ধে শেষ মীমাংসা এখনও হয় নাই।

(২) পরিভাষা-সমিতি—আলোচ্য বর্ষের পরিষৎ পত্রিকায় (৭ম ভাগ, ৩য় সংখ্যায়) শ্রীযুক্ত যোগেশচন্দ্র রায় মহাশয় ভৌগোলিক পরিভাষার আলোচনা করিয়াছেন। ইতঃপূর্ব্বে শ্রীযুক্ত রামেন্দ্রসুন্দর ত্রিবেদী মহাশয় ষষ্ঠ ভাগ, ৪র্থ সংখ্যায় যে পরিভাষা প্রকাশ করিয়াছিলেন, তিনি তাহার কথঞ্চিৎ পরিবর্ত্তনের প্রস্তাব করিয়াছেন। ("গ" পরিশিষ্ট দ্রষ্টব্য।)

কাশীর নাগরী-প্রচারিণী সভা এতদ্বিষয়ে যে পরিভাষা-প্রণয়নে ব্যাপৃত ছিলেন, তাহার কার্য্য তাঁহারা শেষ করিয়া পুস্তকাকারে প্রকাশ করিয়াছেন এবং এক খণ্ড মুদ্রিত পুস্তক পরিষদে পাঠাইয়া দিয়া আমাদের কৃতজ্ঞতাভাজন হইয়াছেন।

উদ্ভিদ বিদ্যার পরিভাষা-প্রণয়ন কার্য্যে শ্রীযুত রামেন্দ্রসুন্দর ত্রিবেদী মহাশয় ব্রতী হইয়াছেন। আশা করা যায় অনতিবিলম্বে উহা সমাধা হইবে।

রসায়ন সম্বন্ধে শ্রীযুত রামেন্দ্রসুন্দর ত্রিবেদী মহাশয় পূর্ব্বে ১৩০৩ সালে যাহা লিখিয়াছেন, ডাক্তার শ্রীযুত প্রফুল্লচন্দ্র রায় মহাশয়, তাহা পুনরায় নূতন করিয়া লিখিতে স্বীকৃত হইয়া পরিষৎকে কৃতজ্ঞতাপাশে বদ্ধ করিয়াছেন।

(৩) ভাষা-বিজ্ঞান সমিতি—আলোচ্য বর্ষে এই সমিতির কার্য্য বিশেষ অগ্রসর হয় নাই। ("ঘ" পরিশিষ্ট দ্রষ্টব্য।)

(৪) শব্দ সমিতি—শ্রীযুক্ত রাজকুমার মুখোপাধ্যায় মহাশয় অনেক গুলি চলিত কথা অভিধানাকারে সংগ্রহ করিয়া অনুগ্রহপূর্ব্বক পরিষৎকে দিয়াছেন। শ্রীযুক্ত রামেন্দ্রসুন্দর ত্রিবেদী মহাশয়ের প্রতি সেগুলি পরীক্ষার এবং আবশ্যক হইলে তাহার সম্পাদনের ভার অর্পিত হইয়াছে। উক্ত মুখোপাধ্যায় মহাশয় পরিষদের সদস্য না হইলেও তদীয় অনুরাগের জন্য তাঁহার নিকট পরিষৎ বিশেষরূপে বাধিত রহিলেন। ("ঙ" পরিশিষ্ট দ্রষ্টব্য।)

শ্রীযুক্ত শিবরতন মিত্র মহাশয় বীরভূমের দেশজ শব্দের কতক তালিকা পাঠাইয়াছেন। ঐ অঞ্চলের শব্দের তালিকা সম্পূর্ণ করিয়া পাঠাইতে তাঁহাকে অনুরোধ করা হইয়াছে।

শ্রীযুক্ত রবীন্দ্রনাথ ঠাকুর ও শ্রীযুক্ত ললিতকুমার বন্দ্যোপাধ্যায় মহাশয়দ্বয় যথাক্রমে শব্দদ্বৈত ও ভাষাতত্ত্ব-সম্বন্ধে অনেক তথ্য প্রকাশ করিয়াছেন। উঁহাদের প্রবন্ধ পত্রিকায় মুদ্রিত হইয়াছে।

(৫) গ্রন্থ-রচনা সমিতি—শ্রীযুক্ত হীরেন্দ্রনাথ দত্ত মহাশয় তাঁহার "পরা প্রকৃতি" সম্বন্ধীয় প্রবন্ধ পরিষদের নবম মাসিক অধিবেশনে পাঠ করিয়াছেন। এই প্রবন্ধ তাঁহার সাংখ্য-দর্শনসংক্রান্ত পুস্তকের একাংশ।

এতদ্ভিন্ন পরিষদের বিশেষ অধিবেশনে পঠিত বেদান্তবাগীশ মহাশয়ের ও সভাপতি মহাশয়ের প্রবন্ধ দুইটি এই সমিতির সংশ্রবে স্বতন্ত্র পুস্তিকাকারে মুদ্রিত হইয়াছে। ("চ" পরিশিষ্ট দ্রষ্টব্য।)

পরিষদের অস্থায়ী শাখা সমিতিগুলির মধ্যে :—

নিয়মাবলী-সংস্কার সমিতি হইতে কোন কার্য্য হয় নাই। আপাততঃ নিয়মাবলীর পরিবর্ত্তন অনাবশ্যক বলিয়া বিবেচিত হইয়াছে।

শিক্ষাসমিতি—গভর্মেণ্ট বাঙ্গলা-শিক্ষা-প্রণালীর সংস্কারে ব্রতী হইলে, গভর্মেণ্টের প্রস্তাব বিচার করিয়া পরিষদের প্রস্তাবগুলি গভর্মেণ্টে জানাইবার উদ্দেশ্যে এই সমিতি গঠিত হয়। সমিতি ১৩০৬ সালে যে একখানি সুদীর্ঘ আবেদন পত্রে ঐ সকল প্রস্তাব লিপিবদ্ধ করিয়া গভর্মেণ্টের নিকট প্রেরণ করেন, সম্প্রতি গভর্মেণ্টকর্ত্তৃক গঠিত সমিতি ঐ প্রস্তাবগুলির বিচার করিয়াছেন এবং একান্ত সুখের বিষয় যে, পরিষদের অনেকগুলি প্রস্তাব উক্ত সমিতিকর্ত্তৃক গৃহীত হইয়াছে। কলিকাতা গেজেটে প্রকাশিত শিক্ষা-প্রণালীর সংশোধিত বিবরণে দৃষ্ট হইবে, পরিষদের যে সকল প্রস্তাব সমীচীন বোধে গভর্মেণ্টকর্ত্তৃক গৃহীত হইয়াছে, নিম্নে তাহার সংক্ষিপ্ত বিবরণ দেওয়া গেল।

(১) জমিদারী ও মহাজনী হিসাবের শিক্ষা দেওয়া হইবে কিনা, সে কথা স্পষ্ট উল্লিখিত না থাকায় পরিষৎ ঐ সকল হিসাবের শিক্ষা প্রদান করিতে বলেন। সংশোধিত বিবরণে দৃষ্ট হইবে, ঐ সকল শিখান হইবে।

(২) পরিষৎ ঝুড়ি বুনা প্রভৃতি হাতের কাজ শিখাইবার বিরুদ্ধে মত প্রকাশ করেন। সংশোধিত বিবরণে দৃষ্ট হইবে, বাঁশের কাজ শিক্ষা করিতে ছাত্রগণকে বাধ্য করা হইবে না।

(৩) উচ্চ প্রাথমিক ও মধ্য বাঙ্গালা উভয় পরীক্ষাতেই ব্যাকরণের পাঠ বর্দ্ধিত হইয়াছে।

(৪) উচ্চ প্রাথমিক ও মধ্য বাঙ্গালা উভয় পরীক্ষাতেই ইতিহাস ও ভূগোলের পাঠ বর্দ্ধিত হইয়াছে। ইতিহাস ও ভূগোলের স্বতন্ত্র পুস্তক নির্দ্ধারিত হইয়াছে।

(৫) উচ্চ প্রাথমিক পরীক্ষায় স্বতন্ত্র সাহিত্য পুস্তক নির্দ্দিষ্ট হইয়াছে।

(৬) পরিষদের প্রস্তাব মত স্থির হইয়াছে, গভর্মেণ্টের অধীন উচ্চ স্কুল সমূহে নিম্ন তিন শ্রেণীতে মাতৃভাষাদ্বারা সমস্ত বিষয়ের শিক্ষা প্রদত্ত হইবে।

পরিষদের এই সকল প্রস্তাব গৃহীত হওয়ায় পরিষৎ যেমন আনন্দিত হইয়াছেন, এতৎসংক্রান্ত ব্যক্তিদিগের নিকট তেমনই কৃতজ্ঞ হইয়াছেন।

সর্ব্বশেষোক্ত প্রস্তাব হইতে অজস্র সুফলের আশা করা যায়। অত্যল্প বয়সে ভিন্ন-ভাষায় শিক্ষা প্রদত্ত হইলে সুকুমারমতি ছাত্রগণ যে তাহা বুঝিতে না পারিয়া কেবল কণ্ঠস্থ করে, তাহা বঙ্গের ছোটলাট বাহাদুর বুঝিয়াছেন। যে শিক্ষা শিক্ষার্থীর হৃদয় স্পর্শ করে না, সে শিক্ষা ফলোপধায়িনী হইতে পারে না, সে শিক্ষার অরুণ-কিরণে শিক্ষার্থীর মানসপদ্ম বিকাশের সম্ভাবনা নাই। যে শিক্ষা শিক্ষার্থীর হৃদয় রসে পুষ্ট হয় না, যাহা তাহার আন্তরিক স্নেহে অভিসিঞ্চিত হয় না, তাহা সফল হইতে পারে না, তাহা একান্তই বিদেশীয়, বিজাতীয়, তাহা পথ্য নহে, ঔষধ মাত্র, তাহা হইতে সবল সবল চরিত্র গঠনের আশা করা যায় না, তাহা হইতে শিক্ষার্থীর হৃদয়ে প্রয়োজনীয় বৃত্তিগুলি বিকাশের সম্পূর্ণ সম্ভাবনা হইতে পারে না, তাহা হইতে প্রকৃত সর্ব্বাঙ্গীন উন্নতির সম্ভাবনা মাত্র নাই। আমাদের সমাদৃতা মাতৃভাষার এই প্রাপ্য আদর দেখিয়া আমরা আশায় ও আনন্দে উৎফুল্ল হইয়াছি। আমাদের আশা হইয়াছে, সম্ভবতঃ অদূরবর্ত্তী ভবিষ্যতে এই মাতৃভাষার স্নেহ-স্পর্শে বিশ্ববিদ্যালয়ের পাষাণ-পঞ্জরে প্রকৃত জীবন সঞ্জীবিত হইয়া উঠিবে, বিশ্ববিদ্যালয়ে বাঙ্গালা শিক্ষাদানের ভাষা হইয়া দাঁড়াইবে। সঙ্গে সঙ্গে বঙ্গভাষা সর্ব্ববিধ জ্ঞান দানের উপযোগিনী হইয়া অপার মহিমা-মণ্ডিত সিংহাসনাধিকারিণী হইয়া দেশে ও বিদেশে পূজিতা হইবে।

১৬। পরিষদের পুস্তকালয়—১৩০৬ সালের শেষে পরিষৎ পুস্তকালয়ে ৮৫৮ খানি পুস্তক ও কতকগুলি পুঁথি সংগৃহীত ছিল। এতদ্ভিন্ন

পুস্তকালয়ে ৪২ খানি সাময়িক পত্র আসিত। আলোচ্য বর্ষে ১২৫৯ খানি পুস্তক ও ২০১ খানি পুঁথি সংগৃহীত হইয়াছে।

মোট পুস্তকরাশির মধ্যে ৮১৫ খানি বাঙ্গালা, ১৪০ খানি ইংরাজি, অবশিষ্ট গুলি হিন্দি, উড়িয়া ও সংস্কৃত ভাষায় লিখিত। উপহার-দাতৃবর্গের নাম ও গ্রন্থের তালিকা "জ" পরিশিষ্টে দ্রষ্টব্য। পরিষৎ এই সকল গ্রন্থোপহার-দাতৃবর্গের নিকট বিশেষ কৃতজ্ঞ। আলোচ্য বর্ষে পুস্তকগুলির শ্রেণীবিভাগ করিয়া নূতন তালিকা প্রস্তুত করা হইয়াছে। তাহাতে দেখা যায় আলোচ্য বর্ষে ৪০ খানি সাময়িক পত্র আসিয়াছে, সাময়িক পত্রের তালিকা "ঝ" পরিশিষ্টে দ্রষ্টব্য। আলোচ্য বর্ষে পরিষৎ তদীয় পরলোকগত সুহৃদ্ রজনীকান্ত গুপ্ত মহাশয়ের পুস্তকাগার হইতে অনেকগুলি বহুমূল্য গ্রন্থ ক্রয় করিয়াছেন। শ্রীযুক্ত মতিলাল ঘোষ ও শ্রীযুক্ত মৃণালকান্তি ঘোষ অমৃতবাজার আফিস হইতে দেশীয় ও বিদেশীয় সংবাদপত্র পাঠার্থ পরিষদের পাঠাগারে দিয়া পরিষৎকে বিশেষ উপকৃত করিয়াছেন। আলোচ্য বর্ষে সভ্যগণ পুস্তকালয় হইতে ৩০০ খানি পুস্তক পাঠার্থ লইয়াছেন।

পুস্তকালয়ে আরও পুস্তক সংগ্রহ বিষয়ে পরিষৎ সভ্যমাত্রেরই সাহায্য প্রার্থনা করিতেছেন।

পাঠাগার,—আলোচ্য বর্ষে পরিষৎ পুস্তকালয়ের সংস্রবে একটী সাধারণ পাঠাগার খোলা হইয়াছে। প্রত্যহ প্রাতে ও অপরাহ্নে এই পাঠাগার খোলা থাকে। সাহিত্য-পরিষৎ পত্রিকার বিনিময়ে প্রাপ্ত এবং অমৃতবাজার আফিসের প্রদত্ত সংবাদ-পত্রাদি এই পাঠাগারে রাখা হয়। সাধারণে বিনাব্যয়ে এখানে আসিয়া এই সকল সংবাদ-পত্র পাঠ করিয়া থাকেন। পাঠাগার প্রাতে ও অপরাহ্নে সাধারণ-কর্ত্তৃক বহুলরূপে ব্যবহৃত হইতেছে। ইহা অত্যন্ত সুখের বিষয়।

১৭। পুঁথি-সংগ্রহ—আলোচ্য বর্ষের শেষে আরও ২০১খানি প্রাচীন পুঁথি সংগৃহীত হইয়া পরিষৎ পুস্তকালয়ে সুযত্নে রক্ষিত হইয়াছে। ইহাদের বিস্তৃত তালিকা প্রস্তুত হইতেছে। এই পুঁথি সংগ্রহ-বিষয়ে যাঁহারা পরিষৎকে সাহায্য করিয়াছেন, তাঁহাদের মধ্যে মফঃস্বলবাসী পরিষদের অন্যতম সভ্য শ্রীযুক্ত রাজীবলোচন দাস ও পরিষদের পরম সুহৃদ্ শ্রীযুক্ত মৃণালকান্তি ঘোষ

মহাশয়দ্বয়ের নাম বিশেষরূপে উল্লেখ-যোগ্য। এতদ্ভিন্ন শ্রীযুক্ত শ্রীনিবাস বন্দ্যোপাধ্যায়, মৌলবী আবদুল করিম, শ্রীযুক্ত রাখালদাস কবিরত্ন, শ্রীযুক্ত ঈশানচন্দ্র বসু প্রভৃতি কতিপয় মহাত্মা প্রাচীন পুঁথি সংগ্রহ করিয়া দিবার ভার লইয়া পরিষৎকে চির কৃতজ্ঞতাপাশে বদ্ধ করিয়াছেন।

১৮। **আয় ব্যয়**—আলোচ্য বর্ষে পরিষদের মোট আয় ৩১৪৪৷৷৵১০ হইয়াছে, তন্মধ্যে পূর্ব্ববৎসরের উদ্বৃত্ত ৩৮১৷৵০ ছিল। উহা বাদে আলোচ্য বর্ষের সর্ব্বপ্রকারে আয় ২৭৬৩৷১০ আনা। আলোচ্য বর্ষে মোট ব্যয় ২৭৬৮৶০ আনা হইয়াছে। উহা বাদে বর্ষশেষে মোট ৩৭৬৷৵০ আনা মজুত আছে। ইহার মধ্যে সেভিংস্ ব্যাঙ্কে ২২৫৲ টাকা এবং ধনরক্ষকের নিকট ১৫৬৷৵১০ আনা আছে। (বিশেষ বিবরণ "ঞ" পরিশিষ্ট দ্রষ্টব্য।)

১৯। **গ্রন্থ-প্রকাশ তহবিল**—আলোচ্য বর্ষে এই তহবিলে ২৩৬৸৵০ মজুত ছিল, তন্মধ্যে বেঙ্গল ব্যাঙ্কে ১৭৫৲ ও ধনরক্ষক রাজা বাহাদুরের নিকট ৭১৸৵০ মজুত আছে। ইহার ধনরক্ষক রাজা শ্রীযুক্ত বিনয়কৃষ্ণ দেব বাহাদুর প্রাচীন গ্রন্থ প্রকাশের জন্য এই সমিতির সম্পাদক শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসুকে যে টাকা দিয়াছেন, তাহার ব্যয়ের বিশেষ বিবরণ "ট" পরিশিষ্টে দ্রষ্টব্য।

২০। **কৃতজ্ঞতা প্রকাশ**—আলোচ্য বর্ষে যাঁহাদের সাহায্যে ও পরিশ্রমে পরিষৎ শ্রী ও উন্নতি লাভ করিয়াছেন, বর্ষ-শেষে পরিষৎ তাঁহাদের নিকট কৃতজ্ঞতা জানাইতেছেন। তাঁহাদের অনুগ্রহ-প্রকাশের কথা বলিবার সময় তাঁহাদের অনেকেরই নিকট কৃতজ্ঞতা জানান হইয়াছে। এই বিবরণের শেষে পুনরায় তাঁহাদের নিকট কৃতজ্ঞতা প্রকাশ করিয়া পরিষৎ আপনাকে ধন্য জ্ঞান করিতেছেন। আলোচ্য বর্ষে পরিষদের অনুগ্রাহকবর্গের মধ্যে ভিন্ন ভিন্ন সাময়িক পত্র পরিচালকগণের নাম বিশেষরূপে উল্লেখযোগ্য। তাঁহারা অনুগ্রহ করিয়া পরিষৎ পুস্তকালয়ে ও পাঠাগারে তাঁহাদের পত্র দান করিয়া পরিষৎকে বিশেষ উপকৃত করিয়াছেন। পরিষদের কর্ম্মচারিদিগের নিকট পরিষদের কৃতজ্ঞতাপ্রকাশের এই শুভ অবসর ত্যাগ করিবার নহে। তাঁহাদের নিঃস্বার্থ স্নেহ, চেষ্টা, পরিষদের পক্ষে অজস্র কল্যাণের আকর হইয়াছে।

এই সকল কর্ম্মচারীর মধ্যে পরিষদের সুযোগ্য সভাপতি শ্রীযুক্ত সত্যেন্দ্রনাথ ঠাকুর মহাশয়ের নাম স্বতন্ত্ররূপে উল্লেখ-যোগ্য। তিনি এই পরিণত বয়সে পরিষদের সকল অনুষ্ঠানে যে উৎসাহ দেখাইয়াছেন, তাহা একান্তই দুর্লভ। উপসংহারে পরিষৎ আশা করেন, যে সকল অনুগ্রাহক আলোচ্য বর্ষে পরিষৎকে সাহায্য করিয়াছেন, তাঁহারা নব বর্ষেও সেই অনুগ্রহ-দানে কুণ্ঠিত হইবেন না এবং তাঁহাদের অনুগ্রহে পরিষৎ কল্যাণশ্রী লাভ করিবে।

২১। উপসংহার—উপসংহারে বক্তব্য এই যে, একান্ত সুখের বিষয় পরিষদের সযত্নারব্ধ কার্য্য এক্ষণে দেশের বিদ্বজ্জন-সমাজকর্ত্তৃক গৃহীত হইয়াছে। তাহা হইতে অচিরে সুফল লাভের আশা অসঙ্গত নহে। বাঙ্গালা ভাষার গঠনকল্পে পরিষৎ যে ভিত্তি নির্ম্মাণ কার্য্যে প্রবৃত্ত হইয়াছেন, আশা করা যায়, দেশের প্রতিভাবানগণ তাহার উপর লোককচিবিনোদন বহুমূল্য হর্ম্ম্য নির্ম্মাণ করিয়া দিয়া দেশের গৌরববর্দ্ধন করিবেন এবং কৃতবিদ্য ও ধনিগণের উৎসাহ ও আনুকূল্যে পরিষৎ শীঘ্রই আরব্ধ কার্য্য সুসম্পন্ন করিবেন ও কর্ম্ম-ক্ষেত্র বিস্তারে যত্নবান্ হইবেন।

বঙ্গীয় সাহিত্য-পরিষৎ কার্য্যালয়,
১৩৭।১ নং কর্ণওয়ালিস ষ্ট্রীট,
কলিকাতা।
৩১শে চৈত্র ১৩০৭।

কার্য্যনির্ব্বাহক সমিতির
অনুমতিক্রমে
শ্রীরায় যতীন্দ্রনাথ চৌধুরী,
অবৈতনিক সম্পাদক।

"ক" পরিশিষ্ট।

সভ্যবর্গের নাম ও ঠিকানা।

১। শ্রীযুক্ত দ্বিজেন্দ্রনাথ ঠাকুর, (বিশিষ্ট), ৬নং দ্বারকানাথ ঠাকুরের লেন, যোড়াসাঁকো, কলিকাতা।

২। „ রায় কালীপ্রসন্ন ঘোষ বাহাদুর, (বিশিষ্ট), বান্ধব-কুটীর, ঢাকা।

৩। „ চন্দ্রনাথ বসু এম্ এ, বি এল্, (বিশিষ্ট), ৫নং রঘুনাথ চট্টোপাধ্যায়ের গলি, বাদুড়বাগান, কলিকাতা।

৪। „ হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায়, এম্ এ, বি এল্, (বিশিষ্ট), পদ্মপুকুর রোড, খিদিরপুর।

৫। „ নবীনচন্দ্র সেন, বি এ, (বিশিষ্ট), ডেপুটী ম্যাজিষ্ট্রেট, কুমিল্লা, ত্রিপুরা।

৬। „ রমেশচন্দ্র দত্ত, সি, আই, ই, (বিশিষ্ট), অধ্যাপক, ইউনিভার-সিটি কলেজ, লণ্ডন।

৭। „ Sir W Wedderburn, (বিশিষ্ট), ইংলণ্ড।

৮। „ Sir George Birdwood K C I E (বিশিষ্ট), ইংলণ্ড।

৯। „ John Beames Esqr (বিশিষ্ট), ইংলণ্ড।

১০। „ সত্যেন্দ্রনাথ ঠাকুর, জমীদার, ১৯নং ষ্টোর রোড, বালীগঞ্জ, কলিঃ।

১১। „ রাজা বিনয়কৃষ্ণ দেব বাহাদুর, শোভাবাজার রাজবাটী, ১০৬।১ গ্রে ষ্ট্রীট, কলিকাতা।

১২। ,, কুমার শরৎকুমার রায়, এম্ এ, (দিঘাপতিয়া রাজবাটী), ৮৬নং লোয়ার সারকুলার রোড, কলিকাতা।

১৩। ,, ,, হেমেন্দ্রকুমার রায়, (দিঘাপতিয়া রাজবাটী) ৮৬নং লোয়ার সারকুলার রোড, কলিকাতা।

১৪। ,, ,, মন্মথনাথ মিত্র রায় বাহাদুর, ঝামাপুকুর রাজবাটী, ১নং ঝামাপুকুর লেন, কলিকাতা।

১৫। ,, ,, দক্ষিণেশ্বর মল্লিক, সিমলাশোল রাজবাটী, বাণীগঞ্জ, বর্দ্ধমান।

১৬। শ্রীযুক্ত কুমার প্রমথনাথ মালিয়া, সিয়ারশোল রাজবাটী, রাণীগঞ্জ, বর্দ্ধমান।

১৭। ,, ,, শরদিন্দুনারায়ণ রায়. জেমো রাজবাটী, কান্দী, মুরশিদাবাদ।

১৮। ,, রবীন্দ্রনাথ ঠাকুর, জমীদার, ৬নং দ্বারকানাথ ঠাকুরের লেন, যোড়াসাঁকো, কলিকাতা।

১৯। ,, জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুর, জমীদার, ১৯ নং ষ্টোর রোড, বালীগঞ্জ, কলিকাতা।

২০। ,, গগনেন্দ্রনাথ ঠাকুর, জমীদার, ৬নং দ্বারকানাথ ঠাকুরের লেন, যোড়াসাঁকো, কলিকাতা।

২১। ,, ক্ষিতীন্দ্রনাথ ঠাকুর, বি এ, তত্ত্বনিধি, জমীদার, ৬নং দ্বারকানাথ ঠাকুরেব লেন, যোড়াসাঁকো, কলিকাতা।

২২। ,, রমানাথ ঘোষ, জমীদার, ৪৭ নং পাথুরেঘাটা ষ্ট্রীট, কলিকাতা।

২৩। ,, রায় যতীন্দ্রনাথ চৌধুরী এম্ এ, বি এল্, জমীদার, (টাকী ২৪ পরগণা), কুঠিঘাটা, বরাহনগর।

২৪। ,, হেমচন্দ্র বসু মল্লিক, জমীদার, ১২নং ওয়েলিংটন স্কোয়ার, ডিঙ্গাভাঙ্গা, কলিকাতা।

২৫। ,, অমরকৃষ্ণ মিত্র, জমীদার, ২০ নং নীলমণি মিত্রেব ষ্ট্রীট, দরজী-পাড়া, কলিকাতা।

২৬। ,, অমবেন্দ্রনাথ পাল চৌধুরী, বি এ, জমাদার (রাণাঘাট) ২৮ নং গোয়াবাগান লেন, কলিকাতা।

২৭। ,, দেবেন্দ্রপ্রসাদ ঘোষ, জমীদার (চৌগাছা, যশোব,) ৮২নং সীতারাম ঘোষের ষ্ট্রীট, কলিকাতা।

২৮। ,, যোগেন্দ্রচন্দ্র ঘোষ, জমীদার, ১নং নিমকমহল বোড, খিদিরপুর, কলিকাতা।

২৯। ,, অচ্যুতচবণ চৌধুরী, তত্ত্বনিধি, জমীদার, মৈনা, কানাইবাজাব, শ্রীহট্ট।

৩০। ,, মণীন্দ্রচন্দ্র রায় চৌধুরী, জমীদার, সন্থ-পুষ্করিণী, পোঃ আঃ শ্যাম-পুর, জেলা রঙ্গপুর।

৩১। ,, নন্দলাল গোস্বামী, জমীদার, শ্রীরামপুর, হুগলী।

৩২। শ্রীযুক্ত নৃসিংহদেব চক্রবর্ত্তী, জমীদার, গুজাদিয়া, কিশোরগঞ্জ, ময়মনসিংহ।

৩৩। ,, রমণীমোহন মল্লিক, জমীদার, মেহেরপুর, নদীয়া।

৩৪। ,, নৃত্যগোপাল দত্ত, জমীদার, মজিলপুর, জয়নগর, ২৪ পরগণা।

৩৫। ,, প্রিয়নাথ মিত্র, জমীদার, ঐ ঐ ঐ।

৩৬। ,, বিনোদবিহারী বসু, বি এ, জমীদার, ৬৫।২ বাগবাজার ষ্ট্রীট, কলিকাতা।

৩৭। ,, বিপিনবিহারী বসু, বি এ, জমীদার, ৬৫।২ বাগবাজার ষ্ট্রীট, কলিকাতা।

৩৮। ,, নরনাথ মুখোপাধ্যায়, জমীদার, হোলিহোম, ২৯নং বেনিয়াপুকুর রোড, ইটালী, কলিকাতা।

৩৯। ,, হেমেন্দ্রপ্রসাদ ঘোষ বি এ, জমীদার, (চৌগাছা, যশোর), ৮২নং সীতারাম ঘোষের ষ্ট্রীট, কলিকাতা।

৪০। মাননীয় বিচারপতি শ্রীযুক্ত গুরুদাস বন্দ্যোপাধ্যায় এম্ এ, ডি এল্, ১৯নং ষষ্ঠীতলা রোড, নারিকেল ডাঙ্গা, কলিকাতা।

৪১। মাননীয় বিচারপতি শ্রীযুক্ত চন্দ্রমাধব ঘোষ, ৩নং আলবার্ট রোড, ভবানীপুর, কলিকাতা।

৪২। মাননীয় ডাক্তার শ্রীযুক্ত আশুতোষ মুখোপাধ্যায়, এম্ এ, ডি এল্, এফ্, আর, এস্, ই, ৭৭ নং বসা রোড, ভবানীপুর, কলিকাতা।

৪৩। মহামহোপাধ্যায় শ্রীযুক্ত হরপ্রসাদ শাস্ত্রী এম্ এ, ১২।৯।৪ পটলডাঙ্গা ষ্ট্রীট, কলিকাতা।

৪৪। রায় শ্রীযুক্ত বৈকুণ্ঠনাথ বসু বাহাদুর, ১৬৭ নং মাণিকতলা ষ্ট্রীট, রামবাগান, কলিকাতা।

৪৫। ডাক্তার শ্রীযুক্ত চুনিলাল বসু রায় বাহাদুর, এম্ বি, এফ্, সি, এস, ২৪ নং মহেন্দ্রনাথ বসুর লেন, শ্যামবাজার, কলিকাতা।

৪৬। বি, সি, মিত্র স্কোয়ার, এম্ এ, সি, এ, সেসন্স জজ, নদীয়া।

৪৭। এ, চৌধুরী, স্কোয়ার, এম্ এ, ব্যারিষ্টার, ৭৬ নং লোয়ার সারকুলার রোড, কলিকাতা।

৪৮। এম্, সি, মল্লিক, স্কোয়ার, ১১ নং লালবাজার ষ্ট্রীট, কলিকাতা।

৪৯। পি, এন, মিত্র, স্কোয়ার, ব্যারিষ্টার, ২০৯ নং লোয়ার সারকুলার রোড, কলিকাতা।

৫০। সি, আর, দাস, স্কোয়ার, ব্যারিষ্টার, ১১নং বেদিয়াপাড়া রোড, ভবানীপুর, কলিকাতা।

৫১। শ্রীযুক্ত হীরেন্দ্রনাথ দত্ত, এম্ এ. বি এল্, এটর্ণী, ১৩৯ নং কর্ণওয়ালিস ষ্ট্রীট, হাতিবাগান, কলিকাতা।

৫২। ,, সারদাচরণ মিত্র, এম্ এ , বি এল্, উকীল, ৮৫নং গ্রে ষ্ট্রীট, হাতি-বাগান, কলিকাতা।

৫৩। ,, হারাণচন্দ্র বন্দ্যোপাধ্যায়, এম্ এ, বি এল্, উকীল ও অধ্যাপক, বিপণ কলেজ, ১৯নং ষষ্ঠীতলা রোড, নারিকেলডাঙ্গা, কলিকাতা।

৫৪। ,, যোগীন্দ্রচন্দ্র দত্ত, এম্ এ, বি এল্, এটর্ণী ১৭১নং মাণিকতলা ষ্ট্রীট, বামবাগান, কলিকাতা।

৫৫। ,, ব্রজেন্দ্রলাল মিত্র, এম্ এ, বি এল্, উকীল, ৭নং রাধানাথ বসুর লেন, গোয়াবাগান, কলিকাতা।

৫৬। ,, প্রমথনাথ দত্ত, এম্ এ, বি এল্, ৭১নং সীতারাম ঘোষের ষ্ট্রীট, কলিকাতা।

৫৭। ,, নলিনীনাথ সেন, এম্ এ, বি এল্, উকীল, ৫৭ নং নিমতলা ঘাট ষ্ট্রীট, কলিকাতা।

৫৮। ,, অক্ষয়কুমার ঠাকুর. এম্ এ , এটর্ণী, ২৯নং দর্ম্মাহাটা ষ্ট্রীট, পোস্তা, কলিকাতা।

৫৯। ,, রজনীমোহন চট্টোপাধ্যায়, এটর্ণী, ৬নং দ্বারকানাথ ঠাকুরের লেন, যোড়াসাঁকো, কলিকাতা।

৬০। ,, শিবাপ্রসন্ন ভট্টাচার্য্য, বি এল্, উকীল, ১৭।৪ কেথিড্রাল মিশন লেন, কলিকাতা।

৬১। ,, অমৃতকৃষ্ণ মল্লিক, বি এল্, উকীল, ২নং শিবশঙ্কর মল্লিকের লেন, শ্যামপুকুর, কলিকাতা।

৬২। ,, সতীশচন্দ্র পাল চৌধুরী, জমীদার, এটর্ণী ১১৩ নং গ্রে ষ্ট্রীট, শোভাবাজার, কলিকাতা।

৬৩। শ্রীযুক্ত তারাপদ বন্দ্যোপাধ্যায়, বি এল্, উকীল, কৃষ্ণনগর, নদীয়া।

৬৪। ,, অবিনাশচন্দ্র দাস, এম্ এ, বি এল্, উকীল, আজিমগঞ্জ, মুরশিদাবাদ।

৬৫। ,, পূর্ণেন্দুনারায়ণ সিংহ, এম্ এ; বি এল্, উকীল, বাঁকীপুর, পাটনা।

৬৬। ,, মথুরানাথ সিংহ, এম্ এ, বি এল্, উকীল, বাঁকীপুর, পাটনা।

৬৭। ,, নিখিলনাথ রায়, বি এল্, বহরমপুর, খাগড়া, মুরশিদাবাদ।

৬৮। ,, কুলদাপ্রসাদ মুখোপাধ্যায় এম্ এ, বি এল্, উকীল, বাঁকুড়া।

৬৯। ,, যোগীন্দ্রচন্দ্র চক্রবর্ত্তী, এম্ এ, বি এল্, উকীল, দিনাজপুর।

৭০। ,, কিশোরীমোহন রায় চৌধুরী, বি এল্, উকীল, ঘোড়ামারা, রাজসাহী।

৭১। ,, কালীপদ বসু, বি এল্, উকীল, মীরাট।

৭২। ,, ক্ষীরোদপ্রসাদ বিদ্যাবিনোদ, এম্ এ, অধ্যাপক, জি, এ, ইন্‌ষ্টি-টিউশান, ২৬ নং হবলাল মিত্রের লেন, বাগবাজার, কলিকাতা।

৭৩। ,, রামেন্দ্রসুন্দর ত্রিবেদী, এম এ, অধ্যাপক, বিপণ কলেজ, ৬নং উইলিয়ম্‌স লেন, জেলেপাড়া, বহুবাজার, কলিকাতা।

৭৪। ,, রাধেশচন্দ্র শেঠ, বি এল্, উকীল, গন্ধর্ব্বপুর, মালদহ।

৭৫। ,, বিপিনবিহারী গুপ্ত, এম্ এ, অধ্যাপক, প্রেসিডেন্সী কলেজ, ৩৯নং বেচু চাটুর্য্যের ষ্ট্রীট, কলিকাতা।

৭৬। ,, জি, সি, বসু স্কোয়ার, এম্ এ; এফ্, আর, এ, এস্, বঙ্গবাসী কলেজের অধ্যক্ষ, ১৯২ নং বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা।

৭৭। ,, কালীপ্রসন্ন বন্দ্যোপাধ্যায়, এম্ এ, অধ্যাপক, সেণ্ট্রাল কলেজ, ৭৯নং বারাণসী ঘোষের ষ্ট্রীট, কাঁসারীপাড়া, কলিকাতা।

৭৮। ,, অনাথনাথ পালিত, এম্ এ, অধ্যাপক, সেণ্ট্রাল কলেজ, ৩নং ঈশ্বরচন্দ্র চক্রবর্ত্তীর লেন, গোয়াবাগান, কলিকাতা।

৭৯। ,, পূর্ণচন্দ্র গোস্বামী, এম্ এ, অধ্যাপক, বিপণ কলেজ, ২৬ নং স্কট্‌স্ লেন, জেলেপাড়া, বহুবাজার, কলিকাতা।

৮০। ,, কৃষ্ণচন্দ্র দে, এম্ এ, অধ্যাপক, হিন্দু সেণ্ট্রাল কলেজ, কাশী।

৮১। শ্রীযুক্ত কালীপদ বসু, এম্ এ, অধ্যাপক, ঢাকা কলেজ, ঢাকা।

৮২। ,, ব্রজেন্দ্রলাল শীল, এম্ এ, অধ্যক্ষ জেঙ্কিস্ কলেজ, কুচবিহার।

৮৩। ,, যোগেশচন্দ্র রায়, এম্ এ, অধ্যাপক, কটক কলেজ, কটক।

৮৪। ,, কিশোরীমোহন সেনগুপ্ত, এম্ এ, অধ্যাপক, ট্রেনিং স্কুল, হালিসহর।

৮৫। ,, তড়িৎকান্তি বক্সী, এম্ এ, অধ্যাপক, জব্বলপুর কলেজ, জব্বলপুর।

৮৬। ,, ললিতচন্দ্র মিত্র, এম্ এ, ৩০।৩ নং মদন মিত্রের লেন, সিমলা, কলিকাতা।

৮৭। ,, ঈশানচন্দ্র ঘোষ, এম্ এ, ৬৭।৯ নং বলরাম দের ষ্ট্রীট, কলিকাতা।

৮৮। ,, সতীশচন্দ্র বিদ্যাভূষণ, এম্, এ, ১১নং গোবিন্দচন্দ্র সেনের লেন, চাঁপাতলা, কলিকাতা।

৮৯। ,, মন্মথমোহন বসু, এম্ এ, ৪নং গোকুল মিত্রের লেন, বাগ-বাজার, কলিকাতা।

৯০। ,, যোগীন্দ্রনাথ সেন বিদ্যাভূষণ, এম্ এ, কবিরাজ, ৩১নং প্রসন্ন-কুমার ঠাকুরের ষ্ট্রীট, পাথুরেঘাটা, কলিকাতা।

৯১। ,, ব্রজলাল মুখোপাধ্যায় এম্ এ, নাট্যমন্দির, হরিতকীবাগান লেন, কলিকাতা।

৯২। ,, খগেন্দ্রনাথ মিত্র, এম্ এ, ৮২নং সীতারাম ঘোষের ষ্ট্রীট, কলিকাতা।

৯৩। ,, প্রিয়নাথ ঘোষ, এম্ এ, কুচবিহার রাজবাটী।

৯৪। ,, পদ্মনাথ ভট্টাচার্য্য বিদ্যাবিনোদ, এম্ এ, ডেপুটী ইন্স্পেক্টর, গৌহাটী।

৯৫। ,, অধরচন্দ্র মুখোপাধ্যায়, এম্ এ, অধ্যাপক, জি, এ, ইন্‌ষ্টিটিউশান, বীডন রো, দর্জ্জিপাড়া, কলিকাতা।

৯৬। ,, গৌরীশঙ্কর দে, এম্ এ, অধ্যাপক, জি এ, ইন্‌ষ্টিটিউশান, ৩৮।২নং নীলমণি মিত্রের ষ্ট্রীট, দরজীপাড়া, কলিকাতা।

৯৭। ,, সরসীলাল সরকার, এম্ এ, এল্ এম্ এস্, ডাক্তার, ১২১ নং কর্ণওয়ালিস ষ্ট্রীট, কলিকাতা।

৯৮। শ্রীযুক্ত চন্দ্রশেখর কালী, এল্ এম্ এস্, ডাক্তার, ১৫০ নং কর্ণওয়ালিস ষ্ট্রীট, হাতীবাগান, কলিকাতা।

৯৯। ,, বিজয়রত্ন সেন কবিরঞ্জন, কবিরাজ, ৫নং কুমারটুলি, কলিকাতা।

১০০। ,, শশিভূষণ মিত্র, এম্ বি, ডাক্তার, ৩৬নং ওয়েলিংটন ষ্ট্রীট, কলিকাতা।

১০১। ,, উপেন্দ্রনাথ সেন, কবিরাজ, ২৯নং কলুটোলা ষ্ট্রীট, কলিকাতা।

১০২। ,, উপেন্দ্রনাথ মিত্র, এম্ বি, ডাক্তার, ১১০নং বারাণসী ঘোষের ষ্ট্রীট, কাঁসারীপাড়া, কলিকাতা।

১০৩। ,, বিভূতিভূষণ চট্টোপাধ্যায়, এম বি, ডাক্তার, দিঘাপাতিয়া, রাজসাহী।

১০৪। ,, রামচন্দ্র বিদ্যাবিনোদ, কবিরাজ, ২০২ নং কর্ণওয়ালিস ষ্ট্রীট, সিমলা কলিকাতা।

১০৫। ,, বন্ধুবিহারী সিংহ, ডেপুটীম্যাজিষ্ট্রেট, কিশোরগঞ্জ, ময়মনসিংহ।

১০৬। ,, নিত্যগোপাল সরকার, বি এল্, মুন্সেফ, মাগুরা, যশোহর।

১০৭। ,, দেবেন্দ্রনাথ পাল, বি এল্, মুন্সেফ, জঙ্গিপুর, মুরশিদাবাদ।

১০৮। ,, রায় অক্ষয়কুমার সেন বাহাদুর, ডেপুটি কলেক্টর, মুলচর, মুন্সীগঞ্জ, ঢাকা।

১০৯। ,, শ্রীশচন্দ্র ঘোষ, বি এল্, ডিপুটি মাজিষ্ট্রেট, তমলুক, মেদিনীপুর।

১১০। ,, হেমেন্দ্রনাথ সিংহ, সেট্‌ল্‌মেণ্ট অফিসার, বারিপদা, ময়ূরভঞ্জ, উড়িষ্যা।

১১১। ,, হেমাঙ্গচন্দ্র বসু, বি এল্, সবজজ, হুগলী।

১১২। ,, মাধবচন্দ্র চট্টোপাধ্যায়, ইঞ্জিনিয়ার, ১০৬নং শ্যামবাজার ষ্ট্রীট, কলিকাতা।

১১৩। ,, চারুচন্দ্র ঘোষ, ৭ নং নবীন সরকারের লেন, বাগবাজার, কলিকাতা।

১১৪। ,, চণ্ডীচরণ বন্দোপাধ্যায়, ১৮ নং রামমোহন সাহার লেন, শুঁড়ীপাড়া, কলিকাতা।

১১৫। ,, হরিচরণ বসু, ৭১নং পাথুরিয়াঘাটা ষ্ট্রীট, কলিকাতা।

১১৬। শ্রীযুক্ত গোবিন্দলাল দত্ত, সাবিত্রী লাইব্রেরীর সম্পাদক, ১১নং অক্রূর দত্তের লেন, বহুবাজার, কলিকাতা।

১১৭। ,, রাজকৃষ্ণ রায় চৌধুরী, ২২০নং কর্ণওয়ালিস ষ্ট্রীট, কলিকাতা।

১১৮। ,, প্রিয়নাথ মুখোপাধ্যায় (ক), ইনস্পেক্টর, থানা চিৎপুর, কলিকাতা।

১১৯। ,, যজ্ঞেশ্বর বন্দ্যোপাধ্যায়, ১নং শ্রীনাথ দাসের ব্যারাক, বহুবাজার কলিকাতা।

১২০। ,, শরচ্চন্দ্র সরকার, ৭৫।২নং মুক্তারাম বাবুর ষ্ট্রীট, চোরবাগান, কলিকাতা।

১২১। ,, মন্মথনাথ মুস্তফী, বি এ, ৪৯নং শ্যামবাজার ষ্ট্রীট, কলিকাতা।

১২২। ,, ব্যোমকেশ মুস্তফী, ১০১নং শ্যামবাজার ষ্ট্রীট, কলিকাতা।

১২৩। ,, পরেশচন্দ্র সোম, ৭৬নং আপার সার্কুলার রোড, শ্যামবাজার, কলিকাতা।

১২৪। ,, নগেন্দ্রনাথ বসু, (ক) বিশ্বকোষ সঙ্কলয়িতা, ১৪নং তেলীপাড়া লেন, শ্যামপুকুর, কলিকাতা।

১২৫। ,, বরদাকান্ত ঘোষ, ৪২ নং মদন বড়ালের লেন, বহুবাজার, কলিকাতা।

১২৬। ,, প্রমথনাথ মিত্র, ৫নং তেলীপাড়া লেন, শ্যামপুকুর, কলিকাতা।

১২৭। ,, বাণীনাথ নন্দী, ১৭নং শিকদার বাগান ষ্ট্রীট, কলিকাতা।

১২৮। ,, অতুলকৃষ্ণ গোস্বামী, ১১নং মহেন্দ্র গোস্বামীর লেন, সিমলা, কলিকাতা।

১২৯। ,, মন্মথনাথ চক্রবর্ত্তী, অধ্যক্ষ, কলিকাতা-শিল্প-বিদ্যালয়, ১৭নং শ্রীনাথ দাসের লেন, বহুবাজার, কলিকাতা।

১৩০। , যজ্ঞেশ্বর ঘোষ, ১৭নং মদন বড়ালের লেন, বহুবাজার, কলিকাতা।

১৩১। ,, প্রিয়নাথ চট্টোপাধ্যায়, ৬নং মদনমোহন চট্টোপাধ্যায়ের লেন, যোড়াসাঁকো, কলিকাতা।

১৩২। ,, অবিনাশচন্দ্র ঘোষ, ৮।১ নং কাশী ঘোষের লেন, সিমলা, কলিকাতা।

১৩৩। শ্রীযুক্ত পঞ্চানন মুখোপাধ্যায়, ৪৭নং বেচু চাটুর্য্যের ষ্ট্রীট, ঝামাপুকুর, কলিকাতা।

১৩৪। ,, তিনকড়ি মুখোপাধ্যায়, ২৫।৯ মটস্ লেন, তালতলা, কলিকাতা।

১৩৫। ,, শচীন্দ্রনাথ মুখোপাধ্যায়, বি এ, ২৫।৯ মটস্ লেন, তালতলা।

১৩৬। ,, রাধানাথমিত্র, ১নং বেচারাম চট্টোপাধ্যায়ের লেন, দরজীপাড়া, কলিকাতা।

১৩৭। ,, দ্বিজেন্দ্রনাথ সিংহ, এম্, এন্, পি, এস্ (লণ্ডন), ১২০।২ মসজীদ বাড়ী ষ্ট্রীট, দরজীপাড়া, কলিকাতা।

১৩৮। ,, ভূতনাথ মিত্র, ১৫৯ আহীরীটোলা ষ্ট্রীট, কলিকাতা।

১৩৯। ,, ভূতনাথপাল,বিএ, ২৯নং বসুপাড়া লেন, বাগবাজার,কলিকাতা।

১৪০। ,, মৃণালকান্তি ঘোষ, ২নং আনন্দচন্দ্র চট্টোপাধ্যায়ের লেন, বাগবাজার, কলিকাতা।

১৪১। ,, শরচ্চন্দ্র শাস্ত্রী, ১১নং গোবিন্দচন্দ্র সেনের লেন, চাঁপাতলা, কলিকাতা।

১৪২। ,, কানাইলাল ঘোষাল, ১৪নং যুগলকিশোর দাসের লেন, শুঁড়ীপাড়া, কলিকাতা।

১৪৩। ,, কালিদাস নাথ, ১৪নং উমেশচন্দ্র দত্তের লেন, বামবাগান, কলিকাতা।

১৪৪। ,, বলাইচাঁদ গোস্বামী, ৬৮নং বলরাম দের ষ্ট্রীট, সিমলা,কলিকাতা।

১৪৫। ,, শ্যামলাল বসু, ৮২নং শ্যামবাজার ষ্ট্রীট, কলিকাতা।

১৪৬। ,, গুরুদাস চট্টোপাধ্যায়, ২০১নং কর্ণওয়ালিস ষ্ট্রীট, সিমলা, কলিকাতা।

১৪৭। ,, শিবনাথ বসু, ৭৯।২নং মুক্তারাম বাবুর ষ্ট্রীট, চোরবাগান, কলিকাতা।

১৪৮। ,, গিরীশচন্দ্র রায়, ৮নং হোগলকুড়িয়া লেন, কলিকাতা।

১৪৯। ,, বীরেশ্বর চট্টোপাধ্যায়, ৩০নং কর্ণওয়ালিস ষ্ট্রীট, সিমলা, কলিকাতা।

১৫০। ,, ক্ষেত্রচন্দ্র মুখোপাধ্যায়, ৭নং শাঁখারীটোলা লেন, কলিকাতা।

১৫১। শ্রীযুক্ত ললিতমোহন মল্লিক,-দে মল্লিক এণ্ড কোং, ২০নং লালবাজার ষ্ট্রীট, কলিকাতা।

১৫২। ,, মাধবচন্দ্র চক্রবর্ত্তী, ২৮।৩নং অখিল মিস্ত্রীর লেন, চাঁপাতলা, কলিকাতা।

১৫৩। ,, বমেশচন্দ্র বসু, ৭নং ঈশ্বব মিলের লেন,গোয়াবাগান,কলিকাতা।

১৫৪। ,, গিরীন্দ্রনাথ মুখোপাধ্যায়, ২৬নং হালদাবপাড়া লেন, কালীঘাট, কলিকাতা।

১৫৫। ,, বসন্তকুমার বসু (ক), ২৩নং তালপুকুব রোড, সুঁড়া,কলিকাতা।

১৫৬। ,, অশ্বিনীকুমাব ঘোষ, ৭৫নং বীডন ষ্ট্রীট, কলিকাতা।

১৫৭। ,, দ্বিজেন্দ্রনাথ বসু, ৬নং গুরুপ্রসাদ চৌধুবীর লেন, সিমলা, কলিকাতা।

১৫৮। ,, কিরণচন্দ্র দত্ত, ১নং বামকান্ত বসুব ফার্ষ্ট লেন, বাগবাজার, কলিকাতা।

১৫৯। ,, খগেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়, ১০০।১নং তালতলা লেন, কলিকাতা।

১৬০। ;, সুবেন্দ্রনাথ অধিকাবী, ৩৩নং বসুপাড়া লেন, বাগবাজাব, কলিকাতা।

১৬১। ,, মৌলবী আবদুল করিম, বি এ, ১৩।১নং ওযেলেস্‌লি স্কোয়াব, কলিকাতা।

১৬২। ,, অক্ষয়কুমাব বড়াল, ১০নং যুগলকিশোব দাসেব লেন, শুঁড়ী-পাড়া, কলিকাতা।

১৬৩। ,, অনুকূলচন্দ্র শেঠ, ৬৮নং মযবাহাটা ষ্ট্রীট, বড়বাজাব, কলিকাতা।

১৬৪। ,, যতীশচন্দ্র সমাজপতি, ২।১নং রামধন মিত্রের লেন, শ্যামপুকুব, কলিকাতা।

১৬৫। ;; বিজয়লাল দত্ত, ২৩।৩নং চক্রবেড় বোড, ভবানীপুব, কলিকাতা।

১৬৬। ,, প্রকাশচন্দ্র দত্ত, ৭নং রামমোহন সাহার লেন, শুঁড়ীপাড়া, কলিকাতা।

১৬৭। ,, আনন্দনাথ রায়, ৩১নং প্রসন্নকুমার ঠাকুবের ষ্ট্রীট, পাথুরে-ঘাটা, কলিকাতা।

১৬৮। শ্রীযুক্ত বৈদ্যনাথ ঘোষ, ১১নং রামকৃষ্ণ দাসের লেন, বাগুড়বাগান, কলিকাতা।

১৬৯। ,, শশিভূষণ দে, বি এ, ৬১নং বাগবাজার ষ্ট্রীট, কলিকাতা।

১৭০। ,, সুরেশচন্দ্র সমাজপতি, ২।১নং রামধন মিত্রের লেন, শ্যামপুকুর, কলিকাতা।

১৭১। ,, চন্দ্রোদয় বিদ্যাবিনোদ, ১৯১নং বহুবাজার ষ্ট্রীট, বঙ্গবাসী কলেজ, কলিকাতা।

১৭২। ,, সত্যচরণ শাস্ত্রী, দক্ষিণেশ্বর, পোঃ আঃ এঁড়েদহ, ২৪ পরগণা।

১৭৩। ,, ললিতমোহন ধোধাল, কাশীপুর।

১৭৪। ,, মদনমোহন দত্ত, ৪৮নং বসুপাড়া লেন, বাগবাজার, কলিকাতা।

১৭৫। ,, সুরেশচন্দ্র দত্ত, বি এ, ২৩।১নং গুরুপ্রসাদ চৌধুরীর লেন, সিমলা, কলিকাতা।

১৭৬। ,, রমণীমোহন ঘোষ বি এ, পোঃ আঃ সুপারিণ্টেণ্ডেণ্ট, বহরমপুর, মুর্শিদাবাদ।

১৭৭। ,, ধীরেন্দ্রনাথ দত্ত, ১৩৯ নং কর্ণওয়ালিস ষ্ট্রীট, হাতীবাগান, কলিকাতা।

১৭৮। ,, বিজয়েন্দ্রনাথ দত্ত, ,, ,, ,,

১৭৯। ,, কেদারনাথ মিত্র, ১৪ নং কালীপ্রসাদ দত্তের ষ্ট্রীট, দরজীপাড়া, কলিকাতা।

১৮০। ,, নির্ম্মলচন্দ্র দত্ত, ৮৩।১ নং মুক্তারাম বাবুর ষ্ট্রীট, চোরবাগান, কলিকাতা।

১৮১। ,, নিবারণচন্দ্র দত্ত, ,, ,, ,,

১৮২। ,, অনঙ্গমোহন পাল, ৫৮।৫৯ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট, ঘোড়া-সাঁকো, কলিকাতা।

১৮৩। ,, ছন্নুলাল রায়, ১৪ নং শ্রীনাথ রায়ের লেন, চোরবাগান, কলিকাতা।

১৮৪। ,, ক্ষীরোদবিহারী পাল, ৩৪৪ নং আপার চিৎপুর রোড, গরাণ-হাটা, কলিকাতা।

১৮৫। শ্রীযুক্ত শরচ্চন্দ্র মল্লিক (ক), ৩৫০ নং অপার চিৎপুর রোড, গরাণহাটা, কলিকাতা।

১৮৬। ,, শশিভূষণ মুখোপাধ্যায়, খাঁড়গুনী, রাণীগঞ্জ।

১৮৭। ,, বসন্তরঞ্জন রায়, সমস্তিপুর, ত্রিহুত ষ্টেট রেলওয়ে।

১৮৮। ,, কালীপ্রসন্ন চক্রবর্ত্তী, গুজাদিয়া কাছারী, কিশোরগঞ্জ, ময়মনসিংহ।

১৮৯। ,, নিবারণচন্দ্র ভট্টাচার্য্য, প্রধান পণ্ডিত, দীনহাটা বাঙ্গালা বিদ্যালয়, কুচবিহার।

১৯০। ,, দীননাথ গঙ্গোপাধ্যায়, খাসবাটী, হালিসহর।

১৯১। ,, বিহারীলাল মুখোপাধ্যায়, ৩০১ নং গ্রাণ্ডট্রাঙ্ক রোড, হাওড়া।

১৯২। ,, শিবরতন মিত্র, কালেক্টরী তৌজী আফিস, সিউড়ী, বীরভূম।

১৯৩। ,, চন্দ্রমোহন সেন, বান্দেল রোড, চট্টগ্রাম।

১৯৪। ,, হরগোবিন্দ কাব্যতীর্থ, প্রধান পণ্ডিত, গোয়ালন্দ হাইস্কুল, রাজবাড়ী, ই, বি, এস্, আর।

১৯৫। ,, খগেন্দ্রনাথ মুস্তফী, সবরেজেষ্টারী আফিস, পোঃ বদনগঞ্জ শ্যামবাজার, হুগলী।

১৯৬। ,, পাঁচকড়ি ঘোষ, দাসপাড়া, হুগলী।

১৯৭। ,, যাদবানন্দ গুপ্ত, মত্ত, মাণিকগঞ্জ, ঢাকা।

১৯৮। ,, সুখরঞ্জন বসু, প্রধান শিক্ষক ত্রিপুরাসুন্দরী স্কুল, ভাদ্রা, ময়মনসিংহ।

১৯৯। ,, বিশ্বেশ্বর চক্রবর্ত্তী, বি এ, প্রধান শিক্ষক, নবদ্বীপ হিন্দুস্কুল, নদীয়া।

২০০। ,, প্রভাসচন্দ্র দে, কেয়ার অফ্ সতীশচন্দ্র রায়, গিরিধি।

২০১। ,, বনমালী সিংহ গার্জ্জেন ঢেঁকানাল রাজ-এষ্টেট, কটক।

২০২। ,, এস্ কে এম্ মহম্মদ রওশন আলী, পাংশা, ফরীদপুর।

২০৩। ,, রঞ্জনবিলাস রায় চৌধুরী, পোষ্টমাষ্টার, মুঙ্গের।

২০৪। ,, নিবারণচন্দ্র চট্টোপাধ্যায়, কুঠিঘাটা, রাহানগর।

২০৫। ,, অনঙ্গমোহন বসু, নায়েব, গড়হাট কাছারী, জয়নগর।

২০৬। ,, জয়দয়াল সিংহ, ডেপুটী পোষ্টমাষ্টার জেনেরালের আফীস, দানাপুর।

২০৭। শ্রীযুক্ত অমরনাথ দত্ত, বি এ, কেশবপুর, পোঃ বাজিতপুর।
২০৮। ,, চারুচন্দ্র বন্দ্যোপাধ্যায়, জিবাট, বলাগড়।
২০৯। ,, বিষ্ণুচরণ বসু, খড়্‌প, আমতা।
২১০। ,, শ্রীনিবাস বন্দ্যোপাধ্যায়, ৪৩।৪৪ নং আরমাণীটোলা, ঢাকা।
২১১। ,, বসন্তকুমার বসু (খ), ২৪নং বায়বাগান ষ্ট্রীট, কলিকাতা।
২১২। ,, শশিভূষণ সিদ্ধান্তচক্রবর্ত্তী, বেলঘরিয়া, পোঃ পাটুল, নাটোর।
২১৩। ,, নগেন্দ্রনাথ গুপ্ত, ৪৮ নং গ্রে ষ্ট্রীট, কলিকাতা।
২১৪। ,, হিতেন্দ্রনাথ ঠাকুর, ৬ নং দ্বারকানাথ ঠাকুরের লেন, যোড়াসাঁকো, কলিকাতা।
২১৫। ,, ঋতেন্দ্রনাথ ঠাকুর, ঐ ঐ ঐ
২১৬। ,, সতীশচন্দ্র ঘোষ (ক), ১ নং নিমকমহল রোড, খিদিরপুর।
২১৭। ,, দেবেন্দ্রনাথ রায়, ডাক্তার, হলওয়েল্‌স্ লেন, কলিকাতা।
২১৮। ,, কুমুদনাথ গঙ্গোপাধ্যায়, বি এল্, এটর্ণী, ৮৯ নং বলরাম দের ষ্ট্রীট, সিমলা, কলিকাতা।
২১৯। ,, ভুবনমোহন বসু ৭৭।৫ নং মুক্তারাম বাবুর ষ্ট্রীট, চোরবাগান, কলিকাতা।
২২০। ,, নগেন্দ্রনাথ সেন, বি এ, খুলনা।
২২১। ,, যোগেশচরণ সেন, জমিদার, বহরমপুর, খাগড়া পোষ্ট, মুরশিদাবাদ।
২২২। ,, রাখালচন্দ্র কাব্যতীর্থ, ১২।১।৪ নং পটলডাঙ্গা ষ্ট্রীট, কলিকাতা।
১২৩। ,, বিনোদবিহারী কাব্যতীর্থ, ১২।২।৪নং পটলডাঙ্গা ষ্ট্রীট,কলিকাতা।
২২৪। ,, মণিমোহন সেন, জমিদার, বহরমপুর, খাগড়া পোষ্ট,মুরশিদাবাদ।
২২৫। ,, কেদারনাথ চট্টোপাধ্যায়, বি এল্, নেপাল রাজকুমারের শিক্ষক। কাঠ্‌মাণ্ডো, নেপাল।
২২৬। ,, প্রসন্নকুমার রায়, জমিদার, দেওয়ান বাজার, চট্টগ্রাম।
২২৭। ,, রায় বঙ্কিমচন্দ্র মজুমদার সাহেব, ডিষ্ট্রীক্ট ইঞ্জিনিয়ার, ঢেঁকানল, পোষ্ট কটক।
২২৮। ,, রায় শ্রীনাথ পাল বাহাদুর, পোষ্ট খাগড়া, বহরমপুর, মুর্শিদাবাদ।

২২৯। শ্রীযুক্ত শরচ্চন্দ্র মজুমদার এম এ, ৫০নং কর্ণওয়ালিস ষ্ট্রীট্ কলিকাতা।
২৩০। „ কালীপ্রসন্ন ঘোষ, জমিদার, ৭৫নং বীডন ষ্ট্রীট, কলিকাতা।
২৩১। „ রায় নীলরতনকৃষ্ণ দত্ত, জমিদার, ৩২নং বাগবাজার ষ্ট্রীট, কলিকাতা।
২৩২। „ রাজেন্দ্রনাথ চট্টোপাধ্যায়, ১৬।১নং রামকান্ত বসুর ষ্ট্রীট, কাঁটা-পুকুর, কলিকাতা।
২৩৩। „ ব্রজলাল মিত্র, ১৮১।১ নং অপার সার্কুলার রোড্, কলিকাতা।
২৩৪। „ অন্নদাচরণ সেন, বি এ, ৮২ নং, সীতারাম ঘোষের ষ্ট্রীট, কলিকাতা।
২৩৫। „ নগেন্দ্রনাথ মিত্র, উকীল, হাইকোর্ট, ১৩নং সিমলা ষ্ট্রীট, কলিকাতা।
২৩৬। „ চারুচন্দ্র জ্যোতিষী, অশোক কুটীর, ৫নং শ্রীনাথ দাসের লেন, বহুবাজার, কলিকাতা।
২৩৭। " যোগিনীমোহন চট্টোপাধ্যায়, ব্যারিষ্টার, ১১৪।১১৫ নং মেছুয়া-বাজার ষ্ট্রীট, কলিকাতা।
২৩৮। „ অমূল্যচন্দ্র গোস্বামী, ৩১নং এল্‌গিন রোড, ভবানীপুর।
২৩৯। „ রায় প্রমথনাথ চৌধুরী, জমীদার, ৩৫।২নং বীডন ষ্ট্রীট, কলিকাতা।
২৪০। „ সুরেন্দ্রনাথ ঠাকুর, ১৯নং ষ্টোর রোড, বালিগঞ্জ, কলিকাতা।
২৪১। „ প্রমথনাথ চৌধুরী, ব্যারিষ্টার, ১০নং বালিগঞ্জ, সার্কুলার রোড, কলিকাতা।
২৪২। „ সত্যেন্দ্রনাথ রায়, ১।২ নং ফড়িয়াপুকুর ষ্ট্রীট, কলিকাতা।
২৪৩। „ সূর্য্যপদ বন্দ্যোপাধ্যায়, ২৯।১নং বনমালী সরকারের ষ্ট্রীট, কলিকাতা।
২৪৪। „ মন্মথনাথ ঘোষ, ৭৫নং বীডন ষ্ট্রীট, কলিকাতা।
২৪৫। „ দীননাথ কবিরত্ন শাস্ত্রী, ৬১।৩নং বাঁশতলা ষ্ট্রীট, বড়বাজার, কলিকাতা।
২৪৬। „ জগদীশচন্দ্র বসু, বি এল্, ৪৬নং ষ্ট্রাণ্ড রোড, কালীঘাট।
২৪৭। „ রামচরণ মিত্র এম্ এ, বি এল্, ২৩নং বেচু চাটুর্য্যের ষ্ট্রীট, কলিকাতা।

২৪৮। শ্রীযুক্ত নৃসিংহচন্দ্র মুখোপাধ্যায়, বিদ্যারত্ন, এম্ এ, বি এল্, ৭নং ব্রাহ্ম-সমাজ লেন, শাঁখারীটোলা, কলিকাতা।

২৪৯। ,, নবেন্দ্রনাথ মিত্র, বি এল্, এটর্ণী, ৩৪ নং তেলিপাড়া লেন, কলিকাতা।

২৫০। ,, পূর্ণচন্দ্র ঘোষ (ক), ২২নং আপার সার্কুলার রোড, শ্যামবাজার, কলিকাতা।

২৫১। ,, নলিনীভূষণ গুহ, কেশিয়ার, লেস্‌লী কোং, ২ নং চৌরঙ্গী রোড, কলিকাতা।

২৫২। ,, অঘোরনাথ শর্ম্মা শাস্ত্রী, কবিরাজ, ১২১নং আপার চিৎপুর রোড, বটতলা, কলিকাতা।

২৫৩। ,, প্রবোধচন্দ্র বিদ্যানিধি, কবিরাজ, ১৫০নং কর্ণওয়ালিস ষ্ট্রীট, কলিকাতা।

২৫৪। ,, ইন্দুভূষণ মজুমদার, বি এল্, উকীল হাইকোর্ট, ৪২নং গ্রে ষ্ট্রীট, কলিকাতা।

২৫৫। ,, সুরেন্দ্রকুমার রায়, বি এ, ১নং দর্পনারায়ণ ঠাকুরের ষ্ট্রীট, কলিকাতা।

২৫৬। ,, কেদারনাথ বসু, ৬৪নং অখিল মিস্ত্রীর লেন, কলিকাতা।

২৫৭। ,, ডাক্তার জে, এন্, ঘোষ, এম্ ডি, ৬৫।২নং বীডন ষ্ট্রীট, কলিকাতা।

২৫৮। ,, চুনীলাল গুপ্ত, ৪।১নং ভুবন চট্টোপাধ্যায়ের লেন, কলিকাতা।

২৫৯। ,, রাধারমণ কর, ১০৭নং শ্যামবাজার ষ্ট্রীট, কলিকাতা।

২৬০। ,, ভুবনেশ্বর গুপ্ত, কবিরঞ্জন, ১৫।১নং সিমলা ষ্ট্রীট, কলিকাতা।

২৬১। ,, অতুলকৃষ্ণ বন্দ্যোপাধ্যায়, ৩নং সিমলা ষ্ট্রীট, কলিকাতা।

২৬২। ,, যোগেশচন্দ্র চৌধুরী, ব্যারিষ্টার, ৭৬নং লোয়ার সার্কুলার রোড, কলিকাতা।

২৬৩। ,, প্রভাসচন্দ্র মিত্র, এম্ এ, বি এল্, পদ্মপুকুর রোড, ভবানীপুর, কলিকাতা।

২৬৪। ,, প্রিয়নাথ সেন, বি এ, ৮নং মথুর সেনের গার্ডেন্ লেন, কলিঃ।

২৬৫। শ্রীযুক্ত শ্যামসুন্দর চক্রবর্ত্তী, ৬৮নং কলেজ ষ্ট্রীট, কলিকাতা।
২৬৬। ,, শশিভূষণ সরকার, এম্ এ, ৬৮নং কলেজ ষ্ট্রীট, কলিকাতা।
২৬৭। ,, শচীন্দ্রনাথ বসু, ১১নং ছকু খানসামার লেন, কলিকাতা।
২৬৮। ,, জ্ঞানেন্দ্রনাথ দাস, এম্ এ, বি এল্, ৪নং উইলিয়মস্ লেন, কলিকাতা।
২৬৯। ,, সৈয়দ নবাবআলী চৌধুরী, ৫১নং কাপালীটোলা লেন, কলিকাতা।
২৭০। ,, রাজকুমার বন্দ্যোপাধ্যায়, বি এল্, নেপাল ভট্টাচার্য্যের লেন, কালীঘাট, কলিকাতা।
২৭১। ,, সুরেশচন্দ্র দে, ৩নং নাথের বাগান ষ্ট্রীট, কলিকাতা।
২৭২। ,, গিরিজাভূষণ চট্টোপাধ্যায়, ৩৪ নং নিয়োগীপুকুর ইষ্ট লেন, কলিকাতা।
২৭৩। ,, ডাঃ পি, কে, রায়, ৯নং কীড্ ষ্ট্রীট্, কলিকাতা।
২৭৪। ,, প্রভাসচন্দ্র বসু, ৪২নং গ্রে ষ্ট্রীট, কলিকাতা।
২৭৫। ,, দুর্গাদাস দে, ৬৮নং বীডন ষ্ট্রীট, কলিকাতা।
২৭৬। ,, ইন্দুমাধব মল্লিক এম্ এ, বি এল্, এল্ এম্ এস্, ৭৯।২নং হ্যারিসন রোড, কলিকাতা।
২৭৭। ,, মোহিনীমোহন চট্টোপাধ্যায়, এটর্ণী, ১১৪।১১৫নং মেছুয়াবাজার ষ্ট্রীট, কলিকাতা।
২৭৮। ,, নগেন্দ্রনাথ বসু (খ) ৭৬নং কর্ণওয়ালিস্ ষ্ট্রীট, কলিকাতা।
২৭৯। ,, সতীশচন্দ্র ঘোষ, (খ) ১৯ নং ষষ্ঠীতলা রোড খিদিরপুর, কলিকাতা।
২৮০। ,, শিবচন্দ্র দেব, বি এল্ ৭৮ নং মনসাতলা লেন খিদিরপুর, কলিকাতা।
২৮১। ,, আশুতোষ পাল ৭৪।১।১নং মাণিকতলা ষ্ট্রীট, কলিকাতা।
২৮২। ,, বিপিনবিহারী মৈত্র ৪৫নং কলেজ ষ্ট্রীট, কলিকাতা।
২৮৩। ,, উমাশঙ্কর রায় চৌধুরী, ৫৫নং ষ্ট্রাণ্ড রোড, কালীঘাট, কলিকাতা।
২৮৪। ,, চন্দ্রভূষণ মৈত্র, এম্ এ, ১।২নং স্কুলিয়া ষ্ট্রীট, কলিকাতা।

২৮৫। শ্রীযুক্ত অবিনাশচন্দ্র চট্টোপাধ্যায়, ৩৬নং শঙ্কব হালদাবের লেন, আহীবীটোলা, কলিকাতা।

২৮৬। ,, নিবারণচন্দ্র মুখোপাধ্যায়, ৬৬নং ডক্‌টস্‌ লেন, তালতলা, কলিকাতা।

২৮৭। ,, নগেন্দ্রনাথ মুখোপাধ্যায়, এম্‌ এ, বি এল্‌, ২৫নং নিয়োগীপুকুর ওয়েষ্ট লেন, কলিকাতা।

২৮৮। ,, ডাঃ হরনাথ বসু, এল্‌, এম এস্‌, ১নং ঈশ্বর চক্রবর্ত্তীর লেন, গোয়াবাগান, কলিকাতা।

২৮৯। ,, মন্মথনাথ দত্ত, এম এ, ৯নং কাশীঘোষেব লেন, কলিকাতা।

২৯০। ,, কুমাব নরেন্দ্রনাথ মিত্র বাহাদুর, ১ নং ঝামাপুকুর লেন, কলিকাতা।

২৯১। ,, সুধীন্দ্রনাথ ঠাকুব, এম এ, বি এল্‌, ৬নং দ্বারকানাথ ঠাকুরের লেন, কলিকাতা।

২৯২। ,, দীপ্তেন্দ্রমোহন মুখোপাধ্যায় ১২নং পাথুরেঘাটা ষ্ট্রীট, কলিকাতা।

২৯৩। ,, ডাঃ কৃষ্ণ কুমাব ঘোষ, এল্‌ এম্‌ এস্‌, ৩নং বামকৃষ্ণ দাসেব লেন, বাদুড়বাগান, কলিকাতা।

২৯৪। ,, ডাঃ নীলরতন সরকার এম্‌ এ, এম্‌ ডি, ৬১নং হ্যারিসন রোড, কলিকাতা।

২৯৫। ,, ললিতমোহন চট্টোপাধ্যায়, ২১নং বৃন্দাবন মল্লিকের লেন, কলিকাতা।

২৯৬। ,, কালাচাঁদ দে, এল্‌ এম্‌ এস্‌, ডাক্তার, ৪৪নং বাগবাজাব ষ্ট্রীট, কলিকাতা।

২৯৭। ,, নবেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়, ১১৫।৬নং কর্ণওয়ালিস ষ্ট্রীট, কলিকাতা।

২৯৮। ,, গিরিশচন্দ্র ঘোষ, ১৩নং বসুপাড়া লেন, কলিকাতা।

২৯৯। ,, বাজেন্দ্রনাথ ঘোষ, ৪৫নং হ্যারিসন রোড, কলিকাতা।

৩০০। ,, উত্তমকুমাব মিত্র, ৪২।১নং হরিঘোষের ষ্ট্রীট, কলিকাতা।

৩০১। শ্রীযুক্ত যোগীন্দ্রনাথ সরকার, ৬৪নং কলেজ ষ্ট্রীট, কলিকাতা।
৩০২। ,, বিজয়চন্দ্র দত্ত, ৬৭নং পাথুরিয়াঘাটা ষ্ট্রীট, কলিকাতা।
৩০৩। ,, নৃপেন্দ্রনারায়ণ দত্ত, ৭৯নং বেচু চাটুর্য্যের ষ্ট্রীট, কলিকাতা।
৩০৪। ,, কালিদাস বসু, ২১নং শ্যামপুকুর লেন, কলিকাতা।
৩০৫। ,, পৃথ্বীশচন্দ্র রায়, ৪৫।৫নং বেণেটোলা লেন, কলিকাতা।
৩০৬। ,, শরচ্চন্দ্র চক্রবর্ত্তী, চোরবাগান দ্বিতীয় লেন, কলিকাতা।
৩০৭। ,, মন্মথনাথ রুদ্র এম্ এ, ২১নং রামকান্তবসুর ষ্ট্রীট, কলিকাতা।
৩০৮। ,, রায় পশুপতিনাথ বসু, ৬৫।১নং বাগবাজার ষ্ট্রীট, কলিকাতা।
৩০৯। ,, রাজেন্দ্রকুমার গুপ্ত, কেয়ার অফ্ ৺ কেদারনাথ দত্ত, ফরিদপুর।
৩১০। ,, মোহিতচন্দ্র সেন, এম্ এ, ৪নং হেরম্বচন্দ্র দের লেন, ঝামাপুকুর, কলিকাতা।
৩১১। ,, ব্যোমকেশ চক্রবর্ত্তী, ব্যারিষ্টার, ২৩নং পার্ক ষ্ট্রীট, কলিকাতা।
৩১২। ,, গিরিশচন্দ্র বসু, (খ), ১৯।১।১ নং কালিদাস সিংহের লেন, কলিকাতা।
৩১৩। ,, কামিনীনাথ রায়, ৩।১নং কৃষ্ণরাম বসুর ষ্ট্রীট, কলিকাতা।
৩১৪। ,, শশিকুমার হেস, এস্কোয়ার ২১।১নং সুকিয়া ষ্ট্রীট, কলিকাতা।
৩১৫। ,, নৃপেন্দ্রচন্দ্র গুপ্ত, ৭২।১নং কলেজ ষ্ট্রীট, কলিকাতা।
৩১৬। ,, রাধিকানাথ কবিভূষণ, ৪১নং বাগবাজার ষ্ট্রীট, কলিকাতা।
৩১৭। ,, ডাঃ বলরবি দাস, চৈতন্য মেডিক্যাল হল, উল্টাডাঙ্গা, কলিকাতা।
৩১৮। ,, কানাইলাল মুখোপাধ্যায় এম্ এ, বি এল্, নাটামন্দির, হরিতকী বাগান, কলিকাতা।
৩১৯। ,, রায় দ্বারকানাথ সরকার বাহাদুর, ১২১নং কর্ণওয়ালিস ষ্ট্রীট, কলিকাতা।
৩২০। ,, জিতেন্দ্রনাথ বিশ্বাস, ৪৪।১নং রাজা রাজবল্লভের ষ্ট্রীট, কলিকাতা।
৩২১। ,, ডাঃ পি, সি, রায়, ৯১নং আপার সারকুলার রোড, কলিকাতা।
৩২২। ,, অঘোরনাথ ঘোষ শাস্ত্রী, কবিরাজ, ২৪নং আনন্দখাঁর লেন, কলিকাতা।
৩২৩। ,, সত্যভূষণ বন্দ্যোপাধ্যায়, ১৯নং বলরাম ঘোষের ষ্ট্রীট, কলিকাতা।

৩২৪। শ্রীযুক্ত হাবাণচন্দ্র রক্ষিত, ৫২নং গুরুপ্রসাদ চৌধুরীর লেন, কলিকাতা।
৩২৫। ,, অম্বিকাচরণ দাস, বি এ, এম্ আর, এ এস্, ৪নং মহেন্দ্র বসুর লেন, কলিকাতা।
৩২৬। ,, সতীশচন্দ্র রায়, ১৬৭।৩নং কর্ণওয়ালিস ষ্ট্রীট, কলিকাতা।
৩২৭। ,, গিরীন্দ্রচন্দ্র বসু, ইলেক্‌ট্রিক্যাল ইঞ্জিনীয়ার, ৩৩নং বেচু চাটুর্য্যের ষ্ট্রীট, কলিকাতা।
২২৮। ,, প্রমথনাথ মল্লিক, জমীদার ৭নং প্রসন্নকুমার ঠাকুরের ষ্ট্রীট, কলিকাতা।
৩২৯। ,, করুণাকুমার সেন গুপ্ত, ৯৪নং শ্যামবাজার ষ্ট্রীট, কলিকাতা।
৩৩০। ,, খগেন্দ্রনাথ চট্টোপাধ্যায়, বি এ, ৬নং মদনমোহন চট্টোপাধ্যায়ের লেন, কলিকাতা।
৩৩১। ,, কৈলাসচন্দ্র বসু, বি এল্, শ্যামপুকুর ষ্ট্রীট, কলিকাতা।
৩৩২। ,, মহারাজকুমার শৈলেন্দ্রকৃষ্ণ দেব বাহাদুর, ২নং রাজা নবকৃষ্ণের ষ্ট্রীট, কলিকাতা।
৩৩৩। ,, ক্ষীরোদচন্দ্র সেন, কবিরাজ, ৭৭।২নং মুক্তারাম বাবুর ষ্ট্রীট, কলিকাতা।
৩৩৪। ,, রাজেন্দ্রনাথ মুখোপাধ্যায় ২০নং বিডন ষ্ট্রীট, কলিকাতা।
৩৩৫। ,, শশিভূষণ শীল, ১৭নং পঞ্চাননতলা লেন, বহুবাজার, কলিকাতা।
৩৩৬। ,, বিশ্বেশ্বর সেন মজুমদার, ৭৫।২নং ভুবন সরকারের লেন, কলিকাতা।
৩৩৭। ,, রামদাস মুখোপাধ্যায়, রাজা শিউকৃস রাগলার লেন, টালা, কলিকাতা।
৩৩৮। ,, নৃপেন্দ্রনাথ শেঠ, এল্ এম্ এস্, ৭৮।৭৯ নং বিডন ষ্ট্রীট, কলিকাতা।
৩৩৯। ,, রামাচরণ চট্টোপাধ্যায়, ১৪০নং কর্ণওয়ালিস ষ্ট্রীট, কলিকাতা।
৩৪০। ,, সতীশচন্দ্র বসু, ৬৭নং ষ্ট্রাণ্ডরোড, কালীঘাট, কলিকাতা।
৩৪১। ,, ডাঃ রাসবিহারী ঘোষ, এম্ এ, ডি, এল্, সি, আই, ই, ৩১।২ নং থিয়েটার রোড, কলিকাতা।

৩৪২। শ্রীযুক্ত কালীকৃষ্ণ মজুমদার, ১০৬নং মাণিকতলা ষ্ট্রীট, কলিকাতা।
৩৪৩। ,, অবনীন্দ্রনাথ ঠাকুর, ৬নং দ্বারকানাথ ঠাকুরের লেন, কলিকাতা।
৩৪৪। ,, সমবেন্দ্রনাথ ঠাকুর, ৬নং দ্বারকানাথ ঠাকুরের লেন, কলিকাতা।
৩৪৫। ,, ভুবনমোহন বিশ্বাস; বি এল্, ৩৪নং বীডন ষ্ট্রীট, কলিকাতা।
৩৪৬। ,, তারকনাথ ভট্টাচার্য্য, ১৬৩নং লোয়ার সার্কুলার রোড, কলিকাতা।
৩৪৭। ,, নাটুগোপাল সরকার, ১৭৪নং মাণিকতলা ষ্ট্রীট, কলিকাতা।
৩৪৮। ,, চারুচন্দ্র মল্লিক, ১৮নং রাধানাথ মল্লিকের লেন, কলিকাতা।
৩৪৯। ,, চণ্ডীচরণ ঘোষ, ১নং শিকদার-বাগান ষ্ট্রীট, কলিকাতা।
৩৫০। ,, রামলাল বন্দ্যোপাধ্যায়, ৬৫নং গ্রে ষ্ট্রীট, কলিকাতা।
৩৫১। ,, ক্ষেত্রমোহন বন্দ্যোপাধ্যায়, ১২নং চড়কডাঙ্গা রোড, সুঁড়া।
৩৫২। ,, সত্যচরণ গুহ, ৬৫নং মস্‌জিদ বাড়ী ষ্ট্রীট, কলিকাতা।
৩৫৩। ,, প্রিয়নাথ মুখোপাধ্যায় (খ), ১নং হ্যারিসন রোড, কলিকাতা।
৩৫৪। ,, রায় প্রমথনাথ মিত্র, আপার সারকুলার রোড কলিকাতা।
৩৫৫। ,, বমেন্দ্রনাথ বসু, ৯নং শিকদার-বাগান ষ্ট্রীট, কলিকাতা।
৩৫৬। ,, হরিপদ দত্ত, ৬৯।১২নং প্রকোষ্ঠ, ইডেন হিন্দু হোষ্টেল, কলিকাতা।
৩৫৭। ,, যোগীন্দ্রনাথ মিত্র, এম্ এ, ৮১নং মাণিকতলা ষ্ট্রীট, কলিকাতা।
৩৫৮। ,, মণীন্দ্রনাথ সাংখ্যবত্ন, ৬৮নং মাণিকতলা ষ্ট্রীট, কলিকাতা।
৩৫৯। ,, তারাকান্ত কাব্যতীর্থ, শ্যামপুকুর ষ্ট্রীট, কলিকাতা।
৩৬০। ,, নগেন্দ্রনাথ বসু মল্লিক, ৩৫নং ওয়েলিংটন ষ্ট্রীট, কলিকাতা।
৩৬১। ,, ঠাকুরদাস মুখোপাধ্যায়, ৮নং কাঁটাপুকুর লেন, কলিকাতা।
৩৬২। ,, নলিনীকান্ত মুখোপাধ্যায়, এম্ এ, ১০নং হাতিবাগান রোড, ইটালী, কলিকাতা।
৩৬৩। ,, ওয়াহেদ হোসেন, ৯নং হালসিবাগান রোড, কলিকাতা।
৩৬৪। ,, সুরেশচন্দ্র ঘটক, এম্ এ, ৫৯নং পটুয়াটোলা লেন, কলিকাতা।
৩৬৫। ,, কালীনারায়ণ সান্ন্যাল, ২৬নং স্কটস্ লেন, জেলেটোলা, কলিকাতা।
৩৬৬। ,, যদুনাথ রায়, ইঞ্জিনিয়ার, ৩০।৩৬নং শিবনারায়ণ দাসের লেন, কলিকাতা।

৩৬৭। শ্রীযুক্ত হেমচন্দ্র ঘোষ, ১২ নং রাজাবাগান জংসন রোড, কলিকাতা।
৩৬৮। „ কুলদাকিঙ্কর রায়, ৫৯ নং আমহার্ষ্ট ষ্ট্রীট, কলিকাতা।
৩৬৯। „ হরলাল গুপ্ত, কবিরাজ, ৮০ নং বিডন ষ্ট্রীট, কলিকাতা।
৩৭০। „ রেঃ কালীচরণ বন্দ্যোপাধ্যায়, এম্ এ, বি এল্, ১৯৯নং কর্ণওয়ালিস ষ্ট্রীট, কলিকাতা।
৩৭১। „ বীরেশ্বর গোস্বামী, ১০৯ নং গ্রে ষ্ট্রীট, কলিকাতা।
৩৭২। „ অবিনাশচন্দ্র সেন কবিরত্ন, ২৯ নং শোভাবাজার ষ্ট্রীট, কলিকাতা।
৩৭৩। „ যতীশচন্দ্র সান্যাল, ৬ নং বালাখানা ষ্ট্রীট, কলিকাতা।
৩৭৪। „ নলিনীরঞ্জন পণ্ডিত, ১৪ নং শ্রীনাথ রায়ের লেন, চোরবাগান, কলিকাতা।
৩৭৫। „ ব্রজেন্দ্রচন্দ্র মিত্র, ২০ নং রাজা নবকৃষ্ণের ষ্ট্রীট, কলিকাতা।
৩৭৬। „ ক্ষেত্রনাথ ঘোষ, এম্ এ, মেট্রপলিটান ইনিষ্টিউসান, শঙ্কর ঘোষের লেন, কলিকাতা।
৩৭৭। „ বি, সি, দত্ত এম্ এ, ১৭২ নং মানিকতলা ষ্ট্রীট, কলিকাতা।
৩৭৮। „ সতীশচন্দ্র দত্ত, হানিমান হল, ২।২ নং কলেজ ষ্ট্রীট, কলিকাতা।
৩৭৯। „ মাননীয় বি এল্ গুপ্ত, সি এস, ১৫ নং ইলিসিয়াম রোড, কলিকাতা।
৩৮০। „ ডাঃ বিমানবিহারী বসু, এম্ বি, লেক্‌চাবার গভর্ণমেণ্ট টেম্পল মেডিকেল স্কুল, বাঁকীপুর।
৩৮১। „ বাজেনারায়ণ সেন, ৯০ নং বারাণসী ঘোষেব ষ্ট্রীট, কলিকাতা।
৩৮২। „ কালীকৃষ্ণ ভট্টাচার্য্য, ২২ নং সীতারাম ঘোষের ষ্ট্রীট, কলিকাতা।
৩৮৩। „ রাজেন্দ্রনাথ বিদ্যাভূষণ, মেট্রপলিটান ইউষ্টিটিউসান, কলিকাতা।
৩৮৪ ;, সুরেন্দ্রকুমার সর্ব্বাধিকারী, ১৬ নং বেলেঘাটা রোড, কলিকাতা।
৩৮৫। „ রমেশচন্দ্র সিংহ, চম্পাই নগর, ভাগলপুর।
৩৮৬। „ রাম রামচন্দ্র, একরা কলিয়ারি, কানবাদ, মানভূম।
৩৮৭। „ রজনীকান্ত সরকার, বি এল্, পুরুলিয়া, মানভূম।
৩৮৮। „ মাননীয় রাজা রণজিৎ সিংহ বাহাদুর, নসীপুর রাজবাটী, মুর্শিদাবাদ।

৩৮৯। শ্রীযুক্ত রামচন্দ্র মজুমদার, এ এল্, উকীল, খাগড়া, মুর্শিদাবাদ।
৩৯০। ,, ললিতমোহন পাল, সেরাজগঞ্জ, পাবনা।
৩৯১। ,, শৈলেশচন্দ্র মজুমদার, ২০৯ নং কর্ণওয়ালিস ষ্ট্রীট, কলিকাতা।
৩৯২। ,, শিবনাথ গুপ্ত, আবা একাডেমী, আরা, সাহাবাদ।
৩৯৩। ,, শশীভূষণ ঘোষ, কাওয়াকুটী, ভাগলপুর।
৩৯৪। ,, সুরেন্দ্রনাথ লাহিড়ী, খাজুরা, নাটোর।
৩৯৫। ,, এস্, এস, মালব এক্সোয়ার, সি, এস্, জইণ্ট মাজিষ্ট্রেট, জাজপুর।
৩৯৬। ,, কুমার সত্যেন্দ্রনাথ দেব বাহাদুর, রাজবাটি, বালেশ্বর।
৩৯৭। ,, সুরেন্দ্রনারায়ণ রায়, প্রাইভেটি সেক্রেটারী, মহারাজ, দিনাজপুর।
৩৯৮। ,, হরশঙ্কর রায়, তেওতা, ঢাকা।
৩৯৯। ,, কৃষ্ণধন মুখোপাধ্যায়, এম্ এ, বি এল, ৯৭ নং কলেজ ষ্ট্রীট, কলিকাতা।
৪০০। ,, গিরীন্দ্রনাথ মুখোপাধ্যায়, ২৫ নং হালদার পাড়া লেন, কালীঘাট, কলিকাতা।
৪০১। ,, চন্দ্রশেখর মুখোপাধ্যায়, এম্ এ, বি এল্, ৯৩।৫ নং হরিঘোষের ষ্ট্রীট, কলিকাতা।
৪০২। ,, অমূল্যপ্রসাদ ঘোষ, ২৯ নং বলরাম ঘোষের ষ্ট্রীট, কলিকাতা।
৪০৩। ,, তীর্থনাথ চৌধুরি, ২০ নং শ্যামবাজার ষ্ট্রীট, কলিকাতা।
৪০৪। ,, কবিরাজ দুর্গানারায়ণ সেন, শাস্ত্রী, ৭৩।৩ নং বেনিয়াটোলা ষ্ট্রীট, কলিকাতা।
৪০৫। ,, কুমার পূর্ণেন্দুনারায়ণ রায়, জেমো রাজবাটী, পোঃ কান্দি, মুর্শিদাবাদ।
৪০৬। ,, রামনাচন্দ্র দাস, জয়পুর, পোঃ লোহাগড়া, যশোহর।
৪০ । ,, বিপিনবিহারী দত্ত, টাকী শ্রীপুর, খুলনা।
৪০৮। ,, বঙ্কবিহারী দাস, কাজলধারা, শ্রীহট্ট।
৪০৯। ,, ভূপতিনাথ দাস, বি এস্ সি, প্রফেসার, পাটনা কলেজ, পাটনা।
৪১০। ,, কুমার সহায়বাদী ঘোষাল, কাশীপুর।
৪১১। ,, বনোয়ারিলাল ঘোষ, তৃতীয় শিক্ষক, কান্দি রাজ স্কুল, মুর্শিদাবাদ।

৪১২। শ্রীযুক্ত মাননীয় বৈকুণ্ঠনাথ সেন, এম্ এ, বি এল্, সৈদাবাদ, মুর্শিদাবাদ।
৪১৩। ,, ভূপেন্দ্রনাথ রায় চৌধুরি, দক্ষিণডিহি, খুলনা।
৪১৪। ,, মন্মথনাথ চক্রবর্ত্তী, উকীল, তমলুক।
৪১৫। ,, মুরারীপদ সামন্ত, মলয়পুর, হুগলী।
৪১৬। ,, মৃগেন্দ্রকুমার দত্ত, সালিখা, হাওড়া।
৪১৭। ,, যদুনাথ সরকার, মোবাদপুর, পাটনা।
৪১৮। ,, যোগেশচন্দ্র মুখোপাধ্যায়, রাণাঘাট, নদীয়া।
৪১৯। ,, যতীন্দ্রমোহন বন্দ্যোপাধ্যায়, বি এ, লক্ষ্মীপাশা, লোহাগাড়া, যশোহর।
৪২০। ,, রঙ্গনীকান্ত চক্রবর্ত্তী, গভর্ণমেণ্ট বঙ্গবিদ্যালয়, মালদহ।
৪২১। ,, রাজবিহারী দাস, লোন সিংহ, ফরিদপুর।
৪২২। ,, রমণীমোহন সেন, সৈদাবাদ, মুর্শিদাবাদ।
৪২৩। ,, রামপ্রাণ গুপ্ত, কেদারপুর, টাঙ্গাইল।
৪২৪। ,, রাজকৃষ্ণ মুখোপাধ্যায়, এল্ এম্ এস্, ডাক্তার, বীর হাসপাতাল, নেপাল।
৪২৫। ,, রায় রাধাবল্লভ চৌধুরি বাহাদুর, জমিদার, সেরপুর, মৈমনসিংহ।
৪২৬। ,, দেবপ্রসন্ন ঘোষ, ৭৫ নং বীডন ষ্ট্রীট, কলিকাতা।
৪২৭। ,, সুদামচন্দ্র নায়ক, আসিষ্টাণ্ট সুপারিন্টেন্ডেণ্ট, ট্রিবিউটারী মহল, কটক।
৪২৮। ,, ইন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়, বি, এল্, উকীল, বর্দ্ধমান।
৪২৯। ,, অনঙ্গমোহন লাহিড়ী, বি এল, উকীল, ফরিদপুর।
৪৩০। ,, অম্বিকাচরণ মুখোপাধ্যায়, বি, এল্, মুন্সেফ, ড্যালটন্‌গঞ্জ, পালামৌ।
৪৩১। ,, অম্বিকাচরণ মজুমদার, এম্ এ, বি এল্, উকীল, ফরিদপুর।
৪৩২। ,, আর্ত্তত্রাণ মিশ্র মউদা, কুয়ারপাল, কটক।
৪৩৩। ,, ইন্দ্রনারায়ণ চট্টোপাধ্যায়, মলুটী রাজবাটী, সাঁওতাল পরগণা।
৪৩৪। ,, কালীপ্রসন্ন বন্দ্যোপাধ্যায়, বহরমপুর কলেজ, মুর্শিদাবাদ।
৪৩৫। ,, কেশবচন্দ্র কুণ্ড, খামারগাড়া, বাশবেড়িয়া, হুগলী।

৪৩৬। শ্রীযুক্ত গঙ্গাপ্রসন্ন ঘোষ, পাঁচথুপী, মুর্শিদাবাদ।
৪৩৭। ,, চন্দ্রশেখর কর, ডেঃ মাজিষ্ট্রেট, মাণিকগঞ্জ, ঢাকা।
৪৩৮। ,, জগদীশ্বর সিংহ, বাঘডাঙ্গা, কান্দি, মুর্শিদাবাদ।
৪৩৯। ,, জ্ঞানেন্দ্রনাথ মিত্র, এল্ এম্ এস্, ডাক্তার, মোবাদপুর কটেজ্, মোরাদপুব, পাটনা।
৪৪০। ,, তাবকেশ্বর ভট্টাচার্য্য, মকদুমপুর, মালদহ।
৪৪১। ,, ত্রৈলোক্যনাথ মুখোপাধ্যায়, এম্ এ, ১৩০নং রামকৃষ্ণপুব লেন, শিবপুব, হাওড়া।
৪৪২। ,, দীজেন্দ্রনাবায়ণ বায় চৌধুবী, জমিদাব, বায়েব কাটী, ববিশাল।
৪৪৩। ,, দেবেন্দ্রনাথ দত্ত, দেওয়ান, হাতুয়াবাজ, কেম্পসাইড, কারসিয়ং।
৪৪৪। ,, নীলবতন মুখোপাধ্যায, হেড্ মাষ্টাব শিবচন্দ্র হাইস্কুল, কীর্ণাহার, বীরভূম।
৪৪৫। ,, নীলকণ্ঠ মুখোপাধ্যায়, এম্, এ, বি এল্, খড়দহ, কুলীনপাড়া, পোঃ সুখচর।
৪৪৬। ,, নীলমণি দে, ডিঃ মাজিষ্ট্রেট, লাহিবীয়া সবাই, যোগিয়ারা পোঃ, দ্বাবভাঙ্গা।
৪৪৭। ,, আনন্দময় মিত্র, ৩২নং শ্যামপুকুব ষ্ট্রীট, কলিকাতা।
৪৪৮। ,, পূর্ণচন্দ্র গুপ্ত, ৯নং মহেন্দ্র গোস্বামীব লেন, কলিকাতা।
৪৪৯। ,, দ্বাবকানাথ মুখোপাধ্যায়, ৬নং বাজাবাগান ষ্ট্রীট, কলিকাতা।
৪৫০। ,, জিষ্ণুেন্দ্রকৃষ্ণ দেব, ২।৭নং বাজা নবকৃষ্ণেব ষ্ট্রীট, কলিকাতা।
৪৫১। ,, পূর্ণচন্দ্র ঘোষ (খ), ১০৭নং গ্রে ষ্ট্রীট, কলিকাতা।
৪৫২। ,, নগেন্দ্রকৃষ্ণ মল্লিক, ২নং শিবশঙ্কব মল্লিকেব লেন, শ্যামপুকুর, কলিকাতা।
৪৫৩। ,, লাড়লীমোহন ঘোষ, ১নং হাবিংটন ষ্ট্রীট, কলিকাতা।
৪৫৪। ,, মহেন্দ্রনাথ মজুমদার, কাশীপুর।

৪৫৫। ,, নবীনচন্দ্র দাস এম্ এ, ডেপুটী মাজিষ্ট্রেট, চট্টগ্রাম।
৪৫৬। ,, যোগেন্দ্রনাথ বিদ্যাভূষণ, এম্ এ, ,, ,, ফবিদপুব।

৪৫৭। শ্রীযুক্ত কুঞ্জলাল রায় ২।১নং বাগবাজার ষ্ট্রীট, কলিকাতা।

৪৫৮। ,, অপূর্ব্বচন্দ্র দত্ত, বি. সি, এস, একষ্ট্রা আসিষ্টাণ্ট কমিসনার, হোসেঙ্গাবাদ সি, পি।

৪৫৯। ,, নন্দলাল বাগচী, বি এ, ডেপুটী ম্যাজিষ্ট্রেট, তমলুক।

৪৬০। ,, নগেন্দ্রচন্দ্র মিত্র, এম্ এ, ব্যারিষ্টার, অধ্যাপক, রাজসাহী কলেজ।

৪৬১। ,, উমেশচন্দ্র বন্দ্যোপাধ্যায়, ১৪নং কৈলাশচন্দ্র বন্দ্যোপাধ্যায় লেন, পঞ্চাননতলা, হাবড়া।

৪৬২। ,, জে, এন্ গুপ্ত, এস্কোয়ার এম এ, সি, এস, ম্যাজিষ্ট্রেট মালদহ।

৪৬৩। ,, রাজা সার্ শৌরীন্দ্রমোহন ঠাকুর কোট, সি, আই, ই, হরকুমার ভবন, পাথুরিয়াঘাটা রাজবাটী, কলিকাতা।

৪৬৪। ,, শ্রীশচন্দ্র মজুমদার ডেঃ কলেক্টর, ড্যালটনগঞ্জ, পালামৌ।

৪৬৫। ,, রাধিকারমণ চট্টোপাধ্যায় ১৭৩।১ কর্ণওয়ালিস্ ষ্ট্রীট, কলিকাতা।

৪৬৬। ,, হেমচন্দ্র সরকার, এম্, এ, অধ্যাপক, রাজসাহী কলেজ।

৪৬৭। ,, কালিদাস মল্লিক, এম্ এ, অধ্যাপক, বর্দ্ধমান কলেজ।

৪৬৮। ,, সুবেশচন্দ্র সেন, ডেপুটীকালেক্টর, বালেশ্বর।

৪৬৯। ,, ক্ষীরোদচন্দ্র রায় চৌধুরী, এম্, এ, অধ্যাপক হুগলী কলেজ।

৪৭০। ,, কুমুদিনীকান্ত বন্দ্যোপাধ্যায়, অধ্যাপক, রাজসাহী কলেজ।

৪৭১। ,, ইন্দ্রনারায়ণ ঘোষ, বি এল্, উকীল, ভাগলপুর, পাণ্ডুয়া।

৪৭২। ,, শান্তশীল বিদ্যাবিনোদ বি এ, ৪নং ধর্ম্মদাস কুণ্ডুর লেন, হাওড়া।

৪৭৩। ,, মধুসূদন রাও, হেডমাষ্টার টেনিংস্কুল, কটক।

৪৭৪। ,, রমেশচন্দ্র দাস, ডেপুটী কলেক্টর, বীরভূম।

৩৭৫। ,, কুমুদবন্ধু দাস গুপ্ত, ডেপুটী কালেক্টর, ময়মনসিংহ।

৪৭৬। ,, বিপিনবিহারী দাস গুপ্ত, বি এল্, মুন্সেফ, লক্ষ্মীপুর নোয়াখালী।

৪৭৭। ,, শ্যামাকুমুদ মুখোপাধ্যায়, ডেপুটী কালেক্টর, দিনাজপুর।

৪৭৮। ,, শরচ্চন্দ্র রায়, বি এল্, উকীল, রাজসাহী।

৪৭৯। ,, ব্রজেন্দ্রনাথ দে, এমএ, সি, এস্; বিএল, কলেক্টর, বাঁকুড়া।

৪৮০। ,, শিবনারায়ণ মুখোপাধ্যায়, জমীদার, উত্তরপাড়া।

৪৮১। শ্রীযুক্ত মহেন্দ্রনাথ মজুমদার, ডেপুটী কালেক্টার, কানপুর।
৪৮২। ,, নয়নরঞ্জন ভট্টাচার্য্য, ডেপুটী ম্যাজিষ্ট্রেট, বাঁকুড়া।
৪৮৩। ,, কুমার রামেশ্বর মালিয়া, জমীদার, শিয়ারশোল রাজবাটী।
৪৮৪। ,, রায় বোহিণীকুমার চৌধুরী, জমীদার, কীর্ত্তিপাশা, বরিশাল।
৪৮৫। ,, কৃষ্ণনারায়ণ ভৌমিক, বিদ্যারঞ্জন, গুণাইগাছা, পাবনা।
৪৮৬। ,, যজ্ঞেশ্বর ঘোষাল, কামারহাটী, এঁড়েদহ।
৪৭৭। ,, রায় রাধানাথ রায় বাহাদুর, স্কুল ইন্সপেক্টার, বর্দ্ধমান বিভাগ, হুগলি।
৪৮৮। ,, যতীশচন্দ্র বন্দ্যোপাধ্যায়, ১১।১নং শ্রীদাম মুদীর লেন, দর্জ্জিপাড়া, কলিকাতা।
৪৮৯। ,, রাজীবলোচন দাস, মহাজন, মৈনা, কানাইবাজার, শ্রীহট্ট।
৪৯০। ,, সুরেন্দ্রনাথ গুহ, বি এল্, মুন্সেফ, সাতক্ষীরা।
৪৯১। ,, গিরিজানাথ মুখোপাধ্যায়, গরীবপুর, যশোহর।
৪৯২। ,, মন্মথনাথ দে, বি এল্, উকীল, বাকীপুর।
৪৯৩। ,, সুন্দরীমোহন দাস, এম্ বি, ৪নং সুকিয়া ষ্ট্রীট, বাদুর-বাগান, কলিকাতা।
৪৯৪। ,, জগদীশচন্দ্র মুখোপাধ্যায়, বি এ, ২৭নং মদন মিত্রের লেন, সিমলা, কলিকাতা।
৪৯৫। ,, মহেন্দ্রনাথ মুখোপাধ্যায়, ৫৩নং গ্রে ষ্ট্রীট, কলিকাতা।
৪৯৬। ,, যোগেন্দ্রকুমার ঘোষ, ডেপুটী ম্যাজিষ্ট্রেট, দিনাজপুর।
৪৯৭। ,, কৃষ্ণচন্দ্র দে, এম, এ, সেণ্ট্রাল হিন্দু কলেজ, কাশী।
৪৯৮। ,, বিপিনবিহারী চট্টোপাধ্যায়, ৭৯।১ হারিসন রোড, কলিকাতা।
৪৯৯। ,, রায় শরচ্চন্দ্র দাস, সি, আই, বাহাদুর, ৯৬।২নং জানবাজার ষ্ট্রীট, কলিকাতা।
৫০০। ,, দেবকিশোর মুখোপাধ্যায়, এম এ, কালীদাস পুতিতুণ্ডের লেন, ভবানীপুর।
৫০১। ,, বেণীমাধব কাব্যতীর্থ, তারকেশ্বর মোহান্তের চতুষ্পাঠী, তারকেশ্বর, হুগলী।

৫০২। শ্রীযুক্ত নবেন্দ্রনাথ চট্টোপাধ্যায়, ৩০নং চন্দ্র চট্টোপাধ্যাযেব লেন, ভবানী-পুব, কলিকাতা।

৫০৩। ,, চন্দ্রনাবায়ণ সিংহ, এম এ, ভাগলপব।

৫০৪। ,, বামাচরণ বসু, নায়েব, সিলাইদহ, ঠাকুব কাছাবি, কুমাবখালি, নদীযা।

৫০৫। ,, রাজা শিবচন্দ্র বন্দ্যোপাধ্যায় বাহাদুর, ভাগলপুব।

৫০৬। ,, দুর্গাদাস লাহিডী, ১।১নং শঙ্কব ঘোষেব লেন, কলিকাতা।

৫০৭। ,, বলীন্দ্রনাথ সিংহ দেব, ইন্দাস, বাঁকুড়া।

৫০৮। ,, কুমুদকুমাব মুখোপাধ্যায়, ভিক্টোরিয়া হোটেল, হাবিসন বোড, কলিকাতা।

৫০৯। ,, অশ্বিনীকুমাব দাস, বি এ, ২৪নং বেনিযাটোলা লেন, কলিকাতা।

৫১০। ,, ভবেন্দ্রনাথ দে, এম এ, ৩৬নং বাঞ্ছাবাম অক্রূবেব লেন, বহু-বাজাব, কলিকাতা।

৫১১। ,, যোগেন্দ্রনাথ চট্টোপাধ্যায়, ৫নং বাবহবি ঘোষেব লেন, কলিকাতা।

৫১২। ,, গোপালকৃষ্ণ ঘোষ, মুন্সেফ, হাওড়া।

৫১৩। ,, শ্যামাচরণ মিত্র, ৭৩।১।২নং মুক্তাবাম বাবুর ষ্ট্রীট, চোরবাগান, কলিকাতা।

৫১৪। ,, কালীপ্রসন্ন চট্টবাজ, ১০নং বাহিব মির্জ্জাপুব বোড, কলিকাতা।

৫১৫। ,, দাশবথী ঘোষ এম, এ, বি এল, চকবাজাব, হুগলী।

৫১৬। ,, অবিনাশচন্দ্র বসু, এম এ, ডেপুটী ম্যাজিষ্ট্রেট, বর্দ্ধমান।

৫১৭। ,, লোকেন্দ্রনাথ পালিত, সি, এস, সেসন জজ, যশোহব।

৫২৮। ,, উমেশচন্দ্র মুখোপাধ্যায়, সিভিল সার্জ্জন, বাঁকুড়া।

৫১৯। ,, প্রমথনাথ চট্টোপাধ্যায়, আন্দুলিয়া, বাণাঘাট।

৫২০। ,, তাবকনাথ বিশ্বাস, সবরেজিষ্ট্রাব, জাহানাবাদ, হুগলী।

৫২১। ,, ক্ষেত্রপাল চক্রবর্ত্তী, ১২নং বামধন মিত্রেব লেন, কলিকাতা।

৫২২। ,, নাবায়ণচন্দ্র সেন, বি, এল, ডেপুটি ম্যাজিষ্ট্রেট, কান্দী।

৫২৩। ,, পূর্ণচন্দ্র সবকাব, বি এল, মুন্সেফ, চট্টগ্রাম।

বঙ্গীয় সাহিত্য-পরিষৎ।

১৩০১ বঙ্গাব্দে স্থাপিত।

কার্য্যালয়ের ঠিকানা,—

১৩৭-১ কর্ণওয়ালিস ষ্ট্রীট, শ্যামপুকুর, কলিকাতা।

কলিকাতা।

৫ নং রামধন মিত্রের লেন, বিশ্বকোষ-যন্ত্রে

শ্রীতারিণীচরণ বিশ্বাসদ্বারা মুদ্রিত।

বঙ্গাব্দ ১৩০৮।

সন ১৩০৮ সালের কর্ম্মচারিবর্গ।

শ্রীযুক্ত সত্যেন্দ্রনাথ ঠাকুর (ভূতপূর্ব্ব সি, এস্)	সভাপতি।
মহামহোপাধ্যায় শ্রীযুক্ত হরপ্রসাদ শাস্ত্রী, এম্ এ,	সহকারী-সভাপতি।
ডাক্তার শ্রীযুক্ত প্রফুল্লচন্দ্র রায় (ডি, এস্, সি)	,,
,, রবীন্দ্রনাথ ঠাকুর।	,,
,, রামেন্দ্রসুন্দর ত্রিবেদী, এম্ এ,	পত্রিকা সম্পাদক।
,, হীরেন্দ্রনাথ দত্ত, এম্ এ, বি এল,	ধনরক্ষক।
,, কিরণচন্দ্র দত্ত।	গ্রন্থরক্ষক।
,, বাণীনাথ নন্দী।	আয়-ব্যয়-পরীক্ষক।
,, চারুচন্দ্র ঘোষ।	,,
,, রায় যতীন্দ্রনাথ চৌধুরী, এম্ এ, বি এল্,	সম্পাদক।
,, ব্যোমকেশ মুস্তফী	সহকারী সম্পাদক।
,, হেমেন্দ্রপ্রসাদ ঘোষ, বি এ,	,,

কার্য্যনির্ব্বাহকসমিতি।

কুমার শ্রীযুক্ত শরৎকুমার রায়, এম্ এ।	শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু।
,, চন্দ্রনাথ বসু, এম্ এ, বি এল্।	,, মৃণালকান্তি ঘোষ।
,, ললিতচন্দ্র মিত্র, এম এ।	,, অক্ষয়কুমার বড়াল।
,, অমৃতকৃষ্ণ মল্লিক, বি এল্।	,, গোবিন্দলাল দত্ত।
,, নবেন্দ্রনাথ মিত্র, বি এল্।	,, চারুচন্দ্র ঘোষ।
,, সুরেশচন্দ্র সমাজপতি।	,, নগেন্দ্রনাথ গুপ্ত।

গৃহনির্ম্মাণবিষয়ে পরিষদের ন্যাস-রক্ষক।

১। কুমার শ্রীযুক্ত শরৎকুমার রায়, এম্ এ,
(দীঘাপতিয়ার রাজকুমার)।

২। শ্রীযুক্ত রায় প্রমথনাথ চৌধুরী।
(জমীদার, সন্তোষ, ময়মনসিংহ)।

৩। ,, রবীন্দ্রনাথ ঠাকুর।

৪। ,, রায় যতীন্দ্রনাথ চৌধুরী, এম্ এ, বি এল্,
(জমীদার, টাকী, চব্বিশপরগণা।)

৫। ,, হীরেন্দ্রনাথ দত্ত, এম্ এ, বি এল্, হাইকোর্টের এটর্ণী।

বঙ্গীয় সাহিত্য পরিষৎ।

১৩০১ বঙ্গাব্দে স্থাপিত।

আজ আট বৎসর হইল, "বঙ্গীয় সাহিত্য-পরিষৎ" প্রতিষ্ঠিত হইয়াছে। বিবিধ উপায়ে বাঙ্গালা ভাষা ও সাহিত্যের অনুশীলন ও উন্নতিসাধনই পরিষদের উদ্দেশ্য। এই উদ্দেশ্য-সাধনার্থ পরিষৎ আপাততঃ বাঙ্গালাভাষার ব্যাকরণ ও অভিধান সঙ্কলন, বৈজ্ঞানিক ও দার্শনিক শব্দের পরিভাষা প্রণয়ন, প্রাচীন বাঙ্গালা গ্রন্থাদির সংগ্রহ, সংরক্ষণ ও প্রচার, ভাষান্তর হইতে উৎকৃষ্ট গ্রন্থাদির অনুবাদ প্রকাশ, দর্শন-বিজ্ঞান-ইতিহাস প্রভৃতি সকল প্রকার সাহিত্যের আলোচনা ও ঐ সকল বিষয়ে উৎকৃষ্ট গ্রন্থাদির মুদ্রণ প্রভৃতি উপায়সমূহ অবলম্বন করিয়াছেন। প্রতি বাঙ্গালা মাসের শেষ রবিবারে পরিষদের একটি সাধারণ অধিবেশন হয়, উহাতে সকল প্রকার সাহিত্য-বিষয়ক প্রবন্ধপাঠ এবং আলোচনা হইয়া থাকে। পরিষৎ হইতে এক্ষণে "সাহিত্য-পরিষৎ-পত্রিকা" নামে একখানি ত্রৈমাসিক পত্রিকা প্রকাশিত হয়। উহাতে পরিভাষা ও সাহিত্যিক প্রবন্ধাদি প্রকাশিত হইয়া থাকে। "প্রাচীন বাঙ্গালা গ্রন্থাবলী" নামে অপর একখানি দ্বৈমাসিক পত্রিকায় প্রাচীন, অমুদ্রিত, লুপ্তপ্রায়, বাঙ্গালা গ্রন্থাবলী খণ্ডশঃ প্রকাশিত হইতেছে। পরিভাষা-সঙ্কলন, শব্দ-সংগ্রহ ও ব্যাকরণাদি-রচনার জন্য কয়েকটি শাখা-সমিতি আছে। পরিষদের চেষ্টায় কয়েকখানি প্রাচীন বাঙ্গালা গ্রন্থ (কৃত্তিবাসের রামায়ণ, বিজয় পণ্ডিতের মহাভারত, পীতাম্বর দাসের রসমঞ্জরী প্রভৃতি) স্বতন্ত্র পুস্তকাকারেও মুদ্রিত হইয়াছে। পরিষদের যত্নে কৃত্তিবাসের ন্যায় আরও আট নয় জনের প্রণীত রামায়ণ ও কাশীরাম দাসের ন্যায় আরও বাইশ জনের রচিত মহাভারত আবিষ্কৃত হইয়াছে। এতদ্ভিন্ন অজ্ঞতনাম সাত আট শত প্রাচীন বাঙ্গালা গ্রন্থের বিবরণ প্রকাশিত হইয়াছে। পরিষদের সদুদ্দেশ্যে ও কার্য্যে সন্তুষ্ট হইয়া সকল শ্রেণীর সাহিত্য-সেবী ও বিদ্যানুরাগী প্রায় ছয় শত লোকে ইহার সভ্য হইয়াছেন।

পরিষৎ মধ্যে মধ্যে উৎকৃষ্ট প্রবন্ধের জন্য যথেষ্ট অর্থ পারিতোষিকরূপে দান করেন। এ পর্য্যন্ত এইরূপ পুরস্কারে ১২৫০৲ টাকা দান করা হইয়াছে।

দেশের কৃতবিদ্য, বিদ্যোৎসাহী, সাহিত্যসেবী এবং যাঁহাদের মাতৃভাষার প্রতি কিছুমাত্র যত্ন, শ্রদ্ধা বা অনুরাগ আছে, তাঁহাদের সকলেরই পরিষদে যোগ দেওয়া উচিত। পরিষদের ঐ সকল মহদুদ্দেশ্য সম্পন্ন করিবার নিমিত্ত প্রত্যেকেরই ইহার সভ্যশ্রেণীভুক্ত হওয়া উচিত।

পরিষৎকর্ত্তৃক যাহা কিছু মুদ্রিত ও প্রকাশিত হইবে, প্রত্যেক সভ্য তাহার এক এক খণ্ড বিনামূল্যে পাইয়া থাকেন, কিন্তু সাহিত্যাদি বিষয়ে যাহা স্বতন্ত্র পুস্তকাকারে প্রকাশিত হয়, তাহা সভ্যগণকে নির্দ্দিষ্ট অল্পমূল্যে বিক্রয় করা হয়।

সকল সভ্যই পরিষদের পুস্তকালয় হইতে পুস্তকাদি লইয়া পাঠ করিতে পারেন এবং কার্য্যালয়ে আসিয়া সংবাদ ও সাময়িক পত্রাদি দেখিতে পারেন।

সভার সাহিত্যালোচনায় যোগ দিতে ও প্রবন্ধাদি পাঠ করিতে সকলেরই অধিকার আছে।

"সাহিত্য-পরিষৎ পত্রিকা" ও "প্রাচীন বাঙ্গালাগ্রন্থাবলী" নামক সাময়িক পত্রিকা দুইখানি সকল সভ্যই বিনামূল্যে ও বিনা-ডাকমাশুলে পাইয়া থাকেন। বিশেষ বিবরণ ও নিয়মাদি জানিতে হইলে, পরিষদের কার্য্যবিবরণ ও নিয়মাবলী দেখা আবশ্যক।

পুস্তকালয়।

বঙ্গীয় সাহিত্য-পরিষদের তত্ত্বাবধানে একটি পুস্তকালয় স্থাপিত হইয়াছে। সকল প্রকার ইংরাজী পুস্তক সংগ্রহের জন্য কলিকাতার মেটকাফ হলে যেমন "পাব্‌লিক লাইব্রেরী" আছে, বাঙ্গালা পুস্তকের সেরূপ সংগ্রহ কলিকাতার কোন পাঠাগারে নাই বলিলেই চলে। কলিকাতা ও মফস্বলে এখন যতগুলি পাঠাগার আছে, সকল গুলিতেই নাটক ও উপন্যাস শ্রেণীর নূতন নূতন গ্রন্থ সংগ্রহেরই চেষ্টা হইয়া থাকে। দুই একটী পুরাতন পাঠাগার ব্যতীত, বাঙ্গালা ভাষায় মুদ্রিত, সে কালের ছাপা পুস্তকাদি কোথাও, নাই অথবা সেকালে মুদ্রিত

তথচ দুষ্প্রাপ্য অন্যান্য শ্রেণীর গ্রন্থ-সংগ্রহের চেষ্টাও কোথাও করা হয় না। ভাষার ইতিহাস আলোচনার জন্য কোন কোন পুস্তকের প্রাচীন সংস্করণ সংগৃহীত ও সুরক্ষিত হওয়া আবশ্যক। এতদ্ভিন্ন বিষয়-বিশেষে রচিত, যাবতীয় গ্রন্থ একস্থানে সংগৃহীত হইলে তত্তদ্বিষয়ের লেখকগণের আলোচনার সুবিধা হয়। এই সকল অভাব দূর করিবার জন্য স্থির হইয়াছে যে, বঙ্গীয় সাহিত্য-পরিষৎ যে ভাবের সাহিত্যালোচনী সভা, তাহাতে ইহারই পুস্তকালয়ে ঐরূপ সকল প্রকার বাঙ্গালা পুস্তক ও সাময়িক পত্রিকাদি সংগৃহীত হওয়া উচিত এবং আবশ্যক। পরিষদের এই সাধু-সঙ্কল্প কার্য্যে পরিণত করিবার পক্ষে প্রত্যেক গ্রন্থকার, সম্পাদক এবং সাহিত্যসেবীর সাহায্য আবশ্যক।

পরিষদের হিতাকাঙ্ক্ষী গ্রন্থ-প্রণেতা ও সাময়িক-পত্রিকাদির সম্পাদকদিগের নিকট এজন্য সানুনয়ে নিবেদন;—তাঁহারা স্ব-প্রণীত গ্রন্থ ও স্ব-সম্পাদিত সাময়িক পত্রিকা পরিষৎ পুস্তকালয়ে উপহার পাঠাইয়া পরিষৎকে চিরকৃতজ্ঞতা-পাশে বদ্ধ করিয়া মাতৃভাষার উক্ত অভাব-মোচনে উদ্যোগী হইলে, পরিষদের এই সাধু উদ্দেশ্য সফল হইতে, বিশেষ বিলম্ব হইবে না। এই পুস্তকালয়ে অতীত ও বর্ত্তমান সংবাদ ও সাময়িক পত্রিকা বহুল পরিমাণে সংগ্রহ করিবার নিমিত্ত পরিষদের সদস্য ও সাধারণের নিকট বঙ্গীয়-সাহিত্য-পরিষদের নিবেদন এই যে, তাঁহাদের জানা শুনা এ দেশীয় সাময়িক পত্রিকার নাম, ঠিকানা এবং তাহাদের সম্পাদক, স্বত্বাধিকারী ও প্রকাশকের নামসম্বলিত বিশেষ বিবরণ পরিষৎ কার্য্যালয়ে লিখিয়া পাঠাইলে, পরিষৎ বিশেষ বাধিত হইবেন। এই দেশের যে কোন ভাষায় লিখিত পত্রিকা সাদরে গৃহীত হইবে।

বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ কার্য্যালয়,
১৩৭।১ নং কর্ণওয়ালিস ষ্ট্রীট।

শ্রীকিরণচন্দ্র দত্ত,
গ্রন্থরক্ষক।

পুঁথিসংগ্রহ।

বঙ্গীয় সাহিত্য পরিষদের প্রধান উদ্দেশ্য,—প্রাচীন বাঙ্গালা গ্রন্থাদির উদ্ধার। এই উদ্দেশ্য-সাধনের জন্য পরিষৎ প্রাচীন বাঙ্গালা-গ্রন্থ সংগ্রহ ও রক্ষা করিতে প্রবৃত্ত হইয়াছেন। বিস্তর প্রাচীন বাঙ্গালা পুঁথি আজও অনেকের ঘরে অযত্নে,

অজ্ঞাত অবস্থায় পড়িয়া ক্রমশঃ নষ্ট হইতেছে। যাঁহারা মাতৃভাষার সেবা করিতেছেন কিম্বা যাঁহারা বাঙ্গালা সাহিত্যের অনুরাগী, তাঁহারা স্ব স্ব গ্রামে প্রত্যেকের ঘরে বিশেষতঃ নিম্নশ্রেণীর ঘরে অনুসন্ধান করিলে, এরূপ পুঁথি অনেক পাইতে পারেন। পরিষদের সভ্য ও হিতৈষিগণ যদি স্ব স্ব চেষ্টায় এইরূপ পুঁথি সংগ্রহ করিয়া দিয়া, পরিষৎকে সাহায্য করেন ও মাতৃভাষার উন্নতিসাধনে যত্নপর হন, তাহা হইলে, এখনও অনেক গ্রন্থ ধ্বংসের হস্ত হইতে পরিত্রাণ পায়। অতএব অনুরোধ,—কোথায়, কাহার নিকট, নিকট, কি পুঁথি আছে এবং পুঁথির স্বত্বাধিকারী তাহা কিরূপে হস্তান্তরিত করিতে চাহেন, যদি কেহ তাহার বিশেষ বিবরণ সংগ্রহ করিয়া পাঠান, তাহা হইলে পরিষৎ বিশেষ অনুগৃহীত হইবেন। এই রূপে পরিষদের পুস্তকালয়ে এ পর্য্যন্ত ২০০।২৫০ পুঁথি সংগৃহীত হইয়াছে। নিম্নলিখিত ঠিকানায় পত্রাদি লিখিবেন।

বঙ্গীয় সাহিত্য পরিষৎ কার্য্যালয়,
১৩৭।১ কর্ণওয়ালিস ষ্ট্রীট।

শ্রীরায় যতীন্দ্রনাথ চৌধুরী,
অবৈতনিক সম্পাদক।

প্রাচীন বাঙ্গালা গ্রন্থাবলী।

সম্পাদক—মহামহোপাধ্যায় শ্রীযুক্ত হরপ্রসাদ শাস্ত্রী, এম্ এ।

বাঙ্গালা ভাষায় বিস্তর গ্রন্থ প্রাচীনকালে রচিত হইয়াছিল। সেকালে খৃষ্টান মিশনরীদিগের যত্নে এবং বটতলার কতিপয় পুস্তকবিক্রেতার চেষ্টায় যে সকল গ্রন্থ প্রকাশিত হইয়াছে, অপ্রকাশিত গ্রন্থরাশির তুলনায় তাহার সংখ্যা অতি সামান্য। বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ আজ সাত বৎসরকাল চেষ্টা করিয়া অমুদ্রিত বাঙ্গালা গ্রন্থরাশির যে সকল বিবরণ প্রকাশিত করিয়াছেন, বাঙ্গালায় যে একটা প্রাচীন সাহিত্য ছিল, একথা তদ্দ্বারা প্রতিপন্ন হইয়াছে। পরিষৎ ১৩০৭ সাল হইতে "প্রাচীন বাঙ্গালা গ্রন্থাবলী" নাম দিয়া প্রতি দুই মাস অন্তর একখানি স্বতন্ত্র পত্রিকা প্রকাশ করিতেছেন। ছয় সংখ্যা প্রকাশিত হইয়াছে। উহাতে নেপালে নবাবিষ্কৃত বিদ্যাপতির পদাবলী, ছুটি খাঁর মহাভারত, প্রাচীন জয়দেব-চরিত, বাসু ঘোষের পদাবলী, জয়ানন্দের চৈতন্য-মঙ্গল, নরোত্তমের রাধিকার মানভঙ্গ, ভাগবতাচার্য্যের কৃষ্ণপ্রেমতরঙ্গিণী,

অন্ধকবি ভবানীপ্রসাদের দুর্গামঙ্গল, মাণিক গাঙ্গুলীর ধর্ম্মমঙ্গল প্রভৃতি গ্রন্থ ক্রমশঃ প্রকাশিত হইতেছে। ডিমাই ৮ পেজী আকারে ৮ ফর্ম্মা করিয়া এক এক সংখ্যা প্রকাশিত হয়। পরিষদের সভ্যগণ ইহা বিনামূল্যে প্রাপ্ত হন। অপর সাধারণকে ডাকমাশুল সমেত বার্ষিক ২৲ মূল্য দিতে হইবে। গ্রহণেচ্ছুগণ নিম্নলিখিত ঠিকানায় নামধাম পাঠাইয়া গ্রাহক হউন।

বঙ্গীয় সাহিত্য-পরিষৎ-কার্য্যালয়,
১৩৭।১ কর্ণওয়ালিস্ ষ্ট্রীট, কলিকাতা।

শ্রীব্যোমকেশ মুস্তফী,
সহকারী সম্পাদক।

পরিষৎগ্রন্থাবলী।

১। কৃত্তিবাসী রামায়ণ।

৩৫০ বৎসরের প্রাচীন হস্তলিপি হইতে বঙ্গীয় সাহিত্য পরিষদের চেষ্টায় ও যত্নে মূল কৃত্তিবাসী রামায়ণের উদ্ধার হইতেছে। অযোধ্যাকাণ্ড প্রকাশিত হইয়াছে। এই গ্রন্থে বটতলার ছাপা কৃত্তিবাসী রামায়ণ অপেক্ষা অনেক বেশী আছে এবং তাহার সহিত অনেক পরিবর্ত্তন লক্ষিত হয়। মূল্য সকলের পক্ষে ।০ আনা মাত্র। উত্তরকাণ্ড যন্ত্রস্থ।

২। পীতাম্বর দাসের রসমঞ্জরী।

এই রসমঞ্জরীতে নায়ক-নায়িকার বর্ণনাছলে রাগানুগা ভক্তির উপদেশ আছে। প্রাচীন গ্রন্থাদি হইতে সংস্কৃত কবিতায় এবং বাঙ্গালা প্রাচীন মহাজন-পদাবলী হইতে উদাহরণাদি দেওয়া হইয়াছে। পীতাম্বর দাস প্রাচীন গ্রন্থকার। পরিষদের যত্নে ইহাও স্বতন্ত্র পুস্তকারে প্রকাশিত হইয়াছে। মূল্য ।৵০ আনা, পরিষদের সভ্যের পক্ষের ।০ আনা।

৩। বিজয় পণ্ডিতের মহাভারত।

এ পর্য্যন্ত পরিষদের চেষ্টায় বাঙ্গালায় বাইশখানি মহাভারতের অস্তিত্ব প্রকাশিত হইয়াছে। পুস্তকখানি বৃহৎ, আকার ৬৫০ পৃষ্ঠার বিজয় পণ্ডিতের মহাভারত তাহাদের মধ্যে সর্ব্বাপেক্ষা প্রাচীন। পরিষদের যত্নে ইহা স্বতন্ত্র পুস্তকাকারে প্রকাশিত হইয়াছে। গ্রন্থের ভূমিকায় বাইশখানি মহাভারতের

আলোচনা আছে। এই বিজয় পণ্ডিত মেল-বন্ধনকারী ঘটকরাজ দেবীবরের সমসাময়িক। ইঁহাকে প্রকৃতি করিয়াই পণ্ডিতবর্দ্ধী মেল হইয়াছে। মূল্য দুই খণ্ডের একত্র ১৷৷০ মাত্র। পরিষদের সভ্যগণ ১।০ মূল্যে পাইবেন।

৪। শঙ্কর ও শাক্যমুনি শ্রীযুক্ত কালীবর বেদান্তবাগীশের বক্তৃতা ৵০

৫। বৌদ্ধধর্ম্ম শ্রীযুক্ত সত্যেন্দ্রনাথ ঠাকুরের (১ম) বক্তৃতা ৵০

১৩৭।১ নং কর্ণওয়ালিস ষ্ট্রীট, কলিকাতা পরিষৎ কার্য্যালয়ে প্রাপ্তব্য।

শ্রীব্যোমকেশ মুস্তফী, সহকারী সম্পাদক।

সাহিত্য পরিষৎ পত্রিকা।

ত্রৈমাসিক।

বার্ষিক মূল্য ৩৲ টাকা ডাকমাশুল ।৵০ আনা।

(পরিষদের সভ্যগণ বিনামূল্যে ও বিনা ডাকমাশুলে পাইয়া থাকেন।)

বাঙ্গালা ভাষায় বিবিধবিষয়িণী সাময়িক পত্রিকা অনেক আছে, কিন্তু কেবল ভাষাতত্ত্ব, ভাষাবিজ্ঞান, ভাষার প্রাচীন গ্রন্থাদির আলোচনা, প্রাচীন কবিগণের বিবরণ, প্রভৃতি প্রকাশের জন্য বাঙ্গালা ভাষার একখানি স্বতন্ত্র পত্রিকার একান্ত প্রয়োজন হইয়াছে, সেই অভাব মোচনার্থ বঙ্গীয় সাহিত্য-পরিষৎ এই পত্রিকা প্রকাশ করেন। ইহাতে বাঙ্গালা পরিভাষার আলোচনা, বাঙ্গালার প্রাচীন কবিগণের বিবরণ, বাঙ্গালা ভাষায় ব্যাকরণাদি সম্বন্ধে প্রবন্ধ প্রকাশিত হয়। এতদ্ভিন্ন এসিয়াটিক সোসাইটী যেমন দেশ-বিদেশে পণ্ডিত পাঠাইয়া অমুদ্রিত সংস্কৃত পুথির বিবরণ প্রকাশ করেন, বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ সেইরূপে বাঙ্গালা অমুদ্রিত পুথির বিবরণ প্রাপ্ত হইতেছেন, তাহা এই পত্রিকায় প্রকাশিত হইয়া থাকে। এরূপ পত্রিকা বাঙ্গালী মাত্রেরই পাঠ্য হওয়া উচিত।

শ্রীব্যোমকেশ মুস্তফী,
সহকারী সম্পাদক।

"খ" পরিশিষ্ট।

গ্রন্থ-প্রকাশ-সমিতির সভ্যগণ।

শ্রীযুক্ত সত্যেন্দ্রনাথ ঠাকুর। (সভাপতি।)

মহামহোপাধ্যায় শ্রীযুক্ত হরপ্রসাদ শাস্ত্রী, এম্ এ।
রায় শ্রীযুক্ত কালীপ্রসন্ন ঘোষ বাহাদুর। } (সহকারী সভাপতিগণ।)

মাননীয় বিচারপতি শ্রীযুক্ত গুরুদাস বন্দ্যোপাধ্যায়, এম্ এ, ডি এল্।

শ্রীযুক্ত রায় যতীন্দ্রনাথ চৌধুরী, এম্ এ, বি এল্।

" হীরেন্দ্রনাথ দত্ত, এম্ এ, বি এল্।

" রামেন্দ্রসুন্দর ত্রিবেদী, এম্ এ।

" অমৃতকৃষ্ণ মল্লিক, বি এল্।

" নরেন্দ্রনাথ মিত্র, বি এল্।

" গোবিন্দলাল দত্ত।

" চারুচন্দ্র ঘোষ।

" শরচ্চন্দ্র সরকার।

কুঞ্জলাল রায়।

" বিজয়কেশব মিত্র।

" ব্যোমকেশ মুস্তফী।

" হেমেন্দ্রপ্রসাদ ঘোষ, বি এ।

" শিবাপ্রসন্ন ভট্টাচার্য্য, বি এল্।

" চণ্ডীচরণ বন্দ্যোপাধ্যায়।

" বীরেশ্বর পাঁড়ে।

" বাণীনাথ নন্দী।

" অতুলকৃষ্ণ গোস্বামী।

" অচ্যুতচরণ চৌধুরী তত্ত্বনিধি।

" ডাক্তার রসিকমোহন চক্রবর্ত্তী।

" সত্যচরণ শাস্ত্রী।

" বলাইচাঁদ গোস্বামী।

শ্রীযুক্ত কালিদাস নাথ।
" শরচ্চন্দ্র চৌধুরী।
" দ্বিজেন্দ্রনাথ ঠাকুর।
" রবীন্দ্রনাথ ঠাকুর।
" মদনগোপাল গোস্বামী।
" শ্যামলাল গোস্বামী।
" মধুসূদন গোস্বামী (বৃন্দাবন)
" কেদারনাথ দত্ত ভক্তিবিনোদ।
} অতিরিক্ত সভ্যগণ।
" নগেন্দ্রনাথ বসু (সম্পাদক)
" মৃণালকান্তি ঘোষ (সহকারী সম্পাদক)
মহামহোপাধ্যায় শ্রীযুক্ত হরপ্রসাদ শাস্ত্রী এম্ এ
("গ্রন্থাবলীর" প্রধান সম্পাদক)

"গ" পরিশিষ্ট।

পরিভাষা-সমিতির সভ্যগণ।

শ্রীযুক্ত কৃষ্ণকমল ভট্টাচার্য্য বি, এল্। (সভাপতি)
মাননীয় বিচারপতি শ্রীযুক্ত গুরুদাস বন্দ্যোপাধ্যায়, এম্ এ, ডি এল্।
শ্রীযুক্ত রবীন্দ্রনাথ ঠাকুর।
" মাধবচন্দ্র চট্টোপাধ্যায়।
" নৃত্যগোপাল মুখোপাধ্যায়।
" বিপিনবিহারী গুপ্ত, এম্ এ।
" রামেন্দ্রসুন্দর ত্রিবেদী, এম্ এ (সম্পাদক)

"ঘ" পরিশিষ্ট।

ভাষা-বিজ্ঞান-সমিতির সভ্যগণ।

শ্রীযুক্ত সত্যেন্দ্রনাথ ঠাকুর। (সভাপতি)
মহামহোপাধ্যায় শ্রীযুক্ত হরপ্রসাদ শাস্ত্রী, এম্ এ।
রায় শ্রীযুক্ত কালীপ্রসন্ন ঘোষ বাহাদুর।
} (সহকারী সভাপতিগণ)

মাননীয় বিচারপতি শ্রীযুক্ত গুরুদাস বন্দ্যোপাধ্যায়।
শ্রীযুক্ত রায় যতীন্দ্রনাথ চৌধুরী, এম্ এ, বি এল্।
,, চন্দ্রনাথ বসু, এম্ এ, বি এল্।
,, ইন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়, বি এল্।
,, রবীন্দ্রনাথ ঠাকুর।
,, চন্দ্রোদয় বিদ্যাবিনোদ।
,, বীরেশ্বর পাঁড়ে।
,, শিবাপ্রসন্ন ভট্টাচার্য্য, বি এল্।
,, নকুলেশ্বর বিদ্যাভূষণ।
,, ব্যোমকেশ মুস্তফী।
,, হেমেন্দ্রপ্রসাদ ঘোষ, বি এ।

মহামহোপাধ্যায় শ্রীযুক্ত মহেশচন্দ্র ন্যায়রত্ন সি, আই, ই।
,, চন্দ্রকান্ত তর্কালঙ্কার।
,, জগদ্বন্ধু মোদক।
,, অক্ষয়চন্দ্র সরকার।
} অতিরিক্ত সভ্যগণ।

,, হীরেন্দ্রনাথ দত্ত এম্ এ, বি এল্, (সম্পাদক।)

"ঙ" পরিশিষ্ট।

শব্দ-সমিতির সভ্যগণ।

শ্রীযুক্ত সত্যেন্দ্রনাথ ঠাকুর। (সভাপতি)
মহামহোপাধ্যায় শ্রীযুক্ত হরপ্রসাদ শাস্ত্রী এম্ এ।
রায় শ্রীযুক্ত কালীপ্রসন্ন ঘোষ বাহাদুর।
} (সহকারী সভাপতিগণ)

,, চন্দ্রনাথ বসু, এম্ এ, বি এল্।
,, রায় যতীন্দ্রনাথ চৌধুরী এম্ এ, বি এল্।
,, ব্যোমকেশ মুস্তফী।
,, যজ্ঞেশ্বর বন্দ্যোপাধ্যায়।

শ্রীযুক্ত ইন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়, বি এল
,, পঞ্চানন মুখোপাধ্যায়।
,, কুমুদকুমার মুখোপাধ্যায়।
,, প্রমথনাথ মিত্র।
,, হাবাণচন্দ্র বন্দ্যোপাধ্যায়, এম্ এ, বি এল।
,, অতুলকৃষ্ণ গোস্বামী।
,, হীবেন্দ্রনাথ দত্ত, এম্ এ, বি এল্।
,, সতীশচন্দ্র বিদ্যাভূষণ, এম্ এ।
,, তিনকডি মুখোপাধ্যায।
,, রামচন্দ্র বিদ্যাবিনোদ, কবিবাজ।
,, ববীন্দ্রনাথ ঠাকুব।
,, ক্ষিতীন্দ্রনাথ ঠাকুব।
,, চুনিলাল বসু, এম্ বি, বায বাহাদুব।
,, কানাইলাল ঘোষাল।
,, শিবাপ্রসন্ন ভট্টাচার্য্য, বি এল্।
,, বীবেশ্বব পাঁড়ে,
,, হাবাণচন্দ্র বক্ষিত।
,, অক্ষযচন্দ্র সবকাব
,, দীনেশচন্দ্র সেন। } অতিবিক্ত সভ্যগণ।
,, কৃষ্ণচন্দ্র বায়।
,, হেমেন্দ্রপ্রসাদ ঘোষ, বি এ। (সম্পাদক)

"চ" পবিশিষ্ট।

গ্রন্থরচনা-সমিতির সভ্যগণ।

শ্রীযুক্ত সত্যেন্দ্রনাথ ঠাকুব। (সভাপতি)
মহামহোপাধ্যায শ্রীযুক্ত হবপ্রসাদ শাস্ত্রী এম এ।
বায শ্রীযুক্ত কালীপ্রসন্ন ঘোষ বাহাদুব। } সহকাবী সভাপতিগণ।

রাজা শ্রীযুক্ত বিনয়কৃষ্ণ দেব বাহাদুর।
,, চন্দ্রনাথ বসু, এম এ, বি এল।
,, রায় যতীন্দ্রনাথ চৌধুরী, এম, এ, বি, এল্।
,, ব্যোমকেশ মুস্তফী।
,, হেমেন্দ্রপ্রসাদ ঘোষ, বি এ।
,, নগেন্দ্রনাথ বসু।
,, সতীশচন্দ্র বিদ্যাভূষণ, এম্ এ।
,, শিবাপ্রসন্ন ভট্টাচার্য্য, বি এল্।
,, রামেন্দ্রসুন্দর ত্রিবেদী, এম্ এ।
,, যজ্ঞেশ্বর বন্দ্যোপাধ্যায়।

(রজনীকান্ত গুপ্ত মহাশয় এই সমিতির সম্পাদক ছিলেন, তাঁহার মৃত্যুর পর গত বৎসরে এই সমিতির স্বতন্ত্র সম্পাদক নির্ব্বাচিত হন নাই।)

"ছ" পরিশিষ্ট।

গৃহনির্ম্মাণ-সমিতির সভ্যগণ।

শ্রীযুক্ত সত্যেন্দ্রনাথ ঠাকুর। (সভাপতি)
মহামহোপাধ্যায় শ্রীযুক্ত হরপ্রসাদ শাস্ত্রী, এম এ।
রায় শ্রীযুক্ত কালীপ্রসন্ন ঘোষ বাহাদুর। } সহকারী সভাপতিগণ।
,, দ্বারকানাথ সরকার বাহাদুর।
,, হীরেন্দ্রনাথ দত্ত, এম্ এ, বি এল্।
,, কুমার শরৎকুমার রায়, এম্ এ।
,, রমানাথ ঘোষ।
,, হেমচন্দ্র বসু মল্লিক।
,, রবীন্দ্রনাথ ঠাকুর।
,, মতিলাল ঘোষ।
,, রায় প্রমথনাথ চৌধুরী।
,, সুরেশচন্দ্র সমাজপতি।

শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু।
,, চারুচন্দ্র ঘোষ।
,, নগেন্দ্রনাথ গুপ্ত।
,, চণ্ডীচরণ বন্দ্যোপাধ্যায়।
,, রামেন্দ্রসুন্দর ত্রিবেদী এম্ এ।
,, অমৃতকৃষ্ণ মল্লিক, বি এল্।
,, মৃণালকান্তি ঘোষ।
,, রায় যতীন্দ্রনাথ চৌধুরী, এম্ এ, বি এল্, (সম্পাদক)
,, ব্যোমকেশ মুস্তফী।
,, হেমেন্দ্রপ্রসাদ ঘোষ, বি এ (সহঃ সম্পাদক)

"জ" পরিশিষ্ট।

সপ্তম বৎসরে উপহার প্রাপ্ত পুস্তক ও প্রদাতৃগণের নাম।

প্রদাতৃগণের নাম।	পুস্তকের নাম।
শ্রীযুক্ত সুরেশচন্দ্র সমাজপতি	১। বিবেকবিলাস ২। ত্রিদিব বিজয়।
,, জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুর	১। ধ্যানভঙ্গ, ২। হঠাৎ নবাব ৩। অলীক বাবু ৪। উত্তরচরিত ৫। রত্নাবলী ৬। মালতীমাধব ৭। মৃচ্ছকটিক ৮। মুদ্রারাক্ষস।
,, অক্ষয়কুমার বড়াল	১। কনকাঞ্জলী ২। প্রদীপ।
,, সত্যেন্দ্রনাথ ঠাকুর	১। মেঘদূত ২। বোম্বাই চিত্র।
,, কিরণচন্দ্র দত্ত	১। শ্রীশ্রীগীতগোবিন্দ ২। জুলিয়া ৩। বভ্রুবাহন।
,, নগেন্দ্রনাথ বসু	১। বঙ্গের জাতীয় ইতিহাস ১ম খণ্ড
,, গিরিশচন্দ্র ঘোষ	১। নন্দদুলাল ২। অশ্রুধারা ৩। পাণ্ডব গৌরব ৪। দেলদার ৫। ম্যাকবেথ।

শ্রীযুক্ত লাড়লীমোহন ঘোষ	১। মনোবীণা ২। প্রতিধ্বনি ৩। নির্ঝরিণী ৪। কল্লোলিনী।
,, রায় চুনিলাল বসু বাহাদুর	১। জল।
,, গুরুতারণ মুখোপাধ্যায়	১। কালি বধ কাব্য।
,, আনন্দচন্দ্র সরকার	১। বিষম ভুজঙ্গ।
,, বসিকলাল দে	১। কানন।
,, রসিকমোহন চক্রবর্ত্তী	১। বিকাশ (মাসিকপত্র পূর্ণ-বৎসর।)
,, আর্ত্রত্রানা মিশ্র	১। বৈদেহিশবিলাস (৪ খণ্ড।)
,, কুমার সত্যেন্দ্রনাথ দেব বাহাদুর	১। উড়িয়া গ্রন্থ (৫ম খণ্ড) ২। History of Orissa ৩। Brief Histroy of Biseswar Raj family.
,, রমণীমোহন ঘোষ	১। শ্রাবণী। ২ মাধবিকা।
,, অতুলকৃষ্ণ গোস্বামী	১। ভক্তিরত্নমালা।
,, পাঁচকড়ি বন্দ্যোপাধ্যায়	১। উমা।
,, নগেন্দ্রনাথ গুপ্ত	১। তমস্বিনী ২। লীলা ৩। উপন্যাস সংগ্রহ।
,, কামিনীনাথ রায়	১। পত্রাষ্টক ২। বঙ্গরত্ন (১ম খণ্ড) ৩। বঙ্গরত্ন (২য় খণ্ড।)
,, শিবাপ্রসন্ন ভট্টাচার্য্য	১। Essentials of Health and Prevention of Diseases.
,, অনাথনাথ পালিত	১। সাধন গীতি।
,, শ্রীনাথ সেন	১। ভাষাতত্ত্ব।
,, ব্রজগোপাল পাল	১। বাঘাম্বর।
,, অমৃতলাল বসু	১। আদর্শ বন্ধু ২। কৃপণের ধন।
,, পূর্ণচন্দ্র গুপ্ত	১। রাধানাথের কন্যাদায়।

„ রমেশচন্দ্র বসু	১। Bengalees as thay are and ought to be ২। A grammar of Hindusthanee language. ৩। A Buddhist catechism. ৪। Army of India.
„ নগেন্দ্রনাথ মুখোপাধ্যায়	১। পীড়ি দব পীড়ি।
„ শরচ্চন্দ্র সরকার	১। প্রবীব-পরাজয় ২। বসন্ত-বিজয়।
„ দেবীদাস ভট্টাচার্য্য	১। শ্রীশ্রীচণ্ডি।
„ নবীনকৃষ্ণ হালদার	১। বেহালা-দর্পণ।
„ শ্রীশচন্দ্র মজুমদার	১। কৃতজ্ঞতা ২। ফুলজানি ৩। বিশ্বনাথ ৪। পদরত্নাবলী।
„ রাজকৃষ্ণ মুখোপাধ্যায়	১। মলিন-মুকুল।
„ নলিনীরঞ্জন পণ্ডিত	১। আশু অঙ্কশিক্ষা ২। আমাব পল্লী ৩। প্রবন্ধ মুক্তাবলী ৪। ধন্যবাদ ও ধিক্কাব ৫। পাবসীক গল্প।
„ দ্বিজেন্দ্রনাথ বসু	১। জীব-জন্তু।
„ দীনবন্ধু সেন	১। বাদসাহী দপ্তর (১ম। ২য়। ৩য় খণ্ড।)
„ রামেন্দ্র সুন্দর ত্রিবেদী	১। খৃষ্ট সংগীত ২। Report of the Survey (1870 to 1871-72-73, 1874-75) ৩। নাগাশ্রমের অভিনয় ৪। প্রবাদমালা ৫। বিজ্ঞনাঞ্জন ৬। বত্রিশসিংহাসন ৭। দায়-ভাগ্যস্থ অতিবিক্ত টীকা ৮। মালতীমাধবের উপখ্যান ৯। Knowledge ইংবাজী সাময়িক পত্র ১১। প্রকৃতি। এতদ্ভিন্ন কতকগুলি বাঙ্গালা সাময়িক পত্রেব অসম্বন্ধ সংখ্যা।

শ্রীযুক্ত হীরেন্দ্রনাথ দত্ত	১। অমু-.. প্রশ্ন ২। আত্মতত্ত্ব-প্রকাশ ৩। সঙ্গীতামৃত-লহরী ৪। গল্প ও ছড়া ৫। সীতা সমর-শায়িনী ৬। Handbook of Information for foreign Byers ৭। Public Opinion ৮। Fourteenth and Fifteenth Anunal Report of Ana'h Bandhu Samity. ৯। কীর্ত্তিবাসী রামায়ণ ১০। কয়েকখানি মাসিক পত্রিকার অসম্বন্ধ সংখ্যা ১১। রামরাজ্যাভিষেকম্ ১২। ভক্তি সঙ্গীত ১৩। গীতমালা ১৪। Sree Krishna
শ্রীযুক্ত নারায়ণচন্দ্র বিদ্যারত্ন	১। অবলাচরিত ২। অন্নদামঙ্গল ৩। বোধোদয় ৪। বাঙ্গালার ইতিহাস ৫। বিদ্যাসুন্দর ৬। কথামালা ৭। চরিতাবলী ৮। বর্ণ পরিচয় ১ম ভাগ ও ২য় ভাগ ৯। উপক্রমণিকা ১০। ঋজুপাঠম্ ২য় ও ৩য় ভাগ ১১। পদ্যসংগ্রহ (১ম ও ২য়) ১২। জীবনচরিত ১৩। ব্যাকরণ কৌমুদী ১ম ও ২য় ভাগ ১৪। শকুন্তলা ১৫। সীতার বনবাস ১৬। ভ্রান্তিবিলাস ১৭। শ্লোকমঞ্জরী ১৮। বিদ্যাসাগর-চরিত ১৯। হর্ষচরিত ২০। শিশুশিক্ষা ১ম, ২য়, ৩য় ভাগ ২১। কুলীনকুল-সর্ব্বস্ব ২২। কণা ২৩। বিনয় পত্রিকা ২৪। অতি অল্প হইল ২৫। মেঘদূতম্ ২৬। বিদ্যাসাগর গ্রন্থাবলী ২৭। মহাভারত ২৮। বহু বিবাহ ২৯। বিধবা বিবাহ।

শ্রীযুক্ত মৃণালকান্তি ঘোষ

১। সুধামুখী ২। সাধক-সহচর ৩। শিশু-পালন ৪। ফুল-মালিকা ৫। যতীন্দ্রজীবন-চরিতম্ ৬। অভিমন্যু সম্ভব ৭। সত্য-সবলা ৮। ভক্তিময়ী ৯। হৃদয়-প্রতিধ্বনি ১০। দুটী কন্যা ১১। ঊষাচিন্তা ১২। উপদেশ কথা ১৩। কালীকৃষ্ণ-বসামৃত ১৪। Report of the Indian Travelling ১৫। সাহিত্য বিচার ১৬। স্বর্ণমণি পারিতোষিক প্রবন্ধ ১৭। ভাববল্লী ১৮। কবিতা-মালা ১৯। হেমচন্দ্রের জীবনী ও কবিতাবলী ২০। পঞ্জিকা-সংস্কার সম্বন্ধে রিপোর্ট ২১। গীত-মঞ্জরী ২২। সঙ্গীত-কুসুম ২৩। কৃষকবালা ২৪। মহাতৃষ্ণা ২৫। ছিন্নলতা ২৬। বঙ্কিম-চন্দ্র ২৭। প্রতিভাপূজা ২৮। সার ধর্ম্ম ২৯। কল্পনাপ্রসূন ৩০। সৌরভ ৩১। ৫খানি মাসিক পত্র ৩২। শ্রীশ্রীসনাতন বৈষ্ণব ব্রতাদি নির্ণয় পুস্তক ৩৩। Indian pen and ink picture. ৩৪। বাদসাহী দপ্তর ৩৫। বেঁটেদাস ৩৬। কাব্যচিন্তা ৩৭। তত্ত্বাম্বুধি ৩৮। অশ্রু ৩৯। The Cross bearer ৪০। পার্ব্বতীয় ভাষা-প্রকাশক ৪১। ভজন ৪২। মেকডানেল পুষ্পাঞ্জলি ৪৩। কবিতা-কুসুমাঞ্জলি ৪৪। আগমনী ৪৫। জীবোদ্ধার ৪৬। প্রবোধ-সঙ্গীত ৪৭। সঙ্গীত-লতিকা ৪৮। হীরক জুবিলী ৪৯। প্লেগসংহিতা ৫০। মাণিক-ভাণ্ডার ৫১। কোহহম্ এবং কতকগুলি রিপোর্ট ও কতকগুলি মাসিক পত্রিকা।

শ্রীযুক্ত এ, চৌধুরী এস্কোয়ার ১। মুদ্রারাক্ষস ২। মহাবীর চরিত ৩। অভিজ্ঞান শকুন্তলা ৪। মেঘদূত ৫। ভট্টকাব্য ৬। কিরাতার্জ্জুনীয়ম্ ৭। শিশুপাল বধ ৮। দশকুমার চরিত ৯। মালতীমাধব ১০। রত্নাবলী ১১। হর্ষচরিত ১২। নৈষধ চরিত ১৩। সুভাষিত রত্নভাণ্ডার ১৪। কুমারসম্ভব ১৫। কথা সরিৎসাগর।

"ঝ" পরিশিষ্ট।

পরিষদের পাঠাগারের জন্য প্রাপ্ত সাময়িক পত্রাদি।

১। মাসিক পত্রিকা।

১। তত্ত্ববোধিনী পত্রিকা, ২। চিকিৎসক ও সমালোচক, ৩। বীরভূমি, ৪। পুণ্য, ৫। ভারতী; ৬। প্রবাস, ৭। পূর্ণিমা; ৮। অন্তঃপুর, ৯। নব্য-ভারত, ১০। উদ্বোধন, ১১। প্রদীপ, ১২। বিদ্যোদয়; ১৩। প্রকৃতি; ১৪। শ্রীগৌরবিষ্ণুপ্রিয়া পত্রিকা, ১৫। প্রভা, ১৬। শ্রীহট্টদর্পণ, ১৭। তত্ত্ব-মঞ্জরী, ১৮। ত্রিস্রোতা, ১৯। বিকাশ, ২০। সাহিত্য, ২১। হিন্দুপত্রিকা; ২২। সুনীতি, ২৩। হরিভক্তি, ২৪। অঞ্জলি, ২৫। বীণাপাণি, ২৬। স্বাস্থ্য, ২৭। দাতব্যোপদেশক, ২৮। ধর্ম্মপ্রচার, ২৯। মুকুল, ৩০। The Brahma-vadin, ৩১। The Journal of the Mahabodhi Society, ৩২। নাগরী-প্রচারিণী পত্রিকা, ৩৩। উৎকল সাহিত্য, ৩৪। প্রচার, ৩৫। জন্মভূমি।

২। সাপ্তাহিক পত্রিকা।

১। বর্দ্ধমান সঞ্জিবনী, ২। অনুসন্ধান, ৩। প্রতিবাসী, ৪। বঙ্গ-ভূমি, ৫। বঙ্গালয়, ৬। আনন্দবাজার, ৭। প্রভাত, ৮। নবযুগ; ৯। সাহিত্য ও সংবাদ, ১০। সঞ্জীবনী, ১১। Ries and Rayyet. ১২। মেদিনীবান্ধব, ১৩। সময়, ১৪। মানভূম, ১৫। বঙ্গবাসী, ১৬। Indian Empire ১৭। এডুকেশন গেজেট, ১৮। বসুমতী, ১৯। ঢাকাপ্রকাশ, ২০। উড়িষ্যা ও নবসংবাদ, ২১। মিহির ও সুধাকর, ২২। The East, ২৩। বঙ্গপুর দিক্‌প্রকাশ, ২৪। বাঁকুড়া দর্পণ।

৩। পাক্ষিক পত্রিকা।

তত্ত্বকৌমুদী।

৪। অর্দ্ধ সাপ্তাহিক পত্রিকা।

The Bengalee

৫। দৈনিক পত্রিকা।

The Amrita Bazar Patrika.
The Indian Mirror
The Hindoo Patriot
১। Oudh Times

"ঞ" পরিশিষ্ট।

বঙ্গীয়-সাহিত্য-পরিষদের

১৩০৭ সালের আয়-ব্যয় বিবরণ।

আয়।

চাঁদা	২০৮৮৷৹
প্রবেশিকা	২৩৮৲
পুস্তক ও পত্রিকা বিক্রয়	৫২৷৶০
বিবিধ আয়	১২৫৷৶৫
উৎসবের চাঁদা	৩০৲
এন্‌সাইক্লোপিডিয়ার চাঁদা	১৯৲
হাওলাত	২০১৸৶৫
	২৭৬৩৷১০

ব্যয়।

বেতন	৬২৩৲
বিবিধ মুদ্রণ	১৪৩৸৶১৫
পত্রিকা মুদ্রণ	৪১৬৸৶১৫
পুস্তক ক্রয়	১৪৫৷৶১০
সবজাম্মী	২৫৷৸৫
ডাকমাশুল	২২০৷৶০
পুস্তক বাঁধাই	৩৪৸৹
এন্‌সাইক্লোপিডিয়া ক্রয়	২০৲
বার্ষিক উৎসবের খরচ	২৮৩৷১৫
বিবিধ ব্যয়	১৩১৷৶৫
হাওলাত শোধ	১২৮৲১০
বাটী ভাড়া	৩০০৷৶৫
গ্রন্থাবলী মুদ্রণ	২৯৬৷০
	২৭৬৮৶০

কৈঃ—

বর্ত্তমান বর্ষের আয়	২৭৬৩৷১০
গত বর্ষের উদ্বৃত্ত	৩৮১৷৶০
	৩১৪৪৷৶১০
বাদ,—	
বর্ত্তমান বর্ষের ব্যয়	২৭৬৮৶০
	৩৭৬৷৸১০
জাম্ব।—	
সেভিংস্ ব্যাঙ্কে মজুত	২২৫৲
ধনরক্ষক	১৫১৷৸১০
	৩৭৬৷৸১০

পরীক্ষা করিয়া দেখা গেল, এই হিসাব পরিশুদ্ধ।

শ্রীবাণীনাথ নন্দী,
শ্রীচারুচন্দ্র ঘোষ,
আয়-ব্যয়-পরীক্ষক।

শ্রীহীরেন্দ্রনাথ দত্ত,
ধনরক্ষক।

শ্রীব্যোমকেশ মুস্তফী,
সহকারী সম্পাদক ও
হিসাবরক্ষক।

"ট" পরিশিষ্ট।

গ্রন্থপ্রকাশ-তহবিলের বিশেষ বিবরণ।

আয়।

১৩০৭ সালের কার্য্য বিবরণের "ছ" পরিশিষ্টের মজুত তহবিল ——————২৪৬৸৶০

২৩০৭ সালের কার্য্য বিবরণের "ছ" পরিশিষ্টে খরচের বিশেষ বিবরণ না থাকায় খরচ ফেরত জমা—— ৯৫০৲

মাঃ শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু
দঃ ১৮৯৭ সালের ৩০ই ডিসেম্বরের খরচ ফেরত—
২০০৲

১৮৯৯ সালের ৪ঠা মার্চ্চের খরচ ফেরত——
২০০৲

১৮৯৯ সালের ১১ই মের খরচ ফেরত——
২০০৲

১৮৯৯ সালের ১৫ নভেম্বরের খরচ ফেরত ——
১০০৲

মাঃ শ্রীযুক্ত হীরেন্দ্রনাথ দত্ত
দং ১৯০০ সালের ১লা ফেব্রুয়ারির খরচ ফেরত—
২৫০৲

৯৫০৲

হাওলাত জমা——————৭০৷৷১০

মাঃ শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু

৭০৷৷১০ ১২৬৭৷৶১০

ব্যয়।

বিজয় পণ্ডিতের মহাভারত মুদ্রণ খরচ——————৬৯২৸৶১০

মহাভারতের আদর্শ পুঁথি নকলের ব্যয় মায় কাগজ—
২৫৲

মহাভারতের ১ম ভাগ ছাপিবার কাগজ ৩৫ রিম ১৮ পাঃ ৩৷৶০ হিঃ ——
১১৮৶০

ঐ ১ম ভাগ ছাপাই খরচ ৩৫ ফর্ম্মা ৪৲ হিঃ———
১৪০৲

ঐ ১ম ভাগের কভারিংএর কাগজ ———
৩৷৶১০

ঐ কভারিং ছাপাই ———
২৲

ঐ ১ম ভাগ বাঁধাই খরচ—
১৬৸০

মহাভারতের ২য় ভাগ ছাপিবার কাগজ ৫৩ রিম ৩৷০ হিঃ———
১৭৫৷৷৶০

ঐ ২য় ভাগ ছাপাই ৫৩ ফর্ম্মা ৪৲ হিঃ———
২১২৲

৬৯২৸৶১০

বঙ্গীয় সাহিত্য-পরিষদের

অষ্টম বার্ষিক

কার্য্য-বিবরণ।

বঙ্গাব্দ ১৩০৯।

বঙ্গীয় সাহিত্য-পরিষৎ কার্য্যালয়, ১৩৷১ নং কর্ণওয়ালিস ষ্ট্রীট্,
কলিকাতা।

কলিকাতা।
৭নং রামধন মিত্রের লেন শ্যামপুকুর "বিশ্বকোষ প্রেস"
এ এন্ বসু এণ্ড কোম্পানি দ্বারা মুদ্রিত।

বঙ্গীয় সাহিত্য-পরিষদের

কার্য্য-বিবরণ।

অষ্টম বার্ষিক বিবরণ।

(বঙ্গাব্দ ১৩০৮)

বঙ্গীয় সাহিত্য-পরিষৎ—বর্ত্তমান ১৩০৯ সালের আরম্ভের সঙ্গে সঙ্গে অষ্টম বর্ষ অতিক্রম করিয়া নবম বর্ষে পদার্পণ করিয়াছেন। সভ্যবর্গের ও সাধারণের অবগতির জন্য পরিষদের কার্য্যনির্ব্বাহক সমিতি, ইহার অষ্টম বর্ষের (১৩০৮ বঙ্গাব্দের) নিম্নলিখিত কার্য্যবিবরণ তাঁহাদের নিকট উপস্থিত করিতেছেন।

২। অষ্টম বর্ষে—বঙ্গীয় সাহিত্য-পরিষদের সভ্যগণের সংখ্যা বৃদ্ধি হইয়াছে, কার্য্যক্ষেত্রের বিস্তৃতি সাধিত হইয়াছে, সঙ্গে সঙ্গে ইহার প্রতি মাতৃভাষানুরক্ত, কৃতবিদ্য ব্যক্তিগণের সহানুভূতি আকৃষ্ট হওয়ায়, পরিষৎ উত্তরোত্তর উন্নতিপথে ক্রমশই অগ্রসর হইতেছে। আলোচ্য বর্ষে অনেকগুলি বিদ্যোৎসাহী রাজন্য এবং সঙ্গতিশালী ব্যক্তি ইহাতে যোগদান করায়, পরিষদের উদ্দেশ্যগুলি সংসাধিত হইবার পক্ষে আমাদের আশা বিশেষরূপ বদ্ধমূল হইয়াছে। আলোচ্যবর্ষে যাঁহারা পরিষদের কার্য্য সুসম্পন্ন করিবার পক্ষে আন্তরিক যত্ন করিয়াছেন, তাঁহাদের নিকট পরিষদের কৃতজ্ঞতা-ঋণ সামান্য নহে। তাঁহাদের মধ্যে অনেকেই যশ বা অর্থলাভের আশা না করিয়া, অনেক স্থলে অনেকে যশ বা অর্থলাভের সুবিধা ত্যাগ করিয়া, মাতৃভাষার সেবাদ্বারা আত্মতৃপ্তি লাভই প্রচুর পুরস্কার মনে করিয়া থাকেন। এই সকল মহানুভব ব্যক্তির যত্ন ও পরিশ্রমের ফলে আলোচ্য বর্ষে পরিষদের এতটা উন্নতি হইয়াছে। মাতৃভাষার প্রতি সাধারণ অনুরাগ বৃদ্ধি করিবার উদ্দেশ্যে পরিষৎ যে আলোচ্য বর্ষেও পূর্ব্ব পূর্ব্ব বর্ষের ন্যায় সামান্যমাত্র সহায়তা করিতে পারিয়াছে, তাহা মনে করিলে পরিষদেরও আনন্দের সীমা থাকে না।

৩। **সভ্যসংখ্যা**—আলোচ্যবর্ষের প্রারম্ভে পরিষদের সভ্য-সংখ্যা ৫২৩ছিল এবং তদ্বর্ষে নির্ব্বাচিত সভ্যের সংখ্যা ২৩৩ জন। ১৩০৭ সালের এবং আলোচ্য বর্ষে নির্ব্বাচিত সভ্যগণের মধ্যে যাঁহাদিগের নিকট "প্রবেশিকা" পাওয়া যায় নাই, তাঁহাদের সংখ্যা ৪৮৬। সুতরাং পরিষদের নিয়মানুসারে তাঁহাদিগকে সভ্যশ্রেণীভুক্ত করিতে পারা যায় নাই। অবশিষ্ট সভ্যগণের আলোচ্য বর্ষে ২৭ জন সভ্য পদত্যাগ করিয়াছেন এবং ৭ জনের মৃত্যু হইয়াছে। এইগুলি বাদ দিয়া বর্ষশেষে পরিষদের সভ্য-সংখ্যা ৫৯৮ হইয়াছে। মোটের উপর ১৩০৭ সালের সভ্যসংখ্যা অপেক্ষা আলোচ্য বর্ষে ৭৫ জন সভ্য বৃদ্ধি হইয়াছে। ['ক' পরিশিষ্ট দ্রষ্টব্য।]

৪। **বিশিষ্ট সভ্য**—নিয়মানুসারে পরিষদে দ্বাদশজন বিশিষ্ট সভ্য থাকিতে পারেন, তন্মধ্যে তিনজনের স্থান শূন্য আছে। আলোচ্য বর্ষে কাহাকেও বিশিষ্ট সভ্যরূপে নির্ব্বাচিত করা হয় নাই। যে নয়জন বিশিষ্ট সভ্য আছেন, তাহাদের নাম নিম্নে প্রদত্ত হইল,—

১। শ্রীযুক্ত চন্দ্রনাথ বসু এম্, এ, বি, এল্।
২। শ্রীযুক্ত হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায়, বি, এল্।
৩। " দ্বিজেন্দ্রনাথ ঠাকুর।
৪। " নবীনচন্দ্র সেন বি, এ।
৫। " রায় কালীপ্রসন্ন ঘোষ বাহাদুর।
৬। সার উইলিয়ম ওয়েডারবার্ন্।
৭। মিঃ জর্জ্জ বার্ড্উড্।
৮। মিঃ জন বীম্স্।*
৯। শ্রীযুক্ত রমেশচন্দ্র দত্ত, সি, আই, ই।

৫। **বিশেষ সভ্য**,—যাঁহারা পরিষদের উন্নতির জন্য অর্থ সাহায্য ভিন্ন অন্য উপায়ে বিশেষ ভাবে উপকার সাধন করিয়া থাকেন বা যাঁহাদের নিকট পরিষৎ ঐরূপ কোন উপকারের আশা করেন, তাঁহারা সাধারণ সভ্যরূপে নির্ব্বাচিত হইতে নানা কারণে অক্ষম হইলে, তাঁহাদিগকে যাহাতে পরিষদের সভ্যরূপে গ্রহণ করিতে পারা যায়, এই উদ্দেশ্যে পরিষৎ আলোচ্য বর্ষের ২৭শে মাঘের মাসিক অধিবেশনে দ্বাদশজন "বিশেষ সভ্য" নির্ব্বাচনের ব্যবস্থা করিয়াছেন। কার্য্য-নির্ব্বাহক সমিতির নির্দ্দেশমত মাসিক অধিবেশনে সম্পাদকের প্রস্তাবমতে বিশেষ সভ্য নির্ব্বাচিত হইবেন। আলোচ্য বর্ষে এই নিয়মানুসারে পণ্ডিত শ্রীযুক্ত শরচ্চন্দ্র শাস্ত্রী এবং আনোয়ারা স্কুলের প্রধান শিক্ষক শ্রীযুক্ত আব্দুল করিম মহাশয়দ্বয়কে বিশেষ সভ্যরূপে গ্রহণ করা হইয়াছে।

* এই কার্য্য বিবরণ মুদ্রণকালে মিঃ জন বীম্সের মৃত্যু হইয়াছে।

৬। **যাবজ্জীবন-সভ্য**—ইতঃপূর্ব্বে পরিষদে যাবজ্জীবন-সভ্য নির্ব্বাচনের কোন ব্যবস্থা ছিল না। ১৩০৭ সালের শেষভাগে উক্তরূপ সভ্য-নির্ব্বাচনের উপযোগিতা উপলব্ধি হওয়ায় ১৩০৭ সালের কার্য্য-নির্ব্বাহক সমিতিকর্ত্তৃক তাঁহাদের ১২শ অধিবেশনে ঐরূপ নিয়ম গঠিত হয় এবং ১৩০৮ সালের ১১শ মাসিক অধিবেশনে উহা অনুমোদিত হইয়া বিধিবদ্ধ হইয়াছে। এই নিয়মানুসারে বাঙ্গালার রাজন্যবর্গের মধ্যে সুপ্রসিদ্ধ বিদ্যোৎসাহী কুচবিহারের মহারাজ বাহাদুর পরিষদের সাধারণ তহবিলে এককালে ৫০০৲ টাকা দান করিয়া ইহার যাবজ্জীবন সভ্যপদ গ্রহণ করিয়াছেন। পরিষদের পক্ষে ইহা সামান্য শ্লাঘার কথা নহে। আশা করা যায়, বাঙ্গালার অন্যান্য রাজন্যবর্গ এবং ধনী ব্যক্তিগণ এইরূপে পরিষদের যাবজ্জীবন সভ্যপদ গ্রহণ করিয়া ইহাকে অনুগৃহীত ও বিশেষরূপে উৎসাহিত করিবেন।

৭। **সভ্যের পদোন্নতি**,—পরিষদের অন্যতম সদস্য, স্বদেশহিতৈষী ও মাতৃভাষানুরক্ত মাননীয় শ্রীযুক্ত সারদাচরণ মিত্র এম্,এ;বি,এল্ মহাশয় আলোচ্য বর্ষের শেষভাগে হাইকোর্টের বিচারক-পদে প্রতিষ্ঠিত হইয়াছেন। এই ঘটনায় পরিষৎ আপনাকে গৌরবান্বিত মনে করিয়া গত ২রা চৈত্রের মাসিক সাধারণ অধিবেশনে সাতিশয় আনন্দ প্রকাশ এবং তাঁহাকে সম্বর্দ্ধনা করিয়াছিলেন।

৮। **সভ্যের পদত্যাগ**,—আলোচ্যবর্ষে যে ২৭ জন সভ্য পদত্যাগ করিয়াছেন, তাঁহাদের মধ্যে (ক) শ্রীযুক্ত অচ্যুতচরণ চৌধুরী তত্ত্বনিধি এবং (খ) শ্রীযুক্ত রাজা বিনয়কৃষ্ণ দেব বাহাদুরের নাম উল্লেখ-যোগ্য। (ক)—অচ্যুত বাবু একজন সুলেখক। তিনি প্রাচীন বৈষ্ণব সাহিত্যের যথেষ্ট আলোচনা করিয়া বঙ্গভাষানুরাগী ব্যক্তিমাত্রেরই কৃতজ্ঞতাভাজন হইয়াছেন। তিনি পরিষদের সংস্রব ত্যাগ করায় পরিষৎ দুঃখিত হইয়াছেন। (খ) রাজা বিনয়কৃষ্ণ দেব বাহাদুর পরিষদের অন্যতম প্রতিষ্ঠাতা। তাঁহারই আলয়ে ১২৯৯ সালে মিঃ লিওটার্ড ও শ্রীযুক্ত ক্ষেত্রপাল চক্রবর্ত্তী মহাশয় The Academy of Bengali Literature নামে বাঙ্গালা সাহিত্যালোচনী সভার বীজবপন করিয়াছিলেন। ১৩০১ সালে সেই বীজ অঙ্কুরিত হইয়া বঙ্গীয় সাহিত্য-পরিষদ্-বৃক্ষের উদ্ভব হইয়াছে। ১৩০৬ সালের শেষভাগ পর্য্যন্ত সাহিত্য পরিষৎ, রাজা বিনয়কৃষ্ণ দেব বাহাদুরের আলয়ে অবস্থিত ও তাঁহার স্নেহে যত্নে বিবর্দ্ধিত

হইয়াছিল। আলোচ্য বর্ষের প্রথমেই তিনি ইহার সভ্যপদ ত্যাগ করেন। সাধারণ সভ্যপদ ব্যতীত রাজা বিনয়কৃষ্ণ কএক বৎসর গ্রন্থপ্রকাশ তহবিলের ধনরক্ষকের কার্য্য করিয়া এবং কার্য্যনির্ব্বাহক সমিতির সদস্যপদে নির্ব্বাচিত হইয়া পরিষদের অনেক উপকার করিয়াছেন। একাদিক্রমে ছয়বৎসর কাল যে পরিষৎ তাঁহার আলয়ে লালিত পালিত হইয়াছিল, আজ সেই পরিষদের স্থায়ী আবাস-নির্ম্মাণের আয়োজন হইতেছে। এসময়ে প্রথম আশ্রয়দাতা রাজা বিনয়কৃষ্ণের সহিত সংস্রবশূন্য হওয়াতে পরিষৎ বিশেষ কষ্ট অনুভব করিতেছেন।

৯। **সভ্যের মৃত্যু,**—বিশেষ দুঃখের সহিত প্রকাশ করিতে হইতেছে যে আলোচ্য বর্ষে পরিষদের নিম্নলিখিত সাতজন সভ্যের মৃত্যু হইয়াছে,—

১। ৺ রজলাল মিত্র।
২। ৺ যোগেশচন্দ্র মুখোপাধ্যায়।
৩। " কুমার সত্যেন্দ্রনাথ দে।
৪। " শরচ্চন্দ্র সরকার।
৫। " যোগেন্দ্রচন্দ্র ঘোষ।
৬। " বিরজাভূষণ চট্টোপাধ্যায়।
৭। " রজনীনাথ রায় এম্, এ।

ইহাদের মধ্যে যোগেন্দ্র বাবু সাহিত্য-সংসারে সুপরিচিত। তিনি অসাধারণ পণ্ডিত ও সাহিত্যানুরাগী ছিলেন। তাঁহার ন্যায় বিদ্যাচর্চ্চা-পরায়ণ লোক প্রায় দেখা যায় না। তাঁহার পাণ্ডিত্যের পরিচায়ক গবেষণাপূর্ণ মৌলিক রচনা সকল একসময়ে "বঙ্গদর্শনের" অলঙ্কার স্বরূপ ছিল। তাঁহার মৃত্যুতে সাহিত্য-পরিষদের একজন গণ্যমান্য ও প্রকৃত সাহিত্যসেবী সভ্যের অভাব হইল।

শরৎ বাবুর সাহিত্যানুরাগ মুকুলিত হইবার সময়েই তাঁহাকে অকালে কালকবলে পড়িতে হইল। ইহা অতীব দুঃখের বিষয়। পরিষদের প্রতি তাঁহার স্নেহ ও যত্ন ছিল। পরিষৎ-পুস্তকালয়ে তিনি বহুসংখ্যক পুস্তক উপহার দিয়া গিয়াছেন। কয়েকবৎসর তিনি ইহার কার্য্যনির্ব্বাহক সমিতির সদস্যপদে নির্ব্বাচিত হইয়া ইহার কার্য্য সুশৃঙ্খলে নির্ব্বাহ করিয়া গিয়াছেন। সম্প্রতি তিনি বহু গবেষণা সহকারে মহাভারতের ঐতিহাসিক তত্ত্বালোচনায় নিযুক্ত ছিলেন। উহা শেষ করিয়া যাইতে পারিলে বাঙ্গলা সাহিত্যের বিশেষ উপকার হইত। তাঁহার মৃত্যুতে পরিষৎ একজন হিতৈষী বন্ধু হারাইয়াছেন।

কুমার সত্যেন্দ্রনাথ দে বালেশ্বর-রাজবংশের সাহিত্যানুরাগী বংশধর ছিলেন। তিনি অল্পদিন মাত্র পরিষদের সভ্য হইয়াছিলেন। কিন্তু সেই

অল্পদিনেই তিনি পরিষৎকে স্নেহ চক্ষে দেখিতে আরম্ভ করিয়াছিলেন। তিনি কয়েকখানি উড়িয়া পুস্তক উপহার দিয়া গিয়াছেন।

রজনী বাবু বিশ্ববিদ্যালয়ের অলঙ্কার এবং দেশের গৌরবস্থল ছিলেন। রাজকার্য্যের হিসাব-পরীক্ষা-বিভাগে যে উচ্চপদে তিনি উন্নীত হইয়াছিলেন, তাঁহার পূর্ব্বে সে পদে আর কোন বাঙ্গালী কখন আসন পান নাই। সুখ্যাতির সহিত ঐরূপ উচ্চপদে কর্ম্ম করিয়া রজনী বাবু স্বজাতির মুখোজ্জ্বল করিয়া গিয়াছেন। তিনি একবার অনুগ্রহ করিয়া পরিষদের আয় ব্যয়-পরীক্ষকের পদ গ্রহণ করিয়াছিলেন। তাঁহার মৃত্যুতে দেশের ও পরিষদের ক্ষতি হইয়াছে।

পরিষদের নিয়মানুসারে যথাসময়ে মাসিক অধিবেশনে এই সকল সভ্যের মৃত্যুতে শোক প্রকাশ করা হইয়াছে।

১০। **অধিবেশনাদি,**—আলোচ্য বর্ষে পরিষদের একাদশটি মাসিক ও একটী বিশেষ অধিবেশন হইয়াছিল। পঞ্চম মাসিক অধিবেশনে শ্রীযুক্ত মাখনলাল দাক্ষিত, শ্রীযুক্ত ক্ষীরোদ প্রসাদ বিদ্যাবিনোদ এম, এ এবং পণ্ডিত শ্রীরাম শাস্ত্রী মহাশয় কবিতাদির আবৃত্তি করিয়া পরিষদের ধন্যবাদ-ভাজন হইয়াছেন। পরিষদের বর্ত্তমান কার্য্যালয়ের স্থানসঙ্কীর্ণতা-বশতঃ একাধিক অধিবেশন Calcutta University Institute Hall এ হইয়াছিল। Institute এর কর্ত্তৃপক্ষগণ এজন্য পরিষদের বিশেষ কৃতজ্ঞতার পাত্র।

(ক) বিশেষ অধিবেশন,—মাদ্রাজ হইতে শ্রীযুক্ত বেমুরী শ্রীরাম শাস্ত্রি-নামক একজন অসাধারণ মেধাসম্পন্ন পণ্ডিত কলিকাতায় আগমন করেন। যুগপৎ নানাবিষয়ে মনঃসংযোগ, নানা প্রকার শ্লোক রচনা এবং পাদপূরণে তাঁহার ক্ষমতা অতীব বিস্ময়কর। ইঁহার এই ক্ষমতা পরীক্ষা ও ইঁহাকে সম্বর্দ্ধনা করিবার জন্য পরিষদের একটী বিশেষ অধিবেশন ২৩শে ভাদ্র তারিখে হইয়াছিল। সভায় অনেকানেক সংস্কৃতাভিজ্ঞ গণ্যমান্য দেশীয় পণ্ডিতবর্গকে আহ্বান করা হইয়াছিল। উপস্থিত ব্যক্তিমাত্রই পণ্ডিতপ্রবরের আশ্চর্য্য ক্ষমতা দেখিয়া বিস্মিত হইয়াছিলেন। পরিষৎ হইতে তাঁহাকে পরিষদের সাধ্যমত ৪০ টাকা পুরস্কার দেওয়া হয়। কয়েকখানি সংবাদপত্রে এই অধিবেশনের দীর্ঘ বিশদ বিবরণ প্রকাশিত হইয়াছিল।

(খ) মাসিক অধিবেশন,—ভিন্ন ভিন্ন মাসিক অধিবেশনে নিম্নলিখিত প্রবন্ধগুলি পঠিত বা পঠিত বলিয়া গৃহীত হইয়াছিল।

প্রবন্ধ	লেখক	অধিবেশন
১। নবাবী আমলের বিধিব্যবস্থা	শ্রীযুক্ত কালীপ্রসন্ন বন্দ্যোপাধ্যায় বি, এ,	১ম
২। জগন্নাথতীর্থে গুরু নানক ও জগন্নাথের আরতি	" স্বরেন্দ্রনাথ ঠাকুর,	ঐ
৩। অদ্বৈত বাদ	" কৃষ্ণচরণ পাল	২য়
৪। ইশার্থা মসনদ ই-আলী	" আনন্দনাথ রায়,	ঐ
৫। বাঙ্গালা ব্যাকরণ	" মহামহোপাধ্যায় হর প্রসাদ শাস্ত্রী এম্‌এ সি	৩য়
৬। বৌদ্ধধর্ম্ম—জ্ঞান, নীতি, পরকাল, ও মুক্তি	" সত্যেন্দ্রনাথ ঠাকুর	ঐ
৭। বাঙ্গালা কদন্ত ও তদ্ধিত	" রবীন্দ্রনাথ ঠাকুর	৫ম
৮। তমলুকের ইতিহাস	" শ্রীশচন্দ্র ঘোষ	ঐ
৯। বাঙ্গালার সহিত প্রাকৃতের সাদৃশ্য	" কালিদাস নাথ	৬ষ্ঠ
১০। বাঙ্গালা ভাষা ও ব্যাকরণ	" রবীন্দ্রনাথ ঠাকুর	৭ম
১১। ব্যাকরণ ও বাঙ্গালা ভাষা	" শরচ্চন্দ্র শাস্ত্রী	৮ম
১২। অজাতশত্রু-সংবাদ	" দীনেশচন্দ্র সেন বি, এ	১ম
১৩। গৌড়ের পালরাজগণ	" রাখেশচন্দ্র শেঠ বি, এল	ঐ
১৪। বঙ্গে নীল	" দেবেন্দ্রপ্রসাদ ঘোষ	১০ম
১৫। সূর্য্য পাঁচালী	" তারকেশ্বর ভট্টাচার্য্য	১১শ
১৬। বাঙ্গালা ভাষার উচ্চারণ	" যদুনাথ মজুমদার এম,এ, বি, এল,	ঐ

যে সকল প্রবন্ধ পঠিত হইয়াছিল, তাহার শ্রেণীবিভাগ করিলে দেখা যায় যে, আলোচ্য বর্ষে ঐতিহাসিক বিষয়ে তিনটি, প্রত্নতত্ত্ব বিষয়ে তিনটি, দার্শনিক বিষয়ে একটী, ধর্ম্ম-বিজ্ঞান-সম্বন্ধে একটি, ভাষাতত্ত্ব সম্বন্ধে পাঁচটি ও প্রাচীন বাঙ্গলা সাহিত্য সম্বন্ধে একটি প্রবন্ধ পড়া হইয়াছে।

১১। **উৎসবাদি,**—আলোচ্যবর্ষে ১৩০৭ সালের বার্ষিক অধিবেশন ও বার্ষিক উৎসব দুই বিভিন্ন দিনে হইয়াছিল।

(ক) সপ্তম বার্ষিক উৎসব,—১৩০৮ সালের ২৯শে বৈশাখ তারিখে ভারত-সঙ্গীত-সমাজ-গৃহে সপ্তমবার্ষিক উৎসব সম্পন্ন হইয়াছিল। সঙ্গীত-সমাজের কর্তৃপক্ষগণ, কেবল সমাজ গৃহ পরিষদের ব্যবহারার্থ দান করিয়াই ক্ষান্ত হন

নাই, সঙ্গীত, নাট্যাভিনয় ও সভ্যবর্গের আদর অভ্যর্থনার ভার লইয়া পরিষদের বিশেষ কৃতজ্ঞতাভাজন হইয়াছেন। তাঁহাদের সাহায্য ব্যতীত পরিষদের সপ্তম বার্ষিক উৎসব সেরূপ সমারোহে কখনই সুসম্পন্ন হইতে পারিত না।

(খ) বড়দিনের উৎসব—বড়দিনের অবকাশে কংগ্রেস, কায়স্থসভা, থিইষ্টিক কনফারেন্স প্রভৃতি বহুতর সভাসমিতি উপলক্ষে কলিকাতায় বহু সুধী-ব্যক্তির সমাগম হইযাছিল। সেই সময়ে পরিষদের মফস্বলবাসী অনেকানেক সভ্যও কলিকাতায় আসিয়াছিলেন। তাঁহাদের অভিনন্দনের জন্য পরিষৎ আলবার্ট হলে একটি সান্ধ্যসমিতির অনুষ্ঠান করিয়াছিলেন। পরিষদের সভ্য ব্যতীত সে অনুষ্ঠানে নানাদেশীয় বহু প্রসিদ্ধ ব্যক্তিও আহূত হইযাছিলেন, তাঁহারাও উপস্থিত হইয়া পরিষৎকে কৃতার্থ করিয়াছিলেন।

পরিষদের এই উভয়বিধ উৎসবে নিম্নলিখিত মহোদয়গণ বিশেষ সাহায্য করিয়াছিলেন। এস্থলে তাঁহাদের নাম উল্লেখ না করিয়া থাকিতে পারা যায় না। সভাপতি শ্রীযুক্ত সত্যেন্দ্রনাথ ঠাকুর, সহকারী সভাপতি শ্রীযুক্ত রবীন্দ্র-নাথ ঠাকুর, অন্যতম সভ্য শ্রীযুক্ত রায় প্রমথনাথ চৌধুরী, প্রসিদ্ধ অভিনেতা শ্রীযুক্ত অর্দ্ধেন্দুশেখর মুস্তফী, সুগায়ক শ্রীযুক্ত রজনীকান্ত সেন বি এল্, শ্রীযুক্ত বলাইচাঁদ শীল, শ্রীযুক্ত মহেন্দ্রনাথ বন্দোপ্যাধায়, ভবানীপুব বাণীবিলাস সংস্কৃত নাট্যসম্প্রদায়, ভারত-সঙ্গীত সমাজেব নাট্যসম্প্রদায় এবং সুপটু তৈলচিত্রকর শ্রীযুক্ত উপেন্দ্রনাথ সিংহ মহাশযের নাম বিশেষ রূপে উল্লেখযোগ্য। বাস্তবিক উক্ত মহাশয়গণের সহায়তা ব্যতীত পরিষৎ উৎসবব্যাপারে কৃতকার্য্য হইতে পাবিতেন না। সমিতি এজন্য তাঁহাদের নিকট বিশেষরূপে কৃতজ্ঞতা প্রকাশ করিতেছেন। উৎসাহের জন্য স্থান দিয়া বিশেষ উপকার করায় পরিষৎ ভারত-সঙ্গীতসমাজের কর্তৃপক্ষগণের নিকট এবং আলবার্ট হলের সম্পাদক মহাশয়দিগের নিকট কৃতজ্ঞতা জানাইতেছেন।

১২। **কর্ম্মচারিগণ,**—আলোচ্যবর্ষে সপ্তম বার্ষিক অধিবেশনের দিন নিম্নলিখিত ব্যক্তিগণ পরিষদের অষ্টমবর্ষের নিমিত্ত নিম্নলিখিত কর্ম্মচারি-পদে নির্ব্বাচিত হইয়াছিলেন,—

১।	শ্রীযুক্ত সত্যেন্দ্রনাথ ঠাকুর	সভাপতি।
২।	” রায় যতীন্দ্রনাথ চৌধুরী, এম্ এ, বি, এল্	সম্পাদক।

৩।	শ্রীযুক্ত মহামহোপাধ্যায় হরপ্রসাদ শাস্ত্রী	সহকারী সভাপতিত্রয়।
৪।	" রবীন্দ্রনাথ ঠাকুর	
৫।	" ডাক্তার প্রফুল্লচন্দ্র রায়	
৬।	" ব্যোমকেশ মুস্তফী	সহকারী সম্পাদকদ্বয়।
৭।	" হেমেন্দ্রপ্রসাদ ঘোষ, বিএ,	
৮।	" হীরেন্দ্রনাথ দত্ত, এম্ এ, বি এল্	ধনরক্ষক।
৯।	" রামেন্দ্রসুন্দর ত্রিবেদী, এম্ এ	পত্রিকাসম্পাদক।
১০।	" কিরণচন্দ্র দত্ত	গ্রন্থরক্ষক।
১১।	" বাণীনাথ নন্দী	আয়-ব্যয়-পরীক্ষকদ্বয়।
১২।	" চারুচন্দ্র ঘোষ	

এতদ্ভিন্ন আলোচ্যবর্ষে শ্রীযুক্ত চারুচন্দ্র বন্দোপাধ্যায়, শ্রীযুক্ত জীবনচন্দ্র আদিত্য এবং শ্রীযুক্ত যতীন্দ্রনাথ বসু পরিষদের সভ্য না হইয়াও পরিষদের পুস্তকালয়ের কার্য্যে যথেষ্ট যত্ন, পরিশ্রম এবং গ্রন্থরক্ষককে বিশেষ ভাবে সাহায্য করিয়াছিলেন। এজন্য পরিষৎ তাঁহাদিগের নিকট বিশেষ কৃতজ্ঞ।

আলোচ্যবর্ষে শ্রীযুক্ত পূর্ণচন্দ্র ঘোষ পরিষদের বেতনভোগী লেখক ছিলেন। আলোচ্যবর্ষের শেষভাগে পত্রিকা-সম্পাদক এবং প্রাচীন বাঙ্গালা গ্রন্থাবলীর প্রধান সম্পাদক মহাশয়কে সাহায্য করিবার জন্য পর পর দুইজন অস্থায়ী বেতনভোগী লোক নিযুক্ত হইয়াছিলেন। তাঁহাদের কেহই স্থায়িভাবে কর্ম্মে নিযুক্ত হন নাই।

১৩। **কার্য্যনির্ব্বাহক-সমিতি,**—বার্ষিক নির্ব্বাচনের নিয়মানুসারে আলোচ্য বর্ষের কার্য্যনির্ব্বাহক সমিতির জন্য যে আটজন সভ্য প্রথম হইতে অষ্টম স্থান অধিকার করেন, তাঁহাদের মধ্যে কয়েকজন কর্ম্মচারিপদে বৃত হওয়ায়, তাঁহাদের স্থানে তাঁহাদের অব্যবহিত পরবর্ত্তী ব্যক্তিগণকে গ্রহণ করিয়া ১৩০৩ সালের প্রবর্ত্তিত নিয়মানুসারে চারিজন মনোনীত ও আটজন নির্ব্বাচিত সভ্য লইয়া কার্য্যনির্ব্বাহক সমিতি গঠিত হইয়াছিল। নিম্নে উভয়বিধ সভ্যের নাম প্রদত্ত হইল।

কার্য্য-নির্ব্বাহক সমিতি,—বার্ষিক সভ্যনির্ব্বাচনের নিয়মানুসারে আলোচ্য বর্ষের কার্য্য-নির্ব্বাহক-সমিতির জন্য যে আট জন সভ্য প্রথম হইতে অষ্টম স্থান অধিকার করেন, তাঁহাদের মধ্যে কয়েক জন কর্ম্মচারি-পদে বৃত হওয়ায় তাঁহাদের স্থানে তাঁহাদের অব্যবহিত পরবর্ত্তী ব্যক্তিগণকে গ্রহণ করা হয়। ১৩০৩ সালের প্রবর্ত্তিত নিয়মানুসারে চারিজন মনোনীত ও ঐ আট জন নির্ব্বাচিত সভ্য লইয়া কার্য্য-নির্ব্বাহক-সমিতি গঠিত হইয়াছিল। নিম্নে উভয় বিধ সভ্যের নাম প্রদত্ত হইল,—

(ক) নির্ব্বাচিত সভ্যগণ,—

১। শ্রীযুক্ত কুমার শরৎকুমার রায়, এম্ এ।
২। " অমৃতকৃষ্ণ মল্লিক, বি, এল্।
৩। " নরেন্দ্রনাথ মিত্র, বি, এল্।
৪। " সুরেশচন্দ্র সমাজপতি।
৫। শ্রীযুক্ত মৃণালকান্তি ঘোষ।
৬। " নগেন্দ্রনাথ গুপ্ত।
৭। " চারুচন্দ্র ঘোষ।
৮। " অক্ষয়কুমার বড়াল।

(খ) মনোনীত সভ্যগণ,—

১। শ্রীযুক্ত চন্দ্রনাথ বসু এম্ এ, বি এল।
২। " ললিতচন্দ্র মিত্র, এম্ এ।
৩। শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু।
৪। " গোবিন্দলাল দত্ত।

এতদ্ব্যতীত পরিষদের নিয়মানুসারে কর্ম্মচারীদিগের মধ্যে আয়ব্যয়-পরীক্ষক-দ্বয় ব্যতীত আর সকলেই এই সমিতির সভ্য বলিয়া গণ্য হন।

অতীব দুঃখের সহিত জানাইতে হইতেছে যে, শ্রীযুক্ত চন্দ্রনাথ বসু মহাশয় পারিবারিক দুর্ঘটনায় কাতর হওয়ায় এবং শ্রীযুক্ত ডাক্তার প্রফুল্লচন্দ্র রায় মহাশয় রাজকার্য্যের গুরুভারে ব্যস্ত থাকায় কার্য্য-নির্ব্বাহকসমিতির কোন অধিবেশনে উপস্থিত হইতে পারেন নাই। অন্য সভ্যগণ যথাসম্ভব সমিতির কার্য্যে সহায়তা করিতে ত্রুটি করেন নাই।

আলোচ্য বর্ষে কার্য্য-নির্ব্বাহক সমিতির চতুর্দ্দশটী অধিবেশন হইয়াছিল। ঐ সকল অধিবেশনে পরিষদের কার্য্য-সংক্রান্ত বিবিধ আবশ্যক বিষয় আলোচিত এবং কতকগুলি বিশেষ কার্য্যের অনুষ্ঠান করা হইয়াছিল।

(ক) বিশেষ বিশেষ উল্লেখ যোগ্য কার্য্যাদি—

১। ১৩০৭ সালের কার্য-নির্ব্বাহক সমিতিতে স্থির হইয়াছিল, প্রাচীন পুথির বিবরণ স্বতন্ত্র পত্রাঙ্ক দিয়া পত্রিকায় মুদ্রিত হইবে। আলোচ্য বর্ষে

নানা কারণে পত্রিকা সম্পাদকের অভিপ্রায় অনুসারে তাহা হয় নাই, কিন্তু আলোচ্য বর্ষে এত অধিক পরিমাণে পুথির বিবরণ সংগৃহীত হইয়াছে যে, কার্য্য-নির্ব্বাহক-সমিতি ব্যবস্থা করিয়াছেন, পত্রিকার চতুর্থ সংখ্যাখানি কেবল বাঙ্গালা প্রাচীন পুথির বিবরণে পূর্ণ থাকিবে অথবা তাহা সম্ভবপর না হইলে, পুথির বিবরণ অতিরিক্ত সংখ্যারূপে প্রকাশিত হইবে।

২। ৺ মাইকেল মধুসূদন দত্তের মৃত্যুর তারিখের অতি অল্পদিন পূর্ব্বে পরিষদের অন্যতম সভ্য শ্রীযুক্ত বিশ্বেশ্বর সেন মজুমদার মহাশয় উঁহা স্মরণার্থ পরিষদের একটি বিশেষ অধিবেশন করিবার প্রস্তাব করিয়া পাঠান। কার্য্য-নির্ব্বাহক-সমিতি ঐ সম্বন্ধে স্থির করেন, প্রস্তাব অতি মহৎ হইলেও এত অল্প সময়ের মধ্যে কিছু করা যাইতে পারে না এবং কেবল মধুসূদনের জন্য এরূপ সভা করা পরিষদের পক্ষে সমাচীন নহে, ঐ প্রকারের কিছু করিতে হইলে ৺ রাজা রামমোহন রায়, ৺ ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর, ৺ অক্ষয়কুমার দত্ত, ৺ বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় প্রভৃতি অনেক মনীষীর জন্যই ঐরূপ স্মৃতি-সভার অধিবেশন আবশ্যক হয় এবং তাহার বার্ষিক অনুষ্ঠান হওয়াও কর্ত্তব্য। পরে নানা আলোচনায় স্থির হইয়াছিল, এক বৎসরের জন্য উহার মীমাংসা স্থগিত থাকিবে।

(৩) পরিষদের বর্ত্তমান কার্য্যালয়ের নিকট কয়েকটি ক্ষুদ্র ক্ষুদ্র পাঠাগার আছে। এই গুলিকে একত্রিত করিয়া যদি পরিষদের পুস্তকালয়ের সহিত মিলাইয়া উহাকে বর্দ্ধিত করা যাইতে পারে, তাহা হইলে, পরিষদের উপযুক্ত একটি পুস্তকালয় হইবার সুবিধা হয়,—এই ভাবে একটি প্রস্তাব শ্রীযুক্ত ব্যোমকেশ মুস্তফী মহাশয় গত বৎসর উপস্থিত করিয়াছিলেন। এই প্রস্তাব কার্য্যে পরিণত করিবার সম্বন্ধে বিবেচনা করিবার জন্য কার্য্য-নির্ব্বাহক-সমিতি প্রস্তাবক শ্রীযুক্ত ব্যোমকেশ মুস্তফী, শ্রীযুক্ত বাণীনাথ নন্দী, শ্রীযুক্ত সুরেশচন্দ্র সমাজপতি, শ্রীযুক্ত নরেন্দ্র নাথ মিত্র ও শ্রীযুক্ত হীরেন্দ্র নাথ দত্তকে লইয়া একটি অস্থায়ী শাখা সমিতি করিয়া দিয়াছেন। এই সমিতির এখনও জানা যায় নাই।

(৪) বাঙ্গালা ভাষার খ্যাতনামা গ্রন্থকার ও লেখকবর্গের স্মৃতি-চিহ্নস্বরূপ তাঁহাদের আলোক-চিত্র (Photographs), হস্তাক্ষর, চিঠিপত্র ও

লিখিত গ্রন্থাদির পাণ্ডুলিপি পরিষদে সংগ্রহ করিবার প্রস্তাব হইয়াছিল। আলোচনার পর স্থির হইয়াছে, গৃহ-নির্ম্মাণ-কার্য্য শেষ হওয়া পর্য্যন্ত এই সকলের সংগ্রহ এখন স্থগিত থাকুক। এই কার্য্যটি যে সর্ব্বতোভাবে প্রয়োজনীয় তাহা বলাই নিষ্প্রয়োজন।

পারিতোষিকপ্রবন্ধ,—গত ১৩০৭ সালের বার্ষিক কার্য্য-বিবরণে যে দুইটি পারিতোষিক প্রবন্ধের উল্লেখ ছিল, তাহার মধ্যে কৃষ্ণভাবিনী বসু মল্লিক পুরস্কার-গৃহীতা শ্রীযুক্ত গোপালচন্দ্র মুখোপাধ্যায় এখনও প্রবন্ধ মুদ্রিত করিয়া পুরস্কারের নিয়ম প্রতিপালন করেন নাই। শ্রীযুক্ত হীরেন্দ্রনাথ দত্ত এম্ এ বি এল এটর্ণী মহাশয় পুরস্কারদাতার পক্ষ হইতে তাঁহাকে এ সম্বন্ধে পত্র লিখিয়াছেন। নানা কারণে রজনীকান্ত স্মৃতি-প্রবন্ধের কিছুই করা হয় নাই।

রজনীকান্ত-স্মৃতিসমিতি,—এই অস্থায়ী সমিতির কার্য্য এখনও শেষ হয় নাই। গত বর্ষের কার্য্য-বিবরণে ভ্রমক্রমে শ্রীযুক্ত জ্ঞানেন্দ্রনাথ মুখোপাধ্যায়কে চিত্রকর নিযুক্ত করা হইল বলিয়া,উল্লেখ করা হইয়াছে, কিন্তু তাহা নহে, সুপ্রসিদ্ধ চিত্রকর শ্রীযুক্ত কুলদারঞ্জন রায় মহাশয় উহা প্রস্তুতের ভার লইয়াছিলেন। শ্রীযুক্ত সুরেশচন্দ্র সমাজপতি ও শ্রীযুক্ত হেমেন্দ্রপ্রসাদ ঘোষ মহাশয়দ্বয়ের উপর উক্ত কার্য্য তত্ত্বাবধানের ভার দেওয়া হইয়াছে। আশা করা যায়, ১৩০৯ সালে উহা সমাপ্ত হইবে এবং পরিষদে প্রদর্শনার্থ উপস্থিত করিতে পারা যাইবে।

গৃহনির্ম্মাণ সমিতি,—এই সমিতির কার্য্য কতক পরিমাণে অগ্রসর হইয়াছে। কাশিমবাজারের মহারাজের প্রদত্ত ভূমির দলীল রেজিষ্টরী হইয়া গিয়াছে। ঐ জমীর দখলও এক প্রকার পাওয়া গিয়াছে। কেবল ঐ জমীতে মহারাজের যে সকল প্রজা আছে, তাহাদের উঠাইয়া দিবার জন্য যে সকল ব্যবস্থা আবশ্যক, তাহা করিবার জন্য মহারাজের কর্ম্মচারিবর্গ এবং পরিষদের পক্ষে শ্রীযুক্ত হীরেন্দ্রনাথ দত্ত মহাশয় ভার পাইয়াছেন।

নিম্নলিখিত বদান্য ব্যক্তিবর্গ পরিষদের গৃহ-নির্ম্মাণ-ভাণ্ডারে নিম্নলিখিতরূপ আর্থিক সাহায্য করিতে প্রতিশ্রুত হইয়া পরিষৎকে চিরকৃতজ্ঞতা-পাশে আবদ্ধ করিয়াছেন,—

শ্রীযুক্ত কালীকৃষ্ণ ঠাকুর (কলিকাতা)	২০০০৲
দীঘাপতিয়ার কুমারগণ (কলিকাতা)	২০০০৲
মহারাজ বাহাদুর সার যতীন্দ্রমোহন ঠাকুর (কলিকাতা)	১০০০৲
শ্রীযুক্ত রায় যতীন্দ্রনাথ চৌধুরী (টাকী)	১০০০৲
মহারাজ সূর্য্যকান্ত আচার্য্য বাহাদুর (ময়মনসিংহ)	৫০০৲
শ্রীযুক্ত রায় প্রমথনাথ চৌধুরী (ময়মনসিংহ, সন্তোষ)	৫০০৲
” গগনেন্দ্রনাথ ঠাকুর (কলিকাতা)	৫০০৲
” হীরেন্দ্রনাথ দত্ত (কলিকাতা)	৫০০৲
শ্রীযুক্ত রমানাথ ঘোষ (কলিকাতা)	৫০০৲
রাজা রণজিৎ সিংহ বাহাদুর (মুরশিদাবাদ, নশীপুর)	৩০০৲
কুমার শরদিন্দু রায় (রাজসাহী, বলিহার)	৩০০৲
রায় শ্রীযুক্ত কেদারপ্রসন্ন লাহিড়ী বাহাদুর (রাজসাহী, কাসীমপুর)	৩০০৲
” ” ললিতমোহন মৈত্র (রাজসাহী, তালন্দা)	৩০০৲
কুমার ” রাধাপ্রসাদ রায় (কলিকাতা)	২৫০৲
রাজা প্রভাতচন্দ্র বড়ুয়া বাহাদুর (আসাম, গৌরীপুর)	২০০৲
কুমার দক্ষিণেশ্বর মালিয়া বাহাদুর (বর্দ্ধমান সিয়ারসোল) (প্রথমদান)	২০০৲
” রমণীকান্ত রায় বি এ (রাজসাহী, চৌগা)	২০০৲
শ্রীযুক্ত কুঞ্জমোহন মৈত্র (রাজসাহী, তালন্দা)	১৫০৲
” নগেন্দ্রনারায়ণ আচার্য্য চৌধুরী (ময়মনসিংহ, মুক্তাগাছা)	১০০৲
	১০৮০০৲

ইহার মধ্যে শ্রীযুক্ত কুঞ্জমোহন মৈত্র মহাশয় তাঁহার প্রতিশ্রুত ১৫০৲ টাকা দান করিয়াছেন। এতদ্ভিন্ন পরিষদের সমস্ত সভ্যের নিকট পত্রদ্বারা অর্থ সাহায্য প্রার্থনা করা হইয়াছে। পরিষদের কয়েকজন বন্ধু আপন আপন আত্মীয়-স্বজন ও বন্ধু-বান্ধবের মধ্য হইতে অল্প অল্প করিয়া কিছু টাকা তুলিবার ভার গ্রহণ করিয়াছেন। ইহাদিগকে পরিষদের ধনরক্ষকের স্বাক্ষরিত রসীদবহি প্রদান করা হইয়াছে। যাহারা এইরূপ ভার লইয়াছেন, তাঁহাদের মধ্যেও অনেকে কিছু কিছু টাকা স্বাক্ষর করাইয়াছেন। এরূপে কত টাকা উঠিবে তাহা এখনও অনুমান করিয়া বলা যায় না। আশা করা যায়, যাঁহারা

নিজে সাহায্য করিতে অসমর্থ তাঁহারা এরূপে পরিষৎকে সাহায্য করিতে কাতর হইবেন না।

এই সকল ব্যতীত দেশের আরও অনেক বিদ্যোৎসাহী মান্যগণ্য ব্যক্তি পরিষদের এই কার্য্যে সাহায্য করিতে প্রতিশ্রুত হইয়াছেন, তাঁহারা কে কত সাহায্য করিবেন, তাহা প্রকাশ না করায়, তাঁহাদের নাম তালিকাভুক্ত করা গেল না। তাঁহাদের মধ্যে নাটোরের মহারাজ শ্রীযুক্ত জগদিন্দ্রনাথ রায় বাহাদুর, দিনাজপুরের মহারাজ শ্রীযুক্ত গিরিজানাথ রায় বাহাদুর, রাও সাহেব শ্রীযুক্ত যোগেন্দ্রনারায়ণ রায়, ভাগ্যকূলের রাজা শ্রীযুক্ত শ্রীনাথ রায় বাহাদুর, শ্রীযুক্ত জানকীনাথ রায়, শ্রীযুক্ত হরেন্দ্রলাল রায়, শ্রীযুক্ত মুরলীধর রায়, তেওতার রায় শ্রীযুক্ত প্রাণশঙ্কর চৌধুরী, রায় শ্রীযুক্ত পার্ব্বতীশঙ্কর চৌধুরী, কলিকাতার শ্রীযুক্ত প্রমথনাথ মল্লিক, কুমার শ্রীযুক্ত মন্মথনাথ মিত্র রায় বাহাদুর, শ্রীযুক্ত নরেন্দ্রনাথ মিত্র প্রভৃতির নাম উল্লেখ করা যাইতে পারে।

এই সকল মহাত্মগণের সহানুভূতির বিষয় অবগত হইয়া আশা করা যায় যে, দেশের ধনবান মহানুভব মহোদয়গণ যে এই সৎকার্য্যে মুক্তহস্ত হইয়া সাহায্য দান করিবেন, তাহাতে সন্দেহ নাই। তাঁহাদের বিশেষ অনুগ্রহ ও সহায়তা ব্যতীত এ বৃহদ্ব্যাপার নিষ্পন্ন হওয়াও সহজ নহে। গৃহ-নির্ম্মাণের আনুমানিক ব্যয় ৩০০০০৲ টাকা। পরিষৎ কর্ম্মক্ষেত্রে প্রবেশাবধি এ পর্য্যন্ত সাধারণের নিকট সাহায্যার্থ প্রার্থনা করেন নাই। পরিষদের ব্যয় পরিষদের সভ্যগণের মাসিক সাহায্য হইতেই এতদিন নির্ব্বাহিত হইয়াছে, কিন্তু ইহাকে স্থায়ী করিতে হইলে, ইহার নিজের আশ্রয় স্থান—একটি স্বতন্ত্র বাটী আবশ্যক। সেই জন্যই এই গৃহ-নির্ম্মাণের অনুষ্ঠান ও আয়োজন করা হইয়াছে। দেশের ধনী ও বিদ্যোৎসাহী ব্যক্তিগণও এই কার্য্যের সাহায্যার্থ অগ্রসর হইয়াছেন, কিন্তু একার্য্য একার বা দুই চারি-জনের সাহায্যে হইবার নহে। দেশের কার্য্যে দশের সাহায্য না হইলে, কার্য্য সুসম্পন্ন হয় না। এখন দেশের অবশিষ্ট ধনশালী মহোদয়গণের সাহায্য ব্যতীত এই অনুষ্ঠিত কার্য্য শেষ হইবার উপায় নাই। যে পরিমাণ ব্যয় আবশ্যক তাহার এক তৃতীয়াংশ মাত্র স্বাক্ষরিত হইয়াছে। পরিষদের কার্য্য নির্ব্বাহক সমিতি অবশিষ্ট অর্থের জন্য সাধারণের নিকট এবং দেশের

ধনশালী ব্যক্তিবর্গের নিকট সাহায্য প্রার্থনা করিতেছেন। যিনি যাহা দিতে ইচ্ছা করেন, তাহাই আন্তরিক ধন্যবাদ সহকারে গৃহীত হইবে। (খ পরিশিষ্ট দ্রষ্টব্য।)

শাখাসমিতি,—পরিষদের কয়েকটি স্থায়ী শাখা-সমিতির আলোচ্য বর্ষের কার্য্য বিবরণ প্রদত্ত হইল,—

(ক) গ্রন্থপ্রকাশ সমিতি,—আলোচ্য বর্ষে এই সমিতির তিনটি অধিবেশন হইয়াছিল। উক্ত অধিবেশনে প্রধানতঃ প্রাচীন বাঙ্গালা গ্রন্থাবলী প্রকাশের সুব্যবস্থারই চেষ্টা করা হইয়াছিল। সমিতির তৃতীয় অধিবেশনে স্থির হয় যে শ্রীযুক্ত মহামহোপাধ্যায় হরপ্রসাদ শাস্ত্রী এম্ এ, প্রধান সম্পাদক মহাশয় একক ইহার সমস্ত কার্য্যের ভার গ্রহণ করিতে স্বীকৃত থাকায়, তাহাকেই তাহা অর্পণ করা হইবে এবং আরও স্থির হইয়াছে যে পরিষৎ-পত্রিকা সম্পাদকের সাহায্যার্থ যে অতিরিক্ত কর্ম্মচারী নিযুক্ত করা হইয়াছে, তিনি একবেলা শাস্ত্রী মহাশয়ের সাহায্য করিবেন। এই নিয়মে গত ফাল্গুন ও চৈত্র মাসে কার্য্য হইয়াছে। তাহাতে ১৩০৮ সালের যে চারি সংখ্যা বাকী পড়িয়াছে, তাহার কার্য্য অনেকটা অগ্রসর হইয়াছে। আশা করা যায়, শাস্ত্রী মহাশয়ের চেষ্টায়, যত্নে ও পরিশ্রমে প্রাচীন গ্রন্থাবলীর বাকী চারি সংখ্যা ও ১৩০৯ সালের সংখ্যা অতি শীঘ্রই প্রকাশিত হইবে। বর্ষশেষে শ্রীযুক্ত হরকুমার সরকার-প্রমুখ কতিপয় সভ্য প্রাচীন গ্রন্থাবলী প্রকাশের ব্যবস্থা পরিবর্ত্তন করিবার যে প্রস্তাব করিয়া পাঠাইয়াছেন, তৎসম্বন্ধে এখনও কোন মীমাংসা হয় নাই।

আপাততঃ প্রাচীন বাঙ্গালা গ্রন্থাবলীতে নিম্নলিখিত গ্রন্থগুলি নিম্নলিখিত সম্পাদকগণের সাহায্যে প্রকাশিত হইতেছে,—

পুস্তক।	সম্পাদক।
মাণিক গাঙ্গুলীর ধর্ম্মমঙ্গল	মহামহোপাধ্যায় শ্রীযুক্ত হরপ্রসাদ শাস্ত্রী এম্‌এ।
ভাগবতাচার্য্যকৃত কৃষ্ণপ্রেমতরঙ্গিণী	" নগেন্দ্রনাথ বসু।
জয়ানন্দকৃত চৈতন্যমঙ্গল	" কালিদাস নাথ।
অন্ধকবি ভবানীপ্রসাদকৃত দুর্গামঙ্গল	শ্রীযুক্ত নিবারণচন্দ্র ভট্টাচার্য্য ও ব্যোমকেশ মুস্তফী।
ছুটিখাঁর মহাভারত	শ্রীযুক্ত বিনোদবিহারী কাব্যতীর্থ।

প্রাচীন গ্রন্থাবলীর অনুষ্ঠান হওয়া অবধি এ পর্য্যন্ত যে সকল গ্রন্থ প্রকাশিত হইয়াছে, তন্মধ্যে শ্রীযুক্ত অতুলকৃষ্ণ গোস্বামী মহাশয়ের সম্পাদনে বনমালী দাসের "জয়দেব চরিত," চট্টগ্রাম আনোয়ারা স্কুলের প্রধান শিক্ষক শ্রীযুক্ত আবদুল করিম মহাশয়ের সম্পাদনে নরোত্তমের "রাধিকার মানভঙ্গ" সমাপ্ত হইয়াছে। এজন্য উভয়ের নিকট পরিষৎ কৃতজ্ঞ। শ্রীযুক্ত মৃণালকান্তি ঘোষ মহাশয়ের সম্পাদিত "বাসুঘোষের পদাবলী" প্রায় সমাপ্ত হইয়াছে বলিলেই হয়। তাহার সংগ্রহের মধ্যে আর পাঁচ ছয়টী মাত্র পদ ছাপিতে বাকী আছে। তবে তিনি আরও পদের সন্ধান পাইয়াছেন এবং তাহা সংগ্রহ করিবার আশায় এখনও শেষ করিয়া ছাপিয়া দিতে পারিতেছেন না। যে সকল গ্রন্থ এখনও শেষ হয় নাই, তাহার মধ্যে ৯ম সংখ্যা পর্য্যন্ত গ্রন্থাবলীতে

	পৃষ্ঠা	পর্য্যন্ত
ধর্ম্মমঙ্গলের	১৮৪	২১০ অধ্যায়।
কৃষ্ণপ্রেমতরঙ্গিণীর	১২৮	৮ম স্কন্ধ, ৪র্থ অধ্যায়।
মহাভারতের	৫৬	স্বাহার বিবাহ অধ্যায়।
চৈতন্যমঙ্গলের	৯৬	উৎকলখণ্ডের কতকটা।
দুর্গামঙ্গলের	৮	মৈনাক গিরিরাজ সংবাদ পর্য্যন্ত।

প্রকাশিত হইয়াছে। এতদ্ভিন্ন এই সমিতির বিভিন্ন অধিবেশনে ৺ আনন্দময়ী গুপ্তার রচিত "হরিলীলা", জগদ্রামের 'রামায়ণ', মুসলমান মহাকবি আলাওলের "পদ্মাবতী" ছাপিবার জন্য নির্ব্বাচিত হইয়া আছে। শ্রীযুক্ত দীনেশচন্দ্র সেন মহাশয়ের প্রতি কবিকঙ্কণ চণ্ডী-সম্পাদনেরও ভার দেওয়া হইয়াছিল। সম্প্রতি জগদ্রাম রায়ের আত্মীয়বংশের বংশধর শ্রীযুক্ত কাশীবিলাস বন্দ্যোপাধ্যায় জগদ্রামের গ্রন্থাবলী তাহার স্বহস্ত-লিখিত পুথি দেখিয়া ছাপিতে আরম্ভ করায়, পরিষৎ হইতে জগদ্রামী রামায়ণের মুদ্রণ কার্য্য এখন স্থগিত আছে। কাশীবিলাস বাবু জগদ্রামের 'দুর্গাপঞ্চরাত্রি' ছাপাইয়া পরিষদে একখণ্ড উপহার দিয়াছেন। দীনেশ বাবু কবিকঙ্কণ চণ্ডীর কার্য্য আরম্ভ করিয়াছিলেন। কিন্তু জানা গেল, বঙ্গবাসী কার্য্যালয় হইতে সম্প্রতি আরড়ার নিকটবর্ত্তী স্থলের কোন পুথি দেখিয়া কবিকঙ্কণ চণ্ডী ছাপা হইয়াছে; সুতরাং উহার কার্য্যও স্থগিত আছে। "হরিলীলার" সম্পাদনের ভার শ্রীযুক্ত দীনেশচন্দ্র সেন

মহাশয়কে এবং "পদ্মাবতী" সম্পাদনের ভার শ্রীযুক্ত আবদুল করিম মহাশয়কে দিবার প্রস্তাব হইয়াছে। শ্রীযুক্ত জগদ্বন্ধু ভদ্র মহাশয়ের "গৌর পদাবলী" প্রকাশের কল্পনা পরিষৎ নানা কারণে পরিত্যাগ করিতে বাধ্য হইয়াছেন। তবে তাহা পরিষদের সম্পাদক বিদ্যানুরাগী শ্রীযুক্ত রায় যতীন্দ্রনাথ চৌধুরী মহাশয়ের সাহায্যে প্রকাশিত হইবে বলিয়া জানা গিয়াছে। কৃত্তিবাসের রামায়ণের মুদ্রণকার্য্য চলিতেছে। উত্তরাকাণ্ড ছাপা চলিতেছে।

প্রাচীন গ্রন্থাবলী ব্যতীত পরিষৎ-পত্রিকায় সত্যনারায়ণ কথা, সত্যনারায়ণের পাঁচালী ও সত্যদেব-সংহিতা নামে তিনখানি ক্ষুদ্র গ্রন্থ প্রকাশিত হইয়াছে।

(গ পরিশিষ্ট দ্রষ্টব্য)

(খ) পরিভাষা সমিতি—আলোচ্য বর্ষে এই সমিতির কোন অধিবেশনের আবশ্যক হয় নাই। গত পূর্ব্ববর্ষে যিনি যে বিষয়ে ব্যাপৃত ছিলেন, তিনি সেই কার্য্যে কিছু কিছু অগ্রসর হইয়াছেন মাত্র। মধ্যে একবার শ্রীযুক্ত নিবারণচন্দ্র ভট্টাচার্য্য মহাশয়ের জ্যামিতিক পরিভাষা মুদ্রণের কথা আলোচিত হইয়াছিল। এই সমিতির সম্পাদক শ্রীযুক্ত রামেন্দ্রসুন্দর ত্রিবেদী মহাশয়ের প্রস্তাব মত তাহা তাঁহার নিজ কৃত আলোচনা-সহ প্রকাশের ব্যবস্থা হইয়াছে, কিন্তু রামেন্দ্রবাবুর অনবকাশ বশতঃ আলোচ্য বর্ষে তাহা প্রকাশিত হয় নাই।

(ঘ পরিশিষ্ট দ্রষ্টব্য)

(গ) ভাষাবিজ্ঞানসমিতি,—আলোচ্য বর্ষে এই সমিতির কার্য্য যেরূপ অগ্রসর হইয়াছে, এমন আর কোনও সমিতির হয় নাই। মহামহোপাধ্যায় শ্রীযুক্ত হরপ্রসাদ শাস্ত্রী এম্ এ, শ্রীযুক্ত রবীন্দ্রনাথ ঠাকুর ও শ্রীযুক্ত শরচ্চন্দ্র শাস্ত্রী মহাশয়গণ বাঙ্গালা ব্যাকরণ সম্বন্ধে যে সকল প্রবন্ধ পাঠ করিয়াছেন, তাহার আলোচনায় বাঙ্গালা ব্যাকরণ-সম্বন্ধে সাহিত্য-সেবিগণের পরস্পর বিরোধী মত বিশেষ দক্ষতার সহিত প্রকাশিত হইয়াছে। সাময়িক তর্ক বিতর্কের ফেনপুঞ্জের আবরণতলে যে সত্যের নির্ম্মল জলধারা প্রবাহিত তাহাতে সন্দেহ নাই। ভবিষ্যৎ বৈয়াকরণ সেই সলিল ধারার গতি ও প্রকৃতি অবধারণ করিয়া বঙ্গ ভাষার পরিণতির পথ নির্দ্ধারণ করিবেন। পত্রিকা সম্পাদক রামেন্দ্র বাবু এবং পরিষদের অন্যান্য সভ্য এই সকল আলোচনায় বিশেষ গবেষণার পরিচয় প্রকাশ করিয়াছেন। এই সকল তর্ক-বিতর্কের

পর পরিষদের কর্ত্তব্য-পথ পরিষ্কৃত হইয়া বাঙ্গালা ব্যাকরণের উপাদান-সংগ্রহের উপায় সহজ হইবার পক্ষে বিশেষ সুবিধা হইতেছে সন্দেহ নাই।

("ঙ" পরিশিষ্ট দ্রষ্টব্য)

(ঘ) শব্দসমিতি,—আলোচ্য বর্ষে ভাষা-বিজ্ঞান-সমিতির আলোচনার ফলে এই সমিতির কার্য্যও যথেষ্ট অগ্রসর হইয়াছে। সমিতির কোনও অধিবেশন হয় নাই, কিন্তু সমিতির ও পরিষদের অন্যান্য সভ্যগণের মধ্যে অনেকেই নানারূপ শব্দসংগ্রহ করিতেছেন। শ্রীযুক্ত হারাণচন্দ্র বন্দ্যোপাধ্যায় এম্, এ, বি, এল্ মহাশয়ের সংগৃহীত "বঙ্গভাষায় ব্যবহৃত বৈদেশিক শব্দের" মধ্যে পারসী, আরবী, উর্দ্দু, শব্দের তালিকা এবং স্বর্গীয় মহাত্মা ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর মহাশয়ের খাঁটী বাঙ্গালা শব্দের তালিকা পত্রিকায় আর শ্রীযুক্ত রবীন্দ্রনাথ ঠাকুর মহাশয়ের সংগৃহীত "বাঙ্গালা ক্রিয়াপদের তালিকা" স্বতন্ত্র পুস্তিকাকারে প্রকাশিত হইয়াছে। শ্রীযুক্ত চারুচন্দ্র বন্দ্যোপাধ্যায় ও শ্রীযুক্ত মেঘনাথ ভট্টাচার্য্য মহাশয়দ্বয় চলিত-শব্দের ব্যুৎপত্তি ও অর্থ-নির্ণয় করিয়া এক একখানি তালিকা প্রস্তুত করিয়া পাঠাইয়াছেন। মেঘনাথ বাবু পারসীক বর্ণমালার পর্য্যায়ক্রমে বাঙ্গালায় কথার ব্যুৎপত্তি, অর্থ ও স্থলবিশেষে প্রয়োগের বিভিন্নতা প্রদর্শন করিয়া সমালোচনামূলক তালিকা প্রস্তুত করিতে বিশেষ পরিশ্রম করিতেছেন। শ্রীযুক্ত রমেশচন্দ্র বসু দ্ব্যর্থযুক্ত এবং উচ্চারণের সাম্য বা নৈকট্য বিশিষ্ট শব্দের এক তালিকা প্রস্তুত করিয়াছেন। শ্রীযুক্ত রজনীকান্ত চক্রবর্ত্তী ও শ্রীযুক্ত রাধেশচন্দ্র শেঠ মহাশয়দ্বয় মালদহ জেলার চলিত কথার শব্দ ও তাহার অর্থ সংগ্রহ করিয়া তালিকা প্রস্তুত করিতে স্বীকৃত হইয়াছেন, শ্রীযুক্ত শিবরতন মিত্র মহাশয় বাঁকুড়া জেলার ঐরূপ শব্দ সংগ্রহ করিতেছেন। শ্রীযুক্ত সতীশচন্দ্র ঘোষ বি, এ পরিষদের সভ্য না হইয়াও বাখরগঞ্জ জেলার চলিত-কথার অর্থসহ এক তালিকা করিয়া পাঠাইয়া দিয়াছেন। শ্রীযুক্ত ব্যোমকেশ মুস্তফী মহাশয় রাজমিস্ত্রী, কামার, কুমার, তাঁতি, সেকরা, ছুতার প্রভৃতি শ্রমজীবীর ব্যবহার্য্য যন্ত্রের নাম ও তাহাদের কার্য্যের পারিভাষিক শব্দের এক তালিকা, চব্বিশ পরগণা-অঞ্চলে ব্যবহৃত গৃহসজ্জা, পোষাক পরিচ্ছদ, অলঙ্কার ইত্যাদির নামমালা এবং মৎস্য, পশু, পক্ষী, ও গাছ-গাছড়ার দেশীয় নাম সংগ্রহ করিতেছেন। কৈকালা-নিবাসী শ্রীযুক্ত রাজকুমার মুখোপাধ্যায় এবং কলিকাতা-নিবাসী শ্রীযুক্ত অমূল্যচরণ ঘোষ মহাশয়দ্বয় বাঙ্গালা চলিত-কথা ও অপভ্রংশ শব্দগুলির শিষ্ট-

প্রয়োগ-সহ ভাষাবিজ্ঞান অনুসারে অভিধানের নিয়মে সংগ্রহ করিতেছেন। আশা করা যায়, ইহাদের সমবেত চেষ্টায় বঙ্গভাষার একখানি বিস্তৃত অভিধান প্রণয়ন-কাল অদূরবর্ত্তী হইয়া আসিতেছে। ("চ" পরিশিষ্ট দ্রষ্টব্য)

(ঙ) গ্রন্থরচনা-সমিতি—আলোচ্যবর্ষে এই সমিতির একটী অধিবেশন হইয়াছিল। এই অধিবেশনে পরিষদের সভাপতি মহাশয়ের প্রস্তাব অনুসারে সদ্‌গ্রন্থের অনুবাদ করা আবশ্যক, ইহা স্থিরীকৃত হইয়াছে। ১৭ই বৈশাখ বুধবার গ্রন্থরচনা-সমিতির অধিবেশনে সভাপতি মহাশয়ের প্রস্তাব গৃহীত হয়। গ্রন্থরচনা-সমিতির অনুবাদ-শাখা গঠিত হইয়াছে এবং শ্রীযুক্ত সতীশচন্দ্র বিদ্যাভূষণ মহাশয় সিদ্ধান্ত-শিরোমণি ও শ্রীযুক্ত যজ্ঞেশ্বর বন্দ্যোপাধ্যায় মহাশয় বাজসনেয়সংহিতা বা সৈব-উলমুতাক্ষরীণ অনুবাদ করিবেন স্বীকার করিয়াছেন। হাইকোর্টের অনুবাদক শ্রীযুক্ত পূর্ণচন্দ্র দত্ত মহাশয়কে সূর্য্যসিদ্ধান্ত অনুবাদ করিতে এবং শ্রীযুক্ত রামেন্দ্র সুন্দর ত্রিবেদী মহাশয়কে কোন বিজ্ঞান-গ্রন্থের অনুবাদ করিতে অনুরোধ করা হইবে। এতদ্ভিন্ন পরিষদের সভাপতি মহাশয় পরিষদে বৌদ্ধধর্ম্ম সম্বন্ধে যে সকল প্রবন্ধ পাঠ করিয়াছিলেন, সে সকল বিস্তারিত এবং একত্র করিয়া বৌদ্ধধর্ম্ম বিষয়ে পাণ্ডিত্যপূর্ণ, সুলিখিত ও মনোজ্ঞ পুস্তক প্রকাশ করিয়াছেন। শ্রীযুক্ত কালীবর বেদান্তবাগীশ মহাশয়ের প্রদত্ত বৌদ্ধদর্শন-সম্বন্ধে বক্তৃতাটী পরিষৎ হইতে পুস্তিকা-কারে প্রকাশিত হইয়াছে। ("ছ" পরিশিষ্ট দ্রষ্টব্য)

১৮। পরিষৎ-পুস্তকালয়,—১৩০৭ সালে এই পুস্তকালয়ে ১২৫৯ খানি পুস্তক এবং ২০১ খানি পুঁথি সংগৃহীত ছিল। আলোচ্য বর্ষে পুস্তকের সংখ্যা ২২৭৩ হইয়াছে, তন্মধ্যে বাঙ্গালা ১৭৯৮, ইংরাজী ৩৪৬, সংস্কৃত ১১৭ এবং উর্দ্দু, পারসী, উড়িয়া, কানাড়ী প্রভৃতি ভাষার পুস্তক ১২ খানি। পুথির সংখ্যা আলোচ্য-বর্ষে ২২১ খানি হইয়াছে। আলোচ্যবর্ষে ২৩০ খানি পুস্তক উপহার পাওয়া গিয়াছে।

("জ" পরিশিষ্টে উপহারের পুস্তক ও উপহারদাতাদিগের তালিকা দ্রষ্টব্য।)

এই সকল উপহারদাতার নিকট পরিষৎ বিশেষ কৃতজ্ঞ। যথানিয়মে মাসিক অধিবেশনে ইহাদের এই সকল উপহার ধন্যবাদ ও কৃতজ্ঞতার সহিত গৃহীত হইয়াছে। আলোচ্য বর্ষে পরিষৎ-পুস্তকালয়ে যে সকল সাময়িক পত্র আসিয়াছে, তাহার অধিকাংশই পরিষৎ-পত্রিকার বিনিময়ে এবং কতকগুলি তত্তৎ পত্রের সম্পাদকগণের অনুগ্রহে পাওয়া গিয়াছে। ("ঝ" পরিশিষ্ট দ্রষ্টব্য)

(ক) পুস্তকালয়,—আলোচ্যবর্ষে পরিষৎ পুস্তকালয়ের পরিপুষ্টির জন্য নানা-রূপ চেষ্টা করা গিয়াছে। এই পুস্তকালয়ে সকল প্রকার বাঙ্গালা গ্রন্থ সংগ্রহ করিবার উদ্দেশ্যে গ্রন্থকারগণের নিকট প্রার্থনা ও পুরাতন পুস্তকাদি অল্পে অল্পে ক্রয় করা হইতেছে। এখনকার চলিত-সাহিত্য—নাটক, উপন্যাস, কাব্য প্রায় সকল পাঠাগারেই পাওয়া যায়, সুতরাং পরিষদের পুস্তকালয়ে যাহাতে প্রাচীন কালে মুদ্রিত লুপ্তপ্রায় দুষ্প্রাপ্য বাঙ্গালা গ্রন্থরাশি প্রচুর পরিমাণে সংগৃহীত হয়, তাহার প্রতি লক্ষ্য রাখিয়াই আপাততঃ পুস্তকাদি ক্রয় করা হইতেছে। বাঙ্গালা দেশে ১৮শ শতাব্দীর শেষভাগে ইংরাজ পাদরীগণের কৃপায় কাষ্ঠের অক্ষরে মুদ্রা লিপির উদ্ভাবনা হয়। সেই কাল হইতে একাল পর্য্যন্ত বাঙ্গালা অক্ষরে মুদ্রিত বা বাঙ্গালা ও ইংরাজী অক্ষরে যে সকল পুস্তক ছাপা হইয়াছে, তাহা সমস্তই এই পুস্তকালয়ে সংগৃহীত হওয়া আবশ্যক। ১৯শ শতাব্দীর প্রারম্ভে লণ্ডনে যে সকল বাঙ্গালা গ্রন্থ বাঙ্গালা অক্ষরে মুদ্রিত হয়, সে গুলিও ইহাতে সংগৃহীত হওয়া উচিত। সুখের বিষয়, আলোচ্য বর্ষে এইরূপ কয়েকখানি পুস্তক সংগৃহীত হইয়াছে। সাময়িক পত্রই সাহিত্যের ক্রমোন্নতির প্রত্যক্ষ ইতিহাস। পরিষৎ-পুস্তকালয়ে বর্ত্তমান ও লুপ্ত, নব্য ও প্রাচীন, সকল প্রকার সাময়িক পত্রের সংগ্রহ থাকা উচিত। ভাষার ইতিহাস, ভাষার ক্রমবিকাশ এবং ভাষার পরিপুষ্টির ইতিহাস লিখিতে বা তাহার আলোচনা করিতে হইলে, এই সকল সাময়িক পত্ররাশির সংগ্রহ থাকিলে, যেমন সুবিধা হয়, এমন আর কিছুতেই হয় না। আলোচ্য বর্ষে পরিষৎ এই সাময়িক-পত্র-সংগ্রহ-কার্য্যে বিশেষরূপে মনোযোগ দিয়াছেন এবং আনন্দের বিষয় এই যে, সে কালের পাদরীগণের প্রচারিত প্রথম বাঙ্গালা মাসিক পত্র "দিগ্‌দর্শন" হইতে আরম্ভ করিয়া একাল পর্য্যন্ত প্রকাশিত নানাবিধ মাসিক, দ্বৈমাসিক, ত্রৈমাসিক পত্রের এক বা দুই সংখ্যা অথবা সম্পূর্ণ এক বা দুই বৎসরের সমস্ত সংখ্যা সংগৃহীত হইয়াছে। ("ঞ" পরিশিষ্ট দ্রষ্টব্য।)

পরিষদের হিতৈষিগণ, সাময়িক পত্রের সম্পাদকগণ পরিষদের এই সাধু-উদ্দেশ্য-সাধনে সাহায্য করিলে, পুরাতন ও নূতন সাময়িক পত্রিকাদির যে কোন খণ্ড যে কোন সংখ্যা সংগ্রহ করিয়া দান করিলে, তাঁহাদের নিকট পরিষৎ বাধিত হইবেন এবং তাঁহাদের দ্বারা মাতৃভাষার ইতিহাসের অঙ্গপুষ্টির বিশেষ সহায়তা হইবে। আলোচ্য বর্ষে Calcutta Public Library ভারত গভর্মেণ্টের

Imperial Library'র সহিত সহিত সম্মিলিত হইয়া গিয়াছে। Public Library'তে সে কালের Fort William College Library'র অনেকগুলি প্রাচীন কালের মুদ্রিত বাঙ্গালা গ্রন্থ ও সাময়িক পত্র ছিল। শুনা গিয়াছিল, গভর্মেণ্ট এগুলি Imperial Library'র পক্ষে অনাবশ্যক-বোধে ত্যাগ করিবেন। পরিষৎ এইগুলি পাইবার জন্য গভর্মেণ্টে আবেদন করিয়াছিলেন। গভর্মেণ্ট হইতে উত্তর আসিয়াছে, কোন্ কোন্ পুস্তক রাখা হইবে বা না হইবে, গভর্মেণ্ট এখনও তাহা বিবেচনা করিয়া স্থির করেন নাই। এসিষ্ট্যাণ্ট সেক্রেটারী মি, সি, আর, উইলসন অনুমান করেন, প্রাচ্য পুস্তকাদির বিশেষ কিছু পরিত্যাগ করা হইবে না। যাহা হউক, পরিষৎ এখনও এ-বিষয়ে নিশ্চেষ্ট হন নাই। ভবিষ্যতে বাঙ্গালা গভর্মেণ্টের মধ্যস্থতায় এ বিষয়ে আর একবার আবেদন করিবার ইচ্ছা করিয়াছেন। পরিষদের গ্রন্থকার ও হিতৈষী সভ্যগণ সকলে যদি স্ব স্ব রচিত গ্রন্থাদি উপহার দেন, তাহাহইলে পরিষৎ পুস্তকালয়ের পরিপুষ্টি হইতে অধিক সময় লাগে না। অনেকে তাহা দিতেছেন, কিন্তু অধিকাংশ গ্রন্থকার এখনও সে অনুগ্রহ করেন নাই। আশা করি, আগামী বর্ষে এ বিষয়ে পরিষৎকে আর ক্ষোভ করিতে হইবে না।

(খ) পাঠাগার,—পরিষদের পাঠাগারটি পূর্ব্ববৎ প্রাতে ও সন্ধ্যায় খোলা থাকে। সুখের বিষয়, প্রত্যহ বহু পাঠক এখানে আসিয়া পাঠ করেন। এই পাঠাগারটি পরিষদের নিকটবর্ত্তী গলীতে বিশেষ উপকার সাধন করিতেছে। স্থানাভাববশতঃ সকল সংবাদ পত্র সাজাইয়া রাখিবার ও পাঠকগণের বসিবার স্থান সংকুলান হয় না।

১৯। পুঁথিসংগ্রহ,—আলোচ্য বর্ষে পরিষৎপুস্তকালয়ে ২০ খানি পুঁথি সংগৃহীত হইয়াছে। যাঁহারা এই পুঁথি সংগ্রহ করিয়া পরিষৎকে সাহায্য করিয়াছেন, তাঁহাদের মধ্যে পরিষদের পরম সুহৃদ্ শ্রীযুক্ত আবদুল করিম মহাশয় যেরূপ উৎসাহ দেখাইয়াছেন, তাহা অনির্ব্বচনীয়। তাঁহার উৎসাহে ও যত্নে আলোচ্য বর্ষে অনেকগুলি অজ্ঞাতনামা কবির ও অশ্রুতনাম-কাব্যের বিবরণ পাওয়া গিয়াছে। তিনি একা এ পর্য্যন্ত তিন শতাধিক নূতন গ্রন্থের বিবরণ লিখিয়া পাঠাইয়াছেন। তিনি চট্টগ্রাম জেলার আনোয়ারা গ্রাম ও তন্নিকটবর্ত্তী কয়েক গ্রামে নিজব্যয়ে ঘুরিয়া ফিরিয়া এই সকল পুথির বিবরণ সংগ্রহ করিয়াছেন। ইহার মধ্যে কয়েকখানি

পুথি তিনি পরিষৎকে উপহার দিয়াছেন এবং আরও দিতে পারিবেন বলিয়া আশা করেন। পরিষদের অন্যতম সদস্য শ্রীযুক্ত তারকেশ্বর ভট্টাচার্য্য বি, এ, এ বিষয়ে এক-জন অসাধারণ উৎসাহী ব্যক্তি। তিনিও নিজব্যয়ে পুথি-সংগ্রহের জন্য রাজসাহী, দিনাজপুর, রঙ্গপুর, মালদহ, মুরশিদাবাদ, পাবনা ও বগুড়ায় ভ্রমণ করিয়াছেন। সঙ্গে সঙ্গে নানাবিধ ব্রত-কথা ও ছড়া সংগ্রহ করিয়াছেন। তাঁহার ভ্রমণের ফলে পরিষদের অনেক উপকার হইবে। এতদ্ভিন্ন পরিষদের অপর কয়েক জন সদস্য শ্রীযুক্ত রাধেশচন্দ্র শেঠ বি,এল্, শ্রীযুক্ত কেদারনাথ মজুমদার, শ্রীযুক্ত ব্রজসুন্দর সান্যাল মহাশয়গণও পুথি-সংগ্রহের জন্য বিশেষ যত্ন করিতেছেন। পরিষৎ ইঁহাদের সকলের নিকটই ঋণী।

২০। **নিয়মাদি-পরিবর্ত্তন,**—১৩০৭ সালের কার্য্যনির্ব্বাহক-সমিতির অধি-বেশনে যাবজ্জীবন-সভ্যের জন্য যে নিয়ম গঠিত হইয়াছিল, অষ্টম বার্ষিক অধি-বেশনে তাহা সাধারণ সভার অনুমোদনে বিধিবদ্ধ হইয়া গিয়াছে। "বিশেষ সভ্য" সংক্রান্ত নিয়মাদির বিবরণ পূর্ব্বেই উল্লেখ করা গিয়াছে।

২১। **গ্রন্থপ্রকাশ-তহবিল,**—আলোচ্য বর্ষের প্রথমে এই তহবিলে ২৪৬ ৸৵০ আনা মজুত ছিল। এই তহবিলের ধনরক্ষক শ্রীযুক্ত রাজা বিনয়কৃষ্ণ দেব বাহাদুর পদত্যাগ করায়, ১লা জ্যৈষ্ঠ তারিখের কার্য্যনির্ব্বাহক-সমিতির নির্দ্দেশ অনুসারে ঐ টাকা তাঁহার নিকট হইতে লইয়া প্রাচীন বাঙ্গালা-গ্রন্থাবলীর সাহায্যার্থ পরিষদের সাধারণ তহবিল-ভুক্ত করা হয়। প্রাচীন বাঙ্গালা গ্রন্থপ্রকাশের পূর্ব্ব ব্যবস্থার পরিবর্ত্তন হইয়া 'প্রাচীন বাঙ্গালা গ্রন্থাবলী' প্রকাশের ব্যবস্থা হওয়া অবধি পরিষদের সাধারণ তহবিল হইতেই উহার ব্যয় নির্ব্বাহিত হইয়া আসিতেছে, অথচ গ্রন্থপ্রকাশ-তহবিলের পুষ্টি-সাধনার্থ আর কোন চেষ্টা সহজসাধ্য না হওয়ায়, উহা প্রায় নিঃশেষিত হইয়াছিল। এরূপ স্থলে গ্রন্থপ্রকাশ-তহবিলের অবশিষ্ট সামান্য টাকা পরিষদের সাধারণ-তহবিল-ভুক্ত হওয়ায় তহবিলের উদ্দেশ্য-হানি হয় নাই। আলোচ্য বর্ষের শেষভাগ হইতে অতঃপর গ্রন্থপ্রকাশ সমিতির আর কোন স্বতন্ত্র তহবিল রহিল না। ("ট" পরিশিষ্ট দ্রষ্টব্য)

২২। **আয় ব্যয়,**—আলোচ্য বর্ষে পরিষদের মোট আয় ৩৯৩৬৸১০। তন্মধ্যে গত বর্ষের উদ্বৃত্ত ছিল ৩৭৬ ।৵১০। উহা বাদে আলোচ্য বর্ষে সর্ব্বপ্রকারে পরিষদের আয় ৩৫৬০ ।৵০ আনা হইয়াছে। আলোচ্য বর্ষে পরিষদের সর্ব্ববিধ

ব্যয় ৩৬২৩।/১০। মোট আয় ৩৯৩৬৸১০ হইতে ব্যয় বাদ গেলে পরিষদের তহবিলে আলোচ্য বর্ষের শেষে ৩১৩৸৵০ উদ্বৃত্ত আছে। গত বর্ষের উদ্বৃত্ত টাকা বাদ দিলে এ বৎসর আয় অপেক্ষা ব্যয় ৬২৸৵১০ বেশী হইয়াছে বলিতে হইবে; সুতরাং দেখা যাইতেছে পরিষদের আরও আয় বৃদ্ধি হওয়া আবশ্যক। ভরসা করি, বর্ত্তমান বর্ষে দেশের কৃতবিদ্য ও ধনি-সন্তানেরা ইহার সভ্যপদ গ্রহণ করিয়া ইহার উন্নতিসাধনে যত্নপ্রকাশ করিবেন। ("ঠ" পরিশিষ্ট দেখ)

২০। **কৃতজ্ঞতা-প্রকাশ,**—আলোচ্য বর্ষে যাঁহাদের যত্নে, সহায়ে ও সহানুভূতিতে পরিষৎ স্বকার্য্য-সাধনে সফল হইয়াছেন, বর্ষশেষে পরিষৎ তাঁহাদের নিকট সর্ব্বান্তঃকরণে কৃতজ্ঞতা জানাইতেছেন। এই কার্য্য-বিবরণের নানাস্থানে তাঁহাদের অনেকেরই অনুগ্রহের কথা উল্লিখিত হইয়াছে। বিবরণ-সমাধিকালে তাঁহাদের নিকট পুনরায় এবং অন্যান্য হিতৈষীর নিকট তাঁহাদের অনুগ্রহের জন্য কৃতজ্ঞতা জ্ঞাপন করিয়া পরিষৎ আপনাকে ধন্য বোধ করিতেছেন। পরিষদের কর্ম্মচারিগণও সযত্নে আপন আপন কর্ত্তব্য সম্পন্ন করিয়াছেন, তাঁহাদের মধ্যে সভাপতি মহাশয়ের নাম বিশেষরূপে উল্লেখ-যোগ্য। আলোচ্য বর্ষে বীণাপাণি সাহিত্য-সমিতি পরিষৎকে ৺ রামগোপাল সেনের চিত্র দান করিয়া ধন্যবাদ-ভাজন হইয়াছেন।

বঙ্গীয় সাহিত্য-পরিষৎকার্য্যালয়।
বঙ্গাব্দ ১৩০৯।
৪ঠা জ্যৈষ্ঠ।

কার্য্য নির্ব্বাহক-সমিতির অনুমত্যানুসারে
শ্রীরায় যতীন্দ্রনাথ চৌধুরী,
সম্পাদক।

("ক" পরিশিষ্ট।)

Local Members.

Babu Avanidranath Tagore,
6, Dwarkanath Tagore's Lane, Calcutta.

Babu Ambikacharan Das,
4 Mahendra Bose's Lane, Calcutta

Babu Amritakrishna Mullick, B. L.
2 Shibsankar Mullick's Lane, Calcutta.

Babu Adharachandra Mukherjee, M.A.,
23/3 Beadon Row, Calcutta

Babu Anathnath Palit, M. A.
3 Nekashipara Lane, Calcutta.

Babu Amarendranath Pal Chowdhury, B A,
48 Shankharytolla Lane, Calcutta.

Babu Amarkrishna Mitra,
19 Nilmony Mitter's Street, Calcutta.

Babu Abinashchandra Chatterjee,
36 Shankar Haldar's Lane, Calcutta.

Babu Atulkrishna Basu,
10 Ratan Baboo's Road, Cossipur, Calcutta

Babu Abinashchandra Ghosha
8/3 Kasi Ghosh's Lane, Calcutta.

Pundit Atulkrishna Goswami,
11 Mahendra Goswami's Lane, Calcutta.

Babu Akshayakumar Baral,
38/2 Muktaram Baboo's 4th Lane, Calcutta.

Babu Anukulchandra Set,
39 Mairahatta Street, Calcutta

Babu Anangamohan Pal
58/59 Balaram De's Street, Calcutta.

Babu Akshayakumar, Thakur, M.A.
27 Darmahatta Street, Calcutta

Babu Amulyachandra Goswami,
31 Elgin Road, Calcutta.
Babu Apurvakrishna Ghosh,
62/2 Beadon Street, Calcutta
Babu Abinashchandra Ghosh, B. A.
3 Raghunath Chatterjee's Street, Calcutta.
Babu Annadaprashad Ghosh
8 Shankar Ghosh's Lane Calcutta
Babu Anukulchandra Bose.
35/2 Beadon Street, Calcutta
Babu Anukulchandra Mukherjee
69 Mirzapur Street, Calcutta.
Babu Amarendranaryan Datta
32/1 Jhamapooker Lane, Calcutta
Dr Amritalal Sarkar, L M. S.
51 Sankharitola Lane, Calcatta
Dr Ashutosha Mukherjee M.A .B.L., F.R.G S.
77 Russaroad, Bhowanipur, Calcutta
Babu Anandamaya Mittra,
32 Shampuker Street, Calcutta
A. Chowdhury, Esqr , Bar-at-Law, M A , L L B ,
76 Lower Circular Road, Calcutta
Babu Ashutosh Vidybhusan
5, Doctor's Lane, Calcutta.
Babu Bijayendranath Dutta,
139 Cornwallis Street, Calcutta
Babu Byomakesha Mustaphi,
101 Shambazar Street, Calcutta.
Babu Binodabehary Basu B A.
65/2 Bagbazar Street, Calcutta.
Babu Bipinabehary Basu,
65/2 Bagbazar Street, Calcutta.
Babu Bamacharan Chatterjee,
140 Cornwallis Street, Calcutta.

Babu Bireswar Goswamy,
109 Grey Street, Calcutta.
Babu Basantakumar Basu, (2)
24 Roybagan Street, Calcutta.
Babu Banmath Nandy,
17 Shikdarbagan Street, Calcutta
Babu Bireswar Pande
27/1 Cornwallis Street, Calcutta
Rai Baikunthanath Basu Bahadur.
167 Manicktola Street, Calcutta
Babu Bireswar Chattrejee (1),
26 Radhamadhab Shaha's Lane, Calcutta
Babu Bireswar Chatterjee (2),
Prof. Sanskrit College, College Square, Calcutta
Babu Baidyanath Ghosh,
11 Ramkrishna Das's Lane, Calcutta
Babu Brajalal Mukherji M.A
Naryamandir, Haritakibagan Lane, Calcutta.
Pundit Binodbehary Kabyatirtha,
Indian Museum, Calcutta
Babu Bipinbehary Maitra,
45 College Street, Calcutta
Babu Bejaychandra Dutta,
64 Pathuriaghata Street, Calcutta
Babu Bisveswar Sen Mazumder,
75/2 Bhuban Sarcar's Lane, Calcutta
B C. Dutt Esqr. M A.
172 Manicktolla Street, Calcutta
Babu Baikuntanath Das,
208/2 Cornwallis Street, Calcutta
Babu Baradakanta Ghosh,
24 Muddon Bural's Lane, Calcutta.
The Hon'bl B. L. Gupta Esqr C S
15 Elysum Row, Calcutta

B K Chakravarty Esqr Bar-at-law,
23 Park Street, Calcutta.
Babu Basantakumar Basu, (1)
24 Talpuker Road, Shunra, Calcutta
Babu Bijaylal Datta,
23/3 Chakraberia Road South, Bhowanipur, Calcutta.
Kaviraj Bejayratna Sen Kabiranjan,
5 Kumertooli Street, Calcutta.
Babu Banamali Chakrabartty,
123/2 Amherst Street, Calcutta.
Babu Benimadhab Dutta,
1 Akrur Dutt's Lane, Bowbazar Calcutta.
Babu Bhutnath Pal B A
29 Basupara Lane, Bagbazar, Calcutta.
Babu Bhupendrakumer Basu,
42 Brindaban Bysak's Street, Calcutta
Babu Bhutnath Mitra
159 Ahiritola Street, Calcutta
Kaviraj Bhubaneswar Gupta Kabiranjan,
15/1 Simla Street, Calcutta.
Pundit Bhagabatkumar Shastry M.A
28 Banamali Sircar's Street, Calutta
Babu Banamali Chattarjee,
32, Chakraberia Road south, Bhowanipur, Calcutta.
Babu Charuchandra Ghosh,
7 Nabin Sircar's Lane Bagbazar Calcutta
Rai Chunilal Basu Bahadur M B, F. C S
24 Mahendra Bose's Lane, Shambazar, Calcutta
Dr Chandrashekhar Kali L M S
150 Cornwallis Street, Calcutta
Babu Chandrashekher Mukherjee M. A, B L
93/5 Hari Ghosh's Street, Calcutta
Babu Chunilal Gupta,
4/1 Bhubon Chatterjee's Lane Calcutta

Babu Chandrabhushan Maitra M.A.
41 Guruprasad Chowdhary's Lane, Calcutta.
Babu Charuchandra Mullick,
18 Radhanath Mullick's Lane, Calcutta
Babu Charuchandra Joytishi Bhattacharjee,
Ashoka-kutir, 5 Sree Nath Das's Lane, Calcutta
The Hon'ble Justice Chandra Madhab Ghosh M A., B L.
3 Albert Row, Calcutta
C R. Das, Esqr, Bar at-law,
Russa Road, Bhowanipur, Calcutta.
Babu Charuchadra Banerjee
33 Beadon Row, Calcutta
Dr. Charuchandra Ghosh,
165 Cornwallis Street, Calcutta
Babu Channulall Roy,
12 Srinath Roy's Lane, Chorebagan, Calcutta.
Kaviraj Durganarayan Sen Shastri,
75/3 Beniatola Street, Calcutta
Babu Dwijendra Nath Singha M. N P. S. (London),
120/2 Musjidbary Street, Calcutta.
Babu Debaprasanna Ghosh,
75 Beadon Street, Calcutta
Kaviraj Dinanath Kabiratna Shastri,
61/3 Banshtola Street, Calcutta
Dr. Debendranath Roy,
12 Hallwell's Lane, Calcutta
Babu Diptendramohan Mukherjee,
12 Pathuriaghata Street, Calcutta.
Babu Debendranarain Mitra
55/7 Grey Street, Calcutta
Babu Debendrachandra Mullick M A., B L
69 Serpentine Lane, Calcutta
Babu Debendraprashad Ghosh,
82 Sitaram Ghosh's Street, Calcutta

Babu Dvijendranath Basu,
6 Guruprosad Chowdhuri's Lane, Calcutta
Babu Dwarkanath Basu, Overseer,
Tala, Cossipur-Chitpur Municipal office, Calcutta
Rai Dwarkanath Sircar Bahadur,
121 Cornwallis Street, Calcutta
Babu Doorgacharan Mukherjee,
42 Bancharam Akrur's Lane, Bowbazar, Calcutta
Babu Dinanath Mazoomdar,
31 Rammohun Saha's Lane, Calcutta
Babu Dvijendranath Mallik
164 Baranosi Ghoshe's Street, Calcutta.
Babu Gaganendra Nath Tagore,
6, Dwarkanath Tagore's Lane, Jorasanka, Calcutta
The Hon'ble Justice Gurudas Banerjee M.A.D L.,
19, Sastitola Road, Narikeldanga, Calcutta
Babu Girish Chandra Ghose,
13, Basupara Lane, Calcutta
Babu Girish Chandra Ray,
8, Hogalkuria Lane, Calcutta.
Babu Gouresanker De, M.A
38/2, Nilmony Mitter's Street, Calcutta
G C Basu Esqr. M A.&c (1)
191, Bowbazar Street, Calcutta
Babu Gurudas Chatterjee,
201, Cornwallis Street, Calcutta
Babu Girish Chandra Basu, (2)
19/1/1, Kali Das Singha's Lane, Calcutta
Babu Gobinda Lall Dutt,
18/4, Akrur Dutt's Lane, Calcutta
Babu Girish Chandra De,
92 Russa Road, Bhownipur, Calcutta
Babu Golap Chandra Sarcar Shastri, M A B.L
20 Sankhervtolla East Lane, Calcutta.

Babu Girish Chandra Dutt,
4, Nawabdi Ostagar's Lane, Calcutta
Baba Gunendranath Basu Mallik.
15/16, Hari Ghosh's Street, Calcutta.
Babu Hirendranath Dutt M.A.B.L.
139, Cornwallis Street, Calcutta.
Babu Hitendranath Tagore,
6, Dwarkanath Tagore's Lane, Calcutta.
Babu Haranchandra Banerjee M.A.B.L.
19, Sastitola Road, Narikeldanga. Calcutta
Dr. Haranath Basu L M.S
1, Isswar Mill's Lane, Goabagan, Calcutta.
Kabiraj Haralall Gupta
80, Beadon Street, Calcutta.
Babu Haricharan Basu,
71, Pathuriaghata Street, Calcutta.
Mahamahopadhay. Haraprasad Shastri M.A.
12/1/4, Pataldanga Street, Calcutta.
Babu Haran Chandra Rakshit,
52, Guruprosad Chowdhury's Lane, Calcutta
Hem Chandra Mullick Esqr
12, Wellington Street, Calcutta
Kumar Hemendra Kumar Ray,
86. Lower Circular Road, Calcutta
Babu Hemendraprasad Ghosh B.A.
82, Sitaram Ghose's Street, Calcutta
Babu Haripada Dutta
54, Muktaram Babus' Street, Calcutta
Babu Hem Chandra Basu,
6, Sanatan Seals' Lane, Calcutta
Babu Hem Chandra Mitra
19, Shampuker Lane, Calcutta
Babu Hari Charan Banerjee,
83, Mechhuabazar Street, Calcutta

Babu Hara Kanta Gangopadhaya,
16, Theatre Road, Calcutta

Babu Hari Charan Mukherjee B.L.
1, Jeliapara Road, Bhowanipur, Calcutta

Babu Hari Bhushan Mukherjee,
10, Sikdarpara Street, Jorasanko, Calcutta.

Babu Hemendranath Singha B A.
Calcutta

Babu Harendranath Basu,
Fariapookar Stret, Calcutta

Babu Hemchandra Sen, B. A.
1/27 Fariapookar Street, Calcutta

Babu Harasankar Ray,
44 European Asylum Lane, Calcutta.

Babu Indubhusan Mazumdar B.L.
Cossipur Road, Barahnagar, Calcutta.

Babu Indumadhab Mullick M.A,B.L,L.M S.
79-2, Harrison Road, Calcutta.

Babu Jnanandra Nath Das M.A. B L.
4, William's Lane, Calcutta

Babu Jyotirindra Nath Tagore,
19, Store Road, Ballygunge, Calcutta

Babu Jagadish Chandra Basu B.L
46, Strand Road, Kalighat, Calcutta

Dr. J N. Ghosh M D
65/2, Beadon Street, Calcutta.

Babu Juanchandra Ghosh M.A
1/22, Furiapuker Street, Calcutta

Maharaja Jagadindranath Roy Bahadoor,
4 Lansdown Row, Calcutta

Babu Jnansankar Sen, Dy Collector,
63 Upper Circular Road, Calcutta

Rai Jatindra Nath Chowdhury M A B L
Kutighatta Street, Barahanagara, Calcutta

Babu Jatish Chandra Samajpati,
2-1, Ramdhone Mitter's Lane, Shampuker, Calcutta.
Babu Jogendra Chandra Dutt M A.B.L.
171, Maniktolla Street, Calcutta.
Kaviraj Jogendra Nath Sen Bidyabhushan M.A.
347, Upper Chitpur Road, Calcutta.
Babu Jogendra Nath Sarkar,
64, College Street, Calcutta.
Babu Jogendra Nath Mitra M A
81, Maniktola Street, Calcutta
Babu Jadu Nath Barat,
35-36, Shibnarain Das's Lane, Calcutta.
Babu Jagneswar Banarjee,
1, Sreenath Das's Lane, Calcutta.
J Chowdhury Esqr. M.A. (Bar-at-law)
76, Lower Circular Road, Calcutta
Babu Jogindra Nath Basu B A.
1, Darpanarain Tagore's Street, Calcutta.
Babu Jatindra Nath Basu M.A.,
14, Balaram Ghoshe's Street, Calcutta
Babu Jogesh Chandra Ghosh,
134, Cornwallis Street, Calcutta
Babu Jotindra Nath Basu
114, Upper Circular Road, Calcutta
Rai Jadavachandra Chakravartty Bahadoor,
23 Fordyce Lane, Bowbazar, Calcutta.
Babu Khagendra Nath Chatterjee B.A
6, Muddan Mohan Chatterji's Lane, Calcutta
Babu Khagendra Nath Banerjee,
100/1 Taltala Lane, Calcutta
Babu Khagendra Nath De B A. Attorney, at-law
28, Cornwallis Street, Calcutta.
Babu Khetindra Nath Tagore, Tattvanidhi B A
6, Dwarka Nath Tagore's Lane Jorrasanko, Calcutta.

Babu Khirodaprasad Bidyabinoda M.A
26, Harralall Mitter's Street, Bagbazar, Calcutta.
Dr Kalachand De, L.M.S
44 Bagbazar Street, Calcutta.
Kaviraj Karuna Kumar Sen Gupta.
25 Rajabagan Junction Road, Calcutta
Babu Kiran Chandra Dutta,
1, Ramkanta Bose's Ist. Lane, Calcutta
Babu Kailash Chandra Basu B L
57 Shampuker Street. Calcutta
Babu Krishna Dhan Mukherjee,
63, Baranasi Ghose s Street, Calcutta
Babu Kanai Lall Ghoshal.
14, Joogalkishore Das's Lane Calcutta.
Babu Kedar Nath Mittra,
14, Kaliprasad Dutt's Street. Calcutta
Babu Kalidass Nath.
14, Umesh Chandra Dutt's Lane, Calcutta
Babu Kanai Lall Mukherjee, M A B L
Natyamundir, Haritakibagan Lane, Calcutta
Babu Kalinarayan Sannyal.
Raybagan Lane. Calcutta.
Babu Kumud Nath Ganguli, Attorney-at-Law
89, Baranasi Ghose's Street, Calcutta
Badu Kedar Nath Basu,
64 Aukhil Mistry's Lane, Calcutta
Dr Krishnakumar Ghose L.M.S.
3, Ramkrishna Dass's Lane, Badurbagan, Calcutta
Kabiraj Kherodachandra Sen,
72/I, Muktaram Baboo's Street, Calcutta
Badu Kalikrishna Tagore,
1, Darpanaram Tagore's Street, Calcutta
Babu Kedar Nath Sanyal,
Musjidbari Street, Calcutta,
Babu Kulada Kinker Ray B,L,
59, Amherst Street, Calcutta.

Kaviraj Kherodachandra Sen,
72/I, Muktaram Baboo's Street, Calcutta.
Babu Kalikrishna Tagore,
I, Darpanarain Tagore's Street, Calcutta.
Babu Kedar Nath Sanyal,
Musjidbari Street, Calcutta.
Babu Kulada Kinker Ray B.L,
59. Amherst Street, Calcutta,
Rev. Kali Charan Banerjee, M.A. B.L,
199 Cornwallis Street, Calcutta.
Babu Khettranath Ghosh, Metropolitan Institution,
Sankar Ghosh's Street, Calcutta.
Babu Kalikrishna Bhattacherji,
22 Sitaram Ghosh's Street, Calcutta
Babu Khettra Chandra Mukherjee,
7 Sankeritola Lane, Calcutta.
Babu Kherode Behary Pal,
344 Upper Chitpur Road, Calcutta.
Babu Kulabhushan Banerjee,
58 Sankeritolla Lane, Calcutta.
Babu Kamalkrishna Saha,
18 Durgacharan Mukherjee's Street, Calcutta
Babu Kishorimohan Gupta M.A,
5 K. B. Sen's Lane, Calcutta.
Babu Kaliprasanna Ray Chowdhury,
Shibpur, Howrah.
Babu Kshetranath Pal,
53 Mirzapur Street, Calcutta.
Babu Ladlymohan Ghosh,
1 Harrington Street, Calcutta.
Babu Lalit Coomar Banerjee M.A.,
70 Akhil Mistri's Lane, Calcutta.
Babu Lalitmohan Rakshit,
14 Shampukur Lane, Calcutta.

Babu Lalit Chandra Mittra M.A.
80-3 Mudan Mitter's Lane, Calcutta.
Babu Lalit Mohan Chatterjee,
', Nilmany Sarkar's Lane, Calcutta.
21, Brindaban Mullick's Lane, Baburbagan, Calcutta.
Babu Lalit Mohan Mullick,
20, Lalibazar Street, Calcutta.
Babu Madhab Chandra Chattarjee,
106 Shambazar Street, Calcutta.
Babu Matilal Ghosh,
2, Ananda Chatterjee's Lane, Bagbazar, Calcutta.
Babu Mrinalkanti Ghosh,
2 Annadna Chatterjee's Lane, Bagbazar, Calcutta.
Babu Manmathanath Rudra M A,
21 Ramkanta Bose's Street, Calcutta.
Babu Manmathmohan Basu M.A,
4 Gokul Mitter's Lane, Calcutta.
Babu Madanmohan Dutt,
48 Bosepara Lane, Calcutta.
Rai Manmathanath Chowdhury,
35/2 Beadon Street, Calcutta.
Babu Manmathanath Ghosh,
75 Beadon Street, Calcutta
Babu Manmathanath Dutta, M.A,
9 Kasi Ghosh's Lane, Calcutta.
Kumar Manmathanath Mittra Ray Bahadoor,
Shampukur Street, Calcutta
Babu Mohinimohan Chatterjee Attorney-at-law.
9, Goabagan Lane, Calcutta
Babu Muraripada Samanta,
1 Moidapatty Lane, Barabazar Calcutta
Babu Mohit Chandra Sen M A,
4 Heramba Chandra Dey's Lane, Calcutta.
Pundit Manindra Nath Sankhyaratna,
68 Manicktolla Street, Calcutta.

Manmatha Chandra Mullick Esqr.
12 Lall Bazar Street, Calcutta.
Dr. Mohendra Nath Mozoomdar L.M.S.,
Barahanagar Calcutta.
Babu Madhab Chandra Chakrabartty,
28/3 Aukhil Mistri's Lane, Calcutta.
Babu Mahendranath Gupta B.A,
52 Bhowanicharan Dutt's Street, Calcutta.
Babu Mooralidhar Ray,
16 Banamali Sircar's Street, Calcutta.
Babu Mohendralall Mitra,
7 Radhanath Bose's Lane, Calcutta.
Munshi Mohomed Asad Ali,
17 Kareya Road, Calcutta.
Babu Maniklall Seal,
85 Wellesly Street, Calcutta.
Ray Niradkrishna Dutt,
32 Bagbazar Street, Calcutta.
Babu Nagendrakrishna Mullick,
2 Shibsanker Mullick's Lane, Calcutta.
Babu Nagendranath Vasu,
14 Tellypara Lane, Shampuker, Calcutta.
Babu Narendranath Mitter, B.L, Attorney,
34 Tellypara Lane, Shampuker, Calcutta.
Babu Narendra Nath Banerjee,
115/6 Cornwallis Street, Calcutta.
Babu Nagendra Nath Gupta,
48 Grey Street, Calcutta
Kumar Narendra Nath Mitter Bahadoor,
1 Jhamapuker Lane, Calcutta
Babu Nibaran Chandra Dutta,
83/1 Muktaram Baboos' Street, Calcutta
Babu Nirmal Chandra Dutta
83/1 Muktaram Baboos' Street, Calcutta.

Babu Nagendra Nath Mittra M.A., B.L.,
13 Simla Street, Calcutta.
Dr. Nilratan Sircar M.A., M.D.,
61 Harrison Road, Calcutta.
Babu Nripendranarayan Dutta B.A,
79 Bachoo Chattarjee's Street Calcutta.
Babu Nripendra Nath Gupta,
72/1 College Street, Calcutta
Babu Nripendra Nath Set L.M.S.,
78/79 Beadon Street, Calcutta.
Babu Nalinranjan Pandit,
Calcutta
Babu Nrisingha Chandra Mukherji M.A., B.L.,
7 Brahmasamaj Lane, Calcutta
Babu Nilinibhusan Guha, Cashier W. Leslie & Co,
2 Chowringhi Road, Calcutta.
Sayed Nawab Ali Chowdhury,
1 Kapalitola Lane, Taltola, Calcutta.
Babu Nibaran Chandra Mukherjee,
66 Doctor's Lane, Taltola, Calcutta.
Nagendra Chandra Basu Mullick Esqr.,
35 Wellington Street, Calcutta
Babu Nalinikanta Mukherjee M.A,
10 Hatibagan Road, Entally, Calcutta.
Babu Nakuleswar Bhidyabhusan,
30 Nakuleswar Bhattacherjee's Lane, Kalighat.
Babu Nalinnath Son M.A., B.L,
57 Neemtolaghat Street, Calcutta.
Babu Nilada Chandra Chatterjee,
46 Mirzapur Street, Calcutta.
Babu Nritya Gopal Dutta,
2 Ananda Chatterjee's Lane, Calcutta.
Babu Narendra Chandra Sen,
160 Bowbazar Street, Calcutta.

Babu Nandakishore Mittra M.A.,
121/1 Cornwallis Street, Shambazar, Calcutta.
Pundit Nandalal Vidyabinode,
12 Kasi Ghosh's Lane, Calcutta.
Babu Nikhilnath Ray, B.L.,
91 Durgacharan Mitter's Street, Calcutta.
Babu Nagendra Kumar Basu,
27 Chunapuker Lane, Calcutta.
Raja Narendralall Khan Bahadoor,
116 Bowbazar Street, Calcutta.
Babu Prianath Chatterjee,
6 Muddun Mohan Chatterji's Lane, Calcutta.
Rai Pashupatinath Basu,
65/1 Bagbazar Street, Calcutta
Rai Pramathanath Mitter,
226 Upper Circular Road, Calcutta.
Babu Purna Chandra Ghosh,
223 Upper Circular Road, Calcutta.
Babu Pramathanath Mittra,
5 Telipara Lane, Calcutta
Kabiraj Prabodha Chandra Bidyanidhi,
150 Cornwallis Street, Calcutta.
Babu Prakash Chandra Dutt,
7 Rammohan Shahas' Lane, Calcutta,
Babu Pareshnath Shome,
76 Upper Circular Road, Calcutta.
Babu Prianath Mukherjee (1)
Chitpur Thana, Calcutta,
Rai Pramathanath Chowdhury,
35/2 Beadon Street, Calcutta.
Babu Prianath Sen B.A.,
8 Mathur Sen's Garden Lane, Calcutta
Babu Panchanan Mukherjee,
46 Bechu Chatterjee's Street, Calcutta.

Babu Purna Chandra Goswamy M.A.,
26 Scott's Lane, Jelkypara, Calcutta.
Babu Purna Chandra Gupta,
63 Maniktola Street, Calcutta.
Babu Prithvish Chandra Ray,
45/5 Beniatola Lane, Pataldanga, Calcutta.
Dr. P. C Ray Esqr.,
91 Upper Circular Road, Calcutta.
Babu Pramathanath Mullick,
7 Prasanna Kumar Tagore's Street, Calcutta
Babu Prianath Mukherjee M A (2)
1 Harrison Road, Calcutta.
P. N. Mittra Esqr, Bar-at-law,
209 Lower Circular Road, Calcutta.
P. N. Chowdhury Esqr., M.A, Bar-at-law,
1/1/2 Old Ballygunge Road.
Dr P. K. Ray Esqr.,
2/5 Lansdown Row Ballygunj, Calcutta
Babu Pravash Chandra Mittra M A.B L.,
Padmapuker Road, Bhowanipur, Calcutta.
Babu Prantosh Dutt,
11 Rammohan Dutt's Lane, Bhowanipur.
Babu Prafulla Nath Tagore,
1 Durparanain Tagore's Street, Calcutta.
Maharaj-Kumar Pradyotakumar Tagore, Bahadur,
The Prasad, Pathuriaghatta, Calcutta
Babu Premtosh Basu,
115 Amherst Street, Calcutta.
Rai Pransankar Chowdhury,
44 European Asylum Lane, Calcutta.
Babu Prankrishna Dutta
3/2 Brindaban Mullick's Lane, Calcutta.
Dr R. G Kar Esqr., L.R.C.P, L.M.,
107 Shambazar Street, Calcutta.

Dr. Rasick Mohan Chakraberty,
37 Harralal Mitter's Lane, Calcutta.
Babu Rajanimohan Chatterjee B.A.,
6 Dwarkanath Tagore's Lane, Calcutta.
Babu Rajendra Nath Chatterji,
16/1 Ramkanta Basu's Street, Calcutta.
Babu Ram Lal Banerjee,
14 Ramdhan Mitter's Lane, Calcutta.
Babu Ramendra Nath Basu,
9 Shickdarbagan Street, Calcutta.
Babu Radhanath Mittra,
1 Becharam Chatterji's Lane, Calcutta.
Rajendranath Mukherji Eqr.
20 Beadon Street, Calcutta.
Babu Ramendra Sundara Trivedy M.A.,
6 William's Lane, Calcutta
Babu Rajkrishna Roy Chowdhury,
Kali Kundu's Lane, Howrah
Babu Ramanath Ghosh, Zemindar,
47 Pathuriaghatta Street, Calcutta
Babu Rajendra Lal Mukherjee B L,
13 Braja Lal Mitter's Lane, Calcutta
Babu Ram Charan Mittra M A.B L,
23 Bechoo Chatterjee's Street, Calcutta
Babu Rajendranath Ghosh,
77 Harrison Road, Calcutta
Kabiraj Rajendranarain Sen,
90 Baranasi Ghosh's Street, Calcutta
Pundit Rajendra Nath Bidyabhushan, Metropolitan
Institution, Sankar Ghosh Lane, Calcutta
Dr Rash Behary Ghosh M.A.,D L,C I.E.,
31 Theatre Road, Calcutta
Babu Rajkumar Banerjee B.L.,
Napal Bhattacherjee's Lane, Kalighat

Babu Ramdas Mukherji,
Rajah Shewbaks Bagala's Lane, Tala, Calcutta.
Babu Radhikanath Kabibhusan,
Calcutta.
Babu Ram Gopal Ghosh,
12 Ramanath Mazoomder's Street, Calcutta.
Babu Rameswar Das,
78/2 Baranasi Ghose's Street, Calcutta.
Kumar Ramani Kanta Rai B.A.,
11 Maniktola Street, Calcutta.
Babu Ramesh Chandra Sen Kabiratna B.A.,
202 Cornwallis Street, Calcutta.
Babu Ramnath Chakraberty,
74 Lower Circular Road, Calcutta.
Babu Ramesh Chandra Basu,
7 Iswar Mill's Lane, Calcutta.
Babu Sham Lal Basu,
82 Shambazar Street, Calcutta
Maharaj-Kumar Sailendra Krishna Deb Bahadur,
2 Raja Nabakrishna's Street, Calcutta
Babu Shibaprasanna Bhattacharja B L,
17/4 Cathedral Mission Lane, Calcutta.
Babu Saylesh Chandra Mazoomder,
21 Cornwallis Street, Calcutta
Pundit Sarat Chandra Shastry,
11 Gobinda Chandra Sen's Lane, Calcutta.
Babu Sarat Chandra Mullick (1)
350 Upper Chitpur Road, Calcutta.
Babu Shibnath Basu,
79/2 Muktaram Baboo's Street, Calcutta
Babu Sarat Chandra Mazoomdar,
50 Cornwallis Street, Calcutta
Babu Sarat Chandra Mullick (2),
40 Cathedral Mission Lane, Calcutta.

Babu Shamsunder Chakrabartty,
33 Patuatola Lane, Calcutta.
Babu Sachindra Nath Basu,
11 Chhaku Khansama's Lane, Calcutta
Babu Sashibhusan Sarkar M A.,
33 Patuatola Lane, Calcutta
Babu Sashi Bhushan Seal,
17 Panchanantola Lane, Calcutta
